DATE LABEL

THE ASIATIC SOCIETY

I, Park Street, Calcutta-16

The Book is to be returned on the date last stamped:

Voucher No.	Date	Voucher No.	Date
649			
		-	
		-	and the second s
		-	
		-	
		-	

প্রাচীনভক্তদের বলাসুবাদ

कविष्ठम जरागाविम मारमञ्

স্নাত্ন গোস্থামীর ভাগবতামূতের **অমুবাদ।** त्राकाल २९७८ मकास, २ता किज

) দ ভাগবতাচাৰ্য্য রঘুনাথ পণ্ডিভের ক্রীক্রমণ প্রোমভারকিণী

সমগ্র ভারতের প্রথম বলামবাদ ১৪৯৮ শকাব্দের পূর্বের রচিত



"ভবে প্রাভূ আইলেন বরাহনগরে মহাভাগৰত এক আন্দর্শের ঘরে সেই বিপ্ৰা বড় সুশিক্ষিত ভাগৰতে প্ৰভূ দেখি ভাগৰত লাগিলা পড়িতে ভনিয়া ভাহান ভক্তিবোগের পঠন আবিষ্ট হইলা গৌর,চন্ত নারারণ

1 3 DEC: 1958

ৰস্কুমতী -- সাহিত্য -- মনি ১৬৬, বহুবাজার ফ্রীট, কল্লিকাতা-১২

ৰব্যতী-সাহিত্য-মন্দির ১৬৬, বছৰাজার ঠীট क्लिकाका—३२

মূল্য-পাঁচ টাক।

The second secon

প্রকাশক ও মুদ্রাকর ্ শ্ৰীশশিভূষণ নন্ত, ৰত্নমন্তী প্ৰেস, কলিকাভা।

শ্ৰীম ভাগব ভ

শীরহদ্রাপবতায়ত

জ্ৰীল সনাতন গোস্বামী

ANA AB

প্রথম অধ্যায়

অমুক্তর শ্রীচৈতন্ত ভব্রুগণপ্রাণ। क्षत्रक्षत्र मोनवरका क्रुशांत्र निशान । क्यक्य मठीय नन्तन शायाहार । কোটি শশী জিনি মুখচজ্ৰ প্ৰেমফাঁদ 🛭 সুতপ্ত-কাঞ্চন-কান্তি অঞ্বণ-নয়ান। কৰণাপুথিতদেহ—দেহ^{*} দমাদান ॥ জন্মজন্ম নিত্যানন্দমন্ন শিষ্ট্যানন্দ। সদামন্ত পীয়ে গৌর**ে**শ্রম-মকরন্দ ॥ জরজর অভিন্ন-চৈতন্ত শ্রীনিতাই। প্ৰভিত্তপাৰন। এ প্ৰভিত্তে দেখ চাই 🛭 জন শান্তিপুরনাথ শ্রীঅবৈতচন্ত্র। যে আনিলা নবৰীপে প্ৰভু গৌরচক্স । কঞ্বণা করিয়া জীবে করিলা নিস্তার। কেবল বঞ্চিত আমি অভি তুরাচার 🛭 জন্ম গৌরভক্তবুন্দ—ক্লপার নিধান। किছ यन शाहे, यपि मंख्यि एपर पान । আমি অতি অধ্য অঞ্চান অনাচার। করুণা করিয়া সবে কর মোরে পার 🛭 জয় রূপ, সনাতন, ভট্ট রঘুনাথ। 🛢 জীব, গোপাল ভট্ট, দাস রঘুনাথ। गावशास्त्र बत्सा अहे ছয়ের চরণ। यारह निक्रे टेहरण इब्न (श्रम श्रकाणन । ছোট বড় সকল বৈঞ্চব-পদে নতি। ষে-কুপায় যায় মায়া সংসাব ছুৰ্গতি। क्र्यञ्जि-द्रम-स्था-भारत यथ यन। পৌরাক-বিতীয়-ক্লৈবর স্নাতন। রচিলা শ্রীভাগবতামৃত গ্রন্থ সার। ভক্তিরস-ভাৎপর্য্যের থাহাতে প্রচার। चठाड निश्वः छार--र्गन वाक्राः। ত্তনিলে পাইরে কুঞ্চক্তি অতি বর্ব্য

কিছ সংস্কৃত—গৃঢ় বর্ণন বিশেষ।
সর্বসাধারণ-বোধ হয় কিছু ক্লেশ ॥
এহেতৃ বৈষ্ণবগণ করণা করিরা।
আমারে করিলা আজা পধার-লালিরা ॥
যদ্যপি আমিহ মূর্থ—অত্যক্ত অজান।
বৃঝিতে না পারি কিছু গ্রন্থের ব্যাখ্যান ॥
তথালি বৈষ্ণব-আজা বাচাল করিল।
অত্যব সাহসেতে ইহা আরম্ভিল ॥
আবাদ-দর্শন হয় বৈষ্ণবের গুণ।
এ বড় তরসা মনে ক'রেছি নিপুণ ॥
কম অপরাধ মোর শ্রীল স্নান্তন।।
ধরিলাম দৃঢ় করি ভোমার চরণ ॥
কিছু শক্তি দেহ' যেন সম্পূর্ব হয়।
অরগোবিন্দ দাস এই দিবেদর ॥

জয়তি নিজ-পদান্ধ-প্রেমদানাবতীর্ণে বিবিদ-মধুরিমারি: কোচপি কৈদোরগালি:। গভ-প্রম-দশান্ত: যুক্ত চৈতন্যুক্পা-দমুভবপদমাঝ্য: ওখম গোপীধু নিত্যম্। ১ 1

ভন সাধুগণ। কুপা করিয়া প্রকাশ।
শ্লোক লাগাইতে আগে কহিরে আভাস॥
এই গ্রন্থে করিরে শ্রীভক্তি নিরূপণ।
থাহা হৈতে চতুর্ব্যাদলের জনন॥
ব্রহ্মানন্দলঅমুভব হৈতে স্থাবোগ দি
বিষয়-জনিতা-স্থা যে করে বিরোগ॥
শ্রীরাধাবল্লভপদ যাহার আশ্রা।
ব্রন্থানাক-ভার মহাপ্রেমে প্রাপ্তি হয়॥
এই ভক্তিদেবী যার হল্যে বিরাজে।
ভাক্ক্ন্-ভাষি সব আভরণ সাক্রে॥

শ্রীগোলোকধামে সেই বৈকুণ্ঠ-উপরে 🕕 🗐 নন্দ কিশোর-সহ সতত বিহরে কিন্তু সেই ভক্তি নহে অস্ত উপায়েতে । কেবল মিলয়ে কৃষ্ণকুপাপ্রসাদেতে অভএৰ ভাঁৱ মহাপ্ৰসন্ন চাহিয়া। चाहरत्व मक्न जीहत्र विकशा—॥ কোন অনিৰ্বচনীয় সৰ্ব্বগুণবান। সর্ব্ব-উৎকর্ষেতে সদা হয় বর্ত্তমান । ^ বিহ নিজ পাদপদ্ধে প্রেমভক্তি-দান। করিতে প্রকট হৈল যথা ব্রজন্থান ॥ क्र १-७१-जीजा-चापि नाना मधुतिया। সাগর-সমান বার নাহি অন্ত সীমা।। নিত্য-কৈশোর-বয়স-—পরম মোহন। বাল্যাদিক-ভাব-অত্ম্যায়ি সুশোভন॥ এই সৰ বিশেষণ—স্বন্ধং ভগবান। শ্ৰীনন্দনন্দন কৃষ্ণ—হইতেছে জ্ঞান॥ ্ৰিছ বৈকুঠ-উপরি শ্রীগোলোকধামে। বিহার করেন নিরম্ভর পূর্ণ-কামে ॥ পরম হল্ল ভ তিহ — অতএব তার। ভক্তির মহিমা কহা প্ররাস তুম্পার 🛭 ভাহাতে আয়াস ব্যৰ্থ—এই আশকায়। আন্ত-বিশেষণেতে উত্তর দিলাভায়। নিজ'প্রেম-দান'হেতু হইলা প্রকাশ। এই লাগি বাৰ্থ নহে তাহাতে আয়াস॥ , পুন অসাধারণ जक्क न- निर्फ्ति । লীলামধুরিমা ভার করেন বর্ণনে॥ পাইয়াছে চরম-কান্তার অস্ত যেই। কেবল গোপিকাগণে নিত্য প্ৰেম সেই 🛊 অর্থাৎ বল্লবীগণ-বল্লভ নিশ্চিত। ইথে দশাক্ষর-মগ্রবরার্থ স্থচিত ॥ ইহা দ্বারা গোপিকার মহিমা-নির্দ্দেশ। ছইল প্রকাশরূপে পরম বিশেষ॥ **হেন প্রেমের মহিমা কেমতে,জানিরে।** ষান্দেরো অগোচর যাহারে মানিয়ে 🛭 সভা, কিন্তু কৃষ্ণচন্দ্র করি অবতার। 💐 কৃষ্ণ চৈত ক্সরপে করিন্য প্রচার 🛭 🕡 তাঁহা হৈতে অত্বত্তব-বিষয় হইল। বিলাপনি আখাদি জগজনে জানাইল॥ **हीन-**हीन-नी**ठल्खन---च**ठा**ख चटक**म। পাইল সাম্মেৎ অহুভব গোপীপ্রেম। ইবে **প্রোপিকা**র আর শ্রীকৃষ্ণ-মহিমা। কুলুলার হৈল সিদ্ধ অভ্যন্ত গরিমা[্]র

আর এই গ্রন্থে প্রতিপান্ধ বেই অর্থ।
এই-লোক-বারে হৈল স্থচনসমর্থ।
ক্রমকুপাসমূহের পাত্র-নির্দারণে।
সর্ব্য-অবসানে বর্ণিবেন গোপীগণে।
অভএব প্রদা করি প্রীবৈক্ষবগণ।
সকল বুজান্ধ কর প্রদায় প্রবণ।

শ্রীরাধিকাপ্রভৃতয়ে নিতরা' জয়ন্তি গোপ্যো নিতাস্ত ভগবং-প্রিয়তা-প্রসিদ্ধা:। যাসাং হরো পরম-সৌঙ্গদ-মাধুরীণাং নির্ব্বজুমীযদপি জাতু ন সোহপি শক্তঃ । ২

শীক্বকের মহাপ্রসাদ হয় উপসয়।
তার প্রিয়তম জন হইলে প্রসয়॥
অতএব সেই সব মধ্যে শ্রেষ্ঠ লয়ে।
শ্রীরাধিকা প্রভৃতির মহিনা কহিয়ে॥
অতি গাচ বেই ভগবানের প্রিয়তা।
তাহাতে প্রসিদ্ধা গোপী শ্রীরাধা-প্রভৃত
সর্ব্ব উৎকর্ষেতে সদা হউ বর্ত্তমান।
বাহাদের প্রেমে ঋণী ক্রঞ্চ ভগবান॥
বে গোপীগণের ক্রঞ্চে বে প্রেম নিশ্চিত
তাহার মাধুরীগণ-মধ্যেতে কিঞ্চিত॥
কদাচিত গোপীনাপ স্বত্তে আপনে।
শক্ত নাহি হন করিবারে নিরূপণে॥
অক্তের কা কথা তথা কহিতে মহিমা।
কৃঞ্চ সদা বশীস্তৃত—এই তার সীমা॥

শ্বদয়িত নিজভাবং যে। বিভাব্য স্বভাবাৎ স্তমধুরমবতীর্ণো ভক্তরপেণ লোভাং । জন্মতি কনকণামা কৃষ্ণচৈতক্সনামা হবিরিহ যতিবেশ: শ্রীশচীস্ফুবেষ:। ৩।

তবে উপক্রম তাহা বর্ণনে কেমতে।
করিতেছ, কর ভাই ! মোরে অবগতে ।
এ আশবা উঠাইয়া উত্তর-কারণ।
কহিছেন গোস্বামী শ্রীযুত সনাতন—!
সব দীন-হীন-জনগণে উদ্ধারক।
নিজনাম-সন্ধীর্তন-ভক্তি-বিস্তারক।
শ্রীভগবানের প্রিয়তম অবতার।
মহাশুরু শ্রীকৃক্টতেজ—দেবসার ।
উাহার প্রসাদ-প্রাপ্তি করিয়া কামনা।
করেন পরমোৎকর্ব উাহার বর্ণনা।

গ্রীবৃহত্তাগবভামৃত

া নিজভক্তজনের যে ভাব জাঁহা-প্রতি। ভক্তে নিজপ্রেম হৈতে সুমধর অতি 🛭 ভাৰিয়া ভক্তের ভাবে-মনে লোভ কৈলা। ভক্তকপে নবদ্বীপে অবতীর্ণ হৈলা । কথা বিপ্ৰকুলাচাৰ্য্য কৰ্ণাটে বিখ্যাত। হুমার নাম—জগদ্**ও**ঞ্-বংশভাত ॥ ার পুত্র রূপ—গৌড়দেশি ভক্তবর। ঠার সহ অবতীর্ণ শ্রীগৌরস্থন্দর । শচীর নন্দন হরি ধরে যতিবেশ। গ্রীক্রফটেডন্স নাম জয়তি বিশেষ। কনকের মতো কান্তি—গৌরাল স্থলর। 'এব' কহি—ফ তিমারা সাক্ষাৎ গোচর । অথবা 'কনকা'—স্বর্ণবর্ণা শ্রীকিশোরী। তাঁর 'ধাম' কান্তি যাতে. সেই গৌর হরি॥ 'ঈবাপো:' হুত্তেতে আকারের হুম্ব করি। অর্থাৎ শ্রীবাধা-রূপ নিজ-অক্টে ধরি 🛚 অৰ্জবি প্ৰেমভুজি সকলে বিআই। কলিতে করিলা কিবা রূপার সঞ্চার । জয়তি মথুৱা দেবী শ্রেষ্ঠা পুরীয়ু মনোবমা · প্রমন্থিতা কংসারাভেঁজনি-স্থিতি-রঞ্জিতা। সংগ্রবিত-হরণাশ্বক্তের্ডক্তেরপি প্রতিপাদনা-জয় হ্লগতি মহিতা তত্তংক্রীডাকথান্ত বিপ্রত: । 🗵 । প[ি]শৰ্ম-অভিনাষ-সিদ্ধকারি সেই ভক্তি। **জন**ার প্রাপ্তি মণুরায় হয় অমুরক্তি । যে যেতেত মধুরা ক্লুপ্রেমেতে অবিতা। ক নিরম্বর ক্রীড়াবিশেষেতে স্থপোভিতা। ে এ লাগি ভাঁচার প্রসন্নতা পাইবারে। মাহাত্ম্য কহিয়া শুব করেন বিচারে—। বি জন্মতি মধুরা দেবী পরম-ঈশ্বরী। আ কিখা ছোতমানা ক্লফক্ৰীডার নগরী। ব নিভ্য ভগবান কৃষ্ণ বাহে বিরাজয়। 🗣 নাহিক ভাহাতে কতু কালাদির ভয়। 🍍 অন্তএৰ কাশ্য-আদি যে সপ্ত মোক্ষদা। 🥕 তাহাদের মধ্যে শ্রীমণ্রা শ্রেষ্ঠা সদা 🛭 কিছা উৰ্দ্ধ অধাে মধ্যে পুরী যে সকল। ে দেবাদির কিবা ভগবানের নির্মণ । লে-সকল-মধ্যেতে উৎক্রই। মনোরমা। পর্মস্থল্বরী—শোভা বিচিত্ত অসমা ৷ কিছা সকলের সূর্ব-অভীষ্ট পুরণ। অনারাসে করিয়া সে রমায়েন মন 🛭 অভএৰ প্ৰীক্তফের পিরম-দন্ধিতা। আৰিৰ্ভাৰ-মিবস্তুৰ-বাসেতে বঞ্জিতা ৷

'কংসারাভি'-শব্দ দিলা এই যে কারণ। কংসবধে মথ রাবাসির তঃখগণ 🛚 বিনাশিলা, ইহাখারা পর্যদ্রিতা। নিরস্তর শ্রীক্রফের হইল সাধিতা ॥ . ছরিতহরণ, মক্তি-ভক্তির প্রদান। লাগিয়ে জগতপভ্যা,--কি কহিব আন । সেই সেই অনির্বাচ্য প্রসিদ্ধ ক্রীডার। কথা দরে পাকুক যে ক্লফের বিহার ৷ বৰ্ণাৎ ভা-লাগি ঞিছ যত পুজা হন। কেবা শক্তি ধরে করিবারে নিরূপণ । হেন শ্রীমধ্রা দেবী মোরে হুপা কর। মো-পতিতে কৃষ্ণভক্তি কিঞ্চিৎ বিভন্ন। অয়তি অয়তি বৃশাবণ্যমেতমুবারে: ব্ৰিয়তমমভিসাধু স্বাস্তবৈকুণ্ঠবাসাং। ৰময়তি স সদা গা: পালয়ন যত্ৰ গোপী: স্ববিত-মধুরবেণুর্বদ্বয়ন প্রেম রাসে। ।। এই মধুরাষ ব্রঞ্জমি প্রিয়তর। विरुद्धन याद्य स्मार्या नश्लीश्य । পুনঃ ভার মধ্যে প্রিয়তম স্থনবীন। বুন্দাবন, গোবৰ্ডন, যমুনাপুলিন 🛭 তাহাদের প্রসম্মতাপ্রান্তির কারণ। এমতে পরমোৎকর্য করেন বর্ণন 🛚 अष्य अकुनावन-महिमा वर्गतः। করিছেন গোখামী অত্যন্ত **স্কটমনে—।** এই বন্দাবন সদা জয়তি জয়তি। তুইবার কাছলেন অতি হর্মতি। 'এই'-শব্দ-প্রয়োগেতে এ অর্থ বৃঝায়—। গ্রম্বার সেইকালে বৈসেন তথায় ৷ সাধুদের মনে আর বৈকুঠে নিবাস। হৈতে প্রিয়ডম সেত অতাক্স প্রকাশ । যেই বুন্ধাৰনে হার করি গো-**পালন**। শ্ৰীরাধাপ্রভৃতি গোপা করেন রমণ 🛊 রাসক্রী দা-বিষয়েতে প্রেম নাডা**ইডে।** সর্বাচিতাকর্য বেও বাজান বিদিতে॥ গো-পালনে স্থমধুর বেগ্ন বাজাইয়া। বিহার করেন সর্বা-গোপিকা লইয়া 1 विविध देवमधिषाता त्य कदत्र विमारम । মুখ্য প্ৰৱোজন প্ৰেম বাড়ান শ্ৰীবাগে॥ যেহেতৃক প্রেমরস বিশেষ বিশুরে। লাগিয়া প্রীকৃষ্ণচন্ত্র কৈলা অবভারন (गा-लानन (गालिका-त्रमा-कीफाँडर । তার উপকরণ জানিবে স্থানিশ্ব।

জন্মতি তরণিপূজী ধর্মরাজন্মা বা কলরতি মথরারাঃ সথামত্যেতি গঙ্গাম । মুব্দবদিতা তংপাদপদাপ্রস্তঃ বছতি চুমক্বলং নীবপ্রছলেন ॥ ৬॥

পূর্বনতে ষম্নার করেন বর্ণনা।
বিহ বৃন্ধাবনের হয়েন স্মৃত্যুবণা।
জয়তি শ্রী-স্থাকজা জগৎ প্রকাশিনী।
নুধর্মের পালিকা ধর্মরাজের ভগিনী।
মধুরার সহ স্থাবিধান করিলা।
ভাহে অতি গতিলীলা সুন্দর বহিলা।
ইহাদারা বুঝাইলা সর্বার্থপ্রদান।
সক্তর্গবিশিরোমণি হইলা আখান।
অত্রেব অতিক্রম করিলা গদায়।
ভাঁহা হৈতে অধিক মাহান্মবতী বায়।

তথাহি বারাছে।-

"গঙ্গাশতগুণা প্রোক্তা মাথুরে মম মণ্ডলে।

যমুনা বিশ্রুতা দেবী নাত্র কার্য্যা বিচাবণা।

তত্যা: শতগুণা প্রোক্তা যত্র কেলী নিপাতিত:।

কেল্যা: শতগুণা প্রোক্তা যত্র বিশ্রামিতো হবি:।"

ইতি।

এই প্রমাণেতে স্পষ্ট মাহাত্ম্য কহিলা।
গঙ্গা হৈতে শতগুণা বৰ্ণন করিলা ॥
হেতৃগর্জ-বিশেষণে প্রকাশ করেন।
শ্রীকৃঞ্চদরিতা—মাহে সদা বিহরেণ।
তাপে কৃঞ্-পাদপদ্ম জাত-মকরন।
জলের প্রবাহ-ছলে বহেন আনন্দ।
ইপে অফুভব—কোনপ্রকারে আন্তর।
নৈলে, সম্ভ তাপ যায়—আর তৃত্তি হয়॥

গোৰদ্ধনো জয়তি শৈলকুলাধিবাজো যো গোপিকাভিকদিতো হরিদাসব্ধ্য:। কুফেন শক্রমণভিক্রতার্চিতো য: সপ্তাহমতা ক্রপন্মতদেহপ্যবাৎসং:। ৭।।

জয়তি শ্রীগোবর্জন গিরি মহাশয়।
সর্বাপর্বত্বের অধিরাজ সদা হয় ॥
বীকে 'হরিদাসবর্যা' গোলিকা কহিলা।
কৃষ্ণসেবকের মুধ্যে শ্রেষ্ঠ বাথানিলা॥
ইক্ষাব্জ-ভদকারি শ্রীনন্দনন্দন।
গোপাদির বার। কৈলা আপনি পুজন ॥
ইবে স্বব্ধের হৈতে অধিক মহিমা।
সয়ং করি প্রদক্ষিণ দিলেন গরিমা॥

আবো অসাবারণ মাহাত্ম্য শুন ইবে।

যাহাতে প্রত্যক্ষ অমুভব সে পাইবে॥

সপ্তাহ প্রীকৃষ্ণ-করপদ্মতলে বাস।

কৈলা গোবর্জন—আর কি কব প্রকাশ ॥

জয়তি জয়তি কৃষ্ণপ্রেমভক্তির্গদক্ষি: নিখিল-নিগম-তত্ত্বং গৃচমাজ্ঞায় মুক্তি:। ভজতি শরণকামা বৈষ্ণবৈস্তাজ্ঞামানা জ্বপ-ষজন-তপস্যা-ক্যাসনিষ্ঠাং বিহায় ॥ ৮ ॥ रेपानी गफिषा नक्षणा क्रम्बंकि । সংসম্প্রদায়ে তাঁর উৎকর্ষ-প্রযুক্তি॥ কহিছেন গোস্বামী করিয়া অবনতি—। শ্রীকৃষ্ণের প্রেমভক্তি জয়তি জয়তি। যার চরণারবিন্দ-অর্থাৎ কিঞ্চিৎ। সর্কবেদ-শাস্ত্র-সার-রহস্ত নিশ্চিত। জানি জপ-যজ্ঞ-তপ-ক্যায়-নিষ্ঠা তাজো। সর্বাদা আপনি মৃক্তি স্যত্তনে ভজে। অর্থাৎ প্রবণ-কীর্দ্ধনাদি নব ভক্তি। কিঞ্চিৎ আশ্রয়ে অনায়াসে হয় মৃক্তি॥ ষদ্যপি একধ্ভক মৃক্ত সর্বধায়। তথাপি মৃক্তিরে তুচ্ছজানেতে সদার 🛭 অনাদর করেন, তথাচ দাসীমত-। সেবন করেন সূদা শরণ-কামভ 🛭 কোন্মতে বিষ্ণুদীকা বে কৈল গ্ৰহণ। সেহো তাঁরে ভ্যজে—ভারো করেন সেবন 🛭 জপাদির দ্বারা অন্তে করিয়া প্রার্থন। নাহি পাম, অভএব মূর্য সেইজন। জয়তি জয়তি নামানক্ষরণং মুরাবে-

বিবমিত নিজ্ঞধন্ম ধ্যান-পূজাদিয়ত্ব ।
কথমপি সক্ষণতং মুন্তিদং প্রাণিনাং বং
প্রমমমৃত্যেকং জীবনং ত্যপং মে । ১ ।
আনন্দক্ষপ কি আনন্দ প্রকাশতি ।
মুরারির নাম সদা জয়তি জয়তি ॥
সকল হইতে দেখি পরম উৎকর্ষে ।
তুইবার কহিলা 'জয়তি' অতি হর্ষে ॥
'নিজ্ঞধর্ম'-শব্দে বর্গাশ্রমাচার কয় ।
তাহা অনাদরে লয় ভক্তির আশ্রয় ॥
তাহাতেহ খ্যানেতে নিগ্রহ নহে মন ।
পূজাতেহ পরিত্র দ্রবোর সম্পাদন ॥
'আ'দি'-শব্দে প্রবাদি যে অক্স প্রকার ।
সে সকলে বক্তাদির অপেকা বিতার ॥
সেই সব তুংখ বাহা হইতে বিরাম ।
সর্ককল সিত্র হয় নৈলে মান্ত্রনাম ।

এীরহম্ভাগবভামত

কি**ন্ধ সে অন্তে**র ভিনবর্গ-সিদ্ধকারি। মৃক্তিতে ব্রাহ্মণগণ হয় অধিকারী। তাহাতেহ শ্ৰদ্ধাভক্তিষারে যদি নাম—। গ্রহণ করমে, তবে পায় মৃক্তিধাম॥ এই পুর্বাপক উঠাইয়া নিজমনে। কহিছেন উত্তর তাহার বিশেষণে—॥ যে-কোন প্রকারে দক্তে লোভে নামাভাবে। হাছিয়া পড়িয়া ত্রমে কিম্বা পবিহাসে 🛚 উচ্চারণ একবারমাত্রে গর্বজ্ঞন। মুক্তি পায়—নাহি অধিকারীর গণন॥ কিম্বা কোন ইন্সিয়েতে বারেক গ্রহণ। করিলেই মৃতিক পায়—কি আর কথন॥ মনেতে গ্রহণ-নামাক্ষরের চিন্তন। স্পষ্ট আছে বাক্য কৰ্ণ-মান্নেতে গ্ৰুণ॥ চক্ষতে গ্ৰহণ---নাম লিখিত দৰ্শন। ষ্ঠতে গ্ৰহণ—বক্ষ:স্থলাতো লিখন॥ আর নামে লেখা পত্র হুচেতে স্পর্শন। নামাকিত মুদ্রা ধরা—হত্তের গ্রহণ । ইহাতে অনেক শাস্ত্র-প্রমাণ-আ৬য়ে। লিখিলেন টাক্ৰি গোস্বামী মহাপয়ে ৷ আমি না লিখিল গ্রন্থবিস্তারের ভয়ে। দেখিৰে যাহার মনে প্রতীতি না হয়ে। যেই নাম পরম-নির্বাণ সে আমার। মুক্তিস্থপাধিক—বৈকুঠের স্থপার ॥ কিন্বা মধু হৈতে অতি স্থমধুর ২ন। পরম-জীবন মোর পরম-ভূষণ 🏾

নম: **জ্রী**কুণ্ঠচ**ক্সার নিরুপাধিকুপাকুতে।** য**ু জ্রিচিচ্চক্সরপো**হভূত্রবন্ প্রেমবসং কলোঁ। ১°।

এই প্রকারেতে করি মক্লাচরণ।
আপনার অভিলাদ-সিদ্ধির কারণ।
বৈক্ষবের সম্প্রদায়-মতে অমূর্গাত।
ইইদেবরূপ গুরুবরে প্রণমতি — ।
শীকৃষ্ণচন্দ্রের পদে সদা নমন্ধারে।
নিরূপাধি নিহে তুক করুণা বিভারে।
বিহু অন্তর্গাভতর সর্বজ্ঞ-গোপন।
নিজ প্রেমরস করিবারে বিভারণ।
নববীপে অবতীর্ণ শীকৈত্য-রূপে।
করিলা জগত প্রেমভজ্জিরস-কুপে।
এই দশ রোধকে করি মক্লাচরণ।
নিজগ্রে প্রতিপাত্ত করেন এবন।

কিন্তু অতঃপর মোর শুন নিবেদন। মূল লোক আর নাছি করিব লিখন ৷ ভাহাতে ৰাড়িবে গ্ৰন্থ—মনে করি ভর। লিখিব যথাৰ্থ অৰ্থ বিচারি নিশ্চয়॥• ইহাতে যদ্মপি কারো জন্মধে সংশয়। মলগ্রন্থ দেখিলেই হইবেক কয় ॥ অভ:পর ভন ভাই ! হৈয়া সাবধান। অত্যন্ত অপূর্ব্ব কথা মমৃত-সমান 🛚 ক্রমন্ডভিদ্-সম্বন্ধীয় যত শাস্ত্রচয়। সকলের সার-ভত্ত-সংগ্রহ এ হয়। 'সার'-শব্দে হেয়-ভাগ-রহিতের নাম। সেইরূপ সংগ্রহ এ গ্রন্থ অঞ্পাম 🛭 ইহাৰ'রা জানাইলা—স্বরংক্ত নয়। ইহাতে প্রমাণো সব ভক্তিশাস্ত্রয়। যদি বল—সৰ ভ**ক্তিশান্ত্ৰের একতা।** অত্যন্ত হৃদ ভ, পুনঃ সার জানো ভঞা 🛊 কেমতে সম্ভবে তার সংগ্রহ-আয়াসে। শুন কহি তার হেতৃ করিয়া প্রকাশে ॥ যেই ৰাম্বদেৰ চিত্ত অধিষ্ঠানকারী। তাঁর প্রিয় রূপ শ্রীত্রেডক বংশাধারী। তাঁর সেবা পূজা-ধ্যান-মননাদি বারা। সর্বাশক্তি সার অমুভব উব্দিয়ারা॥ অন্তর্য্যামী নিঠে এক সহজ্ঞ দয়াল। ञीनसनसन याद्य कुषा कदत्र जाना। ধ্যানাদিতে স্বয়ং পুৰুত্তি করেন আকারে। সর্বশাপ্রতত্ত্ব-আদি পুরয়ে ভাহারে॥ অথবা চৈতন্তদেব খ্যাত শচীস্থত। তার প্রিয় রূপ—যভিবেশ যে অধৃত। প্রকান্ত শ্রীপৌরমূর্ত্তি করিয়া:দর্শনে। ভক্তিশাস্থগণ-সার হৈল প্রকাশনে॥ কিছা ঐতৈভক্তপ্রিয়—রূপ মহাশর। তার সম্বভণে সর্বাশাস্থার্থ স্কুরর 🛭 এট কৃষ্ণকুলা বিশেষতে অমুভব। ইবে নহে এ সংগ্ৰহ হুৰ্বট-প্ৰভৰ 🛭 এই ভাগবতামৃত শাস্ত্র স্থগোপন। বৈঞ্বদকল মুখে করুন প্রবণ ॥ • বিশেষেতে অবৈঞ্বগণ-শুদ্ধননে। রসের অভাবে শ্রদ্ধা না হতে শ্রণণে 🛭 তাহাতে হুন্মিবে মহাপাতক আপনি। অতএব ভাদিগে নিবেধ—কুপ'ুগণি ৷ यम्रभि औरिकृषोक्षा करित्र धर्रः।। 'বৈষ্ণৰ' কহিয়ে তারে—শাষ্ণ্রের লিখন ঃ

ভণাপি ইহাতে ভক্তিরসিক সকল। পুন তার মধ্যে শুন আছমে বিরল 🛚 . 🕮 নন্দকিশোর-পাদপদ্মে লোভ যার। **এ-গ্রন্থশ্র**বণে প্রীতি বাড়িবেক ভার । **এই গ্রন্থত**র বিশেষেতে প্রকাশিতে। ইভিহাস ধারা করিছেন নিরূপেতে॥ **ষাহা শ্রীল জন্মেজ**য়ের প্রতি মূনি। মহাভাগ জৈমিনি কহিলা মহাগুণী ॥ (बन्मर्याः) नामर्यन-कृष्ण-करण्यत् । ভার তত্তবেতা ঐতিজ্যিনি সাধুবর 🛭 ভক্তিপথ-প্রবর্ত্তক করুণা করিয়া। কহিলা জনমেজম্বে প্রেম প্রকাশিরা। মহাভাগবত পরীক্ষিতের নন্দন। **উত্তযাধিকারী ইথে** করিতে **প্র**বণ 🛭 মুনীক্র জৈমিনি ছারা পরম আকর্যা। ভারত আখ্যান শুনিলেন রাজবর্য্য॥ তার শেষ তাৎপর্য্যের প্রবণে উৎস্থক। পরীক্ষিত-পুত্র জিজ্ঞাসেন সকৌতুক— 🛭 হে ব্ৰহ্ম। সাক্ষাত-বেদ-মূৰ্ত্তি মহাশয়।। 🕮 বৈশম্পায়ন হৈতে যেই রসচয় 🛭 মহাভারত-প্রকণে প্রাপ্তি না হইল। তার লাভ ইবে তোমা হইতে করিল। করহ মধুরে ভার শেষ স্মাপন। অর্থাৎ কেবল 'ভক্তি' বলহ একণ। **छनिया औरक्षि**मिनि करश्न-नुभवत्र !। সাবধান হৈয়া তন প্রশ্নের উত্তর 🛭 তৰ পিতা—ব্ৰাজা পত্নীক্ষিত মহাশয়। তকদেৰ-উপদেশে গত-সৰ-ভয়। 4ৰ্ম অৰ্থ কাম মোক্ষ গ্ৰাপ্ত অনায়াসে। कुक्रात्थायत्राम् यश्च-- हा पि चन्न चारम । **সপ্তাহেতে শুনি ভাগবত শুকমুখে। ৰাইবেন নিজ্ঞাভীষ্ট-স্থানে মনঃস্থ**ে। **এইকালে** তাঁর মাতা--বিরাট-ভনয়া। পুত্র-শোক-জন্ম অতি পীড়িত-হাদমা। রাজা পরীক্ষিত কহি জান-উপদেশ। गांश पूर्व करित पिना चान∻-विद्वाप । তাহাতে হইয়া মাতা কৃষ্ণভঞ্জিপরা। বংখলে খেহমগা জিলাসে উত্তরা—ঃ কহ বাছা। ভকদেব যেই উপদেশ। তোমারে কবিলা, তার বিচারি বিশেষ। সম্বর হইয়া খোরে প্রকাশহ সার। শীরসিদ্ধ হৈতে যেন অমৃত-উদ্ধার।

ইকুষত্রে যেন ইকু করিয়া পীড়ন। শর্করা সারাংশ তার কর্ম্নে গ্রহণ। একথা শুনিয়া মাতৃবৎসল রাজন। পরীক্ষিত শুকমূথে যে কৈল শ্রবণ॥ অত্যন্ত আশ্চর্য্য সে গোবিন্দকথাখান। রসের উৎস্থকে হৈলা তবে যত্নবান্। একে রাজা পরীক্ষিত মহাভাগবত। তাহাতে জিজ্ঞাসা কৈলা মাতা বিশেষত। তাতে মাতৃবৎসূপ রাজন, একারণ। সব ভাগবত তত্ত্ব কহিলা তথন # পরীকিত কহে—মাতা। যত্তপি আমা। এসময় মৌনব্রত করা সে বুঝায় # ত্রপাপি তোমার এই প্রশ্নের মাধুর্য। করিল আমারে ইবে বাচাল প্রাচর্য্য॥ অতএব প্রপমিরা অচ্যুত্তরণ। পুত্ৰসহ তব প্ৰাণ যে কৈল ক্ষণ 🛭 তাঁহার করুণাসমূহের প্রভাবেতে। শ্রীব্যাসনন্দন-গুরুদেব-প্রসাদেতে 🛭 কছি ভাগৰতামূত—ভাগৰত-সার। যত্নে নারদাদি যাহা করিলা উদ্ধার॥ অতি গোপনীয় সাধুগণের সন্মিত। মুনীক্স-মণ্ডলী-মধ্যে লইল নিশ্চিত॥ সকল কহিয়ে মাতা। করহ শ্রবণ। কালের অল্পতাহেতু না করি গোপন। শ্রীমন্তাগবত নাম---পুরাণ-উন্তম। তাহার অমৃত এই হয় শ্রেষ্ঠতম ॥ যগপি 'নিগমকল্ল'-লোকাদি-নিণীত। ভাগৰতে হেয়ভাগ নাহি কদাচিত॥ তথাপি ঐগোপীনাথ-চরণারবিন্দ—। মধুপানে লম্পটতা যাহার আনন্দ 🛭 তারে কৃষ্ণরস-ক্রীড়া-বিশেষ-কথন। বিনা অন্ত কথা নাহি বোচে কদাচন ৷ যেন ভক্তিমার্গেন্ডে প্রবিষ্ট ভক্তঞ্বনে। নাহি রোচে ব্রক্ষজান-যোক্ষাদি-কথনে। আরো শুন—থেন মৃক্তি-ইচ্ছাকারি-জনে। অর্থ-কাম-আদি কথা না রোচে কঞ্চণে॥ তেন অক্রচির দ্রব্য অপেক্ষায় 'সার'। নিব্দ অভিমত দ্রব্য সর্বতে ভাহার॥ তাহা ভিন্ন সৰ ভার মজেতে 'অসার'। ইথে নহে কোনরূপে দোবের প্রচার। যম্বলিছ গোপীনাপ চরণ-মহিমা। আর ভার ভক্তগণ বাহাত্য—অসীযা।

ঞীবৃহস্কাগৰতামৃত

সর্বভাগবতগ্রন্থে এই সে তাৎপর্য। তথাপি সাক্ষাত নাহি তাহাতে প্রাচর্যা॥ অপ্রকাশ হেতু তাপে রসিকের মন। পুরণ না হয়-এই হেয়ত্ব-কাবণ। অতঃপর শুন এক আখান বিশেষ। যার দ্বারা ব্যক্ত হবে ভক্তির নি:শেষ॥ একদিন যাঘমাণে মুনির সমাজে। প্রাত:মান করিয়া প্রয়াগ তীর্থরাজে। শ্ৰীমাধব-নিকটে বদিয়া হৰ্ষযুক্ত। আপনা কুতাৰ্থ বলি মানেন বহুত 🛭 শ্লাঘাসহ প্রশংসা করিয়া। পরস্পরে। কহেন—কুঞ্চের প্রিয় তুমি নিরস্তরে 🛭 মাঘে প্রাতঃস্নান কৈলে ক্রুফে ভক্তি হয়। তাথে গঞ্জ-যমুনার সঙ্গম-বিষয়। অভএব তুমি কৃষ্ণপ্রিয় মহাশয়। এই কথা পরম্পর নিরম্বর হয়॥ ওগো মাতা। দেইকালে দেই ভার্ষণরে। দশার্থমেধিক-নাম **ভীর্থে**র উপরে ॥ আঙ্গা এক বিপ্র--সেই-দেশের রাজন। হরিভক্তিপরার্থ -- সহ পরিজন । অশেষ-সম্পদ-যুক্ত--সর্বাংশে উদ্ভয়। ব্রাহ্মণভোজন-জন্ত করিয়া উত্তম। বিচিত্র উৎকৃষ্ট দ্রব্য করিলা সাধন। 5ব্য চুষ্য লেছ পেয়—বহু আয়োজন। অগ্রে নিত্যকৃত্য স্থানাদিক স্মাপিয়া। পরিষার করাইলা স্থান লেপাইয়া ৷ সম্বর চম্বর তার মধ্যে নির্মাইলা। স্বহন্তে লেপিয়া চন্ত্ৰাতপ টানাইলা 🛊 অত্যন্ত সুন্দর তাথে সর্বের আসনে। শালগ্রামশিলাক্সপি-ক্লফে যত্নমলে॥ বসাইয়া ভক্তিপুৰ্ব্ব—যেমতে বিধান। বহু উপহারে পূজা করি স্মাধান । অন্ধ-পান-বন্ধ-আদি সামগ্রী বছত। ক্লফ্-অগ্রে অর্পণ করিল ভক্তিয়ন্ত॥ আপনি নাচিয়া—মেলি পরিজন সব। গ্মীত-ৰাজ্ব স্থললিতে কৈলা মহোৎসৰ 🛭 ততঃপর বেদ-পুরাণাদি-ব্যাব্যা ব্যাতে। অক্টোক্ত-বিবাদকারি-ব্রাহ্মণ-সমাজে। যতিগণ, আর যত গৃহস্ব-সকল। ব্ৰহ্মচাবি-আদি পুন যতেক বিবল। न्या कृष्यकी क्षेत्र न्यानत्य । প্ৰীয়ুত বৈষ্ণজ্ঞপদ ৰন্দিয়া সানদ্দে।

পাদপ্রকালনাদি মধুর ব্যবহারে। বহুত তাদুশ বাকে। তুখিলা সৰাৱে॥ তাঁদের চরণোদক মন্তকে ধরিয়া। পুজিলা হরিষ-মত অন্নাদিক দিয়া ॥ নীরাজন স্বাকারে করিয়া তখন। সমপিলা স্যত্তে স্থাল্য-চন্দন ॥ হৈলে বিষ্ণুদী কভ—যে-কোন নীচজাতি: পৰিত্ৰ সৰ্বাদা—সে-ই 'বৈষ্ণব'-বিখ্যাতি । বিষ্ণুদীকা-রহিত আহমে বিপ্রাদেশ। এ जाति 'देवस्व'-लम् लूथक्-निर्फर्ण ॥ ্ৰঝিয়া সকল শ্ৰোতাগণ-নিৰেদন। পরে দীন-অস্তাজাদি করাল্যা ভোজন॥ সাদরেতে থপা-ক্রায় কৈলা সম্বোষণে। কুকুর-শূগাল পক্ষি-কুমী-আদি গণে॥ এ-প্রকারে সকলোণি-জাতি-ড়প্তি দিয়া। পরে সাধুসকলের আদেশ পাইয়া 🛭 মহাযজ্জশেষ গেই পরম মধুর। মৃত্যু-নিবর্ত্তক—স্থপস্বরূপ **প্রচর** 🖠 অমৃত গাইলা নিজ 'গত্য-পরিবার। কুটুখাদি-সহ হর্ষ হইয়া অপার॥ তবে শালগ্রামশিলা-ক্লফাগ্রে আইলা। তাঁরে সর্বকর্মফল স্কয় অপিলা॥ স্রুথে দেব-ভগবানে করায়্যা শম্বন। উত্থন্ত হইলা গুহে গমন-কারণ 🎚 पृत्त पाकि पावि जीनातम मूनिवता। মুনির স্থাব্দে হৈতে উঠিয়া সম্বন্ধ 🛊 'এই বিপ্রবর্ষ্য মহা-বিষ্ণুপ্রিস্কতর'। বারবার এই কথা বলি মুনিবর। তাঁর আলাপনে মনে সত্তর হইয়া। বিপ্রেক্সের নিকটেতে গেলেন ধাইয়া। প্রীক্রফপরমোৎকুষ্ট-র পার ভারত। জনসকলের করিবারে বিখ্যাপন। কিছা প্রীক্ষের কুপা-বিশেষ অধিকা। ू চরম-কাছার সে আম্পদ শ্রীরাধিকা। তার ভব্ব যগপি আপনি হন জাত। ডথাপি লেকেরে ব্যক্ত করিছে বিখ্যাভ कुष्ट-प्रमात्न चामक नन्परे। শ্রীনারদ মহাশয় কহেন স্থাট- । হে ব্ৰাহ্মপকুলব্ৰেষ্ট। আপনি সে ২ন। শ্রীকুষ্ণের মহা-অমুগ্রহের ভারন 🖡 . যার এভাদুশ ধন জব্য উদারস্থ।, ৰৈঙৰ ভগৰত্ব-সম্পাদন-তত্ত্ব ।

এইস্ণে সৰ এই ভীৰ্ণে মহামতি। **ঁদেখিত্ব** সাক্ষাতে ইবে স্বয়ং প্রকাশতি ॥ এন্ত ভনি মূনিবরে কছেন ব্রাহ্মণ—। ওহে স্বামী ! এমত না হয় কদাচন। আমাতে কি শ্রীক্রফের কপার লক্ষণ। (मिश्रिल,--- পরম ড়ছ আমি किंवा कन । কিবা বা দিবারে পারি,—আছে কি বৈভব। ভগবানের ভল্তন কোথা বা সম্ভব॥ কিন্তু যে দক্ষিণদেশে মহারাজা হয়। শ্রীক্রফের কুপাপাত্র সেই ত নিশুর। যার দেশে দেবালয় অনেক আছয়। সর্বনে তৈথিক-ভিক্স-অভ্যাগত-চয় 🛚 শ্রীক্রঞ্প্রসাদ অর সুমধুরতর। থাইরা শ্রমমে সুখী হয়া। নিরস্তর ॥ রাজধানী-সমীপে স্থান্থরে করুণায়। ভগৰান আছেন-সচিচদানন্দ-কায় ॥ নিত্য নৰনৰ তথা পর্ম উৎসৰ। **শ্রতিকণ** প্রিয়তম পূজান্তব্য সব॥ महात्राका-लिमनानी, देवतिमिक चात । স্বারে সাদরে বিষ্ণুপ্রসাদ আহার-করায়েন, তাহা দাগি নানানেশ হৈতে। ৰহাপ্ৰসাদান্ত-উপভোগ-স্থৰ লৈতে । পুঞ্জীকাক্ষ-দেবের দর্শন-লোভেতে। বার সাধুত্রন-সঙ্গ-লাভের আলেতে। তথা আসি বিষ্ণুপরায়ণ সাধুগণ। নিৰসিয়াছেন নিরস্তর স্থাখিমন। মরপতি দেব-বিপ্রগণেরে বিশেষ। বিভাগ করিয়া দিয়াছেন সেই দেশ ॥ **কতু সেই দেশে** উপদ্ৰব নাহি ২য়। নাহি কোনো শোক তথা আর কোনো ভয়। **ক্লবিব্যাতি**রেকে সর্ব্ব শস্তা ভূমে হন। অভিলাষমত বৃষ্টি হয় ত বৰ্ষণ॥ ব্রিয় ফল মূল আর বন্তাদি ত্রগভ। আপন-আপন ধর্মে রত প্রজাসভ। ক্ষণবায়ণ সৰে অতি সুথিমন। পুতামত রাজ-আজ্ঞা করয়ে পালন 🌉 **এতাদৃশ অমুপ**ম রাজ্যাদিবৈভবা। বিষ্ণু আর বৈষ্ণবের সেধা-সুপ্রভবা ॥ থাকিতেহ অহকার-শুক্ল নিরম্বর। **নীচযোগ্য সেবায় ভেজমে চক্র**ধর ॥ ৰ**য়ং গৃহ-যাৰ্জ্জন-লেপন** আদি কৰ্ম। সরে তোমে অচ্যুতের প্রিম্ন সাধুধর্ম।

কৃষ্ণ-অগ্রে নানাবিধ নামসংকীর্দ্ধনে।
দিব্য গীত কৃত্য বাদ্ধ করয়ে আপনে ॥
তাই ভার্যা পুত্র পৌত্র ভূত্য বন্ধু আর।
পুরোহিত স্বজন বৈষ্ণব সব সার॥
সকল-সহিত নাচি গাই কৃষ্ণগুল।
তোবন্ধে প্রভূরে ভক্তিভাবেতে নিপুণ॥
কৃষ্ণভক্তি-অফুবর্দ্ধি গুল সমুদার।
কতেক বা জানি সংখ্যা কহিতে কথার॥
এই সব কহিলাম কুপার লক্ষণ।
ইপে তগবানেব কুপার পাত্র হন॥
সেই মহারাজ মহাশয় স্থুনিশ্চিত।
আমি অতি নীচ, ছাড় মোর প্রশংসিত॥

শুন তাই শ্রোতাগণ। হয়্য সাবধান।
বিপ্রা হৈতে ক্রিরের মহিমা-আখ্যান॥
বিফুণ্ডক্তি লাগি ইহা জানিবে বিশেষ।
তদভাবে ঝাদ্ধণেরো নীচতা অশেষ॥
সর্ব্বশাস্ত্রাদিতে ইহা আছে প্রকাশিত।
ক্রেমে অগ্রে ব্যক্ত হবে—দেখহ নিশ্চিত॥

ভবে ৰূপবরে দেখিবারে সেই দেশে চলিলেন শ্রীনারদ মনের আবেশে । দেখিলেন সেই দেশে প্রজা যে-সকল। দেবপুঞ্জা-উৎসবেতে আগজ্ঞ স্ফল ॥ ट्र वाकार्य वीना बाजशानी शिक्षा। ৰিপ্ৰ-উক্ত হইতেহ অধিক দেখিয়া॥ মহাবাজ-নিকটেতে যাইয়া তখন। वीनांत्रम मुन्यित रामन यहन-। তুমি শ্রীক্বফের কুপাপাত্র সে যাহার। এতাদৃশ রাজ্য আর বৈভং-বিস্তার॥ স্বধর্মাদি-পরায়ণ সর্বপ্রেজাগণ। গুণ--সর্বজ্ঞেতে বিষ্ণুভক্তি-প্রবর্তন॥ ধর্ম-ভিক্ষকাদিজনে অন্নাদিক-দান। অৰ্থ-বিষ্ণুপুজা-দ্ৰব্য-সাধন-আখ্যান॥ ব্ৰাজ্য-বৈভবাত্তে কাম উৎকৃষ্ট সদায়। মোক্ষের সাধক জ্ঞান মিলিত তোমায়। ভক্তিপ্রেমে শ্রীবিষ্ণুর সদা সেবা কর। **অভএব ভোষাতে** ক্রফের **কুপা**ভর ॥ বৈভবাদি বিস্তারিয়া কহি পুনঃপুন। আলিজন করিলেন রাজারে নিপুণ 🛭 মহারাজা নিজ্ঞাব্য তনি অতিশয়। নোয়াইলা মন্তক লক্ষায় মহাশয় 👢 পাছ-অর্থ্য-আদি দ্রব্যে পূঞ্জি মৃনিবরে। कर्मभूठे हरे किहू निर्देशन करत-।

গ্রীবৃহস্তা গবভাগত

আমি অল্লায়ুব আর অত্যন্ন ঐশ্বর্যা। অল্ল পদ আমার এ—মহুষ্য অধৈর্যা ॥ স্বধর্মাদি-পরাধীন-ভবেতে আক্রান্ত। তাপত্রম-চু:খেতে সর্বাদা হই শ্রাস্ত। **'कृष्ठ-चन्न**श्रह चार्हে'—এই यে ८६न। তাহাতে অযোগ্য আমি ১ই সর্ব্বকণ॥ **ক্র**ফের করুণাপাত্র কেমত প্রকারে। মানিতেছ আপনি আমাবে অবিচারে॥ নিশ্চয় ক**হিয়ে—যেই স**ব দেবগণ। বিষ্ণুভগবানের দয়ার পাত্র হন ৷ মহুষ্যের পুজ্যমান—তেল্পেময়-কায়। নিম্পাপ, সাম্বিক, ত্রঃপরহিত সদায় 🛭 সুখমন্ব, নিজেচ্ছার আচার গমন। ভক্ত-ইচ্ছামত বর দেন সর্বাব্দণ॥ ষীহানের ভোগ্য হয অমৃত নিশ্চয়। मृ**ज्या-८क्षां न ब्यान अपन्या**नि त्य श्वम । যত্তপি নাহিক ক্ষধা-তৃষ্ণার উদয়। বিনা-যত্নে আসিয়া তথাপি সম্ভোষয়। ভারতবর্ষেতে করি স্থপুণ্য সঞ্চয়। যেই স্বৰ্গ মন্থব্যগণেরঃ লীভ ২য়॥ সেই স্বর্গে মহাভাগ্যবলে দেবগণ। নিবাস করেন, মূনি! কি কব কথন॥ অতএৰ মহুষ্য হইতে দেবগণ। বিষ্ণুর দয়ার পাত্র—কর নিরীক্ষণ ॥ বেভেতুক অল্ল আয়ু: মন্থুন্য-স্বার । বহু আয়ু:—দেব করি অমৃত আহার॥ মহুষ্যের নিত্য পুঞ্জনীয়ের কারণ। মহত ঐশ্বয়যুক্ত নিরস্তর হন। বহুদাতা-ভক্তের ইচ্ছান্ন বরুদানে। পরম স্বাধীন লাগি স্বচ্ছল-গমনে॥ ওহে মুনি । সেই সব দেবগণ-খাঝে। দয়ার বিশেষ পাত্র—ইন্ত দেবরা**জে।** অহুগ্রহ-নিগ্রহে সামর্থ্য অতি ধরে। দেবগণ হইতে অধিক দান করে।

ভক্তের ইচ্ছায় দেবগণ দেন বর। আকাজ্ঞার অধিক সে দেন পুরন্ধর 🛭 রক্ষেণ বৃষ্টির ধারে লোকের জীবন। সত্য ত্ৰেতা দ্বাপর কলি যে চারি গণন 🏽 তার একান্ত,রি ব্যাপি ত্রিলোক-ঈশ্বর। শাৰ্বভাম-ব্ৰাজাগণের যে ত্বৰ্গ ভতর॥ কর্ম্মেতে অবশ্র ছিদ্র আছে সম্ভাবনা। তাহে শত অশ্বমেধ হুম্কর গণনা 🛭 তাৰে শত অশ্বযেধ না হয় পৰ্যাপ্তি। অতএৰ তুৰ্গভ ইন্তের পদপ্রাপ্তি। থার উচ্চৈ:এবা হয়, গজ ঐরাবত। সিদ্ধ্যথনেতে জন্ম পাইল মহত 🛭 গাবী কামধেত্ব, উপবন সে নন্দন। যাতে পারিজাত-আদি কামের পুরণ 🛭 আর কল্পবৃষ্ণগণ কামক্রপথর। কল্পতা সৰ তাতে কামদাভাতর॥ যাহাদের একপুল্পে—যেন বাঞ্চা যার। বিচিত্র বাজনা, সুত্য, গান, অলম্বার 🛭 শয়ন-আস্ন-ধন-জন-আদি যত। স্থৰূপ্ত সিদ্ধ ঃ মূ নানামত ॥ আর কি কহিব তার সৌভাগ্য অপার। বামন-ক্লপেতে বিষ্ণু ডোট ভাই যার। অমুরাদি হইতে আপদ হয় বত। স্বয়ং শ্রীবিষ্ণু রক্ষা করেন নিয়ত 🛭 যার বিন্তারিত পূজা সাক্ষাৎ স্বীকারি। হর্য দেন আপনি বামন-ক্লপ-ধারী॥ অপর মহিমা সব কহিব কতেক। মুনিবৰ ! আপনি ত জানেন প্রত্যেক। প্রথম-অধ্যায়-কথা হৈল সমাপন। মূল আর নিকাতে করিলা যে লিখন। যথামতি বিবরিয়া করিছ লিখন। লোধিবেন কুপা প্রকাশিয়া সাধুগণ 🛚 শ্রীল-সনাতন-পদে করিয়া প্রণতি। দাস জয়গোবিন্দ মাগিয়ে অবগতি 🛭

ইতি শ্রীভাগব**তামৃতে ভগবৎকুপা**ভর-নির্দারখণে ভূমি**সম্বন্ধীরো নাম** প্রথমোহধ্যায়ঃ [॥]

किलीय व्यक्ताय

আন্তাধ্যায়েহত্ত্ব কৃষ্ণস্ত প্ৰমপ্ৰেষ্ঠনিৰ্ণয়ে।
মৰ্ত্যোংকৰ্মাপকৰ্মী চ নীচোচ্চাপেক্ষয়োদিতে । • ।
আহাধ্যায়ে স্বিচীয়ে তু তথৈকেন্দ্ৰ-সমন্ত্ৰো:।
উংকৰ্মাপকৰ্মক নিকুষ্টোংকুষ্টবীক্ষয় । • ।

व्यक्तम दीक्षिरिठक निजानन। অয়াবৈতচন্দ্র জয় গৌরভক্তবুন্দ ॥ পরীক্ষিত কহেন—তখন মূনিবর l প্রশংসিয়া সেই মহারাজে বছতর ॥ গমন করিয়া স্বর্গে দেখে সভাযাঝে। দেবগণে পরিবৃত শ্রীবিষ্ণু বিরাজে ! গৰুডের পুষ্ঠেতে আছেন স্বথে বসি : স্তব করে বুহস্পতি—প্রভৃতি মহর্ষি॥ বিচিত্র সে কল্লভক—পুশ্দমালা আর। বিলেপন বসন নানান অলকার॥ পাত্ত-অর্থ্য-আদি চতুঃবৃষ্টি উপচারে। পুজা করে অমৃতাদি দিব্য উপহারে॥ **অদিতি কোমল-হগুতল-**ম্পর্শাদিতে। **লালন করেন অতি আন-িদত-চিতে**॥ শ্ৰীবামনদেৰ প্ৰিয় স্থবাক্য কংচন। দেবগণে মহাঝিষিগণে হর্য দেন 🛭 সিছ বিভাধব আর গন্ধর্ব অপার। যোড-করে করে পরে ওব বছতর॥ জ্বয়শন বাছাগীত নুত্য বিস্তাবিয়া। দিতেছেন পরিতোষ সকলে মিলিয়া॥ তুলিয়া দক্ষিণ ১%—উচ্চশ্বর করি। আপনি বামনদেব কভেন বিববি--- ॥ **७४ ना क**त्रिश् रेम्छ। रेश्र्फ क्माइन। তাহাদিলে মারি তোমা কারব রক্ষণ॥ কীর্ত্তি-নাম নিজ স্বমণার স্মাপিত। ভাষুল চৰ্মণ করিছেন কৌতাকভ ॥ যত্তপিহ নারদের মুখ্য প্রয়োজন। পুর্বা-উজি-রাতে ইস্তা-সং সভাবণ । বিষ্ণুর নর্শন নহে ইবে প্রয়োজন। তথাপিই যতেক আছমে দেবগণ॥ সকলের প্রধান আপনি ভগবান। এ শাহাত্ম্য শিভিতলে সর্বত্ত ব্যাখ্যান 🏾

এইহেতু দৃষ্টি নিজ স্বভাব করেন। প্রথমত প্রধানেতে হয় সে পতন ৷ ইহাতেই ইচ্ছে তাঁর দয়ার বিশেষ। বোধ করাইলা,—এই জানিবা উদ্দেশ। অগ্রে ব্রদ্ধলোকেতেং হবে এইমত। তথাও সিদ্ধান্ত ইহা বুঝ প্রকাশিত॥ দেখিলেন ইন্তকেহ বিষ্ণুর মহিমা। ভক্তবাৎসন্যাদি গুণ যতেক প্ৰসীমা 🛭 আপন-বিষয়ে যত উপকারগণ। করিছেন মূহুর্ম্ভ আপনি কীন্তন 🛚 ত্রিলোকের রাজহ ঐশ্বর্যা ধন-জন। বলি হৈতে ছলে লই করিলা অর্পণ॥ এতাদিক নিজ প্রতি থত উপকার। মহাহয়ভবে করে বর্ণন বিস্তার॥ সহস্র নয়ন হৈতে বহে অঞ্ধার l শোভিত সহিত ছত্ত্র মালা অলঙ্কার॥ শ্রীবামনদেব পার্যে আপন আসনে। বসিষা আছেন সহ সম্পদ-বাহনে। ততঃপর নিজাবাসে গেল। শ্রীবামন। ইন্দ্র কথদর করি পশ্চাৎ গমন। ফিরিয়া সভার মধ্যে করিলা গমন। তখন নারদ তাঁরে কৈলা প্রশংসন॥ বিষ্ণুর সমুখেতে অক্সের প্রশংসন। যোগ্য নহে—এহেওু না কহিলা তথন। ইবে জয়-আশীবাদ-ঘারেতে ভাহার। প্রশংসা করিয়া কহিছেন সমাচার---॥ শ্রীক্বফের অমুকম্পা সতত তোমাতে। যেহেতৃক ব্যক্তরূপে দেখিয়ে সাক্ষাতে । **53, २१७, यथ, बन्द, व्यांत्र ८४ পবন**। তব ৰাজ্ঞাকারী সর্ব্ব লোকপালগণ। আর কি বলিব—আমা আদি মুনিগণ। ৰশীভূত নিরন্তর দেখ বিলব্দণ ঃ

এবৃহম্ভাগবতামৃত

অগদীশ বলিয়া কবেন শ্রুতিগণ। ধর্ম্মা**ধর্মফলদাতা** তোমারে গুবন 🛭 সর্ববলোকেশ্বরত্বের কি কথা বিচার। প্র**পঞ্চাতীতেহ দেখি ঐশ্বর্য্য** ভোমার ॥ **কি আশ্চর্যা** যে তোমার লাতা নারায়ণ। **সর্বজীবেশ্বরের ঈশ্বর বিহ হন**॥ তাথে সহোদর পুন কনিষ্ঠ ২েন। জ্যেতের সম্মানরূপ সন্ধর্ম নানেন । বা**ক্যপ্র**ভিপালনাদি গৌরব নানান। স্ক্রদা আপনি বিষ্ণু কবেন বিধান ৷ ইক্তে সৌভাগ্য সব এইত প্রকার। কহিয়া, প্রশংসা মুনি করে বারবাব ॥ বীশা বাজাইয়া প্লাঘা মানিয়া ভাঁচার। নাচেন শ্রীদেবগ্ধবি স-হর্যবিস্তার u করি অভিবাদন মুনিরে লজ্জাত। মৃত্যুরে ইন্দ্রাজ কংচন প্রস্তৃত— ॥ স্পীতকলার ওহে স্থর্পা এতবর !। মি**খ্যা-স্তুতি-ছা**রে মোরে উপ**ং**।স কর ॥ এই স্বর্গরাজ্যের বুতান্ত অনিকল। আপনি কি না জানেন কৰ কি বিফল ৷ এই শ্বৰ্গ হইতে সে কভকতবাব। দৈত্যভয়ে পলাইয়া সং-পরিবার॥ তপস্থি-আদির বেশে আচ্চন্ন হটয়া। মস্তালোকে নিস্তেতে ি গুলুকাইয়া। পুনঃপুনঃ উপদ্র হয় অতিশয়। ভাপে মক্তা হৈতে স্বৰ্গ-উৎক্ষতা নয়॥ স্বচ্ছন্দ-আচার-গতি এই থে উৎক্ষ। কহিলে, ভাহাও নহে—হেত ভয়-মৰ্শ॥ সূর্যা-আদি লোকপাল যন আজ্ঞাকারী। এই যে কহিলে, তাহা শুন্ত বিবরি॥ বলি ইক্স হইয়া— অম্ব-সভাকাবে॥ নিয়োজিল স্থা-চন্দ্র-আদি-অধিকারে। আপনি যজ্ঞের ভাগ করিল ভোজন। আমাদের হৈল কুধা-দ্বভায় মরণ। অমৃতভোজনখারা কি আছে মহিমা। **লোকপাল আজ্ঞাকা**রী—কে'থা বা গরিমা ॥ তার পর আমাদের পিতামাতা হুঙে। করিলা তপশ্রা—দৃচ বিস্তার-সমূহে । ভাহে বহুকাল ঝোরা ছু:খভোগ কৈল। পরে কথোদিনে হরি সম্ভোষিত হৈল ৷ অংশমাত্রে হইলেন ছাতা সে আমার। বরং নারামণ প্রাভাূ—কহ 🎓 প্রকার 🛊

তথাপি সে সব শক্রনাশ না করিয়া। কেবল সে আমাদের লক্ষা বিস্তারিয়া । প্রথমে বামন-ক্লপে স্বপাদ-প্রমিত। তিৰ পদ ভূমি ভিকা করিলা নিশ্চিত। পশ্চাৎ বিরাট-রূপ করি আবিভাব। তিন লোক আক্রমিলা—ত্যক্তিয়া স্বভাব। বলি হৈতে এই ছলে লৈয়া রাজ্যভর। সমপিলা আমারে,—এ হয় লক্ষাকর। মহুযোর নিজ পুজা হয় স্বর্গি-সব। এই যে কহিলে. ভাহা নহে **অমু**ভব ॥ অংকার-অস্মাদি আছে দোৰগণ। অতএব সাহিকতা নাহি কদাচন॥ বিশ্বরূপ-বৃত্র-আদি-বধেতে উৎপন্ন। ব্ৰহ্মত্যালাগি কোথা নিশ্বাপ-স**ন্দর**॥ সদা স্বৰ্গ হৈতে অং:পাত ভয় হয়। তাথে না আদর করি দেহ তেজোময়॥ থা একাদশক্ষাত (লো: : ১/১ - |> -)---কো ৰথ: প্ৰথমভোনং কামো বা মৃত্যুবজিকে। কাঘাত নীয়মানত। বধ্যতোৰ ন ডুটিদ: । • । অৰ্থ কিম্বা অভিনাধ দিবে কিবে স্থৰ। যেহেতৃক মৃত্যু আছে নিকটে সন্মুখ। याद्य लग्न वाक्षित्रा ८५५न कविवादत्र। য়বতী-সম্পত্তি-আদি কিবা শ্বৰ ভাৱে । এশব প্রকারে মন্ত্রগোর সাম্য প্রায়। নিত্য পূজা নচে—এই গৃঢ় অভিপান 🛚 মোর প্রতি দেবগণ হঠতে অধিক। করণা কলাচ নতে—শুন সংগ্রেক। উপেক্সের বিশেষত উপেক্ষা জানিহ। ভাহার কারণ কহি বিভারিয়া ইহ—॥ শ্রহশানামেতে দেবস্ভা যে আহিল। আর পারিজাত—তুই মঠাজোকে নীল। यद्रश-स्टर्मद्र **नोग-**- मर्ख्यारल'क इस्र । তাহে অধর্মাদি পওয়া উপযুক্ত নয় 🛊 ইহাতে আয়াব প্ৰতি উপেক্ষা কেবল। জানিবে,—বিস্তারি আর কি কব সকল। শ্রীনন্দাদি গোপ যোর পূজা চিরকাল। করিত, নাশিলা ভাষা শ্রীগোনিন্দ ভাল 🛊 সেই সব জব্যে পুনঃ গোপগণ লৈয়। পুজিলেন গোৰ্ব্ধনে—যত্নবান হৈয়া 🛭 মোর প্রিয়ত্য বন—অগণ্ড লাণ্ডব। অর্জুনের বারা দাহ করাইলা সব।

ভিন-লোক-গ্রাসকারী বুআন্তর হয়। তার বধ-হেতৃ পুর্বের প্রার্থনা-নিচয়। कतिनाम, छाएँ। श्वयः छेनात्रीन देश्ना। সে-বিষয়ে মোরে মাত্র প্রেরণ সে কৈলা **।** অমরাবতী মোর পুরী করিয়া ভঞ্জন। রচিলেন সর্কোপরি আপন ভবন 🛭 ব্রহ্মলোক-উপরেতে 'শ্রীবৈকুণ্ঠ' নাম। নুতন সক্তিদানস্বঘন পরং ধাম 🛭 ৰদি কহ-কোটি-সিরু-গম্ভীর-আশর। ্রিছ হন, সদা ছব্বিতর্ক্য-লীলাময়। পরত:থকাতর-করুণা প্রকাশিয়া। करतन जकन, रेहा भारता निक हिशा। সভা, কিন্তু যদি ভিঁহ প্রসন্ন হইয়া। আপনি সাকাৎ হন কুপা প্রকাশিয়া। আমাদের পূজাসব করেন স্বীকার। তবেত পারিয়ে মোরা শহ্ম করিবার ॥ ভাহাসৰ দুৱে থাকু, ভাহার দর্শন—। প্রত্যহ না পাই মোরা, কি কব কথন॥ মাতা-পিতা হুহাকার যেই আরাধন। পুর্বাক্তমে ইংজন্মে অতি অগণন। তার বলে—বুহস্পতি-আগ্রহেতে আর। আমাদের পূঞামাত্র করেন স্বীকার॥ সেইক্ষণে আমাদের অশক্য দর্শন। ব্দাপনার স্থানে প্রভু করেন গমন॥ বহুন্তবাদিতে মহাশয় পুনর্বার। আসি আমাদের পূজা করেন স্বীকার॥ এই লাগি কহ তুমি—'অমুগ্রহপাত্র'। ভাহাতে কহিয়ে কিছু শুন মুনি মাত্র। আমা-সকলের প্রতি করিয়া বঞ্চন। कट्टन रामन्द्रपत चाट्रमन-वहन--॥ ষেকালপয়স্ত আমি এথা না আসিব। ভাবত করিবে পূজা ব্রহ্মা কিম্বা শিব॥ যে-কারণে তাঁরা আমাহৈতে ভিন্ন নন। **একমৃত্তি** তিন--ব্ৰহ্মা বিষ্ণু ক্ষে হন। ইত্যাদি শাস্ত্রের বাকা ২ইলে বিশ্বত। দেহথ কেবল ইহা বঞ্চনা বিস্তৃত॥ অন্যাগতিক মোরা,—বিফুপাদম্ম। বিনা অন্য উপাসনে রুচি নাহি হয় ! ইহা ভালমতে শ্বয়ং জানিয়াও মনে। 'একা মৃতিপ্রয়ো দেবা:' শাগ্রের বচনে॥ অক্টের পূজায় থে করেন প্রবতন। কেবল মোদের প্রতি তাঁহার বঞ্চন।

যদি কছ—ভাঁর পার্থে করছ প্রথন।
ভাহাতে কহিরে শুন সাবধান-মন ॥
ভাঁর বাসস্থান আত্মারাম-বৃনিগণে।
আমাদেরো হয় সদা ছর্ল ভ-গমনে ॥
কথন বৈকুঠে কভু গুবলোকে বাস।
কদাচ কীরোদ-মাঝে করেন প্রকাশ ॥
সম্প্রতিক ঘারকায় আবাস তাঁহার।
ভাহাও নিয়ত নহে, শুনহ বিস্তার ॥
কদাচিত পাগুব-আলয়েতে নিবাস।
ভার পূর্বে মধুরায় আছিল প্রকাশ ॥
ভাহার পূর্বেতে পুন গোকুলনগরে।
স্থোনেহ ফিরে বনে হৈতে বনাস্তরে ॥
অনিয়ত পরম রহস্থ বাস লাগি।
আমাদের গ্যনের নহে কভু ভাগী॥

তত্ত্ত প্রথমন্বন্ধে (ভা: ১।১১।১)— ষহ্যশুজাক্ষাপদসাব ভো ভবান্-কুকন্মধুন্ বাথ হছে দিদৃক্ষয়া। ॰। ইতি । এইসবপ্রকারেতে তাঁহার দর্শন। ত্বর্গ ভ,—কোথায় তাঁর ক্রপার লক্ষণ॥ ব্ৰহ্মপুত্ৰ-শ্ৰেষ্ঠ হে নারদ মহাশয়।। সনকাদি হৈতে ভক্তিবিশেষে নিশ্চয়॥ আপনার পিতারে জানিহ স্থনিশ্চয়। শ্রীহরির অমুগ্রহপাত্র মহাশয়॥ যেদেত্ৰক উিহ লক্ষ্মীকান্তের সন্তান। ইহাতে কহিলা এক ভাবের সন্ধান॥ বিষ্ণু-নাভিপন্ন হৈতে ব্ৰহ্মাত ভন্মিলা : লদ্মীগর্ভ হৈতে নাহি জন্ম সে লভিলা। তথাপিহ বিফুপুত্র-হেতু অভিমত। লদ্মীহ জানেন তাঁরে নিজপুত্র-মত। हेशबाता दुआहेला उक्षांत्र मुम्लेखि । নিংশেষে যাহাতে নাহি কদাপি বিরক্তি। গার একদিনে মশ্বস্তরাদিতে যুক্ত। আমাতৃল্য চতুর্দ্দশ ইন্দ্র হয় ভূক্ত॥ সত্যাদিক-চারিযুগ সহস্র প্রমাণ। যার দিন, পুন রাত্রি এই পবিমাণ ॥ এ দিবা-রাত্রির তিনশত-ষাটি-মানে। যেই এক বৎসর হয় ত পরিমাণে। ছেন শতবর্ষ থার আয়ুর গণন। ভনিয়াছি—নাহি জানি অলায়্-কারণ॥ লোক আর **লোকপালগ**ণ-সৃষ্টিকারী। প্রাজ্ঞাপত্য-ইস্রখাদি দেন অধিকানী॥

যজাদি-প্রবর্ত ধারা জীবের পালক। পাপপুণ্যফল-স্বথ-ছ:ধ-প্রদায়ক। নিজ দিবসেতে এই সকল ব্যাপার। রাত্রি হৈলে পুনর্বার করেন সংহার॥ সহশ্র-মপ্তক-অঞ্চি-অবয়ব-বান। জগত-আ**শ্র**য় মহাপুরুষ-আখ্যান । প্রথমেতে ব্রহ্মা ধ্যানে হনয়ে দেখিলা। নানামত স্তব-স্থোত্র তাঁহারে করিলা। আজা পাই সৃষ্টিকার্য্যে নিযুক্ত হইলা। আপন মানস বর ব্রহ্মা যে মাগিলা—। আমার ভুবনে ভগবান হে ঈশ্বর।। এইরূপ সাক্ষাৎ হইয়া বাস কর। স্বীকার করিয়া তাঁহা করিছেন বাস। যজ্ঞভাগ সমুদ্ধ করেন সলা গ্রাস॥ আনন্দ করেন তত্রবাসি-সবাকারে। সহস্রস্থস যুক্তি এই ত প্রকারে॥ শ্রীক্ষের ক্লপাম্পদ সেই ব্রহ্মা হন। ক্লপা নাত্র করি ভাঙে কি আর কখন। আপনি শ্রীক্বয় ক্রিষ্ট্রণ্টরেন নিশ্চয়। শ্রুতি-খতি-বাক্যেতে প্রসিদ্ধ ইহা **১য** ।

5 ৩ ব'প্রকে (দেশ: .1912 5 1-ত্রহানশমক ভাবানা থোন পশতি বৈ দিনাম। স্কাভূপা থনা। একন্দ শাস্তিমবিগছেতি । ।।। তুমিং জানং আরো মাধাগ্রা তাঁহার। সেই-লোকবাসি-সকলেরো স্থবিন্তার॥ পর্যাব্দত কচেন—শ্রিইলের বচন। ভনি, 'সাধুসাধু' বলি উঠিলা তথন ॥ শীঘ্ৰ ব্ৰহ্মলোকে মুনি পমন করিলা। মহং া**জে**র তথা বিস্তৃতি দেখিলা॥ ব্রহ্মধ্রবিগণ করে বেদ-উচ্চারণ। তাংতে প্রাণঃ পরমেশ্বর তথন। মহাপুরুষরূপক জটা-বিভূষিত। সহস্রমন্তক ভগবান শ্রী-স্থিত। আবিষ্ঠুত হয়্যা যজভাগের গ্রহণ। कदि, यक्ककादिमिर्छा एमन चार्न्सन ॥ ব্ৰহ্মার আহলাদ-জন্ম দ্রব্য নিবেদিত। সহস্রহান্তেদে মুখস্হান্তে অপিত। ভোজন করিয়া—দিয়া মনোমত বর। নিদ্রাগৃহে গমন করিলা সে সম্বর । কবিতে লাগিলা লন্ধী পানসমাহন। লী লাক্রমে করিলেন নিজার গ্রহণ।

অন্তর্য্যামিরূপে দন্ত তাঁর আজা পায়া। ব্ৰহ্মা ব্ৰহ্মাটেরর কার্য্যাচরণ লাগিয়া ॥ আসি নিজালয়ে বসি পারমেষ্ট্যাসনে। নিজপ্রভূ-মহিমার আখ্যান প্রবণে॥ অষ্টনেত্রে অশ্রধারা বহে অনিবার। সেবিত বিচিত্ত পর্নৈর্যোপহার॥ নারদ আপন-পিতা-নিকটে আসিয়া। কহিতে লাগিলা দণ্ডবৎ প্রাণমিয়া---॥ হরির রূপার পাত্র হন মহাশয়। নিশ্চয় জানিল—ইতে নাহিক সংশয়॥ প্রজাপতি-পতি সর্ব্ব-গোক পিতামছ। একল করহ সৃষ্টিস্থিতি লয়-সহ॥ ব্রাণতের ঈশ্বর—স্বয়ন্ত, নাম বার। নিত্য অবিরাম শ্রেষ্ঠ ঐশ্বধা-বিস্তার 🛭 ইন্ত্রাদির মত প্রেলয়েহ কদাচিত। ঐশ্বৰ্য্যের ভ্রংশত। নাহিক স্থানশ্চিত॥ যে তোমার চতুমুখি হৈতে প্রকাশিক। পুরাণ-বিগম-আদি অর্থপবোধিত ॥ মৃতিমন্ত সভায় আছেন বিভয়ান। আ হয়ে অবিল-জানসংপত্তি-প্রমাণ॥ সংপূর্ণ বিশুদ্ধ স্বধশাচরণ করি। মদাদি-রহিত সাধুজন যুৱাচরি 🛭 তব পোক পায়া। এখে করয়ে থাপন। যাহার উপর নাহি একাণ্ডে ভুবন 🛭 নারায়ণদেব-লোক অতি প্রকাশিত। বৈকুপ্রাখ্যধান থার মধ্যে বিরাজিত। সেই ধানে নিতা মহাপ্রক্রমণিগ্রহ। সাক্ষাত করেন বাস করি অহুগ্রহ॥ ত্র যজভাগ করি আপনি ভোজন। त्यरे कटन नव्यान कटबमाव्यान ॥ প্রান্থ অবেশ্য আরু আয়াস বিস্তারে। মাহার উদ্দেশ না পাইলে **যত্নপ**রে॥ তপজা করিয়া বচ—কণনাত্র তাঁর। পাইলা দৰ্শন জনিমধ্যে একবার॥ এক্ষণে সাক্ষাৎ তব গুহে নিবসয়। . অতএব সভা কৃষ্ণপ্রিয় মহাশয়॥ यपि कर---गरबः यप्रक खनकिन्। করিছেন গৃহ্মধ্যে এক্ষণে শয়ন॥ অন্ত-অন্ত বত রূপ আচয়ে তাঁগার। তুমি চতুর্থ—তাঁহা হৈতে ভিন্নাকীর । কহিতে নারিবে তুমি এমত বচন। शीशक्राद्य नानारम्ह क्वर शावन **॥**

় এইমত ব্ৰহ্মার মাহাগ্মা স্থবিহিত। **यह**र या (पश्चिमा.--वात हेट्स्त क्षिण ॥ শাস্তবারা আর যাহা আছিলেন জ্ঞাত। বিস্তারি কহিয়া প্রণমিলা ভক্তি-সাত॥ এইরপ নারদের কথিত বচন। চতুমুখ ব্রদা তবে করিয়া শ্রবণ। চারিহত্তে অষ্ট-কর্ণ আচ্ছাদন হেতু। **অত্যন্ত হইয়া ব্যগ্র ব্রহ্মা ধর্মগেতু ॥** 'আমি দাস আমি দাস' কছে বারবার। অশ্রব্য শ্রবণে হৈল ক্রোধের সঞ্চার।। যত্নেতে করিয়া সেই ক্রোধ-সম্বরণ। সপুত্রে কহেন তবে সাক্ষেপ বচন—।। শ্রতি-শ্বতি-বচনেতে—গুক্তিদারা আরে। বাল্যকাল হইতে পুন:পুন স্থবিচারে।। আমি নহি কদাচন গম্ভ ভগৰান। তোমারে প্রবোধ কিবা না দিল প্রমাণ।। সেই ত ক্লফের শক্তি মহামায়া হয়। मानौजून्मा--जेक्स्पत्र পথে नमा दश्र ॥ নিজগুণে সম্ভ রজ-তমের সঞ্চারে। জগতের করে সৃষ্টি পালন সংহারে॥ আমরা সকলে সেই মায়ার অধীন। তাহা হইতে মোহিত আছিয়ে রাত্রিদিন॥ তুমিও হইয়া রুঞ্মায়াতে মোহিত। এমত কহিছ বাক্য --জানিমু নিশ্চিত।। লেই **শায়ামোহিত-কারণ স্থবিচারে** — । ক্রফকপালেশমাত্র না জান আমারে॥ তাঁহার মায়ায় সদা জগতের আমি। গুৰু প্ৰভু পিতামহ সৃষ্টিকৰ্ত্তা স্বামী। কৃষ্ণ-নাভিপদ্ম হৈতে উদ্ভব আমার . কিন্তু মহা-অভিযানে বিনাশ-প্রকার॥ ব্ৰহ্মাণ্ডসম্বন্ধি যেই আবশ্যকাপার-। ব্যাপারের বিচারেতে বিহবল আমার॥ আমার বে ব্রহ্মলোক—ইহার বিনাশ। নিকট জানিয়া চিম্বাকুলে সহতাশ। মহাকাল হৈতে আমি নিরস্তর ভীত। **মৃক্তি-ইচ্ছা** কে'বল করিয়ে স্থনিশ্চিত 🛭 ইথে প্ৰজাপতিশ্বাদি মহা অভিমান— . দৌষহেতু নহে #क्ष्क्रंপার নিধান॥ নাভিপদ্ম হইতে উদ্ভব যে কহিল। रेष 'वयः ज्य'द्नियाकवन हरेन । ব্রসাত্তের কার্য্যে বশীভূতের কারণ। বেদৰকা হইয়াহ ন কুপালকণ ।

ব্ৰহ্মলোক-বিনাশ-ভয়েতে সদা ব্যস্ত। है(४ इहेन निबल्गारकादकर्यठ। निवस । यहाकान देहरू जीन,—बहे त्य, कहिन। দীর্ঘ পরমায়ু ইহা নিরস্ত হইল॥ অতএব মৃক্তি-লাগি কফের পুজনে। कदारे गर्वना, चात्र माद्रस्य चालट्न ॥ আর যে কহিলে—মম লোকমধ্যে হয়। শ্রীবৈকুণ্ঠলোক—এই কথার নিশ্চয় 🛭 জগদীশ তিঁহ, তাঁর আবাস কোথায়। নাহিক বুঝহ এই গৃঢ় অভিপ্রায়। স্বয়ং-সম্পাদিত-প্রির-যজ্ঞারুগ্রহণ। আর বেদপ্রবর্ত্তন—এ চুই কারণ 🛭 কেবল করেন যজ্ঞভাগের গ্রহণ। ইথে নহে আমাপ্রতি কুপাবলোকন॥ হে 'বিচারাচায্য' !—ইহা করি উপহাস। কহিছেন ব্ৰচ্গা—ব্ৰা **ভাঁহার বিলাস**॥ কুফ ভক্তিপ্রিয়—ভক্তে কুপা সে করেন। কদাপিহ অভক্তেতে সদয় নহেন ৷ থাকুক দূরেতে ভক্তি, অপরাধ যদি—। নাহি হয়, তবে বহু মানিয়ে সম্পদী। অপরাধ-ক্ষেমা যেন শিবের করেন। তেমত আমার প্রতি দয়ালু নছেন 🛭 হিরণ্যকশিপু আমা হৈতে পায়্যা বর। সর্ক**লোক-**উপতাপ দেয় হুষ্টতর॥ বৈষ্ণবের দ্রোহচেষ্টা করিল অপার। বুসিংহ-ক্লপেতে তারে কবিলা সংহার॥ সেইকালে আমি—সহ নিজ পরিবার। ভয়ে দুরে থাকি স্তুতি অনেক প্রকাব॥ করিলাম, শুবপাঠে তবু মোব'পর। চক্ষকোণে কটাক্ষেতে না কৈলা আদর। প্রহলাদের প্রতি হৃপা করি অভিযেক। করিলা দুসিংহদেৰ যবে পরতেক 🛭 অল্পে-অল্পে নিকটেতে করিছু প্রবেশ। রোবে আমাপ্রতি তবে করিলা নিকেশ---হে পদাসম্ব। হেন বর কদাচন। অম্বরের দানযোগ্য না হয় কখন 🛭 তথাপি আমিহ রাবণাদি রাক্ষসেরে। বরদান করিলাম হুষ্ট-অনেকেরে ॥ সীতাহরণাদিকর্ম রাবণের যেই। গ্ৰহণ করিবে কোন্-জন-জিহবা সেই ॥ আমা হৈতে বর পায়্যা উক্ত হু**ইজ**ন। যেইসৰ অপরাধ কৈল প্রকাশন 🛭

তাহা মম অপরাধেতে পর্যাবসান। হইতেছে, মনে ই হা বুঝহ বিধান । ইন্দ্ৰ-আদি লোকদিগে দিল অধিকার। তাহাদের মহামদে হৈল অহন্ধার। ইন্দ্র কৈলা গোবর্দ্ধনযজ্ঞে বৃষ্টিপাত। যুদ্ধগর্ক করিল—হরণে পারিজাত॥ षापनीत त्राजिटनय नन मश्नम् । যমুনার জলে মগ্ন—স্নানের আ৺য় ঃ এইকালে বরুণ হরণ তাঁরে করি। আপনার পুরে লৈয়া গেল অহকারি ঃ ধেহু বাশমুনির না কৈল স্মপ্ণ। পুন তারে করিলেক অনেক বঞ্চন 🛭 **একু মের অধ্যাপক সান্দীপনিবর।** শ্রীমধুমদল তাঁর পুত্র শ্রেষ্ঠতর॥ বরুণ মারিল তাঁরে পঞ্চজন-দারে। भून युष्क टेक न—विकृभूतार्ग উচ্চাবে ॥ কুবেরের ভূত্য যেই শব্দচুদ্র-নামে। কৈল গোপাহরণ শ্রীবুকাবনগানে॥ পাতালমধ্যেতে যেই অস্তরেব গণ। বৈক্ষবের জ্রোহচেষ্টা_রকরে সর্বাক্ষণ । কালিয় বান্ধব যত হুঁই সপগণ। সহ**ত্র-**ক্রোধিত—করে মন্দ আচর- 🛊 বিৰূপালগণ আমা হৈতে অধিকাব। পায়্যা, কৈল অপরাধ বহুত প্রকার 🛭 আমারে পথ্যবসান সেই স্ব ২য়। সংস্রতিকো কৈল আমি অপরাধচয় ॥ পুলিনভোজনে রখ ছিলা বন্দাবনে। মায়াতে করিম বৎস-বালক-হরণে সব বৎস-বালক আপনি রুফ হৈলা। भरवरभववाणि-शोला वर्हावध देवला 🛭 পরে সকলেরে শ্রীগোবিন্দ-রূপা এয়। দেখিয়া হই**র** আমি মহা**ভ্রাম**য় 🛊 ভৌত হৈয়। প্রণমিয়া করিছু স্তবন। অতি র্প্ততর আমি—কি কব কথন॥ গোপবালকের মন্ত যেই ক্লুফগীলা। গ্রাস্থ্রে বৎস্-বালকেরে অম্বেষিলা ॥ সেস্ব দেখিয়া আমি **১ইছু** বঞ্চন। অহুগ্ৰহে আমারে না কৈলা সন্তাদণ॥ তবে কৃষ্:মূখপুলু সহজ প্রসর। দেখি কুতাৰ্থতা মানি হৰ্য উপপন্ন 1 সে কেবল ব্ৰুফপ্ৰিয়ু ষেই ব্ৰজভূমি। ভাহার গমনফল—জানিবে সে ভূমি॥

ঈশবের হয় ব্রজ—স্বরহস্ত-স্থানে। লীলার সঙ্কোচ হবে মোর অবস্থানে 🛭 তাহে অপরাধ হবে-ইহা অনুমিল। **এই হেতু ব্রজে** বাস সদা না করিল। অস্ত নিজ অসোভাগ্য কি করি বর্ণন। তব ন্তব সৰ ইংে হৈল নিরন্তন ॥ এই ব্রহ্মাণ্ডের মধ্যে করি বিচরণ। তাদৃশ কুপার স্থান নাকরি দর্শন॥ কিন্তু মহাদেৰ হন কৃষ্ণকুপাম্পদ। 'ক্লফপ্ৰিয়'—খ্যাত তিহ—প্ৰসিদ্ধ সম্পদ ॥ ক্রখ-পাদপদ্ম-রশে সদা উন্মাদিত। চত্ৰৰ্গ অৰজ্ঞায় ত্যাঞ্চলা নিশ্চিত। পরমৈশ্বয়তা আর স্থথাদি-বিলাস। বিভোগ কারলা ভাগি—জানহ প্রকাশ 🛭 अभ-रेक्ट-व्यापि एग्टे त्यात्रा (प्रवर्गन । অনিত্য বিষয়ে সক্ত হই স্বাক্ষণ॥ আমাদিগে উপহাস করিবা-কারণ। বুস্তুর আকন্দ অন্তিয়ালার ধারণ॥ বর্ম নাহি পবে, করে ভশ্মাম্বলেপন। আৰুলিত জটাভাব না করে বন্ধন। উন্মত্তের স্থায় ঘণ্যমান স্কাকণ। সহ ভুত-প্ৰেত-পিশাচাদি স্বীয় গণ । ক্রয়পাদপদ্ধধীত জল যেই গলা। বিশোকভারিণী—কালানবারিণী-ভঙ্গা॥ তাঁহাবে মন্তকে ধরি অভি হর্বভরে। **বু**তা করি জগতেরে হর্যযুক্ত করে॥ শাক্তফপ্রসাদে মমতুল্য অধিকারি ! গণের অভাষ্টদানে শক্তা পঞ্চি জারি 🛭 শিবলোক-নিবাসি-সকলে সদা মুক্ত। থেহ'সবজন হয় জাঁর কুপায়ুক্ত 🛭 তারা মৃক্ত আর ক্বণ ভক্ত হইয়াছে। ८५२ हेंग गर्नाटखट । ८घायमा त्राग्राट ॥ ক্রমঃ হৈতে শিবের যে বিজেদ-কথন। মহা দোষকরী সেত হয় স্বাক্ষণ।। প্রাক্তকেতে অপরাধ করে থেইজন। শরণ লইলে, তাহা করেন ক্ষমন॥ িবের নিকটে হৈলে আপরাধাবিত। না করেন ভারে কেন। রুফ কদাতি হ।। औद्रस्थत जिल्हान-ग्राहकाजिन्छ। মহা অবতার প্রিয় পর্ম নিশ্চয় 🕊 ত্রিপ্রেশ্বরের শিব বর কৈলা দান 🎗 স্থারসকুপ তার পুরে বিভাগান।

অশক্ত ত্রিপুর-ভেঙ্গে শঙ্কর হইলা। গাবীরূপে স্থা পিয়া নিস্তার করিলা। वकाश्वरत वत पिना-यात्र भिरत रूख-। দিবেক, ফুটিয়া যাবে শীঘ্র তার মন্ত॥ পরে শিরে হন্ত দিতে হৈল ধাৰমান। শিবের পশ্চাতে, শিব হৈলা ব্যস্থবান্। বছস্থান ভ্ৰমি গেলা বৈকুণ্ঠভূবনে। তাহা বিনাশিলা হরি করিয়া মোহনে ॥ রাবণেরে দিলা বল পরাক্রম সন্ত। কৈলাস চালনে সেই হইল প্রবর্ত। শ্ৰীরাম-রপেতে তারে বধি ভগবান। সন্ধট হইতে শিবে করিলেন ত্রাণ॥ বাক্যক্ষপামূতে তাঁরে হবিত করিলা। মমতুল্য তিরস্কার তাঁরে নাহি দিলা ॥ আপনার অন্তর্গ সম্ভক্তি-নিচয়। তাহাতে হইয়া বশ ক্রম্ভ অতিশয় ॥ শিবের মাহাত্মা ভব-বিস্তার-কারণ। শ্রীপরত্রাম-রূপে কৈলা আরাধন # সমুদ্রমন্থন-কালে ক্রফচন্দ্র ছিলা। ভণাপিহ বিবভয় দুর না করিলা ॥ শিবের মাহাত্মা অতি করিতে খ্যাপন। প্রজাপতিগণ-ছারা কৈলা আনয়ন। ষোর বিষ শিব-দ্বারা পান করাইলা। क्रिएएम नीमवर्ग (भाषा चिक मिनः । অভিষিক্ত কৈলা মহামহিমার ধারে। এই কথা সুব্যক্ত নাহিক কোথাকারে १॥ क्फ-विषयाण हित्र नदान हरवन। **সকল পুরাণ গান সর্বত্যে করেন ।** তুমিও জানহ ইহা-করনা স্মরণ। আর স্থবিশুর ইহা কি কব কথন॥ ষ্মপি শ্রীব্রনা রজোগুণে অবতার। স্ষ্টিকর্ডা--নার মুখে বেদের প্রচার ॥ তথাপি শ্রীকৃষ্ণভক্তিরস-স্থধামর। দেহ ভিঁহ ভেঁই ছেন করেন বিনয়। **ट्रीकृष-एक्टिय এই ५० गर्समाय ।** ষম্ভ হৈতে দীনবোধ আপনা করায়॥ এত তনি নার্ম ওকরে প্রণমিয়া।

কৈলাস-গমন-হেতু উন্থত হইয়া॥ এত দেখি নারদে কহেন ব্রহ্মা পুন:--! ওতে বৎস পুত্র। আরো কহি কিছু শুন-। ভক্তিতে কুবের পূর্বে করি আরাধনে। বশীভূত করিলেক ক্রন্তে যত্নমনে॥ ব্ৰহ্মাণ্ডের মধ্যে যেই কৈলাস পৰ্বত। কবেরের অধিকার তাহাতে সর্বতঃ। ঈশান-পালক-রূপে বসেন ঈশান। উমার সহিত-অল্ল-বিভব-সম্মান ॥ কখ্যপাদি-আমাদের ভক্তি-বশীভূত। ক্ষণ্ড ভগবান যেন হইয়া প্রস্তুত । মমলোকে আর স্বর্গাদিতে নিবসেন। উচিত লীলায় কৈলাসেতে শিব তেন ৷ কিন্ধ যেই শিবলোক হয়েত উপরি। বায়পুরাণের মতে কহিমে বিস্তারি—॥ পৃথিবীর আবরণ ষেই সপ্ত হয়। তাহার বাহিরে মহাদেব-লোক রয়। ব্রহ্মাঞ্চের মত নতে কদাপি নশ্বর। আনন্দের পরিপাকরূপ নিভ্যতর॥ যান্ত্রিক নছেত-সত্যরূপ সর্ব্বদার। শিবের উন্তম ভক্তে সেই লোক পায়। সমান-মহিমা-শোভা-যুক্ত পরিবার। গণে পরিবত-অতি ঐশ্বর্যা-বিস্তার॥ ২ত্র-চামরাদি অলঙ্কারেতে শোভিত। দীপ্রিয়ান আছেন শ্রীউমার সহিত। निक रेष्टेरएवडा औरएव ग्रह्मंग। পুজিয়া না করে কিবা অম্ভতাচরণ॥ শ্ৰীকৃষ্ণাৰ**তা**র শিবে তুমি ওদ্বভক্ত। অতত্ৰৰ তথা যাইবাবে হও শক্ত ॥ গমন করিয়া তথা করছ আশ্রয়। সাক্ষাতে দেখিবে কৃষ্ণ-কৃপা যেন হয়। এইমত শ্রীনারদ হইয়া শিক্ষিত। শিব ক্লফ গান মুনি করি শ্রদ্ধান্তি॥ কৌতুকে শ্রীশিবলোকে করিলা গমন। লোকশিকা লাগি মুনি আনন্দিতমন। শ্রীল-সনাতন-পদে করিয়া প্রণাম। जीक्वरतादिन पान गार्ग (अयथाम I

ইতি শ্রীভাগৰতামূতে ভগৰৎকুপাতর-নির্দারথণ্ডে দিব্যো নাম বিতীরোহধ্যার: ম

এবহুৱাগবভামুত

এত তনি নারদ শুরুরে প্রণমিয়া। কৈলাস-গমন-ছেতৃ উন্ধত হইয়া। এত দেখি নারদে কহেন ব্রহ্মা পুন:—। ওহে বংগ পুত্র ৷ আরো কহি কিছু গুন—॥ **ভক্তিতে কুবের পূর্বে**ক করি আরাধনে। ৰশীভূত করিলেক ক্লন্তে যত্নমনে॥ ব্রন্ধান্তের মধ্যে যেই কৈলাস পর্বত। কুবেরের অধিকার তাহাতে সর্ব্বত:॥ बेमान-भागक-क्रांभ राजन स्रेमान। উমার সহিত-অল্ল-বিভব-সম্মান॥ কখ্যপাদি-আমাদের ভক্তি-বনীভূত। ক্ষ্ণ ভগৰান যেন হইয়া প্ৰান্ত ॥ মনলোকে আর স্বর্গাদিতে নিবসেন। উচিত লীলায় কৈলাসেতে শিব তেন ॥ কিন্তু যেই শিবলোক হয়েত উপরি। বায়ুপুরাণের মতে কহিয়ে বিস্তারি—। পৃথিবীর আবরণ যেই সপ্ত হয়। তাহার বাহিরে মহাদেব লোক রয় ॥ ব্রহ্মাণ্ডের মত নহে কদাপি নশ্বর। আনন্দের পরিপাকরপ শিঠাতর ।

মারিক নহেত—সত্যরূপ সর্বাদায়। শিবের উত্তম ভক্তে সেই লোক পাম 🛭 সমান-মহিলা-শোভা-যুক্ত পরিবার-। গণে পরিবৃত—অতি ঐশব্য-বিন্তার। ছত্ৰ-চামরাদি অসম্বানেতে শোভিত। দীপ্তমান আচেন শ্রীউয়ার সচিত 🛭 निख रहेटम्बल औरमब मुक्सन्। পুজিয়া না করে কিবা অভুভাচরণ ॥ শ্ৰীক্ষপাৰতার শিবে তুমি গুৰুভক্ত। অভএৰ তথা যাইবাবে হও শক্ত ৷ গমন করিয়া তথা করহ আশ্রয়। সাক্ষাতে দেখিবে ক্লফ্লপা যেন হয়। এইনত শ্রীনারদ হইয়া শিক্ত। শিব কৃষ্ণ গান মূনি করি শ্রদ্ধান্বিত 🛚 কৌতুকে শ্রীশিবলোকে করিয়া গমন। লোকশিকা লাগি মূনি আনন্দিত্যন॥ শ্রীল-সনাতন-পদে করিয়া প্রেণাম। **औक्रम्य**ानिक मान मार्ग (श्रमशाम #

ইতি খ্ৰীভাগৰতামতে ভগৰংকুপাতন-নিৰ্দান্নখণ্ডে षिट्या नाम विजीदबाश्यातः ।



1 3 DEC 1958

इंडीय इ निज्ञानां कर वामानंतक र्वामिय । যথা কুফকুপাধিকাং তেন্তা: প্রহাদকে তথা। •।

শ্ৰীনারদ শিবলোকে করিয়া গ্র্মন। **(मविटमन निर्द क्यु**काराविष्टे-मन॥ कतिका गद्धर्यगरमस्त्र चार्छ न। করেন প্রেমের ভাবে নর্ত্তন-কীর্ত্তন। नकीश्वत-चानि निक शांतियन-हर्य । প্রীতে অয়শন গীত-বাদ্য যে করয়ে ॥ তাহাদের প্রতি শিব সুবষ্ট হয়েন। সাধু সাধু বলি ভূষঃ প্রশংসা করেন। দেবী উনা ভনি পুন করতালা দেন। **जांशारत जीमशास्त्र अनश्मा करत्रन ॥** ক্ষের ভক্তাবতার—দেব ত্রিলোচন। তার কার্য্য সদা—ক্বফ্রভিত্যবর্তন।

ব্রদাহ বটেন শ্রীরফের অবতার। তাঁহা হৈতে শ্রীশিবের মহিমা বিস্তার 🛭 নিজধর্মনিষ্ট শতশত জন্মে জীবে। আর বশিষ্ঠানি মুনি ত্রনাং পাইবে। কিন্ত কোনকালে জীৰ শিবছ না পায়। এহেতু মাহাত্মাধিক সর্ব্বশান্ত্রে পায়॥ नादम प्रिवेश भित्व चिक क्षेत्रन। বীণা বাজাইয়া তাঁরে কৈলা প্রাণমনী 'শ্রীক্রফের পরমাছগুরীত আপনে।' मृहर्म् इ धरे क्या शासन जरता ব্ৰহ্মার কথিত মহাদেৰগুণগণ। স্থবর করিয়া সব করিলা কীর্ত্তন।

মৃত্যের পরেতে রুদ্র-পাদপদ্ম-ধূলি -। স্পর্শেছায় নিকটে আইলা হন্ত তুলি। ভবে ক্স্ড--বৈষ্ণব যাহার প্রিয়ভর। কৃষ্ণরসধার-পানে উন্মন্ত বিস্তর॥ নারদাক্ত বাক্য নাহি করিয়া শ্রবণ। স্মাদরে প্রশ্ন তাঁরে করেন তথন। আক্ৰিয়া আলিকন দিলা মুনিবরে। ব্রহ্মপুত্র। কি কহিলা १—কহ ব্যক্তভরে। বৃত্যের কৌতুক ছাঞ্চি ৰুদ্র মহাশয়। ব্দ্ধ প্রিয়ন্তনেতে আবৃত সে সময়। পাৰ্ব্বতীর প্রাণনাথ বসি বীরাসনে। त्ररंग मध औरवस्थव-त्यक्र-महावर्ण ॥ তবেত নারদমূনি অগ্রেতে হইলা। ক্ষত্রবড়কক পঢ়ি প্রাণাম করিলা। জগতের ঈশক্ষপ মহিমা প্রকাশ। **করিলেন স্ত**ব তারে—বিবিধ-নির্য্যাস ॥ क्षक्षा-नम्रहत भाव महानम्। জিলোকেতে যার তুল্য কেহ নাহি হয়। এতেক ত্রনিয়া সর্ববৈঞ্বমুদ্ধস্ত। বিষ্ণুভত্তিপ্রবর্ষক মহাদেব ধ্যা ॥ কর্ণ আচ্ছাদন করি দেব পুনঃপুন। সকোধ কহেন-ওহে মুনিবর। শুন॥ জগন্ত-ঈশ্বর আমি নহি কদাচিত। ক্লফ**ঙ্গপা**স্পদ নাহি হইয়ে নিশ্চিত ॥ কেবল ক্লফের দাস-দাসের বিস্তর। অন্তগ্রহ কাষনা করিয়ে নিরস্তর 🛭 এত **ও**নি • নি হৈলা সন্ত্ৰমেতে যুক্ত। ক্রফে ঐক্য-স্তুতি আর না করিলা উক্ত ॥ অপরাধী আপনারে মানি মুনিবর। ক্ছিতে লাগিলা কিছু বাক্য অৱস্থর—। ৰিষ্ণু আর বৈক্ষবগণের স্থমহিমা। অত্যন্ত ভূর্গম--আর নিগুড়ের সীমা। আপনি জানহ, আর যত জীবগণে। জ্ঞাপন করাহ তুমি কুপাবলোকনে। এইছেড় বৈষ্ণবের শ্রেষ্ঠ শুণিতর। ভব অন্থগ্ৰহ বাস্থা করে নিরম্ভর 🛭 শ্রীকৃষ্ণ আপনি তোমা প্রতি হৈয়া শ্রীত। অধিক মহিমা তব করে বিত্তাবিত। কভ-বার কভ-বর কভ মৃত্তি ধরি। ৰৈলা হফ ভক্তো তোমা আৱাধনা করি। একথা শুনিয়া ধিব হুইল লচ্ছিত। হৈৰ্য্য করিবারে হৈলা অপক্ত নিশ্চিত ।

'আমার সে ধাষ্ট'ঃ না কহিবা কদাচন'। এত কহি, শীব্ৰতর উঠিয়া তখন 🛭 তুইহতে নারদের মুখ আচ্ছাদন। করিলেন মহাদেব হইয়া বিমন॥ ততঃপরে উচ্চৈম্বরে হৈয়া সবিশায়। क्ट्- ७ट्ट मृनि ! जावि त्मथह विषय । প্রভুর দীদার ষেই হয়ত বৈভব। বিতর্কে না বোধ হয় তার এক-লব ৷ বিচিত্র পরমাশ্র্যা বিবিধ গছীর। মহিমা-সমূত্র মদীশার প্রাভূ ধীর। করিলেহ অপরাধ নানান প্রকারে। না করেন ক্বঞ্চদেব উপেক্ষা তাহারে। बत्रमान-चामि निक धैर्यम् श्रकाम । করিলাম অপরাধ নিজ প্রভূ-পাশ # তথাপিছ ত্যাগ মোরে প্রভু না করিলা। অদ্যাপি আপন ভক্তি আমাতে রাখিলা : র ফভজ্জিরসে-মগ্ন-শিব-পাদম্ম। ধরিয়া আনন্দে মুনি স্তবন করয়-।। নাহি হয় অপরাধ অচ্যতে ভোমার। लाकमुछि यपि इस कथाना ध्वात ॥ তাহাও অচ্যতে নাহি হয় সে প্রচার। যেহেতু পরম প্রিয় তুমি হও তাঁর॥ বাণরাজা নিজবাহুবলে অহসারী। সাধুসকলের বহু উপদ্রবকারী॥ নিজকন্তা-উষা-সহ দেখি অনিক্ষরে। মান্না প্রকাশিয়া যবে করিলেক **ক্রছে**। গণসহ কৃষ্ণ আইলা করিতে উদ্ধার। বহু যুদ্ধ কৈল বাণ সহিত তাঁহার। হতপ্রায় যথন হইল রাজা বাণ। দেৰিয়া আপনি ভাৱে হয়। কুপাবান ॥ নি**ত্ৰভক্ত পুত্ৰতৃত্য—পালিতে সে জন**। প্রা**ণরক্ষ**াহেতু তার—হরির গুবন ॥ ুকুরিলা, তাহাতে রোব তাজি সেইসণে। বিশী স্বরূপবদান করি প্রীতিমনে॥ ভোমার পার্যদ ভাবে করিলা শ্রীহরি। দেবগণ বাহা নাহি পায় তপ করি # গার্গ্য-আদি ষেই বাদবাদি-দ্রোহকারী। করিল সে নানামত তপস্তা তোমারি॥ ভাহাদিগে নিশ্ছিদ্র করিলা ভরদান। এহেতু না হয় তব অপরাধ তাণ ! গার্গো বর দিলা—পুত্র ভোষার জন্মিবে। যতুকুল-ভরোৎপদ্ধ সেই ভ করিবে ট

বছুকুলঘাতী পুত্র হইবে তোমার। এইমত বর নাহি দিলা প্রতি তার 🛚 পার্থ-ভিন্ন পাঞ্জবে জিনিবে একবার। **অমত্রণে** বর দিলা এমত-প্রকার॥ প্রদক্ষিণে বর দিলা অগ্নি-অভিচার। অত্রদ্ধণ্য-প্রযোজিত ইষ্ট সাধিবার । এ আদি যে বর দিলা—বিশেষ ভাচার। শ্রীমন্তাগবভাদিতে আছমে প্রচার । চিত্রকেত-আদি যেই বিচার-বিহীন। শেবাদি-আশ্রিত-শিবতব্রজানে দীন ৷ যন্তপি তোমার নিন্দা তাহারা করিল। তৰ কোপ তথাপি তাহাতে না হইল॥ তাঁহা হৈতে শ্রেষ্ঠত্বের বাঞ্চা তুমি করি। কৃষ্প্রীতি লাগি পূজা করিলা বিশুরি ! চাতুৰ্যবিশেৰে কৃঞ্ভক্ততাবিশেষে I প্রার্থনা করিয়া বর লইলা অশেষে ॥ ব্রহ্মাদির প্রার্থনীয় যেই মুক্তিদান। তাতে অধিকার খ্রীল প্রভু ভগবান। দান কৈলা আপনারে আর ত ছর্গারে। এহেতু কৃষ্ণের কুপা ঞ্রীয়া প্রতি সারে॥ বন্ধাদি দেবের যেই ছপ্রাপ্য আন্তর্যা। পাকিতেহ এতাদুণ তোমার ঐশ্বর্যা॥ আর আত্মসুখ সব করি অনাদর। অবধৃত-মত বিফুভাবাবিষ্টভন্ন॥ মহা-উন্মাদিত-ভার চইয়া দিগমর। কেৰা দুত্য করে পত্নী-সহ-সহচর 🛭 কৃষ্ণভক্তিশপটতা—মহিমা অঙ্গত। তোমার হইল আজি মোর অনুভূত। ক্রফের পংম প্রিয় নিত্য সে আপনি। ইহার সন্দেহ মাত্র আর নাহি গণি 🛭 ক্রফের নিঃশেষে কুপা তোমাতে যে হয়। আর কি কহিব--ভাহা কথন-অভ্যয়॥ ভোষার প্রসাদে দশ-প্রচেতাদিগণ। পাইল ক্ষেত্ৰ প্ৰিয় প্ৰেমাম্পদ ধন। **জনশর্মা-আদি পার্ব্বতীরো প্রসাদেতে । হইল রু**ফের প্রিয়—খ্যাত পুরাণেতে । **যশোদার গঙজাত** যেই মহামারা। তার সহ অভেদ-অধিকা তব জায়া ! इत्याद कतिनी विकर-त्यरशास हन। ভাতে আত্মারাম তুমি না কর ত্যজন 🛚 विठित क्रायात यह नामगरकी र्यन । বার দীলাকথার উৎসবে সর্বকণ।

এই পার্বভীর করি সম্বোবিত মন I বিষ্ণুভক্ত-সভাত্মধ করছ ভজন ! नात्रम हरेएछ देहंत्र ब्राट अछ छेछा। স্বত্তপ্রবাদে শিব হৈয়া লক্ষায়ক । বৈফবসকলমধ্যে শিব শ্রেষ্ঠতর। বিঞ্জক্ত নারদেরে কছেন উত্তর—॥ चारा मह्दकश्चे—चात कि कर तहन ! ত্যক্ত-সর্ব্ব-অভিযান হে ব্রহ্মনন্দন। অভিযান-সকলের মূল-কোণা আৰি। রুম্বভক্ত সর্ব্ব-অভিমানগণ-স্বামী ॥ অতএৰ কৃষ্ণধন আমার সম্ম ! ক্দাপিহ নাহি হয় ঘটন নিৰ্বন্ধ 🛚 'লোকের ঈশ্বর জ্ঞানদাতা আর ভানী। चराः मुक्त मुक्तिश्रम चाननाटक गानि॥ বিষ্ণুভক্ত ভক্তিপ্ৰদ—শ্ৰেষ্ঠ কুপা**পাত্ৰ** I শ্রীক্ষণ্যক্রের আমি হট প্রিয়মানে 🕯 ইত্যাদিক যত অংকারেতে আবৃত। ম**হা-অভিমানী আমি—িক কৰ বিৰুত ॥** অতএব শ্রীক্ষের কুপায় লক্ষণ। আমাতে কিঞ্চিত নাহি-কি কৰ কণন সকলের গ্রাসকারী ঘোর মহাকাল। সমাগত হবে যবে অতান্ত বিশাল 🛚 অশেষ জগতজন-সংহার-স্বব্ধপ। নিজ প্রয়োজন যেই তম্পাদি রূপ 🛭 আমাদের যে ও্কর্মা**ন্ত্**সকান কৰিয়া [।] লক্ষাযুক্ত হইতেছি এখনো ভাবিয়া। পরম উপেক্ষা তাঁর আত্মাতে *বিশে*ষ। যন্তপি থাকিত যোর ক্লফ্রপালেশ # যবে ক্লফ পারিজাত করিলা হরণ I তবে কি আমার সহ হইত সে রণ॥ আর অনিকল যথে উধার সহিত I চৌর্যোতে মিলিলা, বাণ হইয়া আপিত-বাদ্ধিলা তাঁহারে, কুফ্স্ফ্র সেইক্রণে—। ক্লাপিচ না হইত আমার **সে র**ণে ॥ আমা দাসে করিত কি প্রান্থ আরাধন। লোকে থেই পরমোপহাসের কারণ ॥ িখা তাঁর মনে ছিল গঢ় ক্রোধভর। সেহেত আমার কৈল আরাধনভর 🛭 ভাচাতে সম্বোচ মোরে করিলা প্রাথান। যদ্ধারা পরম হু:খ তৈল উপাদান 🛚 এছেড় যে বচৰায় বন্ন ৰচতন। चामारेहर कित्रलन शहर विखय !

- छोहा नरह क्रुगांत नक्य मृति ! एन- । সেই শ্রেষ্ঠ উপেকার জ্ঞাপক নিপুণ। ইহাতে দেধহ মম অপরাধগণ। **क्या ना**हि करतन शाविन क्यां हन ॥ ব্দার যবে নমুচি-নামেতে মহান্তর। ত্রিভূবন অধিকার করিল প্রচুর ঃ **ইন্ত্রাদির তাপ দেখি ব্রহ্মা-স**হ আমি। ক্ষীরোদের তীরে গুবিলাম লক্ষীস্বামী॥ ভবে দেব অম্বরেরে অনাচারী করি। মারিবার তরে কহিলেন মমোপরি— n কল্লিভ আগম তুমি করি তাহা-ছারে। আমা হৈতে বিমুখ করহ সবাকারে॥ থাকিলে আমার প্রতি কুফকুপালেশ। না করিতা আমা প্রতি এমত আদেশ। আমাদের মৃক্তিদানে অধিকার হয়। তুমি যে কহিলা মূনি। হৈয়া হস্তাশয়। **रम चिक मा**रून-जिल्लिविद्यांथी कावन । **যাহার শ্রবণে ছ:**খী হয় ভক্তগণ ॥ এইহেতু শ্রীক্ষের রূপায় আম্পদ। क्षाठ चामाद्य नाहि खानिक नावम !। হে ক্বঞ্পার্থদ শ্রেষ্ট !—কি কহিব আর। বৈকুঠবাসির প্রতি তাঁর রূপা সার॥ **তৃণতুল্য সকল থাঁহারা ত্যাগ করি।** আরাধনা করিলা ভক্তিতে প্রিয় হরি॥ সাধনপ্রভাবে ধর্ম-অর্থ-কাম-মৃক্তি। অণিমাদিসিকি হৈল উপস্থিত যুক্তি। গ্রহণ থাকুক দূরে. হৈয়া ভক্তিপর। **চকুকোণকটাক্ষেত্তে না কৈলা আদর**॥ সচ্চিশানন্দরপ বৈকুণ্ঠ—গুণাতীত। নিত্য সত্য ধাম---সব-ভয়-বিবজিত ॥ ভাজ-সাধ-অভিমান সেই ভক্তগণ। সেই নিতা বৈকুঠেতে করিলা গমন। **সে-স্থলে** সচিদানন্দ-দেহ যেই সব। শ্বীকার না করে প্রাপ্ত পরম-বৈচৰ 🛊 অনায়াসপ্রাপ্ত মৃক্তি স্বীকার না করে। ভগবান্-সহিত সম্বোবেতে বিহরে 🛚 হরির ভতিতে সদা সম্ভট-মানস। ভাছাদের স্থ্যময় স্ব দিগ দশ॥ **ধর্মজা**নাসক্তি-বিশ্ন হইতে ব্রহ্মণ। করেন ভক্তিরে.আছুকুল্যেতে বর্ছন॥ স্ক্ৰিষ্ হৈতে বৃক্ষা করে ভক্তগণে। বাড়াবেন ভক্তি-উদীপন-সম্পাদনে

নিজেচ্ছায় সর্বজ্যেতে করেন গমন। নাহি হন কৰ্ম-বশীভূত কদাচন। এমত যম্মপি হয় ত্রীবৈকুঠধাম। তবে কেন বুক্ষ-হংগ-শুকাদি বিপ্রায় ?॥ এই আশবার কহে--মৃক্তসকলেরে। উপহাস করেন বৃক্ষাদি-যোনি ধ'রে ॥ অর্থাৎ ভজন-মহাস্থখ করি ত্যাগ। অতি তৃচ্ছ মৃক্তিতে কিহেতু অমুরাগ ?। এই মনে করি-ধরি বুক্ষাদি-শরীর। জ্জন করেন হরিপদাস্ক ধীর॥ কমলা-সেবিত নিতা শ্রীপাদকমল। সাক্ষাৎ করেন হরিদর্শন বিমল ॥ করেন সে নিতা ক্রীড়া ছরির সহিত। আমরা দেখিয়ে ভাগ্যোদয়ে কদাচিত। এহেতু তাঁহার। ক্লফ্রপার বিষয়। অধিক জানিহ—ইথে নাহিক সংশয়॥ देकक्रेलांक्ट निठा जनीय मकला। ছরির যতেক ক্লপা আছমে বিমলে॥ ছেন রূপা কোন স্থানে নাহি কারো'পর। যাতে মহাহর্ষেতে অশ্রাস্ত নিরন্তর ॥ সংকীর্ত্তন-বুত্য-গীত-পরিচর্য্যাদিতে। প্রেমভক্তি বিনা অস্ত নাহি কদাচিতে। আশ্রহ্য পরমানন্দ-রসসিদ্ধ তাঁর। মহিমা অডুত—সাধ্য কার বর্ণিবার॥ श्रीय-श्रक्षभाष्ट्रज्य--- अभानम (यह । যে কণার অন্ধ-অংশে সম নহে সেই॥ সেই ত বৈকুণ্ঠ, আর তদীয় সকল। আর বৈকুঠের যত বস্তু স্থনির্মল ॥ সকল ক্ষের পাদপদ্মের আশ্রয়। পরম প্রেমের অফুক্ম্পিত সে হয় ॥ আমা হ'তে অধিক তাদৃশ কুপাপাত্র। औरवकुर्शनिवागिगकन कान बाख ॥ স্ক্ৰবিশক্ষণ মহা-উৎকৰ্ষ-বিষয়। ৰাহাদের যাহাত্ম্য বর্ণন নাহি হয় ॥ পঞ্চ্ছ-দেহ-মর্ত্তালোকবাসী যেবা। ব্রঞ্চন্তিরসিক করমে কুফ্সেবা। তাঁহারাহ আমা হৈতে হন শ্রেঞ্জর। মমস্ত হয়েন আমাস্ভার বিশুর 🛭 • শ্রীরুঞ্চরণপদ্মে অর্পিতাত্মামন। : মত্যকোকবাসী যেই হন ভক্তগণ I কৃষ্ণপ্রেম-লাভ-আশে করিলা, ত্যক্রন—। অৰ্থ ধন জন প্ৰদ্ৰ কলতে জীবন।

हेहलाक ग्रथ, जात्र धन-उँलाब्बन। পরলোক-স্থভোগ ধর্ম-আচরণ ॥ সাধ্য-সাধনাদি করি যত কার্য্য হয়। কিছুতে নাহিক ৰাঞ্ছা মাত্ৰ সমুদয় ॥ জাতি-বর্ণ-আশ্রমের যেই ধর্মাচার। তাহার অধীন নহে,—অতিক্রাম্ব তাব॥ **জন্মের গ্রহণ যেইকালে জীব করে**। দেৰ-ঋষি-পিতৃ-ঋণে বদ্ধ হন নৱে ॥ यटक (एव-धान, श्रावि-श्रान व्यश्वायत्न । মক্ত হয় পিতৃ-ঋণে—পুত্র উৎপাদনে । যদি এই তিন ঋণে নিৰ্মাক্ত না ১য়। **একারণ বেদমার্গ-অতিক্রান্ত র**য়॥ হ বিপাদপদ্ম-ভক্তিবলৈ ত নিশ্চয়। ধ্বণত্ৰয়-আদি হৈতে সে আংতোভয় ॥ এমতে ভক্তের কর্মে নহে অধিকার। পাপাদির অভাবেতে—ভয় নাহি তার ॥ বিষ্ণুগারূপ্যাদি কিছু বাঞ্চা নাহি করে। তাঁর ভক্তিরশৈতে লম্পট যেই নরে। ব্রদ্ধলোক-আদি যেই বিষ**রে**র ভোগ। নির্বাণের স্থথ-আর্থী নানে হেম-যোগ। স্বৰ্গ-মুক্তি-নৱকেতে দেখমে সমান। তারা যোর বড প্রিয়—যেন ভগবান। সেই সব ভক্তসহ আমার মিলন। পরম প্রার্থনা আমি করি সর্বাক্ষণ॥ সেই সৰ ভক্তের হয় যেই স্থানে স্থিতি I সে-ই সে বৈকু**ঠলোক—নিঃসংশ**য় ইতি । ক্ষণ্ডজিম্বধা ানে হইয়া উন্মন্ত। দেহ-দৈহিকাদি কার্য্য-বিশ্মরণ-তত্ত্ব ॥ মর্ত্ত লোকবা সিভক্তগণের স্বরূপ। প্রাক্তিক দেহেতে সচিচদানন্দরণ **॥** মত্যলোকে যতাপি সকল সিদ্ধি হয়। देवकुर्छ देवकुर्छवानी किवा झापा द्रश्र १॥ কহিছেন এ লাগি—সাক্ষাৎ ক্ৰীড়া সৰ। বিষ্ণুসহ হয় ত বৈকুঠে অনুভব 🛚 চিন্তে আবিৰ্ভাব ধ্যানে হয় কণাচিত। অন্তর্দ্ধান হৈলে ভক্ত হয় ত হঃখিত॥ বিছিত্র-বিলাস শন্ধীকান্তের সহিত। শ্ৰীবৈকুণ্ঠলোক বিনা না হয় বিশিত। ব্বতএৰ ৰৈক্ণুগদিবাসি-ভক্তগণ। কুফের পরম **প্রায়**—দ্যাবানু হন। অপ্রাপ্ত-বৈকুঠ বিষ্ণুতক্ত যত নর। ভাহা হৈতে আর আমা হৈতে শ্রেষ্ঠতর 🛭

ততঃপর পার্বতী স্ব-স্থামির কথিত। মহালন্দ্রীদেবীর মাহাত্মা-বিবর্জিত । শুনিয়া সহিতে নাহি পারিয়া পার্বভী। ক্রোধ করি কহিছেন নারদের প্রতি—। তার মধ্যে বিশেষ শ্রীলক্ষীদেবী হন। 'হরিপ্রিয়া'-নাম বার প্রাসন্ধ ভূবন ॥ যতেক বৈকুণ্ঠবাসী, বৈকুণ্ঠে যে আর। 📝 সকলের ঈশ্বরী—নিশ্চিত শুন সাব॥ যাহার কটাক্ষপাত হৈলে উপপত্তি। লোকপাল ইন্সাদির হয় ত সম্পত্তি॥ জীবেশ্বর-তত্তজ্ঞান, আর হরিভক্তি। ভোগ-মোক্ষাদিতে খেবা ২ম ত বির্হাঞ্জ ॥ হইলে বাঁহার অমুগ্রহ স্থপ্রকাশে। ংয় ত জীবের শীম **সিদ্ধ অনারা**সে। ভোমরা সকলে ভলমান সমাদরে। সমুদ্রমন্থনকালে বিহু হেলা করে। আত্মারাম পূর্বকাম নিরপেক্ষ-মন। হরি করি আরাধন করিলা বরণ॥ সম্পত্তির অধিষ্ঠার্ত্তা লক্ষ্মীর চাঞ্চল্য। অগতের মধ্যে আডে সর্বত্তে প্রাৰ্থ্য ॥ র্তিহ মহালন্দ্রীর হয়েন অবতার। সে চাঞ্চলাদোৰ কিবা ক্রিটাতে প্রচার 🛚 🛊 এই অশহায় কহিছেন—স্থিরমতি। হরি-বক্ষে মনোহরে করেন বসতি॥ যেই-যেই 'থবতার করেন শ্রীহরি। লন্ধী সহাগিনী তাঁর হন অবতরি 🛭 নিরস্তর সর্বতা হবির সহ রমা। পতিব্রতাসকলের হয়েন উত্তরা। এতেক শুনিয়া মুনি পর্য ছর্ষিত। বিৰণ হইলা—খন অত্যস্ত কোভিত 🛭 সেইকালে পৃথিবীতে ক্লফ্-অবতার। দারকাতে নানা লীগা করেন প্রচার 🛭 তাহা বিশ্বরণ মুনি হইয়া তথনে। হইলেন উত্তত 🗷 বৈকুণ্ঠগমনে 🛭 'ক্সম শ্ৰীকমলাকান্ত ছে বৈকুণ্ঠপতি!। खब औरवार्शनाती, देवकुर्श खब्दि ॥ क्षव कृष्णिका भगा-दिक्शिक्षेत्री। এইবাক্য মুনিবর কছে উচ্চ করি। করিবারে মহালক্ষীদেবীর গুবন। বৈকুঠে গমন লাগি উঠিলা তথন ! वृक्तिका अभहारमन श्री मूनिकरत है बिर्विश देवकुर्शिक कहिर्देशन भरत-।

*

ক্রুকের পর্ম-প্রিব্রন্ধন আলোকন-া ৈ ঔৎস্থক্যেতে বিনাশিত তোনার শ্বরণ । সেই মহালন্দ্রী, আর শ্রীহরি আপনে। ভূমে খারকায় বৈসে—নাহি কি শ্বরণে?। महामन्त्री (पर्वी अप्रः हरत्रन कृष्त्रिगी। স্বয়ং ভগবান কৃষ্ণ বিরাজেন তিনি । विवासन-निकटि दिवानि मधी बाता। 🐗 মহালন্দ্রীর হয়েন অংশ তাঁরা 🛭 श्वतिशृर्व यहामस्त्रीटमची जीक्कियी। निवस्त्र श्रीकृष्णभागाक्रनिरविशे॥ সেইছেতু বৈকুঠে গমন ত্যাগ কর। **এই স্থানে কণকাল** देश মুনিবর ! ॥ অত্যন্ত বহস্ত তৰ কৰ্ণেতে কহিব। ष्यानात्वत्र गार्था कथा नाहि व्यकानित ॥ ৰহালন্ধী হৈতে প্ৰিয় ক্ৰফের কহিব। ভাছে ভাঁর প্রিয়স্থী পার্বাতী ক্ষবিব॥ অভএৰ ভোমারে কহিব সংগোপনে। শ্রেছা করি মুনিবর। শুন একমনে। তৰ তাত ব্ৰহ্মা, আমি, গৰুড়াদি সার। বৈকুঠপার্বদ যত, মহালন্দ্রী আর॥ সকল হইতে কুঞ্ভক্ত প্রিয়তর—। প্রহাদ হয়েন খ্যাত জগত-ভিতর ॥ ভগবৰ্চন কিবা হৈলা বিশারণ। **অমন্তাগৰতে যাহা কৈলা অধ্যয়ন ? ৷**

তথাহি (ভা: ১। ৪। ৬৪) ভগবদ্বাক্যম্-নাহমাত্মানমাশাসে মঙকৈ: সাধুভিবিনা। শ্রিয়পাত্যন্তিকীং ব্রহ্মন যেষাং গতিরহং পরা ॥ ॰ ॥ ি**বাহাদের আ**মি সে পরমগতিময়। বিনা সেই মম সাধু-ভক্ত-সমুদর। আপনার এমুর্ভিরে না করি বাহুন। यहां नशीरपवीरतह,- अ कुक्षवहन । ছে নারদ। একজের প্রীবিগ্রহ যেই। আমি-ত্রন্ধাদি-দেবের জন্মহেতু সেই॥ মিজভক্তসকলের আহলাদকারক। व्यनिकीहर (य त्रोक्षर्यर-माधुर्यर-भावक ॥ ভক্তগণ হৈতে হেন খ্রীমৃতি খাপন। **প্রাদরের বিবয় কুঞ্জের নাহি হন ॥** পে সৰ ভাজের তব করিতে কে শক্ত**।** সেই-সৰ-মধ্যেতে প্রভান প্রিয় ভক্ত ॥ লাকাৎ ঐভগবীন কহিলা আপনি—। 'স্কৃতজ্ঞগণ্যধ্যে শ্ৰেষ্ট তোমা গণি ।

তথাচ সপ্তমন্বন্ধে (ভা: १। ১০। ২০)—
ভবস্তি পুরুষা লোকে মছক্তান্ত্বামনূত্রতা: ।
ভবান্মে থলু ভক্তানাং সর্কেবাং প্রতিরূপধৃক । • ।

শ্রীমূথে শ্রীপ্রভাদের করিলা ব্যাখ্যান। অতএব হয়েন অতর্ক্য-ভাগ্যবান॥ আমি-ব্রন্ধা-আদি করি, মহালক্ষ্মী আর। সর্বহৈতে শ্রেষ্ঠমত সৌভাগ্য তাঁহার॥ श्त्रिगाकिमिश्र यत्व देशम विमात्रेश। যা**র প্রতি** যত ক্বপা—বিদিত তথন॥ প্রভাদের প্রতি অতি সম্ভোদ-অন্তর। হইলা উদ্যত দিতে বিষ্ণু মৃক্তি-বর। চাহিয়া নিলেন ভক্তি পুনঃপুনর্বার। সেই প্রাদেরে আমি করি নমস্কার॥ দেবতাগণের স্বর্গ, দৈতোর পাতাল। ব্ৰহ্মাকৃত এ নিয়ম আছে সৰ্বাকাল। বলি তাহা লাজ্য কৈল প্র্যা অধিকার। গুরুর নিদেশ নাহি করে অজীকার 🛭 আপনার বাক্য সভ্য করিবার ভরে। শ্রীবামনে তিনপদ-ভূমি দান করে ৷ সেই ফলে বিষ্ণু কিবা দারপালে ভার। শত্য বন্ধ না মিলে অসত্য হৈতে কার॥ না করিলা মোর গুবে বাণের রক্ষণ। কেবল সে প্রেছাদের সম্বর্গক্ষণ ॥ কি আর মহাব্যা তাঁর কহিব বিশ্বরি। প্রিষ্**দর্খী লক্ষ্মীর আছেন এথা গৌরী** ॥ লক্ষী হৈতে প্রভাদের শুনিলে মহিমা। হইবেক তাঁমার সে ক্রোধের অসীমা। অতএব সংক্ষেপেতে হইল কথিত। প্রহাদের মাহাত্ম্য পরম স্রনিশ্চিত # গৰ্ভস্ব ছিলেন যবে প্ৰহ্লাদ, তথন। তব উপদেশে ভক্তি করিলা গ্রহণ ॥ তথাপি তাঁহার সহ হৈলে তব সঙ্গ। অত্যন্ত পাইবে সুখ-প্রকৃত্নিত অন্ত 🛚 অতএৰ স্থতলেতে করিয়া গমন। প্রাদেরে আশীর্কাদে করিবে বর্ত্তন ॥ আপনি প্রথমে তাঁরে করি আলিজন। আগিকন আমার কহিবে ততঃকণ্ **এমত সক্ষ**নে কেন না কর প্রণতি। এই আশ্বায় কহিছেন গৌরীপতি--ध्येश्रम रायम (अंडे मक्डन-व्यव्धः) আমাদের প্রণাম-স্তবন নাতি সতে 🛭

এবিহন্তাগবতামূত

এহেতৃ অসাবধান না হবে কথন। তাঁর সহ যদি কর স্থপ-ইচ্ছা মন॥ তোমার প্রণাম-স্তবে মনে গ্রঃব হবে। আগাপ-দর্শনে স্থুধ নাহি পাবে তবে। শ্রীল সনাতনগোস্বামীর পদে আশ। চাহে ভক্তিং শ্রীজয়গোবিন্দ বমুদাস।

ইতি শ্রীভাগবতামুতে ভগবৎকুপাভর নির্দ্ধারখণ্ডে প্রপঞ্চাতীতো নাম তৃতীয়োহধ্যায়ঃ॥

eğa Mallâ

চতুর্বে স্বদ্য মাহান্ত্র্যমান্দিপ্যোক্তঃ হনুমণ্ড। প্রস্থাদন ধ্বা ভবং পাশুবানাং হনুমতা ॥ *॥

এই সব বুজান্ত শ্রীশিবমূখে শুনি। প্রহাদ-দর্শনে হৈলা সকৌতুক মূলি। মন-ক্লপ-লাহকেতে করি আরোহণ। অতিশান্ত্র স্কুতলেতে করিলা গমন॥ ধাৰমান আভাৱিক-বাগ্ৰয়ক্ত মন। অমুরের পুরে দ্বৈলী প্রবিষ্ট তথন। ছরিপাদপদ্ম-খ্যানে প্রেমাসক্ত-মন। **ত্রীবৈষ্ণবৰ্গণভাষ্ঠ প্রস্থাদ স্ক্রন।**। ধ্যানেতে দেখিয়া শ্রীনারদ-আগমন। দুরে হৈতে উঠিয়া করিলা প্রাণমন । অতিযতে বসাইয়া কার্টের আসনে। পূর্ব্বযত নানাবিধ করিলা পূজনে 🛭 সেই পূজা পরিহরি সংভ্রম-অন্তরে। তুনরনে অশ্রধারা বর্ষে হর্ষভরে॥ व्यानिकन पित्रा প্রতাদেরে মুনিবর। कहिएल नाभिन किছ श्रीहारन मचत-। কৃষ্ণকৃপাসমূহের পাত্র সে আপনি। দেখিলাম বহুদিন-অন্তরে এখনি। প্রয়াগ-অবধি যত স্ত্রমণের প্রম। **এ**তদিনে সফল হইল অমুক্রম । ৰাল্য হৈতে বিশুদ্ধা শ্ৰীকৃষ্ণভক্তি যাব। জন্মিল, --নাছিল পুধ কুত্রাপি প্রচার। তৰ পিতা বহু কৈল মারণ-উপায়। উপত্রপবিশ্বরূপ দারুণ, তাহায় 🛭 কিছুই তোসার নাহি করিবারে পারে। বৈশ্বভাৱে বিশ্ব নাহি কোণাকারে। তৰ ভক্তি প্ৰভাবেতে বত দৈতাগণ। হৈল ভাগবভ--করি দর্শন-পর্শন।

রঞ্জেতে আবিষ্ট—উন্মন্তের তুলা কণে। করি দুভা গীত কম্প হাস্ম সে রোদনে 🛭 জন্ম-মরণাদি একবিংশতিপ্রকারে। जानगञ्च-উक्त एवं इ:२ **७ मः**गाद्य ॥ সেই সৰ হৈছে লোকে করিয়া উদ্ধার। ভক্তি বিন্তারিয়া দিল হর্য স্বাকার। ৰুনিংহরপেতে ক্লফ নমুদ্রের তীরে। আবিভূপ্ত হইয়া তোমারে ক্রোড়ে করে 🛭 মাতার সমান স্নেহ করি তোমা'পর। করিলেন নানাবিধ লালন বিশুর। ব্ৰহ্মা-শিব-আদি করিলেন বহু তাব। কোপ সম্বরণ তরু না হৈল সম্ভব # শন্ধী তব করিলেন অনেকপ্রকার। তাঁর প্রতি নাহি হ'লে আদর-প্রচার 🛭 বন্ধার প্রার্থনে তুমি পাদপল্মমূলে। পতিত হইলা,—স্বরং প্রাত্ত তোমা তুলে 🕽 হস্তপদ্ম ভোমার মন্তকোপরি ধরি। চাটিতে লাগিল অৰ কুপান ৰুহবি # अभाषित धार्वनीम मुक्किशव बादम। অত্যন্ত আগ্রহে হার লাগিলা দিবারে 🛚 তথাপি তাহারে তুমি হেলে ভ্যাগ করি। হরিতজ্ঞি অন্মেজনে বর নিলা বরি ৷ শীরসিংহত্তবে তুমি করিলা কামনা--। তত্তি-প্ৰবৰ্তনে উদ্বাহিনে অগজনা। তাহ দেখি প্ৰাভূপীতি—লৈত্ব প্ৰয়ালা : স্বীকার করিয়া বিষ্ণুধ্যান-পরকার্য। अक्षिन कृषि पिथियादा मात्रावधे। देनिविवादाबाट यात कतिका श्रम ।

ेखवात्र पिथिमा अक रामक्रभ नत्र। ভিপশ্মির ষেশ—কিন্ত হন্তে ধহুঃপর। ু বিক্লব-আচার-বেশ দেখিয়া তাঁহার। ি আনিলা আপনে তাহে দান্তিক-আকার 🏻 ্**'অবশ্র জিনিব' বলি প্রতিজ্ঞা করিয়া। গ্রহায়ত্ব ভাঁর সহ** করিলা যাইরা॥ **জিনিতে অশস্ত**ে হৈয়া প্রাতে একদিন। **প্রজিলা নিজেই**দেব—ভক্তিতে প্রবীণ। हिट्टेर यह याजा देकला नमर्भेष । **বিজ্ঞান্তা-বক্ষঃস্থলে** করিয়া দর্শন ॥ সাকাৎ শ্রীনারায়ণ-জ্ঞান করি তাঁরে। ু সম্ভোষিলা তাৰ করি বিবিধ-প্রকারে॥ ি**ছৰে ভগবান কবি শ্ৰী**হস্তম্পৰ্শন। ুৰুর করিলেন তব যত প্রমগণ॥ ক্ষিণেন—তোমা হৈতে আমি পরাঞ্চিতা **বাদনপুরাণে ই**হা আছমে কণিত॥ ্ৰেইমন্ত শ্ৰীনারণ অনেক কহিলা। ছবিভক্তিরসার্ণৰে নিমগ্ন হইলা॥ ছবির প্রির সেবক হর্ষে নৃত্য করে। **জিনিত্ব জিনিত্ব** মোরা' কহে^১উচ্চৈ:স্বরে ॥ হে বৈশ্ববশ্ৰেষ্ট। তুমি জিনিলা কি কব। জিনিল ঐমৃত্বদেরে বলি—পৌত্র তব। **ভোষার প্রসাদে ধলি আপনার দারে।** ্বাধিল মুকুনের সদা নিজভক্তিবারে॥ क्षापित भाग যেই আছে আমা'পর—। ্ব**্রাকন্থলে বাস নাহি হবে নিরস্ত**র'॥ হৈছে শালে পরাভব করি, অভাবধি। ব্দিছভালে নিবাস করিব নিরবধি॥ প্ৰভাৰ আপন প্লাঘা ন। পারি সহিতে। প্ৰিবনত-বদন হইলা লক্ষাবিতে। প্রৌর্থ-ছেত্তক করি নারদে প্রণাম। আল্পেরে কহিতে দাগিলা গুণধান – ॥ 🐞 হৈ খবো ভগবান্। নিবেদি কি আর। শ্বাপনি দেখুন সর্ব্ব করিয়া বিচার॥ খালাকালে ব্যক্ত জান না হয় সম্ভব। 🐙 🗷 🗗 জি প্রকারে হইবে প্রভব 🖁 ॥ नापू-अन-उभापन हरेटन विशान। ভূ**র্বার্গফলে হয় অনাদর-জ্ঞান**। ক্তি-ভক্তগণের স্থাহাত্মাবিশেষ। **বিজ্ঞানলকণ** যার জন্মরে অপেব। **চাঁছার যে বিশ্ব হৈতে নাহি পরা**ত্র। **ক্ষানিভগণে বে**ৰা উপদেশ সৰ ।

সাধুগণ-মত---কৃত্যগীত সদাচার। আর্দ্রসকলের প্রতি দয়ার প্রচার॥ याष्ट्रिय व्यनकीकात्रः लोक मरकावन । *লোকসবপ্রতি ক্বফ্*ভক্তিপ্রবর্তন॥ এই সব হয়িভক্তিপ্রবর্ত্ত-জনার। যাহাত্ম্যস্কুচক নাহি হয় পুন তার॥ অমুগ্রহ খ্রীক্ষের-পূর্বোক্ত ক্ষণে। না করেন অতুমান যত সাধুক্তনে॥ বিষ্ণুসেবাসম্পত্তিসমূহযুক্ত নাথ।। সেই রুফ্ট্রপা হয় সেংকের সাথ। হনুমান্-মত কোন সেবা নাহি করি। বিদ্বাকুলচিতে মাত্র শরণ আচরি॥ गर्व्यक्तिम्रगन-गरश मूथा इम--'मन'। তাহার অর্পণ ক্রম্মে কহিয়ে—'সরণ'॥ ভ**ङ**शन-मस्था (≝६—प.त्रन (य करत्र। এ আশহা উঠাইয়ে, করেন উত্তরে—॥ **লয়**-বি**ক্ষে**পাদি-বিদ্নে ব্যাকু:লত মন। বিদ্বাকুলচিত্তে নাহি হয় ত স্মরণ ॥ 'শ্মরণ চিত্তের ধর্ম,—বিদ্বাকুল চিত্ত। একেতু 'শারণ' মুখ্য নাহি হয় উক্ত। প্রশংসা করিছ-কৃষ্ণ-লালন আমারে। মায়াবাদী বেদান্তী—'মামিক' কছে তারে ॥ ভক্তিমার্গরত কহে—দীলার চরিত। অতএৰ নহে সেই হ্নপা ত নিশ্চিত॥ হরির সহজ যেই বাৎসল্যের ভাব। সেই লালনাদি হয় তাহার স্বভাব ॥ কহিতেছ আপনারা তত্ত্বাভিজ্ঞজন। কিন্তু আমি স্বপ্নতুল্য করিয়ে মানন ॥ যম্মপিও সভ্য সেই হয় ত লালন। কণকাল-হেতু নহে কৰুণালকণ 🛭 প্রভুর প্রসাদ-ভক্তে চিত্রা-দেবা-দান। নহে **লাল**নাদি,—ইহা সাধুর ব্যাথান ॥ হনুমান্-প্রভৃতিকে যেন সেবাদান। করিলেন, তেন নহে কুন্তাপি বিধান। हित्रगुकिनिश्रवध-व्यापि जीना गव। শ্ৰীনুসিংহদেব যাহা করিলা প্রভব॥ আমা প্রতি অনুগ্রহ না হৈল বিদিত। সে লীলার হেতু কহি, শুনহ নিশ্চিড— নিজভক্ত-দেৰগণে করিতে রক্ষণ। चात खन्न-विखन्न-शार्वप-विद्याहन ॥ ব্ৰদা সনকাদির করিতে সত্য কথা। দেখাইতে নিজভজি-মাহান্য সর্বাধা।

चवडीर्व हरेबा नुनिश्ह खगवान्। कत्रिना विविध नौना-वृत्यह व्याधान । পরমাকিঞ্নশ্রেষ্ঠ যবে ভগবান্। আমা প্রতি রাজ্য-অধিকার কৈলা দান 🛊 ক্লানিলাম তথন নিশ্চর আযি সার--। কুপালেশ মোর প্রতি নাহিক তাঁহার॥ যার প্রতি অমুগ্রহ করে নারায়ণ। আলে-অলে তার ধন করেন হরণ। এ দ্ব প্রমাণ দেখ আছে ভাগবতে। অভএৰ যোৱে ক্লপা নাহি কোনমতে॥ দেখহ আমার রাজ্যসম্বরকারণ। বন্ধ-ভূত্য-আদি-সহ সহ সর্বহণ। সে লাগিয়া গেল মার দরেতে ভজন। ধিক-ধিক্ আমারে—যে না করি রোদন : **অক্তপা অধ্রক্তাতিস্বভাবে আমা**র। বদরিকাশ্রমে রণ প্রাভূ-সহকার॥ হইত কি, ইহাতেই বুঝ অহুভবে। হরি-ক্রপালেশ নাহি আমাতে সম্ভবে॥ বিনা ভক্তি আহাতত্ত-উপদেশময়-। তৃপাত্তিতাপূর্ণ-দেহ স্মুদ্রর-সঞ্চয়। তাহাদের সক্ষতেতু নী কৈল গমন। ভক্তিরসহীন-শুষ্কজ্ঞানাংশ এখন॥ এই হেতু ভদ্ধভক্তি খামাতে কোণায়। যাহা হৈতে প্রভুর করুণা ব্যক্ত পায়॥ যার বংশোদ্ধর বাণ—অনেক দৌরায়্য। করিল, তাহাতে কোপা ভক্তির মাহান্যা॥ বলির নিরোধ হেতু হরি দ্বারে তার। পাকেন, নহে ত তাহা কুপার বিস্তার॥ এখন কোথায় তিই—না জানি সন্ধান। কদাচিত ভাগ্যে দেখা দেন ভগবান ॥ विन किनिवाद्य यद चाहेन वावन । প্ৰাঙ্গুড়ে তগবান্ কৈলা উচ্চাটন ॥ বলির রক্ষার হেতু তাহা কুপা নয়। দ্বারপালনের গতিকেতে তাহা হয়। কুশস্থলী-রক্ষক কুশাদি দৈত্যগণ। দিলেক অনেক তঃখ করি তুষ্টপন। তাহাতে খেদিত হইলা ছুৰ্বানা বিশেষ। আপনি নারদ তারে দিল উপদেশ—॥ সংপ্রতি মৃতলে বলি-ছারে ভগবান্। 🕮 ব্ৰহ্মণাদেৰ হবি আছে বৰ্ত্তমান। দর্শন পাইবে শীন্ত করহ প্রস্থানে। हैर्प देश्य पूर्वामाय विश्वाम-विशास ॥

সেইহেড় ছুর্বাসা আসিরা বলিয়ারে। পাইল শ্রীগদাধর পদে দেখিবারে 🛭 ভগবৎপ্রাপ্তির ইচ্ছা—উৎকণ্ঠাসহিত। যেই স্থলে যে জনের হয় প্রকাশিত 🛭 সেই স্থলে সেই জন পায় ভ দৰ্শন। অস্তথা কোথায় বাস নছে কোন্ ব্ৰুণ 🖇 প্রকটরপেতে বারে যদি সর্বক্ষণ। নিবাস করেন এথা প্রাক্ত নারায়ণ 🛭 তবে কি শ্রীপীতাম্বরে করিতে ধর্শন। আমিছ নৈমিবারণে। করিয়ে গমন ॥ আপনার প্রসাদে সে সকল বিদিত। আমারে শ্রীহরিত্বপা যে হৈল নিশ্চিত। নৰ ভক্তগণে যেই হরিক্বপাভর। তাহা হৈতে আমা প্রতি ক্বপা অল্লন্তর॥ নিহেতৃক কর্নপায় এবীভূত-মন।। আপনি উদ্দেশ দিলা দয়ার কারণ 🛚 যতেক আমার আছে অসৌভাগাপণ। বিস্তারিয়া কি করিব তার নিরূপণ 🛭 যত্তপি কিঞ্চিৎ কহি করি অমুভব। স্মানিষ্য-বাৎসদ্য-হেতু হবে ছঃথ ভষ॥ किःभूक्षगर्य (य चार्डिन इनुमान्। তার প্রতি হরিত্বপা দেখ বিভয়ান॥ ওছে ভগবান খবো। কর অবধান। আমার পিতার বধ করিতে নিদান॥ শ্ৰীনৃসিত্দেৰ প্ৰাভু কৈলা অবভাৱ। কাৰা সমাপিয়া অন্তৰ্দান হৈল ঠার ৷ অভিলাষ ভরি না পাইল দেখিবারে। সেইমত স্বপ্নতুষ্য সমূদ্রের ধারে॥ মহাভাগ্য হনুমান্—দেবাস্থ তার। অনেক সহস্রবর্ষ নির্বিদ্বপ্রকার u করিলেন অমুভব প্রম-আনন্দে। শ্রীরামচন্দ্রের থাকি সমীপে স্বচ্ছ*ন্দে* ॥ বালে। অভিবলী জন্মধাত্র হনুমান । উদয়কালেতে হুখ্য দেখি বিশ্বমান 🛭 রক্তবর্গ-পঙ্কতাল-জ্ঞানে খাইবাবে। এক্ষ দিয়া উপরে গেলেন ধরিবারে। স্থ্যরক্ষাহেতু ইন্তর বজের প্রহার। মারিলা হনুতে, মুদ্র্যা হইল তাঁহার। পড়িলেন ভূমিতলে,—এমত দেখিয়া। বায়ুদেৰ পুশ্ৰশোকে পীড়িত হইয়া॥ जिलाटकत राह् गर निर्दाध कतिया। ভাহে ত্রিলোকের লোক প্রাণেতে পীড়িনা।

अरङक (मिश्रेष्ठा असा-चामि (प्रवर्गन । আসি হনুমানে স্থান্থ করিলা তথন 🛭 षदायुष्टाविश्रीष्ठ वद देवना मान। व्रश्चि-व्याय-खात्र औन श्तूमान् । ব্ৰহ্মচৰ্য্যনিষ্ঠ সৰ্ব শাস্ত্ৰ-তত্ত্বজাতা। মহাকৰি মহাবীর মহাযুদ্ধদাতা। मान-शर्भ-युद्ध'পরে বীরত্বকারক। শ্রীরনুপতির অসাধারণ সেবক॥ প্রাক্তর আজ্ঞায় সীতা-উদ্দেশ-কারণ। হেলার লজিলা সিন্ধু শতেক-যোজন। রাবণপুরেতে সীতা স্বত্বঃথিত-মন। প্ৰননন্দন তাঁরে কৈলা আশ্বাসন ! বৈরি-রাবণাদি-রাক্ষসের সম্ভর্জ ক। লমাদাহকারী আর হুর্গপ্রভঞ্ক ॥ লইয়াসী তার বার্দ্ধা শ্রীরামে কহিলা। তাহে গাঢ় আদিখন প্রভুর পাইলা॥ কিছিদ্ধ। হইতে সিদ্ধতীর-আগমনে। পুঠ্ঠে করি রামচন্দ্রে করিল বহনে॥ ত্র্বোর আতপ পুচ্ছে কৈল আচ্ছাদন। শেত-ছত্ৰ-মত অতি হইল শোভন I ' মহাপুষ্ঠ স্থ্ৰথমন্ত্ৰ আগন-সমান। অগ্ৰগামী সেতৃবন্ধক্ৰিয়া-বিভয়ান॥ त्रभूनाथभाषभाष्य चानि विजीयत। মিলাইলা বৰিয়া তাঁহার গুণগণে ! রাক্ষসগণের বল-বিনাশকারক। यत्व युष्कत्रवनीरण हरेन दःभक ॥ রাবণের অমোঘ শুলেতে প্রীলক্ষণ। ব্ৰহ্মৰাক্য-সভ্য-লাগি হইলা মোহন॥ ত্মবেণ-বৈভ্যের বাক্যে শ্বয়ং হনুমান। ছয়মাসের পথ সে করিলা প্রস্তান ! গিয়া গন্ধনাদনে---গন্ধৰ্কে করি জয়। মারিলেন কালনেমি রাক্স হর্জয়। উপাড়িয়া পর্বতে আনিলা শিরে করি। বিশল্যকরণী হৈল প্রাপ্ত ভার'পরি 🛚 ভাহাতে পাইলা প্রাণ ঠাকুর লক্ষণ। নিজস্থানে গিরি পুন করিলা স্থাপন। হর্ষদাতা রামচন্দ্র-লক্ষণ-সহিত। ইম্রজিতবধে হৈলা বাহন শে.ভিত। मन्त्रवरहरदं क्षेत्र देवना मन्त्रापन। মহাবৃদ্ধি-পরা হ্রম সৎকীতিবর্জন 🛭 ইস্লজিভ-গাৰণাদি অতি ৰলবান। ভাছাদের বধে কৈলা মন্ত্রণাপ্রদান 🛚

রাবণবিনাশকারি-শ্রীরখুনাথের।~ বাচাইলা সাধুকীভি মধ্যে-ত্রিলোকের। त्राविश्वरश्य कथा कहिया शिखाता। वान्टिनन श्रीदारमद निकटि छोहारत । ভাহাতে শ্ৰীগীভাবেবী[বভাৰ হবিতা। হইলেন হনুমান্-উপরে নিশ্চিতা। অযোধ্যায় রামচন্দ্র হইলে ভূপতি। পাইলেন প্রসন্ধতা সমূহ সুমতি ॥ জানকী দিলেন আপনার কণ্ঠহার। নিশ্চলা বিশ্বছভক্তি পাইলেন আর ! আপন প্রভুর আজা করিয়া গ্রহণ I কিংপুরুববর্ষে করিলেন নির্স্ন ॥ প্রভুর বিরহ নাহি পারে সহিবারে। তথাপি প্রভুর হাজ্ঞার রহে তথাকারে 🛭 আষ্টি সেন-আদি কিংপুরুষাচার্য্য যত। রামচন্ত্র-গুণ-লীলা গায় অবিরত 🛚 তাহাদের মুখে তনি স্বয়ং করি গান। ধারণ কবেন অতি কষ্টে নিজ্ঞাণ । শ্রারামচন্ত্রের মৃত্তি আছে সেই স্থান। শতত করেন তাঁর শেবার বিধান। পূৰ্কমত আছেন নিকটে শোভমান। প্রসিদ্ধ আছম্বে যার দাস্তে হনুমান্।

তথাছি--

ব্রীবিফো: শ্রবণে পরীক্ষিণভবদবৈয়াসকি: কীর্তনে, প্রার্থা: মরণে তদন্সি ভব্ধনে দক্ষী: পৃথ; পূক্কনে। অকুরস্থভিবদ্দনে কপিপতিদ্যান্তেথ সংখ্যেভক্ষন:, সর্বসাম্বনিবেদনে বলিরভূদ্ভন্তি: কথং বর্ণাতে । । ।

ইহাতে প্রসিদ্ধ ধার আছরে মহিনা।
অতএব দেখ তাঁরে কৃষ্ণকুপাসীমা।
আপন প্রয়ত্ব বিনা লক্ত-মুক্তি-আশ।
না করিলা বিনা বিক্ষান্ত-অভিলাব।
ভক্তিময়-দেহ—পরিপূর্ব গুণগ্রাম।
সেই হন্মানে আমি করিছে প্রণাম।
আমা হৈতে অঃক্ত মাহান্ত্য বহুতর।
আনেন তাঁহার সে আপনি মুনিবর।।
অতএব কিংপুক্তবে করিলা গমন।
আমাদ পাইবে তাঁরে করিলে দর্শন।।

এত তনি 'বহো তন্ত বহো তন্ত্ৰ' বলি। আসন হইতে মুনি আল্যো উৰ্ভ্ননী ঃ আকাশনাৰ্গেতে তবে করিলা গমন। উপস্থিত কিংপুক্ষবাৰ্গেতে তথন। বেশিকেন ইনুমানে প্রীরাম-চরপে।
সাক্ষাৎ প্রভূবে জানি করেন অর্চনে— ।
বরুবন্ধ বিচিত্রেতে,—হাড়ি মৃষ্টিজান।
বরং ভগবান এই হন বিভয়ান।
সন্ধর্মাদি গার রসারন রামারণ।
তনি পুলকাশ্র-কম্প সর্বাঙ্গবাগন।
দিব্য হৈতে দিব্য গত্ত-পদ্ম ম্বনিমত।
আর বেদ-পুরাণাদিবতী করি গীত।
করেন তবন হর্ষে দুওবং প্রণতি।
পেশিরা নারদ উচ্চে কহে হাইমতি— ॥
জয় রত্বনাথ জয় প্রীজানকীকার।
জয় প্রীলম্বণাগ্রন জয় মৃষ্টি শান্ত।

নিজ-ইউবেৰ-স্থামি-শ্রীনামকীর্ত্তন ।
তানি হনুমান্ হৈলা হর্ষযুক্ত-মন ॥
লাক্ষণতি দিয়া আসি গগনে তথন ।
কঠে ধরি নারদেরে দিলা আলিকন ॥
আকানে পাকিয়া হর্ষে করেন নর্ত্তন ।
কপীশের প্রেমাশ্রমার সন্মার্ত্তন ॥
করিয়া, প্রীরামচন্ত্রপ্রেমে পরিপূর্ণ ।
উচ্চে:স্বরে শ্রীনারদ কহে কিছু তুর্গ—
ওহে হনুমান্ ! সঙ্কুর্গ হুলুস বিদিত ।
হরির পরম প্রিয় তুমিহ নিশ্চিত ॥
অভ্যামি হইগাম হরিপ্রিয়লন ।
করিলাম যেহেতুক তোমাকে দর্শন ॥

करन खुष देशा त्रचुनीत्रद र व्यनाम । আনিলেন করিতে মুনিরে নিজ-ধাম ॥ করিলা প্রণাম তত্ত্ব শ্রীরামচরণে। হনুমান্ যত্নে তাঁরে বসাল্যা আগনে 🛚 কম্প-বেদ-পুদকাশ্র-গ্রন্থনে বিস্তার। প্রেমজ-সম্পত্তি ব্যক্ত শ্রীরে তাঁহার॥ কেবল হন্তেভে বীণা আছে মাত্র তার। বাৰাইতে অপঞ্চ, কহেন কিছু আর—। সত্যস্ত্য নিশ্চিত আপনি হনুমান্ ! হরিকুপাসমূহের নিক্রপম স্থান ॥ ব্দহো ৰহাপ্ৰভূগ হৰেন নিরস্তর। ৰিই চিত্ৰ-ভলনের অমৃত্যাগর ॥ দান স্থা বাহন আসন ধ্ৰম ছত্ৰ। বিভান ব্যক্তন স্ব ভিকারী মন্ত্রী ভত্ত। চিকিৎসক যোদ্ধাপতি উত্ত**ৰ সহা**ৰ্য। মহাকীর্ত্তিগণ বিষর্জন হন তাম। বাষচন্দ্রপথে সমর্পিত-আয়-বন। পরব্যাসাদস্থাক মহাশর হন ॥

প্রভূর সংকীর্ষিকথা-পরব-জীবন।
সবজ্ঞসংশের আনন্দ-বিবর্ধন ।
সক্ডাদি হইতে পরম শ্রেষ্ঠতর।
অহো আপনি বিশুদ্ধ ভক্তিমান্ পর ॥
চতুর্বর্গ-আদি করি প্রথ যত আনি।
সেবাস্থ হইতে অন্ত অধিক না মানি ।
তক্তবপপ্রমোদিনী কথা মহন্তরে।
কহিলা প্রীরামচন্তে উদারশেধরে ॥

তথাছি-

ভববৰ্জিন তেতৈ স্পৃহয়মি ন মুক্তরে।
ভবান্ প্রভুবহং দাস ইতি বর বিলুপ্যতে। •।
ভববন্ধকেন্দকারি-মুক্তির নিমিতে।
কদাপিহ আমি ইচ্ছা নাহি করি চিতে।
বৈ স্কিপ্রসংক লোপ হয় ত সর্বাধা।
যে মৃক্তিপ্রসংক লোপ হয় ত সর্বাধা।

তবে হনুষানু প্রানুপাদপ**কজের** ! कक्षणाविद्यमञ्जल-अवन-कार्छत्र॥ প্রজ্ঞলিত প্রতুপাদবিরহ-আনলে। সম্বপ্ত শোকেতে আন্ত কান্দেন বিকলে। করিলেন শান্ত মুনি কহি নানামতি। পরে কিছু কহিতে লাগিলা কপিপতি—া রামচন্দ্র পাদপদ্ম হৈতে আমি হীন। অতএব দেখ আমা সম নাহি দীন 🏾 করাইয়া নিঠুরতা তাঁহার স্বরণ। মুনিশ্রেট! কেন মোরে করাছ রোদন 🛭 যত্তপি হইৰ আমি সেৰক তাঁহার। তবে ইপে করিবেন কেন পরিহার । সুগ্রীব-অঙ্গদ-আদি নিজ্ঞ শ্রিষজন। অধোধাবিনিরে লৈলা পার্যেতে আপন 🛚 পরিত্যাগ আমাবে করিলা গীতাপতি। ইহাতে হুৰ্ভাগ্য শোর কর অবগতি॥ त्मबा-त्मो जात्म। व्यक्त त्य क्षा व्यामात्म । বিশ্ব আপনারা অসুমান কর বাতে। ইবে অবতীর্ণ প্রভু মধুরানগরে। व्यक्तिमा मिरेक्चबा-विञ्द्यत बद्ध ॥ মহা হা ত্রীবৃধিষ্টির-আদি পাওুগণে। করিলেন অমুগ্রহ 🔊 প্রস্থার ধ্রমনে 🛚 ভার এক অংশ সহ তুলনা না হয়। আৰা প্ৰতি অমুগ্ৰহ—তন মহানৰ।॥ . ন্থৰপের-মহালিবি-ম্বমে**ক্-**সহিত। না হয় মৃত্তিকাৰণ-তুলনা নিশ্চিত 🛭

ৰাল্যকাল হইতে সে পাগুবের গণে। · विवर्षानाषि चालप कतिया (श्रवरण ॥ বৈৰ্ধা ধৰ্ম যশোজ্ঞান ভক্তি সপ্ৰাণয়। **(एथारेना गक्टनट**त्र क्षेत्र् महासम्र 🌓 ন হবা পাগুৰগণে বিপদ কোথায়। ষাহাদের শ্রীগোবিন্দ সতত সহায় 🛭 সারথ। সভভ-পার্যবর্তিত্ব সে আর। রাজস্বপ্রভৃতিতে সেবন-প্রকার॥ মম্বাপ্রদান আর দূরত্বরণ। রাত্রে বীরাসনে খড়গহন্তে জাগরণ ॥ পশ্চাতে গমন আর স্বতি-প্রণমন। আপনি করিলা যাহাদিগে নারায়ণ ॥ হইরা স্নেহেতে প্রভু সকাতর-মন। ভাহাদের কিবা নাহি করে আচরণ॥ সেবা সধা প্রিরছ—মিশ্রিত পরস্পর। নাহি দীপ্তি পায় এক-বিনা অঞ্জতর । খাহাদের প্রতি কুপা করি নিরস্তরে। নিবাস করেন প্রভু হন্তিদানগরে ॥ তাহে হৈল মহর্ষিগণের তপোৰন। কিবা তপস্থার ফলদাতা সে ভূবন 🛭

কণীশের উক্ত তবে শ্রীনারদমূনি। **ক্বফপ্রিরত**মের মাহাত্ম।কথা শুনি ॥ কৃষ্ণাদপ্তত্তে লাল্য গুরুতর। সতত বারকাবাসে রসিক অন্তর 🛚 কথা-মধ্যেমধ্যে উঠিউঠি বারবার। অত্যন্ত করিলা সূত্য সহিত হুকার॥ হন্যান্ পাওবমাহাত্ম।কথারসে। ছইলেন অতিশয় নিমগ্ন-মানদে। ৰাচিল মূনির মৃত্যে আনন্দবিশেষ। না নাচিয়া কহিগা প্রস্তুত কথা নেব—্য পাওবগণের বে আপদ সব হয়। স্থলেবিত মহন্তম তাহারা নিকর। েবে স্ব আপদ ক্লফে কারায়্য ত্যঞ্জন—। অন্ত কর্ম অশেষ-সম্ভান্ত করি মন। শীজতর আনি কৃষ্ণ করায় মিলন। ভাহাদের সম্পদ কে করিবে বর্ণন ?।

ক্ৰান্পরশ-আনলাবেশ-ননে।
পাজেবে সাকাৎ জানি করে স্থোধনে—॥
আরে প্রেমপরাধীন পাত্তবকুমার।।
ইই কৃষ্ণ জগদীশ—না করি বিচার।
সাধুর আচার গড়ি প্রভূবে আমার।
দিয়োজন করি বিচার।

প্রেলবিবশেতে ছাড়ি বিচার-আচার। কত্বন পাঞ্চৰগণ ছেন ব্যবহার॥ ভগবান কেন তাহা করেন স্বীকার ?। এই আশ্বাধ কহে উত্তর তাহার—৷ ওহে পাণ্ডব। তোমরা জানহ নিশ্চিত। মহামন্ত্ৰ কিবা মহৌধধি লোকাভীত॥ পরমমোহন-ক্লফ-বিমোহনকা ী। তাহাতেই বশীভূত হৈলা গদাধারী॥ এত কহি হনুমান্ মুনিসহকারে। लफ नियानिश नांठि कटर वाद्यवादय—। অহো ভক্তগণচিত্তাকৰ্ষক-চেষ্টিত।। মহাপ্রভাে ৽ক্তত্মেহ-সমূহ-নিজিত। 🛭 गांत्रथानि कर्य-खरे कर्खना ना हता। তাহাও করহ তুমি প্রভু মহাশয় ! ! পাণ্ডৰমধে তে যারা কুম্বীগভাজাতা। তাহার মধ্যম ভীম—হয় মম ভ্রান্তা 🛭 रायरा कनिष्ठे, किन्ह (अष्ठ अनवान्। তাহার সম্বন্ধে আমি অতি ভাগাবান ॥ করিলেন মহাপ্রভু অর্জুনের প্রতি। ভগিনীদানাদিসখো অনুগ্ৰহ অভি॥ তাঁহার রথের ধ্বন্ধ—প্রিয়তম ভার। আমার সমান যার হয় ত আকার 🎚 প্রিয়তম প্রভুর যে সব ভক্তগণ। তাঁহারা প্রসন্ন নাহি হন যভক্ষণ। দাক্তসেবা কদাচন সিদ্ধ নাহি হয়। করণাও প্রভূর কদাপি না ফল্ম। ওহে ভাগবভশ্ৰেষ্ঠ প্ৰভুব্নিম্বভর !। মহিমা কহিব আমি কি আর বিস্তর॥ আমাদের তথাকারে গমন উচিত। দর্শন আশ্রয় শয়্যা হয় স্থবিহিত 🛭 অযোধাতে পূর্ব প্রভূ যেই সব দীলা। অতি গৃঢ় স্থরহন্ত নাহি প্রকাশিলা। সেই সৰ দীলাগণ অভ্যন্ত আন্তৰ্য্য। ৰিচিত্ৰ বাধুৰ্য। আর পরম ঐশব্য ॥ ত্ৰশ্ব-ক্ষদ্ৰ-আদি দেব ভৰ্কিন্তে না পাৱে। ভক্তসকলের ভক্তি হয় ত বিতারে॥ মথুরার অংশ **বা**রকাতে এইকণে ! করেন প্রকাশ প্রভূ আনন্দিতমনে 🖁 नात्रम करहन-कि कहिना-'व्ययाशाम' १ । বৈকুঠেও সেইসৰ দীলা নাহি ভার। অভএব উঠউঠ শীঘ্ৰ সেই স্থামে। ওহে সৰা ৷ ছুইজনে করিছে প্রয়াণে 🛭

ততঃপরে হনুমান থৈর্য্যের সাগর। **ক্ষণেক নিখাস ত্যঞ্জি কছেন উত্তর** 🛭 গমনে তাদৃশাকাজ্ঞ হইল হৃদয়ে। নারদের প্রেরণা ভাহাতে মৃত্ হয়ে। তথাপি আপন পাতিব্ৰত্যভঙ্গভৱে। না উঠিলা কলিপতি ধৈৰ্য্য-সমুচ্চয়ে॥ নারদের বাক্যে অনাদরে করি ভয়। **কণেক বিচা**রি মনে তখন কহয়— ▮ শ্রীমন্মহাপ্রভুর যে দর্শন-সেবন-। নিমিত্তে মোদের তথা উচিত গমন 🛭 কিন্তু মহা-কারুণ্য-মাধুরী-রুসভর I পুর্ব্ব হৈতে অধিক গছীর নিরম্বর ॥ विधित मीमात एकी भव्रम-(माहिनी। এইক্ষণে প্রকাশিত করিলেন তিনি 🛭 অতাত্ত অভিজ্ঞ যেই সব মনিচয়। তাঁহাদের যাতে হয় ভ্রম অতিশয়॥ অহো ব্রহ্মা—আপনাদিগের যিই তাত। লোকপিতামহ সৃষ্টিকণ্ঠা অমুত্রাত॥ বেদপ্রবর্ত্তকাচার্য্য যে-লীলা-দর্শনে। মুগ্ধ হইলেন বৎস-বালক-হরণে 🛭 অবৃদ্ধি বানর আমাদিঞ্জৈ কা কথা। ভাহার বুভান্ত তুমি জানহ স্কাণা॥ ষারকা'পরেতে প্রতি মহিষীর ঘরে। ভ্ৰমণ কৰিলে মোহ পাইয়া অন্তৱে ! তাঁরে দেখি যদি হয় মোহিত হৃদয়। অতএব করি অপরাধ হৈতে ভয়॥ অনক্সভাবক ষেই সব দাসগণ। তাঁদের পরমগতি—আপদে শরণ ৷ প্রভুর বিচিত্র লীলা করিলে দর্শন। প্রেমের সহিত ভক্তি করে বিবর্জন । যম্মপিছ নিরম্বর হয় ত প্রকারে। উপযুক্ত গমন আমার তথাকারে ॥ তথাপি শ্রীরঘুনাথ-সক্রপে ভাষার। দৈৰকীনন্দন বাচাইলা প্ৰীতিসার ৷ স্হজ্ব-অব্যাজ-কল্পণার মৃত্ব-মন। কৌটিল্যরহিতভাৰ-খভাৰাতুকণ । পুৰু,ভমদিগের আচারপ্রবর্তক। কিবা শ্রেষ্ঠ-ধর্শের হয়েন প্রদর্শক। একপদীব্রতধর সর্বদা বিনধে। সক্ষার বিনত শ্রীমন্মধপদ্ম হয়ে। অধোৰিলোকন—নাহি দৃষ্টি ইতন্তত। অপভয়ধন-শ্রীল-মৃক্ত প্রবিশ্বত।

অযোধ্যাপুরের পুরন:র ঋণভাজ। মহারাজাগণের হয়েন অধিরাজ # শ্রীজানকী-দন্মণ-কর্ত্তক নিষেবিত। ভরতের জোষ্ঠ: স্থগ্রীবের প্রিয়হিত 🛚 কপিগণেশর বিভীবণাঞ্জিত হন। रक्षवं निरुष्टि प्रभेत्र (धेत नम्पन **॥** কৌশল্যাকুমার-রামে শ্রীকৃষ্ণকুপায়। বাঢ়িল আমার প্রীতি-ভক্তি অতি তার॥ সেহেতু দৈৰকীনন্দনের এই ক্লপ। **শাক্ষাত জানিয়ে সীতাপতির স্বন্ধুপ 🛚** ভাঁছার চরিতামত সদা করি পান। নিবাস করিয়া আছি আমি এইস্থান। যৰে কোন প্ৰয়োজন কবি নিজচিতে i কি**ষা ম**হা-করুণায় সেবান্ত্রথ **দিতে**। কিছা আমা প্রতি স্নেহে-প্রাণাধিক মম। করাইতে দর্শন ত্রীরূপ প্রিয়তম ॥ করিবেন ঈশ্বর আমারে ত আহ্বান। তবে আমি গমন করিব সেই স্থান !

এই কথা নারদে কহিলা কপিপতি। ভাহার কারণ কিছু কর অবগতি-- I ইহাতে প্ৰসিদ্ধ এক আছে ইভিহাস—। একদিন ঘারকাতে ক্লফ্চ করি বাস 🛭 গন্ধডের অহন্বার করিতে ভঞ্জন। করাইতে নিজপদে একাজি দর্শন। ৰারকাতে গরুড়ে কহিলা ভগবান্—। ওনায়া। আমার আজ্ঞা---আন হনুমান ॥ কিংপুক্ষবৰৰ্ষে আসি গৰুড় তথন। বীর হনুমান প্রতি কহিলা বচন—॥ যাদবেজ করিছেন তোমারে প্রাহ্বান। স্থ্যেতে আগমন কর হনুমানু ! ! 🗬রামচরণপদ্মে তার ভক্ষিভর। প**ৰ**েঃর বাক্যে নাহি করিলা আদয়। ক্রোখেতে গরুড় বল করি ভতক্ষণ। কুম্পার্থে আনিবারে করিলা গ্রহণ 🛚 শাসুল-অগ্রেভে হনুমান ভবে ধরি। **ক্লোইয়া** দিলা গৰুডেয়ে হেলা করি ॥ বিহবল হইয়া পড়িলেন বারকায়। হাসি ভগবান তবে কহিলেন ভাষ--। **'রবুনাথ করিছেন ভোমারে আহ্বান।' बरे क्या** कि ख्या चान इनुमान् ॥ वदर कनवान् देशमा औत्राय-वद्यश क्लदारम कविरलन खीलक्षन-ब्रश ।

গীতা-ক্লপ হৈছে সভ্যতামা না পারিলা।
তাঁরে হাসি প্রীক্ষম্মিণীদেবীরে কহিলা।
তথন জানকী-ক্লপা ক্ষমিণী হইলা।
তাঁহারে আপন বামতাগে বসাইলা।
প্রকার গক্ষড় আসিরা হনুমানে।
কহিলা—প্রীরামচন্দ্র করেন আহবানে।
কতি তানি আনন্দেতে বিবশ হইরা।
দেখিলা প্রীরাম-ক্রপ বারকা আসিরা।
ভক্তিতে অনেক ত্তব করিলা সম্বর।
পাইলেন নিজাভীই বহুতর বর।

এই অভিপ্রায়ে কহিলেন হনুমান্—। ষাইব আমিহ কৃষ্ণ করিলে আহ্বান । তুমি অন্ত যাহ শীব্র পাণ্ডব-ভবনে। নরাঞ্জি পরং অন্ধ করহ দর্শনে । পাগুবগণের প্রভু স্বয়ং স্থপ্রসর। মুনি-চিত্ত-বাক্য-অগোচর উপপন্ন॥ সৌন্দর্য্য-মাধুর্য্য-যুক্ত মনোহরতর। वहिंविश भीनामधूतिमात्र व्याकतः। তাঁর বুহৰুতধর পাগুবের গণ। কুফাজায় গৃহস্থর্নেতে প্রবর্তন। সসাগরা পৃথিবীর রাজ্যকর্মাবৃত। জানিয়া না হবে তথা অপরাধ কৃত। তাহাদের ক্ষুপাদপদ্মের সেবায়। ইহপরকাপ কামে স্পৃহ। নাহি ভাষ॥ পর্যহংসগণের আচার্য্যস্কল। পূজা করে ৰাহাদের চরণকমল ॥ তাহালের জ্যেষ্ঠ—যুধিষ্ঠির মহাশয়। শ্রীক্রফপ্রিয়-হেতু সাম্রাজ্য করয়। ব্রাক্তস্থ-অশ্বমেধ-আদি যত্ত করি। ক্রফে সমর্পিয়া বন্ত বিবিধ আচরি।

সেই মহাপুণ।াজিত ছুল'ত দেবের। ব্ৰাজ্যসম্পত্তি—অধিক হয় বৰ্ণনের ॥ ত্রৈলোকাব্যাপক স্থনির্মণ যণ আর। व्यथन विषय एक्टनाक्ष्मीय गांव ॥ यश्रि विषय गर्वासायाध्य हव । কুষ্ণে সমর্পণ কৈলে—সে অমৃত্যয় : ক্লফের প্রসন্ন-হেতু প্রন্মিল বিবয়। ক্রফে সমর্পণ করিয়াছে মহাশম। সে-সব সম্পদ কোন প্রীতি জন্মাবারে। পাগুৰরাজের কদাচন নাহি পারে ॥ ক্ষুধারূপ-অগ্নিতে বিকল যেই জন। বস্ত্রাদিতে ভাগার নাহিক হয় মন ! তেন কৃষ্ণপ্রেমাগ্নিতে অতি দগ্ধনন। বস্ত্ৰ-মালা-চন্দৰ ৰা হয় সস্তোষণ ৮ অন্ত কিবা মহিবী শ্রীদ্রোপরী স্থলরী। ভাদৃণ প্রতির ভীমার্জ্ন-আদি করি। দেহসম্বন্ধেতে নহে প্রিয় কদাচন। হইলেও চত্র্বর্গফলের সাধন॥ कुष्भभावभाषा (श्रम-महक्क-कांत्रन) শ্রাতা-পত্নী-পুত্র-আদি তাঁর প্রিম্ব হন 🛭 জাতিতে বানর আমি—শুনহ নিশ্চিতে। তাঁহাদের মহিমা কি পারিব কহিতে॥ म ६छ वार्मान मृनि! ब्लातन विद्यत्र। তাহাদের মাহাত্ম্য অধিকাধিকতর ॥ শ্ৰীল-সনাতন-পদ ভাবি যত্নে মনে। **ह** जूर्व व्यथाय-गांथा देश ग्यांभरन ॥ 🗃 वाधारगाविन्मभामभरमा कति यन । खीक्यरगाविक मान ठाटह एखमधन।

ইতি শ্রী চাপবভাষুতে ভপবৎকুপাভর-নির্দ্ধারণণ্ডে ভজেন নাম চতুর্বোহধ্যারঃ॥

পঞ্চম অধ্যায়

পঞ্চৰ নিৰমাহাৰ্যঃ ৰুহ্যক্তং পাণ্ডবা হথা। নিৰক্ৰোচুৰ্বুনাং ভৱৰা ভেহপুছৰত তং । °।

ভভঃপরে শ্রীদারদ হর্বভরাকার। ধাইরা চলিলা সুভাসহিত নিতার। कुक्रालमभारतः वृशिष्ठेत-ब्राज्यशानी । व्यासम् कतिमा याद्या वृति वर्ष मानि ॥ সেইকালে বৃথিটির রাজা মহাশর। নিজ্ঞাতা-আদি সহ মুৰণা করম-। . কোন যাগ-ছলে কিয়া বিপদের ছলে ! রুষ্ণ আনাইয়া করি দর্শন সকলে 🛭 বহুদিন ক্লফের দর্শন নাহি পাই। ভীম কিমা অর্জুন—আনহ কৃষ্ণ যাই। এইকালে হারপাল জানাইল গিয়া—৷ উপনীত মহামুনি নাবদ আসিয়া। শুনি মাতা-দ্রাতা-পত্নী-সহিত ততক্ষণ। উঠিলেন মহাথাকা পাণ্ডুর নন্দন 🛭 সংভ্ৰম-সহিত অগ্ৰে ধাইয়া আইলা। প্রণমিয়া সমাদরে সভায় আনিলা। যত্ত্র করি উত্তম প্রীড়াতে বসাইলা। পূজার নিমিন্ত দ্রব্য সব আনাইলা॥ শীন্ত্র শীনারদ সেই সকল দ্রব্যেতে। পাওবগণের পূজা করিলা অগ্রেতে॥ হনুমানু কহিলেন যেই সব ভত্ত। পাগুবেরে ভ্রীক্রফের কুপার মহন্ত 🛭 মুহুমু হ বীণাবন্তে বিমৃত্তিত করি ॥ সঙ্গীর্তন করিলেন মধুর উচ্চবি—। নরলোকমধ্যেতে অনেক ভাগ্যবান। আপনারা হয়েন,—নাহিক ইথে আন। ব্দগতের ঈশ্বরগণের ত ঈশ্বর। দৈৰকীনন্দন যাহাদের প্রিয়বর ॥ দেব- अक्र-বন্ধুমধ্যে মাতৃলের আর। মৃত সূত্রৎ সারথী বনীভূত কথার। बन-क्फ़ानि-रनरवत्र न्याधि-छ्न छ। কিন্ত তোমাদের গ্রহে হয়েন স্থলত। বেদোক্তি-তৎপর্যোর যে সারাংশবিশেষ। ভাহার গোচর যেই হয়েন দেবেশ 🛭

শ্রীবৃসিংহ বামন শ্রীরামচন্ত্র আর।
যেই শ্রীকৃষ্ণের হন অংশেতে প্রচার।
মংক্ত-কূর্ম-আদি মন্ত বত অবতার।
প্রকট হয়েন অংশলেশেতে বাহার।
বৈতবস্বন্ধপ প্রকা-আদি দেবসার।
দাসীতুল্যা চক্ষুপথবর্ত্তী মারা যার।
মারাদেবী কৃষ্টি-ক্তি-প্রালম্বকারিনী।
অগত-মোহিনী—বার আদেশ-পালিনী।

কংসের পৌরান্যে ববে পৃথিবী পীড়িতা। ব্রহ্মার নিকটে গোলা গো-রূপা রোদিতা। ব্রহ্মা মহাদেব সহ করি দেবগণ। কীরোদসূদ্র মভীরে করিলা গবন। নানামত ব্রতের নিটার সে থাকিলা।
কিঞ্চিৎ প্রসাদ তথাপিত না পাইলা।
নানাবিধ গুব করি থানেতে রহিলা।
ব্রহ্মানাত্র বার আক্রা হৃদরে জানিলা।
প্রসিদ্ধ সে আক্রা ব্রহ্মা প্রকাশ করিলা।
বাতে স্থধ প্রাপ্ত সব দেবতা চ্ইলা।

গর্গ-আদি প্রাঞ্জবর অত্যন্ত নির্ব্ধনে। नामात्र निवाहे कतिरामन ध्यकांभान-॥ श्रीरेक्टर्ध्यंत्र क्षण् (एव नातावन । ইহার সহিত সম কোনমতে হন॥ নবের সমূহ 'নার'—ভাহাদের প্রতি। ভাৰতে কাফণ্যভর-ছাতেতে পশ্ৰতি। 🕿 🖚 - ক্রিয়া- শক্তিদানে করেন পালন। সংকর্মে প্রবর্ত করে—ইপে 'নারারণ'। ষড়ৈশ্ব্যপূৰ্ণ তিহঁ হয়েন স্থান। কিছ সর্বপ্রেকারেতে নহে তুল্যাখ্যান॥ নানা অবভাৱের শ্রীকৃষ্ণ অবভারী। "মহানারাম্বণ" বলি বেদেতে প্রচারি॥ ভাঁছার সমান অন্ত কেহ নাহি হন। **ষাবুর্য্য ঐ**শ্চর্য্য যার অতল্য-কথন ॥ ষধুপুরে 'দীর্ধবিষ্ণু'-নামেতে বিখ্যাত 🗕 । 'মহাহরি' 'মহাথিফু'—গুণ অবহাত।

আন্ধারামখরপথ মৌন, শাস্তি আর—।
মৃত্তি, নববিধা ভক্তি-আদি অতি সার ।
ইত্যাদি সাধন বারা প্রসন্নতা যার।
প্রার্থনা করিয়ে,—নাহি পাই এক্বার ॥
সেই প্রভু তোমাদের প্রতি সে আপনি।
ব্রীভূত প্রসন্ন হইসা বহুমণি॥

আভগ্য ভনহ—পূর্ব্ধে মৃত্তি-বিতরণে।
বোক-অধিকারি-মধ্যে কৈলা কোনজনে।
বোক্রয়েকে কালনেমি-দানবারে।
প্রীবৈকুঠেশন রূপে করিলা সংহারে।
হিরশ্যাকে শ্রীবরাহ, বৃসিংহাবভারে—।
হিরশ্যকিপ্-দৈভ্যে করিলা সংহারে।
ক্রত্যকিশিপ্-দৈভ্যে করিলা সংহারে।
ক্রারিলেন, মৃত্তি নাহি দিলেন কাহারে।
ভাহাদিগে এই-অবভারে মৃত্তি দিলা।
ভীত্রা আপন ভত্তি নাহি বিতরিলা।

গ্ৰহাদে কেবল জানমিশ্ৰাভক্তি-দান। ৰুসিংহৰতাৰে প্ৰাভূ কৰিলা বিধান। হুমান জাৰবান্ প্ৰীমান্ প্ৰতীব। বিভীৰণ ওহ দশৰণ—কত-জীব। রখুনাথ-পদে করি সেবা-অশ্বরজ্ঞ।
প্রভূর কুপার পাইদেন শুদ্ধা জক্তি ।
বিশুদ্ধ-প্রেমের বার্তা না শুনিলা-কানে।
ইইবেক সে প্রেমের প্রাপ্তি কোন্ স্থানে ? ॥
সৃক্ত ভক্ত শুদ্ধ-প্রমারসৈতে পুরিত।
কতকত-জনে না করিলেন নিশ্চিত।
আপনাদিগের মাতুলের যুত্রপতি।
সে-সম্বন্ধে তোমাদেরো মাহান্মা সে অতি॥

দৈত্যাংশ-প্রবেশ-হেতৃ কর্ণ-তুর্ব্যোধন-।
আদি করি দৈত্যমধ্যে হয় ত গণন ।
আর দৈত্যগণ—-বিফু-বৈফ্বের দ্রোহী।
নরকের যোগ্য তারা হয় ত বিমোহী॥
তাহাদিগে কভন্সনে আপনি মারিলা।
আর অর্জুনাদি বারা মারি মৃক্তি দিলা।

তপ-জপ-জ্ঞানপর ষেই মুনিগণ।
ধর্ম অর্থ কাম মোক্ষ করেন সাধন॥
বিশ্বামিত্র, গৌতম, বশিষ্ঠ—আর কত।
কুক্ষক্রেযাত্রাতে গমন করি ততঃ॥
আীকৃষ্ণপ্রসাদে ভক্তি করিয়া প্রার্থনা।
কুষ্ণভক্তি-তৎপর হইলা সব জনা॥

জক্র-সভা-আদি যেই সকল স্থাবর।
তমোধোনি প্রাপ্ত তারা হয় নিরস্তর
বুন্দাবনে যেই জক্র-লভা-আদি-গণ।
তমোধোনি নহে—কিন্তু তার তুল্য হন
বিশুদ্ধ-সাধিক-ভাব পাইয়া ভাহারা।
কৃষ্ণপ্রেমরস বর্ষে বর্ষি মধুধারা
।

শ্রীক্ষের রূপ আর লাবণ্য সৌন্দর্য।
মাধুর্য্যের অভিশয় হয় ত আশ্চর্য।
ওহে ক্ষণ্ডলাতাগণ! কে বর্ণিবে তাহা।
অপুর্বতে বিশায়-বিধান করে যাহা।
সেইমত লীলা প্রেমা আর গুণগণ।
অপুর্ব—মহিমা, কেলিভূমি বৃন্দাবন।
বর্ণন করিতে তাহা পারে কোন জন।
আপনারা তাহা জ্ঞাত আছ সর্বক্ষণ।

রূপসৌন্দর্যাদি যদি নাছিল পূর্বেতে।
নিত্যদের হানি তবে হর প্রত্যেকেতে॥
যদি ছিল, তবে পূর্ব হইতে প্রেপ্ততা।
সিদ্ধ নাহি হয় রূপাদি-অপূব তা॥
কহিছেন বৃনিবর এই আশ্বার॥
অবতীর্ণ না ইইত, তবে ত অক্স—।
পর্মেশ্রম্ব বাজ না হৈত নিশ্রয়॥

কিং পুনঃ পরমাশ্চণ্য-রূপাদির ভর।
তাদৃশ লীলাদি কার হইত গোচর ॥
কিয়া তাদৃশ রূপাদি হয় 'ভগবন্তা'।
প্রকটা নহিত—ইহা মানি আমি সন্তা॥
এই অবতারে ভগবন্তা সর্কোত্তম।
বিশিষ্ঠ-মহিমা-শ্রেণী-মাধুরী অসম॥
ব্যক্ত হৈল সর্কমতে সর্ক্রপা সর্কত্ত।
ইতরেহ অমুভব করিলেক অত্তা॥

🗃 ক্ষের করুণায় যেই সব কথা।

তাহার বর্ণন দূরে থাকুক সর্বাধা। শ্ৰীক্ষাঞ্চর বিগ্রহ সকল যেই হয়। ভাহারাও প্রশংসার যোগ্য সে নিশ্চয় ॥ কংশ-আদি, কালিয়-পূতনা-আদি আর। বলি-শিশুপাল-আদি প্রমাণ তাহার॥ এই ত প্রকারে অতি প্রকর্ষেতে গান। শ্রীনারদমূনি করিলেন সন্নিধান॥ শ্রীমাধবকীর্ত্তিতে রসিক স্ব-রস্না। स्नात कारिया मूनि करत्रन निक्ता-॥ 🕮 রফচন্দ্রের যেই মহিমা-মহর। তাহা বর্ণিবারে ব্রহ্মাদি নহে খক্ত। নেই ত প্রভূর আর ভক্তসকলের। প্রবৃত্ত হইলা জিহনা তাহা বর্ণনের॥ হইলাম ইহাতে দে অত্যন্ত বিশ্বয অত এব তোমারে কহিয়ে স্থনিশ্চয়— ॥ ক্রফপ্রিয়-পাওবগণের যে আচার। নিজশক্তিমতে যদি কি.ঞ্ছ ভাহার ॥ উচ্চারণ করিবারে পারহ রসনে।। শহস্তাগ্য সে তোমার করিম্নে গণনে।

পরম মাধায়াবস্ত হে পাণ্ডবগণ !।
আপনাদিগের শ্রীক্বফ্যেত প্রতিজ্ঞন— ।
প্রিয়তা বিশেষ, আর তোমাদের প্রতি—।
শ্রীক্বফের করুণা-বিশেষ যেই অতি ।
কোন্ গৃষ্টজন তাহা লইবে জিহ্নায়।
বর্গনে অশক্তি যেই হেতু পূর্ণতায়।

শ্বেহার্ড-ইনদর কৃষ্ণ আশ্বাস-বচন।
অকুরের মুথে কছিয়া পাঠাল্যা যথন॥
শুনি এই কুন্তী-মাতা প্রেমের প্রবাহে।
শুনুকানি নিমা হইলা অবগাহে॥
বিচিত্র বিলাপে বহু করিলা রোদনে।
বিদারিত হয় বক্ষ যাহার শ্রবণে॥
আপনারা কৃষ্ণপ্রিয় হও একারণ।
তোমাদের স্নেহু মাতা করিলা রক্ষণ॥

किविधिन भारत विधि वात्रकाश्यस्त । **७४७ १८३न कृष्य वामवजी**वत्न ॥ ৰহ কাৰু-ছতিবাক্য কহিয়া তখন। ব্দিপনার গুছে মাতা করেন রকণ।। বাজস্ম-আদি যজ্ঞ করি সম্পাদন। **লোক্ষরোৎকু**ঠা মহাপ্রতিষ্ঠা অর্পণ । বুধিষ্টিরমহারাজে করিলেন হরি। বিশেব-রূপেতে কুপাসমূহ বিশুরি ৷ व्यवागक्षवधानि-वादाय जीयरमस्न। ८ করিলেন যতনাথ সংকীত্তি-অর্পণে । এই ভগবানৰ্জ্ন বিষ্ণ: শ হয়েন। ল্লীককের প্রিয়স্থা প্রসিদ্ধ আছেন। পুরাণ, বিখ্যাত শ্রেষ্টশ্রেষ্ট কবিগ্ন। ইহার মহিমা-স্তবে শক্ত নাহি হন ৷ च्यञ्चनकूत महरपद छ्टेबन ! ব্ৰাজস্ব মহাৰ্জ হইল যখন॥ অগ্রপ্রজা-বিচারেতে যেরূপ কহিলা। তাতে বৃষ্ণশ্ৰীতিপর বিখ্যাত হইলা। ব্রাজস্ব যজ্ঞকালে আপনি শ্রীহরি। দ্রোপরীরে স্থান করাইলা রূপা করি॥ "প্ৰিয়সখী' বলিয়া করেনুৰ্শযোধন। সারদা শীকৃষ্ণ বারে করেন মানন॥

হ্বাসা সশিষ্য যবে পারণ করিতে।
বনমধ্যে ইইলেন আসি উপনীতে।
বাবত দ্বোপদী নাহি করিবে আহার।
ক্ষাবরে এক্ষান্ন হইত তাঁহার।
করিরাছিলেন কৃষ্ণা সেকালে ভোজন।
অতএব অন্ন নাহি ছিল সেইক্ষণ।
বিপদকালেতে কৃষ্ণ আসিয়া এবন।
চাহিয়া শাকের কণা করিলা ভোজন।
'হপ্রোহিম্মি' বলিয়া হয়্ণ কহিলেন যবে।
ক্যাত হইল হপ্ত—তাঁর হল্পে তবে।
নিজ্ঞ-শিষ্য-সহিত হ্বাসা পলাইলা।
দৌপনী-সহিত হক্ষা এমতে করিলা।

সভামধ্যে ত্ঃশাসন বন্ধ আকর্ষিস। বন্ধরূপী হেয়া হরি সম্মান রাখিস। পুনত্ঃশাসন-আদি করিয়া নিধন। করিলেন তাঁর সর্ব-শোক-বিমোচন।

বিছ্রের অন্ন যে করিলা আন্থানন। ভীমের নরণমহোধসাবে বে গমন।। সে সকল ভোমাদের সম্বন্ধ-নিমিত্তে। বিচার করিয়া ইহা দেখ নিজচিতে। আহো ৰত মহাশ্ৰম্য ।—কহিব কি আর ।
তোমাদের মহিমা পাকুক বর্ণিবার ॥
তোমাদের সম্বন্ধে এ পুরনারীজন ।
কহিলেক যেই জ্ঞান ভক্তির কপন ॥
ব্যাসাদিক কবি তাহা করেন প্রশংসা।
ইহার কি আর বহু করিব আশংসা ॥

এক পৌত্র-সহ প্রশাদেরে কৃপাদিত। একলা শ্রীহনুমানে করুণা বিদিত। আপনারা সর্বাবদ্ধ স্থান-সহিত। কৃষ্ণ-প্রোমকূপাত্তর-পাত্র স্থানিশ্চিত।

কৌরবের সভামধ্যে শ্রীকৃষ্ণ আপনি।
আমাদিগে উদ্দেশিয়া কহিলা ওথনি—॥
পান্তবগণের যেই সুহাদ হইবে।
আমার স্থান সেই—ানশ্চয় জানিবে॥
পান্তবের শত্রু বেই—শত্রু সে আমার।
যেহেতু পান্তব মন প্রাণ্—শুন সার॥

ভথাচ শীলগৰছাক্যমূদ্যোগপ্ৰবি— যতান্ গেটি সুমান ছেটি যন্তান্স সুমান্ত্। একাল্লানাগভ, বিভি পাণ্ডবৈদ্যিচাবিভি:।

अमा शालि-

ৰিষদ∄ান ভোক্তবা বিষয়া নৈৰ শোজয়েং। পাক্ৰবান্ ৰিষদে ৰাজনুমম পাণা জি পাক্ৰবাঃ॥

আক্র্য্য থামার ধাষ্ট্য হয় ত অপারে।
থেহেতু প্রবর্ত্ত গুণগণ কহিবারে॥
তোমাদের গুণগণ ক্রিক্স্য একল।
আনিতে কহিতে শক্ত হয়েন সকল॥
কিন্তু আমি নির্বয় করিফ্ ইহা সূত্য—।
আপনাদিগের স্থব-সম্পদ-মাহায়্য॥
বিষ্ণে বিস্তার করিবাব সে করিণ।
অবর্ত্তার হইলেন দৈবকীনন্দন॥

ম্নিমুবে ধর্মরাজ এতেক শুনিয়া।
নিজাৎকর্ম-শ্রনপেতে লক্ষিত হইয়া।
ক্ষেত্রক পাকিয়া মৌন—ত্যাজি দার্থবাস
মাতা-প্রতা-পর্নীসহ কহিছেন ভাষা।
প্রথমত মুখিন্তর কহেন বচন—।
বাবদুক-শিরোধার্য্য আপনি ত হন ।
বার্যের চাতুর্য্যে এত কহিলা বচন।
প্রমার্থবিচারেতে নহে কদাচন।
পোনংপুন্য আমরা করিয়া মুবিচারে।
দেহিলাম ভাবিয়া-চিন্তিয়া বহুবার।

শ্রীকৃষ্ণের কোন কুপা আমাদের প্রতি।
হইদ না কদাচিত কিছু অবগতি।
কৃষ্ণভক্ত আমরা—আপদ আমাদের।
কৃষ্ণভক্ত করিয়া যত প্রাকৃতজ্ঞনের।
শ্রীকৃষ্ণভক্তিতে প্রবৃত্তির হবে নাশ।

ৰথা---

ন বাস্বদেবভক্তানামণ্ডভং বিদ্যুতে ইচিং!

ইত্যাদি বিশ্বাস হইবেক সব হ্রাস 🛭 এই অতিশন্ন কষ্ট প্রাণে নাহি সন্ন। আমাদের তুমি প্রাণ জীবন আগ্রয় 🛊 প্রাণিসকলের অন্ন বিনা যেন হয়। জল বিনা মীনগণ বেমন সংশয় ৷ এইহেতু করিলাম আমিহ প্রার্থন। यक्कगण्णामन-हम कतिया এथन-। "তব ভক্তগণের আপদ নাহি হয়। অভত্তের সর্বাদা বিপদ-সমাশ্রয় 🛭 **এই निष्ठा उक्कांडक नक्कब्र**नरत । করাহ দর্শন প্রভু ৷ সর্বাঞ্চগতেরে 🛚 তব ভক্ত-সম্পদ—বিচিত্ৰ গুম্বতর ! ইছ পরলোকে ওছ—বিলক্ষণবর। দেখি সৰে পরম বিশ্বাসী হৈয়া মন। তৰ শ্ৰীচরণপদ্ম করিয়া ভজন 🛭 সর্ববছঃধরহিত—নির্ভন্ন নিরস্তর। শ্ৰেষ্ঠস্থৰ প্ৰাপ্ত হইবেক সৰ নর ॥" এইহেতু যত্নাথ সম্বত্ন হইয়া। আমাদের বিপক্ষ অভক্তে বিনাশিয়া ৷ রাজ্যের প্রদান করিলেন মহাশয়। পূর্বে হৈতে হৈল ভাহে শোক অভিশয়। দ্রোণ-ভীম-আদি করি বহ গুরুজন। অভিন<u>ত্ম-</u>বটোৎকচ-আদি স্বতগণ। অক্তেও অগণ্য বছৰছ সাধুগণ। আমাদের কারণেতে হইল নিধন ৷ निक्थागारिक व्यार्थनीय गरा रय। শ্রীবিষ্ণুজনের সঙ্গ—জানিহ নিশ্চয়। কি কহিব, এইকণে বিচ্ছেদে তাহার। স্থপের কিঞ্চিৎ লেশ নাহিক আমার 🛭 कृष्म् यथम् । गन्मर्गन-यूथालार्गः। চিরকালে ক্টিৎ হয় কোন-কাষ্যবোগে 🛭 এতৈতু পরম শোক হৈল এইক্ষণে। বিচার করিয়া দেখ সকল লক্ষণে ।

যদি কহ—তোমাদের কোন কার্যাহেতু।
গিরাহেন কোনস্থানে ক্লফ—ধর্মাসেতু ॥
করিয়া নিশ্পন্ন তাহা দীন্ত আসিবেন।
এই আশকার তার উত্তর কহেন—॥
পরম সন্তাগ্যবন্ধ সকল যাদব।
কৃষ্ণপ্রিরতম অতি সহজু সন্তব ॥
তাঁহাদিগে অথদান করেন সদায়।
নিরন্ধর নিবসিয়া ক্লফ ঘারকায় ॥
আপনারা দেখেন যে শ্রীকৃষ্ণ কবন।
আমাদের দোত্য-সারখ্যাদি আচরণ ॥
ভূতারহরণ, আর পাপবিনাশন, ।
ধর্মারকা-হেতু তাহা করে নারায়ণ ॥
আমাদের প্রতি মেহ-ভাবে তাহা নয়।
বথার্প এ অর্থ জানিবে হে মহাশয়।॥
ত্রকণপরে ভীর্মেন স্বর্গার্প ক্রমান

ততঃপরে ভীমসেন স্থধার্মিক-মতি। শ্রীযাদবেক্তের নর্শস্করন্তম অতি 🛭 উচ্চশব্দে অতি হাসি কহেন তখন। (र औक्क्षिया मूनि! अनह कथन॥ এমত ধৃত্ততা, আর বচনচাতুরী। ্ব ফ্রানে শিক্ষা তুমি ক'রেছ প্রচুরি॥ কহিতেছো এতাদৃশ বচন তাহাতে। নতুবা তোমার দোষ নাহিক ইহাতে। হর্কোধ লীলার সিন্ধু—মামাদি-কারণ। পরম চতুরসিংহ—শ্রীমত্রনদ্দন ॥ তাঁর বাক্য আর ব্যবহারের কৌশল। কোন্ স্থানে কিবা নাহি প্ৰবৰ্ত্ত প্ৰবল 🕈 🛙 মহালীলাবারে আর মহামায়াবারে। কোন-কোন-স্থলে মহাচাতৃৰ্যপ্ৰকাৰে ॥ সর্বব্যে সকল ভার হয় ভ প্রবন্ধ। বিশাস না করি তাহা—মোরা জানি তত্ত্ব 🛭

পরীক্ষত কহিতে লাগিলা—মাতা। খন।
পরে মন পিতানহ—শ্রীমান্ অর্জুন।
শ্রীকৃষ্ণের প্রিয়নখা শোকের সহিত।
মূহ:খাস ছাড়ি ভবে কহেন কিঞ্চিত—।
ওবে ভগবান্। তব প্রিয়তমেখর।
সারখ্যাদিরপে যে করিলা কুপাভর।
বে সকল আমাদের হুংখের কারণ।
না হইল কিবা?—মূনি। কর বিবেচন।
শরব্রহ্মরপ কৃষ্ণ,—অ্লাদি-পীড়ন।
সংগত না হয়' এই ওছজানে মন—।
ভীমাদির কৃষ্ণপাদপশ্বমধ্বারে।
কৃতির অভাবহে গুনাহি প্রেমসারে।

সেইহেতু প্রীক্লফের কোমল আকারে। বৃষ্ধ-মৰ্ম্ম-ভেদী কত করিল প্রহারে। বারবার আমার বারণ নাহি মানি। শ্ৰীমৃৰ্বিতে ভাহা সহিদেন চক্ৰপাণি। সে-প্রহার-সহা-চিস্তা-ছঃখ খেলপ্রায়। অম্বাপি হৃদয় হইতে নাহি বাহিরায়॥ 'অভএৰ ওহে ব্ৰহ্ম! কহিতেছি সাৰে। জন্মিবেক আমাদের স্থা কি-প্রকারে ?। ষদি কচ্—তোমাদের প্রতি রূপা করি। সহিলেন সৈই সব প্রহার শ্রীহরি॥ তাহার উত্তর কহি—তন মহাশয়।। নিজ প্রিয়জনের যে কর্ম্মে ছঃখ হয়॥ **তাহা আচরণ নৈহে** প্রীতের কারণ। প্রীতি রহু, নহে কভু কুপার লগণ। **छौप-द्धार्गापि-**श्नन-श्रेट ७-निवृक्त । আমারে:কেবল তাহে করিতে প্রবর্ত্ত ॥ মহাক্রানিশ্রেষ্ঠ কৃষ্ণ-নহিমা অশেষ। ৰংকিঞ্চিং করিল। আমারে উপদেশ।। শুক্জানী মৃক্তিবান্থাকারী যতক্ষনে। শ্বৰ হয় তাব যথাশ্ৰতাৰ্থ শ্বৰণে ॥ ভক্তিমাহাত্মা জীবন আর্থাদের হয়। মহাত্র:ধকর তাহ।—জানিং নিশ্চয়। তাৎপত্মার্থবিচারে যত্তপি—ভক্তিপর। তথাপি না হ্য সে কিঞ্চিৎ স্থপকর। বরং শ্রীক্রফের তাহা-দ্বারায় বঞ্চনা। বোধ হয় নিশ্চিত,—করিলে বিচারণা।। गुना-**७६-**निक्रभाभि-क्रभात्र-धाकद्य । ণত্যপ্রতিজ্ঞ সূত্র। সাধু-মিতাকরে। সেই মহাপ্রাভু কুঞ্চঞ্চেতে আমাব। ্যুত্তর বিশ্বাস আছয়ে অনিবার 🛭 গাক্ষাৎ সংপ্রাপ্ত মহা-মনোহরাকার। ণরত্রদ্ধ প্রাপতি প্রীদৈবকীকুষার 🛭 ষ্টাছা হৈতে মম প্রিয় নাহি ত্রিভূবনে। গদুশোপদেশ তাঁর মাত্র প্রতারণে।

ï,

প্রানকুল সহদেব কংন তংন—
বপাল্ডসমূহে যেই দৈখ্য-আচরণ ।
ক্রেবর্গনাল, অধ্যমেধ্যক্ত পূর্ণ।
শের করিলা বেই ক্ষ্ণচক্ত তুর্ণ।
শেরাক্য-পূণ্য-আদি তুর্লাভ স্বার।
বিলেন ক্ষ্ণ আমাদৈর যে বিভার ॥
গ স্কল কৃষ্ণকুণা—আমরা না মানি।
হৈ ভগবান প্রীনারদ। ভান বাণী— ॥

কিন্তু মহাব্যোগের অনেক সম্পন্ন।
করিয়া প্রীকৃষ্ণচন্দ্র আপনি নিশার ।
অপ্রপুরা শীকার করিলা মহাশার।
তাহে হর্ব আছি মোর:—কুণা সেই হর ।
করিলেন উপেন্দা প্রীর্থ এইন্দণে।
তাহে প্রতঃখিত,—প্রাণ বাঁচিবে কেমনে ।
আমাদের গৃহপুর্জা করিয়া শীকার।
মহোৎসব সম্পন্ন থাকুক দূরে তাঁর ॥
অতান্ত তুর্বট তাঁর ইইল দর্শন।
অতএব কিসে আর বাঁচিবে জীবন।

তাঁহাদের বাক্য সৰ করিয়া শ্রবণ। দ্রোপদী শোকেতে হৈলা বিমোহিত-মন 🛭 আপনারে স্থির করি রঞা কতক্ষণে। কান্দিতেকান্দিতে কহে গদগদ বচনে— 🛭 শ্রীরফ আমার প্রাণস্থা সর্বকণ। করিবেন নানামত সজ্জা-নিবারণ॥ ছুয্যোধন-ছঃশাসন-আদি ছুষ্টগণে। যারি অহুগ্রহ করিবেন প্রকাশনে॥ এই মতি ছিল সদা, একণে আমার। পিতা ভ্রাতা পুত্র বহু ২ইল সংহার 🛭 রুফেচ্ছাত্ম্সারে আর সিদ্ধি নিজাভীষ্ট। ইহা ভাবি তাহে লোক না করি গরিষ্ঠ॥ ২৩বন্ধুজনা আমি—আমার সাস্তনে। পাৰে বসি ৱফ কৈলা স্থাক্তি-বচনে। সেই ঈষৎ-হাস্মাযুক্ত বাক্যামুক্তগণ। মনোহর মধুর স্থপের স্কাক্ষণ॥ त्म पाक्क पूरत, यम (मोर्जागा-कांत्रप)। পূর্ব্বয়ত ন' করেন রয়ঃ আগয়ন॥ অভএৰ মুনিবর! কিবা দয়। তাঁর। মানিব, আপনি দেখ করিয়া বিচার॥

ততঃপরে কুন্তা অতিশোকেতে পীড়িতা।
প্রার্থ-পশন-প্রাণ-জবেন নিশ্চিতা॥
প্রার্থ-পশন-প্রাণ আর অঞ্চপা শ্বরণ।
করি, কান্দি সকলণ করেন বচন—॥
অনাধা সপুত্রা আমি—মোর বারবার।
আপদগণ হৈতে শুদ্র করিলা উদ্ধার॥
দৈবকী-মাতা হইতে কুপা সবিশেষ।
কুষ্ণের আমাতে অন্থমিলাম অশেষ॥
আপনার অস্তের গৃহেতে এইক্ষণ।
করে মহারোদন—সে করিয়া প্রবণ।
ব্যাকুলিত নিরন্তর আছে মম মন্যা।

পূর্ব্বে ফুপা সবিশেষ যে ছিল প্রকাশনে।
ননেতেও স্থান নাহি পান্ত এইকণে ॥
অতএব শ্রীকৃঞ্জের দর্শন-রহিত।
সম্পদ সকল আমি তাজিয়া নিশ্চিত ॥
মাগিলাম কৃষ্ণস্থানে আপদ—পূর্ব্বেতে।
ভাঁহার দর্শন পাই যে-সব-ছারেতে॥

তথাহি (ভা: ১ | ৮ |২৫)-বিপদ: সম্ভ তা: শখন্তত্র জগদ্ওরো। ভবতো দৰ্শনং যং আদপুনৰ্ভবদৰ্শনম্ ॥ • ॥ ওহে জগতের গুরু যাদব ঈশ্বর।। সেই সৰ বিপদ হউক নিরস্তর ॥ 'পুনর্ভব'—শব্দে সংসারের তঃথ কর। তাহার দর্শন যাহা হৈতে নাহি হয়॥ অথবা 'অপুনর্ভ ব'-শব্দে মোক কন। গে স্থুখ তৃচ্ছতা করি যে করে জ্ঞাপন **॥** কিছা 'পুনভ'ব'---পুনর্কার সে সম্ভব। না হয় সাদৃত্য যার অতুল্য-প্রভব॥ যে আপদগণ হৈতে এমত দৰ্শন। তোমার পাইয়ে প্রভু দেব জনার্দ্দন ! ৷ পূর্বে করিলাম এইপ্রকার প্রার্থন। ঘটিল একণে দেখ অতি তুঃখগণ॥ সংপ্রতিক নিষ্ণটক রাজ্যপদ দিয়া। পাণ্ডবে জানিয়া সুধী—গ্রীকৃষ্ণ ত্যজিয়া 🛊 ষারকানগরে করিলেন অবস্থিতি। এই ত কারণে তাঁর আগমন প্রতি॥ অপগত হৈল আশা, ইবে মানি আর। আপন মরণ শীঘ্র—অমুগ্রহ তাঁর॥ 'कुकः वस्त्रवरमा हरमन'—मना अहे। আশারূপ স্ত্রে অবলম্ব করি যেই ৷ গাঢ়-সম্বন্ধ-বিচাবে যতুগণ তাহা। ছেদন করিল, কি কহিব মূনি। হাহা॥ ক্ষের পরম প্রিয়বর্গমূখ্য হন। নি**রুপম-প্রেমসিন্ধু-মগ্ন** যত্ত্বণ ॥ তেকারণে শীঘ্র তাঁহাদের সন্ধিধান। করহ আপনি মুনি। তথায় প্রস্থান॥ তাহাদের অতুল মহিষা সে আপনে। আনেন, আমরা কিবা করিব বর্গনে ॥ পরীক্ষিত মহারাজ কংহ—তন মাভা।।

পরীক্ষিত মহারাজ কংহ—তন মাতা। ক্বম্বাগিনেয়বধ্—সোভাগ্য-বিখ্যাতা। ক্রীয়তর মুদিবর উঠি ততঃক্। শ্রীয়ত্ত দারকাপুরে করিকা গমন।

পুনঃপুন করি দশুপ্রণাম-নিকর। পুরমধ্যে প্রবেশ করিলা মুনিবর 🛭 সৌভাগ্যবিশিষ্ট যত্বপুদ্ধবসকল। অনির্বাচ্যগণে দেখি মানিলা সকল ॥ স্থৰ্ম-নামক দেবসভা শ্ৰীয়ক্তেতে। বসিশ্বা আছে জ্বোষ্ঠ-কনিষ্ঠাদির জ্বনেতে 🛚 স্বংতে শ্রীযান্ত সকল হর্ষান্তি। নিজ-সৌন্দর্য্য-ভূষণে যুক্ত অপ্রমিত 🛭 স্বৰ্গবন্ধী আর শ্রীবৈকুঠবন্ধী যত। রাগ বৃত্য সংগীত কৌশল বহু-মত। তাহার পরমোৎসবে নিভা সেব্যমান। পারিজাতপুষ্পের যালাতে স্থােভন 🏽 বন্দিগণ সমুখেতে যোড় করি কর। বিচিত্ৰ-উক্তিতে গুৰ করে নিরম্বর॥ পরস্পর বিচিত্র নর্ম্মোক্তি-কেন্সি-ছারে। হাস-পরিহাস-হর্ষে নানান-প্রকারে॥ নিজতেজে স্থ্যতেজ করে আছাদন। অত্যন্ত মাধুরীময় লোক-আহলাদন। নানাবিধ মহাদিব্য ভূষণে ভূষিত। বুদ্বগণো ভাক্তবলে যৌবনে পূজিত 🛭 শ্রীকৃষ্ণ-বদনচন্দ্র-ক্ষরিত অমৃত। নিরম্বর পান করি তৃপ্ত অধিকত। উগ্রসেন মহারাজ বসি সিংহাসনে। তাঁহারে বেঢ়িয়া শোভিয়াছে যতুগণে। আদরেতে শ্রীকৃঞ্দেবের আগমন। সবে আছে প্রতীকা করিয়া ব্যগ্র-মন 🛭 শ্রীরুফান্তঃপুরপথ করিয়া ঈক্ষণ। অত্যন্ত স্থ্যগ্ৰহত মান্স-লোচন 🛭 কৃষ্ণকণা-কণনে আসক্ত বৃত্পণ। দেখিলা নারদ কোটিকোটি অগপন।

ঘারপালমুৰে শুনি ম্নি-আগমন।
সন্ত্রমে আকুল ধাইলেন বছুগণ ॥
দশুপ্রণামে আসক্ত ছিলা মুনিবর।
বলে উঠাইলা গুঁরে ধরি ছই-কর ॥
লইয়া গেলেন সভামধ্যেতে তখন।
বসিবার হেতু দিলা মহাদিব্যাসন ॥
তাহে না বসিয়া মুনি বসিলা ভূমিতে ॥
বছুগণ প্রাদ্রব্য কৈলা আনম্বন।
তাহে নমস্বরি মুনি অক্তিমুক্ত-মন ॥
অঞ্জলি বাজিয়া মুনি উঠিয়া ওরায়।
বিনয়যুক্তেতে পুনঃপুন কহে তায়—॥

ওহে কৃষ্ণাদাক্তের মহা**ত্বক**িশত। I সর্বলোকশ্রেষ্ট স্থ-উন্তম-গুণাবিত । ॥ আমারে করহ দয়া—যেন অবিরত। ভোমাদের কীর্ত্তিগানে ভ্রমিয়ে জগত॥ আশ্র্যাতিশয় শ্লাধ্যতম যতুকুল। বৈৰুণ্ঠনিবাসী হৈতে শোভয়ে অতুল। এই ত মহুবালোক শ্রীকৃষ্ণকুপায়। বৈকুণ্ঠ লজিয়া অভিশয় শোভা পায় 🛭 ব্বৰ্থাৎ বৈষ্ণুগ্ৰহাসিজনে ভত নয়। ষারকানিবাসিজনে যত রূপা হয়। হে পুথি। ২ইল তব সফল প্রয়াস। যাতে ইইাদের সৰ জন্ম কেলি বাস । य बद्दशायत्र गुर्ह देवरकी नन्तन। নিবসি করেন অতি অপুর্ব্ব ক্রীড়ন॥ যাহাদের দর্শন স্তাষণ ভোজন। স্পর্শাসুগমন আর আগন ভোজন **।** বিবাহ শয়ন-অন্ত তুশ্ছেদ্য দৈহিক-। দৃচ-প্রেম-সমন্ধ আত্ম-সম্বন্ধে অধিক 🛭 ইথে বদ্ধ শ্রীরহঃ করেন অফুক্ষণ। স্বৰ্গ-মোক্ষ-ৰাঞ্ছা ছেদি। ভক্তিবিৰণ্ধন। বিস্তারেন যাদবগর্গের স্থভর। অনির্ব্বাচ্য প্রতিক্ষণে নব মহন্তর ৷ শ্যাসন গ্ৰ্মন আলাপ ক্ৰীড়া স্থান। ভোজনাদি কাথ্যেও থাকিয়া বৰ্ত্তমান 🛭 ব্রস্কুত্রেমে মগ্রচিত হৈয়া যতুগণ। না করেন কদাপিছ আপনা শ্বরণ॥ মহারাজাধিরাজন ওহে উগ্রসেন!! অত্যন্ত অভূত স্থপ্রসিদ্ধ সে হয়েন। তব মহাসোভাগ্যমহিমা কোন্ জন। শক্ত হয় ত্রিভূবনে করিতে বর্ণন ?॥ দেখ মহাশ্র্যা চমৎকার স্থ-বিবরি। প্রিমক্তনপ্রেমের অধীন মহা হরি। মহারাজোচিত সিংহাসনে উপবিষ্ট। থাকহ আপনি যতুরাজ ! স্থবিশিষ্ট। সেবকের তুলা অগ্রে দৈবকীনন্দন। সাদরেতে ভোমারে করেন সংখ্যধন—॥ অবধান কর দেব। ভৃত্যেরে আদেশ'। কিৰা করণীয়,—কর ভাহার নিদেশ। ওহে যতুগণ। ভোমাদিগে নমস্বার। নমামি সম্বর্ধারী হয় যে ভোমার।

পরীক্ষিত করে--- যাতা। শুনিয়া কর্মন। अवन)प्रत्वत्र चक्रूवर्की यङ्ग्रन ।

মার দের করি ছই চরণ গ্রহণ। নমন্ধার করি সবে কছেন ৰচন-।। আমাদের মহাতাত কুফচন্দ্র হন ! তাঁরো পুল্য তুমি পরমারাধ্য চরণ । ষহা-নীচ আমর:—জানিহ মূনি। সার। নীচতুল্য কি-কারণে কর নমস্কার ?। ব্ৰহ্মারে জিনিয়া তব বাক্যের চাতুর্য্য। ভাহাতেই কহিভেছি এসৰ প্ৰাচুৰ্যা॥ আমাদের প্রতি যে কহিলে মহাশয়।। বাদৰেক্সভাবে–সে অস্ভব নয় ৷ কোনো গঙ্ধ শ্রীক্রফের বে-জন রাধর। কিবা বাহা সে-জনের সিদ্ধি নাহি হয় **?**॥ বেহেতুক কৃষ্ণ মহা-দরার আকর। অহেতুক পরমোপকারি-শ্রেষ্টতর। দীনজননাৰ মহামহিৰসাগরে। শ্বরণমাত্রেতে সর্ব্ধ-অর্থ দান করে। **অনাত্রয়িজনের অন্বিতীয় শ**রণ। হীনের অধিক অর্থ করেন সাধন। আমরা পরম ধীন হীন নীচ জন। অতঞ্য শীক্তফের কুপার ভাজন। তাঁহার প্রভাবে সব হয় ত ঘটন। বিচারে পর্যাবসান ক্রফে বিদক্ষণ ॥ বি**ত্ত আমাদে**র মধ্যে উদ্ধৰ শ্রীমান। লীক্তকর পর্যাত্মগ্রহের শ্রন্থান। **जीवामरबरक्षत्र** यिरे महा मित्रवत्र । মহা-শিব্য মহা-ভুতা মহা-প্রিয়তর। আমাদের সকলেরে ত্যঞ্জি কোন স্থানে। মহাপ্রাত্ম যদুনাথ করেন প্রয়াণে **॥** পুনর্মার ভাঁহারে ত করিলে দর্শন। পরিত্যা**গত্ত** ত:খ না করে গমন । নাহি জানি পুনর্বার গমন কোণায়। করিবেন 🗫 —ইহা ভাবি ছঃখ পায় ॥ উদ্ধৰ পরম স্থা--- নিত্য সন্নিধানে। থাকিয়া প্রভুত্ন সেবা করেন বিধানে। ষ্টেকার্য আপন গমনযোগ্য হয়। ভাছে উদ্বেধে পাঠায়েন মহাশয় 🛭 সাম করিলেন ববে লক্ষণা-হরণে। কু**ৰূপণ কবিল তাঁ**হাবে আবরণে 🛭 ব্দাপন প্ৰথন যোগ্য উহোৰু যোচনে। হ**ত্তিনার উদ্ধরে**র করিলা প্রেরণে ॥ **নদত্রতভানের আখাস** করিবারে। পাঠাইলা কুফ্চন্ত গোকুলে ভাঁচারৈ।

শ্রীরুষ্ণের সঙ্গ হৈতে তাহাতে বিঞা। পাইলেন অতি সুখ উদ্ধব নিপুণ 🛭 হরির ভোজন-ক্রীড়া-কোতৃক-সমরে,। থাকি নিত্য একা মহাপ্রসাদ লভয়ে । **শत्रन करत्रन यह और्यञ्चनमन** । করেন শ্রীপদবন্দ তবে সম্বাহন। ভার পরে নিদ্রান্তথে আবিষ্ট হইয়া। নিক্রা যান তাঁর ক্রোভে শ্রীপদে রাশ্বিয়া ॥ কোন রহ:ক্রীড়াম্বলে সঙ্গেতে তাঁহার। গমন করেন অতি হর্ষেতে বিস্তার 🛭 সভাষ উত্তম মন্ত্ররতে মন্ত্রিবর। নানা পরিহাস-উক্তি করে নিরন্তর ॥ ছরিক্ত মনোহর শ্লাঘন করম। তাহে ত্বখবর-প্রাপ্তি আমাদের হয়॥ কিবা তাঁর সৌ ভাগ্যসমূহ কব আর। অতি শিশুকালাৰধি ব্যাপিয়া যাঁহার॥ व्यक्-भाषभद्ध (गरा-त्रमाविष्ठे मन । মুর্মে বলে-বাতুল হইয়া এইজন ॥ সর্বাদা মাধ্বপাদপদ্মের সেবায়। রসিকতা-মহত্ত্ব অভূত গুণ তায় 🛊 এই মামুষিক দেহে ত্যঞ্জি নিজন্নপ । পাইলা হরির ভাামস্থলর স্বরূপ॥ মনোহর-রূপ আর প্রভূর দয়িত। প্রহায় হইতে শ্রীউদ্ধর স্থনিশ্চিত 🛭 ক্রফের উচ্ছিষ্ট বনযালা পীতবাস। মণি-মকরকুগুল-হারাদি বিলাস 🛭 নানা অলঙ্কার সব করিয়া ধারণ। স**হদ**য়গণ-মন করে আকর্ষণ ॥ **ক্র**ফানর্শনাব**গরে** দেখিলে তাঁহায়। रिष्वकीननान-खर्म यन श्रूच भाष ॥ পরীক্ষিত কহে—মাতা! ইত্যাদি বচন। মহা সৌভাগ্য উত্তম করিয়া <u>ভা</u>বণ 🛚

উদ্ধৰের পুহে যাত্যে অতি হৰ্ষভৱে। উন্ধত হইলা মূনি নারদ সন্বরে॥ ব্যানিয়া নারদ-প্রতি তথন কছেন। বেদ-কম্প-পুলকাশ্রন্থক উগ্রসেন---। ৬হে ভগবান । পূর্বেক ছিলাম ইহ। রফের আদেশ বিনা এককণ তিই। অম্বত্ত কোণাও নাহি থাকেন উদ্ভব। নিরস্তর বাস করে সহিত মাধব॥ রঞ্চনকে স্থিতি--তাঁরে করিয়া যাচন। ক্দাপিহ নাহি পাই আমিহ যেমন ॥ ক্ষেত্র অসতী রাজ্যরকার কারণ। ক্রফ্যঙ্গে স্থিতিলাভে হীন সর্বকণ 🛚 বাজ্যবক্ষা-ক্লপ-আজ্ঞা-পালন কেবল। সেবার আদরে মম উৎসব স্কল 🛭 मिला मम त्रोत्रव-सञ्चला कति इति । করিলেন বঞ্চনা---কি কহিব বিশুরি॥ তেমত উদ্ধব নহে কদাপি ৰঞ্চিত। মহা-সৌভাগাবিশিষ্ট মহা-স্থ্ৰাবিত॥ ক্বফপার্যে সেবার সৌভাগ্যে অতি সুখী। আমাদের মত নহে কদাপিহ হঃখী॥ অত এব ক্বঞ্চ-অন্ত:পুরেতে গমন। করিয়া, উদ্ধবে তুমি করহ দর্শন॥ আমাদের এ সন্দেশ তাঁরে নিবেদন। করিবে আপনি মহাশয় ৷ ততঃক্ষণ 🛊 অগ্য শ্রীকুষ্ণের আগমনের সময়। বহি গেল, তথাপি না আলা মহাশয়॥ আপনার নাথে আনি সভারে সনাথ। कत्रह, कहित्व हेश উद्धत्वत्र माथ । গ্রীগুরুপদার্রবিন্দ ভাবিয়া অস্তর। প্রাক্তমুগোবিন মাগে কুফ্**ভক্তি** বর ।

ইতি শ্রীভাগবভামতে ভগককেপাভর-নিদ্ধারখণ্ডে প্রিয়ো নাম পঞ্চমোহধ্যায়ঃ ॥

यर्ष व्यथाय

বঙ্গী মুহ্যা**ভিতোগংক্তাকঃ কুতা**য়াৰুছবাদিভিঃ। চিত্ৰায়াং **বলবাৰ্তারাং বোহঃ** প্রেম্যান্ত্যত প্রভোঃ। । ।

কৰে পরীক্ষিত্র নরপতি—। ওমা আধ্যে। কর অবর্গতি ।

উদ্ধবের মাহাত্ম্য সে শুনি। মহাপ্রেমরগাবেশে মূনি।

মহা-বিষ্ণু বিশ্ব মূলিবর। বিশ্বত রইলা বহুতর ৷ হত্তে মাত্র আছে বীণা তার। বাজাইতে নাহি সংজ্ঞাকার। সদা ছারকাতে করি বাস I আছে অন্ত:পুরপথাভ্যাস। खीव स्थव चर्रानिकालन । যেই পথে—করেন প্রবেশ। আশুৰ্যা সে পথেতে গমন। সদা প্রবাভাসের কারণ ৷ প্রভন্ন মন্দির-সন্নিধানে। नावम हरेना উপস্থানে । মহোমাদে বুক্ত কলেবর। ভূতাবিষ্ট যেমত ইতর॥ ভূমিভলে খলন পতন। অচেষ্ট থাকেন কোনকণ॥ কথন উৎকম্প ক**লেবরে।** কখন লুঠেন ভূমি'পরে। ঘার্ত্ত হৈয়া কুত্রাপি রোদন। কুত্রাপি করেন আক্রোশন। লক্ষ দিয়া কখন গমনুৱা কুত্রাপি গায়েন স্বর্শ্বন ॥ যেই কম্প পুলকাশ্র সার। আদি প্রেমসম্পদ বিকার 🛭 একব'রে করেন আশ্রয়। অতি উন্মাদিত মহাশয়। ওগো মাতা। ঃমি এইকণে। সাবধানতরা হও মনে ৷ যোরে স্থির করছ আপনি। ধৈৰ্যাসহ শুন গো জননি।। মন্দিবের প্রকোঠভিভবে। ভতিয়া আছেন এভবরে। সে ছিবস **উছ**ব বিষণ । क्लाना देवनत्यत्र कात्रण । প্রভূপার্য ছাড়িয়া সে কাছে I দেহলীর প্রান্তে বসি আছে। वनदाव देवकी द्राहिनी। আর বসি আছেন ক্রিণী। সভাভাষা-আদি দেবীগণ I বসিৰা আছেন অন্তৰন 🛭 কংসমাতা পদ্ধাৰতী আরে। ছলিল ক্ষিল-দৈত্য বারে।

কুক্তবার্জা-প্রকাশ-কারিণী। সেই স্থানে আছে নিবসিনী। দাসীগণ আছে সেই স্থান। তৃষ্ণী হৈয়া সবে বৰ্তমান ! ज्ञोनादम- चश्कातिष्ठ । আইলেন তথা আচ্ছিত। স্বিশ্বয় সকলে প্ৰথিলা। একবারে তখন উঠিলা 🎚 যতেতে করিয়া আনয়নে। স্বাস্থ্য করিলেন তাঁবে কণে 🛭 শ্ৰেষ-অশ্ৰন্ত বিদ্যা ভিজিয়াছে মুনির সেকণ । আল্লেব্যন্ত করি প্রকালন। মনোছ:খে ছঃখী সর্বজন॥ ক্রফাতক আশ্ভিয়া। কহিছেন অমুচ্চ কবিয়া—। ওহে মুনি। ভোমার চেষ্টিত। অভ কিশ্ৰকার প্রকাশিত ?। আকম্বিক ৰাজ এইকণ। না দেখিলু আমরা কংন। ওহে अप। নাকহি বচন। ত্বদী হৈয়া বৈদ এককণ। শ্ৰীনাৱৰ তনি এবচন। व्यवधारव मुक्तिल-नवन ॥ ৰতেতে করিয়া উদ্মীলন। নমস্তার করিলা তথন। কলা প্ৰাক্তিকতে বাথি কায়। যুদ্ধ-বৰে কছেন তথায়॥ ঐউদ্বৰ নিকটে আছেন। সভাবণ সান্দাতে করেন 🛊 **প্ৰেৰবিৰূপেতে** মুনিবর। না ক্রিয়া ভাঁহারে গোচর। কছেন-উদ্ধৰ মহাশয়। মলোহর গৌতাগ্য-নিলয়। ভাঁহার শহিত সে আমার। মিলন করাহ একবার। তার পদ্ধলি পাই যবে। ৰৰ আত্মাশাৰি হয় তবে ঃ পুৱাতন আধুনিক যত। তক্রেগ-ভিতর ব্যাত। না পাইলা অনুগ্ৰহ থেছ। উছৰ পাইলা কুপ। সেহ।

ভাগৰতমধ্যে মহন্তম। ত্ৰিজগতে নাহি যার সম॥ হন মহাবিভূতি উদ্ধব। কহিলেন স্বয়ং শ্ৰীমাধব॥

তথাহি ভগদবছুক্তং (ভা: ১১।১৬।২১।) — বন্ধ ভাগবতেম্বহম্ । • ।

ভক্তগণ হইতে মহিমা। কি কহিব অধিক অসীমা॥ ব্ৰহ্মা-আদি সকল তনয়। বলরাম-আদি ভ্রাতাচয় **॥** মহাদেব-আদি স্থাগণ। **লন্মী-আদি ভার্য্যা**য়ে গণন । অত্নপম এ বিশ্বতি তাঁহার। যার নাহি সাধারণ আর॥ যে উদ্ধৰ অপেকা নিশ্চিত। প্রিয়তর নহে কদাচিত। 🕮 মন্তাগবভাদি পুরাণে। স্থপ্রসিদ্ধ শ্রীকৃষ্ণবচনে॥ উদ্বের মহিমব্যঞ্জক। সৌভাগ্যসমূহ-প্ৰকাশক॥ অমৃত প্রসাদ-জাত হন। ত্রিব্দগতমধ্যে বিলক্ষণ । **উ** श्राट्यान-चामि यक्ष्मन । যাহা অন্ত করিলা কীর্ত্তন ॥ কর্ণছারা করি প্রবেশন। হৃদয়ে করিয়া আক্রমণ। ধুর্ত্ত চৌর-মত হঠ করি। जब देश्यायन निम इति ॥ এত ভান স-সম্ভ্রম-মতি। উদ্বৰ উঠিয়া শীঘ্ৰগতি॥ নারদের পাদ্ধর ধরি। ক্রোডে রাখি আলিক্সন করি॥ ক্রপাভর-পাত্রনিদ্ধারণ। অম্মানি নারদের মন 🛚 यत्न देश्न क्रथ-क्रभाव्य । অনিৰ্ব্বাচ্য যে প্ৰসাদ হয়ে 🛭 শ্রীরাধিকা-আদি পাত্র ভার। ভাৰি প্রেমসম্পত্তির সার॥ হইলা পীড়িত হুভি কীণ। রোদনেতে বিবশ স্থদীন ॥ यएप देश्यां, त्यानि मूनिवदत्र । সাবধান ক্রিয়া সম্বরে॥

পয়োৎকর্ষাবলিত বচন। উদ্ধাৰ কহেন ভতঃকণ---হে সক্ষত মহামূলিবর ।। শত্যবাক্যগণভোগতর।॥ প্রভো। ক্লকভক্তিমার্গ যন্ত। আদিগুরু আপনি সমত 🛭 যে কহিলে, সেই সব, আর—। ইহা হইতে অধিক বিস্তার॥ সত। আমা প্রতি প্রকাশিত। বর্ত্তমান আছম্মে নিশ্চিত ৷ ইহা আমি জানিমে বিদিত। অক্টেও জানেন স্থনিকিত। গিয়া অজে ইদানী সে সব। অনিৰ্বাচঃ কৈন্তু অনুভৰ 🛭 তাহে মম সৌভাগ্যাভিয়ান। সত হৈশ চুর্ণিত-বিধান। সেই অমুভবেতে প্রাচ্যা। ক্ষণপ্রসন্নতার মাধুর।॥ প্রেম-প্রেমবানের মাধুরী। অড্ত জানিমু আমি ভূরি॥ সব ব্রহ্মবাসির দর্শনে। অতি ধন্ত হইল আপনে। অহুকম্পা প্রভুর ভাহাতে॥ সম্যক্ জানিয়া আপনাতে। তথা তাঁর প্রসাদাতিশয় ৷ আম্পদ আপনারে নিশ্চয় ৷ ব্দানি, অতি আনন্দ্রগাগরে। হইলাম নিমগ্ন তৎপরে ॥ গোশাগণ-মহিমা আখ্যান : থামি যাহা করিলাম গান ॥ আর গোপী-পদরজ্ঞ-লাগি। গুল্ম-লতা হইবারে মাগি। भाषीभरत्र नगमात्र। করিলাম, জানি থাহা সার 🛊 তাহা সবে জানয়ে বিদিত। ভাগৰতে আছম্বে বৰ্ণিত 🛭 **ক্রফ-অন্থগ্রহের** বিষয়। ঐবাধিকা-আদি গোপীচয়॥ আমা হৈতে অধিক-অধিক। প্ৰপ্ৰসিদ্ধ আছে সাৰ্ব্বাত্তক । ় তাহা ব্যক্ত করি এইস্থানে। কহা নহে—জান অসুমানে 🛊

সত্যভামাদির সে প্রবণে। ছ: ৰ হবে সাপত্মকারণে । কিয়া ভাহা শুনিলে বিস্তার। শ্রীক্লফের আর আপনার॥ পরম প্রেমের অক্সভাবে। शीष्ठापि श्**टेरव चा**विहारव ॥ অতএব মুনিবর। শুন। 'নমস্বার করি প্র:পুন 🛚 কাকু-সহ করিয়ে প্রার্থনে। সেই সৰ ব্ৰতান্তশ্ৰৰণে। থেই রস. ভাহা হৈতে ইবে। মূনিবর। বিরাম করিবে । পরীক্ষিত কছেন তথনে—। শ্রীরোহিণী দেবী স্থবিমনে চিব্নকাল গোকলে বসতি। তথাকার-জন-প্রিয় অতি 🛚 উচ্ববের তাৎপর্যাংচন--। কৃষ্ণকূপাপাত্ৰ ব্ৰহ্ণন । জানি, অঞ্যুক্ত-বিলোচনী। নারদেরে কহেন রোক্রিনী-। षटा मश-इटिन व-मार्त्रिक । সৌভাগ্যের গন্ধ-বিরহিত। নিমগ্ন স্থলৈক্সের সাগরে। উর-বহ্নিজালাতাপ ধরে 🛚 বিরহে বর্দ্ধিত প্রেমাবেশে। ৰিষত্ত্য ব্যাকুল বিশেষে॥ গোপ-গোপা-ব্ৰহ্মবাসিগ্ৰ। ভাগাদের কি কব কথন 🛚 ক্ষণকাল করিয়া চিম্বন। হইতেডি স্থাপনী একণ। হরিদাস। বার্ত্তা সে-সবার। না করাহ স্মরণ আমার॥ বস্থদেব আমারে গধন। ব্ৰজ হৈতে কৈলা আনম্বন ! মহার্ক্তা শ্রীয়লোদা তথন। করিলেন অনেক রোদন 🛭 তাহা তনি পায়াণ গলৰে। नक्षत्र चम्रत निमातस्य । নিশ্চিত ইহাতে নাহি আন। নাহি পারি করিতে ব্যাখ্যান। कि इ अक्खरनद चहुद । ৰম্ম হৈতে সুক্তিনতর ঃ

নাহি হৈল আর্দ্র তাহা শুনি। তঃৰ আর কি কহিব মুনি।। जीवाधिका-चापि গোপीगग। জীবনেতে-মৃত সর্বাক্ষণ। তাহাদের বার্দ্ধা কোন জন। করিবেক মুখেতে গ্রহণ॥ আমি অতি হু:খিত অন্তরে। আইলাম মথুৱানগৱে॥ তব প্রভ ঋরুর আলয়। হইতে আইলে সে-সময়। কুণৰি আমিহ হই অতি। ছঃখেতে কিঞ্চিত তার প্রতি। সং**ক্ষে**পেতে নিশ্চয় তাহার। কহিয়াভিলাম সমাচার॥ তাহাতেহ মান্স ইহার। আদ্র নাহি হৈল একবার॥ যেহেতৃক সন্দেশ-চাত্রী-। বিষ্ণাতে প্ৰাগলভ্য তৰ ভৱি॥ করিলেন তোমানে প্রেষণ। না করিয়া আপনি গমন । আশ্বাস কি হইনে তাহাতে। বাঢ়িল দিখণ দুঃখল্লাতে ৷ এই কিবা পভুর তোমার। মহা-কুপা-প্রসাদ-বিভার **॥** গ্রাহাদের প্রতি হৈল বয়া। কহিতে৬ যাহার তাৎপ্রা। প্রত্যক্ষ হইল ম্ম স্বে। গেলেন প্রীক্রম্ব ব্রজে যবে॥ সেইদিনাবাধ পুতনাদি। দৈত্যগণ হইয়া বিধাণী॥ हेख-वक्षणामि (मवहस्र। भक्**ठे. च**ड्युन-दु**क्त्**या॥ चवनद-चापि दुन्सवत्न। বনে কেশ দিল ব্রহমণে ॥ ब्रव्यविमानक छेल्छ्य। কিবা নাহি ১ইল উদ্ধৰ ! তাহে ব্রত্তরনের তথাপি। এফপ্ৰীতি দ্বীণ ন কদাপি। নাহি করে তদমুসদ্ধান। নিতা বঞ্চপ্ৰাতি বৰ্ষমান ৷ कुछल्लाय रहेश त्याहिल। উপদ্ৰবকালেতে নিশ্চিত 🛭

मदा कृष्यपन हराइन । কভু নিজ-ক্ষেম না চাহেন 🛭 **बीनमनमन कृ**ष्य कारन। यष्ट्रनमनापि नाहि गाटन॥ স্বাভাবিক-প্রেমেতে তাঁহার। **ক্ষ্যেন** যে কিছু ব্যবহার॥ সব কৃষ্ণসুখের কারণ। **নিজ-মুখ** না চাহে কখন ॥ ব্রজ্জনগণের তথন। তৰ প্ৰভু না কৈল করণ 🛭 গুপ্তে বাস করি বুন্দাবনে। নিজকার্য্য করিয়া সাধনে। পরিত্যাগ-আদি কার্য্য বেই। क्तिएन कृष्णस्य अहे । কহিতে না কারেও জুয়ায়। হবে অপকীর্ত্তি ব্যক্ত তায়। এতেক শুনিয়া পদ্মাবতী। কংসের জননী - ৩৪। অতি 🛭 ক্ৰমিল-নামেতে দৈত্য-সঙ্গে। পুত্রোৎপন্ন হৈল যার রক্তে ॥ অতএৰ স্বধৃষ্ট-চেষ্টিতা। ব্দরাতে বিচার-বিনাশিতা। কাঁপাইয়া মন্তক বচন। কহিতে লাগিল ততঃকণ—॥ অহো মহাকষ্ট গোপচয়। অকুপাবিশিষ্ট স্থানিদয় 🛭 তাহাদের হরি গোপালনে। कतिरामन कफेक-कामरन ॥ অচ্যতে তাহারা কদাচিত। পাছকা না কৈল পরিহিত। সুধাতুর হটয়া কখন। ভক্রাদিক করেন ভব্দণ ॥ গোপনারী ভাহার কারণ। **ক্ষরিলেন ক্ষেত্রে বন্ধন ঃ** তাড়ন বিশ্বর করিলেন। বছতর যে হুঃৰ দিলেন॥ সময়ের গতিকে তথাস। महिर्णन कुक मम्लाव । ভাহাদের ক্রফচন্ত্র'ইবে। আর উপকার কি করিবে ? । बर्षाधारामा जीत्राहिनै। गरभूर्व-शासीया-व्यका विनि ॥

মুচা পদ্মাৰতীয় বচন। অবজ্ঞাতে না করি শ্রবণ। প্ৰস্তুত কহিতে যাহা ছিলা। সংপর্ণ তা করিতে লাগিলা—॥ ষ্তুরাজধানী-মধ্রায। আসি কৃষ্ণ অরি মারি তার। ৰাৱকায় স্থৰে নিবসেন। রাজরাজেশ্বর হইলেন॥ ইন্দ্রে পারিব্রাতের হরণে। षिनित्मन चरनीनाम्दन । নরকাদি-অন্মর-সংহারে। कदिरमन वह छेनकारत्र॥ তাহে দেববুন্দ বন্দে পায়। खन-स्टांख कत्रि गर्वामाम् ॥ অহো তব ঈশ্বর কথন। ব্ৰজবাসি-গোপ-গোপীগণ॥ চিত্তেও স্মরণ নাহি করে। গমন পাকুক দুরতরে॥ এত তনি দেবী গ্রীক্রনিণী। ক্ষাপ্রিয়া ভীম্মকনন্দিনী। শ্ৰীকৃষ্ণবক্ষেতে বাস বার। মানস জানেন সব তাঁর॥ রোহিণীর বাক। না সহিতে। পারি, কিছু লাগিলা কহিতে—। ওগো মাতা। শ্রীকৃষ্ণ-অন্তর। নবনীত হৈতে মৃত্তর॥ অন্তরের ভাব যে তাঁহার। না জানি কহিছ এপ্রকার। শুনিম্বাছি যে সৰ কথন। তাহা কর তোমরা শ্রবণ 🛭 রাত্তে নিদ্রাসময়ে স্বপনে। কিবা-কিবা কছেন বচনে। कानिनी-सम्ना-वापि कति। যত ধেলুগণ-নাম ধরি॥ মধুর-মধুর প্রীভ্যাখ্যানে। ধেতুগণে করেন আহ্বানে # গ্রীদাম, স্থদাম, হে স্থবল !। স্তোক রুঞ্চ, হে মধুমকল।। আদি নাব করিয়া গ্রহণ। স্থাগণে ডাকেন কথন। কথনো বা হইয়া জিভৰ। মুখে বংশী লইয়া স-রক 🛭

শ্ৰীবৃহদ্বাগবভামৃত

মনোহর পরম আরুতি। অভিনয় করেন প্রকৃতি। क्लांहि९ क्ट्नि-क्निनि।। বিতরহ আমারে নবনী ৷ কভু বলি 'শ্ৰীব্লাধে ললিতে'!। আমারে ডাকেন প্রান্তিচিতে॥ কভ 'চক্ৰাবলি'-সম্বোধনে। 'কিবা মোরে করহ বঞ্চনে'। ইহা কহি করে আকর্ষণ। মম শাটী করিয়া গ্রহণ॥ কখনো বা নয়নের জলে। শয্যা-আদি ভিজান সকলে॥ স্বপ্ন হৈতে উঠিয়া তৎকণ। আর্দ্রয়রে করেন রোদন॥ যাতে মগ্ন হট মোরা সবে। ছ:খ-শোকরপ-মহার্ণবে । অছ রাত্তে স্বপ্রে কি দেখিয়া। হৈলা শোকে বিকল কান্দিয়। । বিমনম্ব-কারণে পাঁড়িত। শিরে বন্ধ করিয়া অপিত। স্থা-তলা পাদকে আছিন। নিতাকতা নাহি আচারে**ন** # সত্যভাষা শুনিয়া কথিতা। স-সপত্তী হই উর্ব্বাধিতা 🛚 স্চিতে না পারিয়া ভামিনী। কছিতে লাগিলা—হে প্রন্থিণি। নিল্লাতে সেমত আচরণ। ইহা তুমি কি কর জন্ন। কিমপি-কিমপি ভাগরণে। নিজচিতে করিয়া চিম্বনে ॥ মুপ্ত-তুলা করেন তাদুশ। বিভারিয়া কহিলা যাদশ 🛭 পারকানগরে মোরা-সব। ৰামমাত্ৰ ভাৰ্য্য অফুভব । নন্দব্ৰজবাসি-গোপাচয়। তাহাদের দাসী যারা হয় ॥ ৰম্বত ভাহার। স্থবিদিত। **শ্রীক্রফে**র প্রিয়া ফুনিশ্চিত॥ তবে বলরাম নাচি পারে। তাহাদের বাক্য সহিবারে 🛚 গোকুল গোকুলবালিজন। অতি প্রিঃতম যার হন।

क्रिगापिवाका मिथा मानि। ব্যেছিণীনন্দন হোবে বাণী। কছেন,—শুনহ বধুগণ।। ভ্রান্তার কহিলে আচরণ । ব্রজবাসি-সহজ-দৈক্তের। বার্কা-কথা-পর আমাদের 🛚 বঞ্চনানিমিন্ত সে আচারে। কপটকার্য্যেতে পটুতরে। গোকুলে থাকিয়া মাসৰুয়ে। তাহাদের স্বাস্থ্যের আশরে॥ ভাহাদের মন বুঝাবারে। কহিলাম অনেকপ্রকারে—॥ তোমাদের বিরহে ব্যাকুল। হইয়াছে শ্ৰীকৃষ্ণ আৰুল। অভিচঃথে করিতে সান্তন। করিলেন আমারে প্রেরণ 🛭 শেষ বৈধিবৰ্গ আছে যত। তাহাদিগে করিয়া নিহত। অন্ধ কিমা কলা স্থানিশিত 🛚 স্বয়ং আসিবেন **স্বিতে** প্রীত 🛭 ইভাগি কহিয়া নানামত। আর আচরিয়া গীলা কন্ত 🛭 না পারিত করিতে সাম্বনা। কবিলাম ভবে বিবেচনা— ! ্য ফ-বাতিরেকেতে কথন। না হইবে শান্ত ব্ৰহ্মণ । हेडा प्रिचि भन्न विविध । শতশত দিয়া নানাবিধ 🛭 করি যত্র বত আচরণ। केषद कतिया चाचामन ॥ ভাচাদের সম্মতি-ব্যতীত। আইলাম এখানে স্ববিত 🏾 কচিলাম কাত্য-প্রকারে—। গিয়া ৫ফ। ত্রম্মে একবারে । कवि नामानीनाषाहद्रन । उक्कन रुक्ट की रन । 'যাইতেডি' মুখে মাঞ্জ কছে। মন তাঁর সেইমভ নহে 🛭 মানসের পাকে যেই ভাব। কাগ্যৰাৱা সাক্ষা অমুভাৰ 🛭 ৰাক্যে অন্ত মুখে অন্ত তাঁর। কপট-পাটৰ এই সার ।

শীমন্তাগৰত

रेश अनि नीख जगवान। **শবা** হৈতে করিয়া উত্থান। প্রিয়-প্রেম-পরাধীন-মন। **উक्टिः**श्वदत कदत्रन द्वापन। গ্ৰহমধ্য-হইতে তথন। বাহিরেতে করিলা গমন 🛭 প্রকুল্প-পঙ্গঞ্জ----নেত্রদর। অশ্রধারা অনেক বর্ষয়। পরমকারুণ্যতে কাতর। কহিছেন সগদগদস্বর---॥ শতাসতা মহা-বজ্রসারে। ঘটিত হাদয় এ আমারে॥ যেহেতু এখনো হুইখান। ना इटेन विनीर्ग-विधान ॥ বাল্যাৰধি মোরে ব্ৰজ্জন। চিরকাল যে কৈলা পালন॥ সেই প্রেম নহে সাধারণ। করিলাম সব বিশারণ॥ কোনমতে তাহাদের হিত। কিঞ্চিৎ কর্ত্তব্য স্থানিশ্চিত। শে পাকুক, প্রত্যুত এখনে। কোমলাত্মা যত ব্ৰজ্জনে। আমি কুরমন অভিশয়। দিলাম অত্যন্ত তু:খচয়॥ ওরে ভাই সর্বজ্ঞ উদ্ধব।। তমি শ্ৰেষ্ঠ শ্ৰেষ্ঠ-যতসব॥ কহ অতি স্বরায় বচন-। কি করিব ব্রজের কারণ 💡 🛭 এই শোকসমুদ্র হুষ্পার। হৈতে যোরে করহ উদ্ধার। নন্দপত্নী-প্রিয়স্থী তবে। দেবকী **গুনিলা** এত যবে॥ পুত্ৰে স্নেহৰতী অমুভৰ—। করিলেন—যন্তপি উদ্ধৰ ! ব্ৰম্পে যাত্যে কৃষ্ণেরে কৃছিবে। তবে পুত্রবিচ্ছেদ হটবে ! এ আশহা করি নিজ-মনে। কহিলেন দেবী সেইকণে—॥ পরযোপকারি-ব্রজ্ঞন। ষাহে বাংশ-দেহ ত এই দণ্। তবে, মুচবৃদ্ধি পদ্মাৰতী। উগ্রনেনমহিন্ট ছব্দভি।

বন্ধা একফের মাতামহী। বাজ্যদানে ভয় পায়্যা তহি 🛭 পূৰ্ব্ব তাঁর ৰাক্য অশ্রবণে। রাম্মাতা করিলা হেলনে॥ স্বামিরাজ্য-রক্ষার কারণ। চাত্রী করিয়া বিরচণ॥ বাক্যের কৌশলে অক্সচিত্ত। **এক্সেকের করিবা-নিমিত্ত**। यष्ट्रभगत्नत्र भन्तत्। ক্লফে সুস্থ করিবা মননে পরিহাস-তল্য পদ্মাবতী। সেইকালে কহিছে ভারতী**—**॥ 🚁। কেন কর অমুভাপ। ত্তন মম মন্ত্রণা-বিলাপ ॥ धकानमवर्ष प्रहेखाई। নন্দগোপ-মন্দিরেতে যাই॥ গোচারণ করিলে তাহার। দেয় বা না দেয় বুতি তার। তোমরা যা করিলে ভোকন। পর্গহন্তে করায়্যা গণন। জ্যোতিবেক্তা গৰ্গ যে গণিৰে। ন্যনাধিক তাহাতে নহিৰে॥ অণু-কণ গণনে যতেক। হবে. তার বিগুণ প্রত্যেক॥ আমি নিজ স্বামীর বারেতে। দেয়াব, শপথ কৈমু তাতে ॥ ভগবান এতেক শুনিয়া। শ্রত বাক্য অশ্রত করিয়া॥ ব্রজবাসিজনের অভীষ্ট। निष्ठ कुछा हम यह हेई ॥ कानिशां उपन ना कारनन। শোকবেগে উদ্ধবে প্রছেন---গোকুলবাসির অভিপ্রায়। আপনি জানহ সমুদায় ! ट्रिवान्-(अर्थ । उँ। हारमञ् । किया रम्र अजीहे गत्नत ?। विशय ना कतिया उद्यव !! আমারে বলহ শীদ্র সৰ 🛭 देवनी दव कहिना विविष्ठ—। 'দিতে ব্ৰদ্বাসির বাহিত।' এই প্ৰশ্ন সেই অভিপ্ৰায়। করিলেন ক্ষ খ্রামরার ।

'যন্তপিচ কোন দানাদিতে ! ৰাম্বা পূৰ্ণ ভাষের নিশ্চিতে ॥ নাচি হইবেক কদাচিত I ভাপনার গমন-ৰাজীত ॥ জানিয়াও আপনি এ ভাষা। মন্ত্রিবরে করিলা জিজাসা॥ 'মস্ত্রি-যুক্তিবচন লইয়া। ব্রচ্ছে যাব সম্বর হইখা॥ নারিবেক কেছ নিবারিতে। এই ভাবে পুছিলা নিশ্চিতে। সেই রঞ্চবাকোর প্রব করিয়া উদ্ধব ততঃকণ । স্ত্রদয়েতে হঃখিত নিতাপ্ত। প্রেমভরে বিবশ একাস্ত। তাৎপর্যা না করি অবধান। যথাশুত অর্থ করি জ্ঞান॥ স্থাপীৰ্য নিশ্বাস ত্যক্তি ক্ষণ। সাহতাপে কহেন তথন—॥ बाखदारखन्नवणा देवजन । আরে দিবাবপ্র যত সব 🛭 অন্ত কিছু না করে ক্র্য্বীনা। নন্দাদিক ব্ৰজবাসিজনা॥ ইহলোকে পরলোকে আর: কামনাবিষয় নাহি তাঁর ॥ তোমারে কেবল সদা চাহে। ব্ৰন্ধবাসী সূত্ৰংখিত তাছে। আমি বাহা করিমে জ্ঞাপন। व्यवशान कत्र हेरल मन । भकाद विष्ठाति (य कर्खना। কবিবেন যথোচিত ভব্য। ॥ আনমি ভাচাকি কব এখন। স্বয়ং ব্রি করছ করণ। পুর্বেং তুমি নন্দের সহিত। ভূষণাদি করিলে প্রেরিভ। ৰলোদাভা শ্ৰীরাধাতা আর। দেখি বন্ধ সে-সব-প্রকার। ভৈয়া মগ্র শোকের সাগরে।

কহিলেন ৰাক্য পরস্পরে— । অহোবত মহৎকট্ট এই ।

এই-স্থপা-বোগ্য মোরা ব্যতি।

ভানিলেন 🛢 🍅 সংগ্ৰন্থি 🛭

ভবণাদি পাঠাইলা যেই 🛭

I.

পূৰ্বে নাহি ছিল এইমত। ইবে মহা-ছুর্লাগ্য-নিয়ত । ধিক-ধিক সেহেতৃ জীবনে। কণ্ঠমধ্যে যে আছে এগনে । धिक-धिक (गामगरन,---गावा। ক্লম্ভ ত্যজি আনে অলম্বারা॥ তাথে তব গমন-আশয়। ত্যাগ করি সবে স্থনিশ্চয ॥ তৰ মাতা-যশোদা-সহিত। মৃতপ্রায় সকলে নিশ্চিত। নির্দ্ধার্যা করিয়া স্ব মরণ। আর্থিকা সবে অনশন। ভভঃপরে ন---মহাশয়। ক্লতাপরাধ-তুল্য দিন**ত্র**য়॥ শক্তি নাহি কিঞ্চিত কহিতে। শোকছঃখে অতাস্থ পাড়িতে॥ ব্ৰজেব ব্ৰহ্মিতে তৰ প্ৰাণ। করি হাক্তি-কৌশল-বিধান। ব্ৰজে । ব গমন-বচন।

•গাভি (দা: ১০ 1 ৪৫। 1২৩)— জাভীন্বো এই,মেয়ামো বিধার প্রহণা স্থম্ 🙉

দিয়া বচ শপণ তথন 🛚 সাম্বানারে ব্রঞ্জনাসিচয়। কহিলেন নন্দ-মহাশয়- ॥ প্রেমের বোধক দ্রব্য প্রথমেতে। পাঠাইয়া দিল পুদ্র এখানেতে। নহে তোমাদের অভিলাব-জানে। প্রেরণ করিলা এসব এখানে ॥ সভাবাকা ক্রম পশ্চাৎ দ্বায়। আসিবেন অভি-অবন্য এথায় 🛭 নিত্ৰ প্ৰস্তুতাৰ্থ যে আছে সেখানে। শীভ্র সেই সব করি স্মাধানে॥ সরল-মানস-সকলে এ কথা। শুনিয়া বিশ্বাস করিলা সর্বাপা 🛊 'করিলে ধারণ এই অলঙার। क्रक कहे रूप -- कतिबा विठात । ব্দলমার দেহে করিলা ধারণ। কিছ না হইলা তাহে পুথমন। 🛢 🗝 গোকুলে করি আগমন। প্রসাদ-ভূবণ-ধারণ-কারণ 🛭

আমাদিগে আজ্ঞাপালক দেখিয়া।
করিবেন কুপা সম্ভোষ পাইয়া॥
আপনি না গিয়া শ্বয়ং তথাকারে।
সমর্পিয়া যেই সন্দেশ আমারে॥
ভীব্রজ্ঞধানেতে করিলা প্রেরণ।
কহিলাম আমি সকল বচন॥

তথাহি কুৰুসন্দেশ: (ভা: ১০।৪৭।২১)---ভবতীনাং বিয়োগো মে নহি সর্বাত্মনা ₹চিং। ৰখা ভূতানি ভূতেষু থং বায়গ্ৰিজ লং মহী। তথাহক মন: প্রাণ্যুদ্ধী প্রিয়গুণা প্রয়: । • । ইতি তৰ জানমিশ্ৰ এগৰ বচন। ত্তনি শ্রীরাধিকা-আদি গোপীগণ। নিরাশা হইয়া তব আগমনে। হতপ্রায় হৈল যত ব্রক্তনে। সাক্ষাতে তাঁদের দেখি সে প্রকার। অতি হু:খি-মন হইল আমার। 'অবশ্র প্রীকৃষ্ণ আনিব এপায়।' এই ভ প্রতিজ্ঞা করিয়া তথায়। বছষত্বে প্রাণ তাঁদের রক্ষিয়া। আইলাম তব নিকটে ধাইয়া॥ তুমিহ তথাপি স্বয়ং নাহি গিয়া। ব**লদে**ৰে পুন দি**লে** পাঠাইয়া 🏾 ৰম-আগমন-পরে ত্ঃবি-চিন্ত। ব্যা**কুলিত** তব প্রাপ্তির নিমিত **।** পবিত্য**ত্ত্ব** সৰ বিষয়ের ভোগ। বে অবস্তা হৈল তাহাদের যোগ॥ নিজাগ্রজে তাহা করহ জিজ্ঞাসা। কহিবারে আমি না পারি সে ভাষা॥ এত শুনি রুফ ব্রজের বিচ্ছেদে। श्रेणिन मध शिक्कुजूमा-त्थरम ॥ তা দেখি দৈবকী-ক্ষন্মিণ্যাদি সবে। অবনত-মানমুখ কান্দে তবে॥

ভাবে মনে—নাহি বাঁচিবেক আর ॥
ক্বাক্টন্তে অভি ম্মকোমল-মন।
সম্মেহে তাঁদের দেখিয়া বদন ॥
না হইলা শক্ত সন্ত তাজিবারে।
ব্যগ্রচিত কিছু নারে কহিব"রে॥
লিখিবারে তবে প্রত্র আশ্বাসন।
একখণ্ড-পত্র মুসীর বাচন॥
সক্তেজারেক্তে করেন তখন।
এইকাপ পত্র করিতে লিখন॥

কৃষ্ণ যাবে ব্রজে,—বিরহে তাঁহার।

যথা (বৃহস্তাগবতামৃত ৬। १৬)—
প্রস্ততার্থ সমাধায়াত্রত্যানাশাস্ত্র বান্ধবান্।
প্রবাহহমাগতপ্রায় ইতি জানীত মংপ্রিয়া: । । ।

উপস্থিত প্রয়োজন আছে যাহা। কথঞ্জিৎ করি সমাধান তাহা। ধারকানিবাসী যত বন্ধুজন। যাদবাদি সবা করি আখাসন। এই আমি তথা সমাগতপ্ৰায়। হে মৎপ্ৰিয়া। ইহা জানিৰে বিধায়। এইরপ প্রেমপত্র আশাসন। ব্ৰজমধ্যে কৃষ্ণ করিতে প্রেষণ। স্বহস্তেতে তাহা করিলা লিখন। সে কেবল গাঢ়-প্রতীত্তি-কারণ। পত্ৰ-প্ৰস্থাপন-মাত্ৰ ক্বফেহিত। অভিপ্রায়ে জানি উদ্বর নিশ্চিত। ব্ৰজ্বাসিজন-মনোভিজ্ঞবর। অত্য**স্ত বেদ**না পাইল অন্তর 🛭 অন্তএৰ করি উদ্ধব রোদন। শপপপ্রদানে কহেন তখন— পরম মধুর অতি মনোহর। তব পাদপদ্মযুগল স্থুন্দর॥ বুন্দাবনে শুভ প্ৰয়াণ ৰাতীত। প্রেমপত্রাদিক হইলে প্রেরিত॥ না বাঁচিবে কোনপ্রকারে নিশ্চিত। নাহি ইচ্ছে অন্ত কিছু কদাচিত। ইহা আমি করিলাম স্থলির্ণয়। জান প্ৰভো! ইহা কহিছ নিশ্চয়॥ এত তুনি কংগ্ৰাতা গে কুমতি। মাথা হেলাইয়া হাস্ত করি অতি। কহে হংকারিয়া--বুঝিল-বুঝিল। নিবু'ছে দৈৰ্কি। বুডাস্ত যে ছিল। ত্রীনন্দান্তা চির গোরস দিলেন। উদ্ধবেরে ৰশীভূত করিলেন। ভাহার সাহাযে। পুত্রেরে ভোমার। আনাইয়া গো ুলেতে পুনৰ্কার 🛭 অতি ভয়ানক স্বত্নগৰ বনে। ব্যান্ত্রাদি-সেবিত কন্টক-বলনে। নিজ পশুসৰ করাবে রঞ্গ। এ ইচ্ছা করিল ধুর্ত্ত গোপগণ । এ কুৎসিত বাক্য শুনিয়া ভাহার। রামমাতা-প্রিম্বস্থী বশোদার

শহিতে অশক্তা হইয়া তথন। অতি-কোপাৰিতা কছেন বচন—ঃ আঃ কংসমাতা স্কুমতিবরে!। গোরকায় ক্লফে নিযুক্ত কি করে ? 1 ক্ষণমাত্র কৃষ্ণ না করি দর্শনে। बक्कन नाहि वाहरत्र कीवरन । বনশোভা ক্ৰফ দেখিতে ৰচিত। ব্ৰহ্ণ-মধ্যে যদি হর অন্তহিত। **७८६** र जि ! जीनामानि ग्रहत्त्र । রোদন-শহিত ব্যাকুল অন্তর॥ 'क्रक्षः क्ष' विन यहा উচ্চ यदा। ভাকিয়া বেডায়—অবেষণ করে ৷ ব্রজন্থিত শ্রীরাধিকাদির 'দিন'। হয় 'রাত্রি' যেন প্রলয়কালীন। ক্লঞ-অনুৰ্শনে লবমাত্ৰ কাল। চতুৰু গতুলা মানেন বিশাল ৷ मृत्रू इ दिव करवन मर्नन। পত-ব্ৰজ-পথ হেরেন তখন 🛭 বিকালে ভূনিয়া ক্রম্পবংশীরবে। यहाट श्रमयश्री मना लाह्य मृद्ध ॥ u-जद-श्रकाद्य-- कृष्य शिक्षा वन ! সোরকা করুন'-এ ইছে। কখন। তাঁহাদের মধ্যে না ঘটে কাহার। স্বিশেষ ইছা কহিলাম সার॥ ইই বুন্দাবন-নবীন-বিপিনে। গোবদ্ধনে আর যমুনাপুলিনে। गर-गर्ठत गर्वा ज्या । করিবারে অতি সকৌতৃক্ষণ॥ গোবৎসাদি-সঙ্গে রঞ্জে নিজ্য বনে। শহাগ্রন্ধ সম্বয়ং করেন গমনে । যে সুব বিপিনে বহু সুরোবর। স্থনিশ্বল অল অতি মনোহর। চক্ৰবাক চক্ৰবাকী ৰয়ে মেলি। সারশ-সারসী করে কন্ত কেলি। **তাহৰ-**ভা**হকী-আদি পক্ষি**গণ। यस देश्या छता करत विरुत्तन । প্রভূৱিত চাক কমল উৎপলে। অলির আর্বলি কেলি কুতুহলে। করয়ে ভাহাতে গন্ধ প্রদারিত। চতুৰিগ সৰ করে আৰোদিত # তেমত-প্রকার ব্যুনা আছরে। वशक्यं विविज्ञाना हा ।

খ্রীব্রজ্ঞভূমির সন্ধিনী স্থগতি। অনিৰ্কচনীয় অতি শোতাবতী ৷ তথা বিশ্বাগিরি-আদির সম্ভবা। মানসগন্ধাতা নদীগণ সবা 🛚 কলিমঞা-তুল্য অতি শোভাবতী। যে সৰ বিপিন-মধ্যে বিলস্তি I ষমুনাদি নদী আর সরোবরে। অভি রম। ভট—দেখিতে স্থন্ধরে। কোমল-ৰালুকাচিত ভবাতর। তণগণ নবীন সদা নিকর॥ স্বাভাবিক ধ্বেশ ত্যাজয়া বিহুরে। নানা মৃগ পক্ষী অতি মনোহরে। मिता-भूष्प-गल-भद्मत-चातली-। ভারে নয় লভা-বুক্ষাদি সকলি । সুমন্ত-ময়ুর-পিক-শ্রেণী আর। করে নাদ তথা বিবিধ-প্রকার। ব্রগা থোড-করে নানান-প্রকারে। অতি শ্বতি সে করে যাহারে॥ Galfs-

যথোক্তং বন্ধণৈর (ভা: ১৭।১৭।৩৪)— স্দৃত্বিভাগ্যমিক স্বন্ধ কিমপ্যান্ধনামিক্রাদি ।

বুকাবনে ব্ৰঞ্জে গোবন্ধনে আর।
নাহিক হরণ-হিংসা-ব্যবহার॥
সেহেতু রক্ষক-অপেকা ন তথা।
স-মহিষ্যাদি গাবীগণ সর্বধা॥
বাই প্রোতঃকালে বিপিনে সকলে।
স্বচ্ছন্দে ধাইরা তথা স্বাস-জলে॥
পুন আজ্ঞে গৃহে সন্ধ্যার সময়ে।
তথা নাহি ক্লেল গোরক্ষা-বিষয়ে॥

পুন: কংস্মাতা কহিছে—েরে বলে।।
তন রোহিণি গ্রম্মাতা বাচালে।।
বিধি রক্ষণিকো নাহি তথায়।
তবে এক্ষণে কেনে গ্রাদি তায়।
রক্ষক কক্ষের অভাবেতে নই।
হইল সকল—তনিতেতি স্পষ্ট ?।

প্রীগোপালদেব তনি বৃদ্ধার ৰচন।
হইলেন সম্মেতে পাঁড়িত বিমন।
চিত্তে তাপ জান্ম তদ্ধ সুধান্ত বিপুল।
বিমেশন-অপবার্তা-শদার ব্যাকুল।
মধুপুরী-আসমন-হইতে প্রাচীন।
তাহার পরেতে বেই হ্র অর্বাচীন।

ত্রজের বৃত্তান্ত সব বলদেব জানে। অশ্রম্বক্ত চাহিলেন তাঁর মূখণানে 🛭 ব্যায়। ভ্রান্তার ভাব রোহিণীনন্দন। ত্র**জের বুজান্ত সব** করিয়া গ্রহণ # স্বধৈষ্য-রক্ষণেতে অশক্ত হইলেন। উচ্চ স্থারেতে কান্দি গুবাক্ত কহেন— | গবাদি ভোমার প্রতিপালিত-জীবন। না হয় বিচিত্র কিছু তাদের মরণ॥ वुन्सायन-यनवाजि मुगलिक्शन। তাপ্তীর-কদম্ব-আদি যে বুক্দগণন । তৃণশতা-নিকৃঞ্ধ-পূঞাদি স্বজীবন। তোমাতে করিল তাহা সকলে অর্পণ 🛭 যমনাত্মা নদী আর গিরি গোবর্দ্ধন। হৃশতা হইল প্রাপ্ত--সংশয়-জীবন ॥ তোমার বিচ্ছেদে অতি হৃঃথের প্রভবে। মরি**ল অনেক ব্র**জনিবাসি-মানবে ॥ কতক মানব তব সত। বাক্য জানি। আশায় কেবল ভারা ধরি আছে প্রাণী। অতঃপর শুনিবারে ইচ্ছা নাহি কর। মহানর্থাপত্তি হবে তাহাতে প্রথর॥ তুমি যদি অবশিষ্ট ব্ৰহ্ণবাদিগণে। অফুকম্পা প্রকাশ না করহ একণে॥ তৰে যম অমুগ্ৰহ তাদিগে ত্বায়। **করিবেন, তাতে হঃখ** যাবে সমুদায় ॥ निर्विष कानिश्रह्म कतिरान व्यापनि। তাহাতে বিপুল শোক জানয়ে এথনি। ত্যবিতেন বিষপানে ধরায় জীবন। নিবিষ-কালিয়হ দে ছ:খ একারণ॥ उन चम्र रुष्ट्र (भारक-किन्मनिमा)। देश अबक्रमा उक्क्मिग्विकी॥ তৰ্বসা—ভাহাতে প্ৰবেশ নাহি হয়। মরণের অঞ্পাম দেখি তঃখন্য ! আপনি করিয়া যারে করতে ধারণ। 🗸

স্বৰ্গপ্ৰাপ্ত কৈলে—সেই গিরি গোবর্জন ॥ ভোমার বিরচে হৈল নীচ অভিশয়। অতএৰ তাগ হৈতে পতন না হয়। নাছি ৰাছিরায় অন্দ্রেতে জীবন। তৰ নামা**মৃত** করে থেহেতু শেবন 🏾 কিন্তু আমি অনুমানি—শুদ্ধ মহাবনে ! দাবান্ত্রি উপায় হবে তাঁদের মরণে 🛭 এত শুনি কৃষ্ণ—পর্বহ্রংখেতে কাতর। কোমলম্বভাব হৈলা অতি ত্ৰ:খিতর 🛭 মহা-দীন-তল্য বলরামকঠে ধরি। অব্বের চন্দন অশ্রধারে ধ্যেত করি 🛭 **অতি** উচ্চ **মুস্বরেতে** করিয়া রোদন। পরে রাম-সহ ভূমে লুঠেন তখন॥ হইলেন মৃক্তিত একঞ্চ-বলরাম স্থিৎ নাহিক—ৰাক্য হইল বিরাম ॥ রোহিণী, উদ্ধব, আর দৈবকী, কুল্মিণী। শতাভামা-আদি যত পুরবাসী যিনি॥ তাদৃশ রোদন আর হুঃস্থতা মোহিত। অপূর্ব্ব দেখিয়া সবে অত্যন্ত ছঃখিত ৷ বিকল হইয়া সবে করেন রোদন। এরপ শুনিয়া যত পুরবাগিজন। বস্থদেব-সহ উগ্রসেনাদি যাদব। মহা আর্ডস্বরে কান্দি ধারমান সব ! সেইস্থানে আগমন করিয়া সকলে। প্রভূরে তেমত দেখি হইলা বিহ্নলো গর্গ-সান্দীপনি-আদি আর পুরজন। 🗸 এমত দেখিয়া সবে বিমোহিত-মন । শ্রীল সনাতন গোস্বামির স্থবর্ণন। প্রেমোদয় হয় যার করিলে প্রবণ ॥ তার সর্ব্ব অর্থ ব্যাখ্যা করে সাধ্য কার্ 📍 কিঞ্চিৎ কেবল কহি আত্ম শোধিবার। শ্রীপ্তরু-চরণপদ্ম ভাবিরা অস্তরে।

बोक्यरगाविक्तांत्र मार्ग (श्रय-वर्त्त ।

ইতি শ্রীভাগবতামৃতে ভগৰন্ধধূগ্রহভরপাত্র-নির্দারণভে
প্রিয়তমো নাম যটোহধ্যায়ঃ ॥

ASA MAILI

সপ্তমে বন্ধনো মৃক্ষ্যা মোকে শান্তে স্বরং প্রভু:। গোপীনাং প্রমোৎকর্বমারাখো হর্ষর্মুনিম্ । ।।

পরীতিৎ কহে—দেহ মাতা ! মন। পরিবার-সহ শ্রীকৃষ্ণ তথন। महाकि-दापन क्रिलन एक। সকল ব্রহ্মাণ্ড ব্যাপিলেক সেই॥ ৰঞ্চাৰায়-শন্ধ--- নিৰ্বাতোৱাপাত। ত্রহাও ব্যাপিরা হৈল মহোৎপাত। ত্তর-পুরোহিত-প্রভৃতি মোহিত। নাহি প্ৰবোধক কেহ সন্নিহিত। ত্ৰহ্মা স্বয়ং তথা কৈলা আগমন। বেদ-পুরাণাদি-বৃত্ত দেবগণ 🛭 দেখিলেন ক্লফে মোহিতাদিপর ॥ ব্রিয়তম্বন-প্রপন্ন-কাতর। নিগ্রহ আপন মাহাছ্যোর ভর। প্রকাশ করিতে ^ইত্যত*্*শীন্তর 🛚 পৰ্কে ৰে মোহাদি-দশা নাচি ছিল। তেমত অপুর্ব্ব দশ। নেহারিল। চতুমুর--পিতা গুরু আপনার। মহানারায়ণে দেখি চনৎকার। ण्डिन्ट्यामारम् देशका (श्रम मृत् । **ক্ষণকাল ভ্র**ন্ধা কান্দিল প্রচুর 🛭 যত্তে ধৈর্যাযুক্ত করি আপনারে। ৰাষ্ট্য প্ৰভূবৰে •বে করিবারে। ব্রব্য়েতে চিক্তা করিয়া উপায়। পাইলেন নিজ মানসে ভাঠায় ৷ তত্ত্ৰ কৃষ্ণপাৰ্থে গৰুড় মোহিত। ছিল রোদনেতে অতি নগ্নচিত। উচ্চভাবে ভাকি করি সচেতন। চতুমুখি তারে কছেন বচন-॥ রৈবতপর্বত-লবশসাগর-। **মধ্যস্তলে এই** ছারকাভিতর । বিশ্বকর্মা করিলেন ফুনির্মাণ। যে শীবনাবন অতি শোভনান ৷ विनम-यरभाषा-चाषि जीवादिकः। ভাঁহার সন্ধিনী যতেক গোপিকা। ইত্যাদি সকল ব্ৰহ্ণপঞ্জিকর। প্রতিমারপেতে খোভিত ভিতর 🛚

ব্ৰহ্মবৃধি-তৃদ্য শ্ৰীক্লফণালিত।
গোযুগপ্ৰতিমা আছমে নিশ্বিত।
পক্ষি-মৃগ-আদি বেন বৃন্ধাবনে।
তা-সবার মৃত্তি আছমে রচনে।
'বাং বৃন্ধাবন এইস্থানে যেন।
আসিয়াছে'—নিঃসংশর মানি হেন।
ক্রেইমত মোহ বেন হর স্থিত।
এইমত মোহ বেন হর স্থিত।
বিনতানন্দন। তৃমি যম্ম করি।
অরে-অরে লৈয়া বাং পৃত্তে ধরি।
বেখানে যাউন বেহিনী কেবল।
অক্লান কেহ না বাবে বিরল।
ব্রহ্মার ক্রমেয়ে বির্লোধন

ব্ৰহ্মার শ্রেম্বরে সেই খংগশ্বর।
সুস্থ ইইলেন বিশারদ্বর
শ্রেলেজ তবে ক্বয়-বলরামে।
উঠাইয়া পইলেন পৃচধামে।
ব্রুদেবাদিরে ব্রহ্মা শ্রেমিরা।
দিলেন শ্বকীর স্থানে পাঠাইয়া।
সক্ষণ পইয়াচলিল যথন।
রাম-কুফ্ স-জ্ঞা পাইলা তথন।
শ্রামন্তর তুল্য আচে বন্তমানে।
শ্রীনন্দ-মশোদা-প্রাকৃতি যেস্থানে।
ভবা শ্রেলেখানি ত।
শ্রীনন্দ-মশোন করিলা স্থাপিত।

শ্রীদৈবকী পুত্রবাৎসগ্যানিষেরী।
শ্রীক্রিণী-সত্য'গ্রানা-স্মাদি দেবী।
কংসমাতা পদ্মাবতী বারাখ্যানে।
উদ্ধৰ-সহিত আসিয়া সেম্বানে।
তেন-মত দশা কুন্ধের ে থিয়া।
নাহি পারিলেন যাইতে ত্যাক্রিয়া।
সেম্বান হউতে পান দেবিবারে।
দাঁড়াইলা আসি সবে ত্থাকারে।
কুরায়িত হৈয়া থাকিলেন পরে

ব্রক্তির মোহোৎপাদন-কারণ। বেছেতু নারদ কৈলা উত্থাপন।

त्मरेरुषु गानिजन (गंगांकादा। **कुलाभ**द्राधित कुमा व्याभनारत ॥ **पिरश**ण चात्र यहशण-मृद्य । গমন নাছিক করিলেন রক্ষে॥ 🗐 কৃষ্ণচরিত-মাধুর্য্যাত্মভব। করিবারে মূনি দর্শনপ্রভব। रिया पर्स्तान क्वृह्म नीया। বান্ধি যোগপট্ট থাকিলা বসিয়া॥ গৰুড় আকাশে হৈয়া অপ্রভাকে। প্রভুবরে ছায়া করি নিজ-পক্ষে॥ থাকিলেন সেবা করিয়া মানস। দেখিবারে ক্লফচরিত সুরস্ 🛚 তবে কুফাগ্রজ বলরাম ক্ষণে। কিঞ্চিৎ স্বস্থতা পাইয়া তখনে ৷ ব্ৰুফাৰাত্য-হেতু ব্ৰহ্ম-মন্ত্ৰণায়ে। প্রাপ্ত সেইস্থানে জানি অভিপ্রামে। বিচক্ষণশিরোমণি শাদ্র করি। নিজ অমুজের মুখপদা'পরি। ধূলি-আদি ৰাহা লাগিয়া আছিল। প্রয়ন্তেতে সমাজ্জন করি দিল। বক্ষোদর-মধ্যে বংশীর অর্পণ। শিকা-বেত্র কক্ষে দিলেন তথন ॥ নব-কদম্বের মালা কঠে ধরি। ময়ুরপুড়েছর চূড়া শিরোপরি॥ ভঞ্জামালা আর মকরকুণ্ডল। অল্লে-অল্লে কর্ণে দিলেন প্রীবল । বিশ্বকর্মার কল্লিত দ্রবাজাতে। রচিলেন বক্ত বেশ সব তাতে॥ আপনার বেশ করি সেপ্রকারে। লাগিলা উঠাতে বলে ধরি তাঁরে॥ ৰলদেব অভি-উচ্চতর-স্বরে। ভাকিতে শাগিলা জাগাবার তরে— 1 **अ**क्ष शक्ष । उर्र उर्र आहे।। জাগ-জাগ কেন নিদ্রা ভাঙ্গে নাই 🛚 । দেৰ বেলা অত্য অতিক্ৰাস্তা হৈল। পশুগণ বন-প্রবেশন কৈল 🛙 শ্রীদাম-প্রভৃতি স্থাগণ যত। **অপেকায়** তব আছে বিশেষত। মাভাপিতা তোমা-প্রতি স্নেহচর। কিঞ্চিতে। কহিতে নাহি শব্দ হয়॥ সাক্ষাদ্ৰত্যানা এই গোপীগণ। তৰ মুখপদ্ধ করিয়া দর্শন !

कर्षाकर्षि किছू करह शत्रन्भत्र। হাসয়ে সকলে তোমার উপর 🛭 এইমত বহু জল্পনা শতেক। পৌন:পুন্য তথা কহেন অনেক॥ 'শ্ৰীকৃষ্ণ গোপাল গোবিন্দ শ্ৰীমান'।। नाम धति-धति कटत्रन चाह्तान॥ मुब्हिश्नामि-मधुद्राक्टि-चाद्र । প্রশংসন করি ভাকেন তাঁহারে **।** বলে বলদেব ক্ষণ্ডত্তে ধরি। চা**লা**ন উঠান বহু যত্ন করি ॥ বহুক্ষণে কিছু পাইমা চেতন। শ্ৰীনন্দনন্দন হৈয়া জাগৱণ 🛚 'শিবশিব' ইতি কহি সবিশ্বয়ে। উঠিলেন তবু মোহিত হ্রদয়ে। নয়নকমল করি উন্মীলন। অগ্রে শ্রীনন্দেরে করিয়া দর্শন॥ नेय९ शामिया देश्या नक्काविक । শ্রীনন্দেরে প্রাণমিলা নিয়মিত॥ যশোদা স্বেহেতে শ্রীক্লম-আননে। দিছেন নিমেব-রহিত ঈক্ষণে ॥ তেমত প্রতিমা-স্বরূপে মানিয়া। পার্থে দেখি কৃষ্ণ কর্মেন হাসিয়া— ওগো মাতা। অন্ত প্রভাতসময়ে। কতকত স্বপ্ন—চিত্ৰ অতিশয়ে॥ জাগরণ-তুল্য আমি এইক্ষণে। নাহি করিলাম সকল দর্শনে ! ব্ৰদ্ধ হৈতে আমি মধুপুরী গিয়া। কংসাদিক ছষ্ট-দানবে নাশিয়া॥ জরাসন্ধ-আদি ভূপে করি জয়। कत्रिमाग श्रवी (पर-मगुपत्र 🛭 নির্মাণ সমুদ্রতীরে করিলাম—। 'শ্রীবারকা মহাপুরী' যার নাম॥ ইবে ওরা আছে যাইতে গোচারে। অন্ত বৃত্ত নাহি পারি কহিবারে 🛭 তবে অনিমেষ াহারে দেখিয়া। নিজ-নিজাধিক্য-ছঃখিতা মানিয়া ৷ মোহেতে প্রকৃতা জানি প্রতিমায়। কহেন সাম্বনা-হেত্ৰ প্ৰতি মাৰ। এই দীর্ঘ স্বপ্রবিদ্য চিন্তহরে। না উঠিল অক্স-দিন-মত পরে 🗈 🦠 এগৰ বিচিত্ৰ কৰ্ম ৰছকালে। আচরিত হয় অতাম বিশালে ৷

ব্দেশে স্থপ্ন-মধ্যে দেখিলা কেমনে। ৰঙ্গদেৰ মানে. ছেন জানি মনে॥ কহেন—হে আৰ্যা! মহাশুৰ্যা স্ব ৰদি তুমি নাহি মান অস্ভব 🛭 তবে বনমধ্যে করিয়া গমন। কহিব বিন্তাবি সকল কণন। এপ্রকার ক্রফ কহিয়া মাতায়। সাদরে প্রশাম করিলেন পায়। ৰনভোগ্য যোগ্য দধ্যোদন-সর। চাহি বৃষ্ণ প্রাসারিত কৈলা কর 🛭 এত দেখি অত্যভিক্ত শ্রীরোহিণী। নিজমনে কৈলা বিচারণ তিনি— এই ভ্রীয়শোদাপ্রতিমা হয়েন। কিছু দিতে কথা কহিতে নারেন। তবে ভোগ্যদ্রব্য, প্রতিবাকা আর। ঞিহা হৈতে নাহি পাবেন বিস্তার॥ ভাহাতে 'প্ৰভিমা' এই বৃদ্ধি হবে। অধিক অনৰ্থ হইবেক তবে॥ তাহা সম্বৰণ কবিতে তথন। खोर्त्ताहि**षे** (एवं) करहन रहन--। ওরে বংগ। তব জুন্দী এখন। তব নিজাধিক্য করিয়া দর্শন 🛭 'অস্বাস্থ্য-শরীর অন্থ' জানি মনে। অতি হুঃস্বচিতা আছেন এখনে । তুমি মাত্র পুত্র একল বাঁহার। চিম্বা কেনে নাহি হইবে তাঁহার ?॥ অভএব বহু কথোপকগনে। ওবে বাছা। অন্ত নাহি প্রয়োজনে। ক্লফ্ল কছে-ভবে গ্ৰহেতে রহিব। বনে গিয়া কিবা ভোজন করিব ? ৷ শ্রীরোহিণী কং-—অগ্রেভে গোধন। গোপগণ-সহ করিলা গমন॥ তুমিহ কাননে করচ গমন। আমিহ উত্তম ভোগ্যোপকরণ। আয়োজন করি পশ্চাৎ এখন। করিতেভি বনমধ্যেতে প্রেরণ ॥ ব্ৰমিশ্বা বোহিণী কহে এপ্ৰকার। खीकुक विश्वका हदन डाँशा ह মাতৃ-করতলে স্থিত নবনীত। চৌর্যা-ক্লপে তাড়া করিয়া হরিত। নিজ্ঞান্তে ভাকে করিতে ভোজন। না পাইয়া নাহি খাইলা তখন ॥

অস্বাস্থ্য দেখিয়া অমুজের অতি। আর শ্রীক্রফের গোপীর সংহতি॥ স্ক্রন-ভাষণে সম্বোচ না হবে। একারণ অগ্রে রাম গেলা ভবে॥ দয়ালু শ্রীকৃষ্ণ না পাইয়া তাঁরে। না থাইলা সেই নবনীতসারে॥ यत्नामा-द्राहिना-गरसाय-कात्रत्। काकुर्वाप-ग्रह विनय-वहत्न ॥ নধ্যাছের ভোগ্য প্রার্থনা করিয়া। চলিলেন গোটে নিৰ্গত হইয়া। चार्या प्रिचि हक्काननी-चापि गर्।। নর্শ্বোক্তিতে রুফ করি সম্ভাষণ ॥ মধুর বেগুর গানে গাবীগণে। অগ্রেগতো ভার করেন রোধনে । অগ্রে শ্রীরাধিক।—সহ সহচরী। দাড়ায়্যা আছেন দেখিয়া শ্রীহার॥ ঈষৎ হাসিয়া কৌশল সহিত। শ্ৰীনন্দনন্দন কহেন কিঞ্চিত—। ওহে প্রাণেশবি। প্রাপ্ত রহংস্থানে। অমুরক্ত ভক্তে আমারে এখানে 🛭 কেনে অন্ত নাহি কর সংভাষণী। তবে কি হয়েডে যানিনী আপনি 🛭 অপরাধ কিছু নাহি করিলাম। তাহাতে নিশ্চয় ইবে জানিলাম-- । আপনি সর্বজ্ঞা—ওতে প্রাণেমবি।। শ্রীবার্যখানবি শ্রীব্রজমুন্দরি। 🛭 অত্যকার মম স্বপ্নের বুতান্ত। সকলি আপনি জানিলা নিতান্ত। ওচে প্রাণপ্রিয়ে। তোমাকে ছাডিমা। মপুরায় আর দারকায় গিয়া॥ মরণে উ**ন্ততা** রাজপুত্রীগণে। অনেক বিবাহ করিছ তথনে। পুত্র-পৌত্র-আদি অনেক বিস্থার। জন্মিলেক দুরবন্তা সে আমার II সেবৰ বুভান্ত থানিনীত আর I থাকুক একণে হে প্রিয়ে। ভোমার॥ অগ্রে গেল গাবী-সহচর-গণ। যাব সেকারণ শীঘ্রভর বন । गरस्वाव (म चन्न श्रीताय-मभरम् । প্রযোদ ভোষার দিব তে নিশ্চমে ! এইমত কথা কহি <u>শী</u>রাধারে l পুষ্পগণ ফেলি মারিয়া ভাঁছারে।

ভবে চতুর্দিগ দেখিয়া তথন। **চ্যনের** সহ করি আলিজন । অপুরু রাধার প্রেমের গরিমা। **অনির্ব্বচনী**য়—নাহি যার সীমা 🛭 🕆 যাহাতে একফ হইয়া মোহিত। ৰাহশ্ব--অভিশয় মৃগ্ধচিত। প্রতিমা রাধার করিয়া স্পর্ণন। প্রান্তি তবু নাহি করিল গমন॥ এইমতে কৃষ্ণ গো-গোপ-সহিত। অগ্রেতে গেলেন অতি মুগ্ধচিত। ব্রজবেশ—পূর্বে নছে দৃষ্টচর । অত্যন্ত আশুর্য্য মহা-মনোহর। মধুর-মুরলী-রবেতে অন্বিত। **(मिश्रालन याद देमराकी विमिछ ॥** মেহভরে তবে হইল বাহির। বুদাবস্থাতেও ন্তনে হৈতে ক্ষীর॥ 🗐 ক বিশী, মিত্রবিন্দা, জাম্বতী। ্সত্যা, ভদ্রা, আর সন্মণাতা সতী ॥ দেখি ব্ৰজবেশ মহা-প্রেমোদর। হুইল, কখনো যাহা নাহি হয়॥ তাহে ধৈৰ্য্যহানি-কম্পাদি দেহেতে। মোহিতা হইয়া পড়িলা ভুমেতে। পদ্মাৰতী আর সভ্যভাষা পরে। মহামতা হৈলা কামবেগ-ভবে॥ সূত্র হ আলিকনাত্রকরণ। করিলেন করি বাছপ্রসারণ॥ ह्वाञ्चकद्रत्व व्यथद-हालन । कति हति धतिवादत धावमान । কালিন্দীপূর্বেতে ক্বফ-বস্তুবেশে ! দেখিয়াছিলেন ব্রজের নিবেশে। প্রাক্তবরা ভাহে ধৈয়াবলম্বন। করিয়া, সহিত উদ্ধৰ তথন॥ শতাভাষা, আর বুন্দারে প্রবেধি। বলে আক্ষিয়া করিলা নিরোধে ॥ শ্রীগোবিন্দদেব গোচার-কারণে। তথা হৈতে অগ্রে করিলা গমনে। লবণসমুদ্রে করি নিরীক্ষণ। তাহারে 'যমুনা' মানিয়া তথন 🛭 সেইস্থানে করি বিহার-কামনা। প্রমোদে হইলা ওৎস্বকিত-মনা । यथुटव्राघठ-ऋदव्र निष्क्रम्थागरः ।

আহ্বান করেন খ্রীকৃষ্ণ তথনে—।

কোপা গেলে স্থা শ্রীনাম স্থবল !। জোককৃষণাৰ্জ্ব হে মধুমক্ষল।। সবে আপনারা হৈয়ে ধাবমান। হর্ষেতে ত্বায় আইসহ এস্থান ॥ মধুর নির্মাল সুশীতল জল। বহমে যমুনা অতি স্থবিমল 🛭 তাহে গাৰীগণে জল পীয়াইয়া। ভাপনারা অবগাহন করিয়া। যথাস্থথে আজি করিব বিহার। স্থাগণ। নাহি বিলম্বন আর ॥ এইপ্রকারেতে-গোগণ-সহিত। সমুদ্র-নিকটে হৈলা উপস্থিত। তরকের মহা কল্লোলমালার। মহাকোলাহল-বিশিষ্ট ভাহার। ভবে ইতস্তদ করি নিরীক্ষণ। সমুদ্রের তীরে প্রকট আপন॥ করি মহাপুরী দ্বারকা দর্শন। বিশ্বিত হইয়া আপনা-আপন। শ্ৰীকৃষ্ণ তখন কহেন বচন-- । কিবা ইহা সমুদ্রাদিক কি হয়। মহাপুরীযুক্তা ব্রজভূমি নম। তবে কোথা আমি আছিয়ে এখন। षात्रकाम ?--- हेहा नाहि अम मन॥ अनिसनसन यापि कपाठन। ব্রজবিনাপ্তরে না করি গমন ৷ তবে অন্ত কেহ হইবেক এই। কেবা আমি—নাহি বুঝি হেতু সেই॥ কিবা দারকাতে রাজরাজেশব। অতে-বিলক্ষণ-বেশাদিক-পর 🛭 তাহা নহি আমি—এ যে বস্তবেশ। কেবা আমি—নাহি করিয়ে নিবেশ এইত প্রকার সহ চমৎকার। কছেন বিশ্বয়ে কৃষ্ণ বার**ম্বার** ॥ মহাসিদ্ধ আর পুরী সে আপন। भूनः भून (एति करत विठात्र^न । তবে বলরাম কহেন ভাঁহারে। उच्यत्थाय चनार्यन कविवादन-। ওহে মম প্রভু ভীবৈকুঠেশর।। আপনারে অমুসন্ধান বে কর 🛭 ব্ৰদাদিক-দেৰগণ-প্ৰাৰ্থনাৰ। ় ভূভার-হরণে অবতীর্ণ ভাষ 🛭

সভ্য সে শ্রীনন্দনন্দন আপরে 🛭

তথাপিহ কিছু কহিন্দে বচনে ॥ বৈকুঠ হইতে আমার সহিত। থেহেতু আইলে—কর সম্পাদিত॥

বস্তুপি আইলা গোলোক-হইতে।
বৃন্ধাবনে গৃঢ় প্রেম আম্বাদিতে ॥
সে তত্ত্ব কহিলে হবে যোগপতি।
পুনর্বার সেই হইবে বিপতি ॥
একারণ রাম তাহা আজ্বাদিরা।
কহেন তাহারে অভ্যথা করিয়া ॥
শ্রীগোলোকেশ্বং-আদিক বচন।
না কহিলা রাম সেই যে কারণ॥

হুষ্টের সংহার—শিষ্টের পালন।
করহ হে প্রভূ ! সব সম্পাদন ॥
ধর্মরাজ পৈচ্ছসের তোমার।
এবে কর যজ্ঞ তাহার বিস্তার ॥
সার্বভোমপতি রাজা যুদিন্তির।
যজ্ঞ কবিবারে করিল স্থান্থির ॥
মাবিঞ্নেতে অমুশাসাদির।
কিন্তু ভর্যুক্ত আতে বুধিন্তির ॥

এমতে মধুর পরম কোমল। প্রেমবস ত্যাগ করা**্রে**ণ প্রীবল । রৌদরণে ক্রোধ জনাইতে তার। কহেন কিঞ্চিৎ অগ্রথা-প্রকার-হস্তিনতে গিয়া সহ যতুগণে। ত্বষ্ট দৈত্য সব করহ হননে । বৈরতাতে ভারা তব নিজ্ঞনে। বহুমত পীড়া দেয় অক্সকণে 🛭 রসাম্বর নীয়া এই ত প্রকারে। নিজ অ**মুজের স্বাস্থ্য** করিবারে ॥ বে কহিলা বলরাম নানামত। তনি ৰুফ হৈলা ভাৰান্তর-গত। ক্ৰছ হৈব! ক্ৰম্ব কছেন তথন--। ওহে ভাই। অন্তুলামাদিকগণ। বরাকেরো মধে। ভারা নাহি হয়। একা গিয়া আমি করি ইবে 🕶 🖁 🛭 আপনি প্রত্যায় কর এবচন। প্রতিজ্ঞা-গহিত করিল কথন। এইমত প্রসঙ্গের সম্বৃতিতে। ত্যজ্জিলন প্রেমরসময়-চিতে। পূৰ্ব্বমত স্বাস্থ্য *ছইল* ভখন। **চতুদিকে হুহঃ করি আলোকন।** তবে যাদৰেক স্বারারতীশ্বর।

আপনারে জানিলেন 'পরেশ্বর' ।
প্রাসাদ-ভিতরে স্থতিয়া ছিলেন।
দরণ সকল বৃত্ত করিলেন।
বংশী করস্থিতা—বক্তবেশ সার।
দেবিলা নিজের অগজের আর॥
করিলা প্রয়াণ পুরীর বাহিরে।
গো পালেন যেই সমুদ্রের তীরে॥
দেবি ভাবে—কোধা হৈতে বন্ধবেশ।
করিলে, ইথে বিশ্বয়নিবেশ॥
ইহা সত্য, কি অসত্য স্থপ্রসম।
পাইদেন ভাবে সংশ্য বিষম॥
ভাহার কারণ হদ্যে ভাবিয়া।
হাসিলেন অসুসন্ধান করিয়া॥

তবে হপ্দর দ্বাবং হাসিয়া।
কাষ প্রসায় ক্রম্পের জানিয়া।
নোহ তার আর অন্ধার উপায়ে।
সক্রের বারা বহিঃ প্রাপ্ত তায়ে।
কহিলেন রাম হেতু-স্মাবত।
ভানিয়া শ্রীকৃষ্ণ হইলা লাজ্যত ।
নিজ্ব-জ্যেসমূল করিয়া লোকন।
ক্রম্বন্ধাসমূত হৈল শ্রীবদন।
ভবে বলরাম সমূত্রেতে নায়া।
স্থান করাইলা গ্লি গোয়াইয়া।

সেইকালে শ্রীগরুড় মহামতি। ব্যানি কৃষ্ণভাব--অন্ত:পুর-গতি॥ আইলা, ভাহাতে করি আরোহণ। অলক্ষিতে গেলা মনিবে আপন ॥ कक-त्योधार्भामा-चनग्य ग्रन्। প্ৰসাদাগ্যন জানিয়া উত্তৰ ।. देवकी-द्याधिनी-धापि (पर्वेशर्व । নানামতে ভবে করিয়া চেভনে॥ क्ष्मगमनापि वृक्षांच कहिना। অস্তঃপুরে ভার নিকটে আনিলা 🛊 বুদ্ধা বাঠাহারিণীরে অন্যস্থানে। তীরা সব করাইলেন প্রস্থানে। **६**हेर्*दक (*य **टामण** छवाकाद्य । পরম অবোগ্যা বৃদ্ধা থাকিবারে 🖡 এহেতু অম্ভন্ত তাঁরে পাঠাইলা। 🕽 ক কি নী-আৰি সকলে থাকিলা। माछा औरेषवकी द्याहिनी कुष्यत्ने। আইবাৰ বহু করিয়া নক্ষনে। ভৎকালে ভাহাতে থাকা নহে যোগ্য:#

বানি, সম্পাদন করিবারে ভোগ।। গত হয় কাল ক্ষেত্র ভোজন। জানি হুহে শীঘ্র করিলা গমন। **বলদে**ব ভাই-ভাবে বিজ্ঞবর। প্লান-ছলে গেলা মন্দিরে সম্বর। **ক্ষমণী-প্রভৃতি স**ব ক্ষপ্রপ্রয়া। ব্দ্বাদির আড়ে থাকিলেন গিয়া। সভাভামা কৃষ্ণপার্বে না আইলা। উদ্ধৰেরে কৃষ্ণ গেহেতু পুছিলা। . হরিদাস শ্রীউদ্ধব কহে তবে—। दिवक-निकटि वृन्तावत्न यद्व । প্রভুর বিজ্ঞয় হইল, তখন। লন্দপ্রতিমাদি করিয়া দর্শন **!** व्यनिर्विहनीय त्य त्थ्रयवित्यम । অপ্রেমরসজ্ঞ-ভামক নিঃশেষ। 🕮 রুক্তিণী-আদি দেবীর সহিত। পুরেতে থাকিয়া হৈয়া লুকায়িত 🛚 সে ভাব দেৰিয়া শ্ব-খলা দুৰ্মতি। **কহিতে** লাগিলা তবে পদ্মাবতী— ॥ ব্যরে পুণাহীনে দৈবকি বিরামে।। রে রে ক্লিণী হুর্তুগে সত্যভামে !॥ ছে জাম্বত্যাদি অর্বাচীনা সব।। দেখ-দেখ এই স্নেহের বৈভব 🛚 অতঃপর নিজ নিজ অভিমান। ত্যাগ কর. নাহি দেহ' দেহে স্থান। 🗐 যশোদা-🖺 রাধিকাদি গোপীর। কামনা করিয়া দাসীত্বপ্রাপ্তির 🛭 ভপত্যা করহ উত্তমপ্রকার। **কহিলাম আমি এই** বাক্যসার ॥ ব্রদার তুববাক্য প্রবণ করিলা। প্ৰথমে দৈৰকী অভিজ্ঞা কহিলা। 🗐 ক্রফ সমস্ত-জগত-আধার। যিনি হন পুন আধার জাঁচার # त्र रेषरको क'न--भूरथ'। ७न এই। নন্দাদিবিষয় ক্লফপ্ৰেম যেই 🛭 নছে সেই অসম্ভাবনা কথন। ভাছাতে আশুৰ্য্য কিবা মান মন ? পূর্বাঞ্জে বস্তুদেবের সৃহিত। করিলাম বহু তপস্থা নিশ্চিত। ভগবান্-তুল্য পুত্র আমাদের। অন্মুক'--কামনা করিয়া মনের ॥ बर्मभागत केंच्य हेशाल।

আমাদের পুত্র হইলেন তাতে 🛭 ন-দ-যশোমতী ব্রহ্মারে প্রার্থনা। কৈলা 'ক্ৰফে ভক্তি—প্ৰেমের লক্ষ্মণা'॥ ব্রহ্মা ভক্তশ্রেষ্ঠ—ভার দন্ত বর। ক্রফদন্ত বর হইতে প্রবর। তাহাতে শ্রীনন্দ যশোমতী আর। সহ ব্রজবাসী নিজ-পরিবার 🛭 আমাদেরো হৈতে মহিমার সীমা। পাইলেন তাঁরা জগতে গরিমা॥ শ্রীনন্দ যশোদা অতি-ম্লেহভরে। কুম্থের পালন বছষত্বে করে 🛭 এহেতু কুষ্ণের তাঁহাদের'পর। এতাদশ ভাব উপযুক্ততর। মম প্রিয় সেই হয় অতিশয়। কহিলাম তত্ত্ব তোরে রে নিশ্চয়। औक्रिकानीरमनी दर्धत्र महिछ। কহিতে লাগিলা করি সবিদিত। ভক্তসকলের যে-বাক্য শ্রবণে।

প্রেমবৃদ্ধি হয় একফচরণে

যথা শ্রীকল্পিনাক্যং, বৃহন্তাগবতামূত १।१०—

যা ভর্তুপুল্লানি বিহার সর্ব্বং,
লোকষয়ার্থান্ অনপেক্ষমাণাঃ।
বাসানিভিন্তাগুলবিল্লনৈন্ত,
দ্রীত্যাভল্ণপ্তরে তমেনমার্ক্সাঃ ।
বামি-পুত্র-মিত্র-প্রভৃতি করিয়া মন ।
ভাহার অপেক্ষা না করিয়া মন ।
ভাহার অপেক্ষা না করিয়া মন ।
ভাতি ব্যগ্রা—বুন্লাবনে কুঞ্জবনে ।
এই কুক্ষে স্মধুর-বিভূবণে ।
পরম রহস্ত —অযোগ্য প্রকাশে ।
এমতপ্রকারে মধুরিত আশে ॥
অনির্ব্বচনীয় রাসাদিবিলাসে ।
ভাতিলোন সবে কুক্ষমুখ-আশে ॥

তথা (বৃহত্তাবভাষ্ট্ ৭ ° १))—
অতো হি যা নো বৃহ্যাধনোন্তমৈ:,
সাধ্যন্ত চিস্তক্ত চ ভাববোগত: ।
মহাপ্রভাঃ প্রেমবিশেষণা দিছিঃ,
সংসাধনগানপদস্থমাগতা: 1 ° 1 °

আমাদের বহু উৎকৃষ্ট সাধনে।
সাধ্য,—ভাবযোগে চিন্তা সর্বাহ্মণে ।
সে কৃষ্ণের অসাধারণ প্রেমের।
শ্রেণীতে করিয়া উৎকৃষ্টতরের॥
সাধ্য-সাধনের পদত্মপ্রাপিকা।
ভাদুশ ভদ্ধনে হইলা গোপিকা।

তথাচ (বৃহত্যাগ্ৰহামূত ৭। ৭২)—
তহৈত্ত হি ব্যক্ষপ্তত্পোলাগাবকুলাদিব্,
ব্যক্ষভোগদেবাদেবং পতিত্যা সেবাক্ষীজ্যোধিকঃ
মুকো ভাবববো ন মংস্বপ্দকোশাহভাগ্তো ওবেং,
সংলাঘোপ্ত মংপ্ৰভো: প্ৰিয়ক্ষনাধীনত্মাহাত্মকুং।

গোপাগণ হৈতে অন্তর অনেক। আমাদের আছে, তনহ প্রত্যেক— ॥ গোপাগণ হন ইহ-প্রকাল। অশেষ-অপেন্ধা-রহিত নিশ্চাল 1 আমরা সুব্যগ্রা ধর্ম-কর্ম**-সুত- I** পৌত্রাগার-পৃহ-কাম্যাদি-সংষুত ॥ তাঁর। বাসর্কা গ আদি স্থবিসাসে। ভজিলেন ক্বফে অতি প্ৰেম আশে । আমরা স্বামিতে বর্কিন্সী খাদর। সেবামা**ত্র** তাঁর করিয়ে অস্তর ॥ ঔপপত্যভাবে জাঁহার। স্বচ্চনে। নানা বিশাসেতে ভডেন আনন্দে॥ আমরা বিধানমত বিবাহিতা। গাহস্তাধর্ম্মতে ভজিয়ে বিদিতা। অতএব গোপাগণে ভাববর। ত্রীক্ষের অভিশয় নিরস্তর । আমাদেরো হৈতে অধিক বে হয়। উপবুক্তভম সেই শুনিশ্চয়। অভএব ভাহে মাৎস্থ্যবিষয়। আমাদের কদাচিত নাহি হয় 🛭 অভি-শ্রেষ্ট-সহ নিরুষ্টঞনের। সপত্নীত্বভাৰ হইৰে কিসের ?। স্বামিনীগণের সহিত বেমন। দাসীসকলের না হয় বিমন 🛭 অপচ দে-ভাৰ-বর প্লাঘনীর। निवस्त इत्र व्यन्धितनीत ॥ আমার প্রভুর প্রিয়জনাধীন। ৰাহাত্যকারক যে হয় প্রবীণ # তবে আম্বতী-আমি মেৰীগণ।

छनि जैक्किनेएकीय कान ।

'গাধু গাধু গাধু' বলিয়া তথন।
করিলেন সকলে অন্ধ্যোদন ।
সত্যভামামাত্র তাহা না সহিলা।
মানগৃহে নীড্র প্রবেশ করিলা।
শ্রীউদ্ধর এইপথান্ত কহিয়া।
মহিলেন তবে থিরাম করিয়া।

ত্ৰি কৃষ্ণচক্ৰ হৈলা সজোধিত।
তাহাতে শবীর হইল কম্পিত।
শ্রীমন্গোপাজনা প্রাণনাপা বার।
তাঁদের প্রেমের হয় আজাকার।
সহিবারে নারে শ্রীকৃষ্ণ কংল।
অতএব সত্যভামার মাৎসর্বো।
কৃষ্ণিতে পাজিলা অতিজ্ঞোন্ধচযো—॥
মূর্যাঞ্জ সজাভিত নরপতি।
তাহার কল্লার সেইমত মতি।
বাহার কলার সেইমত মতি।

শীগোপালনারা বভিতে রসিক। স্বামীরে দিবারে আনন্দ অধিক॥ 'প্ৰথ-বিদ্যা-চ্ডামণি তায়ে। প্রিমানানভঙ্গে শ্বরী' অভিপ্রায়ে॥ করিয়াড়িলেন অভিযান রামা। বিদয়া-মধ্যেতে শ্রেষ্ঠা সত্যভামা। দাসীদেব প্রতি শেষত ভাদেশ। ক্রমের শ্রবণ করিয়া বিশে<mark>ষ ॥</mark> মান-সময়াদি অভিজ্ঞা তখন I বিচক্ষণা ত্যাজি ভূমির শয়ন ॥ উঠি অন্বধলি করিয়া মার্চ্ছন। ৰীন্ত্ৰ করিলেন তথা আগমন॥ অসমত্ত্বে মানে প্রব্রুত্যে ল**ভি**তা l স্বামির ক্রোধেতে হৈয়া ভয়াবিতা 🖡 গ্ৰম্ভ-আত্তে নিজদেহ লুকায়িতা। বহিলেন সত্যভাষা অবিদিতা।

লোরভাবিশেষ-লন্ধণেত জানি।
কোধাবেশে কৃষ্ণ ব্যক্ত কতে বাণী— ॥
অবে সজাজিত-ছব্'ভির প্রতে।।
অবে অতিশর ক্লীপচিন্ধযুতে।॥
স্বরতক্ষ হৈতে পুল্প পারিজাতে।
নারদ আনিষা দিলেন আমাতে।
সে কুম্ম আমি ক্লিক্লীরে দিলে
সেকারণ নান বেমত করিছে॥

শ্রীরাধিকা-আদি প্রপ্রজন'পরে।
শ্রামাদের প্রেম হয় ত নির্ভরে ॥
শ্রে অভি প্রপন্ন হইতেও মান।
করিতেছ তুমি তেমত বিধান।
না জানহ কিবা আমারে অবরে। ॥
প্রজ্ঞানেক্ছামুসারী নিরস্তরে ॥
ভোমা-আদি-দারাপুত্রাদি-তাজনে।
ভাম নাহি মানে প্রজ্ঞান মনে।
বদি মানে ভার তাজিলে সকল।
ভামারি শপথ করিয়ে প্রবল্গ ॥
সত্যসত্য কহি তবে এইক্ষণে।
করি আমি শীদ্র সকল ভাজনে॥
ভাতি করি ব্রহ্মা যে কহিল চয়।
বছ-প্রামাণিক-বাক্য মিথা। নয়॥

তথাচ দশমস্বন্ধে (ভা: ১°।১৪।০৫)—
এগাং থোবনিবাসিনামূত ভবান্ কিং দেব বাতেতি ন
কেতো বিশ্বফ্যাং ফলং খদপরং কুত্রাপ্যয়মূস্থতি।
সংঘাদিব প্তনাপি সকুলা খামেব দেবাপিতা,
ৰদ্মাৰ্থস্ক্তংপ্ৰিয়াজনয়প্রাণাশ্যাখংকুতে॥ • ॥

তাঁদের প্রত্যুপ্রকারে শক্ত নই। অতএব মহা-ধাণী আমি হই ॥ **যম্ভণি তাঁদের প্রীতের কারণে।** গৰন করিয়া থাকি বুন্দাবনে॥ তথাপিহ কিছু স্বাস্থ্য যেই হয়। বিচারিয়া ছেন মনে ন।হি লয়॥ আমার দর্শন-মাত্রে স্থগন্তীর। প্রেমের উদয় হইবেক স্থির। তাহাতে পর্ম-সম্রমে বিকলে। হইবেন স্থনিশ্চিত গে সকলে॥ **স্বেদকস্পাদিক** সান্তিক-বিকার। অভিশয় দেহে হইবে প্রচার। ভাহাতে অত্যন্ত মোহিত হইবে। বাহাবুন্তি মাত্রে কিছু না বহিবে । মুদ্র্ণতেহ নাহি স্ফুর্ত্তির বিরাম। ত্রীগোপীগণের,—সত্য কহিলাম॥ चाननाद्य, पश्टेमहिकामि चात्र। পতি, পুত্র, গৃহকার্যোর প্রবার 🛚 গোপীজন সব কিছুই না জানে। নে-সমৃত্তি অন্ত কাষ্য কোনু খানে। অভএব বিনা বাহান্ত্ৰসন্ধানে। স্বাস্থ্য ভাঁহাদের নাহি হবে প্রাণে 🛭

যদি কহ—মোহে নহে অক্তঞান। মম ফুব্ৰিমাত্ৰ থাকয়ে সন্ধান। ফুটিবারে বাহে হত ত দর্শন। বিগাঢ়-প্রেমের এইত লক্ষণ ॥ ফলাধিকতর তোমার দর্শনে। অবশ্ৰই **স্বাস্থ্য হ**বে গোপীজনে 🛭 সত্য বটে, তথাপিহ তাহাদের। তঃথবিশেষ-বিশিষ্ট মানসের । শ্ৰ স্বাস্থ্যচিত্ত নিশ্চিত না হয়। কিমা ভাবি-বিরহের শঙ্কা রয় 🛭 দেখিলেহ মোরে করি অকুভব। শাম্য কভু নাহি হবে সেইসৰ। আমার বিচ্ছেদে যেই চিন্তাগণ। তাহে আকুলিত তাহাদের মন। ষেমত বছল-উপবাস-পর। কীণধাতৃ—অতি কুধাতুর নর ॥ वा भारेतारे वश्वादा-ना यात्र। কিন্তু তাহা ভোজনেতে শাব্দি পায়॥ गण नरह,—ठाहार छ करम हम्। সেইমত দৃষ্টিমাত্তে স্বাস্থ্য নয়॥ ক্রীডাদিক-বারে চির-স্থমিলনে। তাহাদের হঃখণাস্তি হয় মনে । আৰম্ভ ক নানাক্বত্য-সমুচ্চয়ে। ব্যগ্রহেতু মোর চির বাস নমে। ভাবি-বিরহের করিয়া চিম্বনে। তাঁহাদের স্বাস্থ্য নাহি হবে মনে॥ তাঁচাদের হর্ষনিমিত্ত বিধান। যাহাযাহ। আমি করিমে নির্মাণ॥ ভাহে শ্রীরাধাদি-গোপিকাগণের। সভ হয় তঃখ বিগুণ মনের॥ না দেখিলে আমারে ত স্থানিশ্চয়। প্রদীপ্ত-বিরহবহি জালা হয় । তাহাতে বিকলা হইয়া নিশ্চিত। যোহে মৃতাতুল্য হয়ে কদাচিত। কথন উন্মাদ-হতা ইব হয়ে। বহুবিধ ভাব মধুর ভক্তমে। আমার পরম-স্থিমামল স্থাম-। কান্তির সূদৃশ অঞ্কারধাম 🛭 শ্ৰীগোপিকাজন দেখেন যখন। আমা-বৃদ্ধি তাহে করিয়া তখন । ग्रहरून छाट्ट करत्र चानिकन। यार् निवस्त गर्थनव मन

এীবৃহন্তাগবভামৃত

আমার দীলার ভদি কোন্ জনে। বর্ণিব,--অযোগ্য সকলে প্রবণে । ব্দতএৰ বুন্ধাৰনে মম স্থিতি। ভানিয়ে সতত সমান অস্তিতি। ৰম সন্দৰ্শনে হয়েন বিকলে। অন্তর্জান হই তাহাতে বিরলে। चमर्गत श्रम गाकुन (मश्रिमा। সাক্ষাৎকার হই সম্বর করিয়া। কোনমতে স্বাস্থ্য শ্রীগোপীজনার। না করিতে পারি—অস্বাস্থ্য আমার । অতএব মহা ঋণিও আমার। স্থপ্রসিদ্ধ আছে শ্রীগোপীজনার॥ অতএব ত্রজে না করি গমন। তন তোমাদের বিবাহে কারণ—। खीरमालिकामन-विद्यहरू यथन । ষ্প্রানগরে কৈলু নির্সন ॥ বিবাহকরণে তথা কোন-কণে। কোন ইচ্ছা ম্য নাহি হৈল মনে। ওহে মানিনি! নতুবা মণুরায়। করিতাম আমি বিবাহ তপায়। তবে অতি-বাগ্ৰ মানস ক্ষীয়া। अग्रस्टत जीयमन्त्रिमी द्विष्टा ॥ করিলাম সে বিবাহ থে-কারণ। তাহা কহি ব্যক্ত, করহ প্রবণ—॥ আনারে না পায়্যা শ্রীমতী কুমিণী। প্রাণত্যাগে বাঞ্চা করিলেন ইনি ॥ আপন আন্তির বিজ্ঞপ্তি-লিখন। করিলেন বিপ্রহন্তেতে প্রেরণ দ মমজাতে পত্রী পঢ়িলা ব্রাহ্মণ। ত্তনি যাত্রা করিলাম সেইক্ষণ 🛊 জরাসন্ধ-শিশুপাল-আদি করি। মহাত্ত-সুপশ্রেণী-দর্প হরি॥ করি-প্রভৃতিরে বৃদ্ধে করি জয়। **দেখিতে**ছে যত নরপতিচয় ॥ তার মধ্যে হৈতে হরিয়া ইইায়। ক্রতিন হইতে আনি ধারকায়। ব্যবস্থাক-কুত্যে করিলুঁ বিবাহ। নহে মন:প্রীতিহেতু সে নির্মাহ। শ্রীগোপাগণের সানুত্র কিঞ্চিত। ক অণীতে আমি দেখিয়া বিদিত। ৰহা-শোকান্তি-জনক সে দৰ্শনে। আধিকোতে স্বতি হৈলগোপীগণে।

তাহাতে পর্য-আফুলিভ-মন। হইলাম অভি বাগ্ৰ সৰ্বাক্ষণ ॥ বোড়-শসহন্র শতাধিক মত। নন্দ**ত্রজকু**মারিকাগণ যত ॥ পতিতে আমারে প্রাপ্তির কারণ। কাত্যাৰনীত্ৰত কৈলা আচরণ 🛚 তাঁহাদের কিছ দেখি নিদর্শন। किছ श्रुष्ठ कविवादा निक्र यन ॥ ভোমাদিগে ভাৰভেৱে দ্বাৱকায়। করিলাম আমি বিবাহ এপার 🛭 ষ্ণহো হে ভামিনি। শুনহ বিদিত। ব্ৰজের সে সব স্থপ স্থানিশ্চিত। মহিমার সহ আমারে তাজিল। নিজোচিত স্থানে ব্রঞ্জে রাহল। পর্মানির্বাচ্য পর্ম-মোহন। হীমন্ত্ৰ-আদি ত্ৰজবাগিজন ॥ তাহাদের সজে যে সব বিচার। চিত্র-হৈতে-চিত্র—চিত্ত-চমৎকার। তাহাতে আনন্দগাগর-তর্তে। মন মগ্ন নিত্য থাকিত শ্বরকে 🛊 ব্ৰজ্পুসম্মি ভত্ৰকালে ফিড। দিবারাত্রি কিছু না জানি বিদিত । পতনা-প্রভৃতি ছুপ্ট দৈতাগণ। অবহেলে আমি করিল মারণ 🛭 মহা ভয়ানক কালিয় দমন। क्रि. इ.ए-देश्ल देवन् निःगाद्रण । অতি উচ্চতর গিরি গোবর্ত্বন। বামহত্তে আমি করিলু ধারণ। বাল্যক্রীড়া-কোতুকেতে এসকল। क्रिजाय-गाट धानम श्रवन । অনিকচনীয় সকোদ-সাগরে। আমি হুইলাম নিমন্ন নিক্ৰে ॥ ত্রদা-ইন্স-নারদাদি আসি সবে। করিলে আমারে নানাবিধ গুৰে॥ তাদের দর্শনে আর সম্ভাবণে। ছঃখ ৰানি দেব-কাৰ্য্য-বিশ্বরণে। तोस्या-जारणा-क्र**ण** निक्रणस्य । মদনমোহন বেশের শ্রবমে 🛭 পূৰ্বে যাহা কভু না কৈনু বিদিত। তাহে সর্বাপে কৈনু সংক্ষেতিত। মহাপ্রেমভরে মোহিলু জগত। স্মাধিস্থাবৈতে নতে অভিয়ত।

महा-चकुद्राशद्रशकाह-मन । দুরেতে থাকুন ব্রহুবাসিজন। গোপসৰ আর শ্রীগোপিকাগণ 🖟 **প্রেম**ভরে করি রূপাদি দর্শন 🛭 বিমোহিত তাঁরা হয়েন উচিত। তাহা কিবা আমি কহিব বিদিত॥ আকাশ-বিমানে বিধি রুদ্র আর। ইস্ত্র চন্দ্র দেবগণ স্থবিন্তার॥ মুনি ঋষি সিদ্ধ গদ্ধব চারণ। বিভাধর-সহ অপ্সরের গণ 🖈 शानी दुर ४९भ भूश शकी भव। বুক্ষ গুলা লভা তৃণ নবোদ্ধব॥ নদী গিরি বন—যত চরাচর। সচেতন অচেতন সবিস্তর॥ তথায় আক†শে স্থিত জলধর। বায়ু-বর্ণগত বায়ু সে অপর॥ সবে প্রেমপ্রবাহোগ্রিত বিকারে। ক্লজিত হইগা নিবিধ-প্রকারে॥ ত্যাঞ্জি নিজনিজ স্বভাব সকলে। পরিবৃত্তিগুণ পাইলা প্রবলে॥ ব্ৰহ্মা-আদি দেব অতি জ্ঞানবান। অনিশ্চিততত্ত্ব হৈয়া মোহ পান।। পশুসকল পর্ম জ্ঞানিভাব। পাইল যেনত সমাধিপ্ৰভাব॥ স্থাবর কম্পেতে জন্মের গুণ। জন্ম চেতন হরি স্থির পুন॥ ব্যুনার জল হয় শিলাময়। **मिना प्रशेष्ट्र** हिया छन इस ॥ করিতেছি আর্থি স্বতি প্রেমভরে। না মানিহ এইপ্রকার অন্তরে॥ সভ্য কি অসভ্য এসব কথন। এই কালিন্দারে কর জিজ্ঞাসন ॥ उद्यक्षन-गर अध्नत-विनाग-। আনন্দের যিনি সাক্ষিণী প্রকাশ 🛊 শহ্মতিক পরিহাসবাক্য আর। নানাক্রীড়া--- সিম্বুজ্বলাতে বিহার। স্থৃত্হল এথা করিয়া অনেকে। নিজ-জ্ঞাতি-**যতুগণেৱে প্রত্যেকে**॥ ব্ৰন্ধ বিভুল্য প্ৰেম অসাধারে। নাহি হই শক্ত প্রাপ্ত করাবারে। ্গাপিকার মান—চিত্ত-আকর্ষক। যাহাতে আনন্দ.বাঢ়ে বিশেষভ ॥

তোমাসকলের মানের ভঞ্জন। ত্ত্বর আমারে হইল এখন। অভএব আমি বাধিত লক্ষায়। অতি প্ৰিয়া বংশী তাজিলুঁ এপায়॥ **ইবে** বুঝ—যথা-স্থানে সে আমার। আবির্ভাব হয় মহিমা-বিস্তার। লীলাকরণেচ্ছা তেমত-প্রকার। স্থানবিশেষেতে হয় ত প্রচার॥ হায়হায় আমি শীব্রঞ্ভুবনে। যেইসব লীলা কৈলু আচরণে ! দুরেতে পাকুক সেই লীলাগণ। অশক্ত করিতে এখা নিরূপণ॥ যদি কহ—তাহা বিনা-নিরূপণ। কদাচন নাহি হয় ত প্ৰবণ 🛭 তাহাতে স্বপ্রেমরস-বিস্তারণ। তৰ অবভার-মুখ্য-প্রশ্নেজন 🛭 কলিতে সম্পন্ন হটবে কেমনে १। তাহার ^{টু}তর করহ শ্রবণে— 🛭 স্থপ্রসিদ্ধ এক ব্যাসের নন্দন। ব্ৰজ্পোকতৃদ্য মম প্ৰিয় হন॥ ব্ৰজ্বাসি-স্থ মহাক্ৰেম্ভর-। প্রভাবেতে অতি-গদগদ-অস্তর 🛭 মম বাল্যলীলা-প্রভৃতি কিঞ্চিতে। কহিবেন শিষ্যবরে পরীক্ষিতে। कतिन् याशात कोवन त्रक्त। নিক্সপম ভার হয় গুণগণ। এমতে পর্ম গোপনীয় ভাষ়। হইবেক কলিকালেতে প্ৰকাশ ॥ যেইস্থানে ৰক্তা-শ্ৰোতা সে-প্ৰকারে। হইবেক প্রভাবেতে তথাকারে॥ কলিকালেতেও কোনকোনস্থানে। সে-রস-সঞ্চার হবেক আঝানে 🛭 এইমত ব্রক্তাগ্যের বৈভব। ক্ৰোধাবেশে কহিতেছেন মাধৰ 🛭 'মহাষ্টি-রোদন-ভাব পুনর্কার। পুৰ্ব্বমতে কিব। হইবেক ভার। এ আশকা যনে করি মন্ত্রিবর। মহিধীগণেরে সঙ্কেতিলা−পর 🏽 সভাভাষা-সহ ক্রিণী-প্রভৃতি। তথা হৈতে করিলেন অভিস্তৃতি # উদ্ধৰ প্ৰাস্থ্য চরণে ধরিয়া। রোদনের সহ বিনয় করিয়া।

শ্রীবৃহস্কাগবতামৃত

নানাপ্রকারেতে তবে শুবিলেন। অল্লে-অল্লে তাঁরে শান্ত করিলেন। প্রভুর ভোজন-মিমিন্তে ত্রিতে। আন-পান-আদি-দ্রব্যাদি-স্হিতে। **बैरिनवकी बैरिदाहिनी** रमवो चारत । আনিলেন শ্রীউদ্ধব তথাকারে। কুত্রখান বলদেবে ততঃকং।। সেইস্থানে করাইলা প্রবেশন॥ বিজ্ঞাপন তবে প্রভুৱে করেন—। 'ঘারাত্তে নারন দাঁজায়া। আছেন॥' ন্তনি শ্র্ম-অস্ত্রধানী প্রাভূবর। নারদের সব জানিয়া অন্তব ॥ অনর্থোনম্বক চেষ্টা নারদের। ভাছে নাহি হৈল উৎপন ক্রোধের। নন্দব্ৰপ্ৰজন-মৃত্যাতিল্য-। প্রকট-করণে যেখেত আলয়॥ শ্ৰীনক্ষকৰ ক্ষেত্ৰ হাস্যি:—। অন্ত কে রাখিল তাঁরে নিরোধয়া 🔊 ॥ প্রতাহ যেমত অব্যবিভয়ার। নারদ আসেন নিকটে আমার॥ ভেমত না আস্থে কেনে এঞ্জানিৱে ।। ৰায়ী কেহ নাহি নিবারিবে ভাঁরে 🛭 শ্ৰভিদ্ধন ভবে ঈষ্থ হাসিয়া। কহিতে পাগিলা প্রাঞ্চল হইয়া—॥ অপরাধভয়ে নিরুদ্ধ আভ্যে। অভিপ্রেমভরে স্থলজ্ঞিত ২'য়ে॥ তবে প্রাব্রফণ্যদেব অগ্রে গিয়া। আনিলা নারদে হতেতে ধরিয়া ৷ কৃতিতে লাগিলা আঁকুদ্দ সমগ্র—। ছে আমার প্রীতি-উৎপাদনে ব্যগ্র।॥ **७८६ औनाउम महा-ऋ**५छम । । করিলে আপনি অতি হিত মন॥ হে রসিকোত্র। লক্ষ্যনাহি কর। এ স্বভাব রসিকের নিরম্ভর । यि कर्—यहात्याः - डेंदलानत्व। रलुष्टः व शिरम—हिट कान कर्ष १ । ভাছে শুন,—প্রিয়জনের বিরছে। দাবানলতুলা বেগ মুহঃসতে ॥ ত্বস্ত-শোকের আবেশেতে হয়। व्यक्टद्र मुखाल करमा (श्रममम् ॥ ত্বঃৰমভ বৈশ্লব্যতা অভিৰয়। প্রথমে বছপি সুগাঢ়ভদার 🛚

তথাপিহ সেই হুঃখের পশ্চাতে। অথবা ভাহার পরিপাক-সাতে ॥ যে প্রমোদরাশি-শৃতি হয তার। মিলনের প্রথ হৈতে লাঘা পায়। ব্ৰদানন্দ হৈতে কোটগুণে শ্ৰেষ্ঠ। নিরম্বর হয় তাহে মম প্রেষ্ঠ। স্থনিশ্চিত মনোরম অতি প্রিয় I তাদৃশ-রসিকভন-জাপনীয়॥ বিরহজ-শোক-ছঃখ-শাস্ত্রি-পরে! চিত্ত স্থপ্ৰদন্ন সম্পূৰ্ণতা ধৰে I সংপ্রাপ্ত-সন্থোগ-মহার্রেথ যেন। সম্পরের তুল্য থাকে সদা তেন 🏾 সেইমত ভাব বাছে পুনর্বার। ५:अमरका खूब मारन दलवात ॥ প্রিপ্রতম-বির্হিঞ্জনের মনে। **ে'**-'গবি-অতাব না হয় কথনে ▮ কোনমতে যত্তপি অভাৰ হয়। পর্ম হঃবিত চিন্ত তাতে রয়॥ হিমে জালতম পদাদি শরারে। এগ্রিম্পর্নজ্ঞান হিমে হয় ধারে॥ মিথ্যা সে অনল স্পর্শন-প্রায়। পর্মকাণ্ডা মারে সভা হয় ৷ সেইমত মিখ্যা ছঃখের প্রভৌজি। সুখের সমূহ তাহে জান নিতি। যাহানিগে নাহি আমার বচন। ধ্রতে, ভাষাদের মডেও— কথন s বিরহে ভাবনা গে প্রিয়াতমের। व्यद्रगम् गाष्ठ छेलकादी ८६व ॥ কোনমতে প্রিয়জনের শ্বরণ। व्यावनमारमद भद्र काद्रग ॥ श्रानारिक-शिष्ठांशप-निष्यद्वर I কখন হৈলে সে স্থানিক্য মরণ॥ স্থাপন জীবনস্তুল্য প্রিয়ন্তনে। ক্যাপি সম্ভব নতে আত্মরণে 🛊 তথাপিছ কোন বিশেষ কারণ। স্থাতি হয় প্রতি চর্ষের জ্ঞান ॥ যেন মধ্যেৎসর-স্থিত জীবন। প্রকৃত্ত ছবের হয় ত কারণ ঃ মতোৎস্ব-আল-স্থাস্থে রভিজ্ঞা জীবনে ন' হঃ প্রহর্য নিশ্চিত ॥ দাহিস্তাদিছ:বে অভিশন্ন লোক। জীবনেতে প্রাপ্ত হয় যত লোক ঃ

সেইমত প্রেম বিনা স্থানিশ্চিত।
প্রিরজনগণ-শারণ বিদিত।
প্রথাবার অভ মহা উপকার।
করিলে আপনি—সম নাহি যার॥
অভি প্রেমসহ গোপার শারণ।
করাইলে তৃমি আমারে একণ॥
সে-কারণে আমি অভিশয় প্রাত।
ভোমার উপর হইলুঁ নিশ্চিত॥
ওচে প্রীনারদ। শুনহ বচন।
নিজাতীই বর করহ গ্রহণ॥

নিজাভীষ্ট বর করহ গ্রহণ I পরীক্ষিত কছে—শুন গো জননি।। ত্ৰনি মৃনি এই বাণী ততঃক্ষ্ লি॥ অর্থরতার কহি উচ্চস্বরে। শ্বমধুর বীণাগীতে গুব করে--- 🛚 শ্রীগোরুলজন-মনোমহোৎসব । শ্ৰীয়শোদাননকুমার কেশব 🖠 **শ্রীগোপ-গোপিকাজন-প্রিয়ত**র । **खीत्रा**धिका-चानि-(गानी मत्नाहत् ॥ মুরলীবাদন-পুশ্বিত বদন। পীতাম্ব, বন্যালাপ্রশোভন 🛚 শ্রীরাধিকা-মান-ভঞ্জন কার্ণ। নিব্ৰয় অভিশয় ভীতমন রাধাকুগুতীর-কানন-বিদাসী। গোপীগণ-মন-চোর মুহুহাসি। खीबांशावयण यमनत्याञ्च । শ্ৰীরাসবিলাসী বহা-বিধারণ 🛚 ইতাদি শ্রীব্রদ্ধকীড়াতে উথিত। **এণ-নাম-আদি স্থাদ নিশ্চিত** ॥ উচ্চমিষ্টস্বরে করিলা কীর্ত্তন। ৰৱপ্ৰদ ক্ৰফে করিলা গুবন। श्वतः धात्रादश्व प्रमान्यद्रमधीय- । তীৰ্ঘাৰ্থি মাৱাৰতী-পৰান্তীয় । সহ বিত্যাদির সম্ভাব-বিষয়ে। করিশা ভ্রমণ অভি ব্যগ্র হ'রে ॥ শ্রীমদমুগ্রহে পূর্ণার্বতা পাই সাক্ষাৎ ক্লফ্রুথে শুনিবারে চাই 🛚 পরম উভম দাতা প্রেঞ্জরে। মুনীক্র মাগিলা অতি হয় বরে।

ভগাহি বন্ধ (বুহভাগবতানুত ৭০১১৫)— জীকুকতা ক্ষাণি ভৃত্তিনত ক্যাণি ন[া] ভবতোহযু**ল্যানি ক্ষা** প্রেরি চামক্ষাভনে **। • ৷**

হে প্ৰীকৃষ্ণচন্ত্ৰ! কথন কাহার। ছপ্তি নাহি হকু কুপাতে তোমার॥ ভক্তি আর প্রেমে—আনশভাজনে। কারো ছপ্তি নাহি হকু কদাচনে॥ এত শুনি কৃষ্ণ কহিছেন পুন-। বিদয়-স্বার আচার্য্য হে! শুন ৷ কিবা বর তুমি করিলা প্রার্থন ?। অনুষ্ঠ ইহা,—শুনহ কারণ ॥ মম ক্বপা-ভক্তি-প্রেমের স্বভাব। ঐব্লপ নিতা হয় ত প্ৰভাব । 🔊 প্রয়াগভার্থ আরম্ভ করিয়া। ইতন্ততো বহু ভ্ৰমিয়া-ভ্ৰমিয়া 🛭 সর্বত্রেতে আর দ্বারকাভূবনে। বে দেখিলা আর করিলা শ্রবণে 🏻 गकरन मध्याश्व गर्स वर्ष हव । ব্দগতজনার নিস্তারকাশয় 🛭 সকলে আমার রূপার বিষয়। কিছু তারতম্য কেবল আশ্রয়॥ পুর্ব্বপূর্ব্ব হৈতে সে উত্তরোম্ভর। জানিহ ক্রমেতে হয় শ্রেষ্ঠতর 🛭 এমতে সকল হইতে শ্রেষ্ঠতা। শ্ৰীরাধিকাদিতে পর্যাবসিভতা ॥ তারতম্য থাকিতেহ স্ব-স্ব-রস-। জাতীয় স্থৰেতে পূৰ্ণিত-মানগ ॥ ভথাপি তাঁদের মধ্যে কোনজন। কোনমতে তৃপ্তি না পায় কখন ৷ निकनिक चार्माकारगात्र वर्गत । করে সবে নিজ-ন্যুনতা-স্থাপনে । অভএৰ বুঝ করিয়া বিচার। কুপাদিতে ভৃপ্তি নাহিক কাহার॥ এহেত অভীষ্টতর বরগণ। আয়া হৈতে মুনি ৷ করহ গ্রহণ ॥

প্রীকৃষাত্বহাহে তাঁর ভক্তগণ।
কদাচিত নাহি হয় ছথি-মন।
সাক্ষাৎ কৃষ্ণমূপে এই স্থবচন।
তান মূনিবর হৈলা হর্ষমন।
মৃত্য কয়ি,—বন্ধ প্রসায়ি বেমত।
আনাদিক বাসে ভিকুক, তেম ৩ ৪
আনাদিক বাদিরা সাধু বরষর।
চাহি দাতাশ্রেট নারদ ক্ষর— র্ট
হে নিজ্পার্যক্ত দানেও অক্সপ্ত।।
ভক্তজনে অভি কুপাসায়-দুর্ভ।।

এবৃহতাগৰভামৃত

অধ্যৱনাদিক আৰার আৰাস।
কিবা প্রশ্নগাধিত্রমণ-প্রশ্নস্থ ।
সকল সফল ইদানী হইল।
তব মহা ফুপাপাত্র সে জানিসঃ
তব কুপাসার-ককণার পাত্র—।
মহাভগবতী গোপীগণ মাত্র ।
সাক্ষাৎ কবিশু অমুভবোদিত।
এই বর প্রাপ্ত হইলু নিশ্চিত।
অমুগ্রহ এই উত্তম আমারে।
জানিলাম বেই তব কুপাসারে।
তথাপি ক্রদ্যে চিরকাল স্থিত।
ওবে উদারেলা। মাগিয়ে কিঞ্চিত।

ভবাতি (বৃহদ্যাগ্ৰহামূত ৭। ১২২)—
পাল পাল: ব্ৰহজনগণা প্ৰম্বাপীম্বাল,
শ্ৰীমন্নামামূহমবিবত গোকুলাক ুপিত: তে।
ভত্তৰেশাচবিতনিকবোজ্ঞ ছিতং মিইমিইং,
সকান লোকান জগতি ব্যবস্থাত চেঠা ভ্ৰমাণি 1°

वुन्नावन-सम-शन-(श्रमगाद-। দীর্থিকার বাজহংস স্থবিহার। 🛭 অবিবৃত তব শীৰ্মীনামামুত। গোকুল্যাগর হইতে উখিত । অনির্বাচনীয় বেশ-আচরিত-। गक्न इ**रे**एड (बरे फे**न्स्, फि**ड । অর্থাৎ শিধিপিক্সমৌল বিচরণ। পঞা-অবতংগ--কদমভূবণ। **পুতনাগ্ৰাণ**প শক্টভন্নন। यत्नामायस्यम् 🗎 नन्यनुस्यन् ॥ **ত্রজন্তনানন্দ** গোপীমনোহর। ইত্যাদিক নাম অমু হস্কর। অন্ত নামাধিক হৈতে মিষ্টমিষ্ট। নিরম্বর পান করিকরি ইট 🛭 জগতে সকল লোকে স্থথ দিয়া। मस्टाइटी (यन (वर्डाई खिवा।

তথাছি (বৃহত্তাগ্ৰহামূত ৭।১২০)—
ব্দীবান্তা: ক্ৰীড়া: সকুৰণি ভূবো বাণি বহসা,
দুলা ক্ৰান্তাকৈবা স্প্ৰতি কুত্ৰী: ক্ৰিচণি ব: ।
স নিত্য: শ্ৰীগোণী কুচকলসকাৰীৰ ক্লিদ,
ব্দীবান্তিয় কৰে ক্লৰভূতবাং প্ৰেষ্ডজন্ম্ ৪০৪

বুন্দাৰনসৰদ্বিনী ত্ৰীড়া তব। বাক্য-চন্দু-কৰ্ম-কম্ম-বাবা সব।

শরন ভোজন পান করাই তনয়ে। পাচে অজামিল পান ভোজন কররে ৷ এইব্রপে থাকিতে মরণকাল হৈল। তিন যমদূত আসি দরখন দিল । মহা ঘোরতর তারা বিকট দর্শনে। অজামিলে বলে ধরি বান্ধিল যতনে। দূরে খেলা খেলে শিশুপুত্র নারায়ণে। আকুল হৃদয়ে পুত্রে ডাকিল ব্রাহ্মণে ৷ বর্ষর শব্দে বোলে আর নারারণ। হেনকালে বিষ্ণুদ্ত আলা চারি জন 🛭 তারা বোলে ছাড় ছাড় আরে গুরাচার। কেন বা বান্ধিন বিপ্রে করিন প্রহার 🛚 ব্রাহ্মণের মুখে উচ্চারিল হরিনাম। তমু তোরা দঞা যাবি এত বড় প্রাণ 🛭 তা-সভার বচন গুনিঞা যমদুতে। ৰনে ভয় পেয়্যা তবে লাগিলা ৰলিতে 🛭 তুমি-শৰ কেৰা হও দুত বা কাহার। কোণা হৈতে কোণা বাহ কি নাম ভোমার ৷ নৰ খন খ্যাম ভত্ন মধুর মুর্তি। স্থ্যসম তেজ ধর নিরমল কান্তি। শব্দ চক্র গদা পদ্ম ধর চারি ভক্তে। **তেম মণি অভান্ধার শরীরে বিরাজে।** তোমা-সভা দেখি মহাপুরুষ লক্ষণ। ভবে কেনে কর ধর্মমধ্যাদা লভ্ছন 🛚 আমি সৰ হই ধর্মরাজ-অনুচর। কেন তাঁর আজ্ঞ। ভদ কর এত বড়। এতেক বচন শুনি পারিবদগণ। হাসিয়া উত্তর ভারা দিল চারিজন। ষদি তোরা হও ধর্মরাজের কিন্ধর। কি ধর্ম জানিস কহ আমার গোচর 🛭 এ বোল শুনিকা যমদৃত তিন জনে। वर्ष करह कुक भाविषम विश्ववादन । বেদমুখে শুনি ধর্ম বেদ নারায়ণ। ৰেদ ব্যাইলে ধর্ম করে সর্বজন। ৰেখ-বিনিন্দিত পথ অধৰ্ম জানিব। অভিণ্ঞনিত বেদ মূখে বিচারিব। শশী পূৰ্য্য দিবস রজনী হভাপন। शृथिवी चाकाम विक् चान त्य नवन । अ गर शर्यात गांको शर्याञ्च कारन। शर्षाशर्ष निर्वद्व द्वाद्य प्रभ व्यटन 🛚 ভঙ কর্ম করে যদি ভঙ ফল পার। পাপ-কর্ম করিয়া নরক অমুভায়॥

পাপ গুণ্য ভোগ পাপ পুণ্য অনুসারে। এক ভীৰ নানা মতে কৰ্মভোগ করে॥ ষার যেন স্বভাব বৃত্তিয়া অনুমানে। পূর্বজন্ম পাপ পুণ্য করি নিরূপণে॥ যদি বলে মুক্তি কর্ম না করিব আর। ৰভাবে কথায় কৰ্ম কি দোব ভাহার। কর্ম্মে জী আপনা বান্ধিয়া বিমোহিত। কর্মবন্ধে অনাদি সংসার নিয়োজিত। অবিষ্যা প্রাসম্ব করি জীবের বন্ধন। ভজিলে গোৰিন্দপদ ছিণ্ডয়ে তথন 🏾 नर्स धर्मयुक्त ছिल এই चक्रामिल। শাস্ত দাস্ত গ্ৰুত্ৰত সত্য দয়াশীল। দেব-বিজ-গুরুগণে করিয়া সেবন। দৰ্ম ভূত-হিত-রত আছিল ব্রাহ্মণ॥ সর্বাশান্ত্র স্থপত্তিত ধর্মপরায়ণে। এক দিনে বনে গেল বাপের বচনে॥ ফুল ফল াশ কাৰ্চ নঞা বিজবর। বনে হৈতে বরে আইসে বাপের নিয়ড় (১) 🛭 পথে এক শুদ্র সছে ছৈল দরশন। করিয়া মদিরা পান কামে অচেতন ! দাসীসক্ষে ক্রীড়া করে নাচয়ে খেলয়ে। ব্ৰলী করিয়া কোলে হাসমে চূলয়ে (২)॥ ছহার বাসন নাহি হুহে নাহি জানে । দেখিয়া ব্ৰাহ্মণ হৈল কামে অচেতনে ৷ যতন করিয়া কৈল চিন্ত সমাধান। চিত্ত নিবারিতে না পারিল হতজান (৩)॥ কামে বিমোহিত হৈল দাসী দর্শনে। কুল শীল লক্ষা ভয় তেজিল ব্ৰাহ্মণে ! যতেক আছিল ধন বাপের সঞ্চিত। তাহা দিয়া সম্ভোবিলা বুবলীর চিন্ত 🛭 চুরি করি মিধ্যা বলি কৈতৰ প্রবন্ধে। পর্জ্বর পরবিস্ত আবে নানা ছব্ছে ॥ পরপীড়া করিয়া আনমে পরধন। এভ মতে করে ভার কুটুৰ ভরণ। কুলবতী সভী নারী ভেব্বে আপনরে। কুলটার সবে তেন্দে আশ্রম জাচার 🛭 निवरि मध्योन क्वरव बाध्या। বুবলীর সঙ্গে রহে কামে অচেতন !

⁽১) পাঠান্তর,— "আহ্নশ আইসে পুন বাপের গোচর।" (২) "বলর"। (৩) "রভিষ

एक-कातरण मध्या याहे यमविश्वमादन । ব্মদণ্ড হৈলে ছিজ পাবে পরিত্রাণে ॥ এতেক বচন শুনি শ্রীহরিকিন্ধর। ষমদূতে তবে তাঁরা দিলেন উত্তর । হরি হরি এত বড় দেখিল প্রথাদ। ধর্মরাজ হঞা করে এত অপরাধ। चम्ट्या मख्या भुगामाटक भाभ ध्या। ধর্মবাজ হঞা হেন ছট্ট কর্ম করে। সকল লোকের পিতা গুরু হিতকারী। সে যদি কৃচ্ছিত (>) করে কারে ভাল বলি। কাহাতে শরণ পশি এ লোক তরিব। কাহা হৈতে ধর্মাধর্ম সংসাবে জানিব॥ শহাজনে যে যে কর্ম করয়ে আচার। সেই অফুসারে অন্তে করয়ে বেভার । পশুষতি আপনে না জানে ভাল মন। দেখিয়া শ্রেষ্ঠের কর্ম করে অমূবন্ধ। भाभ भूरना यनि नाहि यस्यत्र विश्वत । সর্বলোকে তবে এই রহিল আচার॥ এ প্রান্ধণে কৈল কোটি জন্ম পাপ কয়। হরিনাম মুখে হৈল যখনে উদয়॥ সর্ববিপাপ প্রায়শ্চিন্ত হৈল সেইকণে। নারায়ণ আয় বলি বলিল যথনে 🛭 मिवद्धारी खक्दारी वर्ग चनहाती। নারী-রাজ পিতৃঘাতী হরে গুরুনারী ! স্থরাপান গোবং যতেক পাপ করে। रति नाम উक्ठातित्म गर्भभाभ रूत्त ॥ শৰ্মপাপ প্ৰায়শ্চিত বেলে যত কছে। কছ চাক্ৰাৰণ আদি যত তঃখ সহে॥ তমু তার তেনক্রপ নহে পাপ কর। (২) হরি নামে বেরূপে পাতক নাশ হয় ॥ थीवन्टिए भाभ हत्त्र एक नटह मन। পুনরপি পাপে চিত্ত ধার তেকারণ 🛭 সর্বপাপ খণ্ডাভ্যে বাহার মনে লয়। হরিওণ গান করি স্থধিব আশম। এ ব্রাহ্মণ সর্ব্ব পাপ প্রায়শ্চিন্ত কৈল। यद्रण नगद्र इति नाम छेळादिल ॥ ছাড় ছাড় আরে দৃত খসাহ বন্ধন। অশেব ছব্নিত বিপ্ৰা কৈল বিমোচন ।

(১) পাঠাস্তব,—"বিদ্নপ।" (২) ভাহা হইতে ভবিতে নহে পাপ ক্ষা"—পাঠাস্তব।

সঙ্কেতে বা পরিহাসে বোলে একবার। হেলায় করম্বে যেবা গোৰিন্দ উচ্চার 🛭 স্বধর্মবিহীন কিংবা স্বাশ্রমপতিত। অশ্বে পাতক্ষুক্ত সম্ভাপে তাপিত। হরি হেন শবদ বোলয়ে একবার। তবে ভ নরকবাস না হয় তাহার। গুরু লঘু পাপ পুণ্য করিয়া বিচার। করম্বে পণ্ডিত জনে পাপপ্রতিকার। ভাহা হৈছে হয় সব ছবিত খণ্ডন। অধর্ম জনিত নহে হ্রদম শোধন। যত যত প্রায়শ্চিত বেদ মুখে কছে। বিনে হরি ভজিলে হ্রদয় শুদ্ধ নহে॥ অজ্ঞানে বা জ্ঞানে করে হরিসংকীর্ত্তন। সেইক্ষণে করে সব ছবিত দহন॥ অগ্নির কণায় যেন দহে কাঠচয়। এক হরিনামে মহা পাপরাশি দয়॥ ना कानिका करत्र यनि छेष्य एकन । তমু তার গুণে হয় রোগ-নিবারণ ॥ ছরিনাম এইরূপ সর্ব্ব ধর্মসার। ভোরা সৰ না জানিস হুই হুরাচার 🛚 এতেক বচন বলি পারিষদগণ। ব্রান্ধণের কৈল যমপাশ-বিমোচন। অপমান পেয়ে তিন ঘমের কিছর। সকল কছিল গিয়ে যমের গোচর। অকামিল যমদতে পাঞা প্রতিকার। চিস্তিতে লাগিল বিপ্র দেখি চমৎকার। প্রণাম করিয়া ক্রিয়া কিন্তরচরণে। कि रवान विनव विक हिस्स मतन मतन ॥ হেনকালে তাঁরা সব কৈল অন্তর্দ্ধান। আপনার চিত্তে বিজ করে অনুমান। **छ**निम टेक्छव धर्म टेक्छववम्टन । পর্ম বৈষ্ণব সঙ্গে হৈল দর্শনে ॥ সেইক্ষণে হৈল হরিভক্তি উপাদান। श्र्वापार्य हिन्दि विन करत्र अञ्चयान ॥ মুক্তি ছার অধ্য পাপিষ্ঠ ত্রাচার। আপনেই সর্বনাশ কৈলু আপনার॥ মোর কুলে কলঙ্ক রহিল এত বড়। वुषनीय गटक स्थाय मिलन गकन । সতী কুলবতী নারী আপনার তেজো। অসতী মন্তপনারী দাসী-অঙ্গ ভজে 🛭 বৃদ্ধ পিতা মাতা মোর অনাথ ছঃখিত) তা-সভা তেজিলু মৃঞি হেন ছুইচিত।

- **2 6**6

কোন গভি হৈব মোর কি হয় উপায়। অবশ্য নরক ভোগ এডান না বায়॥ স্থপন দেখিলুঁ কিবা কিবা বিভয়ান। বন্ধন খসাল্য খোর চারি বলবান # দিব্য মহাপুরুষ পরম শুদ্ধময়। থসায়া। বন্ধন মোর খণ্ডাইল সংশয়॥ এইক্ষণে কত হৈত ধ্যের ভাতনা। হেন দুঃখভোগ মোর কৈল বিমোচনা। হেন মহাজন সঙ্গে হৈল দরশনে। অবশ্য উদ্ধার হৈব ত্ন লয় মনে॥ মুক্রি ছার বেখ্যাপতি কেবল অংম। মোহর জিহ্বায় কৈল হরিসংকীর্ত্তন। ব্রহ্মঘাতী নির্লজ্জ কপট গুরাচার। মোর মুখে নারায়ণ শবদ উচ্চার । এখনে যতন করি ভব্তিব এছিরি। এ ঘোর নরকভোগ থাহা হৈতে জরি॥ ভিরি মই মায়া দড়ি মোহর বন্ধন। 🕮 হরিচরণ ভঞ্জি করিব মোচন॥ ছব্রিকপা হবিনাম কবিব কীর্ত্তন। হরিপদ ভজিব চিন্তিব অফুকণ॥ এতেক বচন বলি বিজ অজামিল। দেহমন গোবিন্দচরণে নিয়োজিল ॥ शकाचाद्य शिया देकल कृष्य-व्यादाधन। ক্রফে মন ধরি ছিল তেজিল জীবন । সেইক্ষণে চারি মহা পুরুষ আসিয়া। অজামিলে নিল দিব্য রথে চঢ়াইয়া। পতিত নিন্দিত দাসীপতি তুরাচার। অজামিল সম পাপী নাহি বলিবার॥ নারায়ণ নাম ধরি পুত্রে ডাক দিল। হেন মহা পাতকীর পাতক খণ্ডিল । हित्रनाम विदन नाहि कषा विक प्रेटे । বিনে ক্লফ ভজিলে সংসার নাহি ছুটে। অজামিল উপাখ্যান বৈষ্ণব চরিত্র। পাপহর পূণ্য কর পরম পবিত্র॥ ভক্তি করিয়া শুনে করম্বে কীর্ত্তন। (১) লা যায় নৱক নতে হয় দর্শন ! একে অজামিল তাপে মরণ সময়ে। পুত্রছলে একবার হরিনাম লয়ে ৷

ভমু ভ তাহার হৈল বৈকুঠ গমন। শ্রদ্ধা ভক্তি করিয়া যে করায় কীর্ত্তন 🛭 স্কুম্বালে সম্ভোষে যে হরিনাম করে। ভাহার মহিমা কেবা পারে কহিবারে। রাজা বলে যমনতে জানাল্য গোচরে। ষমরাজা কি দিলেন তাহার উত্তরে। তিন লোকে যার দণ্ডত্ত নাহি শুনি। তার দণ্ড ভঙ্গেত সংশয় হেন মানি॥ (১) মুনি কহে শুন রাজা কহিব তোমারে। যমদুতে জানাইল যমের গোচয়ে। এক অধিকারে আছে কত দণ্ডধর। যদি বা সংসারে হৈল বিবিধ ঈশ্বর। তবে পাপ পুণ্য কিছু নহিল নিৰ্ণয়। কোন জনা মৃত্তি পাইব কার মৃত্যুভয়-॥ যাহার ইচ্ছায় যার যেন গতি হয়। এ সব লোকের তবে দেখিয়ে সংশয়। পাপ পুণ্য বিচারিয়া তুমি দণ্ড কর। এই সে কারণে ধর্মাজ নাম ধর। এবে আর তোমার না দেখি অধিকার। এ সব লোকের আর না দেখি নিস্তার। চারি মহাপুরুষ অদ্ভুত রূপ ধরে। আসিয়া তোমার আজ্ঞা দণ্ডভঙ্গ করে 🛭 মহাপাপী অজামিলে আনিব বান্ধিয়া। ছাডিয়া দিলেন তাঁরা বন্ধন থসায়া। কি নাম জাঁহার জার। কাহার কিম্বরে। এ সৰ বিবরি প্রভু কহিবে আমারে । (২) ধন্ম ব্লাজ বলে আরে শুন দূতগণ। চরাচর জগৎ-ঈশ্বর নারায়ণ। यात्र वः अञ्चा विष्ठु रत गत्र्यत्र। ৰার মাধাপাশে বন্দী সব চরাচয়॥ व्याभि-भव वन्ही वाद्य याद्यायद्य शाटम । সভেই প্রভূর আজা পালরে তরাসে । नाटक प्रक्षि पिश्रा (यन बलप वाक्रम । সাবধান হঞা রহে গৃহত্ত্বে প্রায়। চল্ল সূৰ্য্য ইন্দ্ৰ আদি বৰুণ পৰন। আপনে বিরিঞ্চ হর সিদ্ধ সাধ্যগণ 🛭 এ সৰে যাহার মায়া বুঝিতে না পারে। সেই সে সভার প্রায় লোকমহেশ্বরে ॥

⁽১ _ रव मध्यज्ञ হয় थ जरनंत्र मानि ।" ——गोर्गस्य ।

⁽২) "এ সব আমারে প্রস্তু কহিবে সক্ষ।" —সাঠান্তর।

^{,(}১) বর্ণধান—ভৈটার পুথিতে ইহার পর অধ্যায়ু শেষ হইয়াছে।

শ্রীকৃষ্ণ-প্রেমন্তর্গিণী

ভার পারিষদগণ ভ্রমত্বে সংসারে। অলক্ষিত রূপে কেহ চিনিতে না পারে॥ ভকত-বৃক্ষণ-হেতু সে সব ভ্রময়ে। **কিন্নপে** কোণাতে রহে কেহ না বুঝয়ে॥ **ভাগবত-ধশ্ম**´ ক্বফ্ব কহিলে আপনে। **বোগীন্দ্র মৃনীন্দ্র** যার তত্ত্ব নাহি জানে। বিরিঞ্জি নারদ শস্ত্র সনৎকুমার। **কপিল প্রহলাদ স্বায়ন্ত**,ব ম**মু আর** ॥ ত্তক বলি ভীন্ন আমি জনক রাজনে। ভাগবত-ধর্ম জানে এ দ্বাদশ জনে ▮ ভাগৰত-ধর্ম কেহ না ব্রায়ে আর। পরম গোপিত ধর্ম ক্ষরণতি যার॥ এই সে পরম ধর্ম জানিবে সংসারে। ভক্তিভাবে হরি-নাম-গুণগান করে 🛭 দেখ বৎস হরিনামকীর্ত্তনে কি ফল। বৈকুঠ নগর ষায় হয়া। অঞ্চামিল 🛭 হব্রি-নাম-গুণ-কর্ম-কীর্ত্তন-শ্রবণে। স্কল ছবিত হবে বলে যে যে জনে। তারা তারা কীর্ত্তন-মহিমা নাহি জানে। হরিনামে পাপ হরে এই বড় মানে॥ যদি হরিনামে সব পাপ দূর হয়। অজামিল হঞা কেনে মৃক্তিপদ পায়॥ ৰত যত মহাজন প্ৰাথ বেদ-জড়। বিষ্ণুমায়া-বিমোহিত সে সকল নর ॥ (১) অখনেধ আদি মহা কর্মপরায়ণ। মধু পূষ্প সম ফল স্বৰ্গ আৰোহণ ॥ এই বাক্য বুঝিয়া যতেক বুধজনে। সর্বভাবে ভক্তি করয়ে নারায়ণে 🛭 ভাহাতে আমার নাহি দণ্ডে অধিকার। ব্যুপি অশেষ পাপ দেখিয়ে ভাহার॥ সর্ব্বপাপ হরে তার হরি সংকীর্ত্তনে। তুমি সৰ না ষাইছ তার সঞ্চিধানে।

নৰ্ব্বভূত-হিতে রত হরিপরারণ। তাহার পবিত্র যশ গান্ত স্বরগণ॥ কভু জানি যাহ তোরা তার সন্নিধানে। নহে কাল-ভন্ন তার যম-দরশনে। **म्कूल-প**र्मात्रविन्म यकदन्म-त्राम । সভত বিমুখ যারে দেখহ বিশেষে॥ দেহ গেছে দেখ যায় দৃঢ অহুবর। বৈষ্ণব জনের সনে নহে যার সঙ্গ। তাসভা আনিহ তাথে নাহিক বি>ার। করিহ ভাহারে ভোরা দণ্ড পরহার॥ যার ঞ্চিহ্না হরিনাম কভু না উচ্চারে। যার শির রুঞ্পদে প্রণাম না করে। যার চিত্তে কৃষ্ণপদ না করে শারণে I তা-সভারে আনিহ আমার বিস্তমানে 🛭 নারামণ পুরুষ পুরাণ জগলাথ। একবার ক্ষম প্রভু মোর অপরাধ॥ সেবকের অপরাধে প্রভু দণ্ড পাম্বে। ভৃত্য-অপরাধে প্রভু দণ্ডিতে জুয়ান্তে। নমো নমো নারায়ণ মোর নমস্কার। মোর অপরাধ প্রভু ক্ষম একবার। হরিনাম-সংকীর্ত্তন জ্বগতমঙ্গল। মহাভয়-বিনাশন মহাপাপহর॥ হরিনাম-শ্রবণ-কীর্ত্তন-গুণগানে। শুন বাছা বেদে যার মহিমা না জানে॥ এতেক বচন শুনি যমদূভগণে। নামের মহিমা শুনি ভয় পাইল মনে। আছুক বৈষ্ণবৃদ্ধনার যাইতে সন্নিধানে। বৈষ্ণবের নাম ভনি ভয়ে কম্পবানে। আছিল। অগন্ত্য মুনি মলম পর্বতে। আপনে কহিলা ভেঁহ মুনি সভাসতে॥ কহিলু তোমারে শুন রাজা পরীকিৎ। হরিসংকীর্ত্তন-ফল জগতে গোপিত॥ ভক্তিরস-গুরু শ্রীগদাধর জান। ভাগৰত আচার্য্যের মধুরদ-গান 🛊

(**১**) পাঠাস্তব,—"সব সকল।"

ইতি এভাগৰতে মহাপুরাণে বছৰুৰে প্রথমোহধ্যায়:॥ ১॥

षिठीय अध्याय ।

বরাড়ী রাগ।

ভবে রাম্বা জিজাসিল শুকদেব স্থানে। কৃষ্ণসৃষ্টি বিভারিয়া কহিবে এখনে। রাজার বচন শুনি মুনি যোগেশ্বর। সাধু সাধু বাথানিয়া দিলেন উত্তর। 200

প্রাচীনবরিহি রাজা পুরুবে আছি**ল। প্রচেত**স নামে তার দশ পুত্র হৈ**ল।** ঞ্জের ভিতর রহি সহস্র বৎসর। ক্বফ আরাধিল তপ করিয়া হুম্ব ॥ আপনে আসিয়া বর দিলা নারায়ণ। জ্ঞলে হৈতে উঠে তবে তারা দশজন।। বুষ্ণাে ব্যাপিত দেখিল মেদিনী। ক্রোধ করি মুখ হৈতে জালিল আগুনি । পোড়াঞা পুথ ীর বৃক্ষ কৈলা ভশ্মগাৎ। হেনকালে আইলা ব্ৰহ্মা ত্ৰিভূবননাথ ৷ (১) বুক্ষসৃষ্টি না পোড়াহ এই বাক্য ধর। বুষ্ণগণে কন্তা দিবে তাহা বিভা কর॥ এতেক বলিয়া ব্ৰহ্মা গেলা নিজস্থানে। হেনকালে কন্তা আনি দিল বুক্গণে॥ সেই কন্তা বিভা কৈল দশ সহোদরে । রাজ্য ভোগ কৈল দশ সহস্র বৎসুরে I **एक शुख ख**न्नाहेम एम ग्रहाएरत्र। পूर कत्य यादा विज्ञिन गरहश्रदत । ৰিবশাপে ছাগমুখ দক্ষের আছিল। সে ভত্ন তেঞ্জিয়া আর ভত্ন যে ধরিল। তবে তারা দশ ভাই ভঞ্জিয়া শ্রীহরি। অন্তকালে তত্ব তেজি গেল বিষ্ণুপূরী॥ দক্ষ প্রজাপতি পাইল রাজ্য অধিকার) নানা কর্ম করি ধুইল যশ চমৎকার 🛚 📑 তবে দক প্রজাপতি মহা তপ করি। বিদ্ধাপাদ গিরিতটে ভঞ্জিল শীহরি ৷ পুণ্য তীর্থ আছে তথা অঘ বিষর্ষণ । ত্রিকাল করিয়া স্থান পুজে নারায়ণ B ছাতি ভক্তি প্ৰণতি বিবিধ মতি কৈল। তুষ্ট হঞা বর তারে জগরাণ দিল। পঞ্চজন নামে এক আছিল ৰূপতি। ভার কক্তা বিভা কৈল দক প্রজাপতি 🛭 অসিকী তাহার নাম রাজার হুহিতা। পরম স্থন্দরী দেবী দক্ষের বনিতা। এতেকালে জনমিল অযুত কুমার। দক্ষ আজ্ঞা দিল ভারে সৃষ্টি করিবার। বাপের আজ্ঞায় তারা গেল তপোবনে। পথেতে নারদ আসি দিল দরশনে । ব্বারে রে বালক ভোরা কোন যুক্তি কর। আমার বচন ছোরা একচিন্তে ধর 🛭

এতেক বচন যদি নারদ কহিলা। পুণ্টী পৰ্যাটনে তবে সভাই চলিলা। মনে হুঃথ পাঞা তবে দক্ষ প্ৰজ্ঞাপতি। অযুত তনয় আর কৈল উভপতি॥ পৃথিবীর অন্ত লেহ পর্যাটন করি। ভবে ভোরা পাছে সৃষ্টি করিছ বিচারি॥ বাংশ আজ্ঞা দিল শুন আমার বচনে। (১) সকলে মিলিয়া কর অপত্য স্বজনে 🛭 আজ্ঞা পাইয়া গেল তাঁরা তপ করিবারে। পথে আসিয়া কহিল নারদ যোগেখরে॥ জ্যেষ্টবর্গ গেল ভোদের পুণ্টী পর্য্যটনে। ব্মাগে তার উদ্দেশ করহ ভাইগণে॥ বাপের ৰচন তবে করিছ পালন। এতেক বলিয়া মূনি গেলা তপোবন॥ এইক্লপে গেলা তারা অযুত তনয়। তুঃখ পায়্যা দক্ষ কোপ কৈল অতিশয়। ভাগত নারদ তুমি হরিভক্তি ধর। ভাল শাস্ত দাস্ত তুমি পরহিত কর ॥ (২) শাপিল ভোমারে আজি কে রাখিতে পারে। নিরবধি জগৎ শ্রমিবে একেশ্বরে। একদিন এক স্থানে নহে যেন স্থিতি। স্বীকার করিয়া লৈল মূনি মহামতি॥ ছঃখ শোক পাঞা দক্ষ রহিল আপনে। কন্তা স্থষ্টি কৈল পাছে ব্রহ্মার বচনে॥ ষাটি কন্তা জনমিল দক্ষের নন্দিরে। সাতাইশ হুহিতা তার দিল শশংরে॥ দশ কন্তা কৈল ভার ধর্মে সম্প্রদান। কণ্ডপেরে ত্রয়োদশ কল্পা কৈল দান। শিবে ভার ইই কন্তা কৈলা পরিণয়। তুই কন্তা অন্দিরাকে দিল মহাশয়॥ ক্রশাশ্বরে ছই কন্তা দিলা' প্রজ্ঞাপতি । তাকে বিভা কৈল চারি কক্সা গুণবতী। দেব দানব নাগ অপুর কিন্নর। यकै द्राक्तर পশু-शकी हदा>द । এইরপে নানা স্বষ্টে জগৎ পুরিল। কহিব কখ্যপসৃষ্টি যতরূপ হৈল॥ দিতি দত্ব কাষ্টা নাম অদিতি স্থরসা। সুত্রভি অবিষ্টা ইলা মূলি ক্রোধবশা ॥

⁽১) পাঠান্তর,—"সৃ**টি** কর নিরমাণে।

⁽২) "ভাল শাস্ত তুমি সদা প্রহিত কর।"—পাঠাস্কর।

⁽১) মৃলে "বাজোবাচ মহাম্ সোম" এই পাঠ আছে।

ভিমি তাম্রা নাম আর সরমা কুমারী। **কশ্র**পের এই ত্রয়োদশ ধর্ম নারী॥ তিমির তনম হৈল যত জলচবে। ব্যাদ্রজাতি জনমিল সরমা উদরে। স্থ্রভির বংশ পশু গো-মহিষ জাতি। ভাষ্রার উদরে হৈল পক্ষির উৎপত্তি॥ জন্মিল অপ্সরাগণ মুনির উদরে (ক্রোধবশার বংশ হৈল যত ফণধরে॥ ইলার উদরে জনমিল ভব্নগণ। স্থরসার গর্ভে জাতুধানের (১) জনম 🛭 অবিষ্টার পুত্র যত গন্ধর্ব জ্বনিল। ভুরন্ধ গৰ্দভ যত কাষ্ঠাগর্ভে হৈল ॥। मञ्जूत উদরে দানবের উপাদান । কহিব যতেক তার দানৰ প্রধান॥ দ্বিমৃদ্ধা শহর হয়গ্রীব বলবান। বিভাবত্ব শক্ষ্পিয়া অয়োমুধ নাম। অরিষ্ট কপিল আর স্বর্ভান্থ অব্দণ। একচক্র বুষপর্কা পুলোমা দাকু**ণ** । ধুত্রকেশ বিপ্রচিন্তি বিক্রপাক্ষ নাম। এইসব মহাবীর দানব-প্রধান । वृष्यवर्का मानरवत्र भर्मिक्षा क्यात्री । দিল তারে যযাতি রাজার ভার্য্য। করি (২) বৈখানর দানবের চারি কন্সা হৈল। তার হুই কন্তা বিভা কশ্যপেরে দিল॥ কালকার যভ পুত্র কালকেয় নামে। পুলোমার ষত পুত্র পৌলোম প্রধানে॥ বাটি যে সহস্ৰ পুত্ৰ দানৰ প্ৰথৱে। তোমার বাপের বাপে মারিল সমরে। অদিতির বংশ হৈল যত দেবগণ। बाहात छेमदत खन्म टेनन नातामण । সূৰ্য্য বিভা কৈল সংজ্ঞা নামে কুলবতী। ভার পুত্র প্রাদ্ধদেব মহু উতপতি। यम चात्र यमूना यमक इहे कन। সংজ্ঞার উদরে তিন লভিল জনম। ছায়া নামে তাঁর আর এক পদ্মী হৈল। তাহার উদরে শনি সাবণি **জন্মিল**। এইরূপে হৈল স্থ্যবংশের বিস্তার (৩)। ভবে রাজা শুন কথা বে কহিব আর ।

(১) জাতুধান অর্থে—রাক্স।

ত্রিভূবনে একা রাজা হৈল পুরন্ধর। স্থর সিদ্ধ বিভাধরে সেবে নিরস্তর । প্তরু অবজ্ঞানে তার 🖺 এই হইল। পুরিয়া অম্বরে ইক্রে মারি খেলাড়িল। ভয়ে যুদ্ধ তেজিয়া পলাইল দেবগণ 🚶 ব্রহ্মার চরণে গিয়া লইল শরণ ॥ ক্রপা করি উন্তর দিলেন পদ্মাসনে। তুমি সব অধর্মে মঞ্জিলে স্বরগণে। গুৰু অবজ্ঞানে তুমি কৈলে সৰ্ব্বনাশ। সেই ছিদ্র দেখি পাইল অমুরে প্রকাশ। গুরু আরাধিয়া ভারা মহাবল ধরে। এখন উচিত নহে যুদ্ধ করিবারে। গুরু বুহম্পতি তোমার কৈলা অন্তর্জান। চাহিলেহ তুমি দব ন। পাবে সন্ধান। বিশ্বরূপ নামে বিশ্ব-কর্মার ভনয়। পরম তপস্বী তিঁহো যতি মহাশয়॥ তুমি সব তাঁরে পুরোহিত করি বর। তাঁর উপদেশ লঞা তবে যুদ্ধ কর। এতেক বচন ভনি যত স্থাগণে। সেইরূপে আইলা বিশ্বরূপ বিভয়ানে ॥ দেবগণে মিলিয়া বরিল পুরোহিত। যজ্ঞ আরম্ভিল বিশ্বরূপ স্থপণ্ডিত॥ विश्वक्रम् (>) युद्ध कर्त्राहेन श्रुवमस्त्र । নারায়ণ-কবচ ধরিল কলেবরে **॥** তবে ইন্দ্র যুদ্ধ করি অমুরে জ্বিনিল। দেবগণ সহ নিজ অধিকার পাল্য॥ এইরূপে য্জু করে বিজ বিশ্বরূপে। देनवरवारण विश्वतरक निम यक्कजारण ॥ এ বোল শুনিক্রা ক্রোধ কৈল পুরন্দরে। ব্রাহ্মণের তিনি মাপা কাটিল সংরে॥ বিশ্বরূপ বিজের আছিল জিন মুগু। ইন্দ্র তাহা কাটিয়া করিল চারি খণ্ড। ব্রহ্মবধ সঞ্জিল ইক্তেরে শরীরে। ইচ্ছে চারি ভাগ করি বিভঞ্জিল তারে। ক্রম জল ভূমি আর যত নারীগণ। চারি ভাগে ব্রহ্মবধ পাইল চারিজন । পৃথিবীর ব্রহ্মবধ বিদিত উবরে। रकन वृष्वुरष् अक्षवं श्रानि नीरत ॥ (**२**) তক্ষগণে ব্ৰহ্মবধ আঠা ক্লপে বছে। নারীগণে ব্রহ্মবধ রাজাযোগে রুছে।

⁽२) "ववाणि वासाव विचा देवन महावनी।"

⁽ ৩) ইহার পর বর্দ্ধমান—ভৈটাগ্রামের পুঁথিতে নৃতন অধ্যারের আরম্ভ ইইরাছে।

⁽s) পাঠান্তর—"বিপু**ৰুর**"।

⁽২) পাঠান্তব,—"সংবাজলে" অপরঞ্,—"লানিব সে **অটে**

in-

এতেক প্রকারে ইন্দ্র ব্রহ্মবধে তরে। পুত্রবধ শুনি বিশ্বকর্মা ক্রোধ করে 🛭 বুত্র নামে অমুর স্থানিল ভয়ন্কর। প্রালয় কালের যেন জনস্ত অনল। পুষ্রবর্ণ বিকট দশন খোরতর। পদভরে ধরণী করয়ে টলমল 🛭 তিন লোক যুড়ি নাদ করয়ে গছীর। ত্তিশূল তুলিয়া বৃত্ত নাচে মহাবীর॥ **তিন লো**ক গরাসয়ে দৈত্য ত্র্দ্ধরিষ। তা দেখিয়া দেবগণ হৈলা বিমরিব॥ পরম দারুণ রণ বাজিল তখনে। বুত্র শহ মহাযুদ্ধ কৈল প্ররগণে ॥ **নমবে হারিয়া সূর পলায় সমুরে।** শরণ পশিল ক্লফচরণ-ক্মলে॥ शिया क्रम धर्ति इति मिला प्रत्न । দেৰগণ দেখি কৈল প্ৰণাম স্তবন ॥ তৃষ্ট হঞা বর দিলা প্রভু হ্রমীকেশ। শুন শুন দেবগণ কহি উপদেশ। দধ্যক পর্ম মূনি আছে মহাজন। া মাগিয়া ভাহার অঙ্গ লহ স্থরগণ ॥ ভার অঞ্চ দিয়া কর বজ্রের নির্মাণ। তবে ইন্দ্র মরিবে অম্বর বদবান। মাগিলেছি দিবে বিজ আপনার অঞ্চ। মাগিলে না করে মহাজনে আজ্ঞা ভঙ্গ । এতেক বলিয়া গেলা প্রভু ভগবান। 'ইস্ত্ৰ আদি দেব আইলা বিজ্ঞ বিভয়ান व्यनाम कतिया हेटर प्रधाक्षकति । স্থরগণ সহে কৈল আত্মনিবেদনে । **শে**শাধন মহাজন পরিহতকারী । চন্দুজান নাহি তার দেহ গেহ করি। বাপনার অঞ্চ যদি কর কর সম্প্রদান। **চবে সব স্থরগণ পা**য় পরিত্রাণ I अभिका पश्य मृति पिर्लन উखत्। মঞ্ব শরীর ধন অঞ্ব সকল। कार भंदीरत यमि ध्रुव भम भारे। চবে কেনে ভাহা ছাড়ি অন্ত কর্মে ধাই 🛭 a শরীরে হয় যদি দেব-উপকার। চৰে আমি শরীর তেঞ্জিল আপনার । এ বোল বলিয়া বিপ্র ধ্যান যোগ করি। শরীর তেজিয়া কেঁহো গেলা বিষ্ণপুরী। বিশ্বকর্মা সেই অলে বজ্ঞ নির্মিল। **শহর উচ্ছার্গ** অস্ত্র ইন্তর হত্তে দিল ।

তবে ইন্দ্র ঐরাবতে করি আরোহণ I ব্দ্র হন্তে করিয়া (>) করিতে গেলা রণ 🛚 অ**ন্তরের সঙ্গে তবে বাজিল সংগ্রা**ম। যুঝিবারে আইল যত দৈত্যের প্রধান॥ হয়গ্রীৰ শক্ষুশিরা নমুচি শন্বর I বুষপর্কা হেতি প্রতেতি খরতর। অয়োমখ বিপ্রচিত্তি বিমুদ্ধা প্রথম। মালী সুমালী আদি দৈত্য ভয়কর॥ দৈত্য দানৰ যক্ষ বক্ষ কোটি কোটি। চৌদিগে বেটিল তারা বাণ ছটাছটি॥ সিংহনাদ করি ধায় লক্ষ লক্ষ সেনা। বাছভাও বাজে উঠে ১ত্র ধ্বজ বানা। প্রাস মূলার গদা পরিঘ ভোমর। শূল পরভ খড়গা অস্ত্র খরতর 🛚 অত্ত্ৰে শত্ত্ৰে কাটাকাটি বাণ বরিষণ। বাজিল অন্তর দেবে ঘোর মহারণ। যত দেবগণ ছিল সমরে প্রচাত । অস্থুরের অস্ত্র কাটি কৈল খণ্ড খণ্ড॥ পৃথীর ভিতরে রণ হৈল ভয়ঙ্কর। নগ নাগ সকল কাঁপিল চরাচর॥ দৈত্য দানৰ যত ৰলে পরখর। তারা সব পালাইল তেব্দিয়া সমর। তবে বুত্র বলে আরে শুন দেবগণ। তোৱা সৰ যোৱ সঙ্গে কর্বসঞা রণ 🛙 সমর ভেজিয়া ভয়ে যে সব পলায়। ভার শব্দে যুঝিবারে কভু ন জুয়ায়। মোর আগে রহ তোরা করসিঞা ৰণ। আজি পাঠাইমু দেবে যমের ভূবন॥ এতেক বচন বলি মহানাদ কৈল। মুরছিত হঞা দেব ভূমিতে পড়িল॥ আকর্ণ শবদ করি বুত্র মহাস্কর। দুই পান্নে মন্দিয়া দেবতা কৈল চুর॥ ভবে দেববাল কোপে জলিল **অন্ত**রে। পেলাঞা মারিল গদা বুত্রের উপরে॥ আকাশে উঠিল গদা পড়িল উপরে। লীলায় ধরিল ধুত্র দিয়া বাম করে।। সেই গদা তুলিয়া এমাইল তিন বার । ঐরাবত-কুছে কৈল গদার প্রহার।। গদাবাড়ি ৰাঞা গঞ্জ ঘুরিতে লাগিল। ইব্ৰ সহ সাভ ধহু রণ ভেজি গেল।।

⁽১) भाशिखव,-- "धविशा,"।

অমৃত-অঙ্গুলী ইন্ত্র গঞ্জমূখে দিল I খণ্ডিল অক্টের ব্যথা গজ স্থির হৈল। क्तांध कति वर्ण वृत्व चारत श्रद्धनात । তুক্তি সে মারিলি মোর ভাই সহোদর। ব্রহ্মবধ গুরুবধ শ্রাতৃবধ করি। **ভাপনে বোলাহ ইন্দ্র দেব-**অধিকারী **।** স্থাধিব ভাইর ধার বধিব তোমারে। আজি তোমা বেঢ়ি খাবে শৃগাল কুরুরে॥(১) মোর হাপে ভীয়ে যাবে হেন মনে লয়। এইক্লপে ইব্রুকে ভর্ৎ সিল অভিশয়॥ তবে বুত্র পুরন্দরে বাজিল সংগ্রা**ন**। নাহি হয় যুদ্ধ আর তাহার স্মান। অস্কুরে অমরে বৃদ্ধ বাণ ছুটাছুটি॥ মূদার-প্রহার শিরে খড়েগ কাটাকাটি। গাঁত পাণর কেহ পর্বত পেলায়ে ।। কেহ মুখ মেলি আইসে খাইবারে ধায়ে ।। ব্ৰত্ৰে ইন্দ্ৰে তার নাহি সমতুল। গদার প্রহারে হৈল কোটি কোটি চুর॥ দেব অমুরের যুদ্ধ পরম দারুণ। নগ নাগ তিন লোক কাঁপিল বৰুণ॥ পড়িল অমুর দেব সমর ভিতয়ে। ভবে বুত্ত ডাক দিয়া বলে উচ্চশ্বরে 🛭 তোর অন্ত্রে ইন্দ্র আমি তেব্বিব শরীর। ব্দনস্ক চরণে তবে চিত্ত হৈব স্থির॥ ভবে মোর খণ্ডিব সকল ভববন্ধ। নিরবধি করিমু ভকতজ্ঞনসঙ্গ। হরিদাস তাঁর দাস দাস অহুদাস। জনমে জনমে হঞা পাকু এই আশ। यि मन करत्र कृष्क्ष्य न्याड्रत्र । ছুই কর হয় যদি সেবাপরায়ণ॥ যদি মোর বদনে গোবিন্দ গুণ গায়। যদি নারায়ণকর্ম করে মোর কায় 🛭 ভবে ইন্দ্রপদ ত্রন্মপদ যোগসিদ্ধি। সাৰ্ব্বভে পদ চাহি বাঞো মহানিধি 🛭 বৈষ্ণৰ জ্বনের সজে ৰাস যদি হয়ে। কৰ্মবন্ধে জন্ম তবে যথা তথা নহে। **এতেক** বচন বলি বুত্ৰ মহাবলী। ৰাইল ইচ্ছের ভরে শূল পাট ধরি। শূল মুখে অলিছে প্রলয়-হতাশন। শুল পাট দেখিয়া কাঁপিল ত্রিভূবন ।

আকাশে ফেলিয়া শুল মারিল অমুরে। (১) ঘুরিয়া পড়িল শুল ইচ্ছের উপরে। বছে কাটি ইচ্ছ শূল কৈল খণ্ড খণ্ড। কাটিল বুত্তের আর এক ভূজদণ্ড 🛭 হস্ত কাটা গেল কোপে জ্বলিল অমুর ৷ মারিল ইন্দ্রের গালে চাপড় নিগ্রুর। ইন্দ্রের হন্তের হজ্র থসিয়া পড়িল। (২) হাহাকার তুমুল শবদ উপজিল। তবে দেবরাজ বজ্র তুলিয়া না লয়। বুত্রামুর ইন্সকে ভৎগিলা অতিশয়॥ युक्तकाटल विवाप बीटत्रत्र न्टह धर्म । জ্ঞয় পরাজয় দেখ ঈশ্বরের কর্ম॥ কাষ্ঠের পত্তপী নাচে কুহক ইৎসায়। পত্রের হরিণ যেন বাদিয়া নাচায়। এইরূপে প্রভূ যারে যে কর্ম করায়। প্রভূনিয়োজিত কর্ম খণ্ডনে না যায়॥ পিঞ্চরের পাগী যেন থাকয়ে বন্ধনে। সেইরূপ ত্রন্ধা আদি ঈশ্বর-অধীনে॥ মুখ জনা আপনাতে করে অভিমান। খণ্ডিতে না পারে কেহ ঈশ্বর নির্মাণ॥ একজনে আর জন প্রভূ স্বষ্টি করে। আর জনা দিয়া প্রভু অক্ত জনে মারে। (৩) করমে করায় তেঁহ ভূঞ্জয়ে ভূঞায়। ব্ৰহ্মা আদি যার কর্ম্মে অস্ত নাহি পায়। এ বোল বুঝিয়া ইন্দ্র তেজ বিমরিষ। মোর গঙ্গে যুঝ চিত্তে হইয়া হরিব॥ वृत्कित वहन्युक्ति त्मव शूत्रन्मत्र । হাসিয়া ৃত্রের তবে দিলেন উত্তর॥ ং মহাপুরুষ ভকত মহাভাগ। শ্রীহরিচরণে এত বড় অমুরাগ॥ বিষ্ণুমায়া তুমি সে তরিলে মহাশয়। নহিব তোমার আর ভব-মহাভয়।

⁽ ১) পাঠান্তর,— 'বাকাশে ভ্রমাঞা শূল পেলিল অসুরে।"

⁽২) "ছুরৈকবাত্ত: পরিবেশ বুক্ত: সংবক্ত আসাত গৃহীতবজম্। হনো ততাডেক্তমখামবেজ বজ্জ হন্তার্গগুমবোন:।" ৬ ।১২।৪

⁽৩) পাঠান্তর,—— ° "একজনে ভার জন সাজায় জীহরি। ভান জন দিঞ প্রেডু ভান জন মারি।

is) পাঠান্তব,—"শকুনি শৃগালে"।

শ্রীমন্তাগবত

ত্রেষাগুণে জুমিলে অথুর ছুরাচার। এত ৰড় বিষ্ণুভক্তি দেখিলুঁ তোমার। এ বোল বলিয়া ইন্দ্র বছ হাথে ধরি। বুত্র সঙ্গে যুদ্ধ কৈল দেবমহাবলী ॥ ৰাম হন্তে পরিঘ তুলিয়া মহাস্থর। শারিল ইন্দ্রের মুণ্ডে (১) প্রহার নিষ্ঠুর 🛭 পড়িতেহি পরিঘ কাটিল পুরন্দর। ভবে পুন কাটিল বুত্রের আর কর 🖟 ছুই হাত কাটা গেল বুত্র কোপে জলে। হহুদার করিয়া পড়িল ভূমিতলে। মুখখান মেলি দৈত্য আকাশ যুড়িয়া। ঐরাবত সহ ইন্দ্র পেলিল গিলিয়া। হাহাকার শবদ উঠিল ত্রিভূবনে। बहाक्नी (एवड़ाक ना देवन अद्राटन ॥ ^ন **উদ**র ভেদিয়া ইন্দ্র বাহিরে আইলা । বজের মাপা কাটিয়া বুত্তের প্রাণ নিল। পড়িল অমুর জয় হৈল ত্রিভূবনে। ু**ভুশু**ভি বাজনা বাজে পুষ্প বরিষণে 🛚 পদ্ধর্কে সংগীত গায় অঞ্চরানাচন। অম অম শবদে পুরিল ত্রিভূবন ! এইরপে পড়িল অন্তব মহাবলী। মলে তুঃখ পাইল ইন্দ্র ব্রহ্মবধ করি॥

কি গতি হইব মোর কি হয় প্রকার। কোনমতে ব্রহ্মবধ হৈব প্রতীকার। এতেক বতন শুনি স্থর-মুনিগণে। হাসিয়া ইচ্ছের সনে কেল সম্ভাষণে॥ বিযাদ না কর তুমি তেওহ সংশয়। ব্ৰহ্মবধ করিরা তোমার কিবা ভয় ৷ অশ্বমেধ যজ্ঞ কর ভজহ শ্রীহরি। গোবিন্দ ভজিলে কত ব্ৰহ্মবধে ভগ্নি॥ পিতৃ-মাতৃ গুরুঘাতী গোবান্ধণ-ঘাতী। চণ্ডাল কুরুরভোজী হীন পাপজাতি। এ সৰ যাহার নাম করিয়া কীর্দ্ধন। অশেষ পাতকবন্ধ করয়ে খণ্ডন ॥ অশ্বনেধ করি তুমি ভঞ্জ দামোদর। হরিনাম কীর্ত্তন করছ নিরন্তর । জগত মারিয়া যদি জগতে সংহারে। সেই পাপী হরিণামে হেলে পাপে তরে॥ মুনির বচন শুনি দেব পুরন্দর॥ যুঝিয়া মারিবে বুত্রে রণের ভিতর। মুর্তিমন্ত হঞা ব্রহ্মবধ উপঞ্জিল। ধাঞা ব্ৰহ্মবধ ইন্দ্ৰে থাইবাবে আইল। অশ্বমেধ যক্ত করাইল মুনিগণে। নিরবধি কৈল ইন্স হরিসংকীর্ত্তনে । ব্ৰহ্মবধ ঘূচিল ইন্তের হৈল জয়। ব্রুবধচরিত শুনিলে পাপ 🕶 ।। ধক্ত যশস্কর পাপহ ত্রিপুঞ্জয়। ভাগবত-আচাৰ্য্য কহিল পুণাময়।

(১) পাঠান্তর,—"পুঠে^{*}।

ইতি শ্রীভাগৰতে মহাপুরাণে ষঠন্দকে দিতীয়োগধায়ঃ ॥ ২ ॥

क्लोग जाधारा ।

পাহাড়ী রাগ।

ভবে রাজা পরীক্ষিৎ ভাবিরা বিশ্বর।
পুছিল মুনির পাথে করিয়া বিনর ॥
ভামস হুরন্ত বুত্র পাপ হুরাচার।
বোনু পুণ্যে হরিডজি জমিল ভাহার।
বোনু পুণ্য হরিডজি জমিল ভাহার।
বার সম চরাচর জীব হেন মানি ॥
ভার মধ্যে পুণ্যকর্ম করে নর জাতি।
ভার মধ্যে কেচ কেচ সাধ্যে মক্তি ॥

কোটি কোটি মধ্যে কেই মৃক্তি পদ পারে।
মৃক্ত কোটি কোটি মধ্যে বিচারিয়া চারে।
তমৃত তাহার মধ্যে ভকত ত্বল ত।
বৃত্র হৈয়া কোম্পুণ্যে পাইল হেন পদ।
কহ মহামুনি তুমি ইহার কারণ।
কিরপে বুত্তের ভক্তি হৈল উৎপন্ন।
তক বলে তান রাজা কহিব তোমারে।
চিত্রকেতু নামে রাজা বিধিত সংসারে।

স্মরসেন দেশে সার্ব্বভৌষ নরপতি। আছিল তাহার দশ সহস্র যুবতী। ধন জন সম্পদ্ধ সে ছেন নারীগণে। কোণাছ পীরিভি ভার নছে পুত্র বিলে। व्यक्ति व्यक्तिया मृति अक्षात नक्ता। দৈৰবোগে তার স্থানে কৈল আগমন 🛭 আভিথ্য বিধানে রাজা পুজিল ভাঁহারে। কনক আসনে পুজি বসাল্য মন্ধিরে। পুছিলা অধিরা মূনি শুন ন্রেখরে 🕽 বস্তুরে চিন্তিত হেন দেখিয়ে তোমারে। চিত্ৰকেতৃ বলে সভ্য ৰদিলে গোসাঞি। **ৰাফ অভ্যন্তর ভোমার অবিদিত নাঞি।** জিজাসিলে তমু তুমি চাহি কহিবারে। অপুত্রের হয় কোন্ পুণ্য প্রতিকারে। এই সে কারণ হেতু মনে কিছুই না ভার। নহিল সম্ভতি মোর কোন্ গতি হয়। রাজার বচন শুনি মুনি কুপা কৈল। বঞ্চ করি চক্তস্থানী রাজাকে স'পিল। প্রধান মহিবী তার নামে ক্বতছাতি। যজ্জ ভাহারে খাওয়ার নরপতি। মূনি বলে ইহা হৈছে হৈৰ পুতাৰর। ছবিৰ বিবাদে তোমার পুরিব **অন্তর** 🛭 এ বোল বলিয়া মুনি গেলা নিজন্থান । আনন্দে রহিল তবে সুপতি প্রধান 🛭 শুভকালে ও শুভক্ণে কুমার জন্মিল। **एनिया** ब्रांखांब हिट्छ चानन रहेन । গত দান রথ দান প্ৰিবী কাঞ্চন। পুত্ৰের উৎসৰে রাজা দিল মহাধন ৷ बरत बरत भूरत भूरत चानन मक्न। সূত্য গীত আনন্দে পুরিল ক্ষিতিত্ব ॥ ভবে রাজকুমার বাঢ়িয়ে দিনে দিনে। পুত্রবেহে চিত্রকেত অন্ত নাহি জানে ! পুত্ৰ ছাড়ি তার চিন্তে অন্য নাহি ভাবে। অধনের ধন যেন হারাইলে পায়ে। পুত্রের জননী করি প্রেম অভিশয়। আন নারীগণে তার টুটিল হণর। সপত্নীর সম্পদ দেখিরা দেবীগণে। শোকে অভেতনে হৈয়া চিত্তে মনে মনে। अक्षिन ग्रक्त मिनिश शुक्ति देकन । বিৰ দিৱা বালকেরে ক্ষীর পিরাইল। শৰনে ভৰাল্য শিশু পুইৰা রাজ্যরে। बारब जाका विन वारे श्रृत जानिवादव &

ধাত্ৰী মামে পুত্ৰ কোলে করিয়া ভাকিল। (১) হাহা শব্দ করি মাতা ভূমিতে পড়িল। भिद्य क्य शिन्का कान्स्ट **डेक्टब्ट** । এ বোল শুনিরা রাজা উঠিল স্থরে। ভূমিতে পড়িয়া কান্দে চিত্রকেতু রাজা। রাজার কান্দনা দেখি কান্দে যত প্রজা। পাত্র মিত্র সামস্ত বতেক (২) পুরুজন। রাজারে বেটিয়া সভে করমে ক্রন্সন ॥ শিরে করাঘাত করে কেশ সে উফাডে। উঠিয়া উঠিয়া রাজা ভূমিতলে পড়ে 🛭 অবৃত বনিতা কান্দে যত পুরনারী। কান্দরে সকল লোক বালকেরে বেটি। শিরে করাঘাত করি করন্তে বিলাপ। কেণে মুরছিত হমে কেণে দেই ঝাপ ৷ (কতকাল বার তার নাহি অবধান। রাত্তি দিবা নাহি জানে নাহিক গেরান)। এইরূপে কান্দে রাজা শোকে অচেতন। হেনকালে ছই যুনি কৈল আগমন॥ বুঝার রাজারে তম্ভ উপদেশ করি। চিত ছির কর রাজা শোক পরিহরি॥ কে ভোমার পুত্র হয় তুমি পিতা কার। পুৰুৰে আছিলে কোণা এখন কাহার॥ লোভের ৰালুকা বেন লোভে দঞা বার। এইব্লপ সৰ জীব কালে বিচালর ॥ বীজ হৈতে বীজের জনম সভা নয়। এক বীজ হৈতে কৈছে আর বীজ হয় ৷ अक रमह देहरक चार्त्र रिम्ट्स धनन । অব্দর অমর বীজ নিত্য স্নাতন। এক হরি স্থার আর কররে সংহার। মিণ্যা জীৰ বলে পুত্ৰ দার আপনার 🛭 এ বোল শুনিঞা রাজা ভেজিল ক্রন্সন। चन्राल चन्राल देवन भाव निवादन । রাজা বলে ওছে অবধৃত বেশধর। তোমা সভা দেখি যেন মহা বোগেখর । মহাস্থলিগণ সৰ শ্ৰমত্বে সংসাৱে। জ্ঞান উপদেশ করে জীবের নিস্তারে 🛭 আমি সৰ পশুবৃদ্ধি মচ অগেরান। জানদীপ দিয়া যোরে কর পরিত্রাণ।

⁽ ১) পাঠান্তব,— "ধাইমার কোলে করি পুত্রে ভাক দিল"।

⁽२) शांठीचव-"मणामप वक ।"

त्राष्ट्रात वहन एनि छ्हे मूनीयत। আপনার পরিচয় দিলেন উত্তর। चामि त्र चित्रा मूनि बुकाद कूग्द्र। রবে আসিয়া পুত্র সাধিল ভোমার ॥ क्षिशद्य नातृत त्रि मुनित अशान। ঞিহা হৈতে রাজ্বা তুনি পাবে পরিত্রাণ। তুৰি হেন বাজা হয়া পুত্ৰেশৈকে মুজ ৷ ভক্তিপথ ছাড়িয়া সংসারধর্ম ভক । পরম বৈষ্ণৰ ভুমি পুরুৰে আছিলে | এ দেহ ধরিয়া তুমি ভুক্তি পাস্ত্রিলে। **ভক্তি** উপদেশ দিতে देशमू উপস্তে । বিকল দেখিল তোমা পুরুরে কারণে॥ তে-কারণে তখুনে না কৈলু উপদেশ। এখন যে কৃহি রাজা শুনুহ বিশ্লেষ॥ পুত্র হৈতে দেখ রাজা সভে শোক সার। মিপ্যা ধন জন রাজ্য মিপ্যা স্তুত দার। পুত্র হৈতে সভে শোক বুঝ অন্তুমানে ৷ তত্ব উপদেশ সহ নারদের স্থানে। অবিরার বচন ত্রনিঞা ন্রপতি। নারদতরণযুগে করিল প্রণতি। মন্ত্র উপদেশ তবে করিলা নারদে। অনন্ত প্রসন্ন হৈব বাহার প্রসাদে ॥ শিৰ আদি যার পদ করিয়া সেবন। শিবপদ পাইল ভ্রম করিয়া খণ্ডন 🛭 एरन चनत्छत्र मञ्ज देकन छेनातम । তৰে ভক্তিপথে রাজা কৈল পরবেশ। মরা বালকেরে তবে কছে বোগেশ্বর। ৰাপ মামে কান্দে কেন না দেহ উভ্র ॥ রাজ্য ভোগ কর তুমি বৈদ রাজাদনে। বাপের সম্ভোব কর উঠিয়া আপনে। মরা পুত্র বলে তবে তন্ নরেশ্বর। মিখ্যা কাজে কেন ছঃখ পাও নিরন্তর ॥ (>) কে ভোষার পুত্র তুমি পিতা বা কাহার। কর্ম ভোগ করে জীব শ্রমিয়া সংসাব॥ দৈৰখোগে পুত্ৰ মিত্ৰ বন্ধু সন্দ হয়ে। বিচারিয়া চাহ রাজা কেই কার নহে॥ ৰিকাইলে সোণা যেন অন্যে লঞা যার । এইরূপে দেখ জীব ভ্রমিঞা বেড়ায়।

(১) পাঠান্তব,—

যাবৎ ৰাহাতে থাকে আপন সমুদ্ধ। তাবৎ তাহার সজে প্রেয় অন্তব্দ্ধ 🎩 নিত্য নিরঞ্জন জীব অজর অ্মর। পুত্র মিত্র নাহি ভার নাহি ভিন্ন প্রায় 🛭 বালকের বচন শুনিঞা নরপজি। পুত্রশোক তেজি রাজা হৈল ব্রহ্ময়ণ্ডি। আপনার তত্ত্বাজা বুঝিরা আপনে। রাজ্যপদ তেজি গেল পুণ্য ্যধুরনে 🏾 যম্নার জলে খান জিকাল করিয়া। অনস্তচরণ পুড়ে একচিত হয়।।। रि यञ्ज नांबुह सूनि छेशालक हिल्ला। একান্ত ভক্তি করি সে মন্ত্র জুপ্লিল্ল 🖡 সাতদিনে মন্ত্রসিদ্ধি হৈলু নরেশ্বরে 🎗 গন্ধর্কের অধিপতি পদ দিলু ভারে। অনম্ভ ধর্ণীধর ভক্তরৎসূল। দরশন দিলা দীপ্ত গৌর কলেবর 🛭 প্রসন্নবদন প্রভূ অরুণলোচন। মুকুট কুণ্ডল চাক্ত স্থনীল বস্ন 🛊 যোগেক মুনীক্ত সিদ্ধগণে ছভি কুরে। নি 🕫 প্রভু চিত্রকৈতু দেখিল গোচরে 🎚 বলরাম দরশনে খণ্ডিল তুরিত। বাঢ়িল আনক ভার নিরমল চিত | নয়নে আনন্দজনু পুন্কিত অক। **थ्या**य गम गम वागी दिल खुत्रुकु ॥ তবে রাজা কণে চিত কৈল সুমাধান। দিবা শুভি করিয়া তবিল (>) বলুরাম 🎚 তুষ্ট হক্রা বলে প্রভু খন নুরেশ্ব। পুরুবে আছিলা তুমি আমার ক্রির ৄ नात्रपङ्गभात्र रिर्लू जुश्त छेबात्र। এইরপ জান রাজা অসূত্য বংস্বি॥ আমার ব ন ভূমি ধরিছ যতুরে। বেহ গেহ পুত্ৰ দার ছেল্লু একুম্নে ! ভকতি করিয়া ভূঞ চুরণ আমার। যথা তথা বহ তুমি সুখে ছ্র পার 🛭 এতেক বচন বলি প্রতু বলুরাম। অন্তরীক হঞা প্রভু কৈলু মুর্জান 🛚 চিত্ৰকেতু রাজা হৈল বিদ্যাপরপ্রতি। षिया तर्थ <u>आकारन विष्ट्र मुहाम</u>्छि । शरानमकरण जार इरल्ड छेलडू। আনন্দে বিহরে রাজা কোট্র বে বুৎসুর।

[&]quot;এতেক বচন যদি বলিল মুনিবুরে। অভবীক (গভ) হঞা করিল উল্লুবে ॥"

^() शामक्र प्रसित्।

ত্রীকৃষ-প্রেমতর্তিশী

সিছ সাধ্য বিভাধর করয়ে গুবন। কোটা কোটা বিভাগরী করমে সেবন । **দিব্যরণে চটিয়া বিহুরে বিভাধর।** হরিনাম সম্বীর্ত্তন করে নিরম্ভর॥ (১) একদিন ভ্ৰমে বাজা আকাশমগুলে। কৈলাস পর্বতেতটে দেখিল শব্ধরে॥ চৌদিগে বেষ্টিত শিষ্য মূলি সিদ্ধগণে। ুতস্ত্ৰবোগ মহাদেৰ ৰাখানে আপনে॥ দেবী দিগম্বরী কোলে হর দিগম্বর। তত্ত্ব কথা কহে শিব সভার ভিতর॥ চিত্রকেতু রাজা দেখি হাসে মনে। হেন অদত্ত নাহি দেখি ত্রিভূবনে॥ সকল লোকের পিতা গুরু মহেশর। পরম তাপদ বেশ শিরে জটাধর॥ ভিরি কোলে করি রছে সভার ভিতরে। মন্ত উনমন্ত সেহ এ কর্ম না করে॥ আপনি শঙ্কর হয়া করে হেন কাজ। জগৎ ভরিয়া হৈল এত বড় লাজ। আপনে ঈশ্বর হয়া হেন কর্ম করে। चारा य कतिरव मन कि विनव जारत ॥ এতেক বচন শুনি পৰ্বতত্বহিতা। জোধ করি বলে দেবী ত্রিভূবনমাতা 🛭 इत पृष्टे कर्म कृत्त देश गर कारन। ব্ৰহ্মা হঞা না জানিল যত মুনিগণে । (২) ইহ জানে শঙ্কর নিশ্ জ্জ ত্রাচার। ইহ সে দেখিল হরে ছষ্ট ব্যবহার॥ বোগেল মুনীল যার চরণ ধেয়ার। স্থব সিম্বগণে যার অন্ত নাচি পার 🛚 ইহা জানে শিব কর্ম করে বিপরীত। **আজি সে ইহার দঞ্জ করিব উচিত ।** ভক্ত জনের কভু নহে অহমার। ভক্তি পথে ইহার নাহিক অধিকার ।

() शांशिखत,— विदा तत्व प्रक्रिया समस्य निवस्त्र । निवदि रिवस्त्र शांत विस्तर । (र) शांशिखत,— "यहांविक ना सानिन वेट बुर्निन्न ।"

এই পাপে অমুর[্]জনম হেন হয়। এমিউ কুছিতে বৃদ্ধি কভু যেন নয়। এ বোল শুনিঞা চিত্রকেতু বিভাধরে। হুই হাত পাতি শাপ লইল আদরে 🛭 ভূমেতে পড়িয়া রাজা কৈল নমম্বার। এই সে উচিত দণ্ড করিলে আমার। অজ্ঞান-মোহিত জন্ধ ভ্রমমে সংসারে । ত্মখ তৃঃখ পাপপুণ্য ভূঞে নিরস্তরে ॥ শাপবিযোচন দেবি না করিছ মোর। এক নিবেদন করেঁ। চরণে ভোমার 🛚 এই সে কারণে দেবী চরণ ভঞ্জিলু। তুমি হেন জানি মুঞি অপরাধ কৈনু । সেই দোষ খানি মোর ক্ষমহ পার্ব্বতি। তবে হউক তব শাপে মোর অধোগতি॥ এত বলি চিত্রকেতু চলিল বিমানে। হরকথা কহে ভবে দেবী বিভয়ানে 🛚 দেখ দেবী ভকত-মহিমা-পরকাশ। ভকত জনের নাহি সুখভোগ আশ 🛚 স্বৰ্গ মোক্ষ নৱকে সমান বৃদ্ধি যার। ভোর মোর দেহ গেহে নাহি অহমার 🛭 প্রসাদ নিগ্রহে তার নাহি বন্ধ জ্ঞান। ভক্ত জনের চিত্তে সকল সমান # আমি আর বিরিঞ্চি সনক আদি করি। যাহার মহিমা কেহ বুঝিতে না পারি 🛭 শক্র মিত্র নাহি যার নাহি ভিন্ন মর্ম। वाभि-जन काहिएक ना शांति यात धर्म ॥ সে প্রভুর ভক্ত অনম্ভ গুণ ধরে। শুনিলে সাক্ষাতে যে কহিল বিস্থাধরে। भित्वत्र वहन छनि (प्रवी यहायात्रा। চিব্রিয়া বহিলা মনে বিশ্বয় ভাবিয়া। সেই চিত্রকৈতু রাজা বুত্র অপ ধরে। गात्रिम नगरत ভारत एवं शुरुक्रस्त ॥ কহিল তোমারে রাজা এ পুণ্য চরিত্র। ভকত-১রিঅ-কথা পরম পবিত্র। থক্ত পুণ্য পাপহর পর্ম পাবন। ওনিলে তুর্গতি খতে ত্রিত হরণ। ञ्जिशमध्य जिल्ह्यमञ्जूष यान। ভাগবভ-আচার্ব্যের ব্যুরস-গান।

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে বর্চক্ষে প্রেম্ভরন্দিণী তৃতীয়োহধ্যায়: । ইতি ষঠ করু সমাপ্ত: । । ।

সপ্তম কক

अथर्य जधारा ।

কানড়া রাগ।

দেবকৃষ্টি ৰ বিসৃষ্টি যভরপে হৈল। अरक अरक शक मृति नकन कहिन। দিভিগর্ভে হৈল যত দৈত্য খরতর। ছিরণ্যকশিপু রাজা দৈত্যের ঈশ্বর। 🕶 নানে দৈত্য ছিল তাহার কুমারী। করাধু ভাহার নাম পরম স্থন্দরী। ছিরণ্যকশিপু ভারে কৈল পরিণয়। ভাহার উদরে হৈল চারিটি তনয়। ক্ৰিট প্ৰহলাদ ভার ভক্ত প্ৰধান। প্রহলাদের পুত্র বিরোচন ধল্বান। ভার পুত্র বলি রাজা বলিপুত্র বাণ। শতেক ভাইর মাঝে আছিল প্রধান। अरेक्स्टन कहिन ग्वन एडिक्सा। বেরূপে অসুর সৃষ্টি হৈল বধা বধা। ভবে রাজা জিজাসিল তন মুনীখর। ব্দগতে কুষ্ণের কেহ নাহি নিজ পর॥ ভবে কেন বৈরভাব করে নারায়ণে। অন্তর বিনাশে প্রভূ দেবের কারণে। সভার হৃদরে বৈসে প্রভু হ্ববীকেশ I কি কারণে অসুর-দানবে করে বেব। কহ গুরু মুনীশ্বর ইহার কারণ। চিত্তের সংশব্ধ যোর কর নিবারণ॥ बां ३ दिन छनि छक वहां मूनि। সাধু সাধু ৰাদ করি রাজারে ৰাথানি। প্রশাম করিয়া মূনি ফক্ষের চরণে। কৃষ্ণনীলা কহে মূনি হরবিত মনে॥ পুরুষ-প্রকৃতি পর এক ভগবান। সর্বাহানে বৈলে প্রভু সর্বত্ত সমান। অসুর দানৰ সৃষ্টি হয় তমোগুণে। সন্ত তেওঁ কৃষ্টি পালে যত সুরগণে। অসুর দানবে করে জগৎ বিনাশ। তে-কারণে অমুরে হররে শ্রীনিবাস। দেব রক্ষা কব্নি করে সৃষ্টির পালন। অন্বরে সংহারে প্রভু এই সে-কারণ। আর কথা কহি রাজা শুন সাবধানে। দারণ কহিল যুখিন্তির বিশ্বমানে। জাছিল ভোষার পিতাষহ বৃধিষ্ঠির। ধৰ্মের ভনর ভেঁহ বুপভি স্থীর ।

রাজস্ম যজ্ঞ আমন্তিল নরেশব I জিনিঞা পৃথীর রাজা আনিল সকল। (एन अवि नत्रश्वि त्राष्ट्रश्विश्व । আপনে শহর ত্রহ্মা ত্রহ্মার নন্দন । गएडरे (मिन्ना (>) चारेना यक पिर्विगादा। আপনে আছেন যাথে কৃষ্ণ নিরন্তরে ৷ (২) একদিন বিশ্বর ভাবিল নরেশর। জিজাসিল নারদেরে সভার ভিতর ॥ ন্তন ভন অদভূত মুনি যোগেশ্বর। ভূত ভব্য বর্ত্তমান তোমার গোচর 🛭 জিজাসিমে যোগেশ্বর তোমার চরণে। ন্তনিৰ তোৰার মুখে সৰ মুনিগণে। এক অদভূত আমি সাক্ষাতে দেখিল। निस्नान रूका कृत्य नदर्भ देवन । [পাইতে হুল'ভ যাহা একাস্ত ভকতি। শিশুপাল হইয়া লভিল হেন গতি। জনম-অৰ্ধি বেটা ক্ৰফে করে বেব। एन वृष्टे करत कृष्क-**ठत्रर**ण व्यर्वण ॥] বেণ নামে এক রাজা তুরস্ত আছিল ! কৃষ্ণ নিশা করিয়া সে নরকে পড়িল। क्रमय-व्यविध (वहाँ) नित्न नात्रांत्रत्य । জিহবাৰ না হৈল তার কুট কি কারণে। সাক্ষাতে পর্ম ব্রন্ধ এই ভগবান I চরণে প্রবেশ বেটা কৈল বিষ্ণমান। এ ৰড় আমার চিতত্রম নিরন্তরে। व्यक्षीरभव निथा रान भवतन मकरव । কহিৰে কারণ তার মূনি মহাশর। ভোমার বচনে মোর খণ্ডিব সংশয়। রাঙার বচন শুনি মুনি যোগেশ্বর। হাসিয়া রাজারে তবে দিলেন উত্তর। অবিচারে মূচ লোক তত্ত্ব নাহি জানে। স্বতি নিন্দা পুরস্থার দেহ-অভিযানে। মুক্তি মোর বলিয়া শরীরে অহঙার। एक् बर्द बार्ट कीव वह चाननाव।

⁽ ১) পাঠান্তব,—"কৌতুকে" ।

⁽২) পাঠান্তর,----"আনের আছুক কাম ক্লফ নিবভবে"।

1

শরীর করিয়া ভার নাহি অভিযান। ৰ্ভতি নিন্দা হিংশা ভার স্কল স্মান 🛚 শবিদ জীবের ভীব প্রাস্থ মহরার। ৰও করি ছষ্ট জনে ছবিত খণ্ডার। বৈবিভাৰ করে কিবা ভয় ভক্তি ধরে। কাম লোভে কিবা তার শরারে সঞ্চরে। সকলে ভজুক যেন তেন পরকারে। ভিন্ন পর বৃদ্ধি প্রভু কাহুকে না করে। বৈরি-অমুবদ্ধে বেন হয় কৃঞ্চন্ত্র। হেন জান ভক্তিযোগে তেন গতি হয়॥ কুমারিয়া কীটে অন্ত কীটে আনে ধরি। কুটিয়া ভিতরে তারে রাখে বন্দী করি॥ কোৰ ভৱে নিৱন্তর তাহারে শব্ধরে। নিজনপ ছাডিয়া তাঁহার রূপ ধরে : বৈরভাবে নিরবধি যদি চিস্তে হরি। **কুমুগতি পামে নর ক্রফে ক্রো**ধ করি। কাম কোৰে ভয়ে প্ৰেমে গোবিন্দে ধরিয়া। অধিলে (>) অনেক গেল সংসার ভরিয়া। কামে গোপী ভরে কংস বৈরে শিশুপাল। সৰদ্ধ করিয়া যত্বংশের উদ্ধার॥ তুষি শৰ প্ৰেম করি ভত্তহ শ্ৰীছরি। ভার মধ্যে বেশ রাজা গণন। না করি॥ বেন তেন পরকারে ক্রফে ধরে মন। লেই কণে ছটে তার সংসারবন্ধন ঃ শি**তপাল দত্ত**বক্ত হু তাই তোমার। विक्रुभातियम नत्रत्यत्म व्यवजात । व्यव विवय हरे देवकुर्व हवाती। ব্রহ্মশাপে আছিল অমুর বেশ ধরি। ভবে ধৃথিষ্টির রাজা ভাবিয়া বিশায়। বার বার জিজাসিল করিয়া বিনয়। गक्न देवक्रवांगी भीमा-करनदत्र। আনন্দ-মুক্তি ধরে ভকত-প্রবল। ভা-সভারে বিপ্রশাপে কি করিতে পারে। कह मूनि এ वफ विन्यन्न देश्म स्थादन । এ বোল ওনিঞা তবে ব্রহ্মার নক্ষন। কহিলা ৰাভাৱে তবে ইহার কারণ (২) শ্রবার কুষার চারি সনকাদি করি। এক দিন গেলা তারা বৈত্র পরী

পঞ্চ বরিষের শিশু ভারা দিগম্বর । প্রবেশ করিলা তারা বৈকুর্গ নপর । বারেতে নিবেধ করি রাখিল ওয়ারী। মুনিগণে শাপিল তাহারে ক্রোধ করি 🛭 হেন ছষ্ট বৈকুঠে (১) থাকিতে না বুয়ায়ে 🛊 অধোগতি অমুর-জনম যেন পা**রে ৷** তিন জন্ম ধরিব অস্থর-কলেবর। তবে গুছ হৈল ছই পারিবদ বর॥ সেই ছই পরিষদ প্রথম জনমে। হিরণ্যকশিপু আর হিরণাক্ষ্য নামে । ৰিতীয় জন্মতে সেই পুরুষ প্রধান। ধরিল রাবণ আর কুম্ভকর্ণ নাম ॥ তৃতীয় জনমে জয় হৈল শিশুপাল। विषय क्रिन म्ख्यक नाम यात्र। আপনে করিয়া সরসিংহ অবভার। হিরণ্যকশিশ্র দৈত্য করিল সংহার॥ বরাহ-শরীর ধরি প্রাভু গদাধর। हित्रशाक वर देकन बदनत छेलत ॥ রামক্রপে কুম্ভকর্ণে ব্ধিলা রাবণে। শিশুপাল দম্ভবক্তে মারিলা তখনে 🛭 মহাভাগৰত পুত্ৰ প্ৰহলাদ আছিল। যাহার নির্মাল যশে জগৎ পুরিল 🛭 হিরণ্যকশিপু রাজা বহু পরকারে। মারিতে উপায় কৈল প্রহলাদ কুমারে। শাৰ দান্ত সৰ্বভূতহিত দয়াপর। হৃদরে বৈশয়ে তার প্রভু গদাধর॥ गक्न छेना में बार्च देशन अदक अदक। পুত্রকে মারিতে না পারিল কোন পাকে 🛭 এ বোল শুনিঞা তবে রাজা যুখিষ্টির। পুছিল মামের পায় বিনয়ে স্থবীর। ৰাপ হয়া পুত্ৰে কেন মারিতে ইচ্ছিল। কোন পুণ্যে প্রহলাদের ভক্তি জ্বিল। রাজার বচন শুনি কছে মুনীশর। সাৰ্ধানে শুন বাজা হুইয়া তৎপুর 🛚 हित्रगाक तथ यकि देवन शराधद्य । হিরণ্যকশিপু ভবে অলিল অস্তরে। আকাশে তুলিয়া হাতে ফিরার ত্রিশুল। इन्टन इनन शिख वानस निहेत । क्कूषि-कूषिम यूथ ऐक्छ नद्दान । উচ্চস্বরে বলে রাজা তবে মন্ত্রিগণে 🕨

^{(&}gt;) गांडीक्त,—"लिथन"।

⁽२) शांतीचन,---"क्षिण वांबान चंत्र गर निनन?" ।

⁽ ১) পাঠাক্য,—"এপাডে"।

440

আরে আরে হর্মনীৰ বিমর্ম সর্বর'। শতবাহ ত্রিনয়ম নমুচি ইয়াল 🛊 আমার বচন ভৌরা র্ডন সাবধানে। षाका गमा (भएव क्ये क्रिटेव बॅर्फेटेन 🗈 **অন্নৰাতি দে**বগৰ্ণ ৰুপটে প্ৰথৱ। কপটে মারিল মোর ভাই সহোটর 🛊 ৰূপট চতর ক্রফ নানা মারা জালে। গোপতে সভার চিত্তে থাকৈ সাবধানে ۴ কপটে ধরিয়া হরি বর্মাই ধ্রতি। মারিল আমার ভাই অতুলশক্তি I হৃদয় বিদ্ধিব ভাঁর মোর এ জিপুলে। ভাইর তর্পণ তবে করিব ক্লীবিরে नकन (मरवत मृशे क्षेट्रे नांत्राक्ष । **छोहो**दक गांत्रित्म बंदेव गर्वे स्ववंशि ॥ **এই সে উপারে ক্লেফ্ করাব নিষ্ম।** কাটিব পাছে: সে কিবা ডালে প্রায়োধন 🛊 ধবণীমধালে ভোৱা শীৰ্দ্ৰগতি চল । ত্তপ যক্ত দান ব্রন্ত গো ব্রাহ্মণ মার । त्व त्व त्वर्म (जा अभिन चेथम चीठाँके। তে তে দেশ শুটিয়া পোড়াহ বার বার্য 🛭 श्रम्बाम क्रम (पर-शिक-श्रामणे । जब माब्रिटन एक्टना मदेव नार्वाचंग ॥ ব্রাক্ষার বচন শির্রে ধরি দৈত্যগণে। আসিয়া পৃথিবীভাগ কৈটা পৰ্যাটনে ॥ গো ত্রাহ্মণ মারিল ভাজিল পুরগ্রার্থ। কাটিয়া প্রাচীর পুর কৈল খানখান। কাটিল ফলিত বুক ভাবিল নগর। সুটিরা পুটিরা লোক নাশিল সকল। স্বৰ্গমন্তা পোড়াৰা। লুটিয়া ছৱ কৈটা। দান ত্ৰত তপ যক্ত সকলি নাশিল। দেবগণ নররূপ ধরিষা গোপতে। পুথিৰী ভ্ৰমনে তারা হঞা অলম্পিটে 🛭 हित्रगुक्भिश्र त्रांकी हिन्दि गटन गटें। ভ্রাড়পরলোকর্ম করিল বিবানে। ৰদ্ধগণ দিভি ৰাভা শোকেতি ব্যাকৃণি ভা-সভা প্ৰবোধে রাজী তথ্ কথা বলি। মা করিছ শেকি যাতা ওল বছগণ। श्रुखबात गरदबार्ग चानिह चकेत्रिन । ব্দাছতে লোক বেন মিলে এক ঠাঞি। कान विश्व (क्यें) 5रण **क्रें**कें ने नी नीहैं।" **এইমণ্-স্বতহা**র-জানিছ সংৰোগ। मा पानिका चकातरन करत्र दृश्य त्याको।

निका निरम्भ भीर्व चौर्व गर्वेश्वां। যারার শরীর বারে মার্লর তেজি 🖹 তৰূপণ কাঁপে বেন জলেয় কন্সলৈ। श्रियो समाम द्यम औषित्र समार्थ । अरेक्स न बार्बीके हर्यन यम यहि। मत्मत्र **अर्देश्य (मर्ट्स की**रवर गरगेरिया সংযোগ বিষোগ শৌক জ্বনম বিনাশী এ সৰ জাদিহ মাতা কৰ্মের বিলাগ। कत्रिया विविध कर्ष विविध क्षेकींट्य । স্থুখ ছ:খ শোক মোহ পায় নিয়ন্তরে। কছিব ভোমারে মাঁতা পুরুষ কঁণ্ঠ। यग दाका (यं केंटिना खेलार बहैन) चाष्ट्रिम ऋषकं नार्टमं रोका उनीर्मदर । विश्वगत्न त्म बाब्यादेव मार्विष्टं नगर्दे ॥ আছিল যতেক তার পার্ত্ত মিত্রগর্ণ। রাজারে খেডিয়া ভারা করমে অন্দিন । नाबीशंटन नानाकरण कर्दा विमार्थ। শিবে কঁর হানিরা কররে কচবাত। विविध विभाषी करत कक्षण (श्रीमेर्ट्स । রাজার শরীর ধরি রাখিল যতানে খ পোড়াইতে না দিল রাজার কর্ণেবর। রাত্তি পরবেশ অন্ত গেল দিনকর। আপনে বালক হই যম ধর্মীয়াজে। আসিয়া কছিল সেই নারীর সমাবে। ত্মি-সৰ আমা হৈতে বয়সেতে বড়া ভোষা সভা ঠাঞি যোৱ বৃদ্ধি কন্ট দট্ট 🖫 🤇 🥬 দেখিয়া গুনিয়া শোক কর আঁকরণ। ষধা হৈতে আইনে তার তথার সমন। क्रमक क्रममी (यांत्रे देशन विकेशार्म । ভাহাতে আমার শৌক নাহি অকার্যশৈ 🖫 ব্যান্তে নাহি ধায় আমা হস্তিতে না মার্ট্রে। সেই বাবে যে বার্ষিণ গর্ডের ভিউরে । बन्नर राजती थाकु निर्देश गरेहादि । আপন ইচ্চাৰে ভীৰ বৰ্ষ বা কৰে"। প্রভ বাহা করিবে তা কে করিবে খান। এ বোল ব্যায় চিত্ত কর স্থাবান । देवटन नाहा हार्टन छोड़ा भीटन ना हार्दाहा। देवटन ना बाबिटन वेख करवे नाने वाहें।

⁽১) পাঠাছর,— "ভূমি সৰ আনা হৈছে ব্রুসে আগল"। । ভোষা সৰ চাহি আমি বুঁৰি কঠাৰ্ড্সি

অনাথ বাসক হুৱে বৃদ্দি বৈলে রূবে। त्नहे वत्न कीरब यवि बार्ट्स ना**बास्ट्र** । ৰম্বগণে রাখে যাতে মরের ভিতরে। প্রভু যদি না রামিব সেহ মরে মরে এ কর্মফলে এক হেতে একের জন্ম। रेपनरवारा अहक टेहरक अस्क्य गर्म। শরীরে শরীর ক্ষঞ্জি শরীরে মারম। জীবের তাহাতে কিছু নাহি মপুহুর 🛭 কাঠে হৈতে যেন ফ্লিব্ৰ ছেপ্লিৰে আন্দা। এইরপ ভিন্ন জীব ভিন্ন কলেবর॥ কাহার কারণে খোক কর এত বড়। স্থপন সদৃশ দেখ অস্ত্য সকল ! আর এক কথা কহি স্থির কর চিছা। অরণ্যে দেখিলে এক ব্যাধ আচমিত 🕽 ি সুখন না খনে কিছু না করে উত্তর। ভূমিতে প্ৰক্ৰিয়া আছে ময়া কৰেবর 🛚 । কাহার কারণে শোক করা এক বৃদ্ধ। বপন সদশ দেখ অমৃত্য সকল 🛚 আর এক কথা কৃতি স্থির কর চিড। অবণ্যে দেখিল এক ব্যাধ আচ্ছিত ! বিপিনে পাতিয়া আৰু নানা পাখী মাতে। (मिथिन कुनिक छूटे (हम अवस्**द्र** । অন্তব্যন্তে পাতিল বিষয় জাল মড়ি। কু शिषी পৃথিব তাথে লোভেতে ব্যক্তি। তা-দেখিয়া কুছিল আকুল্ডিক হই। ভূমিতে পড়িয়া কাল্লে হুঃধ্ শ্লোক প্ৰাই । কে নিল বংগী মোর সভী পভিব্ৰকা। কার সনে বঞ্জির কুছির কারে কথা ! কি মোর শরীরে কাছ কি ভার্যা জীবনে। **ट्न नाती गरत याद श्रीद्र शकावर्ग** । ৰাগাতে আছমে মোৱ শ্লিক প্ৰক্ৰমণ । কেমনে করিব ছার গোবল গাল্পন गारबद विनय कादा होटर अरु पिछ । क्रिक बानक काड़ा साथा नाहि हिंदी **এरेक्टल काद्रस शक्त होता शतकाद्र ।** वृष्टे बार्य गासिक विकिता शक्त लेखा । এইরপ স্কল অনিত্য করি জান। ব্ৰথিয়া বিচার কবি চিত্তে অন্ত্ৰ্মান। এতেক বচন বলি বম অধিকারী। অন্তরীক হঞা তিঁহো গেলা নিজ পুরী ৷ মন্ত্রিগণে নারীগণে কুরিয়া বিচার। রাভার শরীর সন্মা করিল সংকার।

कीर कांत्र भव्य भिवा सदह खिन्न भात्र । गर्वतः गर्मान कीन चक्का समय । খনহ জননী স্থন্ত খন বছৰণ। ভত্তে চিড ধরি শোক কর নিৰারণ ম পত্রের বচন ভূনি দৈত্যমাতা দিভি ৷ শোক পরিহুরি কৈল তক্তে শ্বরগতি॥ हित्रग)कथिश्र रेक्स हिएक व्यक्तमान । व्यवत्र व्यवत्र देश्व महातम्बान ॥ জগতে হৰ্জ্জয় হৈৰ জ্বিভ্ৰন-রাজা। আমা বিনে জগতে নহিব কার পুজা ! সংকল্প করিয়া এই মহাদৈতেঃখন। তপ করিবারে গেলা বনের ভিতর ৷ মন্দরপর্বতগুহা পরবেশ করি। নিবাচার নিরালম্ব উর্চে বাছ শরি । বামপদ অনুসী পর্নি ক্ষিতিতল। উর্জ নয়নে তপ করে নির্ভ্য 🛭 হিরণ্যকশিপ্র তপ করে এই মনে। ব্ৰদ্মৰ কুটিয়া উঠিল হভাশনে ॥ তিন লোক ঘছে যেন প্রকার অনুস। নদ নদী ভক্ন গিবি কুভিত সাধর। সপ্তৰীপ সহিছে কাঁপিল ভ্ৰমিতল। খিসিয়া পড়িল সব নক্ষত্তে মঞ্চল । **१भ पिश क्रिम मैं िम जिल्हान ॥ ज्या (एवं देनल शिक्षा जन्दांत्र भंदर्थ ।** निर्विष्म (प्रकार्त बन्धांत हत्र्रम् । व्याणां पश्चिम रेमका क्रबन्क्समहम् । যাবৎ সকল লোক নাল নাহি মার। ভাৰৎ ৱাখিতে ছোহক কর্ছ জলায়। কি কৰ চৰুণে গোলাঞি সংকল ভাহাৰ। তিন লোক অপোচৰ নাছিক কোমার ৷ তমু আমি-সৰ কৰি চৰণে গোচৰ ! বিচার করিয়া পাছছ বুঝা সকল ॥ তপ অমুভাবে ক্রমা দ্রগৎ ক্রমান সভার উপরে মুক্তানোকে বাম কৈল II चार्गान क्षेत्र इक्षा करत्र ठाक्रवान ॥ চৌদ ভূবনে য়ার এক শ্ববিকার। ততকাল ধরি তপ করিব নিক্ষয়। বতকালে অধ্যান্ত মোর সিদ্ধ হয় 🛦 আনে আন বৃদ্ধিৰ খাল ধৰ্ম ৷ धीनदार नदर (पन स्मेंड ध्यम मार्च । ()

হেন শুনি এই তার সংকর নিশ্চর। আপনে বুঝিয়া কর যে যুগতি হয়। নেবের বচন শুনি কমল আসন। আশ্বাসিয়া পাঠাইল সব স্থবগণ 🛚 আপনে চলিলা ব্ৰহ্মা গেলা সেই বনে। ষণা তপ করে দৈত্য তীর্বের আশ্রমে । বল্লীক পিপডে তার খাইল-কলেবর I ভাহার উপরে হৈল বন্ধীক টীকর 🛚 খাস বাঁশে ভাহার উপরে মহাঝাড়। মাংস শোণিত নাহি মাত্র আছে হাড়। অন্তত দেখিয়া ব্ৰহ্মা হংস সে বাহন। বিশ্বয় ভাবিয়া ব্ৰহ্মা বলিল বচন ॥ উঠ উঠ ভারে বাপ হৈল তপ সিদ্ধি। বর দিব বর মাগ শুন মহাবৃদ্ধি হেন অমভূত নাহি দেখি কোন কালে। ৰক্ষীক পিপড়ে তোর ভবিল শরীরে। হাডের ভিভরে প্রাণ রহিল প্রবেশি। ছেন তপ করে ছেন কে আছে তপন্বী॥ (>) শতেক ৰৎসুর তুমি আছ নিরাহারে। ছেন ভপ করে হেন (২) শক্তি কাহারে।। তুষ্ট হৈৰু বর মাগ দিতির নন্দন। ৰত বর মাগ তুমি দিব এইকণ।। এতেক বলিয়া ত্রন্ধ ক্যওপুর্বলে। অভিবেক কৈল সেই টীকর উপরে।। **উঠিলা** টিকর হৈতে দিব্যকলেবর । তপত কাঞ্চন বেন জলত আনল। সন্তবে দেখিল ত্রনা হংসের উপরে। মঞ্জৰৎ হয়। দৈত্য পড়িলা সম্বরে।। নানা স্বতি কৈল দৈত্য কর যুক্তি শিরে। নম্বনে আনন কল পুলক শরীরে।। ৰৰ ৰাগে দৈতাৱাত গদগদ বাণী ! মোর বর কহি প্রভু শুন পদ্মবোনি।। ভোষার ক্**জিড** যত আছে চরাচর। ভাহা হৈতে কর মোরে অজম অমর !! ष्टियम त्रवनीकारम **अव**त वाहिरत। অত্তে শত্তে না মরিব না ভূমি অহরে। নর মূপ স্থরান্তর উরগ কিমবে। বোর মৃত্যু নহে বেন ব্রহ্মাণ্ড ভি**ত**রে । ত্রিস্থানে রাজা করি করছ স্থাপনে। মোর সম মুদ্ধে বেন নছে কোন জনে 🛭

দৈত্যের বচন শুনি ব্রহ্মা স্থরেশর। **जुड़े रह्या बिन यक त्य गांतिन बत्र ।** যাগিলে তুর্ল ভ বর দিভির নক্ষন। ভবু বর দিলুঁ ভোৱে সম্ভোষ কারণ॥ এতেক বলিয়া ব্ৰহ্মা হংসপ্ৰেচি । অন্তরীক হঞা তবে গেলা নিজপুরী। বর পেয়া দৈতারাজ বলে কোন বাণী। সেনাপতি সভে আন ত্রিভূবন ঞ্জিনি। স্থবাস্থর নরপতি গন্ধর্ব কিন্নর সি**ছ** চারণ যক্ষ রক্ষ বিদ্যাধর ! সকল জিনিঞা বশ কৈল ত্রিভূবন। ठस पूर्या देख किनि **किनिण প**रन । কুৰের বরুণ জিনি যম লোকপাল। ত্রিভূবনে স্থাপিল আপন অধিকার 🖡 বিশ্বকর্মা আনিয়া নির্মল দিব্যপুরী। ত্রৈলোক্য সম্পদ ভোগ করে মহাবলী। বিক্রম-সোপান-ঘর মরকত-ম্বলে । ক্ষটক নিশিত গুম্ব সূৰ্য্য বেন জলে। ৰিচিত্ৰ বিভান পদ্মরাগ সিংহাসন। পর:কেন সম শব্যা মুকুতা-তোরণ ॥ বছমূল্য রত্ন মণি হেন পরিচ্ছদ। একত্র করিল ত্রিভূবনের সম্পদ 🛭 ললিভ লাবণ্য রূপ স্থুরবধ্গণে। রতনে ভূবিতা করে দৈত্যের সেবনে। (১) হিরণ্যকশিপু রাজা ত্রিভূবন জিনি। আসনে বসিলা যেন দীগু দিনমণি। ত্মরাত্মর করে যার (২) চরণ বন্দন। কেবল প্ৰতাপে ৰশ হৈল ত্ৰিভুবন॥ বিবিধ সম্ভার দ্রব্য দিয়া স্থরগণ। চকিত নৰনে করে চর্ণ-বন্দন 🛭 তত্বৰ নাৱদ গীত গায় স্থললিত। সিত্ব অবিগণ স্থাতি করে সচকিত। দেবের নাচনী নাচে দেখিতে স্থন্ত। বিবিধ বাজনা বাজে অতি মনোহর 🛚 নানা যক্ত করিয়া ত্রান্মণে ভারে যকে। নানা ধর্ম কর্ম করি সর্বলোক পুজে 🛭

⁽১) भागांचर,—"त्वरा चाहरत उनकी।"

⁽১) পাঠছৰ:---

[্]রণিত নৃশ্র পারে অরবযুগণে। ললিত লাবণ্য স্থপ রতন ভবণে।

⁽ **१) গাঠাজহ**—'ভার'।

সপ্তৰীপা ধরণী আপনে শশু ধরে। নানা অদত্ত হৈল আকাশ উপরে (১)। সাত সমুদ্রের আনি রতনস্ঞয়। তরকে তুলিয়া দেয় মনে পেয়্যা ভয় 🛭 नाना क्ष कन दम जिन क्रमगर्व । পুরিল পর্বভগণ মাণিক রতনে 🛭 ৰাস্থকি তক্ষক আদি ফণধরগণে। দিৰা রত্ন মৰ্ণি (২) আনি ৰোগায় বতনে 🛭 হিরণ্যকশিপু একা ত্রিভূবনে রাজা। প্রবাস্থর মূনিগণে করে ধার পূঞা। এইক্লপে করে দৈত্য রাজ্য অধিকার। ছঃখ শোকে সর্বলোক রহে সর্বকাল । रेख चारि तरव यिन इक्ष जात्राधिन। বছৰিধ প্ৰণাম বিৰিধ স্থতি কৈল। নিরাছারে নিরালম্বে কৈল উপাসন।। অন্তরীকে বাণী হৈল আকাশে বোষণা। আরে আরে স্থরগণ ভম্ন পরিহর। হিরণ্যকশিপু করি শকা নাহি কর ৷ আমি ভালে জানি দৈতা হুই হুরাচার। আপনে ভাহার আমি করিব সংহার 🛚 (🏓) মরণ অবধি তার আছে কপে দিন। পুত্র অপরাধে মৃত্যু পাবে মতিহীন॥ বেদ-দেব-নিন্দুক বে গো ব্রাহ্মণে হিংসে। নিকটেই হয় তার মরণ সবংশে । একাস্ত ভকত পুত্র হইব ভাহার। প্রহলার ভাহার নাম বিনিত সংগার । আমার ভকত পুত্র দেখি দৈত্যপতি। মারিবার তরে ভারে করিবে শক্তি॥ আমার স্থপায় তার নহিব মরণ। মারিৰ অন্তর্রাক্ত সেই সে কারণ । শুর্ধকু-বচন শুনিরা দেবগণে। আনন্দে চলিয়া গেলা আপন ভূবনে।

জনমিল তার পুত্র প্রহলাদ কুমার। সভাসন্ধ জিতেজিয় ধর্ম অবভার 🛭 শাস্ত দাস্ত সর্বাভূতহিত বিষয়কর। **পিত্**তুলা দীনজন পরিআণপর ॥ माग्रुमा गांधूकन-চর्পरम्यतः । याङ्कुमा विश्वपम रेडे म्हान्टम् ॥ গুৰু আৰাধনে কৰে ঈশ্বর ভাবনা। কৃষ্ণ বিনে চিত্তে নাহি অম্ব উপাসনা 🛊 জিতকাম জিতজোৰ ছি**ন্ন-মোহজাল**। দৈত্য ঘরে হেল হেন প্রহলাদ কুমার। যার যশ মহাজন স্থরগণে গার। গণিতে মহিমা বার গণনে না বার (>) # প্রবাস্থর-সভাষে যাহার ওপ গান। উপৰা করিতে যার গুশের বাধান। একান্ত ভকতি যার গোবিন্দচরণে। वान कीज़ हाज़ि कुक वित्त महम महम ॥ জড় উনমত বেন ভূত অধিষ্ঠান। কিব্লপে কোণাতে থাকে নাহি অবধান। শয়ন ভোজন পান পৰ্য্যটন কালে। किছ्हें ना जात्न निख गर्गा विख्तान ॥ কণে হাসে কণে কান্দে আকুলভাৰ। ক্ষণে উন্মাদ উঠে ডাকে অভিশৱ ৷ উন্মত হয়া কণে নাতে কণে গায়। ক্ষভাবে গ্ৰন্থ চিন্ত আন নাহি ভাষ। ফণে কৃষ্ণধ্যানেতে করমে আলিছন। ত্তক হয়া বহে শীকি ৰাজ শঙৰণ। নয়নে আনস্বজন পুনকিত অচ। তিল্যাত্র নাহি কুফ্-দর্শন ভব্দ । হেন পুত্ৰ মহাভাগৰত গুণনিধি। हिद्रशाकनिश्र द्रांका हिश्मिन कुर्हि ॥ ভক্তিরস্কলা গুরু পদাধর জান। ভাপৰত-আচাৰ্ব্যের মধুরস-পান।

हें जि जी जागरक महाभूतात्म गर्धमद्यक् वाष्ट्रमाहनामः ॥ > ॥

⁽১) भाष्ट्रांचरः—"बाकानमञ्जन"।

⁽२) शांशखन,—"बाना"।

⁽ ৩) পাঠান্তৰ,— "পুত্ৰ হৈতে হয় শীষ সৰণ ভাহায"।

⁽১) পাঠান্তব,— "বাৰ বশ মহাজনে কবিগণে গায়। গণিতে মহিমা তাৰ ওব নাহি পায়।"

षिनीय व्यथाय ।

बाननी वांग।

তবে যুধিষ্ঠির রাজা ধর্ম্মের তনর। এ বোল শুনিঞা চিন্তে ভাৰিল বিশায় ! হেন অম্বত নাহি শুনি কোন কালে ৷ ৰাপ হয়। কেহ পুত্ৰে বিনাশিব বলে॥ পত্রে দোবে পেয়া বাপে করয়ে ভাডনে। ধর্ম উপদেশ দিয়া বুঝার বতনে । সাধু পুত্ৰ প্ৰহলাদ কেবল ঋণময়। ৰাপে কেনে কৈল তার মরণ সংশয় 1 কহ মূলি নারদ ইহার তন্ত্র কথা। ভকত জনের শুনি পুণা গুণগাথা। রাজার বচন শুনি ব্রহ্মার নন্দন। পর্ম হরিবে তার কছেন কারণ । দৈত্যগুরু শুক্র গেলা যুক্ত করিবারে। যণ্ডামর্ক ছই পত্রে রাখি গেলা ঘরে। দৈতোশ্বর তা-সভারে কৈল নিয়োজিত। পঢ়ায়্যা প্রহলাদ পরে কর মুপণ্ডিত। আজা পার্যা শিশু তারা নিল নিজ ঘরে। রাজপুত্রে বতনে পঢ়ায় নিরস্তরে ॥ বে বে পাঠ পঢ়াইল ভারা হুই জনে। প্রচিল প্রহলাদ তাহা শুনির প্রবণে 🛭 প্রহলাদের মনে তাহা নৈল ভাল জ্ঞান। (১) নানা ভেদ দেখে তাহে কুমন্ত্র সন্ধান। এক দিন দৈত্যরাজ পুত্রে ডাকি আনে। কহ বাপ কি পাঠ পটিলে শুরুত্বানে ! কি কি অধ্যয়ন হৈল শুনিবারে চাই। শুনিঞা প্রহলাদ কছে দৈতারাক ঠাঞি। ভন পিতা কহি পাঠ তোমার গোচর। বিগার করিয়া আমি ব্রিপু সকল। অন্ধৃপ গৃহ আত্মপতন কারণে। আসক্তি ছাড়িব তার পরম বতনে। ঘরেতে ব্যাকুল চিন্ত অনিত্য ধেরান। পুহ ছাড়ি গোবিন্দ ভঞ্জিব মতিমান ॥ এই সে উত্তম পাঠ দেখিল বিচারে। গ্ৰহসৰ ছাডিয়া ভঞিব পদাধরে। (২) পুত্রের বচন দৈত্য শুনি নিক্ত কার্ণে। হাসিয়া কহিল শুন দ্বিত্ব শুরুগণে ।

(১) পাঠাস্তব,—"নাহি অবধান"। (১-) "এই সে উত্তম পাঠ দেখিল বিচাৰি। ভবিৰ গোৰিন্দগদ গৃহসত্ৰ ছাড়ি।"

রুফ্ত সে আমার বৈরী তার অফুচর। গোপতে কপট বেশে থাকয়ে বিশ্বর 🛭 বালকে শিখায়া তারা অন্ত বন্ধি করে। এ বোল ব্রিয়া শিভ লয়া যাহ ঘরে। করে ধরি শিশু ঘরে আনি গুরুগণে । প্রশংসা করিয়া পুছে বিনয় বচনে । শুন হে প্রহলাদ তোমা পাকুক কল্যাণ। মিছা নাহি কহ বাপ গুৰু বিশ্বমান। কে তোমার মতিভেদ ছলে বলে করে। কিংবা আপনার বন্ধি কহিবে আমারে॥ দৈতামত বলে গুৰু মোর বাণী গুন। মোর মোর হেন বৃদ্ধি অকারণে মান॥ যাহার মারায় করে আত্মপর মতি। সে দেব চরণ যোর রন্তক প্রশতি। শ্ত্ৰু মিত্ৰ নিজ পর মায়াতে করার। পশুবৃদ্ধি নর ভাহা বিচারি না চাম । তোর যোর ভিন্ন মর্ম্ম সব অগেয়ান। এক গীব নানা তেদে সর্বত্র স্থান 🛚 ব্ৰহ্মা আদি দেব যার মারায় মোহিত। সে দেব-চরণ বিনে আন নাহি চিত। এতেক বচন শুনি শুক্রের তনর কোৰ করি প্রহলাদে ভৎসিল অতিশয়। আরে আরে আন বেত্র করির প্রহার। দৈত্যকলে জনমিল ছেন কুলাকার। যোর অপয়শ বেটা কৈল এত বড়। শত্রুপক সমা কথা কছে নিরন্তর ॥ তৰ্জন গৰ্জন করি ভংগিল অপার (১)। ৰশ করি বালক পঢ়াইল আরবার ॥ অর্থপান্ত কামশান্ত তর্ক রাজনীত। ল্লায় ছণ্ড ৰাবহার ছিল ঐতি ৰত। সকল পঢ়ায়্যা শিশু কৈল স্থপঞ্জিত। শিষ্যে লয়া গুৰু গেলা বাজাৰ বিদিত I বাথের চরণ শিশু করিল ব দল । পুত্র কোন্সে করি দৈত্য দিল আলিছন । বদন চুখন কৈল পুত্ৰ লঞা কোলে। প্রেম্বুক্ত হয়। তবে দৈত্যরাজ বলে। কহ কহ আরে বাপ কুলের নন্দন। গুরুষরে কৈল বত উত্তম পঠন।

এতেক ওনিষ্বা বলে দৈত্যের তনয় । ওন পিতা কহে মোর মনে যাহা লয়। শ্রবণ কীর্ত্তন হরি-চরণ-স্মরণ। সেবন অর্চ্চন পদক্ষল-বন্দন॥ দাস্তভাব স্থ্যভাব আত্মনিবেরন। এই নৰবিধ হবি-ভক্তি লক্ষণ ৷ এই নঝবিধ ভক্তি করয়ে যে জনে। সেই সে উত্তম পাঠ পঢ়িল যতনে॥ পুত্রের বচন শুনি দৈত্যের ঈশ্ব। ফুরিত অধর কোপে অলিল অস্তর 🛭 আরে আরে হুষ্ট বিজ কোন্ কাম কৈলি। ষ্পদার পঢ়ায়্যা মোর পুত্র বিনাশিলি॥ রিপুপক লয়া সব করে অভিবাদ। কুপঠি পঢ়াঃয়া তোরা কৈলি পরমান ॥ রাজার বচন শুনি শুক্রের তনয়। করযোজে কছে কিছু করিয়া বিনয় 🛭 শুন শুন মহারাজ কোধ পরিহর। গুৰুর বচন জানি মিছা বৃদ্ধি কর ॥ না পঢ়াইলু আনি ইহা না পঢ়াইল আনে। আপনার চিন্তে নাছি করে অমুমানে ॥ কে ভানে কি কহে শিশু কাহার বচনে। স্বতাবে বোলায় হেন বুঝি সমুমানে॥ দৈভারাক বলে আরে কহরে ছাওয়াল। কে ভোর হৃদরে কৈল কুমতি স্ঞার। এ বোল শুনিঞা শিশু দিলেন উত্তর। কহিব তোমারে পিতা শুন দৈতোধর। এই মোর গৃহ দার সংকল ধেয়ানে। অবিজিতেজির জনার হরমে গেয়ানে॥ চৰিবত চৰ্বাণ করে না ছাড়ে বিষয়। कुक्शाल जांत्र हिंख क्लान् कारण नत्र । শুকুমুখে না লয় আপনেই না জানে। সাধুসত্ব করিয়া না করে অনুযানে 🖡 क्र्य ना खिला क्ष्र ना है है गरगात । ক্ৰোধ ছাড়ি বুঝ মলে কবিরা বিচার। অসভ্য সংসার ষেবা সভ্য করি জানে। হেন কুপঞ্জিতে যেবা গুরু করি মানে। দান পুণ্য ধর্ম কর্ম কেবল করায়। ভৰপথে হুহে (>) গতাগতি হুঃথ পার। হেন তুরাশন্ত কুপঞ্জিত গুরু বার। কভূ নাহি টুটে ভবৰম্বন ভাহার।

তাকিতে তাকন নহে দেখিতে না দেখি। পাকিতে নাহিক (১) বেন দখিতে না দখি। বে যে ইৎসা করে রপে মিলয়ে সকল। যন্ত ইৎসা করে তত বাড়য়ে নিঙ্ক (২)। হেন মহারপে চঢ়ি বলি বলবান। চৌদিগে বেটিল যত দৈতোর প্রধান। নমুচি শম্বর বাণ বিপ্রচিম্ভি নামে। কালনাভ অয়োমুখ ভূতস্ঞাপনে 🛭 শকুনি প্রহেতি হেতি অরিষ্ট ইম্বল। তত নিভত অভ ময় উৎকল। হয়গ্রীৰ শহুশিরা বজরদশন। তারক মারক আর এ চক্রলোচন। নিবাতক্ষচগণ কোটি কোটি সেনা। বেঢ়িয়া ইন্দ্রের পুরী দৈভ্যে দিল হানা ॥ ঐরাবতে চটিয়া নামিলা পুরন্দর। শাব্দিরা দেবতাগণ নাথিলা সম্বর। কুৰের বন্ধণ যম লয়্যা নিজগণ। কোটি কোটি দেব আইলা করিয়া সাঞ্জন 🛭 আপনি ঐহরি একা আর মহেশর। সগণে দেবতাগণ মিলিলা সম্বর ৷

- (১) পাঠান্তৰ,—"না থাকে"।
- (২) পাঠান্তর— "ৰত ইচ্ছা করে রথ বাঢ়ে ভতন্ব"; অক্তর,—"—তত বত"।

বলাবলি গালাগালি বাজিল সমর। দেবাহুরে যুদ্ধ হৈল পুৰিবী ভিতর॥ বলি পুর∻রে যুদ্ধ দেখি লাগে ডর। ভারক কার্তিকে তবে বাঞ্জিল সমর। কালনাভ সনে হৈল যমের সংগ্রাম। বিশ্বকর্মা সহ যুবে ময় বলবান । বন্ধণের সঙ্গে হেতি যুক্তিল প্রথর। বিবোচন সঙ্গে তথ্য যুঝিল বিশুর॥ বাদশ সুর্য্যের সঙ্গে বাদশ অসুর। মহা ভয়ত্বর রণ হইল নিষ্ঠ্র। क्कारक नमू ह युविक महावनी। রাহ চন্দ্রে বৃদ্ধ হেল কহিতে না পারি। পৰন দেবের সঙ্গে পুলোমা যুঝিল। তুৰ্গা সহে শুভ নিশুভের যুদ্ধ হৈল। শহরের সঙ্গে হস্ত ধুঝিল নিষ্ঠুর। কলপের সহ যুঝে উৎকল অন্মর। ব্রহ্মার কুমার সহে যুঝিল ইম্বল। মাজগণ সঙ্গে যদ্ধ করিল উৎপল। ভক্ত বুহম্পতি যুদ্ধ শুনি ভয়ঙ্কর। नतरकत्र गरक युद्ध रिकल भरेनकत्र । উনপঞ্চাশৎ বায়ু একত্রে মিলিল। নিবাভকবচগণ সঙ্গে যুদ্ধ কৈল। कामटक्रमन मटह च्रहेरयुगन বিশ্বদেব সহ হৈল পৌলোমের রণ । **ट्यांधरम् क्र**स्त्राण् राञ्चि मस्त्र। এইরপে যুদ্ধ হৈল মহা ভয়কর॥ **খজো খজো কাটাকা** । বাণ বরিষণ । ঝলকে ঝলকে খড়গমুখে ছতাশন। পদা মুদগর শক্তি মুখল প্রহার। পরিষ তোমর প্রাস ভল্ল ডিন্দিপাল। অন্তে অন্তে কাটাকাটি রণ ভয়ধ্র। কোটি কোটি মুগু পড়ে রশের ভিতর । হন্তী ৰোড়া কাটা গেল অন্ত নাহি ভার। কত কোটি কাটা পেল সমূর যুঝার॥ কার হন্ত পদ গেল কার নাক কাণ। কেহ কেহ মাঝামাঝি হৈল গৃই খান ৷ কোটি কোটি কাটা গেল রপের ভিতর। কত বা অন্থর দৈত্য কত বা অমর। স্বণ্ধুলি উপজিল পুরিল মেদিনী। वाकान हाकिन वाक्षांतिन विनयि। রকতে তিতিয়া ভূমি (;) কর্দ্দম হইল। कांडा गांश करनवरत्र शृथिवी शृतिन ।

বলি-পুরন্দরে যুদ্ধ বা**জিল তুমুল।** না হৈল না হৈব যুদ্ধ তার সমতৃল। দশবাণ এডে বলি ই**স্তে**র উপরে। তিন বাণ ছাডে ঐরাবত বিন্ধিবারে ॥ চারি ঘোড়া বিশ্বিবারে মাইল চারি বাণ। নিমিবে কাটিয়া ইন্দ্ৰ কৈল শত খান ৷ অন্তরীকে কাটিল যাবৎ নাহি পড়ে। কাটা গেল বাণ সব হাসে পুরন্ধরে। তা দেখিয়া চ্ছবিষ দৈত্য কোপে অলে। শক্তিপাট তলি লৈল **অলম্ভ আনলে।** হন্তেই থাকিতে শক্তি কাটে পুরন্দর। তবে আর নিল দৈতা ত্রিশূল তোমর॥ ছই অন্ত্র হন্তের কাটিল শচীপতি। তবে আর হুজে মান্না অন্তরীক্ষগতি 🛭 পর্ব্বত পাথর পড়ে দেবের উপরে। শত শত পৰ্বাত দেখিতে ভয়করে॥ আঞ্চনি বরিষে সর্প মহাভয়কর। সিংহ ব্যাদ্র মহাগঞ্জ বিকট শুকর। নাকট বিকট মুখ এ যক্ষ রাক্ষ্সী। তুই চন্তে পেলে তারা ভন্ম রাশি রাশি ॥ মহাশব্দ করে যেন মেঘ হড়ছড়ি। ছুই বাহু তুলি ধায় ছিও ছিও করি। অভার বরিষে ঘন মহাগরজনে। তা দেখিয়া প্রালয় মানিল স্থারগণে ॥ চৌদিগে বেটিল তবে প্রলয় সাগরে। প্রচণ্ড পবন বহে তর্ম্ব বিথারে (১) 🛭 ভন্ন পেয়া। দেবগণ বহে ধ্যান করি। সেইক্ষণে দর্শন দিলেন শ্রীহরি॥ নব-খন-খাম তহু গরুড়বাহন। পীতবাস পরিধান রাজীব-লোচন 🛭 অষ্টভূজে শব্ধ-চক্র আদি অন্ত্র ধরে। কিরীট কুণ্ডলহার বন্যালা গলে (২)। ঘটিল সকল মায়া প্রভুদরশনে। জাগিলে অপন যেন মিণ্যা হেন মানে (৩)। যনে শ্বঙরিলে রুপা করে 🖺 নিবাস। **এটিরিশারণে সব বিপদবিনাশ ।।** ভবে কালনেমি দৈত্য সমরে প্রথম। -শুলপাট তলিয়া ফিরারে ভয়কর 🛭 পেলাঞা মারিল শুল গরুড় উপরে।

⁽ ১) भाशिखव,—"क्स्नारम"।

⁽২) পাঠান্তর,—"হার বনমালা দোলে" ৷

⁽ ७) शांक्षात्र,- रत्र विशा जार्च ।

লীলায় ধরিল হরি দিয়া বাম করে। लिहे मूटन कान्यतिमि विश्विता बाविन। बानी ख्यानी छत्व युविवाद्य चाहेन। চক্তে মাথা কাটি তার কৈল ছুইখান। ভবে যুঝিবার ভবে আইল মাল্যবান ৷ মারিল গদার বাড়ি গরুড়-উপরে। চক্রে শির কাটিয়া পেলিল হেনকালে। ক্রফের ক্রপায়ে দেব পেয়া প্রতিকার। (১) শাব্দিয়া আইল তবে যুদ্ধ করিবার॥ बिन विश्वताद्व वक्क देनन श्रवनाद्व । ছা হা শব্দ উপজ্ঞিল রপের ভিতরে। ইন্ত্র বলে আরে বলি শুন মোর ঠাঞি। মিণ্যা কেন কর তুমি এতেক বড়াই। ৰায়াবিশারদ তুমি মায়া ভালে ভান। মান্তার িনিবে তুমি আপনাকে মান। বল্লে শির কাটো আজি দেখুক অস্থরে। এ বোল বলিয়া বজ্ব তুলে পুরন্দরে (২)। ৰলি বলে আরে ইন্দ্র এত অহসার। আপনে প্রশংসা ত্যি কর আপনার। ব্দণে জিনি কৰে হারি কাল অমুসারে। হবিষ বিষাদ ভাতে পঞ্জিতে না করে 🛚 জয় পরাজয় কারো নাহিক নিশুয়। মান অপমান ভাহে পণ্ডিতে না লয়। মুখ বড় ইক্স তুমি অহকার কর। व्यक्षडे-वरीन लाक नाहिक विशंत ॥ এতেক ৰচন ৰলি ৰলি মহাত্ম । আকর্ণ পরিয়া বাণ এডিল নিষ্ঠার ! মিখ্যা কৈল বাণ ভার দেব পুরন্ধরে। পলাঞা মারিল বছা বলির উপরে ৷ ভ্ৰেতে গড়িল বলি পৰ্ব্বত আকার। ব্দ্ধ নামে হৈত্য তবে হৈল আগুনার। ব্ৰহ বৃহ আৱে ইন্ত না ধাহ পদায়া। শুধিব রাজার ধার ভোর শির দিয়া। **এ বোল बलिया कहा शहा देनल हारव**ो যারিল গদার ৰাডি ঐবাবতযাথে। ভূমিতলে গঞ্জের পঞ্জিল প্রাণ ছাঞ্চি। **দেখিয়া মাডলি রথ আনে বুরা করি।**

দশশত হোডায় যুক্তিয়া রথখান। ৰাতলি সার্থি আনি দিল বিভয়াক & প্ৰাশংসিয়া জন্ম দৈত্য কোন কৰ্ম্ম কৰে। মারিল ত্রিশূল পেলি মাডলির শিবে 🌢 ধৈৰ্য্য ধরি মাতলি সহিল শুলব্যথা। বল্লে ইন্দ্ৰ কাটি আনে জ্বন্ধিত্যমাধা। আপনে কহিল গিয়া শ্ৰীনারদ মুমি। অন্ত কাটা গেল তার বন্ধুগণে শুনি 🎚 অভের বান্ধব পাক নমূচি সবল। তারা আসি দেবরা**লে** ভর্ৎ সি**ল বিশ্বয়।** ভবে ক্ৰোধ কবি ভাৱা খবতৰ ৰাথে। বিদ্ধিল ইচ্ছের অব মর্ম স্থানে স্থানে 🛚 শত শত খোড়া তারা বি**দ্ধিল সন্ধানে** L ইন্দ্রের উপরে কৈল বাণ বরিষণে। শরজালে রথধান কৈল জরজর। তুই শরে বিদ্ধিল মাতলিকলেবর ॥ সেইকণে যুড়ে বাণ সেইকণে ছাডে। বাণ বরিষণ কৈল ইচ্ছের উপরে। মেঘে অন্ধকার যেন ঝড় বরিষণে। জীয়ে মধ্রে ইন্দ্র না ব্রিজ দেবগণে । (১) রণের ভিতরে ই**ল** রহি কতোগণ। ৰাহির হইল বেন দীপ্ত হুতাশন। জন্ম জন্ম শবদ উঠিল স্থারগণে। তবে স্থরপতি বৃক্তি করি মনে মনে । সন্ধান করিয়া বস্ত্র এড়ে শচীপতি। ছুই মুপ্ত কাটিয়া আনিল শীব্ৰগতি । পড়িল সে ৰল পাক রণের ভিতরে। ৰেখিয়া নমুচি দৈত্য **অলিল অভৱে** ' শুলপাট তুলি লৈল পর্ব্বন্ত স্থান। স্থৰৰে গড়িত শুল শিলার নির্মাণ। जिश्वनाम कवि देवला शहेन नगद्र। পেলিরা মারিল শুল ইচ্ছের উপরে। **निक्ष रेटात मृत्य गून भव6य ।** তথাই কাটিয়া বাণে কৈল থওবও । ৰাটা গেল শুলপাট ভিলপরমাণ। ভবে বন্ধ তুলি লৈল ইন্দ্ৰ বলবান। মারিল নির্বাভ ঝাড়ি নমুচির শিরে। वास ना कृष्टिन निव हिट्ड श्वन्सदा । (१)

⁽ ১) পাঠান্ধর— "কুফের প্রসাদে দেব পাইল প্রতিকার"।

⁽२) शक्रीचन---"बारान रनिया हेळ रक निम क्षा ।"

⁽১) পাঠাছৰ,----"জিয়ে কি না জিয়ে ইজ বলে বেবগণে।" (২) পাঠাছৰ,---"প্ৰকাৰে।"

এই বন্ধ কোটি কোটি পর্বত কাটিল। হেন বজ্ল নমুচির শিরে বার্থ হৈল। ব্রত্র হেন মহামুর এই বছে কাটে। मृञ्जि वस अष्ठ यनि जिल्रूवन ना चाँटि ॥ কেন ব্যৰ্থ হৈল বন্ধ পেয়া। অন্ধ কাজ। (১) চিভিতে সাগিল শত্রু মনে পেয়্যা সাজ। वरतीकवांगी देशन (हम व्यवज्ञात । না কর বিবাদ ইন্ত কহিছে তোমারে। খৰ আন্তে না মরিব তুরস্ত অপুর। বজ্বে না মরিব দৈত্য চিন্তা কর দুর। উপান্ন করিয়া তুমি বং ত্রাচার। এ বোল শুনিঞা ইন্স চিন্তে পরকার॥ নহে শুষ্ক নহে আন্ত্র দেখি জলফেনা। হৃদৰে ভাবিয়া দাঢ়াইল এ মন্ত্ৰণা। কেন দিয়া নম্চির মুগু কাটি আনে। জয় জয় বলি ছাতি কৈল দেবগণে। (গন্ধর্ব কিছবে গার পুষ্প বরিবণ। দেববধুগণ নাচে হুন্দুভিবাঞ্চন । কোটি কোটি দৈত্য কাটা গেল মহারণে। সকল অমুর নাশ কৈল দেবগণে !) দেখিল অনুরকুল নাশ হয়া যার। আপনে চিন্তিয়া ব্রহ্মা নারদে পাঠার। बकात्र नमन राज छन (एरार्श । তুমি-সব এখনে না কর আর রণ। নারায়ণকুপায় অমৃত পান কৈলে। নিজ ভজবলে সৰ অমুর জিনিলে। अर्थन ना कत दर्भ आयात अहटन । এ বোল শুনিঞা যুদ্ধ ছাড়ে দেবগণে॥ ক্রোধ ছাড়ি দেবগণ গেল নিজপুরে। ভাক দিয়া অমুরে আনিল যোগেশরে ৷ তুমি সৰ বলি লয়া চলি যাহ ঝাটে। অন্তগিরি লঞা বাহ শুক্রের নিকটে। এ বোল বহিয়া মুনি কৈলা অম্বৰ্জান ! ৰলি লয়া গেল দৈত্য শুক্ৰবিদ্যমান। মৃতস্ঞীবনী বিদ্যা করিয়া শ্বরণ। ৰলি জীয়াইল শুক্ত মহাতপোধন। এইরূপে যুদ্ধ কৈল পুণ্টীর ভিতর। দেবান্দ্রসংগ্রাম কছিল ভরকর।(২)

আর কথা কহি রাজা কর অবধান। ষেত্ৰপে মোহিলা শিবে প্ৰভু ভগৰান। আপনে মোহিনী বেশ ধরি গদাধর। অস্ত্র মোহিলা হেন শুনিলা শহর 🛭 ব্রব আরোহণ করি সঙ্গে নিজগণ। পাৰ্ব্বতী সহিত গেলা যথা নাৱায়ণ 🛭 শঙ্কর দেখিয়া হবি পুজিল বিধানে। কি বোলে শঙ্কর তবে প্রভুর চরণে 🛭 দেব দেব জগন্ধাপ জগত-জীবন। পিতা মাতা পতি বন্ধু তুমি নারায়ণ 🛭 ব্দগতের আদ্য অস্ত তুমি অভ্যস্তর। জগতের সভ্যাসভ্য তুমি মহেশ্বর 🛭 যোগেল মুনীল্ল ভজে চরণ ভোমার। ভকতি করিয়া হয় ভববদ্ধ পার 🛭 পূর্ণব্রন্ধা নিজ্য তুমি অজ অবিকার।. আনন্দস্বরূপ নিরালয় নিরাধার 🛭 এক নিরঞ্জন হয়্যা নানা ভেদ (১) ধর। ক্লপভেদে বিশ্বোৎপঞ্জি স্থিতি লয় কর। একই সুবৰ্ণ বেন নানা ভেদ ধরে। অগেয়ান বলে কটক কুগুল হারে। (১) কেহ ব্ৰহ্ম বলে কেহ পুৰুষ পুৱাণ ! কেহ ধর্ম সভ্য বলে কেহ ভগবান 🛭 আমি ব্ৰহ্মা সনকাদি না জানি তোমারে। আমি সব মায়ার নির্ন্মিত চরাচরে । আপনে সঞ্জন কর পালন সংহার। তোমা বহি জগতে বলিতে নাহি আর ৷ নানা অৰতার তুমি কর নানা ক্লপে। আপনে মোহিনীবেশ ধরিলে কিরূপে ! অম্বরমোহিনী তুমি নারীবেশ ধর । দেখাইয়া আমার সংশয় ছেদ কর । (৩) হাসিয়া কেশৰ ভবে বলে কোন বাণী। অম্বর মোহিত রূপ ধরিছ মোহিনী। সে রূপ দেখাব শিব কর অবধান। দেখিলে কামীর কাম হয় উপাদান ! এ বোল বলিয়া হবি হৈলা অন্তৰ্জান। এবে শিব উপবন দেখে বিভয়ান 🛭

⁽ ১) "(कंन वा পোলিলু व्यु भारेबा अझकाम ।" ﴿ ২) ইহাৰ প্ৰ অন্ত পুঁৰিতে অধ্যাৱ সমাজ হইবাছে ।

⁽১) পাঠান্তর,—"রূপ"।

⁽২) "একই কনক বেন নানা ভেদ ধরে। কিরীট কুওল হার নানা অলহারে।"

⁽৩) "ৰুত্ৰর মোটিলে ভূমি জীবেশ ধর। সে রূপ দেখাই মোরে বহি দরা কর।"

পাছে পাছে ধায়ে শিব ধরিতে না পারে।

খসিয়া পড়িল বীর্যা ভূমির উপরে।

শঙ্করের বীর্ধ্য খসি ষথাতে পড়িল।

সেই সেই ঠাঞি ভূমি হেমময় হৈল।

বীৰ্যাপাত হৈল যদি চিল্লে মহেশবে।

বিষম দেৰের মায়া কে বুঝিতে পারে:

ছাড়িয়া মোহিনীবেশ প্রভু গদাধর।

নিজন্ধণ ধরে ভবে ছরের গোচর।

আমার বিষম মায়া বড় পরমাদ 🛭

এতেক বুলিয়া হরি শহরে তুবিল।

প্ৰেণাম করিয়া শিব সঙ্গণে চলিল ৷

পথে দেবী সনে কথা কছে মছেশ্বর।

দেখিলে পাৰ্কাতী বিষ্ণুমানা এত বড়।

অন্তকে যোহিৰ তাঁর কন্ত বড় কাজ।

এই সে রুফের কণা পুরুবে শুনিলে।

সেই নারারণ তুমি সাব্দাতে দেখিলে।

কহিল তোমারে রাজা অপূর্ব্ব কাহিনী। কপটে যুবভীবের্ণ ধরে চক্রপাণি।

সাক্ষাৎ পর্মত্রন্ধ পুরুষ পুরাণ !

সকল জীবের গভি এক ভগবান ॥

আমি যোগেশ্বর হয়। পাইল এভ লাজ।

সভোষিয়া ৰলে হরি না কর বিবাদ।

ষায়ার প্রভাব আমি দেখাল্যা ভোমারে।

নহিব তোমারে আর মায়া কোন কালে।

্ ফল ফুলে জ্বিত বিবিধ তক্তাল। সাকাৎ বসন্ত যেন কৈল অবভার॥ ভাছার ভিতরে দেবী গমন মন্থরা। লভিত চলিত চাক নিতম মেখলা। সমান উন্নত ন্তন তার গভি নন্দ। মধৃত্মিত বিনিন্দিত মতিময় দম্ভ 🛚 কুচবুগলমগুলে **চঞ্চল** হার জা**ল**। দলিত কলিত পারিজাত বনমাল।] গেডুয়া ক্ষেপণে লোল নয়নবিলাস। চলিত কুণ্ডল চাক্ল কপোলবিকাশ। ন্ত্ৰন ভৱে ক্ষীণ গতি ক্ষীণ কটিদেশ। ম্মক চলিত গতি গমন বিশেব II প্ৰনে চলিত কুচ-ৰসন বিলাগ। মদনমোহন মন্দ মধুস্মিত হাস ॥ পরম রমণীরূপ দেখিয়া শঙ্কর। কামে ৰিমোহিত শিব পাসরে সকল 🛭 কোথা বুষ কোথা দেবী কোথা নিজগণ। আপনা পাসরে শিব কামে অচেতন 🛭 ज्ञा मान (>) हिन्न विह्तन महिन्त्र। মোহিনী ধরিতে নারে ধাষ নিরম্ভর । বনের ভিতরে দেবী রহিল লুকায়া। भू किया (ब्लाब रव गांक्ल रहेश। লাগ পেয়্যা কেশপাশে ধরিল যতনে। বাহুযুগ ভিড়িয়া দিলেন আলিকনে 🛚 बाह्दस अगाग्रा भनारेन नीजगण्डि। এদিলে ওদিগে যায় মোহন মুর্তি। কেখ ৰেশ খসিল বসন পরিধান। বনে বনে রুমণী পলার স্থানেস্থান।

। অসুর মোহিয়া করে দেবে পরিআণ।
ন । সে হরিচরণে মোর রহক প্রণাম ।
তিন্তি রস-কথা-গুকু গদাধর জান।
ভাগৰত-আচার্ব্যের মধুরস-গান ।
ইতি অন্তমন্ধকে তৃতীবোহধ্যারঃ । ৩ ।

म्बूर्य ज्यथा य

তবে মৰ্ভর কথা কছিব এখনে।
মহাভাগৰত তুমি শুন সাবধানে।
এখনে সপ্তম মন্থু বৈবস্বত নাম।
প্রত্যের তনর তেঁহ মন্ত্রর প্রধান।
আদিতা দেবের নাম ইক্স পুরুষর।
আপনে বামন ক্ষপ ধরিলা দীবর।

(১) পাঠান্তর,—"লাক তর"।

চতুৰ্দ্ধশ মৰস্তর কহিল বিভাবে। যে যে কথা কৈলা হয়ি বে বে অবভাবে। মহুৰংশ মৰস্তর কাল পরিমাণ। কি কথা কহিব আর কহ মভিমান্। মূনির ৰচন শুনি রাজা জিজাসিল। বামনমূর্তি কৃষ্ণ কি কারণে হৈল।

চলিয়া পাডালে বলি লৈল নারায়ণে। তিন পদ তুমি ক্লফ মাগে কি কারণে। এ বড় কৌছুক **শুক্ শু**নিবারে চাই। আপনে ঈশ্বর হয়। যাগে অন্ত ঠাঞি। रुद एक मूनि वरण अन नर्त्रश्रंत्र। ব্দত্তত কথা কহি তোমার গোচর॥ रेख चापि स्वरंगत्व चयुद्ध किनिम । হারিয়া অন্তরপণ নানা দিগে পেল। ৰলি রাজা জীৱাইল শুক্র পুরোহিতে। তবে বলি গুরু আরাধিল নানা মতে ! ভবে ভক্ত বেদবিৎ আনিয়া ত্রাহ্মণে। বিশ্বজিৎ নামে ব্যক্ত করার আপনে ॥ মহা অভিষেক করাইল দৈত্যেশরে। দিব্য রথ উপজিল যজের আনলে # দিব্য রূপ দিব্য খোড়া দিব্য শরাসন। বজের আনলে সব হৈল উৎপন্ন # সিংহধ্বত অক্ষয় কৰচ দিব্য বাণ। উঠিল আগুনি হৈতে অগ্নির স্থান। পিতাৰহ (১) দিলা মালা অমল কমলে। আৰী হাদ দিল যত ব্ৰাহ্মণ সকলে। গুরু বিজ প্রদক্ষিণ করি সপ্তবার। **एक्टर** हक्या नंति देकल नमस्तात । অবেতে পরিল বলি দিবা আতরণ। দিব্য রবে বলি রাজা কৈল আরোহণ u দিব। খড়া খাণ ববে অন্ত খরতর। তবে বলি অলে যেন অলভ আনল। সমবল সমবীৰ্ব্য'সম শক্তি ধরে । মহারথি সেনাপতি লৈয়া দৈত্যেশ্বরে॥ বেচিল ইচ্ছের পুরী স্বর্গের উপর। বৈশ্ব্য বিজ্ঞানর শোভে বরেপর 🛭 ক্ষক কৰাট যাণে ভটিকত্ত্বার I ব্যব্দ ব্যব্দ রম্ব বিমানস্কার ॥ विक्रमिनियिष्ठं त्वती मिनम्ब इन । ক্ষটিকরচিত তট দীঘি সরোবর । कुम्म कम्म उद्यम नाना क्म । জলচর কোলাহল শবদ আকুল। कुष्मिनी निननी छाशास्त्र कीषा करतः खुत्रवृष्णव भव विरुद्ध भूग ज्या ॥ বিবিধ মন্দির পুর রাজনে নির্বিত। বিশ্বকৰ্ম-শিক্ষ**্তণ**িবাহে প্ৰাকাশিত। विमण पाधक शुभ श्रृत्रीकि नवन । মুর্ভক-কুমুন আমোদ উপবন॥

বিবিধ ম**দলগী**ত বিবিধ বাজন। বছবিধ স্থরবধু বিবিধ নাচন। খল হুই ভূতজোহী পাপী ত্রাচার। এ সৰ অনের যাথে নাহিক সঞ্চার । रख भूग धर्मनीम यक मान करत्। শুভকর্ম করিয়া সে যাইবারে পারে। ছেন প্ররপ্রী গিয়া বেঢ়ে দৈত্যগণে। ভয় পাঞা ইন্স গেল গুরুবিদ্যমানে ৷ কহ ওক বৃহস্তি বিষম ঘটিল। কি কারণে এভ বড় অনুর বাঢ়িল 🛚 ত্রৈলোক্যদহন-শক্তি বলি বাজা ধরে। ভার সনে যুঝিবে কেমন পরকারে। তৰে বুহস্পতি বলে শুন পুরন্দর। 🐲 আরাধিয়া বলি ধরে মহাবল ॥ কার শক্তি আছে তারে জিনিবারে পারি: এখন পলাঞা বাহ তেজি সুৱপরী। বখনে ভোমার ইন্দ্র হবে শুভকাল। তখনে সে হৈব দৈত্য সবংশে সংহার ॥ এ বোল শুনিঞা যত দেৰগণ মেলি। চৌদিসে পলাঞা গেলা ছাড়ি স্থরপুরী। তবে বলি প্রবেশিয়া রহে স্থরপুরে। दिवालाका किनिया दिक्न निक चिथिकाद्य । ত্রিভূবনে রাজা যদি হৈল দৈত্যেশার। শুক্ত পুরোহিত গেলা ৰলির গোচর॥ শত অশ্বমেধ বক্ত করায় ত্রান্ধণে। এক ছত্র (>) অধিকার হৈল ত্রিভবদে। নরবেশ ধরি শ্রমে যত দেবগণ। দেখিরা প্রত্যের হংগ চিস্তে মনেমন। প্ৰশোকে ব্যাকৃষিত অধিতি বহিল। হেনকালে কন্সপের আগমন হৈল। সমাধি করিয়া ভঙ্গ আইলা প্রজাপতি। পালা অৰ্থা দিয়া তারে পূজিলা অদিতি॥ আসনে বসিয়া মুনি অদিতি দেখিল। অৰিতির হু:খ দেখি ক্ষাপ পুছিল ৷ কছ দেবি কিবা সে তোমার অকুশল (২)। মলিন বছন ধর ক্ষীণ কলেবর॥ কিবা লোকে ধর্মে তুমি কৈলে অপরাধ। क्वि देवद्यार्थ किছ देकरण शत्रभागः॥

⁽ ১) পাঠান্তর,—"চক্র" ।

⁽२) शांठीखवः— "क्इ.क्ष्यो कि कावल छूवा ककूनन"।

ঞ্চল মাত্ৰে দিয়া কি অতিথি না প্ৰজিলে। কিবা গ্ৰহকৰ্মেতে ব্যাকুল হয়। ছিলে। যার ঘরে অভিথি বিমুখ হয়া চলে। অম্বকের বাস ষেন জানিছ বিফলে ! কিবা কালে কালে না পুঞ্জিলে হতাখন। কিৰা বজ্ঞকালে তুমি না কৈলে হবন। किवा विकारण प्रवि देवरण परकान । কিবা পুত্ৰশোকে তুমি পাও অপমান। কহ দেবি ছঃখ-শোক-কারণ ভোমার। জানিঞা করিব আমি তুঃখপ্রতিকার। ক্**শ্রপের** বাক্য শুনি দেবের জননী। কহিল সকল কথা বোড করি পাণি। তুমি হেন পতি বাম বোগধর্মময়। কোন কালে কভু ভার হু:থ শোক ময়। দৈৰবোগে তুঃখ শোকে আমিত ব্যাকুলী। দৈত্যগণে ইক্স জিনি লৈল শ্বরপুরী। নরবেশ ধরি ভ্রমে মোর প্রজ্ঞাণ। রিপুডরে আছে তারা রাখিয়া জীবন। যোর পুত্রগণে পাইব নিজ অধিকার। টটৰ অন্তরগণে দর্প অহন্ধার। ছেন কৰ্ম সাধিয়া দেয়াহ যোগেশব। ত্তনিঞা ক্লাপ মুনি দিলেন উত্তর। ছরি ছরি বিষ্ণুমায়া না যায় বুঝন। প্রেমপাশে চরাচর *জগ*তবন্ধন ॥ কেবা কার পতি পুত্র কেবা কার যাতা (১)। অনাদিণ্সংসার বন্ধে বান্ধিল বিধাতা ৷ যল মৃত্র শরীর কেবল অচেতন। প্রকৃতিব-পর জীব অজ নির্ম্বন ॥ কার শোক কার মোহ কেবা নিজ পর। অবিদ্যা কল্পিড জীব বন্ধন সকল ৷ সর্বভাবে কর তুমি গোবিন্দ ভক্তন। হরি সে করিব সব ছঃখ নিবারণ ॥ হরি সে অগৎশ্বর অগতনিবাস! হরি সে পুরিতে পারে দীন-অভিনাহ। এ ৰোল ব্যায়া হরি ভজ সাবধানে। অলেষ বাঞ্চিত কল দিব নারারণে कुक चादाधनविधि अन गांवशाया। পুরুষে শুনিল আমি ব্রহ্মার আননে। ৰখনে আৰাৱে ব্ৰহ্মা পুত্ৰবর দিল। পৰোত্ৰত নাবে এত আমারে কহিল:

ফারন মাসের শুক্রপক্ষে আরম্ভিব। এই ব্রত করিয়া গোৰিন্দ আরাধিব 🛭 ব্যাহদক্ষের মাটি আনিব বন্ধনে। পূর্ব্ব দিনে করি ভবে অক্টের জেপমে । যক্ষন করিয়া ভবে পঞ্জি দামোদরে। व्यान पान श्रीक किश्वा शक्त मंत्रीएत ॥ . ধরণীমগুলে কিংবা পঞ্জিব আনলে। দিব্য স্বতি করি তবে প্রভুর গোচরে। পাত্ত অৰ্থ্য আচমন গদ্ধ পুষ্প দিব। দিব্য-গন্ধ জলে ক্ৰমে মঞ্চন করাব ৷ मिया ध्रम मीम मिय मिया छैनहात । भिवा वश्र माना निव भिवा जनकात । বাদশ অকর মন্ত্রে পঞ্জিব শ্রীহরি। সপ্তত পায়স দিয়া হোম কর্ম করি। মুল মন্ত্র করি উপহার নিবেদন। আচৰন দিয়া করি ভাগল অৰ্প- 🛚 মূল মন্ত্ৰ জাপি এক শত আই বার। প্রভু প্রদক্ষিণ করি করি নমন্তার। দিৰা শুতি পঢ়ি শুতি করিব বিধানে। অবপেবে শিরে ধরি করি বিসর্জনে।। নিবেদিত করি ভক্তজনে নিৰেদন। দিব্য অৱ পান দিয়া ভূঞাৰ ব্ৰাহ্মণ।। ব্ৰাহ্মণ-বৈষ্ণৰ-আজা শিৱে করি লৈব। যজ্ঞ-অবশেষ দিয়া ভোজন করিব।। এইরপে রক্ষনী বঞ্চিব ব্রন্ত করি। ব্লাত্রিশেবে উঠিব গোবিন্দে মন ধরি।। স্থান করি নিতাকর্ম করি স্বাধান গ প্রতিদিন কেশবে করাব শীরে শ্বান। প্রক্রব বিধানে হরি করিব অর্চন। নিতি নিতি হোম কর্ম ব্রাহ্মণ ভোজন ৷ আবস্থ করিব শুক্রপ্রতিপদ দিনে। ত্রবোদশী দিনে ত্রত করি স্থাধানে। ত্রন্ধর্ক করিব শবন ভবিতলে। ত্রিসভা। মঙ্কন করি প্রজিচ দামোদরে। চুষ্টকন আলাপ ৰচ্ছিব মুখভোগ। বৈষ্ণৰ জনের সজে করিব সংযোগ। ত্ৰত স্থাপিব ত্ৰত্ৰত্বোদশী দিনে। পঞ্চাবে। অভিবেক করি নারারণে ॥ ষহাপ্রকা করি বিতশাঠা পরিহরি। সঞ্জ পাষ্টে হোৰ মূল মত্ৰে করি। বছবিধ উপহার বিবিধ রভন। পরম পীরীতি করি করিব প্রজন।

⁽ ১) পাঠাক্তর,—^শিলভা[®]।

উৎসৰ করিয়া ব্রস্ত করি সমাপনে। ভবে ওরপুরা করি বন্ধ আভরণে ঃ ব্রাহ্মণ সন্তোব করি দিয়া বছধন। বছবিৰ **অৱপানে ক**রাই ভোজন 🛭 **শুক্লকে দক্ষিণা দিব বসন ভূবণ** ১ অৱপানে পুজিব পতিত হীনজন। সৰ্বজীৰে সম্ভোষিৰ করিছে পীরিভি। জীৰ সম্ভাষণে ডাই হন প্ৰাণপতি॥ মৃত্য গীত শুতি বান্ত করিব বিশুর। ব্ৰস্ত সমাপিৰ করি বিবিধ মজল। ৰম্বগণ সহ পাছে করিব ভোজন। কহিলু তোমারে ব্রত ক্লফ-আরাধন ! পমোত্ৰত নামে ত্ৰত ব্ৰহ্মা বে কহিল। তোষার কারণে আমি ব্রন্ত প্রকাশিল ! तारे छल तारे कल तारे यक पान। ৰাহা হৈতে তুষ্ট হন প্ৰভূ ভগবান । সর্ব্য কর্ম সমর্পিয়া ক্রফের চরণে। ভত্ততাবে কর তুমি ক্লফ আরাধনে॥ 🗫 चात्राथम हत्र गुर्वाक्षणनिशि । ভবে হেন জান ভার হবে সর্ব্ব সিদ্ধি (>) ॥ কল্পপের বচন শুনিঞা স্থরমাতা। ভবে পরোত্রভ কৈলা হর্যা আনন্দিভা। काश यन बठन (शाविष्य-भएर शति। ভজ্জিভাবে করি ভিঁহো ভজিলা 🕮 হরি 🛭 অবোদশী দিনে ব্ৰত কৈলা সমাধান। ত্রত সাক্ষালে দেখা দিলা ভগবান । নৰ জলধর ভন্ন শ্রুপীভ বসন। শব্দ-চক্রধর ছবি রাজীবলোচন **॥** সাক্ষাতে ছেখিয়া হরি দেবের জননী। প্রেমভরে পুলকিত গদগদ বাণী। ভবেতে পড়িয়া কৈল দণ্ড পরণতি। কর-বোভ করিরা কররে কোন স্বতি। ভীর্ধপাদ ভীর্থকীটি প্রবণ মদল । ৰচ্যত পুৰুষ ৰঞ্জ প্ৰাণত বংগ্ৰ । গোৰিক কেশৰ হুবীকেশ দাৰোদ্য। ক্তর জগরাথ দেব ক্তর গদাবর। क्ष इक नत्मा नत्मा वह अभिनाम । चकुन जन्नव-नव विध-नवकान ।

তুমি তুষ্ট হৈলে সর্ব্ব সিদ্ধি উপাদন। রিপুরুর হৈব তাহে কোন বল্পজান গ অদিতির বচন শুনিঞা চক্রপাণি। হৃদৰ ব্ৰিয়া ভাব বলে কোন বাণী। তোমার চিত্তের কথা আমি জানি ভালে (১)। ইক্স আদি দেবগণ জিনিল অন্তরে। ৰলে হরি লৈল তারা স্বর্গ অধিকার। শ্ৰীজ্ঞ হইয়া ফিন্নে সম্ভান (২) ভোষার॥ এই পুত্র শোকে তুমি ব্যাকুল হইয়া। আৰা আৱাধিলে তুমি একান্ত করিয়া 🛭 প্রেমভক্তি করি তুমি আমারে ভজিলে। (৩) আমার ভজন কভু নহিব বিফলে। সভী পভিত্ৰতা তুমি কণ্ঠপৰনিতা। দেবের জননী তুমি পরম পঞ্জিতা। জনম গভিৰ আমি তোমার উদরে। স্থাপিব ভোমার পুত্রে নিজ অধিকারে। শীন্ত্র (৪) করি চল তুনি পতি সন্নিধানে। কল্যপে চিন্তিহ যেন আমার সমানে। এইব্ৰপ চিৰিয়া ভজিহ প্ৰজাপতি। বিনয় বচনে ভাঁরে করিছ ভক্তি ৷ ভবে জনমিৰ আমি ভোষার উদরে। ভক্তবৎসল নাম করিব সকলে (৫)। এতেক ৰলিয়া হরি কৈলা অন্তৰ্জান। অমিতি চলিয়া গেলা কণ্ডপের স্থান। দভিয়া তুর্গ ভ বর মনে আনন্দিতা। ভক্তিতাৰে পতিসেবা কৈলা পতিত্ৰতা। সমাধি করিয়া ভবে কশ্রপ ব্ঝিল। সাক্ষাতে আসিয়া হরি অবতার কৈল। আহিতির গর্ডে হরি কৈলা অবভার। ভানিঞা বিরিঞ্চি গেলা স্বাচ্চি করিবার।

^() Hilles-

[্]বন্ধ আরাধিল যদি সর্বাঞ্চলনিধি। ভবে ও জানিহ হেন হৈল সর্বাসিছি।

⁽১) পাঠান্তর,—"পুত্র বেড়ার।" "আমি ভালমতে স্থানি ভোমার স্বন্তবে।"

⁽২) পাঠাতৰ,—

⁽৩) পাঠান্তক—

"এই পুরুশোকে ভূমি হইরা ব্যাকুলী।

শামা আরাহিলে ভূমি নানা মন্ত্র বলি।

একান্ত ভলন করি ভলিলে আমারে।"

^(8) शांशक्त-"वार्र"।

⁽e) পাঠাছৰ-

[&]quot;ভোমার উদরে আমি তবে জনমিব। ভক্তকংসল মাম সকল করিব।"

বছবিধ স্কৃতি ভক্তি করিয়া প্রণতি। আপন ভবনে তবে গেলা প্রজাপতি। শুভ কালে শুভ দিনে শুভ বোগ তিথি। হেন কালে জনম সভিল প্রাণপতি I আজাত্ম দৰিত চাক্ন (>) ভূজ বিরাজিত 🛭 শ**থ** চক্ৰ গদা পদ্ম ভূবে বিলসিত। পীতবাস পরিধান রাজীব-লো6ন। বিলোল মুকুভাদাম শ্ৰীৰাস্লাম্পন ॥ মক্রকুগুল চারু গণ্ড বিলোলিত। মঞ্জীররঞ্জিত চারু চরণে শিঞ্জিত ! यशियद्व ज्वन विटलान वनमान। নিজ তেজে নিবারিল গৃহঅদ্ধকার। গণ্ড বিলোলিত চাক মকরকুণ্ডল। व्यथद दक्षिम होक जीमुश्र मधन । দ্বশ দিগ প্রকাশ বিমল জলাশর। ত্রিজগৎ হরষিত হৈল অতিশয়॥ ছয় ঋতু বিশ্বমান হৈলা এককালে। পুরিল পুথিবীতল আনন্দ মঙ্গলে ॥ স্থাৰর জন্ম হৈল অস্তব্যে হরিব। আকাশ মন্তলে হৈল কুমুম ৰবিব। তুন্দুতি কাহাল শব্দ বাঞ্চিল তুমুলে। প্রভুর মৃদল সীত গার বিভাধরে ৷ দেৰগণে মুনিগণে করিল অবন। গৰ্ম্ব কিন্তবে কৈল কৌতুকে নাচন। अवना नक्तवगुरु चाननीत मिटन । গুভবোগে তিপি বার অভিঞ্জিৎ কণে। ভান্ত মাস শুক্লপক দাদশীর দিনে ৷ প্রকাশ দিলেন হরি অদিতির স্থানে। দেখিয়া অদিতি দেবী হৈলা আনন্দিতা। পুত্ৰ হয়্যা জনমিলা ত্ৰিভূবনপিতা ৷ কখ্যপ দেখিয়া পুত্ৰে কে**ল দণ্ডমূ**তি। করবোড় করি স্থতি করে প্রজাপতি। পিতা মাতা বিশ্বমানে প্রভূ যোগেশবে। নিজ রূপ তেজিয়া বাম নরূপ ধরে। অভূত বামন মৃত্তি দেখি মূনিগণে। 🗻 হর্মতিত হয়। কেল বিবিধ অবলে । ক্রপ পুরের গলে যক্তহত দিল। আগনে আসিয়া কুৰ্যা গায়ত্ৰী পঢ়াইন। বুহুস্পতি গলে দিল কুপের মেধলা। ৰমুদ্ধৰা ৰসিবাবে দিলা মুগছালা।

ৰও কম্ওলু আনি দিল শশংরে। কোপীন বসন দিল আকাশমওলে ! অন্তরীক ছত্র দিল মালা সরপতী। আনিঞা ভিক্ষার পাত্র দিলা ধনপতি। নানা দ্ৰব্য আনি দিল নানা মুনিগণে। ছেন কালে মনে বৃক্তি চিৰিল বামনে। অধ্যে। যক্ত করে বলি দৈত্যরাজ। চলিয়া বামন গেলা দৈভ্যের সমাঝ। ভঙ্কজ্ব নামে তীর্থ নর্মদার তীরে। শ্রক-শুক্রে লঞা তথা বলি যক্ত করে। তথা গিয়া উন্তরিদা অভুত বামন। নিজ তেজে জলে যেন পূৰ্য্য হতাশন ৷ বামন দেখিয়া লোকে লাগে চৰৎকার। সভাসতে বলিয়াজা উঠিল তৎকাল। কিবা চক্ৰ পূৰ্ব্য কিবা দীপ্ত হতাশন। বামন দেখিয়া বিমোহিত সর্বাঞ্চন । কপট বামনবেশ ছত্র ধরে মাথে। মুগছাল পরে দও-কমওলু হাবে ! অদত্ত বিজ বটু দেখি উপসর। ক্রতে হৈতে উঠিল যজের হুতাশন । বাজিক আদ্ধণ সৰ উঠিল সহরে। সভাসতে ওরিতে উঠিনা দৈত্যেখরে । যনোহর রূপ দেখি ছিঞ্চ শিশুবেশ। ग्रकात क्रमदा देश्य जानम्बिट्यंव । চরিবে আসিরা বলি কৈলা সম্ভাৰণে। আগত স্থাগত বলে বিনয় বচনে 🛭 পাত অৰ্ব্য দিয়া রাজা প্রজিল সম্বরে। হেম সিংহাসনে প্রস্তু বসাল্য আদরে। চরণকমল পাধালিল প্রণাক্তে। সবংশে ধরিল জল মাধার উপরে॥ ভক্তি করিয়া বাহা হর ধরে মাথে। ব্ৰহ্মা আদি দেবে যাহা বাছে খ্যানপৰে ! মহাভাগৰত বলি ধর্ম কলেবর I হেন পুণ্যজন ধরে শিরের উপর 🛭 नत्यां जग्न जन विन देवन श्रवाम । করবোড়ে পুছে রাজা হয়া সাবধান 🛭 আজি সে সকল বোর জনম জীবন। আজি সে তুপিত ৰোৱ হৈল পিছপণ॥ আজি সে সফল মোর বজ্ঞ পরিবার। আজি সে জানিত্ব হৈল বংশের উদ্ধার । ধন্ত বন্ধ ধন্ত ছিল ধন্ত ন্দিভিত্ত ।° ৰাহাতে পঞ্চিল হেন চরণক্ষল।

Green

चाका कर विवसाय कि पिर छात्रादा । হন্তী হোড়া রথ ষত মোর অধিকারে 🛭 ত্ৰিভূবন মাগ যদি তাহা দিতে পাবি। জুমি যাহা চাহ তাহা অক্তথা না করি 🛚 এ বোল বুঝিয়া আজ্ঞা কর বিজ্ঞবর। স্বংশে সফল মোরে করত সম্বর। বলির বঃন শুনি প্রেন্থ স্থবীকেশ। হাসিদা উত্তর দিয়া ছলে বিজ্ঞবেশ।। श्रम श्रम विन जुनि श्रम कृत्त जमा। ধর্মবুক্ত শভাবুক্ত তোমার বচন॥ কুলবন্ধ পিতামহ প্রহলাদ তোমার। তক্ৰ হেন মুনিরাজ পুরোহিত বার। ध बरम्पा बरम नाहि क्ले क्लेन। কেহ কভু নাহি বলে অসম্ভ্য বচন॥ অভিজ্ঞা করিয়া কেহ না দিল গ্রাহ্মণে। হেন জন নাতি হয় এবংশে জনমে॥ **এই दर्श्य উপঞ্জিল हित्रगाफ तीत्र।** তার যুদ্ধে ত্রিভবনে কেহ নহে স্বির। বৰনে বরাহক্রপে পৃথ্যী উদ্ধারিল। অনেক ৰতনে তারে বরাহ মারিল। শুনিঞা ভাইর বধ মহাদৈভোশর। হিরণাকশিপ ক্রোবে অলিল অন্তর। বিষ্ণু মারিবারে দৈত্য চলে ত্রাত্বরি। চাহিতে চাহিতে বুলে শূল হাতে ধরি। ত্রিভূবনে চাহি দৈতা বৈকুঠে উঠিল। মহাদৈত্য দেখি বিষ্ণু সম্ভ্ৰমে চিভিল मुकाना विकास विकारिक नगर्य । यथा यथा विक्रु छवा बाह्य बित्रवाटत 🛭 পালায়া রহিতে স্থান না দেখিল হরি। ভারি হ্রদে প্রবেশিল স্ক্রন্থর ধরি। मांत्रिकाविवदत्र हिंद्र देकना भद्रदर्भ। কোখাতে রহিলা বিষ্ণু না পার উদ্দেশ ! ষর্গ মর্ছ্য পাতাল চাহিল ঞিভূবন। ছৰ দিগ চাহিল না পাইল দ্য়ৰন 🛭 তৰে দৈত্য বলে আনি চাহিলুঁ নিচারি। ববে জীয়ে ভবে কেনে না দেখি<u>য়ু'</u> হবি 🛭 হরবিত হয়া বৈত্য আইল নিঞ্জ বরে। ভাছাকে ৰাবিল নর-সিংহ অবভাবে ঃ আছিল তোমার বাপ বিয়োচন নাবে। ভার ঠাঞি ভিষ্ণা মাগিলেন স্থরগণে। षिषर्यं ध्रि'(एर्व याशिन कीस्त । ব্দাপন্য প্রাণ দিয়া ভূবিল ত্রাব্দ।

হেন পুণ্যবংশে তুমি **জনম সভিজে।** আপনার কুলধর্ম জাপনে রাখিলে। যাগিৰ অলপ কিছু ভোষা বিভ্ৰমানে। সভে তিনপাদ ভূমি দেহ ভূমি দানে 🛭 তিনপাদ ভূমি দেহ চরণে জুৰিয়া। তপ করিবারে চাহি ভাহাতে বিশ্বা 🛭 প্রবোজন ব্রিয়া ত্রান্মণে লৈব দান। অধিক না লয় যদি হয় মতিয়ান। তুমি-সৰ দিতে পার ত্রিভুবনপতি। আমি-গভে মাগিবে ত্রিপাদ বস্থমতী 🛭 এতেক শুনিজা বলি প্রভুর বচন। क्रद्रकाट्ड विज्ञाका क्रद्र निर्वहन । শিশুবৃদ্ধি বিজ তুমি সহজে ছাওয়াল (>)। यात्र यमि भाति चायि भुशियौ मियात ॥ তিন পদ ভূমি মাগ এ কোন চাভুৱী (২) ৷ দাতা পাষ্যা মাগি যাহা হৈতে ছঃখ ভৰি॥ হাসিয়া বামন তবে দিলেন উত্তর। ভাল কথা কহ তুমি বলি দেভোশ্ব ॥ ভূমি তিন পদে যদি সম্ভোব না হব। ভবে जिज्रुवन निल्न कामना भूति ॥ পুথু গম আদি রাজা পুরুবে আছিল। সপ্তদীপে যার রাজ্য অধিকার হৈল। তমুত নহিল শাভি রাঞ্যপদ পাঞা। হেন সৰ রাজা গেল পৃথিবী ছাড়িয়া। गत्काव शांकित्म हिस चमत्महे चाँ हो। অগ্ৰেষ চিড যার ত্রিভূবনে না আঁটে। विकक्रल अरे धर्म भावि कृष्टि वशा । অধিক মাগিব কেনে বিজয়ত হঞা। প্ৰয়োজন অধিক মাগিলে কোন কাজ। এ বোল বুঝিয়া ভাজা কর মহারাজ। হাসিয়া উত্তর দিলা বলি দৈত্যেশ্বর। যে তোমার বাছা সেই লছ বিজবর। এ বোল বলিয়া জলপাত্র নিল করে। তিন পদ ভূষি দিব বলে বামনেরে। (৩)

र्णात्रकती वाग ।

বলির বচন গুনি কৈছে।
কহিল বলির বিভ্যমানে।
কভাপের পুত্র হই অদিভিন্ন গর্ডে বাই
আপনে অভিলা নারায়ণে।

 ⁽১) ছাওরাল। (২),—"ভাল ঠাকুরালী"।
 (৬) পাঠান্তর,—"নবেধবে"।

प्रवकार्यः मारिवाद्यः ছ**লে विकक्**ल श्रद বঙ্গে আসি হৈলা উপসন্ন। क्नाट गक्न निव रेख व्यक्तित्र मिन এই विक्रू क्लिं-वागन। তৃৰি না জানিঞা মৰ্ম কৈলে অতি মন্দ কৰ্ম দান দিতে কৈলে অদীকার। এইক্ণে ত্রিভূবন তিন পদে নারারণ যুড়িয়া শইব অধিকার। এক পদে ক্ষিতিতল আর পদে অরপূর যুড়িয়া ধরিব মহাশয়। এক পদে নাহি স্থিতি কি হয় তাহার গতি কেন তার না চিন্ত উপায় ৷ দিতে অদীকার কৈলে যদি দিতে না পারিলে তৰে দেখি নরক তোমার। না বুঝ ধর্মের গতি তুমি মুখ' দৈত্যপতি ব্যৰ্থ তুমি কৈলে অনীকার ॥ আছিল ঋচীক মূনি তার মুখে হেন শুনি দোৰ নাহি অশৃত্য বচনে। পরিহাসে নারীকুলে বিবাহে সৃষ্ট কালে মিপ্যা বলি আন্ধণ কাবণে। অঞ্চীকার ব্যর্থ কর আমার ৰচন ধর কিছু তুমি না দেহ আন্দণে। বলি রাজা মনে গণি শ্বন্ধর বচন শুনি करह किछू विनम्न वहरन । সে গ্ৰ অগত্য নছে ওক্ষুথে যত কহে গৃহস্কৃলের ধর্মবাণী। ভাত্তিৰ কপট অংশে छन्मिका महावरटम এহ ৰড় অপরাধ মানি। হেন কহে বন্ধ্ৰমতী অসত্যে নরকে গতি মহাপাপ অসত্য বচনে। অগত্য বলিতে নারি স্কল কৃহিছে পারি এই বড় ভর মোর মনে। বন্ধু পরিবারগণ স্বস্ত্য ধরণী ধন অগত্য শরীর খত দার। শিৰি-আদি নরপতি আছিল নিৰ্মাণ মতি প্রাণ দিয়া কৈল উপকার ৷ ৰাগিল ব্ৰাহ্ম- স্বত সভে ভূমি তিন পদ ভাহা আমি কৈনু অনীকার। ভাঞ্জিব কপট করি অস্ত্য বচন বলি विक् विक् जोवन जानात ॥ পুৰিবী তেজিয়া গেল নহারাজগণ ছিল তার ৰশ রহিল সংসারে ৷

यपि विक गार्श चात्र ত্রিভূবন অধিকার তাহা দিতে যোর অধীকারে। করি বজ আরাধন তুমি-সৰ মুনিগণ কর যার উদ্দেশে ধেরানে। যদি সেই নারায়ণ মোর ভাগ্যে উপসন্ন তবে যোর সফল জীবনে। त्कांश कति शक वृति विशव वाम श्रीन শাপ দিল বলি দৈত্যেখন্তে। আপনা পঞ্চিত মানি লজিলে আমার বাণী শ্রীশ্রষ্ট হও অতঃপরে। তমু বলি দৈতাপতি নহিল অসভ্যমতি कन मिन जामनहत्र्य। কনক কলস ভরি বিদ্যাবলি তার নারী জল আনি দিল সেইকণে। সেই জল শিরে ধরি চরণ পাথালি বলি चिंहरक देवन वस्त्रात्। পুষ্প বরিষণ হৈল দেবগণে স্বতি কৈল দেববাদ্য বাজিল স্বাদ্য ॥
সিদ্ধ বিদ্যাধ্য যভ পদ্ধৰ্ম গাইল ক্বভ কৃত্য করে দেবের নাচনী। ধক্ত ৰলি রাজা হৈল विश्वनार्थ मान विण जिज्रात जब जब नागी। তবে প্ৰভূ হ্ববীকেশ কণট বামনবেশ ত্রিভূবন মুড়িল শরীরে। नमनमी ननानव আকাশ পুথিবীতল ग्व देश प्रारहित जिल्हा । विश्व मिष्क श्वरक् कवि বিশ্বস্তর-মৃতি ধরি विश्वनाथ दिला जानरन ॥ তরাসে মুবিল পাঁথি ৰলি অদভূত দেখি চ্মকিত হৈল স্থরগণে ৷ এক পদে সপ্তৰীপ বুড়িল পুৰিবীভল আর পদে গগনমগুল। তৃতীয় চরণ থানি কোণা পুইৰ চক্ৰপাণি ত্রিভূবনে নাহি ভার খল 🛭 তৰ আদি স্বব্ৰৰ **ठ**ळ रुका श्रुक्सव जनकाषि बहारवारगंबद्य। পারিবদগণ আসি नम जूनन जापि ছতি করে শিরে ধরি করে । ৰেদ ৰেদাস্তাদি বত তৰ্ম ভার ইতিহাস বোগ শান্ত পুরাণ সংহিতা। (১)

(১) পাঠান্তব,—'বেদ চাবি ৰছ ব্যাস **কৰ্ম ভাব ইতিহাস** বোগ শাল্পে সাখ্য এ সংহিল্প ।'

- ভারা সৃষ্টিমান হই প্রভূর নিকটে বাই গায় যণ প্রভুগুণগাণা। কেহ করে শ্বতিবাদ কেহ করে দপ্তপাত কেহ পূজে নানা উপহারে। ক্ষেত্ৰ পূষ্প ৰবিষণ কেহ-ৰুত্যপরাম্বণ কেহ করে আনন্দ মঞ্চলে । जीनम डेठिन यमि বিশপ্ত ভূবন ভেদি সত্য লোকে হৈলা উপগ্ৰ। ধুপ দীপ উপহারে বহুবিধ পরপারে अभा देकना हत्रन चर्छन । निष्म शर्म मृद्य क्वि এশা কমন্তদু ভরি পাখালিল প্রা চর চরণ। বৰ বৰ প্ৰতি বাণী कोिं पिरा यथनध्विन ৰুত্য গীত বিবিধ ৰাজন । ভব্লুকের অধিপতি পাতালে ভাহার স্থিতি জামুৰান উঠিলা তথনে। অৰভার কৈলা হরি ভেরী শব্দ পরচারি शृथी देवना छिन श्रामितः॥ প্রভার চরিঞা বৃঝি অমুর দানবে গাঞ্জি অন্ত্র শত্র ধরে থরতর। चन्द्रत किनिन त्रत् क्य भातियमगरन দৈত্যবল গেলা রসাতল। হেনকালে বলি আনি গৰুড়ে বান্ধিল জানি मन मिर्ण देश शहाकात। উচ্চস্বরে বলে হরি **७**न ७न चाद्र र्नान স্থান দিতে করছ প্রকার॥ वृहे भए भारेन चामि छिन अम मिल स्मि আর পদ গুইব কোন স্থানে। দিতে অদীকার কৈলে যদি দিতে না পারিলে नत्रक प्रविद्य विश्वमादन ॥ बाष्ट्रगद्य पिव विन পাছে করে ডাগুাঠাণ্ডি ভার গতি নাহি কোন কালে। देशलाटक धर्मनान স্কল নরকে বাস ভার কভু না হয় উদ্ধারে। द्भि यपि जान एन বলি বলে প্রভূ ওন नार्व देशन त्यात्र चन्नीकात्र। গত্য হউক মোর বাণী তুমি ধীর শিরোমণি শিরে দেহ চরণ ভোমার। বিদয়শেখর তুমি विठादत वृत्यिम् चामि প্ৰভুৱ ৰচন নহে আন। অদীকার সভ্য কর श्वाब नार्थ भग बन्न ভাল সভাৰাদী ভগৰান।

কিবা রাজ্য পদ নাপ নরকে বা হয় বাস বন্ধনেহ নাহি মোর ভন্ন। ইহাতে অধিক আর কর যদি পরকার তভু যেন স্ত্যুভদ নয়। তুমি প্রভু কল্পতক দৈত্যের পরম গুরু यम अब देकरम दुः भी कति। ভববদ্ধ অন্ধকার যোর যেন নছে আর **এই पशा कत्रह औरति ।** যোগেন্ত মুনীন্ত্ৰগণ যার পদ সংচিত্তন করিয়া সংসারে হয় পার। হেন মহাযোগেশ্বরে আপনে বান্ধিৰ বারে তার ভাগ। কি কহিব আর। আমার বাপের বাপ প্রহলাদ ভোমার দাস বৈর ভাব বাপের দেখিয়া। আমি গৃহ ধন স্বত দার তেজি বন্ধু পরিবার রহে ছই চরণ ভজিয়া। তুমি প্রভু চক্রপাণি विषयात्र थत्र-मि त्यात खक्क (मिप . महे वश्या । রাজ্যপদ দূর করি যোর গর্ব পরিহরি তে-কারণে বান্ধ নাগ পাখে॥ প্ৰহলাদ ভক্তৰর হেনকালে দৈত্যেশ্বর वागिषा (मिथन नाताप्रत्। পারিষদগণ যুত দিবারূপ অবভূত ৰাহ্য পাসরিল দরশনে প্রেমে পুলকিত অঙ্গ গদগদ শ্বর ভঙ্গ नम्रत योनन्यम रह। নাহি বাহ্য অবধান देकन वर्छ भन्नगाम তবে কর যুড়ি কিছু কছে। নযো নযো জয় জয় কুপালু কৰুপামশ্ব দীনবদ্ধু ভকতবৎসল। অখিল ভুৰনপতি সকল লোকের গতি नया नया जगर वेबत ॥ কোন ভপ কৈল বলি कुषा देवन बनमानी र्श्तिरम श्रीमन-वरकात । বান্ধিয়া বঞ্চণ পাশে **खनवक**्टेकरण मार्ट्स ধন্তকুলে জনম আবার। হেনকালে বিদ্যাবলি ভরে অভি স্থবাধুলা কর বৃঞ্চি শিরের উপর। नात्व रहे मापा हरे প্ৰভূৱ নিকটে বাই नल किছू निमन छेखन । আশনার জীড়াভাও তুমি পদিলে ভ্ৰমাণ্ড অভে ভাহা করে অধিকার।

निन क क्रुडिक्टन বিধি করে বিভ্রম্বনে क्ति पार्य करत व्यक्षात ॥ স্বাম্য নাহি স্বামী বোলে বার্থ অহঙ্কার করে ত্রিভূবনে আছে কার দাধ। (১) ভাল তুমি মানা কর কপটে সেবক ভাড় ঠাকুরালী করিতে যুখার 🛭 হেনকালে বন্ধা আসি মনে বড় ভন্ন বাসি रल किছू विनम्न वहरन। সকল ভোমারে দিল তার হেন গতি হৈল **एक ए**ख क्र कि कांत्रण ॥ ৰার পদয়ুগ ভজি দুৰ্ব্বাপত্ৰ দিয়া পুজি সেহ বিষ্ণুপৰে গভি পাৰ। ত্রিভুবন দান করি তবু দণ্ড পায় বলি হেন কি প্রভুর মনে ভায়। প্ৰভু বলে ত্ৰদা শুন তুমি তল্প নাহি জান আমি যারে অনুগ্রহ করি। তার ধনমদ হরি-ৰাশ্বৰ বিচ্ছেদ করি সেই বায় ভবনদ্ধ তরি। थन यह इस योज ভার বাঢ়ে অহকার प्तर विक खक्र नाहि गाता। বে পুন আমার দাস তার করি মদ নাশ ্ভারে দণ্ড করি তে-কারণে। যারে অভুগ্রহ করি তার ধন পুত্র হরি সেই জন বান্ধৰ আমার। ব্রহ্মার তুর্গুভ পদ কিবা দিয়ে ইন্দ্ৰপদ ভভূত সাধিতে নারি ধার। বলি হয় মহামতি অমুর দানব-পতি **बरे मि किनिण विक्रुगाया ।** পাঞা এত অপমান নাহি যার বস্তুজান ত্রিভূবনে নাহি যার দয়। ছলে ত্রিভুবন লৈল তৰ্জন ভৎ গ্ৰন কৈল ৰছবিধ ভাড়ন বন্ধন। বদ্ধগণে ছাড়ি গেল: ছলে गर्कनान देश छम् यात्र ना ठिनन यन ॥ ৰলি হৈব পুরন্দরে **बर्भवस्त्र भट्य** ভাৰৎ স্মৃতলে দিব বাস। আমার বচন ধরি विश्वकर्या देवना गुत्री ত্ৰা-কোট জিনি পরকাশ। শোক যোহ নাছি ৰথা অরা মৃত্যু তর বাধা माहि यथा विविध ग्रहाल। (১) "স্বামিছ নাহিক যার, বর্থ বলে অধিকার,

बिक्वन क'रव किया नाव।"--- भाशिकत।

(मर्व यांत्र वांश करत ত্রকাথের অগোচন্দে (इन अम कतिव त्यामाम । চল ৰলি সে স্বতলে तक शिवा निया शूरव ভক্ত গিয়া চরণ আমার। নিজ পরিবার সজে ত্বৰ ভোগ কর রক্তে **७ वरक टेनर व्यात्रवात ॥** রাখিব ভোষার পুরী নিজ হতে চক্র ধরি আমি ভোর থাকিব হুয়ারে। ভবে কর যোড করি বিনয় বচন বলি विन किहू निर्वतन करत ॥ ভাবে পুলকিত অঙ্গ আনন্দ তর্ম ভন্ গদ গদ ৰচন বুসাল। প্রণত কন্ধর করি বলে বোল ছই চারি ভাল প্রভূ কৈলে ঠাকুরাল। মৃঞি তথ না জানিলুঁ কিবা আরাধন কৈশু वित्र वृत्का देवन छेलान्ना। ব্ৰহ্মাদি ছুল'ভ পদ শিরের উপরে ধর এত বড় কুপার মহিমা। অধ্য অসুর জাতি তমোগুণে উতপতি তাহে তুমি এত কুপা কর। একাস্ত ভকতি করি সকল সংসার ছাড়ি ভজিলে বা কি না দিতে পার। এতেক বচন বলি দত্তপর্ণাম করি व्याख्या शति भिरत्रत्र छेशस्त्र । স্থতলে প্রবেশ কৈল নিজগণ সঙ্গে নিস •हेक्क्पम भारेम श्रुवन्स्य । প্ৰহলাৰ আদিয়া তবে প্ৰেমে গদগদ ভাবে वल किছ विमन्न वहरत। ধন্ত যোর কুলনীল ধক্ত বলি জনমিল थक वश्य दिल यांचा इतन । ব্ৰহ্মা যাহা নাহি সভে य पर ना भार भित्र লক্ষী যাহা করৰে সন্ধানে। জগত বন্দিত জন করে শাহার ৰক্ষন বলিশিরে সে পদ ভূষণে। ত্ৰহ্মা ত্ৰহ্মপদ পাইল निरवत्र निवक् देश चात्र शनकमन (वज्रात्न । ভাবে কুপা এভ বড় কুষোনি অসুর খল তার গীলা কে কহিব আনে। সভার জদমে বৈস স্বভাবে পর্কাশ তমু ধর বিবৰ স্বভাব। না ভজিলে পরিহর ভকতে আপন কর বেন স্থরতক অভুভাব।

শ্রিমন্তাগবড

এতেক বচন বলি দণ্ড পরণাম করি আজা ধরি শিরের উপরে। ম্বভনে প্রবেশ কৈল ৰলি আসি সম্ভাষিল एट्ट किছ वरण भेषांश्रत । আমার বচন ধর **एक ए**क कुछबब्र यककित कत्र ग्रांभिता। যজ্ঞ পরিপূর্ণ করি সকল ব্রাহ্মণে মেলি শিব্য কর্ম কর স্বাধানে তক্ত ৰলে প্ৰভূ তন তুমি বাবে উপসন্ন তার ছিদ্র নাহি কোন কালে। দেশ কাল ছিব্ৰ যত ৰপ্ৰ ভন্ন দ্ৰব্যগত गर्क (कार यात्र नात्य रुद्ध । ওথাপি ভোমার বাণী পাছে ব্যৰ্থ হয় জানি चाळा नित्र क्रिय भागत। **এতেক ব**চন বলি যজ স্মাপন করি भूनी मिन यक म्निशरन ইক্তে অধিকার দিয়া ছলে দৈতা সংহারিয়া ধরিল বামন কলেবর।

ব্ৰহ্মা ভব পুরন্দর ত্মর সিদ্ধ বিভাগর ত্রিভূবনে আনক মকল (>) ! দেব মুনিগণে মেলি মহ অভিবেক করি তবে নাম উপেন্ত ধরিল। সৰ্ব্ব দেবগণ মেলি দিব্য দেবরূপে তুলি প্রভূ লঞা সুরপুরে গেল ॥ रेख निष व्यक्षिकात्त्र **(ब**व निष्क निष्क श्रेट्स হরিষে রহিল নিজ পুরে। क्रीण देवना वनमानी অপক্লপ লীলা করি কহিল বামন অবভাৱে। পুণ্মীখান ধূলা করি যদি গণিবারে পারি তমু গুণ গণন না বাম। বার পদ-নথ-জলে জগৎ পৰিত্ৰ করে তার গুণ কেবা অন্ত পায়॥ দিব্য অবভার দীলা বামন বিক্রম থেলা ওনিলে সকল পাপ হরে। ভাগবত-আচার্যোর বাণী-রস স্থমধুম জ্ঞান-গুরু শ্রীগদাধরে ॥

(১) পাঠান্তর,--"অন্তর"।

ইতি **ঐ**ভাগৰতে মহাপুৱাণে **অ**ষ্টম স্বন্ধে চতুর্থোহধ্যারঃ ॥৪[॥]

MARI DIATITY !

তবে বাজা জিজানিলা শুক সরিধানে। ৰংশ্ৰ অবভাৱ হরি কৈলা কি কারণে। আপনে ঈশ্বর হয়্যা মৎক্ত-কলেবর। ইহার মহিমা গুরু কহ কত বড় 🛭 রাজার বচন শুনি মুনি যোগেশর। मर्ज व्यकात-कथा करह मत्नाहत । क्ट्रे-विनाभन भिट्टे कदिव शानदन्। নানারপ ধরে হরি এই সে কারণে । অনম্ভ-শৰুনে প্ৰভু প্ৰালম্ব-সাগ্যর। নিদ্রাছল করি হরি কৌতুকে বিহরে। প্রভূষুৰে হৈছে চারি বেদ নিঃসরিল। হৰতীৰ নামে দৈতা বেদ হরি নিল। ভে-কারণে ধরে হরি মৎস্ত কলেবর। মৎস্ত-অবতার-কথা শুন নরেশর। সভাবত নামে এক আছিল সুপতি। জলপান করি তপ করে মহামতি।

কত্যালা নদীজলে করিয়া মজন। পুণাজল দিয়া রাজা করবে তর্পণ। একটি শক্রী মৎস্ত অঞ্চলি ভিতরে ৷ দেখিয়া অঞ্চলি রাজা তেজিল সম্বরে 🛭 বিনতি করিয়া ভবে কি বলে শব্দর। ক্ষুদ্র মৎক্রঞ্জাতি আমি কেন পরিহর॥ বড় বড় মাছে ধরি থাষে তে-কারণে। জ্ঞাতি ভয়ে নৈল আমি তোমার শরণে ! তুমি বোরে না ছাড়িছ শুন্হ রাজনে। শরণাগতেরে তুমি তেজ কি কারণৈ॥ এতেক বচন यमि वनिन भक्ती। কলসী ভিতরে মংশু খুইল দয়া করি। क्लारम भक्ती ताका चानिन मिन्दा। কণেকে কলস ভরি পরিক শরীরে । ত্ৰঃথ ভাৰি মৎক্ত বলে শুন নৱেশ্বর। রহিতে না পারি আমি ইহার ভিতর !

বড হেন বুঝিয়া আমারে দেহ ঠাঞি। ভাহার ভিতরে আমি সম্ভোবে বেডাই। ভবে মংস্থ পুইল লঞা কুপের ভিভৱে। ভিলেকে সকল কুপ যুড়িল শরীরে॥ বিনতি করিয়া তবে বলয়ে শফরী। ইহার ভিতরে আমি রহিতে না পারি। ৰ্ড হেন বুঝিয়া আমারে দেহ স্থান। আল করিয়া না করিছ অবজ্ঞান ॥ **छटर मदण प्रेन ताका मदतावत करन।** ষুড়িল সকল জল ভিলেক ভিভরে (১)। ভবে মৎশু বলে ব্ৰাজা অবধান কর। অগাধ জলের মাঝে আমা নিয়া ধর। এ বোল শুনিঞা মংশু অগাধ সনিলে। অনেক যতনে লঞা থুইল নরেশ্বরে॥ ষ্ঠ ষ্ঠ জলাশন্ন গুইল বাবে বাবে। ভিলেকে সকল যুড়ি ধরে কলেবরে ঃ তৰে ক্রোধ করি রাজা # লিবে সাগরে। বিনম্ম করিয়া মৎস্ত বলে হেন কালে। না পেল না পেল রাজা সাগরের জলে। বড় বড় মংস্ত ধরি থাইব আমারে॥ ৰড জলচর ভবে পশিল শরণ। মহারাজ হয়া তুমি তেজ কি কারণ। এতেক বচন যদি বলিল শকরে। চিন্তের ভিতরে রাজা অমুমান করে॥ নাছি দেখি নাহি শুনি অপত্ৰপ মীন। নাহি দেখি হেনরপ জলচর চিন। এক দিনে বাচু তুমি শতেক যোজন। অন্ত্রান বুঝিল সাকাৎ নারারণ। অমুগ্রহ করিতে এ ক্লপ তুমি ধর। ৰংশুক্লপ ধরি তুমি অবতার কর। নযো মহাপুক্ষ অনস্ত ভগবান। নানা মৃত্তি ধরি কর লোক পরিতাণ। ভক্ত জনের তুমি বন্ধু হিতকারী। एड-कांत्रण कुणा किरल य**९**ण कुण धित । नत्या त्वय क्षत्र क्षत्र नत्या नातावण। মৎক্ত ক্লপ ধর ভূমি এ কোন কারণ। সভাৱত বচন ত্ৰনিঞা হবীকেশ। অবভার কারণ কহিল মৎস্ত-বেশ। সপ্তম দিবসে হৈব প্রালয় সাগর। ৰজিব ভাহাতে ত্রিজুবন চরাচর।

ভাসিয়া আসিবে নৌকা প্রভন্ন-সলিলে। ঔষ্ধি তুলিহ তুমি তাহার উপরে। সপ্ত ঋষিগণ লয়্যা আপলে উঠিছ। তাহার উপরে চটি কৌতুকে এমিছ। ভৰনে আসিৰ আমি মহা মৎস্ত-ৰেশে। কাঁটাতে বাদ্ধিহ নৌকা মহানাগপাশে ॥ পর্বাতের শৃক্ব যেন কণ্টক বিশাল। ভাহাতে ৰাঙ্কিয়া নৌকা করিহ বিহার। আমার মহিমা দিব্য গাইব মুনিগণে 🕽 নৌকার উপরে বসি শুনিহ প্রবণে । এতেক বলিয়া মৎস্ত কৈলা অন্তর্জান। বিশাস ভাবিষা রহে রাজা মতিমান ॥ ক্রতমালা তীরে করি কুশের আসন। তাহাতে ৰসিয়া রাজা চিক্তে নারায়ণ 🛭 ছেনকালে শুনে মহাজল উভৱোল। প্রেলয় সাগর জল ভরক কল্লোল 🛚 মহামেশ ৰবিষণ ঘোর অন্ধকার। ৰাচিল সাগর জল পর্বত আকার॥ ভন্ন পাঞা রাজা কিছু চিক্তে মনে মনে। হেনকালে দিব্য নৌকা দিল দরশনে ! পুৰিবীর ঔবধি যতেক মুনিগণে। নৌকাতে তুলিয়া রাজা কৈলা আরোহণে 🛭 মুনিগণ বলে রাজা না করিছ ভয়। ভক্তিভাব করি চিন্ত হরি দ্বাময়॥ সেই সে করিতে পারে সঞ্চ মোচন। **(रनकारण य९ अक्रम जिला प्रत्रणन ॥** দশলক প্রহর শরীর পরিসর। পক্তি আকার শৃঙ্গ পুঠের উপর। হেমধাম কলেবর অতি মনোহর। তরক-করোলে মৎস্ত করে ঝলমল। শাজা পাঞা সতাত্ৰত নাগপালে ধরি। কণ্টকে বাঙ্কিল নৌকা দুচ্তর করি। তবে সভ্যত্ৰত বাজা কবিয়া প্ৰণতি। বিৰিধ প্ৰাণাৰ কৈল বছবিধ স্বতি ৷ এত স্বতি কৈল যদি ৰূপতি প্ৰধান। ত্ত হয়া বলে মংশ্রমণী ভগবান ॥ পুরাণ-সংহিতা সাংখ্যযোগ ভত্তকথা। কহিল সৰল ধৰ্ম স্বৰ্গলোক পিতা। **८१न चनक्रम की**णा देकना म्द्रज्ञत्वरम्। ৰবিগণে ভত্মভান কৈনা উপদেশে 👢 এইক্রপে গেল বদি প্রালয় সময়। বেদ উদ্বারিতে ইৎসা কৈলা দমানম 🛭

⁽১) পাঠাছৰ,—"মংস্ত এক তিলে।"

হরপ্রীব গৈত্য মারি দেব উদ্বারিল।
ব্রহ্মার বদনে প্রাভু বেদ সমর্শিল।
সেই সভ্যব্রত রাজা আছিল তখনে।
বৈবস্বত নাবে মন্থ হয়াছে এখনে।
বংশ্বত অবতার কথা বেবা জন গুলে।

সর্ব্ধ পাপ হরে সুথ বাঢ়ে দিনে দিনে ॥
আদি অবভার কথা ধন্ধ পাপহর।
সর্ব্ব সিদ্ধি হয় ভার সর্ব্বত্র মদল ॥
ভাগবত-আচার্ব্যের মধুরস-বাণী।
বংশু অবভার-কথা প্রেমভরদ্বিশী॥

ইতি ঐভাগৰতে মহাপুরাণে অটম ক্ষের প্রেমতক্ষণি পশ্যোহমধ্যার:। অটম কর সমাপ্ত ।

নবস ক্ষক্ৰ

প্রথম অধ্যায়।

তবে রাজা পরীক্ষিৎ স্থবৃদ্ধিশেখর। আর কথা জিব্লাসিলা মূনির গোচর ॥ সত।ব্ৰত রাঞা ছিল ভকত-প্রধান। মংস্ত অবতারে প্রভূ বিলা তত্ত্বজান। বৈবস্বত ম**ৰন্ত**রে **ত্**র্ব্যের তনয়। বৈৰক্ষত মন্ত্ৰ জিঁছো হৈলা মহাশয়॥ देवनक्रवस्था यछ देश छेदशिख। হয়াদে হৈবেক যত **আর** নরপাত। ত্র্ব্যবংশে যত রাজা হৈল উপাদান। ভা-সভার কহ পুণা চরিত্র-ব্যাখ্যান॥ এতেক ব6ন যদি বলিলা বুপতি। কহিতে লাগিলা তবে শুক মহামতি 🛭 স্ব্যবংশকথা রাজা তন সাবধানে। সংক্ৰেপে কহিৰ কিছু তোমা বিদ্যমানে 🛚 বিস্তারিয়া কহি যদি শতেক বৎসর। তমুত কহিতে নারি মহিমা সকল। ত্য্যবংশচরিত্র কহিব সাবধানে। পুৰুৰে আছিলা সভে এক ভগবানে॥ প্রলবে না ছিল কিছু এ লোক রচনা। চন্দ্র করাচার (১) ব্রস্থাদি করনা। ভগৎ ক্ষতিত প্ৰভু বৰ্ণনে ইচ্ছিল। তার নাভিপন্ধ হৈতে এন্ধা উপজিল। ত্রমার মানসপুত্র জন্মিল মরীচি। ম্বীচির ভনর ক্ষণ প্রকাপতি। অদিভিন্ন গতে তুর্ব। কণ্ডপতনর। পূৰ্য্যপ্ত আদ্বদেৰ হৈলা মহাশ্ব 🛭

শ্রদ্ধা নামে তার পত্নী পরম দ্ধপনী। দশ পুত্র হৈলা তাথে মহাগুণরাশি। পুরুবে না ছিল প্রাছদৈবের সম্ভান। পুত্ৰকামে ৰশিষ্ঠ সেবিল মতিমান্॥ विकाश चानिका विशेष यक देवन। হোভার নিকটে তবে শ্রদ্ধাদেবী গেল। একথানি কম্পা মোর হন্ন যেনমতে। হেন কর্ম কর হোভা কহিল তোমাতে।(১) ভবে হোভা কৈল যজ কন্তার কারণে। শ্রদ্ধার জন্মিল তবে কন্তা ইলা নামে॥ কল্পা দেখি আছদেব ভাবিষা বিষাদ। ৰশিষ্ঠের আগে কহে করি যোড় হাথ ৷ ভূমি-সব মহাযোগেশ্বর মুনিরাজ। বিপরীত হয় কেন মুনির সমাঝ 🛭 পুত্রকামে যক্ত কর কন্তা উপাদান। এ সৰ উচিত নহে তোমা বিভয়ান। রাজার বচন গুনি বশিষ্ঠ কহিল। হোতার কপট দোবে কন্তা জনমিল 🛭 তমু তুমি না চিন্তিহ স্থ্যের নন্দনে। ঐ ক্সাধানি পত্তা করিব আপনে॥ এ বোল বলিয়া কৈল কুফ-আরাধন। সাক্ষাৎ আসিয়া বর দিলা নারায়ণ। ভবে ইলা কম্ভা হৈলা স্বহায় কুমার। স্থান্ত্যর সে রাজপুরে করমে বিহার **।** এক দিন বনে গেলা মুগরা করিছে। हिना चर्च चारबाहरण चन्न रेनक मारब

⁽⁵⁾ পাঠাভৰ,—"স্মৰাস্মৰ" I,

बिरा भेत्ररञ्ज होट्य बिरा चन्न शहर । চলিলা উত্তরদিগে মুগ অনুসারে 🛭 ্মের নিকটে আছে কার্বিকের বন। তার সন্নিধানে গেলা স্বত্যায় রাজন (১) প্রবেশ করিলা মাত্র কার্ন্তিকের বনে। সেইক্ষণে নারীরূপ ধরিল সগণে। ণভাই সভারে চাহি চিত্তে মনে মনে॥ কেন পরবেশ কৈলু হেন ছষ্ট বনে। ওবে রাজা জিজ্ঞাসিলা শুকদেব স্থানে। পুরুষ ভাহাতে নারী হয় কি কারণে॥ মনি বলে শুন রাজা কহিরে ভোমারে। পাব্ব তী সহিত ক্রীড়া করে মহেশ্বরে। (मनी मिशचरी तरह भिन निवम्त । হেনকালে গেলা তথা মহাঋষিগণে॥ তা-সভা দেখিয়া সজ্জা পাইলা মহেশ্বরী। বন্ধ পরিধান লাজে উঠে ছরাছরি॥ ঋষিগণ লাভ পাঞা কৈলা হেঁট মাথা। সেই মনে গেলা নরনারায়ণ যথ। । লাক পায়া। মহাদেব চিক্তে মনে মনে । হেন কর্ম করি কেহ না আইসে এ বনে॥ चाकि देश्ल अहे बत्न कह यनि चाहरा। ছাডিয়া পুৰুষ বেশ হৈব নারীবেশে॥ সেই দিন হৈতে কেহ না বায় ভাহাতে। স্থ্যুয় প্রবেশ গিয়া কৈল আচৰিতে। সগণে বুৰতীবেশ স্থন্তায় ধরিল। চন্দ্রের তনম্ব বুধ হেনকালে গেল । রতিকেলি হৈল তাঁহা হুহার মিলনে। তাহাতে জন্মিল পুত্র পুদ্ধরবা নামে 🛚 স্থভায় চলিয়া তবে গেলা নিজপুরে। কহিল সকল কথা বশিষ্ঠগোচরে। স্থলায় দেখিরা মুনি চিক্তি মনে মনে । আপনে চলিয়া গেলা শহরের স্থানে # স্তুতি ভক্তি করি শিবে কৈলা আরাধন। শঙ্কর আদতের কৈলা মুনি সম্ভাবণ 🛭 মুতায়ের ভারে বর বশিষ্ঠ মাগিল। হৃদরে চিস্তিরা ভবে শিব বর দিল 🛭 অসভ্য নহিব কল্প আনার বচন। মুতায়কে বর দিল ভোমার কারণ 🛭 এক মাসে নারী হৈব আর মাসে নর। এইরপ দিলু আমি স্ফুচরেরে বর 🛭

(১) পাঠান্তর,— "তার সন্ধিবাদে পিরা হৈলা উপসম।

বশিষ্ঠ আসিয়া রাজা শুড়ায়ে কহিল। তপ করিবারে মূনি তপোবনে গেল 🛭 বাজা হয়া রাজ্য করে স্থ্য়া কুমার I পৃথিবী শাসিয়া কৈল নিজ অধিকার । এক মাস থাকে রাজা নারী বেশ ধরি। আর মাসে পুরুষ আকার মহাবলী। এইরপে কৈল রাজা পৃথিবী পালনে। রাজা দেখি প্রজার সজোব নাছি মনে। তিন পুত্র হৈল তার মহাবলবান। কনিষ্ঠ বিমল গন্ধ উৎকল প্ৰধান ॥ দক্ষিণ দেশের রাজা হৈল তিনক্ষনে। তবে প্রব্রবা প্রৱে ডাক দিয়া আনে 🛭 পুত্রে রাজ্য দিয়া রাজা গেল তপোবনে। পুরুরবা রাঙ্যপদ করে সাবধানে॥ এইক্রপে যদি বহি গেল চিরকাল। বৈবস্বত মন্ত্র তপ কৈলা আরবার। যমুনার তীরে রাজা গেল নিরস্তর। পুত্র কামে ভপ কৈল শভেক বংগর 🛭 হরি আরাধিল রাজা বোগ-স্মাধানে। তবে তুট হয়্যা বর দিল নারায়ণে 🛭 रकाकू क्षथम जुल भवाछि कुमात । দিষ্ট **ধৃষ্ট কর্মন নরিব্যস্ত আ**র । श्वध नज्ज कित मन श्रुव देशन। তবে বৈবন্ধত মন্ত্র সস্তোবে রহিল। দশ পুত্র মাঝে নাম পুৰধ যাহার। বশিষ্ট স্থাপিলা তারে করিয়া গোয়াল 🛭 গোরু রাখে পুষধু কুমার রাত্তিদিনে। বীরাসন ত্রত করি করে জাগরণে 🛭 এক দিন খোর নিশি রাত্তি ব্যক্ষকারে। এক ব্যাত্র প্রবেশিল গোটের মাঝারে চমকিয়া সব গোক উঠিল তরাসে। এক গোরু ব্যান্তে তার ধরিল নির্ম্ভাগে # ক্রন্সন শুনিঞা বীশ্ব উঠিল সংর। থড়া ধরি প্রবেশিল গোটের ভিতর 🕽 ব্যাদ্র ৰলি কোপ দিল করিয়া সন্ধান। কাটা গেল বাছুর (>) ব্যান্তের এক কাণ ৷ শবদ ছাড়িয়া ব্যান্ত পলাইল ডবে। (२) পথে পথে ব্ৰক্ত পড়িল ধাৰে ধাৰে ৷ কাটা গেল ব্যাত্র বীর মনে হরবিত। ব্ৰজনী প্ৰভাতে বৎস দেখিয়া ছঃবিভ 🛙 '

⁽১) "কপিল।" হইবে বোধ হয়।

⁽२) "नम डेडिन छट्द वांच शनाब छटा।"

অপরাধ শুনিয়া বশিষ্ঠ দিল শাপ 🛚 শুদ্র হয়। থাকুক অজ্ঞানে কৈল পাপ। अक्रमाश जिल बीय বোড় করি কর। তপ করি ক্রফ আরাধিল নিরন্তর 🛚 শাস্ত দান্ত সর্বভূত-হিতরত হই। বৰা লাভে তুষ্ট বস্তু ফল মূল থাই। প্রবন রোধন করি সর্ব্ধ সঙ্গ ভেজি। একান্ত ভকতি করি ক্লম্পদ ভঞ্জি ৷ ক্লফে মন ধরি প্রাণ কৈল উৎক্রমণ। ব্ৰন্ধে প্ৰবেশিল তার ছটিল বছন । ভাহার কনিষ্ঠ যেই কবি বন্ধু সনে। মুখ ভোগ রাজ্য তেজি প্রবেশিল বলে। কৃষ্ণ আরাধিয়া শিশু পাইল কৃষ্ণগতি। করবের পুত্রগণ কার্র্য খেয়াতি ॥ উত্তর দেশের ভারা পাইল অধিকার। ব্রাহ্মণ্য বদান্ত তারা ধর্মপরচার । श्रुष्टेवरम यত উপঞ্জিল থাষ্ট নাম। সুগের স্থমতি পুত্র হৈল বলবান । স্মৃতির পুত্র তার নাম ভূতক্যোতি। তার পুত্র বম্র তার প্রতীক থেয়াতি । ভার পুত্র ওঘবান বিদিতসংসার। ওঘৰতী নামে কক্সা অন্মিল তাহার। নরিবাস্থ নামে এক পুত্র জনমিল। চিত্রসেন ভার পুত্র ঋক নামে হৈল। মীচৰান ভনন্ন তার পুত্র পূর্ণ নামে। ইব্রুসেন তার পুত্র বিদিত ভূবনে 🛭 ৰীভিহোত্ৰ ভার পুত্ৰ সভ্যপ্ৰবা নাম। উক্তৰা তার পুত্র মহাবলবান্। বেৰদন্ত তার পুত্র অগ্নিবেশ্র হৈল। কানীন ভাহার পুত্র ঋবি জনমিল # ব্দাতুকৰ্ণ নায়ে ঋবি বিদিত ভূবনে। বিজ্ঞান উপজিল অগ্নিবেখারনে । দিষ্টবংশ কহি তবে শুন নরপতি। দিষ্টের নাভাগ পুত্র কর্মে বৈশ্বৰাভি॥ ভলম্বন তার পুত্র তার বংগপ্রীতি। ভার পুত্র প্রাংশ ভার ভনর প্রমিতি। ধনিত্র ভাহার পুত্র চাকুব ভনর। বিবিংশতি ভার পুত্র রম্ভ মহাশর। ধনীনেত্র তার (পুত্র) করন্ধন নরপতি। অবিক্রিৎ গামে তার স্বত মহামতি। চক্ৰভী রাজা ভার মক্ত কুমার। সংৰ্ভ আসিয়া যত করাইল বার ।

মক্রতের বজ্ঞসম বজ্ঞ নাহি হয় I বার বক্তে সর্ব্ব পাত্র হৈল ছেমময়। মক্লভের ভ্রভ দম নামে মহীপাল ৷ রাজ্বর্দ্ধন নামে ভাহার কুমার॥ ভার পুত্র সুধৃতি ভাহার স্বভ নর। নরপুত্র কেবল ভগ্মিল মহাবল॥ ভার পুত্র ধৃদ্ধুমান বুং ভার স্থত। তার পুত্র ভূণবিন্দু মহাগুণযুত। ছণবিশু মহীপতি ভঙ্জিল অঞ্সরা। অসম্বা নাম তার দিব্য বেশধরা ৷ তার কল্পা জনমিলা ইলবিলা নাম। আপনে বিশ্ৰবা যাতে কৈল গৰ্ভাধান 🛭 কুৰের জন্মিল ভাহে বিদিত সংসার। অলম্বা পুত্র আর জন্মিল বিশাল 🛭 विभारम देवभानी शूबी देवन निव्रमांग। আর পুত্র শূন্তবন্ধ ধুমকেতৃ নাম ৷ হেমচন্দ্র তার পুত্র ধুফ্রাক্ষ তনর। তার পুত্র জন্মিল সংযম মহাশর 🛭 তার পুত্র সহদেব ক্রখাখ তাহার। ভার পত্র গোমহন্ত নামে মহীপাল। তার পুত্র হুমতি জনমেজয় তার। ष्ट्रशतिम् वश्म किছू वर्निम विद्याद ॥ শর্যাতি মহুর পুত্র আছিল নুপতি। স্থকন্যা কুমারী ভার হৈল ক্লপবভী । মুগরা করিভে রাজা গেলা এক দিনে। ত্বকন্তা করিয়া সাধে শ্রমে বনে বনে ॥ চব্যন আশ্রমে যদি রাজা উন্তরিল। স্থীগণ দয়া কলা ভ্ৰমিতে দাগিল 🛭 বন্মীকটাকরে জ্যোতি দেখে হুইখানি। কাঁটা দিয়া বিদ্ধে ভার মরম না আনি । শোণিত প্রাবিদ তার বেয়া। পড়ে থারে। यण मृख निर्द्राधिन टेन्ट्डिव छेन्ट्र ॥ বিশ্বরে পড়িল রাজা নাহি জানে বর্ষ। না বুঝিয়া কেবা কোন কৈল অপকর্ম। কোন দোব কৈছু কিবা মুনির সাশ্রবে। হেন বুঝি প্রমাদ পড়িল তে-কারণে ॥ ত্মকম্ভা কহিল গিয়া বাপের গোচরে। ছই জ্যোতি কাঁটা দিয়া বিশ্বিল টীকরে। ক্ষার বচন শুনি য়াকা পাইল জয়। ষুনির নিকটে গেলা কম্পিতজ্বর । মুনি প্রসাদিরা রাজা ক্রা সমর্পিল। সলৈতে চলিয়া তবে নিজ পুরে গেল।

ত্মকন্তা মূনির সেবা করে সাবধানে। বুঝিয়া সুনির চিত্ত পরম যতনে ॥ **এक कारण अधिनीकृ**मात छ्हेखन। দৈবধোপে গেলা তারা মুনির আশ্রম 🛊 পুজিয়া চাবন মুনি আতিথ্য বিধানে। বৌৰন মাগিলা সেই তুই দেৰ স্থানে। ষ্টে ভাগ দিব করাইব সোমপান। দিব্যরূপ দিয়া কর কন্দর্পস্মান **।** তবে অদীকার তাঁরা কৈলা হুই জনে। আজা দিলা এই হ্রদে করহ মজ্জনে। তা-সভার কচন শুনিঞা মুনীখর। নথ দস্ত গলিত কম্পিতকলেবর॥ জরা-জরজর মূনি জলে প্রবেশিল। **অপক্রপ দিব্য তিন পুরুষ উঠিল। সমরূপ সমবেশ সমান ভ্**ৰণ। স্বা সম তেজ ধরি উঠিল তিন জন। তাহা দেখি স্থকন্তা চিস্তিল মনে মনে। অধিনীকুমার স্থানে কৈল নিবেদনে। পতিত্রতা ধর্ম মোর করিবে রক্ষণ চিনিয়া দিইবে মোর পতি কোন জন । ভবে তাঁরা পতি চিনাইল হুই জনে। পতিব্ৰতা-ধৰ্ম দেখি তুষ্ট হৈলা মনে ৷ ঋষি সম্ভাষিয়া তারা চলিলা বিমানে। শর্যাতি ভূপতি গেলা মূনির আশ্রমে। স্থান্থর পুরুষ দেখি কন্যার সহিতে। মনে তুঃথ পেয়া। থাজা লাগিলা চিক্তিতে। উঠিয়া বন্দিল কন্যা শপের চরণে। ভৎ সিম্বা কি বলে রাজা ক্রোধ করি মনে। আরে রে অসতী কর্ম কৈলি বিপরীত। মহামূনি পজি ভোর লোকনমস্কৃত॥ ব্রদ্ধি দেখি নিজ পতি তেজি আপনার। ৰোর কুলে কলম করিতে কৈলি ভার। মহাকুলে জনমিয়া আপনা খাইলি। পিতৃত্ব পতিকুল ছুই মঞাইলি ৷ হাসিতে সাগিলা কন্যা শুনিঞা উন্তর। তোমার জামাতা এই মুনি যোগেশ্বর। ভন্ধ না জানিঞা পিতা বল অকারণ। चाषि देश्ए किश्न नकम विवत्र । শুনিঞা বিশ্বিত রাজা আনন্দে পুরিল। নিজ পুরে গিয়া তবে ৰক্ত আরম্ভিল 🛚 চ্যবন আনিঞা হাজা কৈল মহাযাগ। অখিনীকুষার যাহে পাইলা বঞ্চলাগ 🛭

লোমপান করাইল চ্যবনেত তেজে। এ বোল শুনিঞা ক্রোধে কৈল দেবরাজে 🛭 কাটিবার ভারে বছা ভুলি লৈল হাথে। চ্যবনে গুঞ্জিয়া হাথ রাথে সেই মতে। তবে ইন্স আজা দিলা অধিনীকুমারে। সোমপান কৈল তাঁরা যজের ভিতরে। শর্বাতির তিন পু ন হৈল উৎপতি॥ আনর্দ্ধ মধ্যম তার আছিল বুপতি। ভার পুত্র আছিল রেবত বলবান্। সমুদ্রে নির্মাল পুরী কুশহলী নাম। একশন্ত পুত্র ভার রেবতী কুমারী। কল্পা লয়া গেল রাজা যথা এমাপুরী। তথনে গন্ধকাগণ পিতামহ সনে। হেনকালে গেলা রাজা ব্রহ্মা-বিদ্যমানে। क्रांव विवास द्रांका देवल निरंत्रन । আজা কর এক বর কক্সার কারণ। রাজার বচন শুনি বলে প্রজাপতি। পুত্র পৌত্র নাহি তার কুলের সম্বতি। সাভাশী চৌষুগ বহি গেল এভকাল। চল তুমি হবে বলগাম অবভার ৷ পুথিবীর ভার রাম করিব খণ্ডন। अन्त धद्रीध्य गृह्य-वर्ग । অবতার আপনে করিব ক্ষিতিতলে। ভবে কক্সা দিহ তুমি রামের গোচরে। আক্রা শিরে ধরি রাজা আইলা নিজপুরে। বলরাম অবতার হৈল যত কালে (১) 🛚 তাবৎ আছিলা রাজা অবধি করিয়া। ভবে বলভক্তে দিল কল্পা সমর্শিয়া। वहविकाल्य नवनावायन सारम। তপ সাধি গেল রাজা বৈকুণ্ঠভূবনে॥ নভগের পুত্র হৈল নাভাগ ৰূপতি। ভার পুত্র হৈল অম্বরীব মহামভি। ৰহাভাগৰত রাজা ধর্ম অবভার। मधबीरन मखश्य अक व्यक्षिकांत्र । ব্ৰহ্মশাপ নই হৈল যার বিভ্যমানে। হেন অম্বরীষ রাজা বিদিত ভূবনে। তৰে বাজা বিজ্ঞাসিল কহ মুনিবর। এম্মলাপে কিরূপে তরিল ব্দিতীখর। এ বড় বিশ্বয় গুরু কহ বিবরণ। ভবে শুকম্বেৰ ভার কহেন কারণ।

⁽ ১) পাঠান্তৰ,—"ভাৰ পৰে"।

ন অশ্বরীয় মহাভাগ সপ্তন্তীপ পভি। অতুঁল বৈভব রাজ্য অনম্ভ বিভৃতি॥ ছেন রাজ্য পদে তাঁর নৈল বছজান। সকল দেখিল যেন স্থপন সমান ! क्रफ-देवक्षद्वत्र त्मवा देवन निवस्त्व । ব্দগৎ দেখিল যেন লোষ্ট্ররে পাথর। इस्थ-भन्यूरण यन देकल निरम्नाकरन। হরিগুণ বিনে আন না কছে বদনে॥ করষুগে করে গৃহ মার্চ্ছন লেপনে। হরি-কণা বিনে আর না শুনে প্রবণে । छुटे চক্ষে দেখে সবে মুকুল মন্দিরে। ভকত-শরীর সভে পরশে শরীরে ৷ গোবিন্দ-চরণ শ্রীতৃঙ্গসী-আদ্রাণ। তাহা বিনে নাসিকায় নাজানিল আন॥ মুকুন্দ ৈবেত্ত অন্তপান উপহার। তাহা বিনে রুসনায় না সেবিল আর॥ भाषात्र दिका हिताकव भर्य हेन। নিরবধি করে শিরে চরণ বন্দন 🛭 গন্ধ মাল্য রাজবেশ দাস্যভাবে পরে। ত্মখ ভোগ-হেতু কিছু বিলাস না করে। নিরবধি উত্তমশ্লোকের গুণে মতি। (>) কভু অক্ত চিন্তে না চিন্তিল নরপতি। তমু তার দণ্ড ভব্দ নহিল সংসারে। এক চক্রে ক্ষিতিতল শাসিল সকলে। বিপ্রা বৈষ্ণবের আজ্ঞা লঞা নিজ মাথে। ভবে কর্ম করে রাজা হয়্যা সাবহিতে। রাজস্য় অখ্যেধ বহু যজ্ঞ করি। বিবিধ দক্ষিণা দিয়া ভজিলা শ্রীছরি 🛭 বশিষ্ঠ গৌতম আদি মুনিগণে আনি। নানা যক্ত করিয়া ভজিলা চক্রপাণি 🛚 বছবিধ ধন রড় বিবিধ সম্ভার। বচ্চবিধ আন পান দিব্য উপহার 🛭 দিব্য বেশ বসন ভ্ৰষণ অলকার। যার যজে নর নারী গঞ্জ আকার। কেবা শ্বর কেবা নর কেহ না চিনিল। ষার যজ্ঞে দেবগণ স্বর্গ পাসরিল। হরি-গুণ চরিত্র অমৃত পান করি। আনন্দে রছিল দেব স্বর্গ-পরিহরি 🕽 হেন মহাযক্ত রাজা কৈলা শতে শতে। কত মহাদান পুণ্য কৈলা কত মতে।

কত কোটি মহারথ কত কোটি খোডা। কোটি কোটি গজ যেন পর্বতের চূড়া । পশু বিত্ত স্মৃত দার অনন্ত ভাঞার । এ সব দেখিল যেন বুছুদ আকার 🛭 হেন ভাগৰত অম্বরীয় নরেশ্বর। চক্র যারে পাঠায়্যা দিলেন গদাধর॥ नित्रविध विक्षुहत्क् याद्र द्रव्या कद्र । তাহার মহিমা কেবা কহিবারে পারে। তার সম গুণ শীলে আছিল মহিবী। তার সহে ব্রভ আরম্ভিলেন দাদশী॥ এক বৎসরের ব্রত পূর্ণ যদি হৈল। কার্ত্তিক মাসের একাদশী ব্রত আইল 🛭 ত্তিরাত্তি করিয়া রাঞা দাদশীর দিনে। যমনার জলে স্থান করিয়া বিধানে ॥ मधुवतन देवन दाका कृष-व्यादाशतन। মহারাজ-অভিষেক কৈল নারায়ণে ৷ গন্ধ পুষ্প ধুপ দীপ বিবিধ স্ভার। বহুবিধ দিব্য বন্ধ দিব্য অলঙ্কার॥ দিবা পরিচ্ছদ করি পুঞ্জিল শ্রীহরি। ব্ৰাহ্মণ পঞ্জিলা তবে ক্ষে মন ধরি ৷ রজতের খুর শৃঙ্গ কনকে রচিত। বড়ব্ৰুদ খেলু নানা ভূষণে ভূষিত॥ ভকত ব্রাহ্মণগণ বিচার করিয়া। তার ঘরে দিল রাজা আপনে পঠায়া॥ দিব্য অন্ন বিজগণে করায়ে ভোজনে। পারণ। করিতে আ**ক্তা** মাগিল ব্রান্ধ**ে।** হেনকালে হুর্বাসা মুনির আগমন। দেখিয়া সম্ভ্রমে ব্রাক্তা উঠিলা তথন ॥ পাদ্য অর্থ্য দিয়া রাজা পুজিল বিধানে।(১) **हत्रत्य श्रित्रा बाक्य देक्या निरम्पत्य ।** ক্রপা যদি কর গোসাঞি করছ পারণ। রাজার বচন মনি না কৈল লভ্নন । স্বীকার করিয়া গেলা ব্যুনার জলে। ত্মান করি নহামুসি নিত্যকর্ম করে। ছেনকালে ছাদশীর কণ বহি বায়। ব্রাহ্মণের সহে রাজা বিচারিয়া চায় 🛭 · ব্ৰাহ্মণ লচ্ছিলে দোষ হয় অতিশয়। বাদনীর কণ গেলে ব্রতভব হয় ! কোন কৰ্ম কৈলে আমি না পড়ি সমটে। বিচার করিয়া দেব কহ তুমি ঝাটে।

⁽১) "নিরবধি **অ**বৈক্ষ জনের সংহতি।"
—পাঠান্তর।

⁽ ১) "পাদ্য অর্থ্য দিঞা মুনি বসাদ্যা আসনে।" —পাঠান্তর।

विकार। বলে তুমি কর জল পানে। ব্রতরকা নহিব ব্রাহ্মণ-অবজ্ঞানে। ভক্ষের মাঝে জলপান নাহি লেখি। এই সনাতন ধর্ম বেদ বিপ্র সাকী॥ এ বোল শুনিয়া রাজা করি জল পানে। মুনির বিলমে রাজা রহে সাব্ধানে। হেনকালে ছর্মাসা মূনির আগমন। वास वाफि देकन ताका हदन-वसन ॥ রাজার চরিত্র মূনি জানিল গেয়ানে। প্রকোপে জলিল যেন দীপ্ত হতাশনে। একেত হ্বর্কাসা মূনি আরে উপবাসী। জগৎ দহিতে পারে যার কোধরাশি॥ অতিথি বিধানে আমা করি নিমন্ত্রণ। আমাকে না দিয়া আগে করিলি ভোজন। ধন-রাজ্য-মদে তোর এত অহকার। ভাল মন্দ না বুঝিয়া আরে ছুরাচার। বিষ্ণুভক্ত আপনাকে বোলাহ সংসারে। श्वक विष ना मानित अहे चहकादा । আজি সে করিব তোর সবংশে সংহার। এ বোল বলিয়া জটা ছিত্তে আপনার। त्नरे को पित्रा मूनि क्छा नित्रिम्न। প্ৰালয় আনলে যেন ধেয়া খাইতে আইল। তমু অম্বরীষ রাজা না চিন্তিল মনে। বিষ্ণুচক্রে কুত্যা পুড়ি পেপিল তখনে। ত্রৈলোক্যদহন চক্র দেখি ভয়ধর। **পদাঞা ছর্কাসা মুনি চলিল স্বর ॥** স্থমেক পর্বত আদি হত গিরিদরী। দশ দিগ আকাশ ভ্রমিল স্থরপুরী 🛊 সপ্তৰীপ সপ্ত সিদ্ধ এ সপ্ত পাতাল। কোণাহ না দেখে মুনি আপন নিন্তার॥ यथा यथा यात्र हटक (मर्ट्स (गर्हे स्राटन। ব্রহ্মলোকে গেল ভবে ব্রহ্মার শরণে 🛚 ७८व कम्भवान मृनि देवन निरवहन। বিষ্ণুচক্র হৈতে কর আমারে রক্ষণ। ব্ৰহ্মা বলে শুন মূনি কহি তত্ত্ব কথ। প্ৰভূ বে করিব ভাহা না হর অন্তণা। ক্রীড়াকালে করে প্রভু জগৎ নির্দাণ। প্ৰালয় স্বদ্ধে ভগবান্। কোটি কোটি বন্ধাও স্বয়ে ভূকতবে। ব্যাপনে সংহার করে ব্যাপনার রঙ্গে । আমি আদি শনী কুৰ্য্য স্থারেশ শব্দর। ৰার আঞা শিরে ধরি বহি নিরস্তর।

তার কালচক্র এই সংহার-মুর্ভি। ইহা নিবারিতে পারি কাহার শক্তি 🛭 শিবলোক ধেয়াা মুনি চলিল সম্বর। শরণ মাপিল গিয়া শঙ্করগোচর (১)। শিব বলে শুন মূনি আমার বচন। প্রভুর উপরে প্রভু আছে কোন জন। আমি ভব মহেশ্বর ব্রহ্মা লোকপিতা। জগতের গতি পতি জগত-বিধাতা॥ गनकापि नात्रप म्नीख र्याराधत । ষার মামাপাশে বন্দী সব চরাচর ॥ বুঝিতে না পারি ষার মায়া বলবভী। তার নিজ চত্রতেজ অতুল শক্তি। সর্বভাবে লহ গিয়া গোবিন্দ-খরণ। হরি সে করিতে পারে চক্র নিবারণ 🛭 শিবের বচন শুনি তুর্বাসা চলিল। বৈহুণ্ঠ নগৱে গিয়া দ্বরিভে উঠিল। ভয়ে কম্পৰান মুনি দেখিয়া ভৱাস। कमनात्र गत्न यथा देवरम 🗷 निवान । হা নাথ হা নাথ বলি পড়িল চরণে। পরিত্রাণ কর প্রভূ পশিষ্ক শরণে। যোর অপরাধ প্রভূ ক্ষেম একবার। না জানিঞা মুঞি বড় কৈলুঁ ছরাচার॥ ভোমার ভকতত্বানে কৈল অপরাধ। একবার ক্ষেম প্রভূ সর্বলোকনাথ॥ যার নাম শুনিঞা নারকী সব তরে। শরণ পশিলু তার চরণকমলে। মুনির বচন শুনি পুরুষ পুরাণ। আপনার তত্ত্বকথা কছে ভগবান 🛭 ভকতের বন্ধু আমি ভকত-অধীন। ভক্ত জনের সঙ্গে যোর নাহি ভিন। হৃদয় হরিয়া মোর লৈল সাধুজনে। আপনে ঈশ্বর নহি সাধুক্তন বিনে। আপনাকে ৰড় মূঞি না বলি আপনে। লক্ষীদেবী ৰড় মোর নহে সাধু হনে॥ অষ্টেশ্বর্য্য দেখ যোর বৈকুণ্ঠ সম্পত্তি। বৈষ্ণৰ হইতে বড় নহে অষ্টসিদি। ন্মত বিভ গৃহ দার প্রাণ বন্ধগণ। সকল ভেজিল **খেবা আমার কারণ** 🛚 ইহলোক পরলোক সর্বস্থুখ তেন্দ্রে। শরণ পশিয়া যোর পদযুগ ভাজে।

⁽ ১) পাঠান্তব,— "পুরণ পশিল যুনি দেখিয়া শৃত্বর।"

যনেহ না লম্ব মোর তেজিতে ভাহারে। হূদয়ে বান্ধিয়া মোরে ভিলেক না ছাড়ে। ভক্তি করিয়া মোরে রাখে বশ করি। স্বামী ৰশ করে যেন পতিব্রতা নারী॥ চতুর্বিধ মৃত্তি মোর ভজনের ফল। দিলেহ না লয় মৃক্তি ভকতি-কুপল। ব্যামার সেবায় পূর্ণ অস্তর বাহিরে। मुक्किनरा रख्यान नाहिक याहारत । ভক্ত-হৃদয়ে আমি থাকি সর্ককণ। শতত হৃদয় মোর থাকে সাধুকন। ভাহা বিনে আমি কিছু না ভানিয়ে আনে। আৰি বিনে তার চিত্ত অন্ত নাহি জানে 🛭 এ বোল বুঝিয়া মূনি চল তুমি ঝাটে। শীজ চলি যাহ তুমি বাজার নিকটে 🛭 অপরাধ ক্ষেমাহ বিনন্ন বাক্য বলি। ৰিনমে সকল কাৰ্য্য সাধিবারে পারি ॥ ভনিঞা ত্র্বাসামুনি প্রভূর বচনে। চক্রভরে গেঙ্গা মুনি ছরিত গমনে 🛭 व्यवतीयहत्रण धतिया इटे हाटल । লোটায়্যা হুর্কাসা মূনি পড়িলা ভূমিতে। লাজে ভয়ে ব্যাকুলিত রাজা অন্বরীষ। सिबिश मुनित छः थ देश्ला विगतिवः॥ তবে অম্বরীব রাজা কোন বৃদ্ধি করে। নানা স্বতি করি চক্র সাধিল বিশ্বরে॥ ভূমি সৰ সভ্য ধৰ্ম তুমি যজ্ঞময়। তুমি কাল তুমি যম তুমি লোকভয় 🛭 কোটি ,কাটি কর তুমি ত্রদাপ্ত প্রালয়। তোমার প্রতাপ-তেজ কার প্রাণে সর 🛭 **শকল ভে**ঞ্জিলুঁ মুঞ্জি ব্রাহ্মণ কারণে। ষক্ত দান তপ জপ জনমে জনৰে॥ এই পুণ্যে ত্রান্মণের হউক প্রতিকার। ব্রান্ধণের অপরাধ কেম একবার 🛚 ক্লপা ৰদি থাকে মোরে বিপ্র রক্ষা কর। **ক্ষে**মিয়া সকল দোষ (>) ব্রাহ্মণে উদ্ধার I শ্বনিয়া সে স্থদর্শন অম্বরীষ স্তব্তি। শাৰ হৈল বিষ্ণুচক্ৰ অতুল শক্তি॥ भक्टि छितिया मृनि ऋष देश्य गत्न। चानीकीम कति मृनि कि बटन वहत्न ॥

আমি সে দেখিলু হরিভক্তের মহিমা। ব্রহ্মা আদি দেবে যার দিতে নারে সীমা॥ অপরাধ দেখি ক্ষা করে সাধুব্দনে। ভক্তমহিমা ত্রিভূবনে নাহি জানে। যার নাম শ্রবণে পাতকী সব তারে। তাহার ভকততত্ত্ব কে জানিতে পারে। **অহুগ্রহ কৈলে রা**কা তুমি দয়াময়। ক্ষেমিয়া সকল দোষ খণ্ডাইলে সংশন্ন॥ তবে রাজ। তুর্বাসার ধরিয়া চরণ। প্রসন্ন করিয়া তারে করাল্যা ভোজন॥ পারণা করিয়া বিপ্রা শিরে দিয়া হাথ। সম্বোষিত হৈয়া তবে কৈলা আশীর্কাদ। ভোমার প্রাাদে কৃষ্ণ দেখিল সাক্ষাতে। ভক্ত জনের তত্ত্ব জানির্ বিদিতে॥ তোমার আলাপ দরশন-পরশনে। **খণ্ডিল সকল** দোষ মোর অভিযানে । এতেক বচন বলি ছুৰ্মাণা চলিল। এইরপে গেল কাল বৎসর পুরিল। বৎসরেক ছিসা রাজা করি জল পান। পারণা করিতে তবে করে অবধান॥ দিব্য অন্ন পান দিয়া ভূঞাল আদ্মণে। षिक অবশেষ দিয়া করম্বে পারণে।। এইকপে নানা ওণ ধরে মতিমান। অশীরৰ রাজা ছিল ভকতপ্রধান॥ শ্রবণ কীর্ত্তন সেবা গুবন বন্দন। দান ৰজ্ঞ করিয়া ভঞ্জিল নারায়ণ॥ তিন পুত্র হৈল তাঁর মহাবলবান। विভिक्तिश पिन दोका कतिश मर्मान ॥ বনে গেলা অশ্বরীষ সকল ভেজিয়া। विकुलार राजा बाका कृष्ण वावाधिया॥ ধন্ত পুণ্য পাপহর অম্বরীষ কথা। **ঃফণ্ডণ-কীৰ্ত্তন ডক্ত-গ্ৰ**ণ-গাপা॥ বেৰা কছে যেৰা শুনে এ পুণ্য চ্বিত্ৰ। পুণ্যকর পাপহর পরম পবিত্র 🛭 সর্ব্ব পাপ হবে তার বিষ্ণুলোকে গতি। ভাগৰত-আচাৰ্য্যে কহিল যথামতি॥(১)

⁽১) পাঠান্তর,—"ক্র্"।

⁽ ১) "ভাগৰত আচাৰ্ব্যের মধুর ভারতী?"
—পঠান্তর !

क्रिके अक्षाम ।

অধরীব ঘরে ভিন পুত্র জনমিল। বিক্লপ প্রধান পুত্র তাহাতে আছিল। বিরূপের পুত্র হৈল পুষদশ্ব নাম। ভার পুত্র রথীতর মহা বলবান্। র্ম্বীতর রাজার অপত্য না ক্ষিল। অবিরা মুনিরে ভবে নিবেদন কৈল 🛭 আপনৈ অকিরা মূনি কৈলা গর্ভাধান। জনমিল তার পুত্র হিজের প্রধান॥ রথীতরবংশ তবে হৈল দিঞ্জাতি। **ইক্ষাকু বংশে**র কথা শুন নরপতি॥ ইক্ষাকুর পত্র একশত বলবান্। ভাহাতে বিকুক্ষি নিমি দণ্ডক প্ৰধান॥ ইক্ষাকু করিল প্রান্ধ পেয়্যা শুভকাল। ভাকিয়া আনিল তবে বিকৃক্ষি কুমার॥ মাংস আনি দেহ তুমি বিলম্ব না কর। আমার বচনে তুমি শীভ করি চল। চলিল বিকুক্ষি তবে তুরিত গমনে। যারিয়া অনেক মৃগ আনিল যতনে। বনে গিয়া বিকুক্তি কুধার ছঃখ পাইল। একগুটি শশ তার আপনে ভক্ষিল। সকল আনিয়া দিল বাপ-বিভযানে। ৰশিষ্ঠ তাহার তত্ত্ব জানিল গেয়ানে 🛭 কেমনে করিব যজা ছুষ্ট মাংস দিয়া। অবশেষ মাংস দিল বালকে আনিঞা॥ এ বোল শুনিঞা রাজা বড় ক্রোধ কৈল। দেশে হৈতে বিকুক্ষিরে দুর করি দিল। ৰাপে যদি ভেজিল বিকৃক্ষি পাইল লাজ। পুণ্যৰলে গেলা তবে ভকতসমাঝ। ভক্তি উপদেশ পাইল বৈষ্ণবের স্থানে। পুণ্য তীর্ষে বিকুক্ষি রহিলা সেই মনে। শশক খাইয়া নাম শশাদ ধরিল। ব্দগতে শশাদ নাম পরচার হৈল। ইক্ষাকু নির্মাল (১) রাজা চিরকাল ধরি। ব্দত্তকালে ভন্নু ভেজি গেল বিষ্ণুপরী। শশাদ আসিয়া রাজা হৈল ক্ষিতিভলে। সপ্তৰীপ পৃথিৰী শাসিল বাছবলে। পুরুষয় নাষে পুত্র জনবিল ভার। কৰুৎস্থ ভাছার নান বিধিত সংসার 🛭

দেবে আর দানবে বাজিল মহারণ। সহায় করিয়া তারে নিল দেবগণ॥ ক্বফের বচনে তারে করিয়া শহায়। ত্মরগণে যুদ্ধ করে করিয়া উপায়। যুদ্ধকালে পুরঞ্জ কি বোলে বচন। আমার ৰচন তুমি শুন দেবগণ। আমার বাহন যদি হয় শচীপতি। ভবে সে বুঝিতে পারি দৈত্যের সংহতি 🛭 ইক্স বলে হৈব আমি ভোমার বাহন। চড়িয়া আমার স্কলে তুমি কর রণ॥ ভবে ইন্দ্ৰ-কাত্মে চড়ি চলে পুরঞ্জয়। বিফুতেজে তার বল হৈল অভিশয়॥ বেঢ়িল দৈভ্যের পুরী লঞা স্থরগণে। বিশ্ধিল সকল দৈত্য চোখ চোখ বাণে। ভব্ন ভিন্দিপালে দৈত্যে কৈল খানখান। কথো দৈত্য পলাইল লইক্ৰা পরাণ। জিনিঞা দৈত্যের পরী দিল প্রন্দরে। এই সে কারণে ইন্দ্রবাহ নাম ধরে 🛭 ইন্সকান্ধে চড়িয়া সে করিল সংগ্রাম। ভে-কারণে কঞ্ৎস্থ বোলয়ে আর নাম। তিন নামে পুরঞ্জ বিদিত সংসার। জন্মিল অনেনা নামে ভাহার কুমার॥ অনেনার পুত্র হৈল পৃথ, মহাবল। বিশ্বগঞ্জি তার পুত্র পুণ্যকলেবর ॥ চন্দ্র নামে ভার প্রত্র মহা ধহুর্দ্ধর। যুবনাশ তার পত্র সুপতিশেখর 🛭 প্ৰাৰম্ভ ভাহার পুত্ৰ মহাবলবান্। সেই সে প্রাবতীপুরী করিলা নির্মাণ ভার পুত্র বৃহদশ বিদিতসংসার। সুবলয়াৰ পুত্ৰ জনমিল তার। উভঙ্ক মূনির প্রীত করিবার তরে। ধনু নামে অস্তবে মারিল বাছবলে। একুশ সহল পুত্র মারিয়া সংহতি। ধুদ্ধ সনে বহাযুদ্ধ কৈল নরপতি। তার মুধ-আনলে পুঞ্লি পুত্রগণ। ব্দবশেষ মাত্র সে রহিল ভিন জন। দুঢ়াৰ কপিলাৰ ভজাৰ নাম বার। ভিন পুত্র ভার রণে পাইন প্রভীব্দর দুঢ়াখের তনৰ হৰ্ব্যখ ভার নাম। ভার পুত্র নিমুক্ত আছিল বলবান্ ঃ

ষ্ট্লাৰ্য নাৰে তার জন্মিল কুমার। ক্লশাখ ভাহার পুত্র বিদিভ সংসার॥ ভার পুত্র সেনজিৎ হইল উৎপতি। যুবনাৰ তার পুত্র মহানরপতি ॥ ৰুৰনাথ ৰূপভিৱ না ছিল সম্ভতি। এক শত ভাৰ্ব্যা তার মহা গুণবতী। শবিগণ আসি যন্ত কৈলা পুত্ৰকাষে। নিশাকালে রাজা গেল। সেই বজহানে। यञ्चलल भून पहे पाचि विश्वमान। ত্বকাতে আকুল রাজা কৈল জল পান। নিক্রা হৈতে মুনিগণ উঠিল স্বরে। কলসে না দেখি জল পুছিল রাজারে। बाषा राम मृतिश्रग कर चरशान। না জানিঞা আমি সে করিলু জল পান । बावित्रण छनिका हिस्सिन मतन मतन। দৈৰনিবন্ধন কেবা করিব খণ্ডনে 🛚 **ঈখরনির্শ্বিত কেবা করিব খণ্ডন।** অদৃষ্ট ৰানিঞা বনে গেলা মৃনিগণ 🛭 উদৰ তেদির। তার গর্ভ নিঃসরিল। **एएट** रद पिन द्रांका क्षांटन ना महिन ॥ ভূমিতে পড়িয়া শিশু কান্দিতে লাগিল। অমৃত-অঙ্গুলি দিয়া ইন্দ্র জীয়াইল। ধরিল মান্ধাতা নাম দেব পুরন্দরে। পুত্র পঞা যুবনার্থ রাজ্যভোগ করে 🛭 তপ ৰক্ত করি রাজা ভঞ্জিল ঐহরি। ভছু তেজি যুবনার গেল স্থরপুরী। তবে রাজ্যপদ পাইলা মান্ধাতা কুমার। সপ্রবীপা কিতিতল যার অধিকার ৷ বার নামে দন্মগণ হয় ভরাসিভ। অগব্দস্ম আর নাম ভূবনে বিদিত 🛭 মাদ্ধাতার সম আর নাহি হর রাজা। অর্গে থাকি দেবগণ করে যার পূজা। বাবৎ প্রকাশ করে শনী দিবাকর। বতেক প্রমাণ আছে ধরণীমগুল। ভার নিজ অধিকার ভাবৎ প্রনাণ। **अक्टब्क शृ**षिवी भागिन वनवान । চক্রবন্তী মহারাজা একদওধর। অসম্প্রা নাম দত্ম জিনিকা সমল। শত শত বৰু কৈল কোটি কোটি দান। শাশাকর্ম করিনা ভব্দিল ভগবান্। স্ক্ ধর্মে সম্ভোবিল সর্বচন্ত্রমর। স্বাস্থ্য-বৈশ্ব পূঞা বৈল অভিশর।

কাল দেশ দ্ৰব্য মৰ্ত্ৰ বিবিধ সন্তার। এ সৰ মান্ধাতা হৈতে হৈল পরচার ॥ (১) যাত্বাভার ভিন পুত্র হৈল বলবান্। পুরুকুৎস অধরীব মৃচুকুন্দ নাম 🛭 পঞ্চাশ হহিতা তার উপজিল আর। তার কথা কহি রাজা তোমার গোচর। আছিল সৌভরি মুনি জলের ভিতরে। যমুনার হলে তপ করে নিরম্ভরে॥ মীনরাজ ক্রীড়া করে জলের ভিতরে। शूज পরিবার **म**ঞা আনন্দে বিহরে॥ ভাহা দেখি শ্রদ্ধা হৈল সৌভরির মনে। মংস্তরাজ হুখে ভাল আজে এই মনে। পুত্র পৌত্র লয়্যা জলে করয়ে বিহার। অগাৰ সলিলে অখে আছে এতকাল 🛚 (২) আমি তপ করি দশ সহস্র বৎসর। নিক্ষছাস হয়। আছি জলের ভিতর ॥ এই क्रांप करवा पिन विरनाप कविशा। পাছে তপ করিব সকল সম্বিয়া। এ বোল বলিয়া মূনি উঠিল। উপরে। হৃদয়ে চিক্তিয়া মূনি কোন যুক্তি করে 🛭 দেখিয়া হুৰ্গত আমা বিক্বত আকার। কেহ ত না দিবে কখ্যা করিয়া বিচার ॥ যান্ধাতার বরে আছে পঞ্চাশ চুহিত।। যাগিলেই দিব এক কল্প। মহাদ তা ॥ এ বোল বলিয়া মূনি গেলা তার স্থানে । পুজিলা মান্ধাতা রাজা আতিথ্যবিধানে । ষুনি ৰলে তন রাজ। বচন আমার। স্থ্যবংশে তুমি রাজা ধর্ম অবভার॥ একখানি কন্তাদেহ মাগিল তোমারে। এ বোল শুনিকা রাজা কোন যুক্তি করে। ৰথ দক্ত গলিত পলিত সৰ অদ। দেখিতেই সর্ব লোক হয়ে মনোডক ॥ দেখিয়া বিকটক্রপ জদয়ে বিবাদ। यपियां ना पिन कहा कनिय ध्याप ॥ क्षर कि किया जाका मुक्र देकन गटन। क्य खाए बला कि विनम् बहता ॥

⁽১) অন্ত পৃথিতে ইহার পরবর্ত্তী চরণবরে অধ্যার স্বাপ্ত ইইরাছে ঃ— "ভাগবত আচার্য্যের প্রেমতরদিশী। বাছাতার কথা এই মধুরস বাদী।"

⁽২) পাঠান্তর,— "বর্গাদ সলিলে আসি খথে ক্রীড়া করে"।

ক্সাগণ আপনে করিব স্বরম্ব) এ বোল বঝিয়া আজ্ঞা কর যোগেশ্বর 🛭 আপনে চলিয়া যাহ কস্তা-অন্তঃপুরে। বার ইৎসা হবে েই বরিব তোমারে । এ বোল বলিয়া সঙ্গে দিল পুরজনে। প্রবেশ করিল গিয়া কন্তার ভবনে। হেনকালে যোগেখর কোন যুক্তি করে। কামকোটি জিনিঞা অন্দর রূপ ধরে । ক্সাপুরে যাই মাত্র কৈলা পরবেশ। ক্সাগণে গালাগালি বাজিল বিশেষ। কেহ বলে মোর বোগ্য এই বর হয়। কেহ ৰলে আমি সে বরিল মহাশয় 🛭 কেহ বলে তার আগে কৈলুঁ স্বয়ম্র। কেছ বলে তার যোগ্য নছে এই বর 🛙 এইকপে কন্তাকলে বাজিল কনল। ত্রিতে চলিক্সা তথা গেলা নরেশ্বর ॥ অদত্ত যোগবল দেখি বিদামানে। পঞ্চাশ ছহিতা বিভা দিল মুনি সনে 🛙 ক্সাগণ স্থা মূনি গেলা তপোবনে। ৰিশ্বকৰ্মা ডাক দিয়া আনিলা তথনে। एस मिन विविध विविध श्वांत श्वांत । ব্ৰতনৱচিত পুৱী কাঞ্চননিৰ্ম্বাণে ॥ যার সম পুরী নাহি ইচ্ছের ভূবনে। নিশ্মিকা পঞ্চাশ পুরী দিল সেই কলে 🛭 कृत्वत्र व्यानिका पिन वहविध धन। বছবিধ অন্ন পান বসন ভূষণ ॥ शकान जनतो मृनि ९ हे शुद्ध शुद्ध । যোগবলে আপনে পঞ্চাশ রূপ ধরে। मिना त्वम शरत एम मनि व्यवकारत। ভাষ্যাগণ লখ্যা মূনি করনে বিহারে । স্থগদ্ধি কুশ্বন্ত্ৰন ভূক বিরাজিত। শুক পিক বিহুগ বিবিধ স্থনাদিত। छत्रन विवन कन मीचि गरतावत । क्रम् क्यम क्म नीम खेरनम । হংস কারগুর জলচর উপ্তরোল। মুললিত নদ নদী তর্ম কলোল 🛚 নামারপে নানা ক্রীড়া করে স্থানে স্থানে। **बरेक्रल** कीषा करत मका नातीशल । মাৰাতা রাজার মনে তঃখ নিরন্তর। क्छा एक बिवाद बरन क्ष्मा नद्मध्य ॥ পাত্রগণে কৈল রাজা রাজ্য সমর্পণ। गरक किছ रेनल क्रांक श्रह विकास

মনির সংখাচে সৈত্র না লৈল সংহতি। তবে তপোৰনে উত্তরিলা নরপতি 🛭 দিবা পুরী দেখে রাজা বনের ভিতরে। দাশুক্রা রহিল রাজা পরের ভুয়ারে ॥ ৰারী পাঠাইরা জানাইল মুনিস্থানে। তুরিতে আসিয়া মূনি কৈল সম্ভাবণে 🛭 भाग चर्चा निम्ना ताकाम शृक्तिन विशासन । প্রীর ভিভরে রাজায় নিল সেই কণে : রতনে নিশ্বিত বর মণি-সিংহাসনে। তাহাতে বসায়ে রাজায় পুঞ্জিল বিধানে 🛭 দিব্য অন্ন পান দিয়া করাল্য ভোজন। पिरा रख पिरा शक्क चरक विरामन ॥ मिरा तम भूषण विविध भद्रिक्स। **দেখিয়া মাদ্ধাতা রাজা হৈল নিশ্বল।** কল্পা ডাক দিয়া রাজা আনে বিদ্যমানে। পুছিল সকল কথা কন্তাসন্নিধানে 🛭 কহিল সকল তন্ত্র রাজার ছহিতা। সকলে কহিব আমি আপনার কথা॥ আমার নিকট মূনি ভিলেক না ছাড়ে। ভগিনীগণের কিছু জিজ্ঞানা না করে। মুনির প্রসাদে সর্ব স্থার আনন্দিতা। ভগিনীগণের ছঃখে কেবল ছঃখিতা। কন্যার বচন তবে শুনি নরপতি। তথাই রহিল রাজা এক দিনরাভি। রাত্তিশেৰে গেলা আর পুরীর ছয়ারে। ছ্রারী জানাল্য গিয়া মূনির গোচরে। ত্তনিঞা সৌভরি রাজার কৈল সম্ভাবণ। পাদ্য অৰ্ব্য দিৱা কৈল স্বাগত বচন ! পুরীর ভিতরে রাজায় নিল মুনীখর। দিবা গৰু বস্ত দিয়া পুজিল বিষয়ে ॥ ৰসিতে আসন দিলা বতনমন্দিরে। দিব্য অন্ত-পান দিল নানা পরকারে। তৰে বাজা ডাক দিয়া কন্যাকে পুছিল। **श्र्वत्र**ण कथा अहे कनारित कहिन।(>) এইরপে পরে পরে গেলা দিনে দিনে। দেখিল সকল পুরী পুরুষ সমানে । সেইব্ৰপে কৈলা মূনি রাজার সন্থাবা। অভিপূরে অভি কন্যার করিল জিজাসা। প্রীতি কন্যা নেইরপ দিলেন উত্তর। বিশ্বর ভাবিরা মনে রহে নরেশ্বর 🛭 🔹

(১) "সেইৰণ কথা কথা ভাছাই কহিল।" .
—শাঠান্তৰ ৷

नश्रदील लुबिदी याहात व्यक्षिकात । খণ্ডিল চিতের তার রাজ অহন্বার। বিদায় হইয়া হাজ। নিজ পুরে আসি। কহিল সকল কথা বাজাসনে বসি # পা এ মিত্র পুরজনে শুনিঞা বিশ্বিত। কহিতে কহিতে বাজা হৈল বিমোহিত ! এইরপে করে মুনি বিবিধ বিহার। স্থথ ভোগ করিতে রহিল চিয়কাল। সম্ভোষ না হয় মনে চিল্কে মুনিরাজ। চিন্ত নিবারিতে নারে বাঢ়ে অ**হুরাগ**। মুনি হয়া কৈলুঁ আমি খ্রীসঙ্গে নিবাস। মীন সঙ্গে কৈবু আমি আপনা বিনাশ। ত্তপ যোগ তত্ত্তান নিয়ম আচার। কুসকে সকল ধর্ম থণ্ডিল আমার॥ ক্রাসন্ধীর সন্ধ**ানি করে সাধুজনে**। সর্ব্বধর্ম হবে নারী সঞ্জী দরশনে ॥ মংশ্ৰ সহ দর্শন হৈল আচ্মিতে। ভা দেখিয়া আমিহ হইলু বিমোহিতে ! প্রথমে আছিলুঁ আমি মাত্র একেশ্বর। পঞ্চাশ বনিতা সন্ধ হৈল তারপর॥ পঞ্ সহস্র হইল পু এ পরিবার। তমৃত নহিল চিতে সম্ভোষ আমার ৷ চিও সমাধিয়া মুনি তেজিল সকল। তপ করিবারে বনে গেলা একেশ্বর # তীত্র তপ করিয়া ভজিল নারায়ণে। নিত অতে যোগবলে জালে হতাশনে ! শরীর পোডায়্যা মূলি গেলা দিব্যগতি। পঞ্চাশ বনিতা তার আছিল সংহতি 🛭 ভারা প্রবেশিল সেই দীপ্ত হুতাশনে। পতি সনে দিব্যগতি পাইল নারীগণে ॥ সৌভরি মুনির কিছু কহিল চরিত। (>) মাদ্রাভার বংশকথা শুন পরীকিৎ। মাদ্ধাভার ভিন পুত্র বংশের প্রধান। **পুরুকুৎস অম্বরীষ মুচুকুন্দ নাম ।** পুরুকুৎস পুরে পাইল রাজ্য অধিকার। সপ্তৰীপে দওভন্ন নহিল তাহার॥ পুরুত্বে বিভা কৈল নর্মদা নাগিনী। নাগগণে আনি দিল নাগের ভগিনী । নৰ্মদ' নাগিনী তারে নিল রসাতলে। গন্ধৰের সন্তেপা বাজিল কললে।

যারিয়া গন্ধর্ম নাগে কৈলা পরিত্রাণ। তবে নিঞ রাজ্যে উত্তরিলা বলবান। পুরুকুৎসের পুত্র হৈল জ্ঞান্দত্ম। নামে। ভার পুত্র অনরণ্য বিদিত ভূবনে ॥ হর্ষ্যশ্ব তাহার পুত্র বিদিত সংসারে। তার ঘরে জনমিল প্রাক্তণ কুমারে 🛭 জনমিল ভার পুত্র ত্রিংন্ধন নামে। ত্রিশঙ্ক ভাহার পুত্র বিদিত ভূবনে 🛭 ত্রিশন্থর চতালম্ব পিতৃশাপে হৈল। অধোমুখ হয়া গিয়া আকাশে রহিল ! তার পুত্র হরিশুস্ত্র জগতে বিদিত। ভার গুণ কহি কিছু গুন পরীক্ষিত॥ হবিশ্চন্ত রাজা যদি হৈল ক্ষিতিভলে। সপ্তৰীপ পৃথিবী শাসিল বাছবলে ॥ মহাদান মহাযক্ত কৈল শতে শতে। হবিশ্চন্ত **ও**ণ-কথা না পারি কহিতে। সর্বাস্থ দক্ষিণা যজ্ঞ রাজস্ম করি। প্রীপুত্র বিকিল নিজে ছ:খ পরিহরি। অপনা বিকায়াা রাজা দিলেন দক্ষিণা। বিশ্বামিত্র কৈল তারে কপটে ভগুনা ! পরীক্ষা করিয়া দিল অস্তরীক্ষপতি। কামগতি দিব্য রথ পাইল নরপতি। পুত্র দার পরিজন সঞা দিব্য রথে। শ্রমণ করম্বে রাজা অস্তরীক্ষ পথে॥ কত কত পুণ্য গুণ চরিত্র তাহার। ১ বিশক্ত মহাবাজা ধর্ম-অবতার **।** তার পুত্র রোহিত হরিত তার স্থত। ১ব্প নামে তার পুত্র অতি অদভূত। **हल्ल द्रांका हल्ला नारम श्रुद्री निदमिल ।** স্থদেব ভাহার পুত্র পুথিবী শাসিল। ভার পুত্র বিজয় ভত্তক ভার স্থভ। তার পুত্র বুক তার তনর বাহক। রাজ্য অধিকার ভার নিল বিপুগণে। ভাৰ্য্যা লঞা ৰাহুফ পালয়া। গেল কৰে। বুদ্ধ হয়্যা মৈল রাজা সেই মুনি-বনে। তার ভার্য্যা প্রবেশিতে গেল হুতাশনে 🛭 ঔর্ব মূনি আসিয়া করিল নিবারণ। না কর প্রবেশ মাতা কহিব কারণ॥ পর্তবতী নারী অন্তমরণ না করে। চক্রবর্তী পুত্র আছে ভোষার উদরে॥ মুনির বচনে বাণী চিক্ত স্থির করে। পরলোক-কর্ম কৈন্স বিধি **অনু**সারে

⁽১) ইহার পর অন্ত পুথিতে অব্যার শেব ধ্বরাহে

রিপুগণে তার গর্ভে দিয়াছিল গর। গর সহে জনমিল পুত্র মহাবল ৷ তে-কারণে মুনি নাম রাখিল সগর। জিনিল সকল রিপু এক ধহরের। **छालब**ब्ब यवन टेहरूब चानि कति বশিষ্ঠের শরণ পশিল সৰ অরি। খেদিয়া তুলিল লঞা গুরু বিশ্বমানে। বশিষ্ঠে সাধিয়া ভারে কৈল নিবারণে 🛭 দাড়ি চুল মুড়ায়্যা করিল ছারখার। সৰ বিপুগণে কৈল বিক্ৰতি আকার। তবে রাজসিংহাসনে যসিল সগর। ভূজবলে শাসিল সকল ক্ষিতিতল। **धेर्स मृ**नि चांत्रिया मिलन छेलान्य । নানা ৰজ করিয়া ভজিলা হ্রমীকেশ । স্থমতি কেশিনী ছই সগরের নারী। স্মৃষ্ঠির পুত্র জনমিল মহাবলী 🛭 বাটি সহস্র ভারা সব সাগর নাবে। বোড়া রাখিবারে গেল বাপের বচনে । ছবিষা যজের বোড়া নিল পুরন্দরে। ক্পিল্নিকটে লয়া পুইল র্যাত্রে॥ সগর-কুমার সব লোকমুথে শুনি। শতেক প্রহর পথ খুদিল মেদিনী। কপিলের শাপে ভত্ম হৈল পুত্রগণে। ৰাচিল সগরকীর্ত্তি তাহার কারণে । কেশিনীর পত্র হৈল অসমঞ্জদ নাম। তার পুত্র জনমিল নামে অংশুমান। পিতামহে আজা দিল অশ্ব-আনিবারে। তবে অংশুমান গিয়া নামিলা পাতালে কপিল দেবের তবে নানা স্বতি কৈল। जुडे स्त्रा। मुनीबंद जाटत नद **मिल**। অধ সম্যা দেহ পিতামহ-বিস্তমানে। ছের-ছেথ ভন্ম হয়া আছে পিতৃপণে ৷ **গলাকলে এ**সবে করিছ পরিত্রাণ। অখ লঞা শীঘ্ৰ তুমি চল অংশুমান 🛭 धानाय कविया व्यथ व्यानिम मध्दत् । चर्च ज्ञा यक जिकि देवन नद्रश्रद्ध । चरश्वात्न द्रांका निवा दांका शंव रत्। বিষ্ণুপদে গেলা রাজা ছটিল বন্ধনে । ित्रकान शिंद्र छल देवन चरत्यान। পদা আনিবারে না পারিল মতিমাম । (>)

তার পুত্র জনমিল দিলীপ কুমার। তার পুত্র ভগীরণ বিদিত সংসার 🛭 ভগীরণ তপ করি গঞ্চা আরাধিল। দ্রবময়ী ব্রন্ধ গলা ভূমিতে আনিল (১) তত্ম হয়। পিড়গণ যথাতে আছিল। পতিতপাৰনী গ্ৰদা তথাতে আনিল 🖡 গকাজনে ভত্ম পরশিল বেইকণে। সেইক্ষণে স্বর্গপুরে গেল পিছগণে। এই কোন অম্ভত ৰঙ্গিবারে পারি। পাতকী তরয়ে বার নাম মাত্রে ধরি 🛭 হেন প্রভ-চরণে গলার উত্তপতি। পাতকী ভারিব ভার এ কোন শক্তি 🛭 पूर्व शकि राज रापि शका शका वार्षे । ছবিত হরয়ে গলা ভববিযোচনী। ভগীরপপত্র জনমিল শ্রুত নাম। নাভ নামে ভার পুত্র মহাবলবাম 🛚 সিম্বরীপ নামে ভার পুত্র জনমিল। তার পুত্র অমৃতারু পৃথিবী শাসিল। জনমিল ঋতুপর্ণ তনর তাহার। সৌদাস ভাহার পুত্র বিদিত সংসার 🛭 বশিটের শাপে তার রাক্ষসঃ হৈল। গৰাজন প্রখনে পরিত্রাণ পাইন 🛭 ষিত্ৰপত্নী শাপ তাবে দিল ক্ৰোধ কৰি। নারীসঙ্গ না করিল সেই দিন ধরি। তে-কারণে পুত্র তার পুরবে না ছিল। ৰশিষ্ঠে আনিঞা পাছে পুত্ৰ ওক্মাইল। সপ্তবর্ষ গর্ভ তার আছিল উদরে। মদমন্ত্রী গর্ভ আর ধরিতে না পারে। পাথরে উদর হানি গর্ভ প্রসবিদ। তে-কারণে প্রত্তের অশ্বক নাম হৈল। মূলক তাহার পত্র হৈল উতপঞ্চি। তার পত্র দশরণ নামে নরপতি। তার পত্র মহাবাহ ঐডবিভি নাবে। ভার পুত্র বিশ্বসহ বিদিত ভুবনে । ৰটাৰ তনৰ ভাব চক্ৰবৰ্তী বাবা। ইন্ত আদি দেবগণে কৈল তার পূজা। স্তবগণে নিল ভার যুদ্ধ করিবারে। ক্রিনিঞা অস্ত্ররে দেব রাখিল সমরে। वद मानिवाद्य चाका पिन चत्रभए। किकाशिन महादाका विद्य गएटन 1

⁽১) ইহার পর অন্ত পূৰিতে অধ্যার শেব হইরাছে ।

⁽১) "ভপতা কৰিয়া পৰা তথাই আনিল।" ——গাঠাত

আগে কহ যোর কত পরমার, আছে। ব্ৰিশ্বা মাগিব বর বেবা মনে নাছে । কহিলা দেবভাগণ করিয়া বিচার : একমুহর্ত্তেক আছে জীবন তোষার॥ ভবে রাজা বলে আমি মাগি এই বর। ইহার ভিতরে বেন ভজি দামোদর 🛭 দেৰগণে মেলি ভবে এই বর দিল। তবে সেই কণে রাজা এইবি ভজিল। সর্বভাবে কৈল রাজা শ্রীহরি ভক্তন। विकुपरम अरविभन इंडिन वद्यन ॥ ভিলেক ভজিয়া রাজা গেল ভব ভরি। সর্বকাল ভব্তে তারে কি বলিতে পারি। थहे। क्या श्रेष के प्राप्त नारम । ভার পুত্র রম্বরাজা বিদিত ভূবনে॥ ব্লঘুর তনম্ব অঞ্চ ব্লগতে বিদিত। তার পুত্র দশর্থ ভূবন পুঞ্জিত। যার ঘরে পূর্ণ ব্রহ্ম রাম অবতার। রাবণ বধিয়া কৈল দীতার উদ্ধার । এক ব্রহ্ম চারি অংশে ধরে চারি নাম। ব্রীরাম লক্ষণ আর ভকত প্রধান 🛚 আর অংশে শত্রুর মহাধন্তর্দর। রামায়ণে রাম**ও**ণ কহিল বিশুর । তাঁর গুণ-কথা কিছু কহিব সংক্ষেপে। যে যে কর্ম নারায়ণ কৈলা রামক্রপে 🛚 বিশ্বামিত্র রামে লেল মঞ্চ রাখিবারে। তাডকা রাঞ্চনী পথে প্রথমে সংহারে। यात्रीह खराख चानि यात्रि निनाहत्य । বিশ্বামিত্র যজ্ঞ রক্ষা করে ভার পরে। জনকের ঘরে তবে গেলেন জীরাম। তিন শত বীরে ধরি আনে ধহুথান 🛭 বাম হাথে ধরিয়া ধছকে দিল চড়া। ভাজিল হরের ধরু চমৎকার ক্রীড়া । (১) নিৰ্বাত শবদ তার উঠিল নিষ্কুর। नग नाग भृषिवी काँ भिन खुत्रभूत ॥ তৰে সীতাদেবী বিভা কৈল: নারায়ণ। পরস্থরামের সনে পথে দরশন । নিঃক্ষত্ৰির কৈলা পূণ্মী ভিন সপ্তবার। ভার দর্প হরে রোধি স্বরগ-তমার।

(১) "ভাঙ্গিল শিবের ধন্ত রাম উক্ন দিরা"
——পাঠান্তর।

জন্তচ⊾—বাম হাথে ধরিরা ধহুতে দিল টান। ∂্রাকুলিল শিবের ধহু হৈল খান খান।

ţ

রা**জ্য তেজি গেল প্রভু বাপের বচনে। (১)** . জানকী লক্ষণ সনে প্ৰয়ে বনে বনে। শূর্পণখা বাক্ষগীর কাটে নাক কাণ। থর দুষণ কাটে রাক্ষস প্রাধান 🛚 একক ধাতুকী রাম এক ধতু শর। চত্তদিশ সহস্র বধিলা নিশাচর 🛭 শুনিঞা রাবণ রাজা জলিল অন্তরে। মায়ামুগ মারীচে পাঠায় ছ**লিবারে**॥ আসিয়া কনক মুগ দিল দর্শনে। মগ অম্বসারে গেলা সীতার বচনে। তপস্বীর বেশে সীতা হরিল রাবণ। যারীচ মারিয়া রাম ফিরিলা তথন ॥ গীতা না দেখিয়া রাম হৈল অচেতন। ভবে তুই ভাই শোকে ভ্ৰমে বনেবন॥ শোকছলে প্রভু রাম জগতে বুঝার। নারী সঙ্গে সর্বলোক এই ছঃখ পায়॥ স্থগ্রীবের সঙ্গে তবে করিলা মিতালী। বিক্ষিয়া মারিল তবে বালি মহাবলী। স্থগ্রীবের সঙ্গে করি কটক সঞ্চয়। সীতার উদ্দেশ কিছ করিলা নির্ণয় । লহায় পাঠাইল হন্যান মহাবল। শত প্রহরের পথ লজ্জিয়ে সাগর । সীতাবার্তা আনি দিলা শ্রীরামের গোচর। সাজিয়া বানহ-সেনা চলিলা সঃর ॥ শঙ্কর বিরিঞ্চি যার ধেয়ার চরণ। সিম্বতীরে হেন রাম হৈল উপসন্ন। ক্রোথে রাম চলিলা ঈষৎ ভূকভবে। ক্ষোভিল সাগর ভয়ে প্রহরি অবে॥ উপলিল (২) কুন্তীর মকর মীনচয়। मृर्खिमान् रुमा। निक् विन পরিচয়। পান্ত অর্থ্য দিয়া তুই পুঞ্জিল চরণ। কমযোড করি সিদ্ধ কি বোলে বচন # ব্দত্তবদ্ধি জলময় কি জানিতে পারে। প্রকৃতি-পুরুষ পর তুমি **মহেশরে ৷** সাগর বান্ধিয়া ত্রমি স্থথে হও পার। স্বংশে রাবণ রাজায় করহ সংহার 🛭 সাগর বাঞ্জিরা বশ রাখ ত্রিভূবনে। স্থথে পার হও ভূমি লয়া ক্পিগণে ॥ তবে বাৰ আঞা দিলা বান্ধিতে সাগর। পৰ্মত আনিতে তবে চলিল বানর ৷

⁽১) পাঠান্তব,—"সত্যের কারণে"।

⁽২) পাঠাছর,—"অবানিত।"

নল নীল আদি যত বানর-প্রধান। অঞ্চল গন্ধমাদন বীর হন্মান। পর্বতে আনিঞা কৈল সাগর বন্ধন। কি গণ লঞা পার হৈলা নারায়ণ। ত্মবেল পর্ব্বতে রাম বসিলা আপনে। বিভীষ্ণ তথা আসি পশিল শরণে ॥ বানর কটকে ভবে ১ৌদিগে বেটিল। চিব্বিষা রাবণ রাজা সহটে পড়িল। কুছ নিকুছ অতিকান্ত কুছকৰ। নরাস্তক দেবাস্তক ধূম বিকম্পন। প্রহন্ত তুর্মুখ মেঘনার আদি করি। কোটি কোটি রাক্ষ্স সৈত্তের অধিকারী । চতুরক সেনা সাজি রণে আগুরান। বানর রাক্স সনে ৰাজিল সংগ্রাম ৷ खुशीर मन्त्रभ हनुसान नम नीम। শক্ত শভ (১) সেনাপতি রণে মহাবীর ॥ গাছ পাণর গিরি গদা মুদ্গরে। বধিল রাক্ষ্য সব দণ্ড পরহারে॥ ৰড বড় সেনাপতি পড়িল সমরে। ইন্দ্রজিৎ কাটা পেল রণের ভিতরে। শুনিঞা রাবণ রাজা ক্রোধে প্রবাদিত। **থট**া হইতে লাফ দিয়া উঠে আচ্ছিত। চটিয়া পুষ্পক রূপে ধাইল সত্তরে (২)। রাম তরে রথ পাঠাইলা পুরন্দরে ব্ৰীবাম বাৰণে তবে বাজিল সংগ্ৰাম। হাসিয়া কি ৰলে তবে পুরুষ-প্রধান॥ আরে-রে রাবণ তুঞি ছষ্ট ছরাচার। পুরুষ অধম তুঞি কুলের অকার। বার্থ বেটা এতেক করিদ্ অহকার। এখনি পাঠাব তোবে যমের ছয়ার। এতেক বলিয়া রাম পুরুষ প্রধান। ৰাম হাতে তুলিল গাঙীৰ ধ্যুখান # ধক্ষকে যডিলা রাম অর্থচন্ত বাণ। লীলায়ে ছাডিল বাণ ধাত্মকি প্ৰধান **।** দশ মুও কাটিয়া করিল কুড়ি থান। পড়িল বাবণ বাজা পর্বত সমান ! জন্ব জন্ম শবদ উঠিল ত্রিভূবনে। পতি লয়া বিলাপ করয়ে নারীগণে ৷ বিভীষণে রাজা করি লক্ষায় স্থাপিল। ভানকী রাঘবে ভবে দর্শন হৈল।

সীতা লঞা কৈলা রাম রথে আরোহণ। হনমান স্থগ্ৰীৰ চলিল বিভীৰণ । কোটি কোটি চলিল বানর সেনাপভি। রুপে ১ডি চলে রাম ত্রিভবনপতি॥ স্তরগণে করে দিব্য পূষ্প বরিষণ। আকাশমওলে বাজে ছুন্সুভি-বাজন। ব্ৰহ্মা আদি দেবে করে নানা স্বতিগান। চলিলা অযোধাপিরে শ্রীরাম লক্ষণ ॥ বাম-আগমন কথা ভবত শুনিল। পাতৃকা করিয়া শিরে আনন্দে চলিল। বিবিধ সাজন সেনা বিবিধ বাজন। কোটি কোটি ছত্ৰ বানা চামর সাজন। অঞ্চলি উপরে হুই পাতৃকা ধরিয়া। ভরত প্রণাম কৈল চরণে পড়িয়া 🛭 ছুই হল্ডে তুলি রাম দিলা আলিদন। मग्रान-चानसक्रान कर्ताना मञ्चन ॥ প্রশাম করিলা বৃদ্ধ বিক্ত গুরুগণে । তুষিলা স্কল লোকে বিনয় বচনে। রাম ধরশনে লোকে উঠিল আনন্দে। ৰাহ্য পাসরিল লোক প্রেম অমুবন্ধে। প্রবাল ভণ্ডুল ফল পুষ্প বরিষণ। বসন ঢুলায়্যা নাচে সব পুরঞ্জন॥ ভরতে পাছকা লৈল শিবের উপরে। বিভীষণ স্থাীব রামেরে ছতা ধরে 🛭 भक्कच शतिम त्रात्मत्र शक्कवान। অঞ্চ ধরিলা খড়গ রামের যোগান 🛭 সীতাদেবী কমগুলু লৈল নিজ করে। জাম্ববান রামের কবচ শিরে ধরে।। চডিয়া পূষ্পক রথে চলেন শ্রীরাম। चारवाशा व्यातम देवना शुक्रव-व्यंशन॥ প্রবেশ করিয়া নি**জ**পুরে ভগবান্। মান্ত্রের চরণে থাম করিলা প্রণাম।। স্থ্যায়ের চরণে করিয়া পুরস্কার।· একে একে পুরুষ্ধনে কৈলা নৰ্মার। ৰতন করিয়া সৰ মুনিগণে আনি। নানা ভীর্বজন চারি সাগরের পানি।। উদার চরিত্র রাম শুণের নিধানে। ভক্তবৎসূল রাম পুরুষ পুরাণে ॥ মহারাজ অভিবেক করিয়া বিধানে। রাজরাজেশর করি বসাল্যা আসলে। ধর্মে প্রজা পালিল শাসিল বস্তমন্তী। সৰ্বলোক আনন্দে আছিল দিব রাভি ঃ

⁽ ১) পাঠান্তব,—"ৰত বত"।

⁽२) शांठांकव,-- व्याहेना नमाव"।

্রী**সভাগব**ভ

ছঃৰ শোক জরা ব্যাধি অকাল মরণ। বলিতে না ছিল কিছু ছঃথের কারণ। আনন্দে পুণিড লোক রহে সর্বকাল। সর্ব্ব স্থথ আছিল রামের অধিকার। নানা বজ্ঞ দান করি বিবিধ বিধানে। আপনি আপনা রাম কৈলা আরাধনে। অঞ্চান ভূমিদান বসন ভূবণ। বৈবিধ দক্ষিণা দিয়া পুজিলা আন্দণ। पृष्ठेखन-प्रमन प्रकन-পরিত্রাণ। এহরপে রাজ্যপদ করেন শ্রীরাম। আপনে বৃঝিতে রাম এ লোকচরিত। রজনী সময়ে রাম বুলে অলক্ষিত। নগরে নগরে রাম বুলে অলক্ষিতে। এক বাণী কচ্ছিত শুনিল আচমিতে। জানকী নহিস্ তুঞি আমি নহি রাম। ৰাম বেন করিল কুচ্ছিত হেন কাম। বাৰণে হবিদ গীতা বাম তাবে আনে। রাব হেন আমাকে দেখিল অনুমানে॥ এ সৰ ৰচন রাম গুনি নিজ কাণে। लाक-चनवाम कवि छत्र देकल यत्न। ভবে বাৰ বনবাসে জানকী পাঠায়। আগনে করিয়া কর্ম এ লোক বুঝায়।

বাদ্মীকি-আশ্রম দেবী রছে কথোকাল। কুশ লব নামে হুই জন্মিল কুমার। মুনিবিভ্যানে হুই পুত্র সমর্পিয়া। পাতালে পশিলা দেবী ধরণী ভেদিয়া॥ সীভার গ্ৰম শুনি রাম কুপবর। হৃদয়ে ভাবিয়া শোক কান্দিলা বিস্তর 🛭 স্ত্রী-পুরুষে সঙ্গ হর ছঃখ মাত্র সার। লোক বুঝাইতে করে এত পরকার। অয়োদশ সহস্র বৎসর পরিমাণে। ব্রন্মচর্য্য করি রাজ্য পালিল বিধানে॥ ভকতহৃদয়ে পদযুগ আরোপিয়াঃ বৈকুঠ চলিল প্রভু পৃথিবী ত্যাজিয়া । রামের অতুল যশ বিদিত সংসারে॥ শীশার শরীর ধরি কৈলা অবতারে॥ যেবা রাম দেখিল আছিল সন্নিধানে। রামের চরিত্র ষেবা শুনিল শ্রবণে॥ नकन चरपाशानाजी निन निक्रशस्य। হেন দরানিধি রাম গুণের নিধানে। সর্ব্ব পাপ হরে তার হৃঃখ বিমোচনে। রামের চরিত্র যেবা শুনে সাবধানে। রামচন্দ্র চরিত্র অমৃত-রস-বাণী। ভাগৰত-আচার্য্যের প্রেমতর্ন্দিণী।

ইতি শ্রীভাগৰতে মহাপুরাণে নবম ক্ষমে বিতীয়োহগায়ঃ ॥ ২ ॥

कृतीय व्यथाय ।

কুলপুত্র অভিধি নিষধ পুত্র তার ।
ভার পুত্র লভ নামে হৈলা মহীপাল ।
ভার পুত্র জনমিল পুত্ররীক নামে ।
ক্রেমধনা তার পুত্র কৃপতি প্রধানে ।
ধ্রেমনীক তার পুত্র ক্যমের অধীর।
অহীন ভনর তার হৈল মহাবীর ।
ভারিপাত্র ভার পুত্র বহা নরেধর ।
ভারপুত্র অর্ক তার পুত্র বন্ধ নাম ।
স্কুর্প ভ্রমর ভার মহা অস্কুভান ।

তার পুত্র জনমিল বিশ্বতি মুপতি।
তার পুত্র হিরণ্যনাত নামে নরপতি।
হিরণ্যনাতের পুত্র পূশা নামে হৈল।
ক্ষবসন্ধি নামে তার পুত্র জনমিল।
স্ফর্শন স্মৃত তার অগ্নিবর্ণ নামে।
ক্ষিত্র নামে তার পুত্র মহা বলবানে।
ক্ষবত তনর তার মহা যোগের্যর।
বোগবলে রাখরে আপম কলেবর।
আছেন কলাপত্রামে অবিদিত ক্লপে।
কলিমুগ পর্যন্ত থাকিব সেইক্লপে।

শভাৰূপে তুৰ্যবংশ করিব বিস্তার। প্রস্থাত নামে তার জন্মিল কুমার ! সন্ধি নামে পুত্র ভার পুত্র অমর্থণ। মহস্বান নামে ভার পুত্র উতপন্ন 🛭 তার পুত্র বিশ্ববাস্থ নামে নরপতি। ভাহার প্রসেনত্রিৎ পুত্র মহামতি 🛭 **তব্দক নামেতে তার নন্দন আছিল।** ভার পুত্র মহাবল নামে বুহখল ! মারিল ভোমার বাপ ভাহারে সমরে। কহিল ইক্ষাকুৰংশে নূপতি বিস্তারে। ভবিষ্য কহিব তবে শুনহ রাজন। বৃহ্বল পুত্র জনমিব বৃহদ্রণ। উপাব্রন্ত ভার পুত্র হৈব নরপতি। বৎসবৃদ্ধ ভার পুত্র হৈব মহামতি॥ প্রতিব্যোম তার পুত্র হৈব ভাফু নাম। দিবাকর ভনয় তার হৈব বলবান । সহদেব তার পুত্র হৈব মহাবল। বুহুদর্শ ভার পুত্র হৈব নরেশব ॥ তার পুত্র জনমিব নামে ভাতুমান। জনমিব তার পুত্র শ্রতীকার্য নাম॥ **স্মপ্রতীক ভার পুত্র হৈব নরেশ্বর।** ম**ক্লদেৰ ভার পুত্র পুণ্যকলে**বর 🛭 সুনক্ষত্র ভার পুত্র হৈব নরপতি। পুষর ভনর তার হৈব উৎপত্তি। অন্তরীক্ষ তার পুত্র স্বতপা তনয়। বিত্রজিৎ ভার পুত্র হৈব মহাশয়। বুছফ্রাঞ্জ ভার পুত্র হৈব বহি নামে। কৃত্যার তার পুত্র জন্মিব ভূবনে। সঞ্জ ভাষার পুত্র হৈব মহাবল। শাক্য নামে তার পুত্র পুণ্যকলেবর। **শুদ্ধোদ ভনন্ন তার** হৈব নরপতি। ব্দব্যিব লাক্ষল তার পুত্র মহামতি॥ ব্দীৰ প্ৰসেনবিৎ ভাহার নন্দনে। ভাহার ভনম ভবে হৈব ক্ষুদ্র নামে কুদ্রকের ভনম কুলক নামে হৈব। কুলকের তনর স্থরথ জনমিব। শ্বমিত্র ভনম্ব ভার হৈব নরেশর। **স্থানিভ্রান্ত পূর্ব্যবংশ** কহিলু সকল। নিনি নানে মহাবাঞা ইক্ষাকুতনয়। মহাবঞ্জ আরম্ভিল নিমি মহাশর। **বজ করিবারে নিনি খশিটে** বরিল। ত্ৰিঞা ৰশিষ্ঠ কিছু বিলম্ব কৰিল।

প্রথবে বরিল আমা ইস্ক শচীপতি। তার যক্ত করিয়া আসিব শীব্রগতি। প্রতীত না গেল রাজা মুনির কানে। **हिञ्चिल कीयन यन जनन गर्यात्न ॥** ব্ৰাহ্মণ আনিঞা বজ্ঞ কৈল সমাধানে। ৰশিষ্ঠ আগিয়া কোধ কৈল দৃঢ়মনে। ঋক্ব অবজ্ঞান তুমি কৈলে এত বড়। **এইক্রে** পড়ুক তোমার কলেবর ॥ श्वक भारत राहलाज देहन राहे करन। নিমি মহারাজা তবে গেলা স্বর্গস্থানে। ছিলগণে যক্ত তার কৈল স্মাপনে। আসিয়া যজ্ঞের ভাগ লৈলা দেবগণে 🛭 বিজ্ঞগণে তার দেহ রাখিয়া যতনে। নিবেদন কৈলা তবে দেবগণস্থানে। নিমি রাজায় জীয়াইল সব দেব মেলি। ভবে নিমি রাজা বলে করযোড় করি ৷ মোর কার্য্য নাছি আর শরীর বন্ধনে। **এই बत्र माणि गव एएटवंत्र ६ त्रट्य ।** ভবে দেবগণ ভারে দিলা এই বর। আঁথির নিমিষ হর।) রহ নিরস্কর 🛭 थवित्रा नियिषक्र**ण को**रवद नन्नटन । নিমি রাজা জগতে রহিলা । সেই হনে (১)। ছিজগণ মথিল রাজার কলেবর। জনমিল তাহে এক মহাধন্ধরে॥ क्रमिन महत्न मिथिन नाम देशन। विराप्त कांत्ररण नाम देवराम्ह श्रिक । জনমিল দেখয়া জনক নাম হৈল। মিথিলা নগর ভেঁহো নিরমাণ কৈল। ভার পত্র উদাবম্ব নামে নরপতি। নন্দিৰ্থন তার পুত্র মহানতি। স্থকেতৃ তনম্ব তার পুত্র দেবরাত। ভার পুত্র বৃহদ্রথ নিম্মকুলনাথ 🛭 তার পুত্র স্বধৃতি আছিল নরেশর। ধুষ্টকেতু পুত্র তার মহা ধহুর্বর। হৰ্মাৰ ভনর ভার স্থত মক নাম। প্ৰজীপ তাহার পুত্ৰ মহা বলবান। ক্বতিরণ তার পুত্র স্বভ দেবমীর। তার পত্র বিশ্রত আছিল মহাবীর। বিশ্রুতের পুত্র জনমিল মহাগ্রতি। কৃতিরাত তার পুত্র আছিল **নুপতি** 🛭 •

⁽ ১) शांशंख्य—"लहे मद्न"।

মহারোমা স্থারোমা হ্রস্বরোমা নাম । इयदायात्र भूख नीत्रक्य वनवान ॥ য**ঞ্চ** করিবারে ভূমি চবিল দুপভি। লাক্তে উঠিল সীতাদেবী রূপবতী 🛭 **শীরধ্বজ্ব নাম ভার হৈল ভে-কারণে।** সীতাদেশী লাদলে উঠিল ভূমি হনে। শীরধ্বজপুত্র হৈল কুশধ্বস্ত নাম। ধর্মধ্যক পুত্র তার হৈল বলবান্। তার পুত্র মিতধ্বত্ব নামে নরপতি। খাণ্ডিক্য ভনম ভার হৈল মহামতি । ভার পুত্র জনমিল নামে ভাত্মমান। তার পুত্র শতহু।য় মহাবলবান্ ॥ ওচি নামে ভার পুত্র হৈল নরপতি। ভার পুত্র গ্রম্মজ নামে মহামতি। উব্দিকেন্তু পুত্র ভার মহা ধমুর্বর। পুরুজিৎ পুত্র ভার পুণ্যকলেবর 🛭 তার পুত্র জন্মিল অরিষ্টনেমি নামে। শ্রতারু তনর ভার বৃপতিপ্রধানে 🛭 চিত্ররণ তার পুত্র মহা নরেশর। **ক্ষো**ধি তশয় তার পুণ্যকলেবর । তার পুত্র সমর্থ সুপতিপ্রধান। সভারণ পুত্র ভার বহাবলবান্। উপশু তনম তার মহা নরপতি। উপগুপ্ত তার পুত্র রাজা মহামতি। ভার পুত্র বন্ধনন্ত ভার ষ্যুর্কাণ। স্থভাবণ ভার পুত্র বুপতিপ্রধান। শ্রুত নামে তার পুত্র তার পুত্র কর। বিজয় তনয় তার ৰাত মহাশয় ৷ ৰতপুত্ৰ শুনক শাসিল বন্ধমতী। ৰীতহব্য তার পত্র তার পুত্র ধৃতি। বহুলাৰ ভার পুত্র মহা নরেশ্বর। **হুতি নামে তার** পুত্র পুণ্যকলেবর 🛭 নিমিঝশে জনমিল যত নরপতি। ধর্মপরায়ণ তারা দানে দুচ্মতি 🛭 একাম্ব ভক্তি করি ভবিল ঐীহরি। অন্তকালে ত**ছ ভেজি গেলা** বিষ্ণুপুরী । ভবে রাজা তন তুমি বে কহিব আর i সাবধানে শুন চক্রবংশের বিন্তার॥ প্রালয় সাগরে হরি অনন্ত শরনে ! বোগনিক্রা করিয়া অটেলা নাবায়ণে। ভার নাভিপদ্ধে বন্ধা হৈস উৎপর। ৰম্ব তনঃ হৈলা অতি তপোৰন।

हक्ष উপঞ্চিम चाकि मूनित नम्रतन । জনমিল চজ্ঞের তনম বুধ নামে 🛚 ব্ৰের জনম কথা শুন পরীক্ষিৎ। বুহম্পতি আছিলা দেবের পুরোহিত। ভারা নামে তার পত্নী পরম শ্বন্দরী। আনিলা হরিয়া তারে চন্দ্র মহাবলী। ব্ৰহম্পতি গেলা তবে চন্ত্ৰ বিশ্বমানে। মাগিল আপন ভার্য্যা অনেক ষতনে। তমু তারা না ছাড়িয়া দিল শশধর। তাঁহার কারণে তবে বাজিল সমর। ৰাজিল দেবতান্ত্রে তুমূল সংগ্রাম। আর যুদ্ধ নাহি হয় তাহার স্থান॥ মহাযুদ্ধ হৈল যাহে প্ররান্তর-কর। সেই সে সমন্ত্র হৈল রণ মহাভয় 🛚 তবে বুহস্পতি গেলা ব্রহ্মার সদনে। u ग्रव क्: त्थ्र कथा देकणा निर्वेशत । আপনে আসিয়া এন্ধা ভৎ'সিল বিন্তরে । ভারাকে ছাড়িয়া তবে দিল শশধরে। ক্ষন্ধ হৈল তারাকে দেখিয়া গর্ভবতী। বিশুর র্ভৎসিমা গালি দিল বুহস্পতি। ছাড় গর্ভ আরে রে পাপিনি এইক্ষণে। গর্ভ প্রাসবিল ভবে পতির বচনে 🛭 প্রস্বিল শিশু হেম-গৌর-কলেবরে। বুহুস্পাত চঞ্চে তবে বাঞ্চিল কন্দলে। বুহস্পতি বলে তোর প্রত্তে কোন্ দায়। চল্লে বলে এ বোল বলিতে না যুৱায়। আপনার পুত্র বল নাহি বাস লাজ। আপনার তনম নিবে হেন মনে সাধ। দেৰগণে ঋষিগণে তারাকে পুছিল। লাজে পড়ি তারা কিছু উত্তর না দিল। क्कांव कवि क्यांत्र बनाय क्वांन वानी I উত্তর না দেহ কেন আরে রে পাপিনি॥ কাহার তনম আমি বল সত্য করি। উত্তর না দিলে তাপে তারকা স্থন্দরী 🛭 তবে এদা ডাক দিয়া তারাকে আনিল। প্রেণর বচনে ব্রহ্মা তাহারে পুছিল 🛭 नात्व (इंडे माथा कत्रि नत्न शीत्र शीत्र । চল্লের কুমার দেব কহিল তোমারে। ভবে ব্ৰহ্মা বুধ নাম ধরিল ভাহার। বরিয়া আনিল চ**জ আপন কু**মার। ভারা গঞা বুহস্পতি গেলা নিজ ঘরে ৷ ব্ৰছা ভাষি মেৰ গেলা নিজ নিজ পূৰে।

পুরুরবা ভ্রমিল বধের ভ্রমা। ইলার উদ্বেজন্মিল মহাশয় 🛊 তার রূপ গুণ শুনি উর্বাদী সম্মরী। মিত্রাবন্ধণের শাপে নারীক্রপ ধরি । পুরুরবা ভজিল ইচ্ছের বিদ্যাধরী। না কহিলুঁ কথা কিছু সে সব বিস্তারি 🛭 **६ म পুত্র জনমিল উর্বেশী উদরে ।** আয়ু শ্রুতায়ু তার জ্যেষ্ঠ নাম ধরে॥ রম বিজয় জয় সত্যায়ু প্রধানে। বিজয়পুত্রের বংশ কছিয়ে এখনে 🛭 জ্ঞািল কাঞ্চন নামে বিজয় তন্ত্ৰ। হোত্রক তাহার পুত্র হৈল মহাশর। হোত্রিকের পুত্র জহু বিদিত ভূবনে। গণ্ডুৰ করিয়া বিহু কৈল গলা পালে ৷ ভহ্ন তনয় পুরু পুরুষ প্রধান। বলাক তনম তার মহা বলবান্ ! অঞ্জক তনম্ব তার কুশ আর হৃত। তার পুত্র কুশামুজ মহা বলযুত। বন্থ নামে তার পুত্র কুশনাভাত্মজ। গাধি নামে তার পুত্র হৈল মহারাজ। তার কল্লা জনমিল সভাবতী নামে । আসিয়া ঋচীক মূনি মাগিল আপনে # দেখিয়া কুচ্ছিত বর গাধি নরেখর। ঋঠীকের তরে তবে দিলেন উম্বর। সহস্রেক ঘোড়া শুক্রবর্ণ শ্রামকর্ণ। আনিয়া দিবারে যদি পার তপোধন ৷ তবে তুমি কক্সা সভ্যবতী বিভা কর। এ বোল বুঝিয়া তুমি শীব্র করি চল। চিন্তিয়া খাচীক মুনি বিচারিল মনে। মাগিল সহস্র ঘোড়া বরুণের স্থানে । সেইক্লপ বেশে খোড়া দিল জলধরে। ঘোড়া আনি দিল মুনি রাজার গোচরে। তৰে বাজা কল্পা বিভা দিল গুভক্ণ। সভাৰতী লঞা মুনি গেলা তপোৰনে॥ অপুত্ৰক গাৰি বাজা পুত্ৰ নাহি হয় । ডাক দিয়া ঋচীকে আনিল মহাশয়। পুত্রকামে মায়ে ঝিয়ে মূনি আরাধিল। পত্রের কারণে মুনি পুত্রবক্ত কৈল। ছই মত্ৰে ছই চক্ৰ সাধিয়া বিধানে। ষান করিবারে মুনি চলিলা আপনে । হেনকালে সভ্যবভী কোন কর্ম করে। আপনার চক্র সেহ দিল জননীরে।

শ্রেষ্ঠ চরু আপনার বুঝি অনুমানে। প্ৰেমভাবে দিল চক্ৰ যায়েৰ কা**ৰণে** । আপনে মায়ের চক্র করিল ভক্ষণ। হেনকালে মহামুনি কৈল আগমন ॥ দেখিয়া ছুহার কর্ম মূলি যোগেশ্বর। ডাকিয়া ভার্যাকে আনি ভং সিল বিন্তর । কি কারণে ছষ্ট কর্ম কৈলে এত বড়। অগ্রিল ভোমার পত্র মহাভয়ম্বর । শান্ত দাস্ত ব্ৰাহ্মণ ভোমার হৈব ভাই। দৈবের নির্বন্ধ করি শক্তিতে ঘুচাই। এ বোল শুনিক্রা কল্পা ভন্ন পের্যা মনে। পতিরে সাধিল ভার ধরিয়া চরণে 🛭 ভয়কর পত্র মোর নছক উদরে। এ বোল শুনিঞা বর দিল বোগেবরে। পুত্র ভয়ন্বর হৈব কুমার ত্রান্মণ। ব্দমদগ্নি পুত্ৰ ভবে হৈলা উৎপন্ন। ঋচীকের পুত্র, জমদন্মি তপোধনে। সতাৰতী গৰ্ভে জন্ম লভিলা আপনে॥ জমদন্তি বিভা কৈল রেণুকা স্থন্দরী। তার পঞ্চ পুত্র জনমিলা মহাবলী 🛭 কনিষ্ঠ পরশুরাম বিষ্ণু-অবতার। নি:ক্তির কৈলা পূথী তিন সপ্তবার॥ যেরপে করিয় নাশ কৈল মহাবীর। ভার কথা কহি শুন ৰূপতি স্থাীর। হৈহয় বংশের রাজা কার্ত্তবীর্ব্য নামে। দন্ত নার য়ণে তেঁহো কৈল আরাধনে 🛭 **उहै हम्रा मिन मर्ख महत्यक कर्न ।** রিপুঃয় অব্যাহত গতি যশ বল। অণিমানি অষ্টেশ্বর্য যোগেশ্বরগতি। নারায়ণপ্রসাদে লভিল নরপতি॥ বরদর্পে মদগর্ক বাঢ়িল-ভাহার। षिया नाती नवा। ताका कत्रत्व विशेष । ভাটিবাঁকে রহে রাজা নর্মনার জলে। দিব্য নারীগণ সম্মা ক্লক্রীড়া করে। रूख चाम्हापिया छन वश्रम द्रश्य। উছলো (>) নদীর ওল ছুকুলে ভাসার। ভাহাতে শহর পুত্তে লকার রাবণ। षिरा উপহারে করে শিব আরাধন। মূল কল গেল তার জলেতে ভাসিয়া। জোধ করি যুদ্ধ কৈল সম্বরে আসিরা।

⁽১) পাঠাস্থর,—"উবানে"।

কাৰ্দ্ৰবীৰ্ব্য হেলার জিনিঞা বাছবলে। সন্মা রাবণ রাজান্ন থুল্য কারাগারে **ঃ** খাসিয়া পুলন্ত। মুনি রাবণ উদ্ধারে। হেন কার্বনীর্য্য রাজা হৈল ক্ষিতিভলে। এক দিন মুগয়া করিতে গেলা বনে। উত্তরিল জমদগ্রি মুনির সদনে । সসৈ**ত্তে** পঞ্জিল মনি আতিথাবিধানে। দিব্য অন্ন পান দিয়া করাল্য ভোজনে 🛭 রাজ-আভরণ দিল বসন ভবণ। রাজপুরী রাজ্বর রাজসিংহাসন 🛚 হবির্দ্ধানী ধেম তার যোগবল ধরে। প্ৰস্বিয়া দিল স্ব ব্লাজ-উপহাৱে 🛚 অতুল সম্পদ তার দেখিয়া রুপতি। মনে মনে চিস্তে রাজা কেমন বগতি # হরিরা মূনির ধেরু লৈল নিজপুরে। গুনিঞা পরগুরাম জ্বলিল অস্তরে। ধরিয়া পরভ হত্তে মহা ধহু শয । পাছে রাম ধাইল যেন দীপ্ত দিনকর। পুর পরবেশ রাজা করে হেনকালে। **উন্তরিল ভ**গুবর পুরের ত্বারে॥ বাজিল তম্ল রণ অর্জুনের সনে। कार्खवीया युद्ध देकल जवनवाहरन । সপ্তদশ অকেচিণী সেনা ভয়ত্ব । কাটিল সকল সেনা একা ভগুৰর । কোটি কোটি রথ যোড়া পবন সঞ্চার। কোটি কোটি মহাগঞ্জ পর্বতে আকার 🛚 কোটি কোটি মহাবীর রণেতে প্রচণ্ড। কাটিরা রামের বাণে কৈলা খণ্ড খণ্ড। কাটা গেল সব সৈক্স রণের ভিতরে। বৃক্তে ৰহিল নদী শত শত ধারে 🛚 দেখিয়া অর্জন রাজা সৈন্তের বিনাশ। ক্রোৰ করি ধাইল যেন সূর্ব্য পরকার। পাঁচ শত হাথে পাঁচ শত শরাসন। পাঁচ শত হাথে শর দীপ্ত হতাশন। পাঁচ শত বাণ রাজা জোডে একবারে 🕽 কাটিল সকল বাণ রাম এক শরে 🛚 গাছ পর্বত ভারে মারিল পেলিয়া : খণ্ড থণ্ড কৈলা রাম কুঠারে কাটিয়া। সহস্রেক ভুক্ত তার কাটে একবারে। তবে যাথা কাটিয়া পেলিল ভূমিতলে। কার্ত্তবীর্য কাটা গেল রণের ভিভরে। বৰুত তনৰ তার পলাইল ডরে 🛭

কার্ডবীর্যা হেন বীর কাটিল হেলার। সবৎস আনিঞা ধেমু পিতাকে ভেটার॥ অর্জুনে কাটিয়া রাম ধুইল চনৎকার। ত্রিভুবন যুড়িয়া রহিল যশ তার । অমদগ্রি বলে তবে তন বাছা রাম। আকরণে কৈলে তমি এতবড় কাম 🛭 नर्करप्रवस्त्र त्रांका नर्क्वनात्त्र करह। ব্ৰান্সণের যুদ্ধর্ম উচিত না হয়ে। ক্ষমাশীল ব্রাহ্মণের নহিব বিকার। ক্ষ্মায় সকল কর্ম পারি সাধিবার 🛚 च्या किल जुड़े हम शकु जगवान्। উচিত না হয় বিজকুলে অভিযান ৷ ওক-ছিজ বধসম ব্রাজ-বধ ধরি। তীর্থ পর্যাটনে বাপু চল নীন্ত করি॥ তীর্থ সেবা করি তুমি হরি গুরু ভঙ্গ । রাজবধ-পাপ বাপু এই মতে তেজ 🛚 বাপের বচন শুনি রাম মহাবল। তীর্থ করিবারে তবে চলিলা সত্তর 🛭 বাপের আক্রায় করি তীর্থ পর্যাটন। বৎসর পরিলে রাম কৈলা আগমন 🛭 রেণুকা রামে মাতা পতিসেবা করে। একদিন গেলা তিঁহো জল ভরিবারে॥ দেখিল গন্ধর্বরাজ চিত্রসেন নামে। দেবীগণ লয়া ক্রীড়া করয়ে বিমানে ! ত্ৰীসভাবে ভাহাতে কণেক দিল চিম্ব। হোমকাল মনির বহিল আচ্খিত ! শঙরিয়া পাছে মনে হৈলা সচকিতা। জল ভরি শীদ্র সয়া। আইল রামমাতা॥ कन घर थे हैं (नवी अस्त्राल वाकिनी। রহিল মনির আপে যোড হাত করি । দেখিয়া পত্নীর ছেন ছষ্ট বাবহার। পুত্রগণ নিকটে দেখিল আপনার ॥ আজ্ঞা দিল শির কাটি পেলছ সম্বরে I বাপের বচনে কেছ না করিল ভরে ॥ (১) বৃঝিয়া বাপের চিন্ত রাম ভৃগুবর। দাঁড়াইল পিতা-আগে বুড়ি হুই কর। ৰাপে আক্তা দিল রাম বিলম্ব না কর। সপুত্র মাধ্যের মাধা শীদ্র কাটি পেল। वार्णित वहरू त्राम मा देवन विनय । কাটিয়া মায়ের মাথা কৈলা ছুই খণ্ড !

⁽১) পাঠান্তব,— "বাপের বচন কেচ না পাঞ্চিল ভবে।"

ভাইগণে কাটিল বাপের বিভ্যমানে। শোক হঃখ একই নহিল তার মনে। পুত্রের প্রভাব দেখি মুনি যোগেশ্বর। ্ৰলে বর মাগ মাগ রাম ভৃগুবর 🛭 ্ৰো হইতে গুৰুভজ্জি লোকেতে প্ৰচার। করিয়া সম্বট কর্ম পুইলে চংৎকার। ৰর মাগ যে বর ইৎসহ ভৃগুপতি। সেই বর দিব আমি তপের শক্তি। রাম বলে সভে আমি মাগি এই বর। জীউক আমার মাতা ভাই সহোদর। তা-সভা বধিল যেন নহে তার মনে। এট বর মাগি পিতা তোমার চরণে। ভষ্ট হয়া। জমদগ্রি দিলা সেই বর। সেইকণে জীল মাতা ভাই সহোদর। এইরপে বৈসে রাম বাপের আশ্রমে। ভাইগণে লয়া বনে গেলা এক দিনে। অর্জ্জনের অযুত তনয় তুরাচার। নিরবধি চিভিল রামের অপকার। শোকেতে ব্যাকুল তারা বাপের মরণে। হেনকালে পশিল মুনির তপোবনে। কাটিয়া মুনির মাথা নিল আচ্ছিতে। রেণুকা রামের মাভা লাগিলা কান্দিতে। ৱাম ৱাম ৰজিয়া কান্দিল উচ্চস্ববে। मारमुद्र क्रम्मन द्रोम छत्न एवन कारण ! তুরিতে আসিয়া দেখে বাপের মরণ। ছঃখণোকে ভাইগণ হৈলা **অ**চেতন । ভাইগণে সমর্পিয়া বাপের শরীর। পর্ভ ধরিয়া রাম ধার নহাবীর 🛭 বিক্রমের সীমা রাম রণেতে প্রচও। কাটিয়া সকল বীর কৈলা খণ্ড খণ্ড। রিপুশির দিয়া মহাপর্বত নিশ্মিল। দ্তিয়ক্তৰিৱে শত শত নদী হৈল। মহাধ্যুদ্ধর রাম বিফু-অবতার। নিঃক্তির কৈলা পূথী তিনসপ্তবার । হরিল পূথ**ী**র ভার পিতৃবধছলে। শোপিতে নির্নিল নব হল পরে পরে ! সমস্বপঞ্চক নাম ক্ষেত্রের ধরিল। মহা পুণ্যভার্ত করি জগতে স্থাপিল ! বানিকা ৰাপের মাথা যুড়িল শরীরে। বাপকে জীৱার রাম নিজ যোগবলে ! ক্তির মারিরা বল কৈল বহীতল। শত শত বৃদ্ধ কৈল পুৰিবী-ভিতর 🖠

আগনে আগনা রাম পুজিল বিধানে ! সমন্ত পৃথিবী দান কৈল দ্বিজগণে। পুরুষ-পুরাণ রাম কমললোচন। বিক্রমে কেশরী রিপ্রল-বিনাশন প্রচণ্ড কোদও ধরে ছরত কুঠার। ক্তিয়ে বধিতে হরি রাম অবভার ॥ ক্তিৰ বৰিয়া বহে মহেন্দ্ৰ পৰ্কতে। গৰ্ম্ব কিয়বে ছতি করয়ে শাব্দাতে ! কলিযুগ খণ্ডিলে দিবেন দর্শদে ! বেদশান্ত পরচার করিব আপনে কহিল পরগুরাম-চরিত্র ব্যাখান। স্কভতপতি রাম পুরুষপ্রধান (১)। গাধি রাভার কল্পা নামেতে সভাবভী। বর্ণিল তাহার বংশে রাম ভ্**ঙ**পভি। তনমিল মহাতেজা গাধির কুমার। বিখামিত্র নাম যার বিদিত সংসার ৷ তপের প্রভাবে বিশ্রে হৈলা মহাশর। তার ঘরে জনমিল শতেক তন্য । विश्वामित वःभ कथा बहिन धहे हिए। বিতার করিয়া ভাহা না পারি বর্ণি**তে ৷** বুধের কুমার হৈল পুরুরবা নাম। তার ছয় পুত্র জনমিল বলবার । জ্যেষ্ঠ-পত্ৰ আয় নামে পুত্ৰের প্ৰধান। তার বংশ কহি রাজা কর অবধান ! জনমিল তার পাঁচ পত্র মহামতি। সভায় প্ৰধান তার নহৰ ৰূপতি। ব্দত্রবৃদ্ধ রন্ধি রাভ ভিন পুত্র হৈল। অনেনা তন্ত্ৰ তার কনিষ্ঠ আছিল। **দত্রবৃদ্ধ-বংশ কথা কি কহিতে পারি।** যার বংশে অবভার কৈলা ধ্বন্তরি। যার নামে জীবের সকল রোগ হরে। বিষ্ণ-অংশে ধ্রন্তরি বিদিত সংসারে ৷ वात वरटम त्नीनकापि मुनित उँ९निष्ट । যার বংশে জনমিল অলর্ক নরপতি। বাজা ভোগ কৈল বৃষ্টিসহম্ম বৎসর। স্থাৰীপ কিভিতলে এক দুধ্বর I এইব্ৰপে কভ কভ হইল বুণতি। ক্তিৰ বঞ্জির বংশ শুন মহামতি ।

⁽১) অন্ত পুথিতে ইহার পরবর্তী চরণক্ষরে অধ্যান্ধ শ্বেৰ হইরাছে:---

ভূতবাৰ চরিত্র তন অবৃতেন বাৰী। জাগবত লাচার্য্যের প্রেমজ্যবিশী।

বৃদ্ধি সম বাজা নাহি হয় ক্ষিতিভালে। যাহার প্রসাদে কর্ম পাইল প্রক্রে । দেৰাহ্ৰরে যুদ্ধ কৈল দেৰের ভূবনে। দেবে বুছে হারিল জিনিল দৈতাগণে। রাজি রাজা ভজিয়া নিলেন পুরন্দরে। জিনিলা অন্তর দল নিজ বাহবলে ৷ অস্তব্যে জিনিঞা ইন্তে দিল ত্রিভূবন। ইল্লে ইন্দ্রপদ তবে কৈলা সমর্পণ। রজি রাজা লইল ইচ্ছের অধিকার। এইরপে রাজ্যভোগ কৈল চিরকাল # তৰে তম্ব তেজি রাজা গেল বিষ্ণুপরে। পঞ্চ শতপুত্র তার হৈল মহাবলে। ধরিয়া বাপের দায় ইন্স অধিকারে। দেবগণ সহ তারা স্বর্গ তোগ করে । এটক্রপে স্বর্গভোগ করে কথোকাল। বৃহস্পতি তবে তার চিন্তিল **প্রকার** ॥ ৰক্ত করি তা-সভার করে মতিভঙ্গে। ধর্মপথ তেজি তারা চলিল কুসলে। তবে ইক্স পঞ্চশত বধিল কুমার। দেবগণ সম্মা সর্গে করে অধিকার॥ এইরূপে হৈলা রঞ্জিবংশের বিনাশ। নহৰবংশের কথা করিব প্রকাশ 🛭 নহবের ছম্ব পুঞ বিদিতাসংসারে। যতি আর ব্যাতি শর্যাতি নাম ধরে। আয়তি বিঃতি আর ক্বতি বলবান। নহবের ছয় পুত্র আছিল প্রধান। জ্যেষ্ঠ পত্র যতি তেঁহে। হরিপরারণ। ৰালে ব্ৰাজ্য দিল তাৰে না পাতিল মন 🏾 নম্ভব আছিল ইক্স স্বৰ্গ-অধিকারে 🛭 বিজ্ঞপাপে হৈল ভিঁহো সূৰ্পকলেবরে। বৰাতি করছে তবে রাজ্যের পালন। চারিদিলে স্থাপিল ক্রিঠ ভাইগণ # শুক্রের ছহিতা তিঁহো কৈলা পরিণর। মহাস্থাৰ বাজ্য ভোগ করে মহাশম । এ বোল শুনিঞা রাজা ভাবিল বিশার। কেন বিজকজা ভিঁহ কৈলা পরিণয়। শুক মুনি বলে রাজা কৃহিব কারণে। বেরপে গ্রন্থ হৈল ব্রাক্ষণের সনে ! বুবপর্ব্ব নামে রাজা দৈত্য-অধিকারী। আছিল শর্শিষ্ঠা নামে ভাছার কুমারী 🛭 धक मिन शिना कमा भान कदिवादा। স্থিগণ লয়। সঙ্গে নিজ পরিবারে।

দেববানী নামে কম্বা **ওক্রের আ**ছিল। স্থিভাবে হুইজনে কৌতুকে চলিল। তীরের উপরে পরিধান-বন্ধ ধুরা। অলকেলি করে তারা বিবসন হয়া। ৰম্ভ ভাতি বছৰিধ বিবিধ খেলনে। জনকেলি করে ভারা যত স্থিগণে 🛭 হেনকালে মহাদেব কৈলা আগমন। পার্বভীর সহ করি বুবে আরোহণ 🛭 শিব দেখি সম্বরে উঠিল যত নারী। বার যে যে বসন পরিল তরাভবি । না জানিঞা শর্ষিষ্ঠা করিল কোন কাম। দেববানীর বস্ত্র কৈল অব্দে পরিধান ৷ তবে দেবখানী কোপে জলিল অস্তরে। ক্রোধ করি দিল গালি কম্পিত অধরে। দেখ দেখ আরে রে পাপিনী উনম্ভি। দাসী-জ্বাতি তুঞি ছার কি তোর শক্তি 🛚 কেন বেটি করিস তু এত অহঙ্কার। আমার বসনে তোর কিবা অধিকার। সহজেই ব্রাহ্মণের দাস শুদ্রজ্ঞাতি। করিবে বিপ্রের সেবা সভে দিন রাভি। ব্রান্ধণের অবশেষ করিব আচার। কুকুরের সবে যেন পিতে অধিকার। তপোবলে রাখে সৃষ্টি ত্রাহ্মণশক্তি। ব্রাহ্মণপ্রসাদে সৃষ্টি করে প্রজাপতি। षिकमूर्थ राम्प्रथ शर्मात्र क्षाठात । ইন্ত আদি বেদ যারে করে নমস্তার ! আপনে প্রণাম বারে (১) করে ভগবান। হেন বিজকুলে বেটি তোর অবজ্ঞান। ভূগুবংশ জাত আমি গুক্র হেন পিতা। শুদ্রের অধন তুঞি অন্মরচুছিতা। তৃত্রি ছার কৈলি মোর এত অপকার। করিম ইহার শান্তি রহ কথোকাল। (২) এ বোল শুনিঞা বলে শর্মিটা কুমারী। আরে ছরাচারিণী তু কেন দিলি গালি। সহত্তে ত্রান্ধণ জাতি ভিক্লা মাগি খার। কুকুর সমান গুহুছের মুখ চার 🛭 বার ভাত ধেয়া তুঞি জীগ এত কাল। ভারে यम বলিতে ভোহোর অহস্বার। মুঞি শান্তি করিলে রাখিব কার বাপে।

⁽১) পাঠান্তর—"বান্ধণচরণে ভক্তি"। (২) পাঠান্তর—"দেখহ ভংকাল" "

আঁতিকার করি ভোর দেখহ প্রভাবে। (১) এরপে দেববানীরে ভৎ'নিয়া বিশুর। বরিয়া পেলিল তারে কুপের ভিতর। শর্শিষ্ঠা চলিয়া তবে গেলা নিজপুরে। ৰণাতি মিলিল যথা হেন অবসরে। ৰুগন্না করিয়া রাজা বুলে বনে বনে। তথা উত্তরিল গিয়া অলের কারণে। বিবসনা কল্পা দেখি কুপের ভিতরে। কুপার তুলিল তারে ধরি নিজ করে। তবে দেবধানী বলে শুন নরেশ্বর। পাণি গ্রহণ কৈলে মোরে দিয়া নিজকর ॥ তোমা বিনে পতি আর নহিব আমার। এ ৰোল বুঝিয়া তুমি করছ বেভার॥ ৰিধিধ ঘটনা কেবা করিব খণ্ডন। দৈৰবোগে তোমা সনে হৈল দর্শন। এ বোল শুনিয়া রাজা ভাবিলা বিশ্বয়। নিজ পরে চলি গেলা চিত্রিত হারে॥ তবে দেৰ্যানী গেলা আপন ভবনে। কহিল সকল কথা পিতা-বিশ্বমানে । এ বোল শুনিয়া শুক্র বিশ্বিত হলর। অভরেতে ক্রোধ মুনি কৈলা অভিশন্ন। অমুরগণের আমি হই পুরোহিত। আমারেই করে এত বড অমুচিত 🛭 এ বোল বলিয়া কনা লয়া ক্রোধ মনে। তেজিয়া অসুরপুর চলিলা তখনে। ব্ৰবপৰ্বা খনে ভবে এ সৰ কাহিনী: চরণে ধরিয়া ভবে রাথে শুক্র মূনি॥ শুক্র বলে কড় আমি ক্রোধ নাহি করি। ক্সার কন আমি ছাড়িতে না পারি। ক্ষার বচন তুরি কর স্যাধানে। তবে সে বহিতে পারি ভোমার বচনে। ভবে ব্ৰবপৰ্কা বাজা কোন কৰ্ম করে। দেৰবানীর চরণ ধরিল ছই করে। দেৰবানী ৰলে বাজা কহিব ভোমারে। বাপে মোরে বিভা লঞা দিব রাজধরে। ভোৰার শর্মিটা কলা যোর দাসী হয়া। করিব আমার সেবা দাসীগণ লয়া।

(>) গাঠান্তৰ,— "প্ৰতিক্স দিব ভোকে দেখুক সৰ্বলোকে" । শব্দক,—প্ৰতিক্স কৰেঁ। ভোৱ দেখু সৰ্বলোকে"।

তবে সে বহিতে পারি কহিল নিশ্চয়। ভাবিরা চিক্তিয়া তুমি দঢ়াহ হুদর ! ভার বাক্য দৈত্যরাজ কৈলা অদীকার। তবে শুক্র বাহুডিয়া আইল আরবার। আনিল যযাতি রাজা করি শুভক্ণে। দেববানী বিভা দিল ব্যাভির স্থানে 🛚 শর্শিঞ কুমারী ভার দিল দাসী করি। छटन एक मूनि नटन दोन घ्रे ठाकि। শৰ্ষিষ্ঠাকে কভু তুমি না নিহ শবনে। আমার কন্তার তুমি করিছ পালনে ! অদীকার কৈলা রাজা মুনির বচনে। আপনার রাজ্যে তবে চলিলা তখনে। এইরপে দেবযানী আছে কভকাল। কথোদিন বই ছই অভিল কুমার॥ শর্মিষ্ঠা রাজার স্থানে কৈলা নিবেদন। ভঞ্জিব ভোমারে আমি অপত্য-কারণ ৷ তবে রাজা ব্যাতি চিত্তিল মনে মনে। শুক্তের বচন চিত্তে করে শুঙরণে 🛊 তিরিজাতি ভজিলে ছাড়িতে না জুরার ৷ শুক্রের বচনে হৈব কেমন উপায় 🛚 আদষ্ট মানিঞা ভার পালিল বচন। তিন পুত্র তার গর্ভে হৈল উৎপন্ন॥ ষ্ত্র আর তুর্বস্থ লভিল দেব্যানী। শর্বিষ্ঠার কহি এবে প্রত্রের কাহিনী (১) ক্ৰছা অন্ন পুৰু নামে ভিন পুত্ৰ হৈল। **छा पिबिया प्रत्यानी गटन दकांव देवण ।** ক্রোধ করি গেলা দেবী বাপের মন্দিরে। তার পাছে যথাতি চলিল থীরে ধীরে। বিশুর সাধিল তারে করিয়া বিনয়। চরণে ধরিল তমু নছিল সদয়। সেইমতে গেলা দেবী বাপ বিষয়ান। ক্রোবে শুক্র অলিল যেন দীপ্ত হতাশন। विक विक चारत तांका शूकर-चवन । এন্ড বড় ভিবিজিড ভূঞি হুষ্ট জন। ভোর দেছে করু গিয়া গুরা পরবেশ। ভিলোক হরুরৈ বেন দিবা রূপ বেশ। তবে বাজা ৰবাতি চিক্তিল মনে মনে। एक यनि भाभ पिन विनय बहरन । তপ্তি না হইল নোর কাব ভোগ করি। তৰ ছহিভার প্রেম ছাড়িতে না পারি।

⁽⁾ পাঠান্তৰ,—"আৰ অপূৰ্ব কাহিনী"।

আন দেহে করে যেন জরা আরোহণ। এই আজা কর মোরে হইয়া প্রা_{সর} 🛭 তবে এই বর তারে দিলা মুনিবরে। **(परवानी नद्या त्राका श्रामा निकारत ॥** জােষ্ঠ পুত্ৰ বহু ভবে ডাক দিয়া আনে। **ক্হিল সকল কথা পুত্র-বিদ্যমানে ॥** মোর জরা লয়া তুমি বহ কথোকাল। তোমার যৌবন দেহ আত্মক আমার ৷ এ বোল শুনিঞা যতু বলে কোন বাণী। কারে বলে ত্রুপ্রভোগ একুই না জানি ॥ কামভোগ না করিয়া রহিব কেমনে। না পারিৰ জরা আমি করিতে ধারণে ৷ তৰে ভাকি আনিল তুৰ্বস্ম দ্ৰুত্য অহু। ভা-সভারে কহিল সকল ধর্মভাত্ম (১)। ভারা-সৰ একে একে দিলেন উত্তর। কেন হেন ৰাণী তুনি ৰল নৱেশ্বর। স্থ্ৰৰ ভোগ না করিব বৌৰনসময়। ব্দরা লয়া থাকিব কাহার মনে লয়। আমি-সৰ না পারিব পালিতে বচন। ভবে রাজা চিভিয়া রহিলা কথোকণ ! ভাক দিয়া পুকু নামে আনিল তনয়। সভার কনিষ্ঠ সেহ বৃদ্ধি অভিশয়। তারে করে যোর বাক্য করহ পালনে। তুমি জানি কর কর্ম জ্যেতের স্মানে 🛭 জন্ম সন্ধ্যা তৃষি ৰাপ ন্নহ কণোকাল। তোমার যৌৰন লয়। করিব বিহার। এ বোল শুনিঞা তবে পুরু মহামতি। কৃষ্টিল বাপের আগে করিয়া যিনভি। পুত্ৰ হৈছে দেখি সভে এই প্ৰয়োজন। काब-बन-वांदका भारण वारभन्न बहन। চি**ভিতেই করে কর্ম সেই সে** উত্তম। ৰলিলে কয়ন্তে কর্ম পেবক মধ্যম । অসভোবে করে কর্ম অধন কেবল। ৰলিতেহ না করে কেবল মূত্র মল। এ বোল বলিয়া প্রস্কু পার্ডি ছই কর। জরা সন্ত্রা বাপের চলিল নিজ ঘর 🛊 ভবে রাজা স্থথ ভোগ কৈল চির্কাল। সপ্রবীপ শাসিল স্থাপিল অধিকার॥ শানা বন্ধ খান করি ডজিল ঐহরি। বোগের বৃশিত-গদ নিজ চিতে ধরি ॥

নানান্ধপে স্থভোগ কৈল নিরন্তরে। তমভ সম্ভোব তার লৈল কলেবরে॥ ভবে রাজা দেখিরা আপন হুরাচার। আপনার চিন্তে কৈল আপনে ধিকার॥ দেবধানী ডাক দিয়া আনে সমিধানে। ছলে কিছু কহিল ভাহার বিদ্যমানে । শুন দেবযানী এক অপক্লপ কথা। কহিব তোমার আগে না পাইছ বাধা ৷ এক মহাছাগল বেড়ায় বলে বলে। এক ছাগী সহ হৈল কুপে দরশনে। ছাগী উদ্বারিতে ছাগ নানা যুক্তি করে। অনেক যতন করি তুলিল উপরে। ছাগ দেখি ছাগলীর হৈল অভিলাব। ভার সহ চিরকাল কৈল গ্রহবাস॥ আর যত ছারীগণ লয়। ছাগরাজ। নিরম্বর ক্রীড়া করে ছাগলী সমাঝ। দৈৰখোগে এক ছাগী আছিল প্ৰাধানা। কামভাবে তবলী (>) হইল তলমানা॥ ভার সনে ছাগরাজ কৈল রতিভোগ। বড চাগী তা-দেখিয়া কৈল মহাকোপ । ছুষ্ট ছেন নিজ পতি দেৰিয়া তথনে। ত্ৰঃথ পেয়া ছাগে ছাড়ি গেলা নিজ স্থানে। লম্বদাড়ি স্থল বলবান বৃদ্ধ ছাগ। ছাড়িতে না পারে সেই ছাগী-অমুরাগ। बक्बक् बद्दद्व भवन कदिया। পাছে পাছে যায় তার চরণে গোড়ায়া। তমু কুপা না করিল ছাগী দোচারিণী। চরণে ঠেলিয়া পতি পেলিল পাপিনী॥ পুৰুবে আছিল ছান্ম এক বিৰুষরে। ক্তিল সকল কথা ভাষার গোচরে ৷ ছাগীর বচন শুনি বিজ ক্রোধ কৈল। কাটিয়া ছাগের অও বল হরি নিল। ভবে ছাগ ব্ৰান্ধণে শান্তিল পান্নে ধরি। উপায় করিয়া বিপ্র বল রক্ষা করি। ভবে সেই ছাগী লয়া আইল আববার॥ ভার সনে স্থথ ভোগ করে চিরকাল (২)। তম্ব তার স্থধভোগে নহিল সম্ভোব। সেইত্রপ হুষ্ট জন আমি মতিনাশ।

⁽১) পাঠান্তর—"বর্তমূ"।

⁽১) ছাগী। (২) পাঠান্তহ,— "চিহুখাল ভার সঙ্গে কবিল বিহার।"

আপনা না জানি আমি হয়া বিমোহিত। ভোষার পীরিভিবশে সহজে ৰঞ্চিত 🛭 পুৰিবীর ধনধান্ত কনক রভন। পুৰিবীৰ যত নারী কুঞ্জর বাহন ৷ সকল একতা করি করি উপভোগ। **छम् नाहि (पश्चि किर्**ख मरकाय मश्रवात्र ॥ কাৰভোগ অভিলাষ না যার খণ্ডন। ষ্মত দিলে আর যেন বাঢ়ে হুতাশন। यांबर গোবিন্দপদে नाहि हरत द्रि । ষাবৎ সকল জীবে না হর পীরিভি। ভাৰৎ জীবের কন্তু নহে প্রভিকার ৷ আমি সতে মায়ায় ৰঞ্চিত এতকাল 🛭 দত্ত কেশ গলে অব গলয়ে সকল। वृषि वन हैटि जाना वाद्य निवस्त ॥ জননী ভগিনী ক্সা রহি তার সঙ্গ। পণ্ডিতেহ তার সবে হয় মতিভক 🛚 এত শ্বৰ ভোগ করি এতেক ৰৎসর। তমু মোর অভিনাব বাচে নিরস্তর ! ছাড়িব সকল ত্বধ ভোগ অভিলাব। **ख्यम् शाविय-अप टे**हव हित्रमान्। ভেজিমু সকল দেহ-গেহ-অহকার। ৰনে পিয়া মুগ সছে করিব বিহার # দেবযানী প্রবোধিল এত পরকারে। পুরু পুত্রে রাজা বৈল নিজ অধিকারে। ক্রহা নামে পুত্রে রাজ। কৈল পুর্বাদিলে। ৰছপুত্ৰে স্থাপিল দক্ষিণ ভূমিভাগে। ভূৰ্বস্থেকে দিল রাজ্য পশ্চিম সকল। অন্তু পুত্রে দিল আর যতেক উত্তর। চারি পুত্রে স্থাপিল পুরুর বণ করি। চলিল যবাতি রাজা রাজ্য পরিহরি। পুৰুকে বৌবন দিল নিজ জন্ম লই। চলিল যযাতি বাজা অবধৃত হই। ভক্তিভাবে হরিপদ করিয়া চিম্বন। **6 निन देक्टर्श्र दाव्या द्वारिन दक्षन ॥** দেৰবানী শুনিঞা এতেক ছলবাণী। ব্ৰবিল সকল কথা চিত্তে অনুমানি। স্থপন সমান যেন দেখিল সংসার। ভিলেকে ছাড়িল সব দেহ-অহবার। कृत्यः यन निरम्राजिष्ठा ছाড़िन कौरन। ত্রকারে প্রবেশিল ছটিল বন্ধন। ভবে রাজা পুরুষ্ণে কহিব বিভার। সেই পুরুষ্পে বাপু জনন তোনার।

যে ৰংশে ভরত রাজা হৈল উপাদান ৷ ৰার যাতা মহাসতী শকুৱলা নাম 🛊 হ্মন্ত যাহার পিতা জগতে বিদিত। ভরত বুপতি-সিংহ ভুবনে পুঞ্জি 🛭 বিষ্ণু-অংশে অবভার শুদ্ধ সন্থ্যম। विकास कमन्त्री नाका व्यनवस्त्रम ॥ পর্বত স্মান স্থির সাগর-গভীর। ত্র্যা সম প্রতাপ প্রসন্ন যেন নীর। ভরত রাজার ষশ গান্ত ভিত্তবলে। यात्र वरतम बेखिएन देशम छेनामारन ॥ विश्वापन-ठविख कहिर भूगाक्या। রন্তিদেব-সম নাহি ত্রিভূবনে দাতা। সপ্তৰীপ ক্ষিতিতলে যার অধিকার। তবু যায় অৰ্শেবে না বহে আহার॥ ৰত যত ধন দ্ৰব্য হয়ে উপসন। কিছু ভার অবশেবে না করে রক্ষণ # षष्ठे पिन व्यक्षिक हाँ हान पिन श्री । সবংশে রহিল রাজা উপবাস করি ঃ দিতে দিওত অৰশেব না রহে ভাহার। এই সে কারণে কিছু না করে আহার। পারণাদিবসে তার মেলি বছুগণে। ত্বত হুগ্ধ পরমান আনিল যুত্তনে 🛭 ভোজন করিতে রাজা হইল উপসন্ন। হেনকালে আইলা এক ক্ষুষিত আত্মণ 🛚 আদরে পূজিয়া বিজে ভোজন করাই। পারণা করিব তবে বন্ধুগণ লই 🛚 হেনকালে আইল এক হুৰ্গত বুৰলে। या तर या तर छेकदा वता বড় হঃখ পাইল তার কাতর ৰচনে। অবশেব অন্ন দিয়া করাল্যা ভোগনে 🛭 ভোজন করিয়া শুদ্র বায় কথোদুর। **जिया विमा अक हुआम निर्देश** অতিশন কুথান শরীর মোর দছে। ছঃখিত বু কুরগণ আছে যোর সহে॥ তোমার সাক্ষাতে আমি হৈলু উপস্তে। গণসহে মোরে অর দেহ এইক্ষণে । ছ: থৰাণী শুনি রাজা বড় ছ:খ পাইল। বত কিছু আছিল সকল তারে দিল। একজন পিয়ে হেন অবশেষ জল) সভে এই রহি গেল রাজার পোচর। হেনকালে আইল এক ছঃৰিত চাৰার। करह जन निवा बाब जीवन जानात ।

করুণ ৰচনে পাই ছঃখ অতিশয়। সেই জল দিয়া ভারে প্রাসর হৃদয়। ভবে রাঞা নিবেদিল ক্লফের চরণে। সকল সম্পদে যোর নাহি প্রয়োজনে। আইসিছি অইনিধি নত্তক আমার। মোক্পদ নাহি মাগি চরণে তোমার ! नकन कीरवत्र इः (व मृक्षि इव इः वी। ভোষার কুপার সর্বলোক হৌক পুথী। এই বর মার্গো সভে তোমার চরণে। गर्यामा प्रश्नी होन वह कनपात ह এ বোল বলিয়া রাজা রহিল থেয়ানে। रेख चापि (प्रवंशन पिना प्रतंभटन । ইক্স ৰলে আমি সৰ নানা মায়া করি। তোমা পরীক্ষিপু রাজা নানা মুর্ভি ধরি। তবে রাজা দেবগণে কৈলা নমনার। করবোড করিয়া মাগিল পরিহার । ক্লফ আলম্বন চিত্তে কৈলা দ্বদতে। হেন রভিদেব রাজা আছিল জগতে। সেই পুরুবংশে জ্রপদের উতপতি। দ্ৰৌপদী ৰাহার কল্প। নাবে মহাসভী । প্রইগ্রেম আদি যার পুত্র বলবান। ছেন রাজা জ্রপদ বাহাতে উপাদান। কুপার্চার্য্য হৈল বাহে মহাধক্ষর। হেন পুরুবংশ বাপু মহিম-সাগর ॥ **क्हे दश्य भिश्वभाग देहन छेरशह । এই रংশে** खत्रांगद त्रांचात्र खनम । बरे दरम खनमिन भाषपू नुशकि। একচক্রে শাসিল সকল বন্দ্রমন্তী। গদাদেবী বার পদ্মী পভিতপাবনী। ভীম হেন পুত্র বার নরলোকমণি। ষার পদ্মী সভাৰতী দাসের ছহিতা। किलाक्य विकित्ववीदर्शत क्या वर्श । সেই সভাৰতীগৰ্ভে জনমিল ব্যাস। ৰাহা হৈতে জগতে সকল প্ৰকাশ ৷ চিত্ৰালদ পত্ৰ গত হৈলা (১) কথোকালে।

বিচিত্ৰবীৰ্ষ্যের কথা কহিব ভোষারে। বিচিত্রবীর্য্যের ছই আছিল বনিতা। বহা বহালিকা কাশীরাজার ছহিতা। তা-সভার সঙ্গে রাজা রহে সর্বক্ষণ। * যদ্মা কাস হয়া ভিঁহে। মৈল তে-কারণ । সভ্যৰতী কারণে ব্যাসের আগমন। ব্যাসদেব ভিন পুত্ৰ কৈল উৎপন্ন। ধুতরাষ্ট্র পাঞ্চু আর বিছুর স্থাীর। ভিন পুত্র কিভিভলে হৈল মহাবীর। পুতরাট্ট শত পুত্র হৈল মহাবল। গাদ্ধারী-উদরে এক শত ধহর্ষর। জ্যেষ্ঠ পূত্র কুর্য্যোধন বিদিত সংসারে। জনমিঞা ছুষ্ট কর্ম কৈল ছুরাচারে॥ মুগন্না করিতে পাণ্ডু ঋষিতে শাপিল। তে কারণে নারী-সভাষণে সে বক্তিল। ধর্ম হৈতে জনমিল বাজা বৃধিষ্ঠির। বায় হৈতে জনমিল ভীম মহাবীর ॥ ইন্দ্র হৈতে অর্জ্জন বীরের উপাদান। তিন পুত্ৰ কুন্তীগৰ্ভে হৈল বলবান। সহদেব নকুল মাদ্রীর গর্ভে হৈল। অশ্বিনীকুমার আসি তার জন্ম দিল। অর্জ্জনের পূত্র হৈল হুভদ্রা-উদরে। অভিমন্ত্র্য তার নাম বিদিত সংসারে ॥ তার পুত্র তুমি বাপু পুত্রব-রতন। উন্তরার গর্ভে তুমি সভিলে জনম । वयथामा अच-वंद रुगिन छेरदा। চক্তে অন্ত কাটিয়া রাখিল গদাধরে। জন্মজয়-আদি করি তনম তোষার। সর্পযক্ষ করি সর্প করিল সংহার । পুৰুৰংশ সমুদ্ৰ করিয়া আদি অস্ত। কৃষ্টিল সংখেপে কিছু শক্তি পৰ্যায়। ভাগবভ-আচার্ব্যের মধুরস-বাৰী। काब-अक श्रष्टाश्य शीद-भित्तामनि (>) ।

⁽ ১) পাঠান্তর,—"রাকা হঞা মৈল"; অন্তান,—"ভার মৈল"।

⁽ ১) পঠিছের—^{*}কুক-ক্থা-সর্কিত প্রেম-ভর্নিনী।^{*}

हर्ष जगाग्र ।

এবে রাজা শুন কিছু বে কহিয়ে আর। অসুবংশে অস্ব কল কলিক বিন্তার ! ক্রন্তাবংশে জনমিল শ্লেচ্ছ অধিপতি। পাপিগণ ভারা সব উত্তরে বসভি 🛭 তুর্বস্থর বংশ ক্ষীণ হৈল কথোকালে। পুরুবংশে মিলিয়া রহিল নিরস্তরে। এখনে কহিব বছৰংশের বিভার। পূর্ণ ব্রহ্ম কৃষ্ণ যাথে কৈলা অবভার । ষছ্বংশ-চরিত্র পবিত্র পুণ্যগাণা। बहुबर्द्ध कहिव क्वित्र इक्षक्षी। শুনিলে হ্রিভ হয়ে হঃখ বিমোচন। বহুবংশ-গুণ-গাণা পরম পাবন । বছর জন্মিল পঞ্চ পুত্র মতিমান। ভাহাতে প্ৰধান পুত্ৰ শতঞ্জিৎ নাম। ভার চারি পুত্র জ্যেষ্ঠ হৈহয় কুমার। তার পুত্র নেত্র কুন্তি তনম তাহার। তার পুত্র সোহাঞ্চি আছিল মহাবীর। ভদ্রবেন তার পুত্র জ্ঞানে মহাধীর॥ তুর্মদ কুমার ভার ধনক ভনন্ন। ভার পুত্র কুতবীর্ব্য রাজা মহাশয়॥ অর্জুন কুমার তার সপ্তবীপেশ্বর। কাৰ্দ্তবীৰ্যা অৰ্জুন ৰূপতি মহাবল।। কাৰ্ত্তবীৰ্ব্য-সম রাজা নহিব না ছিল। যাহার নির্মল যশে জগৎ পুরিল। পঁচাশী সহস্র ধরি বৎসর প্রমাণ। রাজ্যভোগ কৈল রাজা মহা বলবান্। তার এক সহস্র তনম্ব জনমিল। পঞ্চ পুত্র সভে ভার যুদ্ধে উভরিল। পরভরামের যুদ্ধে মৈল প্রবেগণ। পঞ্চ পুত্র জীল ভার বংশের কারণ 🛭 তার জ্যেষ্ঠ পুত্র জয়ধ্ব 🔻 মহাবল । তার পুত্র ভালজন মহাধন্নর । ৰধু নামে এক পুত্ৰ আছিল ভাহার। অন্যিল একশত মধুর কুমার 🛭 यधू नाट्य यादव यादव यद्य नाट्य। वृष्णि नात्म जानि वृक्षिनश्रमंत्र कांत्रर्भ । मनिक् द्राका टेब्ज वरत्मद्र ध्रीशम । **ৰহিল নহিব শ্বাঞ্চা ভাহার সমান** । मनविष् ठकवर्जी मध्बीरभवत। **धक हत्क किञ्चित्र भौतिन वक्त ।**

ì

দশ সহল পদ্মী আছিল ভাহার। অন্থিল দশ সহস্র লক্ষ্ কুমার ৷ ছয় পুত্ৰ প্ৰধান ভাহাতে জনমিল। তা সভার পুত্র পোত্তে পৃথিবী পুরিল এই বংশে বিদর্ভ রাজার উতপতি। ৰার কন্তা ক্ষিণী কমলা গুণবতী। এই বংশে সত্ৰাত্মিৎ প্ৰসেন জনম। এই বংশে যুবুধান হৈল উৎপন্ন। সাত্যকি উদ্ধৰ এই বংশে জনমিল ক্বতবর্মা অকুর বাহাতে উপস্থিন। বছৰংশে জনমিল অন্ধক সুপতি। আছক তনম্ব তার হৈল মহামতি। আহকের ছুই পুত্র বিদিত সংসারে। উগ্রসেন কনিষ্ঠ দেবক জ্যেষ্ঠ আরে॥ দেবকের চারিপুত্র সপ্ত কন্সা হৈল। সভার কনিষ্ঠা ভার দেবকী আছিল। ৰস্থদেৰ কৈলা সাত কক্সা পরিশন। উগ্ৰসেনধৱে নৰ জন্মিল তনৰ। জ্যেষ্ঠ পুত্ৰ কংস তাথে জগতে বিদিত ষার ভরে স্থরাস্থর ধরণী কম্পিত 🛭 **এই বছবংশে বস্থদেবের জনম।** বার খরে অবভার কৈলা নারায়ণ 🛭 वात समाकान देशन धुनुष-वाधन। স্মরগণ কৈল বাহে পূস্প-বরিবণ । गर्ध भूख क्रमिन देवक-छेन्द्र । কীষ্টিমন্ত আদি করি বিদিত সংসারে। ষষ্টমে আপনে হরি কৈলা অবভার। ক্ষিতিতলে কৈলা ছষ্ট দৈত্যের সংহার। অধর্ম থণ্ডাহ ধর্ম করিল স্থাপন। ছুই বিনাশিরা শিষ্ট করিল পালন । অক হয়া জনখিলা এই সে কারণে। क्छा नरह कर्य देकला अकात बहरन ॥ লোকপরিত্রাণ হেতু ধুইলা যশভার। বার কর্ম্মে রহিল দেবের চমৎকার। यात्र भूगा-यम-करण कतिया मक्कन। কৰ্ণপথে করে জীব ভব বিযোচন ॥ পোপকুলে বৃন্ধাবনে করি বালকেলি। মধুপুরে মলমুদ্ধ কৈলা বনমালী। বিবিধ বিনোদ করি বারকা ভূবনে। পুথিবীর গুঞ্ভার হরিলা আপনে।

ভূকতকে যতুকুল করিয়া বিনাপ। ভঞ্জিবোগ উদ্ধবে করিয়া পরকাশ। বৈকুঠ বিজয় তবে কৈলা গলাধর। হেন যত্বংশ রাজা মহিমা-সাগর ॥ ব্রীল গদাধর ভান, ধীরশিরোমণি। ভাগবভ-আচার্য্যের প্রেমভর্মিণী।

ইতি শ্রীভাগৰতে মহাপুরাণে নৰম স্বঞ্জে চতুর্থোহ্ধ্যার: ॥ ৪ ॥ ইতি নবম স্বন্ধ: সমাধ্য: ॥

内শ习 零零

প্রীমম্ভাগবতক্ত পূর্ণদশমম্বর্গপ্রকং মৃদা, কুর্ব্বে সর্বাহনক্ত চিন্ত-পর্মপ্রেমপ্রান্তর । নম্বা নীরকিশোরমৃত্তিমমিডজ্যোতিজাপাদলং, ব্যাসং ব্যাসমূতক গুরুমালকে পরানন্দদম্।

> সচকান্তরুপাবুজলোচনে জনমপ্রতিমন্তড়িদমরঃ। মুরলীতরলীকুতগোপিকা-ভূতসম্বলিতে মম মানসে ॥

প্রমন্তাগৰতাচার্ব্যঃ প্রেমভক্তিবিবৃদ্ধরে। প্রমতে প্রমানন্দং শ্রীগোবিন্দকথামূতন্।

নবো নমে। গুরুর চরপে নম্ভার ।
বাহার কুপারে খণ্ডে তব অন্ধলার ।
ধনো নমো গণপাত বিছ বিনাশন ।
নম বেদবাাস সত্যবতীর বন্দন ।
মনো ব্যাসমূত শুক মহাবোগেশর ।
মূনীক্র-বন্দিতপদ লীলা-কলেবর ॥
শুক্রম্বনি-চরণে মোহোর পরণাম ।
বাহার কুপারে ভাগবত উপাদান ॥
দেব-বিজ চরণে করিরা পরণতি ।
কুক্রপ গাঁচালি রচিব যথামতি ॥
লমো নমো নারারণ-চরণে প্রশাম ।
বাহাধ-প্রাণ হরি অনাদিনিধান । ()

(১) খন্ত পূ^{*}খিব পাঠ,— ^{•*}খব্যর প্রমানক নিডা সমাডন^{*} সীলা-অবতার করে ভক্ত-ভারণ ।
চরণ-পাকলে তাঁর করিরা প্রশাস ।
কথাজলে তাগবত করিব ব্যাখান ।
জর জর নদাস্ত ব্রজকুলপতি ।
জর জর বহুনাথ ব্রিভুবনগতি ।
জর জর অগতনিবাস ক্রবীকেশ ।
জর জর অভাকুল-নলিনী-বিনেশ ।
জর জর বহুনাথ অবতার-নবসন্ধ ।
জর জর ক্রবা-লালিত-পাদপথ ।
জর জর ম্নীক্র-মানস-স্থানক ।
জর জর প্রশিবি এর ব্রাবর ।
জর জর প্রশিবি এর ব্রাবর ।
জর জর অর ত্তক্ৎসল রসরর ।
জর জর বহুন্ন-ক্রল-ভারর ।
জর জর বহুন্ন-ক্রল-ভারর ।
জর জর ব্রজকুশ-ক্রল-ভারর ।

জর জর মহাভয়-চুরিত-ভঞ্জন। জন্ম জন্ন পরচত পবিত্ত-খণ্ডন ৷ জয় জয় অন্তর-খণ্ডন মহামতি। জন্ম ব্ৰজবধু-মুখ-সনোক্ষহ ত্যুতি (১) ৷ ভয় ভয় যোগেত্র-মানস-পরহংস। জন্ম ভক্তে-ভবপথ-পরিশ্রম-ধ্বংস ! ব্যা ক্রম ক্রগতম্বল গুণধাম। শ্রুতিবাণী-অগোচর গুণগণশম জয় জয় জগৎনিবাস লক্ষ্মীকান্ত। जब जब निक जनवर्गन गरांख । জন্ম জন্ম মহামৎস্য আদি অবতার। **ध्वत्र कृर्यक्रण कीत्र-**खन्धि विहात ॥ জয় যজ্ঞ অবতার বরাহ-মুরতি। জয় দিব্য নরসিংহ অনন্তখকতি ॥ ব্দম দিব্যপরাক্রম অভুত বামন। জয় তুগুপতি ক্তিকুল-বিনাশন। জন্ম জন্ম রঘুপতি রাম অবতার। ভাষ হলধর রাম বিপক-বিদার II জয় বৃদ্ধ অবতার অম্বর-মোহন। জন্ম কন্তিব্ৰপ স্লেচ্ছকুগ-বিনাশন 🛭 জয় পূৰ্ণব্ৰহ্ম কৃষ্ণ বিচিত্ৰ বিহার। ভাষ ভাগমাথ নীলাচল-অবভার॥ অন্ন আনু প্রীগোরাক চৈতন্ত্রমূরতি। প্রেম-ছক্তিদাতা প্রভু ভকতের গতি। ভবে কহি শুন লোক ক্লফের চরিতা। অশেষ ছবিত হরে পরম পবিত্র। পরীক্তি মহারাজা ভকত প্রধান। শুকের সাক্ষাতে জিজ্ঞাসিল মতিমান। ठळ्ळाचा च्या विकास किएक मकल । ছুই বংশে জনমিল বত নরেশ্বর। তা-সভার অদভূত কহিলে চরিত্র। ৰিলেবে বহুর যুশ কহিলে পবিত্র। সেই বছবংশে হরি কৈলা অবভার। कि किक्राल देवना कर्प चानसविदात । ব্দগতের আত্মা প্রভু এক ভগবান্। যাহা হৈতে হয় সৰ ভুত (২) উপাধান।

(১) পাঠাভব,—
"জর জর অস্থরকুলর মহাসিবে।
জর জর অস্থরকুলর মহাসিবে।
(২) পাঠাভব,—"বিখ"; সভক,—
"সর্বাধীব।

ছেন প্রভু কি কারণে ধরে নরবেশ। তাঁর ৩৭ কর্ম তুমি কহিবে বিশেষ ॥ (>) कुक्षकथा गम पूर्व नाहि मुक्तिशाम । তে-কারণে মুক্তগণে গায় উচ্চনাদে । মুক্তিপদ পাইতে বার বিশেব বতন। তারা-সুব কুফগুণ গাম অফুকণ । পরম ঔবধ এই ভব-নিবারণে। গতত কীৰ্ত্তন করে ভৰতীত জনে। হ বিনাশ-গুণ-কথা শ্রুতিমনোহর। विवय-जम्भें क्रांत स्टान निवस्त । ক্লফ-কথা শ্রবণে যাহার নাহি মতি। কেবল না তনে অচেতন আত্মণাতী। যধিষ্ঠির আদি মোর পিতামহগণ। कुक्षभम्बून-लोक। कति व्याताह्य । করুগৈন্ত-গভীর-সাগর ভয়ম্বর। ভীম দ্রোণ আদি মহামৎত বোরতর। বৎসপদ করিয়া তরিলা তাঁরা হেলে। হেনক্লপে কৈল প্রভু বংশের উদ্ধারে। বংশরকা হেতু মোর এই কলেবর। অবথামা ব্ৰহ্মঅন্ত্ৰে পুড়িল সকল ! শরণ লইন মাভা প্রভুর চরণে। চক্রে অন্ন কাটি প্রভু রাধিল আপনে। কালকুপে সেই প্রভু করয়ে গংহার I অন্তর্বামী রূপে করে ভকত উদ্ধার। মাগ্রারে মামুবরূপে করে অবতার i তাঁর ঋণ কথা কছ করিয়া বিস্তার। হেন জানি রোহিণীর পুত্র বলরাই। किक्राल देववकी-गाउँ देश छेलापान । এক দেহ ছুই গর্ভে কেমতে প্রবেশ। কহিবে এ সৰ তুমি কোতৃক বিশেষ। किन वा क्यामा क्या देवन की-**छेनदा**। কেমন কারণে পিয়া রহিলা গোকুলে। कि कि कर्ष देवना क्रम शाक्रन त्रिशा। कान कर्य देकना छत्त मधुनुद्र नित्रो । সান্ধাতে মাতৃল বধ কৈলা কি কারণে। প্রভুর নিশিত কর্ম কোন প্রয়োজনে (২) । নৱলীলা প্ৰকৃতিলা কভেক বংগৰ। बहुकूटन कि कि कर्च टेकन यहुबत ।

⁽১) পাঠান্তৰ,— "বিভাৱ কৰিবা সৰ কহিবে বিলেব"। (২) পাঠান্তৰ,—

[&]quot;अपूर्व शिराम करा कान क्षेत्रांचान।"

কত রাজকম্মা হৈল প্রভুর রমণী। আর যত যত কর্ম কৈলা চক্রপাণি। এ সব কহিবে গুরু করিয়া বিস্তার। মহাযোগেশ্বর মোর কর প্রতিকার । সাত দিন আমি নাহি পরশিমে জল। তহত কুধায় যোর নাহি করে বল 🛙 (১) ভোমার বদন-সরোক্ষহ-বিগলিত। পান করো হরিকথা বচন-অমৃত 🛚 এই কথা কহে স্থত নৈমিষ অরণ্যে। भानकाषि मूनिशर्ग **एत एक गरन**। স্থত বলে শুনহ শৌনক মূনিগণ। শুক যোগেশ্বর শুনি রাজার বচন ! সাধু সাধু বলি তারে করিয়া বাখানে। কহিতে আরম্ভ কৈলা ভকত প্রধানে॥ ভাল ভাল নিশ্চয় করিলে নরপতি। গোবিন্দ-কথায়ে তুমি কৈলে দুচুমতি। ব্ৰুষ্ণকথা প্ৰশ্নকল কহিব ভোমারে। জিজাসা করিলে মাত্র সর্ব্বপাপ হরে। বেবা পুছে যেবা কছে বে করে প্রবণ। বিশেষে পবিত্র হয়ে এই ভিন জন। ত্রিভূবন তরে কেন্ত (২) তার পদজলে। 🗫 কথা পুছিলেই সর্ব্যপাপ হরে। কংস জ্বরাসন্ধ আদি সুপত্মপ ধরি। দৈত্যগণে ব্যাপিল সকল মৰ্দ্ব্যপুত্ৰী ॥ তা-সভার ভরে অতি করিয়া ক্রন্দন 🛭 পুৰিবী দইল গিয়া ব্ৰহ্মার শরণ 🛭 যাবৎ পাতালে মোর নাহি হয় গতি। ভাবৎ রাখিতে যোরে করিবে শক্তি। অস্থরের ভূরিভার সহনে না যার। এ সৰ গোচর দেব কৈলুঁ তুৱা পার। পৃথিৰীর ৰচন শুনিঞা প্রজাপতি। ইস্র আদি দেবগণ করিয়া সংহতি 🛭 চলিলা চতুরানন সলে মহেশব। কীর-জলনিধি যথা প্রভু গদাধর। বেদমন্ত্রে শুভি কৈল বত দেব: ণে। সমাধি করিয়া ব্রহ্মা রহিলা ধেয়ানে 🛭 শুনিলা ঈশ্বরবাণী আকাশমগুলে। সমাধি ভালিয়া ব্রহ্মা বলে উচ্চস্বরে । . अन अन त्वनशन विश्वद्वत्र नानी। আপনে কহিলা কৰা প্ৰভু চক্ৰপাণি 🛭

(১) ় পাঠাডদ,— , "তৰ্ত কুৰার আমি না হৰ বিকল"। (২) জানিও।

পৃথিবীর হুংখ প্রভু জানেন আপনে। পুরুবেই কৈল। প্রভু তার সমাধানে । তুমি সব জন্ম গিয়া লভ বতুৰংশে। সভাই জনম গিয়া নিজ নিজ অংশে 🛭 ৰম্বদেবধরে হরি দৈবকী-উদরে। অবভার করিব আপনে व्हिভিতলে। দিৰ্য মৃষ্টি যত আছে দেৰতা স্থল্মী। জনম লভক গিয়া নরক্রপ ধরি ॥ অনস্ত ধরণীধর সহস্রবদন। প্রথমে আসিয়া ভিঁহো সভিব জনম 🛚 विकृभात्रा जगवजी जग९ त्याहिनी। আপনেহি আজ্ঞা তারে দিলা চক্রপাণি ॥ কার্য্য সাধিবারে উিছো জন্মিব আপনে। এ বোল বঝিয়া দেব চল নিজ স্থানে। পুথিৰী পাঠায়া দিল করিয়া আখাস। তৰে ব্ৰহ্মা চলিলা আপন নিজবাস॥ শুরসেন নামে রাজা পুরুবে আছিল। সে রাজা মধুরা নামে পুরী নিরমিল 🛭 রাজ্যভোগ কৈল রাজা মধুপুরে বসি । রাজধানী নাম ভার সেই হৈতে ছবি। যে মধুরাপুরে রুফ্ট নিত্য সন্নিধান। তাহাতে আহিল এক বণ্ণদেব নাম॥ উগ্রসেন নামে এক আছিল রুপতি। তার ভাই আছিল দেবক মহামতি। দেবক দৈবকী নাম কল্লার বিবাহে। (>) ডাক দিয়া বম্বদেব আনিল উৎসাহে **।** বস্থদেৰে আনিয়া পুঞ্জিল মতিমান। বিধি অনুসারে তারে কৈলা কক্সা-দান ৷ বছবিধ ধন দিল যৌতক নিমিত্তে। কন্তাৰর তুলি তবে দিল দিব্য রখে। চারিশত মন্ত গজ কাঞ্চনে ভূষিত। সাজিয়া রুপের পাছে কৈল নিয়োজিত 🛭 আঠার শত রথ দিল কাঞ্চনে নির্মাণ । শঞ্হণত-দশ ঘোড়া দিল আগুরান 🛭 ছুই শত দাসী দিল ভূষণে ভূষিয়া। क्छा गमर्थि। देवन विनन्न कतिहा ॥ শব্দ তুর্ব্য ছুন্দুভি মুদদ কোলাহল ! দেববান্ত নরবান্ত বাব্দে সুমঙ্গল !

(১) পাঠান্তর,— "দেবকের এক কভা দেবকী স্থলরী। বস্তুদেবে বিভা বিশ বহুবিধ করি।" উগ্রসেন-স্থৃত যুবরাজ কংস নামে। রবের সার্থি হৈয়া চলিল আপনে 🛭 ধরিল ঘোড়ার বাগ ভগিনী সদয়ে। অস্তরীক বাণী হৈল হেনঞি সময়ে॥ ৰাহারে বহিস অরে অবোধ রাজন। ক্রিহারি **অষ্ট্রর গর্ভে তোমার** মরণ । [না জানিয়া কুমতি বহিস হেন জনা। বুঝিয়া কর্হ কার্য্য যে হয় মন্ত্রণা ।] এ বোল শুনিয়া কংস কুলের অন্বার। খলমতি মহাপাপী ক্রুর তুরাচার। তীক্ত্ব খড়া হাতে ধরি উঠিল সম্বরে। লাফ দিয়া ধরে গিয়া ভগিনীর চুলে। তবে ৰম্মদেৰ দেখি কংসের বেভার। নিল 📾 পাপিষ্ঠ পাপমতি ছরাচার ॥ (১) প্রহসিত মুখপদ্ম অস্তরে তু:খিত। বস্ত্ৰদেব ৰঙ্গে ভবে সমন্ন-উচিত 🛭 তোমা হৈতে যশের বিন্তার ভোজবংশে। ৰীরগণে নিরবধি তোমারে প্রশংসে। তুমি কংগ মহাৰীর জগতে বিখ্যাত। তুমি কেন হেন কর্ম করিবে সাক্ষাৎ। (২) নারীবধ হয়ে তাহে ভগিনী তোমারে। বিবাহ উৎসাহ ভাহে নহে ধর্মাচারে॥ যদি বোল আপনার মরণ খণ্ডাই। কোন মতে কারো বোলে মৃত্যু না এড়াই॥ শরীরের সহ মৃত্যু জনমে সভার ৷ আজি কিংৰা মরি শত বৎসরেক পর ॥ (৩) অবশ্র মরণ হব কভো নহে আন। এ বোল (8) বুঝিয়া ক্রোধ ছাড় মতিমান্। এ দেহ ছাড়িলে আর না হব শরীর। ছেন বা বলিবে যদি শুন মহাবীর। चात्र (पर्व वाका कीव शूर्वात्मर हाएए। चमुष्टे चशीन कीव चमुखे गकरत । এক পদ আরোপিয়া আর পদ তুলি। জোক যেন তৃণ ছাড়ে আর তৃণ ধরি।

(১) পাঠান্তব,— "ক্সদরে চিন্তরে কিছু করে পরিহার"

- (২) পাঠান্তব,— "পশ্তিত হইরা তুমি কর বিপরীত"। (৩) পাঠান্তব,—
- (৩) পাঠান্তর,— "এখনে সক্লক বা থাকুক চিরকাল"। (a) পাঠান্তব,—"ক্লবে"।

আগিতে রাজাদি রূপ হয় দরশনে। ইন্ত্রপদ সুখভোগ শুনয়ে প্রবর্ণে। শবন করুরে সেই করিয়া ধেয়ান। স্বপনেই সেই রূপ হয় বিশ্বমান । আপনেঞি হয় ইস্ত আপনেঞি রাজা। আপনার পূর্বাদেহ পাসরত্বে প্রজা 🖁 বে দেহ চিস্কিয়া মন করমে আশ্রয়। त्नहे (क्ट् बीर्वित बन्य शिशा हम् ॥ উত্তম অধম দেহ অনুষ্ঠ প্ৰধান I অদৃষ্ট কররে তাহা কভু নহে আন 🛭 এক চন্দ্ৰ একি তুৰ্ব্য প্ৰকাশ-স্বন্ধপ। অলভেদে সেই যেন দেখি নানাক্সপ । ৰাহ্বেগে ভারা ষেন চলন কম্পন। বিচারিলে দেখি যেন সে সব ভরম। এইরপ নিত্য জীব অজর অময়। ঈশবের অংশ জীব ঈশবকিছর। মায়ার চরিত দেহে করি অম্বরাগ। দেহধর্মে অপনা পাসরে মহাভাগ **।** যে পুন পণ্ডিত হয় করিব বিচার। বুঝিয়া না করে কভো পর-অপকার। পরহিংসা করে বেবা কুশল-কারণে। সেই হিংসকের ভন্ন হয় আন হনে 🛭 এ তোমার ভগিনী কনিষ্ঠ অচেতনা। ইহাকে না মার তুমি শিশু বৃদ্ধিহীনা। সাম ভেদে ৰম্মদেৰ কৈল এত অতি। তহুত সদয় নৈল কংস পাপমতি। তবে বস্থদেব ভার বুঝিয়া হৃদয়। মনে মনে যুগতি চিক্তরে মহাশম। অন্তভ খণ্ডিতে করি কালের হরণ। উপান্ন দেখিয়ে গবে এই সে কারণ। (>) যথনে আসিরা মুক্তা হয় উপসর। বৃদ্ধিৰলৈ নিবারিৰ করিয়া যতন ৷ তমু যদি মৃত্যুপথ খণ্ডিতে না পারি। তবে আর আপনার দোব নাহি ধরি। বত পুত্ৰ দৈৰকীর হয় উতপন্ন। স্কল করিব লঞা কংসে সমর্পণ 🛭 এ ৰোল বলিয়া করি দৈবকীর রক্ষা। সম্প্রতি এখনে হয় মরপের মোকা 🛚 (২) পুত্ৰ জনমিৰ বাঁদ ইহার ভিতরে। যদি মৃত্যু কংস কোন মতে নট করে ৷

- () পাঠান্তব,—"এখন"।
- (२) भागांचय-"वर व्यक्तीमा।"

পুত্ৰ জনমিয়া বা কংসের প্রাণ হয়ে। ৰিধাভার গতি কেবা বুঝিবারে পারে। সম্প্রতি এখনে হয় মৃত্যু নিবারণ। কোনমতে হইবে বা কংসের মরণ 🛚 আ গুনি লাগিয়া যেন পোডে কাঠচয়। দৈববোগে তার মাঝে কোন কাঠ রয়। নিকটে ছাড়িয়া ঘর দুরে গিয়া পোডে। ব্দুষ্ট বাহার যেন তেন ফল ধরে। अरेक्नन मंत्रीदत्रत्र गश्रमान-निरम्हर । অদৃষ্টকারণ বিনা কিছু নাহি ভেদ 🛭 এইরপে বিমরিশ করিরা জন্ম। বলিতে লাগিলা বস্থদেব মহাশয় 🛭 অট্ট অট হাস করি প্রসন্নবদন। অভবে হঃখিত হৈয়া কি বলে বচন। ত্তন কংস ধুবরাজ তুমি মহাশয়। দেৰকী করিয়া তুমি না করিছ ভয়॥ বত পুত্ৰ জনমিৰ ইহার উদরে। আমি আনি সমর্পির তোমার গোচরে॥ व्यक्तीकवाणी देशम बाहात्र कात्ररः। ভাহা আৰি দিব আমি তোমা বিল্লমানে ৷ এ বোল শুনিয়া কংস চিস্তিল হাদর। ভাৰত কহিল বসুদেব মহাশয় 🛊 দৈবকীর কেশবন্ধ দিলত ছাড়িয়া। বস্থাদেব ঘরে গেল কংস প্রশংসিয়া। कर्याकाम वह करत देवतकी जेवरत । আই পত্র জনমিল বৎসরে বৎসরে। শেবে এক কন্তা আর হৈল উপাদান। প্রথম পুত্রের হৈল কীর্ত্তিমন্ত নাম। ভরযুত বন্ধদেব অসত্য বচনে। (১) পুত্ৰ সমর্পিল লৈয়া কংস বিভাষান ! সাধুজনে নাহি কিছু তুঃসহ সংসারে। পঞ্জিত জনের কিবা অপেকা কাহারে॥ ष्ट्रेक्टन कान् का करत्र दिकर्ष । ভকত অনের কিবা নাহি সত্য ধর্ম ৷ তার সভা ধর্ম দেখি কংস যুবর । ৰলিল বিনয় কিছু মনে পাঞা লাজ 🛭 रेश रूत चानारत थानिक नारि छन्। ঘরে লয়া বার ডুমি আপন তনর॥ ষ্ট্র গর্ভেতে পুত্র হইব তোমার। ভাহা হৈতে মৃত্যুত্ম আছরে আমার ।

পুত্ৰ লঞা বস্থাদেৰ চলিলা ভখনে। প্রতীত নহিল তার হুষ্টের বচনে। হেনকালে আসিয়া নারদ তপোধন। ক্ছিল কংসেরে তবে মন্ত্রণা বচন॥ নন্দ আদি গোপ তার গোকুলে বস্তি। শপুত্ৰ বান্ধৰ ভাৱ যভেক ঘৰতী ॥ ষত্বংশে ভোমার যতেক বন্ধু আছে। বন্ধদেৰ আদি যত মধুরাতে বৈলে। ৰভেক দৈৰকী আদি আছে কুলনারী। এ সব দেবতা প্রায় বুঝ অবধারি॥ জ্ঞাতি বন্ধু বান্ধৰ তোমার যত ভৃত্য। এ সব দেবতা আমি কছিল নিশ্চিত। পূথীর হরিতে ভার দেবের মন্ত্রণা। বুঝিয়া উপায় তুমি করহ খণ্ডনা 🛭 এতেক বলিয়া মুনি কৈলা অন্তৰ্জান। কোন যুক্তি করে তবে কংস বলবান ! দৈৰকীর গর্ভে হৈব বিষ্ণু-অবতার। সেই সে করিব মোরে অবশ্র সংহার । পুর বে আছিলু মুক্তি নামে (১) কালনেমি। সংগ্রামে মারিল মোকে সেই চক্রপাণি। এখনে কপট বেশ দৈবকী-উদরে। ক্ষমম লভিব যোকে মারিবার ভরে । এতেক জানিঞা কংস কোন কর্ম করে (২)। বস্তুদেব দৈবকীরে বাঞ্চিল নিগড়ে। বত পুত্র জনমিল বৎসরে বৎসরে। विक्रुभंका कतिया मादिल वादववादत ॥ খল রাজা হৈলে কোন না করে ছনীত। বছু বধ করে তার এ কোন বিচিত্র। পিতা মাতা বন্ধু পুত্র মিত্র সহোদরে। রাজ্যলোভে লোভী রাজা এ সব সংহারে । উত্তাসেন পিতা লৈয়া নিগতে বাদ্ধিল। আপনি ৰূপতি হৈয়া রাজ্য ভোগ কৈল। মহাভাগবভ লোক স্থথে বেন বুবো। কথাছলে কহি আমি বুঝিবার কাজে।

⁽১) পরিবং কর্তৃক প্রকাশিত প্রক্রেক,----পুরে ভীত বহুদেব পদত্য দাগিয়া

⁽১) পাঠান্তর,—"দৈত্য"।

⁽২) পাঠান্তব"— "এতেক জানিয়া কংস ভাবিয়া জন্তবে :"

বুধকনে সবে ৰোর এই পরিহার। বোব ক্ষমা করি ৩০ করিবে বিচার। বেন তেন মতে কুফুক্ণা অবসরে।

দিবস গোঙাই মাত্র এই মন ধরে । চিত্ত দিরা তান ভাই ক্লফণ্ডপবাণী। ভাগবত-আচার্য্যের প্রেমতর্মিণী।

ইতি ঐভাগৰতে মহাপুরাণে পার্মহংস্তাং সংহিতারাং বৈরাসিক্যাং দশমন্তব্ধ প্রথমোহধ্যার: ॥ > ॥

षिठीय व्यथाय ।

নট রাগ।

প্ৰালম্ চাণুৱ বক তুলাবৰ্ত্ত নাম । অবাস্থর মৃষ্টিক অরিষ্ঠ বলবান্ । বিবিদ ধেছকে আর পুতনা রাক্সী। যতেক অমুর আর মহাবল কেশী। বলি (>) আদি করি আর যত নরেশ্বর। এ সব সংহতি করি কংস মহাবল (২)॥ জরাসন্ধ সহার করিয়া ছষ্টবৃদ্ধি। যতুকুলে কম্বন (৩) কর্ম নির্বধি॥ তার ভরে যতুবংশ পিরা নানা দেশে। পলাঞা বহিল গিরা অকিঞ্চন বেশে ৷ ভারি সেবা করিয়া রহিলা কথোডান। **(हनक्रां) देवन यह्नदश्य-विख्यन ।** ছন্ন পুত্ৰ হৈল বদি দৈবতীর নাশ। সপ্তৰে অনম্ভ আসি গৰ্ভে কৈলা বাস। क्वल देवस्वशास महस्य वहन। দৈৰকীর গর্ডে আসি হৈল। উপসর। কংসভয়ে দৈৰকী বৃহিল বিম্বিব। জন্মিলা ঈশ্বর পত্রে এ বড় হরিব॥ ব্দগতের আত্মা প্রভু পূর্ণ ভগবান। एन रख माहि साट्य नाहि खत्थान (8) I

(১) পাঠান্তৰ,—"বাণ"।

- (২) পাঠা**ভা**র,—"ধর্ছর।
- (৩) পাঠান্তৰ,—হদন অর্থে পীড়ন, নিশ্রহ ১
 - (8)"হাবর ভিভিনা তবে কৈল অনুমান"
 ——গাঠান্তর ।

বহুকুলে কংগ্ভয় জানেন্ত জাপনে। যোগমায়া পাঠাইঞা দিল নারায়ণে 1 চল মহামায়া তুমি নন্দের গোকুলে। গোপ-গোপী-গোধন-মঞ্চিত নির্ক্তরে ৷ ৰস্বদেবভাৰ্যা তথা আছু এ ব্লেছিণী। কংসভয়ে আলন্দিতে থাকে একাকিনী ৷ দৈবকীর গর্ভ লঞা রোহিণী-উদরে। থোহ নিঞা কেহ বেন না লখিতে পারে । তবে আমি পুৰ্বৰূপে দৈৰকী-উদরে। জনম লভিব নিঞা বস্থদেবধরে। नत्मत्र चत्रवी चाट्ड यट्नामा खन्मत्री। তথা জন্ম লভ গিয়া দিব্যরূপ ধরি। নানা যজ বলিদান দিয়া উপহার। নরলোকে মহাপঞ্জা করিব তোমার। সর্বলোকে দিবে তুমি সর্ব্ব কাম্যবর। সর্বলোক ভোষারে পঞ্জিব নিরস্তর ॥ कुमूना हिंखक। कुर्गा विकास विकरी। नावाशी जनकाशी भारता माध्यी। এ সৰ ৰিশেষ নাম ধরিব তোমার। জগতে বৃহিৰ দিব্য পূজা সূৰ্ব্বকাল। গৰ্ভ আকৰ্ষণ করি আনিব আপনে। সম্বৰ্গ নাম জীৱ হইব তে-কারণে ॥ মনোরম দেখি নাম হৈব বলরাম। বলভদ্ৰ নাম হৈব দেখি বলবান 🛭 बहेक्का चाका यपि पिना नावाश्रत । শিরে আজা ধরি দেবী চলিলা তথনে 🛭 দৈৰকীর গর্ভ আনি রোহিণী-উদরে। यहायात्रा च हेल लका सहारवाशवरण #

দৈবকীর গর্ভপাত হৈল হেন বাণী। সর্বলোকে এই কথা হৈল জানাজানি। ভগতের আত্মা প্রভু পূর্ব ভগবান। সভত ভকত জন করে পরিত্রাণ। সূৰ্ব্ব শক্তি লৈয়া তবে প্ৰভু হ্ৰবীকেশ। আনকছন্দুভি-মনে কৈল পরবেশ 🛭 ৰস্থাদেৰ পারম বৈফাৰধাম ধরি ৷ ত্ব্য সম তেজ কেহো সহিতে না পারি। হেনকালে ভবে বস্থদেব মহাভাগ। চাহিলা দৈৰকীমুখ করি অহুরাগ ৷ সর্বাশক্তিযুত ধাম পরম মকল। অখও অচ্যুত পরিপূর্ণ মহেশ্বর। वस्रत्व चार्त्वाभिना देववनीत्र मत्न । ধরিল দৈৰকী ধাম চিত্ত সমাধানে। পূর্ব্বছিগে ধরে ষেন পূর্ণ শশধর। ধরিল দৈৰকী ধাম মনের ভিতর। জগৎনিবাস ভার নিবাস-সক্ষপ। প্রকাশ নহিল তহু দৈবকীর রূপ। क्राप्तत्र मिनारत्र पार्वी चाहिना वस्रत्। প্রকাশ নহিল তেজ ভাহার কারণে ॥ প্রদীপের শিখা যেন ক্ষধিলে না জলে। मूच मूटब ७६वानी त्यन ना नक्दत ॥ करम चामि देवतकी दिश्व चा० विक । চিন্ধিতে লাগিল কংস মনে পাঞা ভীত। এমন দৈবকী-ক্লপ কভো নাঞি দেখি। বিষ্ণু আসি অবতার কৈলা হেন গখি। দৈবকীর অক্তেজ সহনে না যায়। এখনে করিব আমি কেমন উপায়। প্রয়োজন কারণে বিক্রম নাহি ছাডি। বাহা হৈতে অপষ্শ রহে লোক ভরি। একেন্ত স্বীব্দাতি তাতে আরে গর্ভবতী। ভাহাতে ভগিনী বধ হয়ে কোন গতি ৷ বল বীৰ্যা পরমায়ু হরয়ে সকল। জীয়স্তেহ মরা তার জীবন বিফল। **এইরপ সংশর চিস্তিরা ম**নে মনে। চিভ নিবারিয়া কংস রহিলা আপনে। এখনে জন্মিৰ হরি কি হয় প্রকার। নিরবধি চিক্তমে মরণপ্রতিকার । যজ্জন ভোজন পান করিতে শয়ন।(১) ক্রফমর জগৎ দেখিল অফুকণ।

(,১) পাঠান্তর,— "জ্যেজন শরন পান করিতে পমন ।"

গোৰিশ ধেয়ান করি রছে নির্ভ্র । চিস্তিতে চৌদিগে সবে দেখে চক্রধর। তবে নারদাদি স্নকাদি মুনিগণে ৷ ইস্ত্ৰ আদি দেবগণ স্বল-বাহনে ৷ আপনে আসিয়া ত্রন্ধা হর মহেখরে। স্বতি করে নারায়ণে গর্ভের ভিতরে। শত্যবত প্রভু তুমি সত্য সর্ব্বকাল। সত্যে তোমা পায় জীব সত্যের আধার। সভ্যে আরোপিত সত্য আছম্বে ভোমাতে। তুমি সে সত্যের সত্য জানিল সাক্ষাতে॥ সভাময় প্ৰভু তুমি ঋত সভাবন্ধ। আমি-সব হোই ছই চরণে প্রপন্ন। সংসার বুক্ষের এক প্রকৃতি আপ্রয়। পাপ পুণা ছইগুটী সবে ফল হয়। সম্ভ রক্ত তম গুণ তিন গুটী মূল। ধর্ম অর্থ কাম মোক্ষ চারি রস তুল ॥ পঞ্চভূতবিরচিত পঞ্চ পরকার। শোক মোহ জরা ব্যাধি কুথা ভূঞা সার॥ রস রক্ত মাংস আদি সাত ধাতু ছাল। অষ্ট প্রকৃতি তার অষ্টগোটা ডাল॥ নব গোটা গর্ভে হয় সঞ্চার বেভার। এইরপে কহি আদি ব্রক্ষের বিস্তার। দশ গোটী ইক্রিয় ব্রক্ষের দশ পাতে। সবে হুই গুটী হংস আছম্বে তাহাতে। আত্ৰদ্ধ পৰ্ব।স্ত ভৰ আদি বুক্দ বুলি। সকল পুরাণ বেদে এই অবধারি ॥ (১) হেন ভববুক ভোমা হৈতে উভপতি। ভোমাতে প্রশন্ত হয় তুমি ভার স্থিতি। ছুমি সে পালন তার কর সর্বকোল। ভোষা বিনে সভ্য কিছু না হয় সংসার । তুমি কৰ তুমি পাল তোমাতে প্ৰলয়। ৰান্নাবিষোহিত লোক নানাত্ৰপ কয়। ভূমি একা তৃষি বিষ্ণু তুমি মহেশব। এক প্রভূধর তুমি নানা কলেবর 🛭 বুধঅনে তুমি হেন সত্য সবে আনে। অসত্য মানয়ে সত্য বিমোহিত জনে 🛭 জানময় আত্মা তুমি দিব্যক্সপ ধর। দিব্য অবভার করি ভক্ত উদ্ধার ৷ জগৎমজন ক্লপ ধর সভামর।

⁽১) "পালন পৰ্যন্ত বৃক্ষ ভবের ভিতরে। সমুভ পুরাণ এই আছে চরাচরে।" পাঠান্তর।

সাধুক্তনে পরিজ্ঞাণ যাহা মনে হয়। খল নিবারণ হে 5 কর অবভার। যোগিগণে যে ক্লপ চিক্সিয়া হয়ে পার 🛭 ষত যত ভাগবত আছিল প্ৰধান। চিজিল তোমার গুদ্ধ সন্তুময় ধাম ৷ সমাধি করিয়া চিত্ত করি নিরোধন। ভোষার চরণনোকা করিয়া চিন্তন । গুরুজন-উপদেশে বৎসপদ করি। লীলা এ চলিলা তারা ভবসি**দ্ধ** তরি I আপনে ভরিয়া ভবসিদ্ধ ভয়কর। লোক পরিত্রাণ হেতু চিম্বিল বিশুর। এ লোকবৎসল তারা সহজে দয়াল। ভোমার চরণে ভক্তি করিয়া বিস্তার ॥ চরণপত্তর পোত ভগতে স্থাপিয়া। মহাজন সৰ গেল সংসার তরিয়া। হের ছে করুণাসিক্ত কমললোচন। ভক্তিচীন জন তার বিফল জীবন॥ ভোমার চরণে ভক্তি না কৈল যে জনে। বোগ সাধি আপনাকে মৃক্ত হেন মানে। করিয়া পরম পদ ছঃখ স্মারোহণ 🖟 তাহা হৈতে হয় তার পুনঃ নিপাতন ॥ তোমার পদারবিদে যে হয় বঞ্চিত। শুদ্ধ শুদ্ধি নহে তার ভক্তিহীন চিত। মুক্তিপদ পাঞা সে যে পড়ে আর বার। ভক্তি বিনে কেহো নহে ভৰসিদ্ধ পার ৷ ছে মাধৰ ছে যাদৰ জগৎনিবাস। ভকভজনের কভো না হয় বিনাশ 🛭 প্রেম-অন্তবন্ধ করে তোমার চরণে। ষণা তথা রহক যেন তেন মনে 🛭 বিশ্বশিরে চরণ ধরিষা দৃঢ় করি। সচ্ছন্দে ভ্রমুক সিয়া ভয় পরিহরি। তমি বৃক্ষা কর বৃদ্ধি নহে তার নাশ। হেন তুমি ভকতবৎসল শ্রীনিবাস। ষম্ভপি কেবল আত্মা তুমি জ্ঞানময়। তথাপি ভকতজন-পালন-সদর ! বিশুদ্ধ পরম ধাম দিব্যসূর্ত্তি ধর। জীৰপবিত্ৰাণ লাগি নানা লীলা কর 🛭 দেববজ কর্মবজ্ঞ তপবজ্ঞ করি ৷ লে রূপ ভাবিয়া লোক বাইব ভব ভরি। এই-সে কারণে মৃত্তি কর আবির্ভাব। প্রকট পরমানন অচিষ্য প্রতাব ৷ যদি না ক্রিডে হেন মূর্ট্টি পরকাশ।

কে ভোমা জানিত ভবে **সর্বাভূতে বাস**। কাহারে। নহিত তবে ঈশ্বর-গেয়ান। আছেন ঈশ্বর যবে এই অনুমান 🛭 কাহারো নহিত তবে অঞ্জান বিচ্ছেদ। কারো না ঘুচিত ভবে ভবতুঃখ-খেদ। এখনে ভোমার দিব্য অবতার ভঞ্চি। মুৰে লোক ভবিব সংসার-তঃথ ভেজি 🛚 ঙ্খণ কর্ম জন্ম তুমি ধর নানামতে। তহু নাম কপ না পারিমে নিক্সপিতে ! অনস্ত ভোমার নরম ঋণ অবতার। নিক্রপিতে পারে হেন শক্তি কাহার। মনোবচনের প্রভু তুমি অগোচর। সর্বলোক সাক্ষী তুমি মহা মহেশ্বর। কদাচিৎ করে কেহ পথ অন্ধর্মানে। হেন মহাপ্রস্কু তুমি পূর্ণ ভগবানে। সবে চরণারবিন্দ পরিচর্যা করি। এই সে উপ।য় ভব ভরিবারে পারি॥ (ভনিব ভনাব নাম করিব কীর্ত্তন। অগত-মুকল নাম করিব চিন্তুন।) পরিচর্য্যা কর্ম করে ভক্তিযুত হৈয়া। আপনে ঈথর হৈয়া লভিলে জনম। এতেকি হইল তার পূথ**ী**র খণ্ডন॥ এই ভাগ্য ভোমার দেখিব পাদপন্ম। মহাভাগৰত মন্ত-মধুব্রত-সন্ম 🛊 চরণ-পদ্ধর স্থাপাতিত ক্ষিতিতলে। পেখিব পদারবিন্দ গগনমগু**লে ।** व्यां भटन क्षेत्र उमि व्यक्त नित्रक्षन। ना एवि विद्याप विद्या क्रम्य-कार्य । যাহার মায়ায় করে সৃষ্টি পরলয়। অনত ত্রন্ধাও-কোটি যাহার হৃদয় ! হেন প্রভু হৈয়া তুমি কর অবভার। সবে দেখি প্রয়োজন করিবে বিহার 🛭 ৰংশ্য কুৰ্ম আদি নানা অবতার করি। জগৎ রক্ষণ যেন কর ভার হরি 🛭 সেইরূপে এখনে পৃথ্বীর হর ভার। স্থরগণ পালন করিছ সর্বকাল 🛭 সভত ভোষার বহু চরণে বন্দন। ভবে দৈবকীর ভবে কৈল সম্ভাবণ । পর্ম পুরুব যে সাক্ষাৎ ভগবান। তোমার উদরে তার হৈল উপাদান 🛚 তুমি না করিছ আর কংগ করি ভর। সাক্ষাৎ বৈকুৡনাথ তোমার তনর 🛭

ি এইকপ শুভি করি যত দেবগণে।
অঞ্চ ভব আদি করি কৈল অন্তর্জানে ।
দেবগুভি কৃষ্ণকথা বৃদ্ধি-অন্তুমানে।

কহিল সকল লোক বৃথিব কারণে । ভক্তিরস-শুক্ত শ্রীগদাধর জান। ভাগৰত-আচার্যোর মধরস গান।

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পর্মহংস্তাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশ্মস্বব্ধে বিতীয়োহধ্যায়ঃ ॥ ২ ॥

क्लीय ज्यभगय ।

মল্লার রাগ।

মুনি বলে খন রাজা অদভূত বাণী। এখনে কহিব কুফজনম-কাহিনী ! সর্ব্বপ্তবাল পরম স্থন্দর। প্ৰিৰী পুরিয়া হৈল আনক্ষজন । শুভ বার তিথি যোগ নক্ষত্র করণ। পুণ্যগুণ পুণ্যযোগ সর্বা অুলকণ 🛭 দশ দিগ পরসর গগনমগুল। উদিত তারকাবলী দেখি মনোহর 🛚 নদ নদী সরোবর বিমঙ্গিত জল। বিকসিত উতপল কুমুদ কমল 🛭 থগ-ভূক-নিনাদিত ত্তৰ্কিত বন। ত্মজনিত পুণাগন্ধ ত্মমন্দ পৰন। শাস্ত হৈয়া জলিল বিজের হতাশন। উভয় জনের চিত্ত হৈল পরসর। আকাশমগুলে বাব্দে হুন্দুতি ৰাজন। স্থ্রমুনিগণে করে পুষ্প বরিবণ 🛚 গভৰ্ষ কিন্নর গীত গান স্থমধুর। সিছ বিভাধর শুভি করএ প্রচুর 🛭 সুর বিভাগরী সূত্য করে স্থললিত। মৃদ্দ মৃদ্দ জলধর খন গরজিত ! ভরা নিশি রঙ্গনী ভিমির বোরভর। (১) ছেনকালে জনম সভিলা পদাধর। **অন্ত**ৰ্যামী ভগৰান **পচিত্যপ্ৰভা**ৰ। দৈৰকী উদৰে আসি কৈলা আৰিৰ্জাৰ ৷ পুরুৰে উদিত বেল পূর্ণ শশবর। मिलार्य क्षाकां किना वहां मरहचंत्र । নব্দন শ্রাম তমু রাজীব লোচন। আভাতুলবিত ভুক 🗐 বংসলাছন।

(১) পাঠান্তর— - "রেছিৰী অধিনী সে ডিমির বোরতর"।

শব্দ চক্র গদা পদ্ম ভূজ-বিরাজিত। কটীতটে পীতপট কৌল্লভ-ভূষিত। মহামুল্য রত্ন মণি কিরীট কুওল। কুঞ্চিত অলকাবলী শ্রীমৃথমণ্ডল । উদভট পুরট কিছিণী সক্ষণ। মুগমদ-বিলেপিত হাম বিলোচন ॥ হেন অদভূত শিশু দেখি মহাশয়। বস্থদেব চমকিত হৈল অভিশয়। নারায়ণ পুত্র দেখি কর বিলোচন। পুলকিত কলেবর সংল ৰুম্পন 🛭 কৃষ্ণ অবতার দেখি পুরিল উৎসবে। অযুত গোদান তবে কৈল বস্থদেৰে॥ ভূমিতে পড়িয়া কৈল দণ্ডপরণাম। করবোড় করি শ্বতি করে মতিমান্। পুত্রের প্রভাব দেখি ভন্ন পরিহরি। প্রণতকম্বর চিন্ত নিয়োজিন্ত করি 🛭 জানি**দ্ৰ** বিশিত আমি সাকাৎ **ঈশর**। পরম পুরুষ তুমি প্রাকৃতির পর 🏽 সর্ববৃদ্ধি-সাক্ষী ভূষি আনন্দস্বরূপ । বিশুদ্ধ বিজ্ঞান খন পূর্ব ব্রহ্ম ব্রাপ 🛊 অতুল শকভি ভূমি পুৰুব পুৱাণ। যায়ায়ে আপনে কর বিখ-মিরমাণ । তাহাতে আপৰে পাছে থাক পরবেশি। তহ গুৰুময় তুমি প্ৰাতু অবিনাৰী। ব্দগতের হও সবে উভপতি ধ্বংস। তোমার বিনাশ কভু নছে পরছংস । ব্দগতে প্রবেশ করি আছ নিরম্ভর। ভবু পরবেশ নাহি ভাহার ভিডর 🛭 পঞ্চত্তমর ৰত কারণ বিশেবে। বিশ্ব নির্মিঞা বেন **বিশ্বে পশ্নবেশে ৷**

प्रमान हो गणन जिल

বিশ সহে নহে বেন তার অম্বন্ধ। ৰদিৰা বলিবা (১) কালে করএ সংহার। এইরপ প্রাভূ তুমি নিত্য পরানশ। কালরপে আছে এক শক্তি ভোমার। বিশ্ব নির্মিয়া (১) আছ জগৎনিবাস। সেই কালে করে সৃষ্টি পালন প্রালয়। বৃদ্ধি মন চিন্ত তুমি কর পরকাশ। সেই কাল ভোমার লীলার মাত্র হয়। সেই বৃদ্ধি মনে ভোষা লইতে না পারি। মৃত্যু-ভৱে ব্যাকুল হইর। এত কাল 🛭 সর্বাময় প্রভূ ভূমি সর্বা-অধিকারী। পলাঞা কোণাহ লোক না পান্ন নিস্তার 🛭 অসত্য অগতে তুমি আছ হেন মানি। এখনে পদার্বিন্দ করিয়া আশ্রয়। এমত নিশ্চয় বার তত্ত নাহি জানি। সুখে লোক থাকিব খণ্ডিব ভৰভয়। পণ্ডিত না হয় সে যে না বঝে বিচার। উগ্রসেন স্থত কংস তুরস্ত নিষ্ঠুর। ব্দগতের ভিন্ন তমি ব্দগতের সার॥ তার ভয়ে আমি সব অতি বেয়াকুল। নিরাকার ব্রহ্ম তুমি নিশুণ বিকার। (২) ভকতবৎসল নাম করিয়া সফল। তহ তোষা হেন সৃষ্টি পালন সংহার॥ ভূতাপণ পরিত্রাণ কর প্রাপেশ্বর॥ সভার ঈশ্বর তুমি সভার আশ্রর। বে ক্লপ বোগেন্তগণ চিন্তত্বে ধেয়ানে। ভোষাতে কহিতে কিছু বিরোধ না হয়॥ **हर्माहरक रम क्रथ प्रश्चित मर्ककाल ।** সম্বৰ্জণে শুক্লৰণি ধর কলেবর। পরতেক (২) এ ক্লপ না কর নারায়ণ। জগৎ পালন তুমি কর মহেশ্বর॥ ধ্যানগম্য দ্বপ প্রেড কর সম্বরণ 🛭 রজেণগুণে রক্তবর্ণ ধরি সৃষ্টি কর। মোর ঘরে রুফ আসি কৈলে অবভার। ভযোগুণে ক্লফবর্ণ ধরিরা সংহর॥ না ানে পাপিষ্ঠ যেন কংস ছরাচার । এখনে করিবে তুমি লোকপরিত্রাণ। নারী আডি নোর চিন্ত সহত্তে চঞ্চ । যোর ঘরে অবতার কৈলে ভগবান। তোমা লাগি মোর মনে বড লাগে ভর । রাজবেশ কপট অনুর্বৈতভার। শব্দ চক্র গদা পদ্ম ভূজ-বিয়াঞ্চিত। এ ৰূপ সমৰ তুমি না কর বিদিত # সমূলে করিৰে তুমি সে সৰ সংহার। এখানে সম্প্রতি মোর এই নিবেদন। **ब्ब व्यक्त्र्यमस्य भरत विश्व हत्राहत ।** মোর ঘরে তুমি আসি সভিলে জনম। অখিল ব্রহ্মাও যার গর্ডের ভিতর 🛭 ৰে প্ৰাকৃ আসিয়া মোর গর্ভে উৎপন্ন। গুনিয়া অগ্ৰন্ধ কৈল ছয় ভাই। মাকুৰ জাতির এতাৰৎ বিভয়ন ৷ (৩) কহিব ভাহার অন্তচরে ভার ঠাঞি। দৈৰকীয় বচন শুনিয়া চক্ৰপাণি। শুনিঞা আসিৰ কংস খড়গ ধরি হাথে। ক্ছিতে লাগিলা সৰ পুৰুৰ কাহিনী। ৰোৱ নিবেদন এই তোষার সাক্ষাতে। দেখিয়া পুরের রূপ পুরুষলকণ। পত্ৰেৰ প্ৰভাব দেখি विश्वास देववनी द्वारी कत्रास खनन । करत्र किछू विमन्न खबन। নিক্লপম নিরাকার বেকভ-রহিত। শিৰেতে বৃদ্ধিরা হাত ব্ৰদ্মক্যোতি নিৰূপ বিকার-বিবৰ্ণিত। খেলাঞ্চিত সজল নরন। সম্ভাষাত্র নির্বিশেব নিরীহস্তরপ। আদি অন্ত তুমি সৰ সেই সে সাকাৎ জান প্রকাশকরপ । তুৰি ত্ৰহা পুৰুষপ্ৰধান।

(১) পাঠান্তর,—"বেরাপিঞা"। (२) "পাঠाखन,--- निर्विकान"।

ভথনে সকলে ভূমি থাক অবশেব।

বধৰে সকল হয়ে ত্ৰন্ধাধ্যের নাশ।

কারৰে প্রবেশ করে প্রপঞ্চ বিলাস ।

কারণে প্রবেশ করে গুরুতি ভিতরে।

প্রকৃতি প্রবেশ গিয়া করে মহেশবে।

ব্ৰহ্মা পৰ্যন্ত হয় ত্ৰাছে পরবেশ (

(১) वनिवा, बनिएव।

আকাশ পাতাল ভূমি

জুনি ৰক্ষা তুনি শিব

তুৰি প্ৰভূ বেদ বন্ধজান।

ভূমি লে খনন্ত ব্দিভিণর।

बन्दरम्य श्रीदावर

यम यम टाविना

তুৰি বে কারণার্ব

कृषि त्य त्यस्य त्यस



⁽২) প্ৰা**তাক** ।

⁽৩) পৰিবৎ কন্ত ক প্ৰকাশিত প্ৰৱেশ (বন্ধদেৰ ও বৈৰকী উভৱে নিলিত হইয়া ছাতি করিভেলেন।)

শংশার অগার যভ তুমি মূল সর্বাতস্ত ধর্মাধর্ম তুমি রম্যবর। शिक्ति अश इम नमी এ সপ্ত সাগর আদি তুমি সে সকল চরাচর। চন্দ্ৰ স্বৰ্ধ্য জ্যোতিৰ্দ্ময় তোমার বিভৃতি হয় তুমি তার মূল গদাধর। তুমি রাত্রি তুমি দিন শস্ত্র রক্ত ত্যোগ্তণ চারি মৃক্তি তুমি ভগবান্। উৎপত্তি প্রালয় হিভি তুমি সে যজের হুতি বেদশান্ত্র তুমি সে পুরাণ॥ স্কুত্ৰণে শ্বেভ বৰ্ণ ধরিয়া কর পালন জগত আধার তুমি দেহ। त्रक्रवर्ग त्रक्रक्टन সৃষ্টি কর স্মন্ত্রনে মর্জ্যেতে পালন করি রহ। তৰোগুণে আরবার সকল কর সংহার ক্ষ অব ধরি নারাবণ। তুমি দেব চক্রপাণি না জানি ভক্তি আমি লৈছ প্রভুর চরণে শরণ 🛚 কোন্পুণ্য কৈল আমি যোর গর্ভে আসি তুমি জনম লভিলা বছৰরে। কিবা যোর ভাগ্যবশে অবভার স্ববীকেশে ইহার বৃত্তান্ত কহ মোরে # अरे निर्वामन कत्रि এক্রপ সম্বর হবি ধ্যানগম্য শরীর ভোমার। দাকণ কংলের দুভ পৰাইতে নাহি পথ তন প্ৰভূ বচন আমার। উগ্রসেনমুভ রাজা কংশাহ্রর মহারাজা একণে আসিবে হুষ্টমতি। **অসি চর্ম ধরি করে** আসিবেক হুষ্টাচারে ক্ছ প্ৰভু ইহার বুগভি। এইক্লপ বারেবার ছম পুত্র যে আমার কংসাত্মর বধিল স্বায়। ব্যাশ্বর ছট হেন এক্সপ না দেখে যেন কর প্রভু ইহার উপার ! এত বলি বন্ধদেবে কাকুতি মিনতি শুবে করবোড়ে পড়িল চরণে। देवकी व्यनाम करत চরণ ধরিবা করে ভাগবভ-আচাৰ্ব্য স্থগানে ৷ সারস্থ নবন্তর আছিল বখনে। তথনে আছিলা তৃষি পৃদ্ধি হেন নাৰে। আছিলা মুতপা নামে এই মহামতি। ৰেপত্য সঞ্জিতে আক্সা দিলা প্ৰজাপতি।

गकन रेक्सिक्षभग कतिवा (तांशन। তুমি সৰ করিলে আমার আরাধন। পর্ম ছম্বর তপ কৈলে নিরম্বর। শীত বাত ধর্ম তাপ সহিলে বিশ্বর॥ ব্রক্যে গলিত পত্র করিয়া আহার। বায়ুরোধ করিয়া রহিলে চিরকাল। তপ করি কৈলে নিজ চিন্ত নির্মল। ভক্তিভাবে আমাকে ভক্তিলে নিরম্ভর 🛭 দেবমানে বাদশ সহস্র বৎসর। এইক্রপে মহাতপ করিলে হড়র। তবে আমি ভুষ্ট হৈয়া দিল দরশন। তুমি সৰ এইক্লপে দেখিলে তখন। चामि यपि वृत्रिन माशिया नर वस । পুত্রবর মাগিলে আমার সমসর । ভোমা সভা না করিল মায়া বিমোহিত। मुक्लिशन ना माशिल ना देशल विक्र ॥ মুক্তিপদে নাহি পুত্র প্রেম স্থপ্সম। মায়।বিমোহিত না করিল তেকারণ।(>) তবে আমি তথনে চিক্কিল মনে মনে। আমার সদৃশ কেছে। নাহি ত্রিভূবনে॥ পুত্র হৈয়া আমি গিয়া জিমাল আপনে। পুলিগর্ভ নাম হৈল ভাহার কারণে। তবে আর জনমে কশ্যপ প্রজাপতি। হৈয়াছিল এই বস্তুদেৰ মহামতি। আদিতি তোমার নাম দেবের জননী। ধরিয়া বামন নাম পুত্র হৈল আমি ॥ (২) এখনে পৃথীর ভার করিতে হরণ। শিষ্টের পালন হেতু ছষ্টের নিধন। তোমার উদরে আসি লভিল জনম। সেই পূর্বারূপে আমি দিল দরশন । নরবেশ না ভুচিব মাছ্ব গেয়ান। তে-कात्रां बरेक्न प्रयोगा विषामा ।

⁽১) "অকুইথাম্যবিবরাবনপত্যো চ ক্সাডী। ন ব্রাথে২প্রর্গ মে মোহিতো দেব্যারর।" ১০।৩৩।৩১।

⁽২) ইহার পর পরিবং কর্ড্ ক পুস্তকের অবিক পাঠ,—
"তৃতীর জনমে দশরথ তব নাম।
কৌশল্যা ইহার নাম সর্বক্ষবাম।"
"আপনে জন্মিয় আমি রামরণ ধরি।
দৈবের কারণ সিঞা রাবণ সংহারি।"

ব্রহ্মভাব করিয়া বা সভত চিন্তহ। পুত্ৰভাৰ কৰিয়া বা পীৱিত ক্বছ। ব্দবশ্য পরমগতি পাইবে চুক্তনে। অবধান কর বাপ আমার বচনে। গোকুলে আমাকে লৈয়া পোহ শীঘ্র করি। এখানে আনিষা খোহ নদের কুমারী। এতেক বুলিয়া হবি হৈলা নিশবদ। মায়ায় বহিলা বেন সহজ বালক। তবে বস্থদেৰ নিজ পুত্ৰ করি কোলে। অলপে অলপে গেলা পুরের ছয়ারে॥ হেনকালে কোন কর্ম করে মহামায়া। পেলিল প্রহরিগণ নিজার ঝাপিয়া। বড় বড় লোহার কপাট দৃঢ়তর। যতেক লোহার খিল লোহার শিকল। थंख थंख देश्या गव मिनिना विमात । রবির কিরণে যেন ঘুচে অন্ধকার। মন্দ্র মন্দ্র গর্মন মেঘ বরিষ্ণে। বাস্থকি আসিয়া ফণা ধরিলা আপনে।

তরক কলোল নীর গভীর যমুনা। পথ ছাড়ি দিল নদী ভয়ে কম্পমানা ! ভবে ৰম্বদেৰ গেলা নম্বের গোকলে। নিন্দে অচেতন গোপ প্রতি ঘরে ঘরে॥ নম্বহরে গিয়া তবে কৈলা পরবেশ। যশোদার শয়নে লৈয়া ও ইলা জ্বীকেশ। বশোদার ক্যাথানি তুলি নৈল কোলে। পুনরপি সেইক্লপে গেলা মধুপুরে। কন্তা সমর্পিল লৈয়া দৈবকী-শয়নে। লোহার নিগভ নিল আপন চরণে । তবে বস্থদেব রহে করিয়া শারন। না জানে যশোদাদেবী এত বিবরণ 🛭 জনমিল অপত্য এই সে মাত্র জানে। কিবা কল্পা পুত্ৰ কিছু নহিল গেয়ানে॥ এতেক প্ৰস্বত্বংখ পাঞাছে যাতনা। তাহে মহামায়া গিঞা কৈল অচেডনা। রঘুনাথ পাওতের মধুরস-বাণী। গীতবন্দে কহে ক্লফপ্রেমন্তর্নিণী।

ইতি ঐভাগৰতে মহাপুরাণে পারমহংস্তাং গংহিতারাং বৈরাসিক্যাং দশমস্বন্ধে ভৃতীরোহাারঃ । ৩।

क्टूर्थ जयााग्रा

মূনি বলে শুন রাজা বিচিত্র কথন।
কহিব এখনে রাজা যে যে বিবরণ ।
সেইব্রপে কপাট লাগিল থরে ধরে।
লোহার শিকল খিল লাগিল হুরারে ।
ছাওরালের ক্রন্দন শুনিরা হুরাছরি ।
জাগিরা উঠিল সব হুরারী প্রহারী ।
ত্রিতে জানাল্য গিরা কংসবিভ্যানে ।
চমকিশু হৈরা কংস উঠিল তখনে ॥
না জানো কি হুর আজি মোর প্রতিকার ।
ব্য জনমিল মোর করিতে সংহার ॥
পড়িলে উঠিতে বার চিন্তার বিহুবল ॥ (১)
খিলিল মাধার কেশ ধাইল সম্বর ॥
ধাঞা গিরা পরবেশ কৈল স্পতি ঘরে (২)।
বেশিরা বৈবকী ধেনী কারুবারী করে ॥

(১) অন্ত পূথিব পাঠ,
"ব্যক্ত হঞা বাম তলে চিন্তার বিকল।"
(২) পাঠান্তব,—
হবিতে এবেশ বাঞা কৰে প্রতিকরে।"

ওন খন আরে ভাই কংস মহাশয়। এবার মোহর ভবে হইবা সদয় । না মারিছ কজাখানি মোরে দেছ দান। মারিলে বিস্তর পুত্র আগুনি সমান। না মারিহ ভাই মোর এই নিষেদন। ক্সাব্ধ করিয়া কি তব প্রয়োজন। যে কৈলে সে কৈলে যোৱ তাপে নাহি ৰেপা। গর্ভশেষ কল্পাধানি কর যদি রক্ষা। এত काकूरानी यपि देवनकी वृत्रिन। তত্ত পাপিষ্ঠ কংস সদত্র না হৈল। দৈৰকীরে বিভার ভং সিয়া ছরাচার। টান দিরা হাতে হৈতে আনিল ছাওরাল। তুই পারে ছাওরালে ধরিল দৃঢ় করি। শিলার উপরে লৈয়া আছাড়িল তুলি 🛭 থসিয়া ছাওয়াল ভার হাত হৈতে গেল। আকাশমণ্ডলে গিয়া আরোহণ কৈল 🛭 দিব্য মুর্জি হৈল তথা ত্রিদশমোহিতা। অঠভুজা অন্ত্ৰ-শত্ৰে ভূবণে ভূবিতা।

গন্ধর্ক কিন্নর স্থর সিদ্ধ মুনিগণে। ৰুত্য গীত স্বতি করে পুষ্প বরিবণে । কৌতুকে পুঞ্জিল বলি উপহার দিয়া। ভাকিয়া কি ৰলে তবে দেবী মহামায়া॥ ত্তন শুন আরে কংস চ্ছ থলমতি। আমাকে মারিভে কেন করিস শকতি 🛭 আমাকে হিংসিস ভোর নাহি প্রয়োজন। বে ভোষা হরিব প্রাণ লভিল জনম । ছঃখিত প্রজার হিংসা না করিস রুখা। তোর শক্ত আজি জনমিল যথা তথা। এতেক বুলিয়া ভগৰতী মহামায়া। নানা স্থানে রহে গিয়া নানাক্রপ হৈয়া। **(मवीत्र वहन करम छनिका अवर्ष ।** পরম বিশ্বিত হৈয়া চিক্তে মনে মনে॥ বস্থদেব দেবকীর ছটিল বন্ধন। স্তুতি করি বলে তরে বিনয় বচন 🛭 ন্ত্ৰন ছে ভগিনীপতি শুনহ ভগিনি। কিবা গতি হয়ে যোর হেন নাছি জানি। কেৰল ব্লাক্ষ্য যেন মুঞ্জি তুরাচার। ৰাৰ্থ এত পত্ৰবং করিলুঁ তোমার॥ निमंड निमिष्ठ मुक्ति देवन एवं वर्ष। আতি বন্ধ ৰাশ্বৰ ছাড়িলু লোকধৰ্ম। জীরশ্বেই মরা মুঞি যেন এন্নবাতী। মারিলে না জানো মোর হয় কোন গতি 🛭 আছক মাছৰ দেবে বলে মিছা বাণী। এত অপকর্ম কৈল দৈববাণী শুনি ! ৰা করিছ আর শোক পুত্রের কারণে। করএ সকল লোক অদৃষ্ট ভজনে। चम्हेचरीन कीव चमुद्धे मिनात्र। অদষ্টেতি পুনরার বিচ্ছেদ করার। মাটির মির্নিভ পাত্র নানা পরকার। কন্ত হৰে কন্ত বাবে ৰাটি মাত্ৰ সার। মাটির না হরে যেন উতপতি নাশ। না মরে না হয়ে আত্মা নিভ্য পরকাশ । শরীরের সবে উত্তপত্তি পরলয়। ইহাতে না বুঝি ৰঙি বিপৰ্যন হৰ ॥ (>) चालनाति प्रत्य ग्रत्य जनम सत्रः। সেই সে কারণে করে সংগার জ্বন। এতেক বছন ডুমি বুঝিরা ভগিনি। পুজের কারণ আর শোক কর জানি ৷

— (১) পাঠাছর,— ্ঞ্রই না বুবিরা হয় মাটিবিপ্রার।"

তা-সভার আছে এই অদৃষ্টে লিখন। মোর বা আছএ এই পাপের কারণ # যার যেন অদৃষ্ট তাহার তেন ফল। এ বোল বুঝিয়া দোব কমিৰে সকল। সে মোরে মারিবে মুঞি মারিলু ভাছারে। ষাবৎ এমত বৃদ্ধি যাহার সঞ্চরে॥ তাবৎ তাহার বধ্য বধক সম্বন্ধে। বস্থদেব তোমাতে গোচর ভাল মন্দ **॥** এতেক বচন বুলি ধরিল চরণে। কান্দিতে লাগিল কংস ভন্ন পাঞা মনে ৷ বম্বদেৰ দেখিয়া কংসের ছঃখ শোক। ছুহে ৰেলি দিলা তারে সস্তোব প্রবোধ। ভাল তুমি মহারাজ কহিলে সকল। অভিযানে ভেদ বৃদ্ধি হয় নিজ পর। এক দেহে করে আর দেহের বিনাশ। তুঃথ শোক আদি যত মনের বিলাস ॥ জীবের যাহাতে তঃখ শোক নাহি ধরে। (১) আগেয়ান মুখ যেন শত্ৰু মিত্ৰ করে ৷ শুন নহারাজ তুমি শোক পরিহর। সন্তোব করিয়া তুমি নিজ বরে চল। ভাবে কংস প্রবেশ করিল নিজ ঘরে। জাগিয়া বঞ্চিল নিশি খটু ার উপরে। রজনী প্রভান্ত হৈল প্রত্যুষ বিহানে। মক্তিরণ ভাকিয়া আনিল বিভামানে I আদি হৈতে পাত্ৰগণে স্ব কথা কই। চিস্তিতে লাগিলা কংস হেঁট মাধা হই ॥ ভবে যভ সেনাপতি আছিল ভাহার। ৰীরদর্প করিয়া লাগিল বুলিবার॥ কোন ছার প্রয়োজনে এত চিস্তা কর। তমি হৈয়া আপনার বিক্রম পাসর 🛭 রিপু জনমিল যদি এই সভ্য হয়। তাহা করি তহু কিছু না করিহ ভয়। আজি বা জমিল দশ দিনের ভিতরে। মারিব সকল শিশু প্রতি খরে ধরে । ছেন ছার কাজে তুমি কর বিমরিব। বাছবলে জিনিলে সকল দশদিশ। বছি বল দেবগণ আসিব সাজিয়া। ৰক্ষকান না করিছ দেবতা বলিয়া। हेक्का कति शब्दक यथन प्रस् ह्या।

⁽ ১) পাঠান্তন,— "জীবের তাহাতে স্বথ দৃঃথ মাহি থবে। জ্ঞানে মূর্য তারা শক্ষ শিক্ষ করে।

দেৰগণে ভূখনে সম্মে পড়ে সাড়া ii ना जानि कि रुर्व चाकि (परवर गर्भार्य)। বসুকে টকার দিল কংস মহারাজে॥ ভূমি যদি কর রাজা শর বরিষণ। পালাএ সকল দেব রাখিবা জীবন ! কেছো কর বুড়িয়া করম্বে কাকুবাদ। কেহো অন্ত্র পেলাইয়া করে দণ্ডপাত। কেছো কেশ বান্ধে কেহো কাছা মুকুলায়।(১) না যার যা যার বুলি তরাসে পালায়॥ রথী হৈয়া যদি রথ ছাড়য়ে সংগ্রাম। অস্ত্র তেজি ভঞ যেবা করয়ে প্রণাম। সংগ্ৰামে বিমুখ হৈয়া যে জীব পালায় ! ধহুরচ্ছু ভালে যেবা যুঝিতে না চায়। ইহাতে না কর তুমি অন্তের প্রহার। (২) ত্মি সে বীরের ধর্ম জান সর্বকাল। দেবে কি করিতে পারে রণে ভয়াকুল। দর্প করিবার কালে (৩) সভে ভারা শুর 🛭 বিষ্ণু করি ভিলেক না কর বস্তজান। সর্বত্তে গোপতে থাকে নহে বিশ্বমান। হরে কি করিবে তার অরণ্যে বসতি। কি করিতে পারে অল্পবল শচীপতি। কি করিব ব্রহ্মা তার সতত ধেয়ান। তপ ছাডি অন্ত ভার নাহি অবধান। এ বোল বলিয়া উপেকিত না বুঝায়। শক্ত উদ্বাহিতে তচ্ছ করিব উপায়। আক্রা দ্রেছ আমি সব কিন্বর তোমার। আমি সৰ বিপু-মূল কবিব উদ্ধার॥ অভে ব্যাবি হয় যদি অলপ সময়। না ঋষ্ণিলে সেই ব্যাধি বাঢ়ে অভিশয়।

(১) পাঠান্তর,—"কেছ কেশ বান্ধে কারে। কাছা অউলায়"।

পাছে বেন সেই ব্যাধি না পারে খভিতে। শক্ত বলবাৰ হৈলে না পারি জিনিতে। नकन रमरवद मून विकृ यात नाम । সভাধর্ম যথা তার তথা উপাদান ॥ গো আৰুণ তপ যক্ত বেছ ব্ৰভ যথা। এ সব ধর্মের মূল ধর্ম রহে তথা ঃ ব্ৰহ্মবাদী ব্ৰহ্মশীল তপন্ধী ব্ৰাহ্মণ। হবিৰ্দানী (১) যত গাই আছে পৰিগণ ৷ এ সৰ মারিৰ আর যথা পাই লাগ। তৰে বিষ্ণু মারিব ভাহাতে কোন বাদ 🛊 পো আদাণ তপ যজ বিষ্ণুর শরীর। বিষ্ণু মারিবারে এই বুদ্ধি কর স্থির॥ সেই বিষ্ণু অম্বর হিংসমে নিরম্বর। नकन एएरवर मून एएरवर के बर । এই সে উপায়ে বিফু মারিবারে পারি। সভেই মেলিয়া গিয়া গো আন্ধণ নারি ॥ পাপমতি কংস তার প্মাপেতে উৎপত্তি। কুমন্ত্রি-মন্থপা সেই দঢ়াইল যগতি 🛚 ছষ্ট দৈতা বত তারা কনলে পীরিভি। চৌদিগে পাঠাঞা দিল ছষ্ট সেনাপতি। পাপমতি ভারা সব ছইমতি খল। গো আহ্মণ সাধু যত হিংসিল সকল 🛚 পরমান্তু ছিরি যত বেদধর্ম যশ। এই লোক পরকোক সকল সম্পদ 🛭 এ সৰ যাহার নাশ হয়ে একবারে। সেই সে গোত্রাহ্মণ বৈষ্ণবে হিংসা করে॥ ক্ংসের সকল নাশ হৈব হেন আছে। দেব **হিল হিং**সা করি মজিল সবংশে। কৃষ্ণখণ-সমৃদিত অমুর মন্ত্রণা। রখুনাথ পতিতের মধুর রচনা।

ইতি ঐতাগৰতে মহাপুৱাণে পারমহংস্তাং সংহিতারাং বৈরাসিক্যং দশমস্কল্ডে চতুর্বোহ্যারঃ । ৪ ।

⁽২) "ভাছাৰ উপৰে **অন্ত** না কর প্ৰহার"।

⁽७) भाशिकव,-"(वरन।"

⁽১) मृश्न "व्विष्र चा" शांठ चारक्।

MARI WATTY I

দেশাগ রাগ।

एक मृनि राज एन बाका भवीकिए। পুত্ৰ জনমিল নন্দ হৈয়া আনন্দিত ! ভাকিয়া আনিয়া যত বেদক্ত ত্ৰান্ধণ। দ্মান করি অকেতে পরিল আভরণ। জাতকৰ্ম কৈল স্বন্তি করিয়া বাচন। ষ্ণাবিধি কৈল দেব-পিতৃ আরাধন । হুশ লক (১) দিল ধেতু কাঞ্চনে ভূবিয়া। ভিলের নির্দ্মিত সাভ প[্]ত করিয়া॥ কাঞ্চনে নির্মিত ঘর (২) কাঞ্চনে খচিত। কাঞ্চন বসনে কৈল পৰ্বতে বেষ্টিত॥ সাভ ভিল-পৰ্বত ত্ৰান্মণে দিল দান। ৰসন ভূষণ বছবিধ অন্ন পান। দান হৈতে হয় সৰ দ্ৰব্যের শোধন। ভৰজান হৈলে হয় চিত্ত পরসর॥ माना प्रया पिन नन्म रहिर्दश मान। সহজে পঞ্জিত নন্দ মহামর্তিমান । বিবিধ মঞ্চল বাণী পঢ়িল ব্ৰাহ্মণে। উচ্চস্বরে ভটিমা পঢ়িল ভাটগণে। গান্ধনে মধুর গীত নর্ত্তকে নাচন। ৰাজিল হুম্পুডি ভেরী বিবিধ ৰাজন। भूदव भूदव चरत चरत चक्रत चक्रत। চম্দন লেপন কৈল কুকুমে সেচন। ৰিচিত্ৰ পল্লৰ ধ্বজ্ব পভাকা ভোৱণ। পূর্বচ সারি সারি রম্ভা আরোপণ। পাভী ব্য বৎসগণ ধবলবরণ I তৈল হরিদ্রায় কৈল অব বিলেপন। নদৰ্যে পত্ৰ হৈল শুনি গোপগণে। আছ বিভূষিত কৈল বিবধ ভূষণে। विक्रित कांविन नान विविध रवर्ग। বিচিত্র বরিহা ধাতুমভিত কাঞ্চনে। ৰছবিধ ৰছমূল্য উপায়ন লৈয়া-৷ চলিল সকল গোপ আনন্দিত হৈয়া ৷ যশোদার পুত্র হৈল গোপীগণে শুনি। নানা আভরণে কৈল অধের সাজনী। নবীন কুন্তুমে মূখপড়জে ভূবিয়া। विकित विविध शाकु चारक निविधिया ।

ষরিতে চলিলা গোপী চলিতকুগুলা। পূণ, কুচ শ্রোণীভার গ্রমনমন্থরা 🛭 বিলোলিভ মণিহার কণ্ঠবিভূষণ।। কেশপাশ গলিত কুমুমবরিবণা ৷ চঞ্চল কুণ্ডল পরোধর হারশোভা। কম্বণকিমিণী জ্যোতি বিজুলির আভা। প্রশোভা করিয়া রম্পীগণ চলে। ভডিৎ সঞ্চরে যেন আকাশমঞ্জে॥ উভরিয়া গিয়া যদি নন্দের মন্দিরে। শিরে হাথ দিয়া গোপী আশীর্বাদ করে। িরজীবী হও বাপু কুশল কল্যাণ। ধান্ত দুৰ্কা দিয়া শিরে কৈল সম্বিধান (১) । তৈল জল হরিদ্রার করিয়া সেচন। पि १ इस चुक मधु देकल वित्रवण । ক্রফের মহিমা গোপী গায় উচ্চস্বরে। বিবিধ ৰাজন বাজে নন্দের মন্দিরে ৷ ক্রফ আসি নন্দঘরে হৈলা উৎপন্ন। আনন্দে প্রভুব গুণ গায় গোপীগণ॥ দ্বধি হয় ঢালাঢালি ননী পেলাপেলি। আনন্দ্রগাগরে পড়ি ভারে গোপনারী। নন্দুখোৰ মহাবৃদ্ধি কোন কৰ্ম করে। প্রিল সকল লোক বস্ত্র-অল্কারে । নৰ্দ্ধক গায়ক ভাট নানা গুলিগণে। একে একে সকলে পুজিল জনে জনে ! शृक्षिण त्राहिषी (पवी इवत्व इविद्या। উৎসব করম্বে দেবী আনন্দিত হৈয়া 🛚 चर्छन्य च्छेनिकि च्छे गरानिधि। গোকুলে মিলিল গিয়া সে দিন অবধি ৷ আপনে আসিয়া যাতে রহে শ্রীনিবাস। সাক্ষাৎ লক্ষীর ক্রীড়াভূমি পরকাশ। গোকুলে রক্ষকগণ করি নিয়োজিত। মধুপুরে নন্দ খোব চলিলা ভুরিত 🛭 क्रान्त वर्गतकः भिन त्मरे भित्न। মধুরা চলিলা নন্দ তাহার কারণে 🛭 কংসের বৎসর কর করিয়া শোধন। আপনার নিজপুরে করিলা গমন ৷

⁽ ১) मूल "(धनुनार नियूर्ण" चार्छ।

⁽২) 'পাঠাছর,—"রথ"; অন্তচ্চ,— "কাঞ্চল নির্মিত ঘট কাঞ্চনে অভিত।"

^{(&}gt;) পাঠাভৰ,—"মাথে সইল আমাণ"।

ঐকৃষ-প্রেমতর্দিশী

हिन कोटन बच्चटम्ब (श्रेन) नम्बद्ध । বস্থদেব দেখি নন্দ উঠিলা সথরে (১)। চুই ভাই সম্ভোবে করিয়া কোলাকোলি! আসনে বসিলা হুঁহে হাতাহাতি করি। রাম-ক্লফ চুই পুত্রে চিত্ত আরোপিয়া। বস্থদেব বলে কিছু পীরিতি করিয়া। এই মহাভাগ্য ভাই দেখিলুঁ তোমারে। পুত্ৰ জনমিল সিঞা এই বুদ্ধকালে। পুনরপি জন্ম যেন লভিল আপনে। হেনকালে পুত্রমুখ হৈল দরশনে। সৰদ্ধ বান্ধবে তুমি আছ নিরাকুলে। নাহি উৎপাত কিছু তোমার গোকুলে। মহাবনে তৃণ ভল আছে ভালমতে। নিরস্কর যাহে থাক গোধন সহিতে। আছরে আমার পুত্র কুশল কল্যাণে। ত্মি-সব কর তার পোবণ পালনে ৷

(১) পাঠান্তর,—

"রাশকর দিল নক্ষ ক্সেবিত্যানে। বিদার হইরা চলে আপন ভবনে। বিবরণ বুঝিরা বস্থদেব মহাভাগ। নক্ষের নিকটে গোলা করি জন্মবাগ।" পিতা করি তোমারে বলরে অণ্কণ। তৃষিহ তাহারে বেন দেখ প্রা শম। वर्ष चंर्ष काम गृत्व अहे श्रीदांचन। याहा विश्वा गरखाय कतिरम् बहुस्यन । যাহা হৈতে বন্ধুগণে না হয়ে পীরিতি। কিবা যশে খনে কিবা কি ঘর বস্তি। नम शांव वरण छाटे धन महानंब। মারিল পাপিষ্ঠ কংস বিস্তর তনম 🛚 क्षांनि क्या (यहा दिन अवस्थित। অন্তরীক্ষে গেল সেহো অদৃষ্টের বশে 🛭 শুভাগুভ সুখত্বঃখ অদৃষ্টকারণ। चान्हे द्विष्ठा वित्र हम दूरकन । वश्राप्तव वर्ण नक अनह वहन। विखद्र कथात्र किছ नाहि व्यदाजन । द्राक्षात्र वर्गत्र-कद्र पिरम अक्वारत । কি কাজ হেথাতে রঞা ঝাট চল বরে। গোপকুলে উৎপাত হৈব হেন জানি। না কর বিলম্ব নন্দ শুন তব্ববাদী॥ ৰমুদেৰ ৰচন ভনিঞা গোপগণে। नम चानि करिया भक्छे चारबाहरण । বস্থদেৰ সম্ভাবিদ্ধা করিলা পদাণ। ভাগৰত-আচাৰ্য্যের মধ্বস পান।

ছতি ঐভাগৰতে মহাপুৱাণে পারমহংতাং সংহিতারাং বৈরাসিকাং দশনক্ষে পঞ্চমোহধ্যারঃ । ৫ ।

बर्ष ज्यभाग्र ।

थाननी त्रांग।

মূনি বলে কহি রাজা শুন সাবধানে।
নন্দবোৰ চলিল চিন্তিতে মনে মনে ।
বস্থদেব-বচন অসত্য কভু মর।
কিবা উৎপাত আজি রজকুলে হর।
পূতনা পাঠাঞা তথা দিল কংসাম্বরে।
উঠিল রাক্ষ্মী গিরা নন্দের গো হলে।
হরিগুলসংকীর্জন লা হর বে স্থানে।
তথা তথা উৎপাত করে ছুইসণে।
বংন প্রভু আপনে সাক্ষাৎ বে জীহরি।
রাক্ষ্মীর প্রাণে ভাবে কি করিতে পারি।

পাপিনী পুতনা সে বে নানা মান্না জানে।
মান্নার বৃবতীবেশ ধরিলা আপনে ।
কেশপাশ বিনিহিত ক্লা নলিমালা।
পৃথুপ্রোণী ক্চডর গমন বছরা ।
ক্রানা কটিডট পট্রবাসপরিধানা।
ক্রেক্সভিতগণ্ড বৃদিতবচনা ।
ভূকডক বিলসিত মান মনোহরা।
বিলোগ অলকাবলী কৃশ্চিকুক্তলা।
ভলস বিলস গতি কমল চুলার।
চকিত চপল দিটা নক্ষরে বার।

লন্ধীৰেবী বাম নিজ পতি দৰ্শৰে। এই চিত্তে লাগিল গোকুলবাসিজলে ৷ গোপ গোপী এইরূপ চিন্তিতে লাগিলা পুতনা প্ৰবেশ গিয়া নন্দৰত্নে কৈলা 🛚 নিজ তেজ সম্বিয়া আছমে শ্বনে। मुनिष्ठ नक्षन यन किছ् हे ना जारन । আচ্ছাদিরা আছে প্রভূ নিক্ত তেজবল। আশ্বনি থাকমে ধেন ভদ্মের ভিতর । অন্তর্ধামী প্রস্তু সে সভার তত্ত্ব জানে। কিবা অগোচর আছে ভার বিদ্যনামে। পুতনা রাক্ষ্যী সে বে বালক্ঘাতিনী। আনেন ভাহার তম্ব প্রভূ চক্রপাণি ঃ মনে আছে পুতনারে করিব সংহার। নহে প্রাকৃ শিশুভাব করিয়া বিস্তার । এত विवद्रभ माहि बाटन निमाहदी। ৰালক ভুলিয়া সির। লৈল কোলে করি। নাজানিরা কেহো বেন কালসর্প ধরে। কালান্তক বন যেন ভুলি লৈল কোলে # তার দ্বপ তেজ দেখি অভি মলোহর। কুৎসিত বদন তার বচন কুম্বর ৰশোদা রোহিণী কিছু না পারে বলিছে। চিত্রের পুত্ত বিশ্ব লাগিল চাহিতে ৷ কোন কর্ম কবে ভবে পৃত্তনা লাগিনী 1 শিশুমুখে বিবস্তন দিল দোচারি^{বী} I চুই করে তন ধরি প্রভু ভগবান। চুম্বক ধরিয়া তবে দিল এক চান। প্রাণ সহে তান ভার পিলেন **এ**হরি। ছাত ছাত বলিয়া পণ্ডিল নিশাচরী। হুই আঁখি উলটিল আছড়িল পার। আর্দ্রনাদ করিয়া ছাড়িল খন রাম 🛭 পড়িল পুতনা তার শবদ উঠিল। নদ নদী গিরি ভক্ত ধরণী কম্পিল। গ্রহগণ সহে কাঁপে গগনমগুল। দশদিগ পাতাল কাঁপিল ক্ললমূল । ৰক্ষপাত হেন লোকে হৈল চমৎকার। ভমিতে পড়িল লোক দেখি অন্ধকার। ছেনক্লপে পড়িল পুতনা নিশাচরী। প্রাণ চাড়ি গেল তবে নিজন্নপ ধরি ঃ ৰাদশ দত্তের পথ প্রথিবী বুড়িয়া। পুতনার কলেধর রহিল পড়িয়া 🛭 পর্ব্বতের গুহা যেন নাসিকাবিবর। ত্রই গোটা গুন তার পর্বাত্তশিখর।

नाकरनद केंच रचन विकष्ठ प्रथम । অন্ধকৃপ বেন ছুই গভীর নয়ন। শুক্তজন দ্রদ বেন উদর গভীব। মহা মহীধর বেন উচল শরীর ৷ নদীতট যেন তার জ্বন বিস্তার। হাত পায় দেখি হেন দীঘল আলাল 🛭 গোপগোপী দেখিয়া পুতনাকলেবর। কাঁপিয়া উঠিল অল তরালে সকল 🛭 খেলায় বালক তার বকের উপরে। ধাঞা গিয়া গোপীগণ আনিল সম্বরে 🛭 যশোদা রোহিণী আর পোপীপণ মেদি। রক্ষা ৰান্ধে বালকের শিরে হাত ধরি ঃ গোপুচ্ছ ভ্রমায় লৈয়া অক্সের উপরে । গোমতে করার স্থান বালকের শিরে ! গোধৃলি গোময়ে তার করাম মক্কন। বাদশ অন্দের রক্ষা করে গোপীপণ । করপদ পাখালিয়া আচমন করি। রক্ষা বান্ধে গোপীগণ নানা মন্ত্র পঢ়ি॥ অজ নারায়ণ রক্ষা কক্ষক চরণ ৷ মণিমান জাহুত্বম কক্ষন রক্ষণ 🛚 কটিতট অচ্যত অঠর হয়গ্রীবে। यक्षक्रभी छेक्ष्य अन्य दक्ष्मत्य । नेन राक रूपा कर्छ विक् चुक्यूर्श । রকা করু উক্তরুম তোমার শ্রীমূপে। केश्रद्ध दक्क भिद्र चार्ण ठक्क्ष्य । ছুই পালে খড়া ধন্ত আগে গদাধর। কোণে শব্দ অধে তাক্তা রক্ত্ক তোমার। উপেন্ত বৃক্ষুক উর্দ্ধে তোমা সর্ব্বকাল। इज्**ध्य गर्कपिक् कक्रन वक्र**न । ক্রবীকেশ ইন্দ্রির সে প্রাণ নারারণ ॥ থেত্তীপণতি চিন্ত মন যোগেশ্বর I শুদ্দিগর্ভ বৃদ্ধি রক্ষা করু নিরম্ভর । ক্রীড়াকালে গোবিন্দ রক্ষক অনুকর্ণ। শয়নে মাধৰ দেব আত্মা ভগৰান ৷ ৰসিভে শ্ৰীপতি দেব বৈকুণ্ঠ গমনে। সর্বাবন্ধপতি রক্ষা করুন ভোজনে 🕽 ভুত প্ৰেত আদি বত ডাকিনী বোগিনী। কোটরা পূতনা আদি বাসক্বাভিদী 🕽 যক বক বিনায়ক ছুট গ্রহগণ। ৰুদ্ধহ বালগ্ৰহ লোকসন্তাপন विकृ प्रख्यात वाकू अ जुव विनाम ! স্ব্ৰে বৃক্ষক দেব অগৎুনিবাস্ 🛚

এইরূপে গোপীগণ করিল রক্ষণ। ৰাত্ৰ শিশু কোলে করি পিয়াইল গুন । व्यक्त चापि গোপগণ আইল হেনকালে। বিশ্বর পভিল ভারা দেখি কলেবরে। बच्चाप्तव (य किन्न निम्न चनाथा। সহায়নি বস্তুদেব জানিল সর্বা।। **ভবে ভার কলেবর কুটারে কাটিয়া।** ৰুৱে লৈয়া কঠি দিয়া পেলিল পোড়ায়া। প্রডিতে শৌরভ গন্ধ দেহের উঠিল। ভার গব্ধে সর্বলোক বিশায় পড়িল। জনপান কৈল তার প্রভু নারায়ণে ! অশেব পাতক ধ্বংস হৈল তে-কারণে। পুতনা রাক্ষ্সী সে যে রুধির-ভোজনা। শালকবাজিনী সে যে ঘোরদরশনা ॥ শারিবার তরে বিষ ভরি দিল গুন। মুজিপদ হৈল তার এই সে কার"। 🛤 🛊 ভক্তি করিয়া যে প্রভু নারায়ণে। প্রিয়বস্ত যে কিছু করয়ে সমর্পণে। ভাহার কি ফল হয় কহিতে না পারি। ভাহাকে পিয়ায় অন যপোদাসুন্দরী॥ ভক্তেমে করে বাকে জদরে স্থাপন। ক্ষা আদি দেব বার করমে বন্দন। হেন পাদকমলে যাহার অব বেড়ি। ন্তন পাণ কৈলা প্রভু শিশু বেশ ধরি।

কে কহিতে পারে ভার ভাগ্যের মহিমা। অঞ্চ ভব আদি যার দিতে নারে সীমা 🛊 বে ধেমুর ক্ষীর পান করেন মুরারি। যে যে গোপী ত্বন দিল ক্লফ কোলে কৰি॥ প্রভ যার পীরিতে করিল স্থনপানে। শহর বিরিঞ্জি বার মহিমা না জানে 🛭 পতনা রাক্সী যাতে পায়ে যোক্সতি। কহিব ভাহার তম্ব কাহার শক্তি। অধিল জগৎশুক্ল মোব্দপদাতা। পৰ্ব ব্ৰহ্ম সমাতন সৰ্ব্বলোকপিতা। उद्यापि-रिम्छ त्रहे (एवकीनमन। পুত্রভাব ভাহাকে করিল গোপীগণ॥ তবে কেন তাহার থাকিব ভবভয়। না করিহ রাজা তুমি ইহাতে সংশব। প্ৰতনা পুড়িয়া নন্দ আদি গোপগণে। পোকলে আসিয়া জিক্তাসিল লোক**স্থানে ।** গোপগোপী কহিল ভাহার বিবরণ। শুনিয়া বিশ্বয় হৈল যত গোপগণ। পুত্র লৈয়া নম্মহোব শিরে দিয়া হাত। চম্বন করিয়া মুখে কৈল আশীর্কাদ ॥ পুতনা মোক্ষণ কথা ভক্তিভাব করি। যে জন শুনয়ে শ্রীক্রফেতে মন ধরি। রভি মতি হয় ভার গোবিন্দচরণে। ভাগবত-আচার্য্যের মধুর বচনে ৷

ই জি শ্রীভাগৰতে মহা এরাণে পারমহংস্যাং সংহিতারাং বৈয়াসিক্যাং দশমন্বন্ধে বঠোহংয়ারঃ ॥ ७ ॥

मश्चम जानगा ग्र

ভাটিয়ালী রাগ।

এইরপে নন্দবরে বাঢ়ে বছবর।
সোপগোপী আনন্দ বাঢ়রে নিরন্তর।
বদভূত কথা শুনি রাজা বিফুরাত।
নিবেদন করে কিছু মুনির সাক্ষাৎ।
বে বে অবভারে হরি বে বে রূপ ধরে।
ক্রিভিমুধ মনোরম যে বে কর্ম করে।
বা শুনিলে মনোগত গ্লানি নাহি রম।
বিশেবে বৈরাগ্য হয় নির্মাল আশর।
ভক্তানে স্থাভাব শুক্তি নারায়ণে।
হেন হরিচরিত্র কহিবে আদি হনে।

বৃদ্ধি ইৎসা কর তৃষি ও বােলেগর।
কহ হরিচরিত্র প্রবণননাহর।
সপ্রতি গোপাল বাল কহিবে চরিত্র।
বাহার প্রবণে সর্বলোক আনন্দিত।
রাজার বচন শুলি শুক বােলেগর।
কুফুকেলি কথা কহে প্রবণনকল।
অব্দের চালন শিশু কৈলা একদিলে।
কৌজুকে উৎসব ভবে কৈল লোপগণে।
জনন-নক্তর বােগ আছে সেই হিনে।
পোপগোপী আসিরা মিলিল সেইক্সণে।

বিবিধ বাজন গীত বিবিধ ম**দল** I ছিন্তগণে বেদমন্ত্র পড়িল বিশুর 🛭 মহা-অভিবেক কৈল অনিঞা ব্ৰাহ্মণে। विविध विधारन देकन भाखि चलात्ररन ॥ গন্ধ মাল্য ধন ধেন্তু বসনে ভবিরা। দ্বিজ্ঞগণে পাঠাইলা সম্ভোব করিয়া। তবে পত্র কোলে করি যশোদা স্থন্দরী। নিদ্রা ল(ও) য়াইলা অবে দিয়া করতালি । শব্যার উপরে শিশু করাঞা শহন। বসনে ভূষণ পুৰু গোপ গোপীগণ। পত্ৰমহোৎসৰ দেবী আনন্দিত মনে। লোকপুণা করিতে না কৈল অবধানে I (১) ন্তন নাহি পিরে শিশু যুড়িল ক্রন্দন। कान्मिए कान्मिए घूरे जुनिन हत्र। শকটের তলে আছে শরন করিয়া। ভাজিল শক্টখান চরণ লাগিয়া ! নবদল চরণকমল ছুইখানি। শকটে বাঞ্জিল গিয়া তাহার ঠেকনি। উলটিয়া পড়িল শকট হৈল চুর। শিত হৈয়া কে করিতে পারে এতদুর॥ ভাজিয়া পড়িল দ্ধি ছুয়ের কলস। ভমিতে পডিয়া গেল বিবিধ গোরস 🛭 হেন অবতৃত দেখি যত ব্ৰহ্নারী। বিশার পড়িল নন্দগোপ আদি করি। উলটিয়া শকট পড়িল কি কারণে। ভূমিতে পড়িয়া কেনে হৈল খানখানে। কেহোত ব্ঝিতে নারে ইহার কারণ। নিকটে আছিল বত কৰে শিশুগণ ॥ পারে ঠেলি এই শিশু শক্ট ফেলিল। বালকের বাক্যে কেহো প্রভীত না গেল। অমিতবিক্রম শিশু গোপ নাহি ভালে। প্রতীত না কৈল কেছো শিশুর ৰচনে 🛭 সাকাৎ পর্মানন্দ প্রস্ত ভগবান। শিশুবাক্যে গোপগণ কৈল অপ**জা**ন 🛭 ছা(e)রাল কান্দিতে আছে শব্যার উপরে। ধাঞা গিয়া যশোদা তুলিয়া লৈল কোলে। পুন বিপ্ৰ আনি করাইল স্বতায়ন। শান্তি স্বন্ধি করি তবে পিরাইল অন।

তবে আর গোয়াল আছিল বলীয়ার। সেইরূপ শক্ট স্থাপিল আর্বার 🛚 (১) ধাক্ত দুৰ্কা দিখা তবে শকট পুঞ্জিল। ব্ৰাহ্মণ আনিয়া পুন: শান্তিৰজ্ঞ কৈল ! পর্ম সুবৃদ্ধি নাদ সৃহজে পঞ্জিত। **(एव विक श्रुका देवन देवन) गांवहिन्छ ॥** দিব্য অন্নপান দিয়া পূজিলা ব্ৰান্মণে। ধন ধেছু বছবিধ বসন ভূষণে । বিপ্রমূখে পুত্রকে করায় আশীর্কাদ। বক্ষা করে বিপ্রগণ অতে দিয়া হাত । এইক্লপ উৎসব করাঞা নন্দরায়। সৰ গোপগোপীগণ ভূবিয়া পাঠায়॥ শক্টভন্নন লীলা কহিল স্থনর ৷ আর এক অদভূত শুন সুপবর॥ একদিন পুণাবতী যশোদা স্থলরী। লালন পালন করে পত্র কোলে করি ৰহিতে না পারে শিশু বড় হৈল ভর। ভূমিতে ছাওয়াল থুইল মনে পাঞা ডর। ঈশ্বর চিক্তিয়া মনে গৃহকর্ম করে। তৃণাবর্ত্ত দৈত্য আইলা হেন অবসরে॥ কংসের আদেশে দৈত্য গোকুলে আসিয়া। চক্রবাতরূপে নিল ছাওয়ালে ছরিয়া। মহাঝন্ড উৎপাতে গোকুল পুরায়। ধুলা অদ্ধকারে কেহ দেখিতে না পার 🛭 পরাইল দশদিগ্ শবদ নিষ্ঠ্র। ধুলা অন্ধকারে সৰ পুরাম গোকুল। কে কোথাতে আছে কেহো কিছুই না **ভানে**। পত্ৰ না দেখিয়া দেবী হবিদ গেয়ানে ! করুণা করিয়া কান্দে ভূমিতে পড়িয়া। গাৰী বেন হাখালামে বাছর হারাঞা ॥ কান্দ্ৰন শুনিয়া সৰ গোপীগণ আইল। শিশু না দেখিয়া তারা কান্দিতে লাগিল ! আঁথি বাঞা পড়ে নীর আহল হদর। ছঃথ শোকে গোপীগণ কান্দে আতিশয়। তৃণাবর্ত্ত মহাদৈত্য কোন কর্ম করে। ছাওয়াল তুলিয়া লৈল আকাশমকলে। ৰহিতে না পারে শিশু পর্বতের ভর। মনে ভয় পাঞা দৈত্য করে ধড়কড ।

⁽১) পঠিছের,— "মহি অবধান পুত্র আহতে শর্তন।"

⁽১) পাঠান্তর,— "ভবে বভ মহাবল গোপপণ ছিল। সেইবলে আরবার শব্ট রাখিল ৪"

যাৰৎ পলাঞা নাহি বাম ছৱাচার। ছই হাতে গলা চাপি ধরিল ছাওয়াল॥ হাথ পাও আছাড়য়ে করে ছটুফট্। মুখেতে না আইনে রাও দেখিতে বিকট। पूरे वा वि डेनडिन श्तिन (ठठन। স্থুমিতে পড়িঞা দৈত্য ছাড়িল জীবন। পড়িল আকাশ হতে শিলার উপরে। খণ্ড খণ্ড হৈল ভার সব কলেবরে। শিশাতে পড়িঞা দৈত্য হৈল শব্দাচুর। শঙ্করের বাণে বেন পড়িল ত্রিওর। গোপগোপীগণ কান্দে আকুল হদর। হেনকালে দৈতা দেখি পাইল বড ভর। খেলায় বালক ভার বুকের উপর। দৈবৎ মধুর হাস্ত দেখিতে স্থানার। নাখিবারে চাহে শিশু ভন্ন নাহি যানে। ধাঞা গিয়া ধরে শিশু গোপগোপীগণে। সব ছঃৰ দুৱে গেল পাঞা বছৰর। গোকুল ভরিয়া হৈল আনন্দ মুল্ল। নন্দ আদি গোপ বলে হৈয়া আনন্দিত। নষ্ট হৈলে হেন পুত্ৰ মিলে আচম্বিত 🛭 নিজ পাপে হিংসকের হয় পরলয়। **ওছভা**বে সাধুজনে তরে তৰভয়॥ আমি সৰ কোন ভপ কৈল পুণ্য দানে। সাক্ষাতে পুজিল কিবা পুৰুষ পুৱাণে। কিবা সর্বাভূতে হয়া কৈল শুদ্ধ চিন্তে। কোন ভাগ্যে মৃত পুত্ৰ মিলিল সাকাতে॥

चक्कुछ एवि नन हिस्स मत्न गरन। वञ्चरमव्याम क्षिन विमामादन । करपानिन वहे चात्र नमस्न नमस्न । एव कर्म कविन वाका छन नावशास्त । পুত্র কোলে করিয়া যশোণা এক দিনে। चन शिश्रारेण (परी रुव्रविक गत्न। মধুর অব্দের করে লালন পালন। क्त्रं पिश्रा करत्र रमती मूथ मात्रक्त ॥ ংনকালে মুখে হাই ছাড়িল ছাওয়ালে। ত্রিভূবন দেখে দেবী মুখের ভিতরে। ममनिश श्रष्टशन चाकामम्थल। চন্দ্ৰ সূৰ্য্য ৰাষ্ট্ৰ ৰহি এ সপ্তসাগর॥ गश्चीण नम नमी गित्रि छङ्गा। স্থরলোক সপত পাতাল ক্ষিতিবন 🛚 (>) এমাও পৰ্যন্ত বত স্বাৰর জন্ম। পুত্ৰমূৰে বশোদা দেখিল ত্ৰিভূবন ॥ পুত্রমূবে জগৎ দেখিয়া ত্রজেবরী। কাঁপিয়া উঠিল অঙ্গ ধরিতে না পারি 🛭 छ्हे भाभि मुनिया बहिल लाहे यता। হেন অদত্তত লীলা করে নারায়ণে। ্বক্ষপ্তণ শুন ভাই ক্ৰফে দেহ আশা। ভাগৰত-আচাৰ্য্যের মধুরস ভাবা ৷

(১) অন্ত পৃথির পাঠ,— "সপ্তরীপ পিরি তক্ত নদ নদী অল। অনুলোক সপ্তপাতাল ক্ষিভিতল।"

ইতি গ্রীতাগৰতে মহাপুরাণে পারনহংস্তাং সংহিতারাং বৈদ্যাসিক্যাং দশমন্ত্রক সপ্তমোহধ্যারঃ । ৭ ।

ब्बर्धिस व्यक्तास । वहाषी द्वांग ।

তক ৰহামূনি বলে তন নবেবর।
আর অবজ্ত কহি শ্রুতিমনোহর।
বছ্রুলে গুরোহিত গর্গ মূনি নাম।
আজা দিলা তাঁরে বপ্রদেব মন্তিবান।
পর্য মূনি পেল তবে নন্দের মন্দিরে।
দেখিরা উঠিল নন্দ পরম আদরে।
পাত অর্থ্য পদ্ধ পুন্দা নানা উপহারে।
বিক্সুবৃদ্ধি করি তাঁরে পুঞ্জিলা সহরে।

আসনে বসারা। বুনি বিনরবচনে।
কর বোঞ্চ করি নক্ষ বলে সাবধানে।
নহাত্রন আগমন এই প্ররোজনে।
চেতন-ব্যক্তি গৃহীর করে পরিবাণে।
তৃমি মহাপ্রক্ষর ভূর্মত-হিতকারী।
তাহার কারণে তৃমি আইলা দ্যা করি।
তৃমি বহাপঞ্জিত কেবল ওছ্বতি।
তোবা হৈতে জ্যোতিব শান্তের উৎপতি।

এ শব্দ শুনিঞা বত গোপগোপীগণে। 📲 ক্রে আসি কৈল দর্শন লালনে। ভবে রাজা জিজ্ঞাগিল মূপির চরণে। এত বড় অগভূত ঘটিল কেমনে। (भाषभाष कृष्य (श्रम देकन निवस्त्र । পর পুত্রে ক্রফে প্রেম কেনে এত বড় । শতভাগ প্রেম নহে আপন তনমে। 🕶 ওক এত বড় অনভূত হয়ে ॥ ষুনি বলে শুন বাজা কহিব তোমারে। আত্মাতে অধিক প্রিন্ন নাহিক সংসারে। আত্মা সমক্ষের দেহ স্থত বিভ দার। আত্মাতে অধিক কেহ প্রিয় নহে আর॥ আপন আপন আত্মা প্রিয় যত বড়। পুত্ৰ বিষ্ণ কলতা না হয় এত বড় । দেহবাদী আর সব দেহে আত্মা মানে। বার আর প্রিয় নাছি দেছের স্মানে। আহার আত্মাত বড় দেহ প্রিম্ন নহে। জীৰ্ণ হয়্যা বায় অৰু জীতে মাত্ৰ চাহে। পশিত সকল অব জীৰ্ হয়া যায়। তমু তার হুষ্ট আশা জীতে মাত্র চায় 🖡 এতেক সভার প্রিয় আন্মা প্রিয়তম। সংসারে কাহার প্রিয় নহে আত্মা সম 🛭 সকল আত্মার আত্মা সে নন্দনন্দন। স্**র্বলোক-**গতি পতি জীবের জীবন 🛚 ব্দগৎ নিস্তার হেতু মারা নববেশে। দেছ ধরি গোপরূপে ত্রন্ধ পরকাশে॥

এই রাজা ভোষারে কছিলু স্থানশ্য ।
এই নক্ষয়ত ক্বঞ্চ প্রান্থ সর্বায় ॥
স্থাবর জক্ষ হল গুলু আদি করি ।
কৃষ্ণ বিনে কোন বস্তু নিক্রপিতে নারি ॥
কারপের কারণ প্রকৃতি মহামায়।
তাহার কারণ নক্ষয়ত-পদ ছোরা ॥
মুরারি চরণ-নোকা যে করে আশ্রয় ।
মহান্ত একান্ত গতি পুণ্য যুলময় ॥
বৎসপদ হয় ভার এ ভব সংসার ।
পরম বৈষ্ণবপদে বৈসে নিরম্বর ॥
বিপদের পদ ভার নহে বিদ্যানা ।
সর্বাত্ত সম্পদপদ রহে স্তিথান ॥

বে তৃমি পুছিলে ক্ষিতিপতি মহাশর।
কহিনু সকল আমি করিয়া নির্ণয় ॥
এক সংবৎসরে অধান্তর বং হৈলা।
আর বৎসরেতে শিশু পোকুলে কহিলা॥
মুররিপু শিশুবেশ চরিত্র-বর্ণন।
অধান্তর বং কথা পুলিন-ভোজন॥
রক্ষান্ততি নিরূপণ ব্রহ্মদরশন।
ভক্তিভাবে যেবা কহে যে করে প্রবণ।
অশেব সম্পদ তার বাড়ে দিনে দিনে।
সর্ব্বপাপ হরে ভক্তি হয় ভনার্দ্ধনে॥
শীসদাধর ভক্তিরস গুরু জান।
ভাগবন্ত অভিযের মধুরস-গান॥

ইতি শ্ৰীভাগৰতে মহাপুৱাৰে পাৱমহংক্তাং সংহিতাৰাং বৈৰাসিকাং দশবন্ধৰে চতুৰ্দ্ধশোহধ্যাৰঃ ॥ ১৪॥

भक्षम्य व्यवगारा ।

क्यांत्र ज्ञांग।

শুক মুনি বলে রাজা শুন সাবধানে।
আর অপরূপ কথা কহিব এখনে ॥
পঞ্চ বংসরের উদ্ধের্ দলের ভিতরে।
পৌগগু সময় জাথে বলি নরেখরে॥
পৌগগু সময় তবে করিয়া খীকার।

রামঞ্চক শিশু সংক করেন বিহার । বেছ চরাইতে বোগ্য হৈল বৃদ্ধি বল। শিশুগণ সংক্ষ বেছে রাখে খামোদর । বৃন্দাবন ধন্য করে চরণ-পর্নে। রামঞ্চক বেছ রাখে ব্রুক্ত শিশুকেশে।

চৌদিগে বান্দকগণ নিজগুণ (১) গায়। বলরাম সজে হরি মুবলী বাজার। গোধন চরমে আগে পাছে হ্রবীকেশ। কুম্মমিত বুন্দাবনে কৈল পরবেশ। **भिष्णग**ण **हदग-नृश्**त्र-सनसनी । অলিকুল ৰিহগ ৰধুর মৃত্ব বাণী। यमूनाम इस वहा नित्रवल खन । শতপত্ৰ-গন্ধ যুক্ত পৰন শীতল। ছেন অদত্তুত বন দেখি বনমালী। মনে করে এখা রহি করি বালকেলি॥ ৰনে বনে অঞ্চণ পদত মনোহয়। ফল ফুলে লখিত বিবিধ তক্ষর। भिरत कम कुन श्री हत्रन नेतरन। ভক্ষগণ দেখি কৃষ্ণ মনে মনে হাসে॥ चापि शूक्षव इति चनापि निधन। निष चर्यात्वरत छट्द कि वटन बहुन । আহো দেবদেব স্থববন্দিত চরণ। কল কুল দিয়া পূজা করে ভঙ্গণ 🛭 প্রব শিখায় করে চরণ বন্দনা চ তক্ষপ্র-কৃত পাপ করিতে খণ্ডনা 🛭 তোমার নির্মণ যশ ভূবন পাবন। এ সব ভ্রমরগণ পার অফুক্ষণ॥ তৃত্ব দেহে ভক্তের ধর্মপথ তত্তে। व्याप्त मृनिश्रम अहे बुन्तावन-मार्य । গুঢ়ক্সপে ভূঙ্গবেশে রছে বলে বলে। নিজ নাথ তোমারে না ছাড়ি একমনে। শিখিগণ সূত্য করে মধুর মূরতি। প্রিম নিয়ীকণে মৃগ্নী করমে পীরিতি। কলরৰ কোকিল মধুর রব করে। ষম্ম বুন্দাবনবাসী সংসার ভিতরে। ভক্ত জনার এই সহজেই ব্লীতি। কোন দেহে না ছাড়য়ে ঈশ্বর পীরিতি। বস্তু ভূণ লভা ভক্ন ধন্ত মুদ্দীগণ। रक नहीं थेश मुश शक वुन्सावन s ভোমার চরণধূলি পরশিল শিরে) **শৰ্থ পরশন কেচ সভিল শরীরে 🛭** শন্মী বারে বাস্থা করে সতত ধেয়ানে। হেন কর পরশন করে তহুগণে । **अरेक्स्ट वृन्धावत् ब्रह्म व्रमाशिक ।** \ পোধন চরার ব্রজনালক সংহতি ।

মদমত ভূকগণ শ্ৰদ ঝকার। অমুগত সঙ্গে পাৰ পঞ্ম বুগাল 🛭 হংসের শবদ শুনি হংসরৰ করে। শিওগণ নিজ গুণ (১) পাৰ উচ্চৰৰে 🛭 ৰয়ুৱের সুত্য ছেখি ময়ুর নাচর। মহুর পেথম ধার বাজক হাসার। कर्ण एक भेरत कर्राय व्यक्तांत्र । কোকিল শবদ কণে শবদ বুসাল ৷ ক্ৰে যেব শবদ গম্ভীর নাদ কৰি। দূরে যদি বাম ধেত্ব ডাকে নাম ধরি। पूरव थाकि रश्च यपि निष्य नाम अस्त । **ऐर्फ शब्द (४३)। चार्टरम ५२३ महिशास ॥** চকোর ভাকই হংস চক্রবাক নামে। হাসার বালকগণ বিবিধ শবদে 🛭 ক্ষণে শিশুগণে ভয় দেই দ্বামোদর। সিংহ বাছ খবদ করম্বে ভয়ক্তর । ৰুণে ক্ৰাডা পরিশ্ৰমে বলদেব রায়। শিশু উরে শির দিয়া শুইয়া মুমার 🛭 चार्रात कराय कुछ शामग्रशहर । বিশ্রাম কররে হরি লঞা শিশুগণ 🛭 ব্দণে ৰুত্য করে হরি ব্দণে গাঁত গায়। व्यक्तारक वृक्षरम करन फारक पन जोन । হাভাহাভি করিয়ে করয়ে মন রণে। হাসিয়া হাসার হরি সর্ব্ব শিশুগণে। কণে বাহযুদ্ধশ্ৰম করিতে খণ্ডন। কোমল পরবদলে করয়ে শয়ন । বালকের উরে শির করিয়া নিধান। বুক্ষুলে শয়ন করেন ভগবান্ ঃ কোন শিশু করে তাঁর পাদসংবাহন। कान श्रम निष्ठ करन शहन ग्रमन । কোন বন্ত শিশুগণ গাম মনোহয়। প্রেমরুসে শিধিল সকল কলেবর। अहेक्टल निक नावा निशृष्ठ गहिमा। গোলশিশুল্পপে করে বিবিধ ভবিষা & ক্ষলা লালিত পদ ক্ষল মুরারি। क्क भिन्न गरम करत नाना राजरकि। ৱাম কেশবের স্থা এদাম গোপাল। ত্যেককৃষ্ণ আদি আর বভেক ছাওৱাল ! কহিতে লাগিলা তারা মধুর কলে। वाब वाब बहावाद चन निरवरत !

[ं] **३) रविष्य** ।

⁽১) कीव वन ।

कुक कुक महायम पृष्टे विनामन । ইথে কত দুৱে আছে মহাতালৰন 🛚 মহাতালকুল-পরিপরিত সকল। ভ্যিতলে কভেক পড়িয়া আছে ফল ৷ কিছ ভালবন রাথে ধেমুক অমুরে। নিকটে না যায় কেহ চরস্তের ভরে। অতি মহাবল সে অসুর তুরাচার । খরতর রূপ ধরে গর্দ্ধভ আকার ॥ সমবল সমবেশ জ্ঞাতিগণ লঞা। ভালবনে বৈলে নানা জীবজন্ত থেয়া। কিভিতলে পুরিষা বিস্তর ফল রছে। হের দেখ ফলের স্থন্দর গন্ধ বছে। তাল আনি দেহ যদি খায় শিশুগণ। वाश यपि कत्र कृष्ण याहे जानवन । শিশুগণ বচন শুনিয়া বনমালী। হাসিয়া চলিলা বলভক্তে সঙ্গে করি। বলভদ্র করি ভালবনে পরবেশ। ছই হতে ধরি গাছ ঝাডিল বিশেব। গাছের ঠেলার গাছ কাঁপে ধর ধর। ভূমিতল পুরিয়া পড়িল তাল্ফল। ছড়ছড়ি শবদ উঠিল ক্ষিভিতলে। শুনিঞা ধেছুক দৈত্য ধাইল সম্বরে। পদভরে পৃথিবী করমে টলমল। কাঁপিল পর্বতে তক্ন ধরণীয়গুল। ছুইখানা পাছা পদ উর্দ্ধ করি তুলি। মারিল রামের বুকে গাধা শব্দ করি। লাপি মারি ভবে সরি গেল কথোদুরে। পুনরপি ধাইল দৈত্য গর্জিরা নিষ্ঠরে । উর্দ্ধ করি পাছ পদ তলি আরবার। वात्मव कपरत पृष्ट्र मात्रिण প্রহার ॥ ছুই পদ ধরিলা রাম দিয়া বাম হাপ। আকাশে তুলিয়া পাক মারে পাঁচ সাভ। স্রমাইতে জীবন ছাড়িল ছুরস্তরে। তুলিয়া নারিল পাক তালের ট্রপরে 🛭 ভাঙ্গিল ভালের গাছ কাঁপে ধর ধর। গাছের ঠেলাম গাছ কাঁপিল সকল 🛭 লীলায় পেলিল। দৈত্য গাছের উপরে। মহা শস্চুর হেন হই তার ভরে। গাছে গাছে ঠেগাঠেলি কাঁপে ভালবন। আচ্ছিতে ষেন সহাঝড় বরিষণ 🛭 অনম্বর ধরণীধ্য ত্রিম্বগৎপতি। চরাচর আধার সকল লোকপতি ৷

এ কোন বিচিত্র কর্ম বলিব ভাছার। এই লাকে কৈল এক লীলায় বাহার॥ ধেহুকের মরণ শুনিঞা বছুগণে। ক্রোধ করি ধেয়া তারা আইল সেইক্সণে ! রামক্রফ ছই ভাই কোন কর্ম করে। বামহক্ষে লীলায় চরণ চাপি ধরে॥ পাক মারি পেলে তাল বক্ষের উপরে। তালবন পুরিল দৈত্যের কলেবরে। দৈতা দেহে व्यिতিতল সকল পুরিল। বিশ্বর গাছের মাথা ভাকিয়া পড়িল। দীপ্তি করে ভূমিখান দেখিতে স্থলর। মহামেঘে পুরে খেন গগনমগুল ॥ মহা অদভূত কর্ম দেখি স্থরগণে। ৰুত্য গীত স্তুতি কৈল পুষ্প ৰবিবৰে॥ থাপাথাপি দিয়া তাল শিশুগণে ধরে। তাল খায় শিশুগণ আনন্দে বিছরে। কৌতুকে সকল লোক দেখিৰে বেড়ার। পশুগণ পরবেশি নব তৃণ খায় 🛭 অমল কমলদল বিশাল লোচন। কমলা-বন্দিত পুণ্য প্রবণ কীর্ত্তন 🛭 অন্তুগত বালকে চৌদিগে শুণগার। ব্রঞ্চ পরবেশ কৈল ত্রিঞ্গৎ রাম। গোরবেতে আজ্বাদিত ক্সল উজ্জল। বিচিত্র বরিহা চূড়া শিরের উপর। कित कृष्यमाय यस वधु शाला। অমুগত পিশুগণ পায় চারি পাৰে 🛭 শিশু মাঝে বায় কাছু মধুর মুরুলী। পথে পথে বৃহি চাহে আভারত্বন্দরী। मूच-लन्न मधु लिएम नवन खमरत । দিৰস বিরহ-তাপ ছাড়িল **অন্ত**রে 🛭 ত্ৰজবধুগণ প্ৰেম আনন্দৰিলাস সলক্ষ কটাকপাত মন্দ মধু হাস। বুঝির। রমণীগণ মন বনমালী। ব্রস্থপুরে পরবেশ করিলা 🕮 হরি। যশোদা রোহিণী ছই হর্মিত মনে. चानैसीम टेकन तांग कुछ मत्रमात । महिन मक्कन कराहेल भूग्याला। षिराशक विरमनन पिन कर**न**रद ॥ ৰসন ভ্ৰমণ দিব্য আভয়ণ দিল। দিব্য অৱপান দিয়া ভোজন করাইল। লালন পালন কৈল বিবিধ বিধানে। শ্বন করাল্য বাতা উত্তৰ শ্বনে 🛭

এইয়পে আনন্দে বিহুরে বনমালী।
মায়া-নব-নারারণ শিশু গীলা করি ।
বুলাবনে বনমালী গোলা এক দিনে।
শিশুগণে সঙ্গে করি বলরাম বিনে ।
ধেছু লঞা গোলা কৃষ্ণ কালিনীর তীরে।
ছুকার আকুল খেছু ধাইল সম্বরে ।
ধেরা গিয়া শিশুগণ কৈলা জলপান।
বিষয়ল পান করি হরিল গেরান ।
গোণ হরি বংস শিশু পড়িল সকল।

দেখিয়া বিশায় হৈলা প্রাক্ত বাংগাখর ।
চাহিলা সদয়ে হরি অমৃত নরনে।
গোধন বালক জীরা উঠিলা তথনে।
বিশারে বালক সম মুখামুখি চার।
মরিয়া বঞ্জিলু পুন কেমন উপায়।
কৃষ্ণ অন্থগ্রহে জীল বুঝি অন্ত্যানে।
প্রান্ত বিনে কে আর করিব পরিত্রাণে।
ভাগবত-আচার্যের মধুরস-গান।
ভাগবত-আচার্যের মধুরস-গান।

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্তাং গংহিতায়াং বৈরাসিক্যাং দশ্ম ক্ষেত্র পঞ্চলশোহধ্যারঃ ১১৫ ৪

খোড়শ অধ্যায়।

নট রাগ।

কালসর্প বিদূষিত যমুনার ভল । पिथिया अवश बूज देकला शारशंचत । তবে রাজা জিজাসিল ভয় পের। মনে। অলের ভিতরে সাপ ধরিল কেমনে। সে বা সূৰ্প তথা কেন আছে এত কাল। কহিবে সকল মূনি করিয়া বিভার। পরিপূর্ণ ভগবান ঋণকর্মহীন। ভক্তবংস্ল হবি ভক্ত অধীন ৷ ভাঁহার উদার লীলা চরিত্র শ্রবণে। কাহার ভূপিত হয় স্থারস পানে। শুক মূনি বলে শুন কহি ক্ষিতীৰ্ব । चाहिन वियम अक रूप अत्रक्त । ষ্মুনার অল তাথে কালীনাগ বৈগে। উপলিয়া উঠে কল তার মহাবিবে। ভাছার উপরে কোন জীব না সঞ্চরে। উদ্ভিন্না যাইতে পাখী পড়ে বিষঞ্জালে। বিৰক্পাৰ্ভ ৰাছু যত দুৱ চলে। ভাৰৎ পৰ্যান্ত ভার বুক্ষ নাছি ভবে। পরচত বিববীর্ব্য দেখি ফণধর। ৰিষ বিদ্বিত দেখি ব্যুনার জল। ধল-সংয়ৰন হেতু অবতার করে। लक्ष विद्वा हरक केछ क्वरचत्र **कारन**। দ্য কৰি পরিধান বান্ধিল থেঁচিরা। জলে ব'পি ছিব বাছের মালসাট ছিরা। অধিল পুরুষ সার ঝাঁপ দিল জলে। ক্ষোভিল পরগরাল কম্পিত অন্তরে। ঘন খাস বিষ্ণালে উপলল নীর। শতংকু পৰ্যান্ত উঠিল ছুই ভীর। অনম্ভ বিক্ৰম বল অমিত মহিমা। এই কোন অভুত বিক্রমের গীমা। সর্পাহদে করে ছবি বিবিধ বিচার। উন্মন্ত বারণবর বিক্রমে বিশাল । বিঘূলিত ভূঃদও ভরণ করোলে। নাগরাতে শবদ বাভিল উত্তরোলে। শবদ শুনিক্রা নাগ প্রকোপে অলিল। गरेगत्स वागिया कृत्य कोमिर्ग विष्ण । মনোহর কলেবর নবঘন আম। 🗷 বৎস অব্দণ পীতবন্ধ পরিধান । মৰু মধুস্থিত চাকু স্থলর বদন। পদাগর্ভমঙ্গ করপল্লব-চরণ 🛚 মরযে মরযে নাগ সর্বাচ্ছে দংশিরা। বেচিল ক্ষের অন্ধ নিজ অন্ধ দিয়া। নাগভোগ (১) বেষ্টিভ সকল কলেবর। অচেতন দীলা করি রহে পাণেশর। বুঝিতে সর্পের বল-বিক্রমের সীমা। আপনে আহ্বাদে গ্রন্থ আপন বহিষা।

⁽ ১) मर्ग करा

গোপগণ অচেতন দেখিয়া জীহরি। मक्छिल हम्रा लोता भएए थान छिए। हिस विस सुरू मोत्रा कृत्यः चारतान्। গোৰিন্দ বান্ধৰ ভাৱা গোবিন্দ জীবন 🛭 ছেন ক্লফ বিনে কি গোয়ালা সুৰ জীয়ে। প্রাণ এড়ি পড়িল দারুণ শোক-ভয়ে। **হেছু বুষ ৰৎসগণ** কানিতে লাগিল। कृत्क मृष्टि चारतानिया माधाया दिन । হেন কালে যিবিধ প্রকার উৎপাত। ব্রজপুরে উপঞ্জিল অতি পরমান ॥ তা দেখিয়া নন্দ আদি বৃদ্ধ গোপগণে। ভয়েতে ব্যাকুল হয়া চিক্তে মনে মনে। আজি কৃষ্ণ বলে গেল বলরাম ঘরে। মা জানি কাননে কোন পরমান্ব পড়ে। **कोरा वा ना कीरा** इन्छ रहन नरा गरन। নানা উৎপাত দেখি বড় কুলকণে ৷ कुछ श्रीप कुछ यन कुछ वह धन। क्य वित्न किছ्हें ना जारन शानशन । ছঃৰ শোকে ব্যাকুল চলিল ওরিতে। আৰাল বনিতা বৃদ্ধ সকল সহিতে। चह बब चारि कति हीन हीन खन। সকল গোকুলবাসী হয়্যা অচেতন। বন পরবেশ কৈল রুফের উদ্দেশে। ৰলভন্ত সৰ্ববেতত জানেন বিশেৰে। হাসিয়া রহিলা রাম না দিলা উত্তর। ক্ষেত্র মহিমা রাম জানেন সকল ! গোপগণে চাহিয়া বেডায় বনে বনে। গোপথে ক্ষের পদ চিনিল লক্ষণে॥ সেই পথ অন্থগারে যায় গোণগণে। ব্যনার তীরে গিয়া হৈলা উপদল্পে ! গোপগণ পড়ি আছে অচেতন হয়া। ধেল্ল বৎসগণ কান্দে রুঞ্মুখ চেম্যা ॥ কালীদহে ভাসে ক্লফ জলের উপর। काजीबारना पश्चिम गर्कन करनदर ॥ ভজ্জে বেষ্টিভ অব না ধরে গেরান। তা দেখিয়া গোপগণের হরিল পরাণ॥ গোপীগণ সভত গোবিন্দে ধরে চিন্ত। লোবিন্দ জীবন ভাদের পতি স্থত বিস্ত । ছেন প্রিয়তম ক্লকে দংশিল পরগে। শভরি অভুর শুণ মনে ছঃৰ লাগে 🛚 ক্লফ বিনে বেখে গোপী শৃষ্ঠ ভিতৃবন। भवीद ना बद्ध लांशी ना बदह कीवन !

ভাটিয়ালি রাগ। कारन बङ्गमणी यत्नामात्ममी कारना **८क्ट** कांत्र शरण शरत रक्ण नांहि बारक्ष ॥ यट्यांमा कतिया (काट्य क्रस्टक्ष्य कट्ट। আঁথি আরোপিয়া গোপী ব্রুফ পানে চাছে। ক্লফ্-অরোপিত চিত্ত তমু মন প্রাণে। **এক বিনে পরাণে না জীয়ে গোপীগণে ।** কালীদহে প্রবেশি এ তেজিব পরাণ। নিষেধ কুরিয়। রাখে প্রভু বলরাম। ৰলভদ্ৰ ঞ্ৰীকৃষ্ণের অহুভব জানে। নিৰাবিষা গোপগণে রাখিল যতনে। ভবে প্ৰভু গোকুলনদন বনমালী। ক্ষণেক মান্ত্র্য জাতি-পথ অন্তুসারি **।** গোকুল আকুল দেখি যশোদাকুমার। ৰলে আমা বিনে ত্ৰজে গতি নাহি আর 🛭 আমার কারণে তঃখ খোকে বিমোহিত। নিজ্জন হুঃৰ দেখি এ কোন্ উচিত। এতেক চিন্তিয়া ক্রফ কোন কর্ম করে। লীলায় বাঢ়ায় হরি নিজ কলেবরে। ছিণ্ডিল সর্পের অঙ্গ হয়্যা থানখান। সন্ধি বন্ধ ছিণ্ডে সর্প তেজমে পরাণ॥ বন্ধন ভাডিয়া নাগ রহিল অস্তরে। ঘন খাস ছাতে সর্প ছটফট করে। নাসারত্তে বিষজালে আগুনি সঞ্চার। অন্তিত লোচনগণ ভপত অন্ধার। মুথলালে ঝলঝল ঊহা বরিবণ। ক্রোধ করি চাহে নাগ ঘন গরজন। সৰ্প লঞা খেলে খেলা ত্ৰিজগত নাথ। মন্ত্রগুরু-প্রধান সর্পের জানে হাধ 🛭 কালীনাগে বেডিয়া ভ্রময়ে চারি পাৰে। কালিছো ভ্ৰমমে হুফে দংশিবার আশে 🛭 क्नाजन ज्ञिता स्टब्स निवस्त । খন খন ভ্ৰমণে টুটিল বুদ্ধি খল (>)। রসিকশেখর ছবি কোন কর্ম করে। লক্ষ দিয়া উঠে সর্পঞ্চণার উপরে। ফণা-মণি-র্তন নিকর পরশ্নে। বিলসিত নথচন্ত্র রাতৃল চরণে॥ সর্ব কলারস-শুকু সূত্য ভাল জানে। क्ष्वद्य-कृष्य नाटक ह्या गुकारन ॥

⁽ ১) ইহার পর অন্ত পুঁথির অধিক পাঠ'— "হতভাগ্য হঞা কালী হইল কাঁকর। মরণ নিকট কালী দেখে নিরম্ভর।"

ৰুত্যারম্ভ দেখিয়া প্রভূব স্থরগণে। জন্ন জন্ন ধ্বনি কৈল পূষ্প বরিষণে । **গন্ধর্ব কিয়রে বা**ভ করে সাবধানে। স্মধ্র গায় গীত স্মররধ্গণে। মুদক পণৰ শব্ধ তুন্দভি বাজন। গীত অভুগত বাছ সরস ভাবণ। মধুর মকল স্বতি গীত মনোহর। সাৰধানে স্থুরগণে সেবয়ে তৎপর। বে বে ফণা না নোঙরে ফণী ছরাচার। সেই কণে উঠি করে চরণ প্রহার। प्रहेनियात्रण हति थल-एखरत्र। চরণে মর্ম্বল করে শিরের উপর। প্রাণ ছাড়ি মরে সর্প না ধরে শরীর। बन्दक बन्दक श्रह भूर्यद्र क्षित्र। গরল পড়বে ধারে নাসিকাবিবরে। व्यांचि कृषि छ्ट्रेकिष कवित्र नकरत । **(य एव क्या ना नाक्षात्म पृष्टे क्यायत ।** সেই ফৰে লক্ষ দিয়া উঠে যত্ৰর। পুরাণ পুরুষ হরি শুরগুরু রায়। সূত্য করে সর্পশিরে চরণে দমার 🛭 স্থুৱগণে কয়ে দিব্য পুষ্প বরিষণ। ক্লি-ফণে সুভ্য করে আদি নারারণ। কুক্ষের তাওৰ বৃত্যে চরণ প্রহারে। ভাৰিল ভূজৰ ভোগ (১) ক্ষবির উগারে। সহস্ৰেক ফৰা সৃটি হৈল থানখান। সহিতে না পারে তেজ তেজারে পরাণ ঃ চরাচরগুরু হরি পুরুষ পুরাণ। সর্বলোকগতি পতি প্রভূ তগৰান্। মনে অঙরিয়া দাগ পশিল শরণে এবার উদ্ধার বোরে কর নারায়ণে 🛭 বিশ্বস্তর জগৎ উদরে যার বৈশে। ছেন প্রভু সর্গশিরে নাচে নৃত্যরসে॥ প্ৰাণ ছাড়ে ফণধরে দেবি পদ্মীগণে। লোকেতে ব্যাকুল হয়া পশিল শ**রণে** ঃ কুলনীল গুণবভী সভী পভিত্ৰতা। পতিগত রতি মন্তি পরম পণ্ডিতা। খসিল অক্টের বেশ বসন ভূবণ। বিগলিত কেশপাশ হয়ল চেতন ৷ নিজ নিজ স্থত কোলে শিরে কর ধরে। **যুক্ত পর্নাম করি ক্ষিতিতলে পড়ে ঃ**

অপরাধ যাগি নৈল প্রভুর চরণে। অতি করে নাগপত্নী পশিষা শরপে। धाननी त्रांश। ক্লত অপরাধী ভূজক দেব দেব নিবারিলে यम नेत्रहरू। রিপু ভ্রতে সমদরশিত তুঁছ ভগবান সম্চিত কর খল খণ্ড ৷ গোসাঞি বারেক দেহ পতি দাম। হাম নারীজাতি সহজে লোকগহিত পতিগত কেবল পরাণ ৷ গ্রু ৷ ক্রতন্ত্রক্ত জন চুরিত হরণ দম অনুগ্রহ পর্য ভোষার। কুযোনি জনম ভূজজম জাতি পাপ **क्विन क्विल मश्हांत्र ॥** নিজ মান ভেজি আনগত জন কত মান কোন তপ করণ ভূজা। অখিল দয়াপর ধরম করণে কিবা তোবণে অগজনানশ। না বুঝৰু হাম ফণীর কোন অধিকার शिहत्राण्य त्रव लद्रभात्न ॥ নিজ গুণ দোষ তেজি লছিমী যো বাছই তপ যোগ করই ধেয়ানে। বো চরণারবিশ রক অঞ্ভব্যতি ভছু বিনে আন নাহি আনে। স্থ্যপতি পদ আর অধিল ক্ষিতিপতি প্ৰজাপতি পদ নাছি মানে & অবিল সম্পদপদ পাদাত্ব সম্পদ गुष्मप क्रि नाहि खाटम । অষ্টবোগসিদ্ধি নিরবাণ মুক্তি সকল ভড়িং সমানে। তমোগুণ জনিত ক্রোধপুর কলেবর कन्धत (সোহোত্রা) পদধূলি পার। करह ভাগৰতাচাৰ্য यह विवास এ **ख्यक्त मृद्य यात्र ॥ ()** কত পাপী যোগ খাৰী দেবের দেবতা তুমি निवादिएन यम चहकात । তুৰি সে স্বান্ধ প্ৰাণ ভূমি প্ৰভু নারারণ थन परा कतिरम हेरात ।

⁽ ১) প্ৰিবং কৰ্'ৰ প্ৰকাশিত পুৰুকের পাঠ,—

তুমি সে স্বার পতি সর্বাণজ্ঞি গতি রতি নারীজাতি যোরা অগেরান। কর প্রভু অব্যাহতি না জানি ভক্তি স্বতি कुना कवि यागी (पर मान । कान् भूगा निवस्दत **हत्र**ण शतिन भिटत যে পদ বাছয়ে ঋষিগণ I কিবা নাগ ভাগ বুখে হেপা আসি হ্ববীকেশে নাগকুল করিলে তারণ। সর্পকাতি খল চিত্ত না জানি তোমার তত্ত্ব তুমি এক পুরুষ পুরাণ। হাড় প্ৰভু নিজ মায়া পর্ণরাজে কর দয়া **बरे** िका माणि कशवान ॥ মদ গৰ্কা খলমতি ভযোগ্ণ মোর পতি না জানি কি পূৰ্বে পুণ্য ছিল। লক্ষী সেবে নিরম্ভরে ভৰ ত্ৰমা খ্যান করে হেন পদ মতকে পড়িল ৷ नम कुक नाजावन नत्या नय व्यनादिन নমো প্রভু জগৎ ঈশ্বর। **मीन शैन सिथि स्थादि** मम स्वीद्यम रुद्र স্বামী দান মাগি এই বর। শিরেতে বুড়িয়া হাত ঘন ঘন প্রশিপাত ছভি করে নাগপদ্বীগণ। ভাগৰত আচাৰ্য বলে পঢ়িল চরণতলে সদয় হইল নারায়ণ ! नत्या नत्या यहात्याश्चे नत्या कशवान्। পরমাত্মা অঙ্গামী পুরুষ পুরাণ। জানগ্য জান্ময় অনম্বৰ্শকতি। খণ বিৰক্ষিত নিত্য সৰ্মভূতপতি। কালমন্ত কালনাভ সংহারকারণ। न्या न्य। विचक्रण विचलताव्य । নিগুচুষহিমা স্বাভূতাশম্বাসী। নমো নমো মহাস্ত পুণ্যরূপরাশি। ৰাচ্য বাচক শক্তি পুৰুষ পুৱাণ। প্রমাণ কারণ বেদউৎপত্তি-স্থান। লমঃ কুকার রামার বাস্তদেবার তে নমঃ। প্রভূষার নমো নমঃ গাখতাং পতরে নমঃ। অনিকৃত্ব নমো নমো নমো হুবীকেশ। পদ্মাপরগতি বিশ্বময় বিশ্বশেব 🛭 মমো নমো অধিকার বিহার বিলাস। মৰো নমো নিজজন হৃদয়প্ৰকাশ। ভূষি ক্ষম ভূষি পাল ভূষি বে সংহার। ৰাৱাৰ বিশুণ তুমি সৰ্বাশক্তি বয় ।

ভাল মন্দ চরাচর স্বজিলে আপনে। শভার জনক তুমি উৎপত্তির স্থানে ॥ তথাপি উত্তম জনে পীরিতি ভোমার। ছষ্ট নিৰাবণ কর উচিত বিচার ॥ নিক ধর্ম স্থাপিতে দণ্ডিয়া হুষ্ট জন। খলে দণ্ড তুমি নাথ ধর তে কারণ। প্রভূ হয়া ভূতা অপরাধে দণ্ড করে। একবার অপরাধ ক্ষেম দপ্তধরে ৷ ক্ষেম ক্ষেম মহাপ্রাভূ ক্ষেম একবার। না জানে তোমার তম্ব মূচ ছরাচার॥ অছ্গ্রহ কর নাপ দেহ প্রতিদান। আমি সব যোবা জাতি পতিগত প্রাণ 🛚 আমি-সৰ তোমার কিঙ্করী আজি হনে। আজ্ঞা দেহ কি কাজ করিব দাসীগণে। শ্ৰদায় তোমার আজ্ঞা যে জন আচরে সেই জন অনাদি সংসারত্বাধে ভরে। এত ভতি কৈল যদি নাগপত্নীগণে। क्षेत्रा दिन्दा प्राप्त विष्टु नावावतः । क्षिक्षा ছाড़िया नाश्चिमा क्ष्मार्फन। মুরছত হেয়া নাগ রছে কতোকণ । ধীরে ধীরে চিন্ত স্থির করে ফণিরাব্দ। হীন মীনগতি খন তেজ্ঞয়ে শোগ্ৰাস॥ क्रब्रांखाएँ क्रिया क्रिय भार्त ब्राह्म विनन्न कवित किছू निस्न पाय करह । উৎপত্তি হইতে আমি-সৰ খল মতি। কোধনৰ তমোগুণ ছষ্ট সৰ্পকাতি। স্বভাৰ খণ্ডন নাথ কাহারো না যায়। স্বভাবে সকল লোক নানা পথে ধার ৷ ভোমার স্থাবিত বিশ্ব ত্রিপ্তণজনিত। নানা ৰীথ্য বল বৃদ্ধি স্বভাৰ রচিত। ভার মধ্যে আমি-সব হই সর্পঞাতি। নিরবধি ক্রোধপরামণ ছুইমতি। এ সৰ তোমার মায়া পাসবিতে নারি। ৰান্নাবিৰোহিত হয়া নানা পথে কিরি। ইহাতে প্রমাণ তুমি সর্বজ্ঞ ঈশ্বর। ভোষার চরণে নাথ সকল গোচর। নিগ্ৰছ করছ কিংবা অন্থগ্ৰছ ধর। ৰে ভোষার ইচ্ছা নাথ সেই আজা কর 🛭 কালীনাগ বচন ওনিঞা ভগবান্। কারণে মাছব হরি পুরুব পুরাণ 🛊 আক্রা দিলা কালীনাগে করিতে গমনে। विमय ना कदि गर्न हम अवा हतन ।

পূত্ৰ ছার পরিবার বন্ধুগণ সহে ।

ত্মি-সব কেহ না থাকিহ কালীদহে ॥

সেই রমণক দ্বীপে শীদ্র করি চল।

সর্বজন স্বথে বেন পিএ এই জল।

এই আজ্ঞা দিলুঁ সূপরাজ আমি তোরে ।

ইহার কীর্ত্তন যেবা ছুই সন্ধ্যা করে ॥

তার যেন সর্পত্র কভু নহে আর।

এই আজ্ঞা আমার পালিহ সর্ব্বকাল।

এই কালিন্দীর হ্রফে করিয়া মক্ষন।

দেব-পিত্তর্পণ কররে যেই জন॥

উপবাস ত্রত করিয়া আমারে সভরে ।

সর্ব্ব পাপ খণ্ডিয়া চলিব বিষ্ণুপুরে ॥

যার তরে রমণক দ্বীপ পরিহরি।

রহিলে কালিন্দী হুদে পরবেশ করি॥

দে গৰুড় সৰ্প ধরি না ধাইৰ আর ।
পাদপদ্ধ নিরে চিহ্ন দেখিব যাহার ॥
আজ্ঞা শিরে ধরি সর্প কোন কর্ম করে ।
সপ্তর বান্ধবে কৃষ্ণ পুজিল সাদরে ॥
দিবারত্ব মণিরত্ব বিচিত্র ভূষণে ।
দিবা উৎপল মালা দিবা বিবেপনে ॥
ভূবিয়া ক্লের অন্ধ পুজিলা বিবানে ।
আজ্ঞা মালি নিল সর্প প্রভ্র চরণে ॥
প্রাক্তিব নাল গেলা নিজ স্থানে ॥
প্রাক্তিব নাল গেলা নিজ স্থানে ॥
দেই দিনে সেইক্লণে বমুনার জল ।
অমৃত সমান হৈল অতি সুন্নীতল ॥
শ্রীগদাধর ভক্তিরস-শুক্ত জান ।
ভাগবত-আচার্বোর মধুরস-গান ॥

ইতি শ্রীভাগৰতে মহাপুরাণে পারমহংস্থাং সংহিতারাং বৈয়াসিক্যাং দশমস্বদ্ধে বোডবেশহংগারঃ॥ ১৬ ॥

मक्षम्य जाशाग्र ।

কেদার রাগ।

তৰে বাজা পরীক্ষিৎ শুকদেবস্থানে। **এই क्या कि**कांत्रिणा तत्नह वहत्न । ৰালীনাগ স্থানত্যাপ কৈলা কি কারণে। পশ্বডের কৈল কিবা পীরিতি লভ্ননে। মুনি বলে শুন রাজা বিবরণ বাণী। খগরাজে ফণিরাজে বিবাদকাহিনী 🛭 গৱডে আসিয়া সৰ্প নিতি ধরি বার। সর্পগণ মেলি তার চিম্বিল উপায় 🛭 अ अगत्त्र अक विन भिव मार्ग मार्ग। এই বনস্পতিমূলে পুণিমা দিরসে। মৰ্বাাদা স্থাপিল ভার এই সর্পগণে। গঙ্গড়ের ভাহাতে সম্বোব হৈল মনে। প্ৰতি মাসে এক এক ৰলি দেৱ ধরি। স্থৰে থাকে সৰ্পগণ চিন্তা পরিহরি 🛭 কক্ষর কুষার এই ফণধর রাজে I विषयोध वन मर्ल देवन कान काव । বুক্ষমূলে ৰলি আনি দেই সূৰ্পগণে। আপনি ধরিয়া ধায় নিবেষ নী যানে ।

ভাচা শুনি ক্রোধে বলে পরগ-অশন। সূর্প হৈয়া করে যোর মর্য্যাদা সজ্জন 🛭 সবংশে করিব আজি কালীর সংহার। সূৰ্প হয়। করে সেটা এত অহমার 🛚 এতেক বচন বলি বিনতানন্দন। त्रमणक घीटल चाणि देशना छलन्त्र ॥ খগগতি দেখিয়া কুপিল ফণধর। সহস্রেক ফণা ধরি ধাইল সম্বর ॥ করাল দশন অন্ত শুছিত লোচন। প্রহন্ত বেচিয়া ফিরে কক্ষর নন্দন। चामनात्म शक्करखद गर्गात्म परमिन । ক্ষপনন্দন যেন অনল অলিল। বাৰ পাকসাট দিয়া মাবে এক ৰাড়ি। মূরে গিৰা পড়ে সর্প প্রার প্রাণ ছাড়ি 🛊 ভৰে বক্তমুত ভাষে কোন কৰ্ম কৰে। প্রবেশ কবিল গিয়া কালিন্দী গহবরে। মুনি বলে তন বাজা কহিব বিশেষ। পক্ত না কৈল কেন হলে পরবেশ 🛭

कानकात्म यश्चमिक पासि समनात्म । (थिपिया चानिम छाटव यमुनाब गाँटब । क्षांत्र धतिष्ठा यश्क थहिन धत्रश्चत्र । আছিল গৌভরি মূলি **জলের ভিতর** 🛭 मृनि निरादिण छाटब निरंबर बहुटन । আমার সাক্ষাতে মংস্ত না করে ওকণে ৷ তব মৎক্ষ ধরিষা খাইল খগরাতে। মৎসাগণ বিলাপ করম্বে **জন**মাঝে I মীনগণ ক্রন্সম ছেখিয়া থোগেশ্বর। कुला कति निमा भाभ महस्य वरमद्र : যদি আর এই ভলে পরবেশ করি। গৰুড়ে আসিয়া মৎস্য খাম কভূ ধরি 🛚 প্রাণ ছাড়ি সেইক্ষণে মারিবে সর্বধা। আমার বচন কতু না হৰ অক্তপা 🛭 এ সকল তত্ত্ব কথা কালীনাগ জানে। ভণা গিয়া কৈল বাস সেই সে কারণে ! পুনরপি কৃষ্ণ দূর কৈল তথা হনে। আর কথা কহি রাজা শুন সাবধানে। কালি-দীর হ্রদে হৈতে উঠিলা শ্রীহরি। দিব। গন্ধ চন্দন কুত্রম মালা ধরি। মহাম্পিগণ আছুনদ বিরাজিত। হুক্ট কুওল হার অব বিভূবিত। সকল গোকলবাসী উঠিল সম্বরে। মরা বাঁচি উঠে যেন জীবন স্কারে ৷ আনন্দে পুরিষা গোপ দিল আলিম্বন। नित्र इछ पिश्वा देकन वपन हुक्त । যশোদা বোহিণী নন্দ গোপ গোপীগণে। সচেতন হৈল সভে কৃষ্ণ দর্শনে ! ক্তের মহিমা জানে প্রাভূ বলরাম I আলিকন করিয়া হালিলা মতিমান ॥ ক্লফ কোলে করিয়া বসিলা মহাশ্র ! প্রেমরসে পুল্কিড আনন্দ হুদর। ধেলু বুৰ মংস্থাগ হৈল আনন্দিত ৷ সকল গোকুলবাসী প্ৰযো<u>ং মুদিত ৷</u>

সকল এ গুৰু পুরোহিত বিজ্ঞগণে) चानियां न्यादा जत्व देवना मुख्यातः ॥ ভাগ্যে নন্দ পত্ৰ বাঁচি উঠিল ভোমার। দংশিল পাপিষ্ঠ নাগ বড় ছুৱাচার ! जारगा भिन्न कीम विक-**श्वर-वामैकी**टा । কেবল তোমার পুণ্য দেবের প্রসাদে 🛭 এইক্রপে গোবিনে লভিয়া গোপগণে। সর্বহ:খ পাসবিল আনন্দিত মনে । সে রাজি রহিল সেই যমুনায় তীরে। কুণায়ে তৃষ্ণায়ে কেহ চলিতে না পাৱে॥ শুচিবন নামে বন তথাই আছিল। উপবাস করি গোপ তথাই বৃহিল I ঘোরতর দাবাগ্নি উঠিল নিশাকালে। চৌদিগে বেঢ়মে বম পুড়িবার তরে। দাৰানলে পুড়ে অন্ধ চৌদিকে বেচিয়া। উঠিন গোকুলবাসী সম্ভ্ৰমে দেখিয়া 🛚 শরণ পশিল সতে ক্রফের চরণে। ক্রফ ক্রফ মহাভাগ কর পরিক্রাণে 🛚 অমিভ বিক্রম রাম করুণাগাগর 🕽 দাৰানল চৌদিগে বেচিল ঘোরতর । আৰি-সৰ নিজ্ঞন সেবক তোমার। কাল দাবানল হৈতে রাথ একবার॥ আগুনে পুড়িএ তাহে নাহি বাসি ভর। ছাডিতে না পারি তোমার চরণ-কমল 🛭 নিকলন বিকল দেখিয়া দয়াময়। অনন্ত শক্তি ধরে সর্ব্ব জীবালয়। चति भाग देकना कुक चाँ थिव निगिरन। সেই বনে গোপপণ বহিল সজোবে ।} রজনী প্রভাতে পোপ পেল বঙ্গপরে। হেন অনভূত রাজা কহিবু তোষায়ে॥ ভাগৰত-আচার্য্যের সরস বচনে। স্থাৰে যেন ভাগৰত বুবে সৰ্বজ্ঞানে ।

ইতি জীকাগৰছে বহাপুৱাণে পার্যহংস্যাং স্টেকারাং বৈরাসিক্যাং দশ্যক্ষে স্থাদশেহিথারঃ ॥ ১৭ ॥

जरीषम जशाय।

মল্লার রাগ।

ভবে গোপগোপী লয়্যা প্রভূ হবীকেশ। সন্ধিগণ গামে গুণ গোকুল প্ৰবেশ । নিদাঘ সময় ভেল হেন অবসরে। ৰবিভাল প্ৰচণ্ড প্ৰন খ্ৰত্বে I ছিনকর-কিরণে সকল চরাচর। নীব্রস দেখারে যেন ওছ কলেবর। **रहनरे निमाय कारण उन्मायन ७८०।** সাক্ষাৎ বসস্ত বেন হৈল বিশ্বমানে। ৰাচাতে নিৱ'র ওল-তর্ত্ব-করোল। শুকু পিক বিহুগ শ্বদ উত্তরোল। ভলকণে স্বিশ্ব তরু মগুলে মণ্ডিত। নানা কুল ফলে বন অতি মুশোভিত। কহলার কুমুদ কঞ্জ নীল উতপল। को पिट्रा উष्ट्रम नम् नमी ग्रद्धां वर्षे । হংস কারওৰ খগ যত অলচরে। নানাবিধ কলরবে জলকেলি করে। মলরজ মক্ত বসস্ত পাঁচবাণ। এ সৰ সাক্ষাৎ বেন হৈলা মৃতিমান । ব্ৰহ্মার বিচিত্র বিশ্ব-নির্মাণ নৈপুণ। প্রকাশিলা একতা করিয়া নিজ ৩৭। হেন বুন্ধাৰনে হরি অহুগত সঙ্গে। গোধন চরায় বালকেলি-রস-রক্ষে। বলদেৰ অগ্ৰন্ধ অমুজ বনমালী। ভিনলোক মোহন লাংণ্যরপধারী ! गमकाचि वानव-गमान-क्रशत्य । ৰনধাতু (১) বিচিত্ৰ শিখণ্ড চুড়া কেশ। বন-পূষ্প ঋঞা নব পল্লব ভূবণ। হেনক্রপে শিশু সঙ্গে খেলে নারারণ ঃ বিবিধ বিচিত্ৰ পতি বিচিত্ৰ খেলন। বিৰিধ ভঙ্গিমা ভাতি বিৰিধ মেলন। বিবিধ কৌতুক রস বিবিধ বিহার। বিবিধ চঞ্চল জীলা বিবিধ সঞ্চার। विविध चानसञ्जात विविध नांधन। বিবিধ কোতৃক সীত বিবিধ ৰাজন ৷ ৰছবিধ পরিহাস বিবিধ ভাবণ। बक्रविश चारकांक्रेन बक्रविश देश ।

ৰহবিধ ভ্ৰমণ বিবিধ ভাতি সীলা। সন্ধিগণ লয়া হরি করে শিশুখেলা **।** হেনকালে আইল দৈত্য শিশুক্লপ ধরি l প্ৰাচৰ ভাচার নাম বলে মহাবলী ! হরিরা ক্রম্পকে নিব ছেন চিচ্ছ করে। অধিল ভূবনে কিবা প্রভূ অগোচরে। ছষ্ট দৈত্য প্ৰাল্য জানের বন্যালী। তথাপি ভাষার সহ পাতিল মিভালী। थक देकन बुक्तांदन अ गर चानत्म । আর এক বালকেলি রচিল প্রবিদ্ধে। যে िনে ভাহাকে বহে হারে বেইজন। বহিয়া খুইতে স্থান কৈলা নিব্ৰপণ। ভানীরক নামে বট সঙ্গেত করিয়া। প্ৰলম্ব সহিত খেলে ছ-ভাই মেলিয়া ৷ সভার প্রধান ভাবে হৈলা ছই ভাই। বিভজিয়া সৰ শিশু কৈলা ছুই ঠাঞি ৷ বলরাম নিল আধ আধত এছরি। আনন্দে থেলায় ত্রিভূবন অধিকারী 🛭 বলদেব জিনিল সহিত তার গণে। সঘনে ছারিল খেড়ী প্রাড় নারায়ণে 🛭 শ্রীদাম বালক হরি বহিল আপনে। অন্তে অন্তে বহিল সকল জনে জনে। বুবত ৰাজক ৰছে শুদ্ৰবেন নামে। প্রাল্ভ অস্থরে বহি নিল বলরামে। সভেই সভাকে ধুইল ভাগ্ডীর নিকটে। वलात्वरव जन्मा देवका ठिन वास वाटि ॥ সেইক্ৰণে হাথে জৈৱা আকাশ উপরে। উঠিয়া প্রলম্ব দৈত্য নিজয়প ধরে। वस মুখ বিকট পিল্ল জটাভার। অতি গোর কলেবর পর্বত আকার l দৈত্যস্কল্পে হলধর দেখি ওশোভনে। পূৰ্ণিমার চক্ত যেন শোভে নৰঘনে॥ তা দেখিয়া বাম কিছু মনে পাইল ভর। স্টেক্ত আপনা অরিল মহালয় 🖁 কোপে রাম জলে দেখি দৈত্য তুরাচার। দৈত্য মূতে মাইল দৃদ মৃষ্টির প্রহার। ভাৰিল বৈভার মুগু হৈল সাভধার। স্কাদ বিদাৰ হৈল ছেজিল পরাব।

⁽১) পাঠাखन,—"तर शांकू"।

ভূমিতলে পড়িল প্রালম্বলেবর।
ভাহার উপরে শোভে প্রভু হলধর।
ম্বরগণে কৈল স্ততি পূষ্প বরিষণ।
পারিষদ বালকে মেলি দিল আলিকন।
নাধু নাধু বলি লোকে করত্তে ব্যাখান।

অতুত প্রগাষক কৈলা বলরাম।
ভবসিদ্ধু তরিতে ক্বফের গুণ-গাথা।
অধীদশ অধ্যারে প্রকাম-বধ কথা।
শীগদাধর তক্তিরস-গুরু জান।
ভাগবত-আচার্যের মধুরস-গান।

ইতি শ্রীভাগৰতে মহাপুরাণে পার্মহংখ্যাং সংহিতায়াং বৈরাসিক্যাং দশমম্বন্ধে অষ্টাদশোহধ্যায়ঃ ॥ ১৮॥

डेतिविश्य ज्याग्र।

সুই বাগ।

ভবে আর বে কহিব গুন সুপবর। গোৰিন্দচরিত্র পুণ্য প্রবন্ধ স্থন্দর। এইক্লপে ন:না ক্রীড়া করে দামোদর। গোয়ালা ছাওয়াল লঞা সলে হলধর 🛚 ছেনঞি সময়ে আর যতেক গোধন। মৰ নৰ ভূপলোতে গেল দুৱৰন। মুঞ্জাটবী পশি ধেন্তু সৰ আউলাইল। লানা ভিছে গোঠে গোঠে সৰ বেছ গেল। হেনকালে শিশু সৰ না দেখি গোধন। ভান্দিরা খেলার মেলি চাতে বলেবন 🛭 ভয়েতে ব্যাকুল শিশু গোধন হারাক্যা। को किरन हारिया दूरल वित्वको **इ**हेवा । मस्टाइम एव क्त-िन मरीएन। সেই অনুসারে শিশু চলিল সকল। সেই পথে মুঞ্চাটৰী বলে উঞ্চরিল। আউলায়্য লোধন বুলে তথাই দেখিল 🛭 কুৰাৰ ছাওয়াল সৰ হয়াছে কাতর। পালটিয়া আইজা গোপীলাথের সোচর 🛭 বেণুনাদে নাম ধরি গোটের গোধন। আপনার নিকটে আনরে ভতক্ষণ 🛊 ছেনকালে ছাৰাগ্নি অরণ্যে উপভিস। পুড়িয়া সকল বন চৌদিগে বেঢ়িল। সৰ শিশুগণ গেথে চ্যৌদিগে আঞ্চন। कान्मिर् गाकुण एशा नरने छई नीनि । इक इक वहार्याच् व्यवख्यान्य । खनका-खन श्रुतिक निनोजन ।

ভূমি প্ৰাণ ভূমি পতি বান্ধৰ আমার। তুমি বই শিশু সব নাহি জানে আর 🛭 যে যে বৈসে গোকুলে তোমার পরিজন। আনিঞা উদ্ধার পায় দইনু শরণ। এতেক বলিয়া শিশু গোধন সহিতে। অভয় ১রণে পড়ি দাগিল কান্দিতে ৷ ভৱে ভীত বালকে দেখিয়া দয়াময়। ভয় নাঞি ভয় নাঞি বলে মহাশয় ৷ ভূমি সৰ আঁথি মৃদ এ ভয় খণ্ডন। এখনে করিব আমি বলে নারায়ণ 🛭 ক্বফের এ সৰ বাণী শুনিকা ছাঙয়ালে। इहे याँ वि मृषि छात्रा त्रहिण निकरण। যোগবলে কৈলা পান পাৰ্ভভাশন। অগ্নি পান করিয়া উদ্ধারে নিজ জন। প্রণতপালন নাম ভকতবৎসল। ভক্ত উদ্বাহ্ন নাম করিতে সক্ষা অগ্নি পান করি কৈলা পোপের রক্ষ । গোকুলে চলিভে চিন্ত কৈলা নাৰায়ণ 🛊 আগে সৰ গোধন চলিল যুগে ৰূপে। পাছে গোপতনম্ব চলিল ৪ক সাৰে 🛭 ভূৰনপাৰন ঋণ অনুগতে গাৰ। গোৰুলেতে প্ৰবেশ করিলা বছন্ত্ৰীয় 🛭 গোপীর আনন্দ হৈল ৡক দরশনে। তিল এক যুগণত বাৰ বাহা বিলে 🛊 দৈত্য ৰথে বলভদ্ৰ ৰড় চমৎকার। वहि शान देश हैं कर किए जोते हैं

ঐকুক-প্রেমভরনিশী

শতমূৰে গোপগণ এই কথা কছে।
ভাষা ভনি গোকুলে আনকনদী বছে।
উনবিংশ অধ্যাৱে এ সৰ কথা কছি।

ভৰসিদ্ধু-ভৱণে উপায় হয় এহি ॥ ভাগৰত আচাৰ্যোৱ মধুর রচনা। মুখে যেন ভাগৰত বুঝে সৰ্বজনা।

ইতি প্রভাগনতে মহাপুরাণে পারমহংস্তাং সংহিতারাং বৈয়াসিক্যাং দশমন্ত্রে একোনবিংশোহগ্যারঃ । ১> ।

विश्म व्यथाय ।

यञ्जात त्रांग।

কথোদিন বই হৈল বরিয়া সময়। কালপ্ৰণে যাহাতে সকল জীব হয় ৷ ৰিত্যুত চমকে দশদিগ চমকিত। ক্ষণে ক্ষণে আকাশে দেখিএ প্রকাশিত। মহামের গর্জন বিদ্যাত ছটা উছে। আকাশমগুলে জ্যোতি ক্লণে ক্ৰে। পৃথিৰীর ৰঙ রস নিল অষ্টমাসে। মেৰপৰে সে সৰ তেজিল দিননাৰে। রা ায় পূধ্বীর ধন যেন হরি লয়। শতগুণ করে দান পাইলে সময়। প্ৰচণ্ড প্ৰন বহে মহামেদ মালা। সর্বালোক জীবন বরিথে অলকণা। দয়ালু পুরুষ বেন দেখি ছঃখী জন। তাহাকে বাধিতে তেকে আপন ভীবন। নিদাব আভপতাপে ধরণী তাপিতা। মেখ ৰবিবণ পায়া হৈলা আনন্দিতা ঃ কাম্যব্রতে ভপস্থীর বেন ওমু দ্দীণ। কামাত্ৰত সিদ্ধি হৈলে দেখিএ নবীন। বাত্রিকালে যোনিকীট (১) অলে অভিশয়। বেখ আছোমিলে নাঞি নক্ষত্ৰ উদয় 🕽 चर्या भावती दान कनिकारन नाहा। शृष्टे क्लि एपि (यह ना इब व्यवादा । क्रज्य-भवद्र क्षत्रि स्त्रविक स्ति। কোছাহল শব্দ করে শিখী আদিগণে। ৰৌত আচরিয়া ব্রছে আছিল ব্রামণ। নির্ম থঞিলে বেদ বেদ উচ্চারণ। পুরিয়া কর্ম হলে সুদ্র নদী বহে। ভার ভীর ভাছে ল্রোভে বেপে ছির বছে।

(১) খালাভ; লোনাকি পোকা ইভি ভাবা।

অহঙারে মন্ত যেন আপনা পাসরে। তমু ধন স্থত দার পায়া। পর্বা করে । ছবিৎ বরণ খাসে কোণার হরিতা। ইস্ৰগোপ নামে কটি কোৰাহ লেহিতা। কোণাহ ছত্ৰাক ছাৱা শোভে ৰম্মভী। ষেন রাজ্যপদ সাক্ষাতে মৃষ্টিমতী । শত্তপূর্ণ ক্ষেত্র দেখি ক্ববক হরিব। অমুতাপে কাৰো কাৰো বাঢ়ে বিমরিব। নৰ জগ খান পানে সৰ চরাচর। ধরমে উত্তম রূপ দেখি মনোহর 🛭 ভক্ত জনার চিত্ত ক্র**ক্ষ**সেবা রসে। হ্ৰপ তেজ বল খেন সৰ্ব্বত্ৰ প্ৰকাশে 🛭 ধারাপাত বরিষণে পর্বত না টুটে। ভক্তের চিক্ত বেন কামে নাহি ছুটে। कर्षम (मधिम। भर्ष क्ष्म नाहि हाटि। कृत क्रम लक्ष्य देवम व्यक्ति म ছুষ্ট কলিযুগে বেন ছুষ্ট ব্যবহার। बाघरण ना भरक राष ना धर्म व्यक्ता है (भवि) स्व निष् निष्ण छिए। নিৰ্শণ প্ৰক্ষে বেন কামিনীর চিত। - নৰখন-গ্ৰহম্বিত গপন উপত্তে। ৰণহীন শত্ৰ-ধন্থ তাহে দীপ্ত কৰে। यनि लाटक निष्य छन इस नशिवस्य। নিৰ্ভাণ পুৰুষ ভাগে শোভে অভিনয় ঃ চল্লভেজে সর্ব্ধ লোক দেখে জন্ম। সেই আৰম্ভণে নাহি শোভে শশবর ॥ नवषम पद्रभाग व्यानिक्छ देश्या । निश्री नव नृष्ठा करत रत्नरप প्रित्रो।

দানা গুহভাপে তাপী যেন গৃহিজনে। অতুল আনন্দ পার সাধু-সমাগমে । খন ৰবিষণে জল পেয়্যা ভক্ষগণ। প্রকার মুরতি ধরে বিবিধ লক্ষণ। তপ করি তপমীর স্ফীণ কলেবর। কার্যা সিদ্ধি হৈলে যেন দেখিএ স্থলার। ৰুচ সেতৃৰদ্ধ টুটে ধারা বরিষণে। বেন কলিয়ুগে বেদ পাষ্পুৰচনে ! ৰবিবা কালের গুণ যত যত হয়। সকল প্রীবুন্ধাবনে করিল উদয় ৷ ভাল অমু খৰ্জুর বিবিধ নানা ফল। ৰছবিধ কুন্মৰ শোভিত থৱে থৱ ॥ সংখ ব্ৰহ্মবালক গোধন আগে যায়। শাৰ ধৰি উচ্চ**স্ব**ৰে ভাকে বছরার a পরোধর ভারে ধেকুগমন মছর। **ভ্ৰত্তা**র শবদ করম্বে উতরোল। প্রেম-রসে সব (১) ধেরু আকুল জনর। ৰণা ৰণা ক্লফ তথা বেচি বেচি বয়। यथरम बित्रिट्य स्मिष्ट (पव शूत्रम्यत्र । শিত স্থে তক্তলে রহে দামোদর ! পর্বভগহরে কেণে করেন প্রবেশ। **কল কল ভোজনে করমে হুবীকেশ (২) ॥** এইমতে এগোকুলে বুন্দাবনে বৈসে। গোলগোপী সঙ্গে হরি বছবিধ রসে। ভবে দিল শরৎ সময় পরকেশ। সর্বলোকে বাঢ়ে স্থধ সম্পদ বিশেব ৷ অমল সলিল মন্দ প্ৰন সঞ্চার ! সকল নির্বল গুণ হৈল আরবার॥ ৰোগভাই বোগীর মলিন বেন চিন্ত। প্র: আর যোগ সাধি যেন প্রকাশিত ! ৰতেক আছিল মেঘ আকাশমগুলে। ৰছ জীব বস্তি আছিল এক মেলে। পৰিবীর আছিল যতেক পঞ্চর। ६ लात कन्य जानि (य (य (५१व इत्र ।

সকল হরিল ভাহা (১) শরভের গুণে। गक्न निर्मन देश सूथी गर्सकत्न । বছ দৃংথে অন্ধচারী গুরু োবাকারী। নিতি নিতি সামগ্রী আনমে ভিকা করি (২) পুত্র দার পরিবার মমতা বন্ধনে। নানা গৃহকর্ম ছঃখে রছে গৃহিজনে ॥ बनवांनी कलपून कद्राप्त बाहाद। বিৰিধ সংযমে করে বহু ত্ব:খ ভার। সন্থাসীর নিজ ধর্ম করিতে পালন। ত্বংথ বই নাহি কিছু স্মান কারণ p ৰদি ভাগ্যবশে ভক্তি হয় নামায়ণে। এ চারি আশ্রম ধর্ম ছাড়ে সেইজনে॥ অভ্ৰতাৰ শুদ্ধ চিক্ত হয় শুদ্ধমতি। যেন কৰ্ম বন্ধ সব ছাড়ায় ভক্তি। জনময় ধন ছাড়ি মেঘ মিরমল। বাসনা ছাড়িল যেন শান্ত মুনিবর। অল্প কলে বৈসে যেন কুন্তু জলচরে। অছদিনে জল টুটে বুঝিতে না পারে॥ নষ্টবৃদ্ধি গৃহী যেন মূখ' অতিশয়। দিনে দিনে টুটে আয়ু তমু না বুঝায়। অৱ জলে বৈসে যেন ক্ষুদ্র জলচর ! রবির কিরণতাপে দহে কলেবর। যেন ছঃখী গুহস্থ না গণে ছঃখভার। সভত আঞুল হয়্যা পূবে পূত্ৰ দার॥ অলপে অলপে পত্ব ছাড়রে ছেদিনী। পুত্র দার আদি মোহ বেন ভত্তজানী। নিচলে রহিলা সিদ্ধ শরৎ সময়ে। (यन यहांमूनि जन्मान পরিচয়ে। দুচু সেতু বাদ্ধি জল রাখিল কুষাণে। हेक्किन गरमम त्यन देकन त्यागिशत्। I শর্থরবির জালা হরে নিশাপতি। গোপীর বিরহতাপ বেন বত্বপতি (৩) আকাশমওলে শন্ম নকত্ত সমাঝে।

শোভে বেন যত্নাথ বছবংশ বাঝে।

^{(&}gt;) शांशिखन,--"नम"।

⁽২) ইহার পর অন্ত পুঁথির অধিক পাঠ---

[&]quot;ব্যুনা নিকট-জটে উত্তম পাণৰ । ধুইল জান ৰাধি আহার উপৰ । গোপনিও কলে কলেৰ নাৰায়ণ। জাখিল জালাওপতি কৰুৰে ভোলন।"

⁽১) পাঠান্তব,—"কাল"।

⁽২) পাঠান্ধৰ,—

[ি]নিভি নিভি সবিং আনতে কুশ বারি[®]।

⁽৩) ইহার পর অন্ত পুঁথির অধিক পাঠ,— "নির্মেষ গগনে হৈল নক্ষত্র নির্মল। সম্বৰ্ত চিত্ত বেন তত্ত কলেবে।"

ঞ্জীকৃষ-প্রেমতরঙ্গিণী

স্মনীত গ্ৰহাণ কুম্ব-পৰন।
এ কুৰ সম্পদে অধী হৈল সৰ্বজন।
বেল্ল মৃদ্ধী পদিনী বডেক নারীজাতি।
গর্তবােগ ধরিল সংবােগে নিজ পতি।
প্রান্তম জলজ সব রবির উদরে।
কুমুল মুদিত সব (>) হৈল অভিশরে।
বেন লোক হরবিত রাজ দরশনে।
ছই চৌর পলাবে রাখিতে নিজ প্রাণে।

(১) পাঠান্তর,—"ভরে"।

পুর গ্রাম দিবিধ উৎসবে উরসিতা।
বিবিধ স্থপক ধাতে পৃথিবী প্রিতা।
বাণিজ্যে চলিল যত আছে বাণিজার।
কুপ সব কৈল যাত্রা শত্রু জিনিবার।
চলিল তপসী মৃনি তপ সাধিবারে।
যার বধা মনোরধ সেই তথা চলে।
এ সব শরংকালগুণের ব্যাখ্যান।
বিংশতি অধ্যাত্রে কহি কুফগুণ গান।
ভাগবত-আচার্যের মধুরস বাণী।
বন দিয়া তন কুফ্পেশ্যতরদিণী।

ইতি প্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্তাং সংহিতারাং বৈয়াসিকাং দশমবঙ্কে বিংশোহধ্যারঃ ॥ ২০ ॥

अकविश्य खधाा ।

धाननी त्रांग।

ৰিৰিধ কুসুমযুত াধুৰত মধুত্ৰত মকরন্দ ভুগদ্ধি প্রনে। শরৎ নির্মাল জল नव नवी गरवांचव বহু অদভূত বুন্দাবনে। বিবিধ বিহুগ বুছ তক শারী পরভূত, वह्रविथ भवष्र वक्षात्र। অধিল-হুংয়বাসী হেন বলে পরবেশি करवः हति विविध विहात ॥ ৰান্ধল কুন্মৰে চুড় শ বরিহাপীড় মটবর শেবর গোপাল। केळाम कि दिनी कि চৰৰ পীত ধৰী শ্রুতিযুগে শোভে কর্ণিকার। মণি-আতরণ ধরে 'तक्षवंदी यांना शास्त्र অধর অধার বেণু পুরে। **(6) मिर्ल जानसमूछ** দৰ নৰ পোপস্থত नाम ७० मात्य वहवत्त । প্ৰযুগ সুদ্ধিত **ৰৰ ধাল পদ্মাৰিত क्रक्**विछ दुन्तावरन। ৰিৰিধ কৌ চুক রকে **অবিভ পোধন সং**ক व्यद्भ कविना नात्रावर्ण । यधुद्र वश्नीद्र श्वनि विकारिनित छनि वक्षरपु गर अरु म्बरण ।

ৰাহ্ কিছু নাহি আনে আকুল মদনবাণে কহে গুণ ৰণিতে না পাৱে। ইথে ধিক নাহি আর অ'থির সকল তার যে যে দেখে কৃষ্ণমুখজ্যোতি। চন্ত্র কোটি পরকাশ মন্দ মধু সুধা হাস কি সখি কহিব নারীজাতি। মচুরচজিকা নম নৰ চূতপ্তৰ উতপদ কমলে রচিত। আতাহ কুন্ম মালে যাঝে যাঝে শেভা করে পরিধান বিচিত্র ভূবিত ৷ षिया गरक मरमार्व ৰলদেৰ দামোদর শোভে এজ বালকের বাঝে। খেলে নৃত্য পীত খেলা ভূবন যোহন লীলা त्राम कृषः नहेरत द्रारण । বেণু কোন তপ কৈল ওছে গুখি ছের-ৰঙ্গ সৰ গোপা করিয়া নৈরাশে। **পान क्टब निवर्ग** হরিমূখ স্থানিবি वस दवन समा त्वना वरत्न ।

श्रेष्ठ क्रमन्डा	সৰ নদী পুলকিত
ধন্মিল ভক্ততনয় ।	
निवरम चांथांत्र वरम	
मूक्ति मिर ज	কোন সংশয়।
बश्रुक्रश चर्क्यशस्त्र	সকল বন্ধের করে
পুত্ৰপ্ৰেম হৈল	फळाडारन ।
कनिम धरे इतम	
এ সৰ অভূত প্	Haptarar II
বেন কোন ধন্ত কুলে	caded alad lated
সানন্দে বাচুয়ে	
শচেতন ধর্ম যার	
কি কহিব বৃন্ধাবন- ও ণে ।	
খন স্থি সাবহিতা	গ্রীবুন্দাবনের কথা
ৰিভারিল বিশ্বকীর্ভি ভার।	
ধ্যক্ত-বন্ধ-সূত্ৰকিত	মুকুন্দ পদ-ভূষিত
ঐ বা বনেরি অব	তার।(২)
পভীর বংশীর সানে	ঘন বৃদ্ধি শিখিগণে
উল্লাসিতে কর	व नाहरन ।
উল্লাসিতে কর ভব্দ ভব্দকে মেলি	দেখে সেই সভাকেনি
সঞ্চাদাৰ হৈল হ	रत करन ।
१७ थे मृ तीशन	
चिक्र प्रमुखाया विकारतको स्था	क्षाच्या च्यानाम्यान्यः सम्बद्धाः
हिव्यद्यम् मधूर अस्टीद मधूद ध्वनि	নিয়ন কঠন জনি নিয়ন কঠন জনি
প্রেম বরুম ব্যাপ	। क्षीतिकः॥
मध्य भ्रागीयव	শুনি দেবৰধু স্ব
মন্দগতি রহে	न्भगरप ।
	গুণশীলে অভিরাম
দেখিয়া মুরছি গ	१८७ वटन ।
यत्व कृषः त्वर् वात्र	শব ধেন্ত রহি চাম
শ্ৰুতিবুগপট ধা	
मृशिक नवन कवि	क्षपता विकास क्षि
ছশনে কৰল যাস ধরি।	
ন্ধন করে ক্ষার পান	যৰে ওনে ৰেণ্গান
মনে করে কীর পান কীর করণ র	খে ধরি।
শ্রতিৰূগ উভ করি	অমনি ধেয়ায় হরি
প্রেমরদে ভাপনা পাসরি।	

^() श्रक्षीखन,—"भागाव निराटन क्या।"

কৃষ্ণৰী ভেল অন্ধরাৰা। এ সৰ চরিত্র-লীলা কৈলা দেবৰীর বাল ভাগৰভ-আগর্থা-রচনা।

. ইতি এতাগৰতে মহাপুৱাণে পার্মহতোং সংহিতারাং বৈয়াসিক্যাং দশমক্ষে একবিংশেহিণার: ৪২১৪

শুন সুখি ছেন দেখি ৰুকাবনে যত পাৰী ७ गव गाकार मुनिशर। চটিয়া গো পালে পাণে कठित वित्रम छाटम **हारिया युवनीनांप छत्न ॥** ধৰ্ম অৰ্থ কাম যুক্ত নানা মৃত বেদপ্ তেজিয়া সকল একেবারে। नित्रमण जिल्लाप त्रटर मृनि रचन मरह त्न धर्म (पश्चिम् अक्तिवद्ध ॥ মধুর মুরলিধ্বনি সৰ নদীগণে ভা কামভরে গমনমন্থরা। অচল তরগ ভূজে मुकुल भए-भकर **ধরিল ক্ষল উপহারা ॥** ৰদজ্ঞ সহ হরি গোপশিও সলে ক্য वुन्नावरन ह्यारब शाधन। দেখিয়া রবির জালে মেৰ আসি ছত্ৰ ধৰে एएटर करत्र भूष्ण वित्रवन । ও সৰ শৰর নারী কোন্ পুণ্য তপ কা চরণকুত্ব্য পাইল বনে। গোপী-কুচযুগ-গভ গোবিন্দ চরণে রয निष क्रि करत्र चारम्भात । ত্তন হের গোপনারী **খন্ত গোৰ্ছন** গিটি উহা দেখি ভকতপ্ৰধান। পুলকে সর্বাহ ভাগে চরণ-রেণ্-পরশে रविभविष्ट निक नाम। कम मून छून जन ৰিবিধ কুন্তুম কণ वहविव मित्रा छेनहादा। ধেন্তু সঙ্গে শিশুগণ রাম সঙ্গে নারারণ

चार्वादिन वह शतकाद्य ॥

एन हिन्द एपिण मग्रत्न ।

এবৃন্ধাবিপিনে কুতুহলে।

वर्गिए शक्दा नित्रस्त ।

(भाषन ठामात्र यपि बटन ।

রাম সজে বনমার্গ

স্থাব্যের চর-ধর্ম

टेकना यक वसवानी

সভে হঞা এক বেলি

वानय-यानग-ग्रा

ৰতেক বালক মেলি

এইব্নপে ৰাল্যকেলি

গোৰুল নগৰ নারী

প্রেন-রতগ-রুগে

চবের স্থাবর ধর্ম

⁽২) পাঠান্তর,— "বাড়ে প্রভূ করেন বিহার।"

द्यारिस्य खन्नाय ।

वदाज़ी दोग।

অগ্রহায়ণ মাস হৈল প্রথম হেমন্ত। রজবধু সব কৈল ত্রত অভ্যবদ্ধ। হুৰ্গাৰ্চ্চ ন নাৰ ব্ৰস্ত হৰিব্য ভোজন। কালিন্দীর জলে করে প্রভাতে মজন। ৰালুকায় কৈল দেখী প্ৰতিমা নিৰ্মাণ। शक्रमांना पूर्ण भील विविध विशास II প্ৰবাদ তণ্ডল ফল নানা উপহাবে। প্রতিদিন প্রাভ:কালে হুর্গা পূঞা করে 🛭 **উঠিয়া दक्षनीत्यत्य चाजीद-कूमादी।** সভেই সভাবে ডাকে নাম ধরি ধরি 🛭 বান্ত বান্ত ধরিরা কুমারী এক মেলে। क्रांक्य निर्माण यथ शास फेक्टबर । আনন্দে চলিয়া যায় বমুনার তীরে। বিধিবোধ পরশ করমে তীর্ধনীর ! কালিন্দীর তীরে থুয়্যা বন্ধ পরিধান। ৰিবসনা হয়্যা জলে করে ভীর্ণসান ৷ ছুর্গা দেবী পূজা করে পুরুব বিধানে। বছবিধ অভি করি করমে প্রণামে। কান্ত্যায়নি মহামায়ে মহাযোগিন।ধীপুরি। নন্দ গোপস্থত পতি ছৌক ৰনমালী ! পুজিল চপ্তিকা দেবী তুর্গা মহামায়া। ননত্বত পতি দেহ কন্ন দেবি দয়া। জম্মে ধনুমে হৌক নক্ষুত্ত পতি। এই ৰর মাগিয়া পুজিলা ভগৰভী। এই মত ব্ৰত পূণ হৈল এক মালে। विश्वक्षप्रयोगी कानिमा वित्यत्य ॥ মহাবোগেশ্বর হরি ভকতবৎসল। যার বে জন্ম প্রভু জানেত সকল। আমারে পাইভে কৈল ছুর্গা আরাধনে। আৰি সে পুরিব আশা যার যেন মনে ! গোপীর সংকল্প সিদ্ধি করিব কারণে। গোপৰালকের সাথে চলে নারায়ণে ! অহুগভ শিশু সব নিজ ৩ণ গায়। অবিল লাবণ্যধাম মধ্যে বছরার। বমুনার ভীরে গেল বধা ব্রজালনা। সংকল্প করিয়া করে দেবী আরাধনা । পরিধান-বন্ধ যত তীরেতে আছিল। ভাহা হরি লঞা রুঞ্চ কদৰে চটিল।

হাসে গোপশিও কৃষ্ণ বলে উপহাস। এখা আসি সহ ভোৱা বার বেই বাস ! মিখ্যা নাহি বসি আমি কহি সভাবাৰী। দেখিতেছি এখা রহি ভোরা ভপশ্বিনী। ভোমা গভাম বিখ্যা বাণী না হয় উচিত। আমিহ না বহি মিখ্যা বালকে বিদিত 🛭 কৰত না কহি আমি অসতা বচনে। প্ৰভিয়া দেখহ সভে এই শিশুগণে ! তমু যদি চিত্তে সৰে প্ৰতীত না হও। একে একে আসি নিজ বন্ধ সন্থা যাও ৷ পরিহাস বচন শুনিঞা ব্রকাশনা। আনন্দে মজিল গোপী পাসরে আপনা 🛭 লা*ে প*তি গোপীগণ হেঁট মাথা কৈল। সতেই সভাকে চাহি হাসিতে লাগিল। উঠি। না গেল কেছ ক্লফের নিকটে। শীতে কাঁপে সৰ গোপী পডিয়া সঙ্গে । ক্রফের বচনে সভার হরি ছে মন। আকঠ মজিয়া জলে কি বলে বচন # ভোষাকে জানিঞে সভে নন্দের ভনরে। স্কলোকে মাক্ত তুমি করিছ অভাবে। লাব্দে শীতে মরি আমি দেহত বসন। হুইৰ ভোমার দাসী পালিব বচন। তমু বৃদি বন্ধ ভূমি না দিবে আমারে। ব্ৰাঞ্চাবে জানাৰ পাছে লোৰ দিবে কাৰে। এ বোল শুনিকা প্রাতু দেব দামোদর। কুমারীগণেরে ভবে দিলেন উত্তর। ভোৱা হেন জান আমি কবি পরিহাস। এখা আসি লছ ভোৱা নিজ নিজ বাস 🛭 নহেবা না দিব বন্ধ কহিবাঁ তোষারে। ক্রম হৈলে ভোলের রাজা কি করিতে পারে ৷ জানিয়া কুমারীগণ ৰচন নিশ্চর। ক্ৰফের নিকটে বাইতে করিল আশৰ 🛭 ছুই হল্ডে ঝাঁপি ৰোনি অলে হৈতে উঠে। জাতে শীতে কাঁপে গোপা হাটে বা না হাঁটে । শুঙ্জাৰ গোপীর দেখিরা বনমালী। প্রান্তর্যার হৈলা প্রাত্ত নরহরি। সকল বসন ব্লহ্ম তুলি লৈল ছবে। হাগিয়া বচন কিছু বলেন প্ৰবদ্ধে।

ভপবিনী হৈয়া কৈলে দেব আরাধনা। **অল্যেতে মজিল কেন হয়্যা বিবস্না ॥** গাৰের গরবে কৈলে এত অহম্বার 🛚 এ বড় বিবম দেখি ছবিত তোমার 🛊 এ সব পাপের ৰদি বাছ প্রতিকার। কর যুঞ্জি শিরে করি কর নমন্বার॥ **এইমনে হইৰ সৰ ছবিত খণ্ডন** । তবে লয়্যা বাহ আসি বার যে বসন। ক্রকের ৰচনে গোপীর হলমে প্রতীত I বিবসনে ব্ৰস্তজ্ঞ্ব এ হয় উচিত 🗗 ব্ৰতত্ব হয়া থাকে বদি ওই দোবে। ক্তম্ভে করিলে প্রণাম পূর্ণ হৈব শেবে। সর্বা-কর্ম-ফল্যাতা এই জগরাথ। এই িতে শিরেতে যুড়িল ছই হাত। गर्व-कमा-द्रग-मिट्यायि नादाय्रण। ভানিঞা প্রণাম কৈল অতয় চরণে। শুভাৰ গোপীর দেখিয়া দয়াময়। পেলিয়া বসন দিল সম্ভোব হৃদয়। নিজ নিজ বসন পরিয়া ত্রজনারী 🛭 দাতাইয়া রহিল কদৰ তক্ষ বেঢ়ি। চলিতে না পারে বেন চিত্রের পুত্রি। भेषद कठारक ठारह अभूध त्नहां नि ॥ তপ ব্ৰত পূজা কৈল এই সে কারণে। মহানিধি পেষ্যা গোপী তেজিব কেমনে 🛭 গোপীর চিত্তের কথা জানিঞা সকল i পুন আর প্রাভূ তাবে কি দিল উত্তর। আমা পাইবারে সতে কৈলে সম্মনা। হুইৰ স্ফল ভোমার ছুর্গা আরাধনা। সর্বভাবে শর্গ যে লইলে আমাতে। পুন অন্ত কাম সভার না উঠিবে চিত্তে ৷ ভিল যৰ ধান্ত যদি ভাজিল অনলে। পুন কি ভাহার আর উপজে অকুরে। চল চল ব্ৰপ্ৰবামা সিদ্ধ ভক্তি হৈথা। আসিব রক্ষনী তাথে রনিছ আসিয়া 1 মোর সঙ্গে তুমি-সব করিছ রমণ। ৰাছার উদ্বেশে কৈলে চঞী আরাধন।

সর্ব্ধ মনোরথ সিদ্ধি পেয়্যা গোপীগণে। পদযুগ চিক্তিএ চলিল নিজ স্থানে ! তবে গোপশিশু সাথে দৈৰকীনন্দন। বুন্দাবন ছাড়ি গেলা আর দুর বন । স্থরতি চরায় সঙ্গে অগ্রন্থ বলাই। ভক্ষণ দেখি কিছু বুলিছে কানাঞি ! হে জীদাম স্তোক কৃষ্ণ বিশাল পাৰত। ছে অংশ অর্জন দেবপ্রস্থ বর্মধপ। হে স্থবল হে ওজ দেখ-দেখ ভাই। অনেক অনমফলে বুক্ষবোনি পাই। শীতন মাকত ছায়া পত্ৰ ফল মুল। (पर पाक (>) शहर कलिका कम मून। পর তৃষ্টি হেতু সব সম্পদ যাহার। সকল জন্মের মাঝে বুক্**জন্ম সার**। স্থকন জনের এইরূপ ব্যবহার। পর হেতু সকল তেজন্নে আপনার॥ প্রাণ ধন দেহ মনে করে পরহিত। স্ক্রন জনের হায় এই সে চরিত। এইক্লপে প্রশংসিতে যত তব্দগণ। যম্নার তীরে গিয়া হৈলা উপসন। সব ধেমুগণে করাইল অল পান। পাছে গোপশিশু সঙ্গে কৃষ্ণ বলরাম। ন্মতল অমৃতজ্ঞ সুখে কৈল পান। তরুমুগে তথা প্রভু করেন বিশ্রাম। বালক মেলিয়া তথা গোধন চরায় I কুধারে আকুল শিশু কুফেরে জানার। দাবিংশ অধ্যায় কহি এ গুণ চরিত। আর ব্লফণ্ডণ কহি শুন পরীক্ষিত॥ ন্তক-পরীব্দিতে কথা হুহার সংবাদ। স্থুৰে লোক বুঝিতে রচিল গুণবাদ । **अ**श्रहाशत कान शेत्र निरतायनि । ভাগৰত-আচাৰ্য্যের মধুরস ৰাণী 🛊

() शांशाख्य, - "नवमन।"

ইতি প্ৰতাগৰতে মহাপুরাণে পারমহংতাং গংহিতারাং বৈরাসিক্যাং দশমন্তরে বাবিংশোহধ্যারঃ । ২২ ।

जाग्राविश्य ज्यभाग्र।

তুড়ি রাগ।

🗫 🗫 মহাবাত রাম হলধর। কুধার আকুল হৈল রাথাল সকল। হেন বুঝি কর যেন কুধা নাহি পাই। কোন পরকারে ভব্দা মিলে এই ঠাকি। कानारेन रानटक अनिका अमीरकम । ষণা অৱ পাবে তার কহিল উদ্দেশ। এইত কাননে বৈশে বুদ্ধ বিভগণ। **শূর্কশাল্পে** বিশারদ মহাতপোধন । আন্দিরস নাথে যজ্ঞ করে স্বর্গকামে। ভোৱা যায়া মাগ অন্ন সেই বিপ্ৰ স্থানে। অগ্রফ রামের নাম প্রথমে ধরিহ। আমার বচন তাথে পশ্চাতে করিছ। তবে তারা দিবে অন্ন চনহ তুরিতে। আজ্ঞা শিরে ধরি শিশ চলে সেই মতে 🛚 উঠিয়া দাণ্ডাল্য (১) শিশু সেই যজ স্থানে। ভূমিতে পড়িয়া কৈল দও পরণামে। কর যোড় করি বলে বিনম্ন বচনে। শুনহ ব্রাহ্মণগণ কর অবধানে॥ সোপশিশু আমা সুর হই কুফ্দাস। আজা প্যাম্যা-আইলু বিপ্র তোমার সংপাশ। অগ্রক বলাই তাঁর সঙ্গে শিশুগণ। নিকটে থাকিয়া প্রভূ চরায় গোধন। গণ সহে শুম্যাছেন বড বড়কিত। আন্ন দেহ বিপ্রাগণ তার সমূচিত। বে বে বিপ্ৰ হৈয়া থাকে যজেতে দীকিত। ভার অন্নে দোৰ যদি বলিৰে পণ্ডিত। শুন হে ভূদেৰগণ তার স্মাধান। ধর্মণান্ত কহি কিছু তোমা বিভয়ান ! পশু-সংস্থা নাম যত আর সৌত্রামণী। ভার অন্ন খাইলে পতিত হয় জানি ! আর বজে অর থাইলে দোব নাহি দেখি। আমি कি কহিব বিপ্ৰা তুমি তার সাকী। কৃছিল এতেক যদি বিনয় ৰচনে। ওনিঞাহো না ওনিল সৰ বিজগণে। मत्न हुःथ शाका निश्व कि ताल कहता। কে বলে ইহারা বৃদ্ধ কে বলে আম্বলে ।

বড বড কর্ম করে অল আশা ধরে। জ্ঞান সান্ধাৎ হাড়ি মুচ পণ্ডিভাই করে। মন্ত্ৰ প্ৰেশ কাল বজ্ঞ হতাশন। দেব বিজ যজ্ঞ যত সব নারায়ণ ৷ इक्ष वित्न चन्न किছू नाहि विकल्लना ! ছেন কৃষ্ণ সাক্ষাতে না দেখে মুখ জনা। সাক্ষাৎ পর্যব্রন্থে মান্ত্র গেরানে ! অতি মূৰ্যান্ধ জানিল অভুযানে ! আসিয়া জানাল্য শিশু কৃষ্ণ বিশ্বমানে। এ বোল ভনিঞা কৃষ্ণ হালে মনে মনে যাচকের এই গভি ডিক্ষা মাগি খার। ছলে কৃষ্ণ ভবুজান লোকেরে বুখার। চল যক্তপ্তানে গোপশিশু আর্বার। বলতন্ত্র সহ নাম ধরিছ আমার 🛚 পুণাবতী বক্ষপত্নী সতী পতিব্ৰতা। শুনিলেই দিব অন্ন আমাতে ভকতা # পাঠাইলা গোপশিশু গেলা পত্নী স্থানে। ভমেতে পড়িৱা গিৱা কবিল প্ৰণামে। কর জোভি শিরে ধরি বিনয় বচনে। मृद्र थाकि करह यक्क भन्नी विश्वमारम ॥ গোপশিশু আমি-সব ক্লফ-অফুচর ট আমা পাঠাইল ক্বফ তোমার গোচর। এইত নিকট বনে সঙ্গে হলধর 🛭 গোপ সহ স্থবভি চরাম গামোদর ম গণ সহে রাম কৃষ্ণ হয়াছে ক্ষুবিত। অন্ন দেহ ব্যাপন্থী তার সমূচিত। কৃষ্ণ আগমন কথা শুনি সেইক্ৰে। প্রাণ ভাড়ি ভুমেন্তে পড়িল সেই মনে 🛭 শ্ৰেমরুদে বিজ্ঞপত্নী আপনা পসারে। ক্লফকে দেখিব বলি উঠিল সম্বয়ে। দিবা রম্ব রচিত ভোজনপাত্র ধরি। ৰছ অৱ চৌদিগে ব্যঞ্জন লৈল ভবি । ব্দানন্দে পুরিয়া দিং পত্নী চলি যায়। পতি পুত্ৰ বন্ধুগণে ধরিষা বহার 🛚 গোবিষ হবিল চিত্ত রাথে কার শক্তি। ভূৱিতে চলিয়া গেল সৰ বিদ্দ সভী। बद्धदर्भ नवी यनि हरन निवस्तर्थ। ছেন কার শক্তি আছে বে ভাছারে রার্থে।

^() भाशिकत,-"खेभमा देश्म।"

বেল্প দেখিল কৃষ্ণ বিজ পত্নীগণে। কৃছিৰ ভোমাৱে রাজা শুন সাবধানে 🛊 শীতল যমূনাকুলে অশোকের তলে। ললিভ লহরী বাভ বহে পরিমলে। বচ স্থ বছ গন্ধ বিবিধ আনন। বছৰিধ কুন্দ্ৰম কমল মকরন্দ্ৰ 🛚 নবদল পল্লব অশোক ভক্রবর। কনক পরিধি পরে খ্রাম-কলেবর । মছুর চক্রিকা নবধাত বনমালা। नवषन शहर शहर वसनाना । নটবর বেশ ধরে জ্রিভন্ত স্থানর। অমুগত শিশু ক্ষমে দিয়া বামকর 🛭 व्यथिन नार्या नीना श्रद रहतात्र। দক্ষিণ কোমল করে কমল চুলায়। ললিত চলিত উতপল শ্রুতিমূলে। চঞ্চ অলকা চাকু সুন্দর কপোলে। **শ্রিম্থ-পক্ষে চারু মন্দ মৃত্ হাস।** বেন ঘন মেঘে চন্ত্ৰ-কোটী পরকাশ ॥ **এছণ দেখিল বিজ্ঞসতী পতি**ত্ৰতা। জনমে জনমে ভার। মৃকুক্ষ-ভক্তা। প্রথম প্রবণে ভাদে প্রভিব্নগ পুরে। দরশন-রসে ছই আঁথি রন্ধ তরে। ধ্যান ভাবে কৈলা হরি হাদর কমলে। ভাবে আলিকন দিল বুড়ি ছুই করে। পতি পুত্ৰ গৃহ ধন ভেকিয়া সকলে I ৰ্জ্ঞপত্নী শরণ লইল পদমূলে। ন্দবিল-ভূবন-সান্দী প্রাভূ নারায়ণে। বুঝিরা হাসিয়া ভারে কি বোলে বচনে। আইস আইস মারীগণ কহত কল্যাণে। দেখিবারে আইলে আমা দেখিলে নয়নে। ৰম্ভ পুণ্য জন্ম বাম থাকে আত্মরতি। নিরবধি করে ভারা আমারে ভক্তি। ধন জন জন জ্বন্ত দার বেবে অন্নবন্ধে। প্রির করি মানে ভারা আত্মার সংস্কে। ষাৰৎ আত্মার থাকে শরীরে সংবোগ। ভাৰৎ বানিঞে ধন স্থত স্থপভোগ। ছেন সাকাৎ আত্মা আমি নারারণ। আমা ছাড়া কারে প্রান্তি করে বুবজন 🛭 উচিতে আমারে ভূমি করিলে ভক্তি। ৰাহ বাহ নিজগুহে नैब विकारी। বিপ্রজাতি স্বামী ভোর ছিন্তু অনুসারে। ছিল পার্যা ভেজিতে বিলয় নাহি করে।

यक करत विकाश भृष्टवांनी हमा। সেই যজ্ঞ সমাধিৰ ভোমা সভা লয়া। এ বোল বৃঝিয়া তুমি চল শীল্ল ঘরে । ভবে যজপত্নীগণে কি বোলে উত্তরে। **रिन कि निर्धे त नागी निर्माल युवास।** অনম্ভ ব্ৰহ্মাণ্ডপতি তুমি যতুরায় ॥ জগতে বিদিত সভা ভোমার বচন। প্রণত জনের তুমি করহ পালন ! হেন অধীকার প্রভু হর্যাছে ভোষার। শর্ক বেদশাম্বে কছে এই স্মাচার। হেন সভ্য বাক্য প্রভু করহ পালন। रखने प्री त्याता रेनन् हत्रत्व भंतन ॥ চরণে ঠেলিয়া তুমি পেলিবে তুলসী। কেশে ধরি যোরা ভাহা রাখিব শিরসি (১) # এই সে কারণে আইলু বন্ধুগণ তেকি। থাকিব এথাই মোরা পদযুগ ভঞ্চি। পতি হুত জনক জননী যদি তেজে। ভাই বহু ৰান্ধৰ আনের কিবা কাজে 🛭 তমৃত অভয় পদে পশিহ ভোমার! অভয় চরণ বিনে গতি নাহি আর ৷ বুঝিয়া করিবে আজা ভূমি সে প্রমাণ ! তোমার চরণ ছাড়ি গতি নাছি আন । এ সব বচন শুনি করুণাসাগর। কুপা করি দিলা তারে প্রবোধ উত্তর 🛭 কেছ ক্রোধ না করিব পতি মুতগণে। বিশেষে করিব পূজা এ ভিন ভূবনে । দেৰে পূজা করিব আনের কিবা দায়। আমার প্রসাদে অদে থাক সর্মধার। নিকটে থাকিলে নাহি বাচে অন্থরাগ। মনেতে ভাবিহ আমা পাইবে সংযোগ। প্রবোধ বচন পেয়া। বক্তপদ্মীগণে। পালটি আইল প্রস্থ সেই যজ্ঞছানে ! নিজ নারী দেখিয়া সানন্দ বিজগণে। ৰজ্ঞপত্নী লয়া কৈল বন্ধ সমাধানে। ৰবিয়া রাখিল স্বামী এক ছিল সভী। ঘরের ভিভরে রৈল না পাইল সংহতি। क्षरा हिल्लिको इरक्ष पिन चानिकन । চাডিল শরীর কর্ম-নিবন্ধ-বছন ।

পাঠান্তব,
 কেলে ধরি আমি-সব বহিব শিবসি[®]

এক-বোগতরামণী

সর্ব্ব ব্রুপতি ব্রুতোজি নারায়ণ। বাদক সহিতে কৈল ওদন ভোজন। জীজামর শরীর মাধব ক্রবীকেশ। নানাক্রপে সর্কলোকে যোহে গোপবেশ। বিজগণে দেখিল আপন পাপচয়। ৰনে বিমরিষ হয়্যা ভাবিল বিশ্বর ॥ নারীজাতী হৈয়া দেবদেব নারায়ণে। সাধিল এক্লপ ভক্তি নাহি অক্ত জনে। আমি-সৰ হইমে ভ কুলেভে প্ৰবীণ। সর্ববাম্নে তত্বজ্ঞতা তমু ভক্তিহীন॥ ধিক ধিক রহ তপ জ্ঞান ত্রত দানে। ধিক ধিক রহ এই পামর জীবনে। নিশ্চর ক্রফের মারা মোহে সর্বজ্ঞানী। নর গুরু হৈয়া আমি না জানি আপনি 🎚 স্প্রাক-বিমোহিনী মায়া ভগবতী। খিবারে পারে ভাহা কাহার শক্তি। সর্বলোক-নাথ সন্ধীকান্ত বছপতি। দাবিল ভাষাতে ভক্তি হয়া নারীকাভি॥ विकश्य ना शरत ना देवरत अक्कूरण। ভূপ শৌচ জ্ঞান কর্ম একহি না করে।

স্থদ্য ভক্তি বহু ধরে নারায়ণে। আমিসৰ ৰঞ্জিত থাকিতে এত ওণে। মন্ত হৈয়া হছিলাম পুঞ দার পায়া। পৰ্গ মূলি যে কহিলা ভাষা পাসরিয়া 🛭 পূৰ্ণকাম জগন্ধাৰ নাহি তাঁর কাষে। তৰে যে মাগিল আ লোক-বিজ্বনে। সৰ্বভাবে লক্ষ্মী বাব তত্তে পদমূলে। হেন প্ৰভূ অৱ ৰাগে কে বুঝিতে পারে। यञ्च তপ্र शर्मा यखा त्यन विकास । হেন ক্ষ সাক্ষাৎ মাত্রবরূপ হয় । यक्कूल क्या देश वह नाहि जाता। হেন মুখ আমি সব বিশ্বরিল হেলে। পূৰ্বভ্ৰম্ব জগৱাপ কমলানিবাস। যাহার মারামে ভ্রমি নানা গর্ডবাস। ल (एवठव्राण व्यामि देकम् नम्कात । না জানিকা দোব কৈল কেম একবার॥ শীন্ত গিয়া দেখি হয়ি হেন চিক্তে আছে। কংগভৱে তথা নাহি চলি গেলা পাছে। বিপিন-বিহার কৃষ্ণ চরিতা রচন। ভাগৰত-আচাৰ্য্যের মধুর ভাবণ ॥

ইতি ঐভাগৰতে মহাপ্রবাণে পারমহংস্থাং সংহিতারাং বৈরাসিক্যাং দশমন্তব্ধে অধ্যোবিংশোহন্যারঃ ॥ ২৩ ॥

क्ट्रिकश्य ज्ञधारा।

ললিত রাগ।

শুক মূলি বলে রাজা শুন সাবহিতে।
আর অন্বস্তুত কহি গোপাল-চরিতে।
গোবর্ধন নামে গিরি বুলাবনে আছে।
নল্ম আদি বত গোপ গোল তার কাছে।
নানা ভক্ষ্য পান নিল বিবিধ সন্থার।
ইন্দ্র পূঞা করিতে রচিল পরকার।
ছেনকালে গোলা কৃষ্ণ সলে বলরাম।
অন্ত্রপত গোপশিশু গার শুল নাম।
অবিল ব্রহ্মাণ্ড পতি দেখে নিভ জানে।
আনি কাছো পুছে নন্ম আদি গোপগণে।
কি ভার গোলুলে কিবা হয়াছে সংশ্র।
কি বারণে কর এক সন্থার সক্ষর।

কি ফল কি বিধি হয় কি কি বা উদ্দেশ।
কি দেবতা পূজ পিতা কহিব। বিশেব ।
সাধুননে গুপ্ত কথা পোপা নাহি করে।
যার বৃদ্ধি নাহি হয় শক্ত যিক্ত পরে ।
তানিবারে যোগ্য যদি হই যোগ্য পাল।
কহিবে সকল কথা তান মোর তাত ।
না জানিয়া জানিকা মান্তবে কর্ম করে।
জানিকা বে করে কর্ম গিছি হয় তারে ।
না ভানিকা করে কর্ম গিছি হয় তারে ।
বেমনে বিসারে তৃমি কর বজরার ।
নাহেবা লোকিক পারক্ষার্য ক্রমাগতে।
সর্মকাল করিছ করিবে এই বতে ।

1.1

এ বোল শুনিঞা নন্দ দিলেন উন্তর। কহিয়া ভোমারে বাপু বিশেষ সকল। ইস্ত্র ত্রিভূবনে রাজা দেবের ঈশ্বর। বৃত্ত মেঘগণ জার সব অনুচর। মেদ বরিষএ জল সকলোকহিত। এই সে কারণে ইস্ত্র লোকের পূঞ্জিত। নানা দ্রব্য উপহার বিবিধ বিধানে। নানা 🕶 করি ইন্ত পুজে পর্বজনে॥ **ধর্ম অর্থ** কাম এই তিন পুণ্যক্ষ। ইন্স ফলদাতা তিন ফলের ঈশ্বর। **এই** সে কারণে বাপু করি ই**ন্তপূ**জা। লোকের জীবন ওই ত্রিভূবনরাজা। পারস্পর্যাগত কুলধর্ম এই আছে। কাম-লোভে বে ছাড়ে নরক যায় পাছে। এতেক শুনিঞা প্রভু দেব চূড়ামণি। ইল্লে বাঢ়াইভে কোপ বলে কোন বাণী॥ কর্ম লোক জনমে প্রমাণ ওই কর্ম। স্থা হুঃৰ কুশল যতেক জীবংর্ম। यमि वन कम-अक् करत कन पान । সেই আর প্রভু ভঞে সেই আর জনে। কৰ্ম প্ৰভু ছাড়ি আর নাহি ফলদাতা। হেন কৰ্ম ছাড়ি কেন ইন্দ্ৰ পূজ পিতা। **ইল্লে** কি করিব কর্মে যে যে আছে বার। সে পুন অক্তথা নেব এই সে বিচার 🛭 স্বভাব-অধীন লোক স্বভাবেই নড়ে। অভাবে বা ধিয়া রাখে সব স্থর নরে। ছোট বড় ভন্ম পার শ্বভাবের ফলে। স্বভাবে ছাড়িয়া তহু নানা দিগে চলে। শক্ত মিক্ত গুৰু ধৰ্ম স্বভাবে নিলায়। কৰ্ম ছাড়ি আন কেন পূজ এজরায়। অধর্ম তে জয়া যেবা করে পরধর্ম। কুশল মাহয় ভার সভে পরিশ্রম। **নিজ পতি ছাড়িয়া অসতী** নারীগণে। উপগতি সেবে যেন নরক কারণে। बाष्मण कूरणद्र सर्भ बन्ध-छेलाननः তিরক্লের ধর্ম পৃথিবীপালন " বৈশ্ৰ-কুলধৰ্ম আছে বাতা ছেন নামে। শুদ্র দাভির এই ধর্ম আফাণ-সেবনে। ক্বায়কর্ম বাণিজ্য আউর গোরকণা। শভাবৃতি কৰে আর এ চারি যেকিনা। ভার মধ্যে পশুরুতি আমি গোপ জাতি। ৰবে কেন পণ্ড ছাড়ি পূব্দ স্থৱপতি।

সম্বৰ ভ্ৰম হেন আছে ভিন ঋণ। উৎপতি প্রলয় স্থিতি হেন ভিন্ন ভিন্ন। **রজোগু**ণে বিবিধ বিশ্বের উৎপতি। রজোগুণে রাখিব কি করে স্থরপতি। ব্য**ক্ষোগুণে** আজ্ঞা দিলে মেঘে দিব জ্বল। তবে সর্বলোক স্থাী হৈব নিরস্তর। গ্রামে নাহি বসি আমি নাহি পুর ধর। বনবাসী আমি বনে থাকি নিরস্তর। পৰ্বত নিকটে বসি ও হয়ে দেবতা। সভে কর ওই পর্বাতের পূজা পিতা। ইন্দ্ৰ পুঞ্জিবারে ষত হয়।ছে রচনা। তাই দিয়া কর বন-গিরি আরাধনা 🛚 আজা দেহ দিজগণে করুন রশ্বন। নানা পাক স্থপকান্ন বিবিধ ওদন। পিষ্টক মোদক হৌক বছ গুড়পাক। ঘুতপক্ষ বিবিধ ব্যঞ্জন বহু শাক ॥ কুও জালি বিজগণে করুন হবন। এই মনে যক্ত করি পূজিব ত্রাহ্মণ॥ প্রচুর ভূবণ ধেহু কনক দক্ষিণা। ব্ৰাহ্মণকে দিলে হৈব বজ্ঞ স্থাপনা। সর্বলোকে দেহ অন্ন ভোজন ভূষণ। চভাল পতিত আদি পূজ সংজন। নৰ খাস আনি দেহ গোধনের তরে। পর্বতে সাজিয়া দেহ সর্ব্ব উপহারে। সর্ব্ব গোপ সুধী হয়া করুন ভোজন। গন্ধ পুষ্প দিব্য বন্ধ ধরিয়া ভূষণ। षिया **(वन जू**वन ध्रिक्रा गर्कालाद । গোধন চালায়া কথো গোপ চলু আগে॥ প্রদক্ষিণ করি বিপ্র পর্বত বেঢ়িয়া। কহিলু ভোশারে পিতা তব্ব বিচারিয়া। বুঝিয়াকরহ যজ্জ যে হয় স্থুগতি। সর্ব্ব গোপগণে যদি থাকে অনুযতি 🛭 মুনি বলে শুন রাজা বলিয়ে ভোষারে। শব্দ-দর্প খণ্ডিলা এতেক পরকারে 🛭 কালরপী নারায়ণ সর্ক মায়া জানে। কার চিত্তে নহে ভ্রম তাঁহার বচনে। নন্দ আদি যত গোপ শুনিঞা উন্তরে I সাধু সাধু বৃলিয়া বাথানে দামোদরে॥ আহ্মণ বরিয়া স্তাত করিল বাচন। আরম্ভ করিয়া যজ কৈল স্থাপন 🛭 विविध प्रक्रिया मान मिला दिव्यगर्ग । ভূষণ ভোজন পান দিল সর্বজনে 🛭

উত্তম কোমল তুণ গোধনে ভূঞায়্য। আনন্দে গোয়ালা চলে গোধন চালায়া। বড় বড় শকট বলদ ক্ষত্ত্বে যুড়ি। দিব্য বেশ ধরি গোপ শকটেতৈ চটি। প্রদক্ষিণ করে বিপ্র পর্বতে বেঢ়িয়া। কৃষ্ণৰূপ গায় গোপী শকটে চঢ়িয়া। নরনারী বাল বৃদ্ধ দিব্য বেশ ধরে। আনন্দে পর্ব্বত বেঢ়ি প্রদক্ষিণ করে। **কুক্ষের মঞ্জ বশ** গায় উচ্চস্বরে। **উঠिन मक्न ध्विन গগন উপরে ॥** হেনকালে প্রভু ক্লফ হৈল আর রূপ। ষ্**তি**মান হৈলা যেন প^হত-স্কলপ। অমি এই পর্বত সাক্ষাতে মৃত্তিমান। ভূঞিৰ সকল যজ দেখ বিজ্ঞান ঃ 🛋 বোল বুলিয়া যত যজ্ঞ উপহার। কুঞ্জিয়া রহিলা সই পর্বান্ত-যাঝার।

গোপগণে শুভীভ করাল্যা পরকারে। আপনে প্ৰথমি প্ৰভু কৈলা আপনাৱে ! দেখিয়া সম্ভ্ৰম পালা। সকল গোয়ালে। শক্ষাৎ পৰ্বতে দেব জানি এতকালে। আমি-সৰ না জানিঞা করি অবজ্ঞানে। এত উৎপাত হঃখ পাইনু তে-কারণে। আজি হৈতে পৰ্বতে পূজিৰ সৰ্ব্বকালে। দশুবৎ হয়া গোপ পড়ে ভূমি**তলে** ▮ পুন:পুন প্রণাম করমে দুচ্মনে। সে ক্লপ ছাড়িয়া রছে নন্দের নন্দনে। যক্ত সাক হৈল গোপ পরিয়া হরবে। রাম রুঞ্চ সহিতে গোকুলে চলি আইসে॥ চতুব্বিংশোহধ্যামে কহি এগুণ চরিত। ক্লফের নির্মাল যশে জগৎ পুরিত। ভাগৰত-আচাৰ্যের প্রবন্ধ রসময়। স্থুখে যেন সর্বালোক বুঝে অতিশয়।

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্তাং গংহিতায়াং বৈয়াসিক্যাং দশম ঋ:জ চতুর্বিংশোহধ্যায়ঃ ॥২৩॥

नक्षित्रम खन्या ।

বসস্ত রাগ।

বজ্ঞভদ শুনি কোপ কৈল দেববাত।
কে হয় গোয়ালা জাতি বরে হেন কাল। (১)
দেবাত্মর বর্গেতে (২) আনার করে পুজা।
কে হয় মাছ্মর জাতি ত্মর লোকে রাজা।
াাছ্মর গোয়াল জাতি করে অপনান।
সকৈৰ্ব্য ধর তুমি সভার দ্বার। শতর না হয়ে জীব এড় কলেবর। যথনে প্রকৃতি সঙ্গে বিহর আপনে। তথনে তোথার ঋণ গায় শ্রুতিগণে। দেখি শুনি যত কিছু শ্ৰবণ নয়নে। ব্রহ্ম করি মানে সব মহাযোগিগণে । অভকালে ব্ৰহ্মযাত্ৰ অবশেব রয়। বাহা হৈতে জগতের উৎপত্তি প্রলয়। তথাপি নির্ন্ত । ব্রহ্ম-বিকার-বর্জিত। ব্ৰহ্ম অধিটান যাত্ৰে ব্ৰহ্মাণ্ড উদিত। মাটির নিম্মিত পাত্র নানা পরকার। ভাবে চুরে হয়ে যায় মাটি মাত্র সার। त्यहे यांग्रि त्रहे याग्रि ना चूटहे ना बादह। এইরপে নিতা বন্ধ না হয় না মরে ৷ এই সে কারনে প্রভু বেদমন্ত্রগণে। তোমার চরণ ভঞে কায়-বাক্য-মনে। যদি ৰোদ শ্ৰুতিগণ নানা দেব ভালে। শশী প্র্যা পুরন্দর প্রজাপতি পূজে। ৰচমুৰে শ্ৰুতিগণ নানা মুক্তিভেদে। সৰ্বময় প্ৰাভূ তমি সৰ্বভাবে সেৰে 🛭 যথা তথা করি যদি পদ-আরোপণ। গাছ পাণর কিবা গিরি আরোহণ # তমু তুমি বিনে নাথ না বুলিব আন। এইরপ সর্বমন্ত তুমি ভগবান ॥ **बहे (म कांब्र्ट्स नाथ महाम्मिन्स्ट्स)** তোমার পবিত্র কথা স্থধাসিত্র পানে। অশেব হুমুত তরি লভিল মুক্তি। হেন ঋণ-নিধি তুমি ভকতের গতি। खनम्बी माबामुगी नहेन পণ্ডिछ। পরম পুরুষ তুমি আগুণ-বঞ্জিত ! কথামাত্র শ্রবণে সকল পাপ তবে। ভক্তি করি যে বা ভলে কি কহিব তারে। ভশ্বজান খোগে যার শোধিত অস্কর। ভক্তি করিয়া তত্তে চরণযুগল। व्यक्त-भवनानम-भए-यूप्यम् । কে পুন কহিব তার কোন গতি হয়। ভোমার পদারবিক্তে ভক্তিহীন জন। চাষের হাখিনা (১) খেন বিক্ষণ জীবন । ৰদি বল প্ৰথভোগ করে নির্বধি। ভক্তিহীন অমের না হয়ে কোন সিদ্ধি 🛭

⁽১) हाथिया, कक्षा, व्यक्त, हान्य ।

ৰার অনুগ্রহে সৃষ্টি করে ভর্গণে। ब्रांश निर्याण करत्र विविध विधारन ॥ ত্রদ্বাপ্ত ক্ষম্বাহার কর অন্যাপ্তে প্রবেশ। প্রলয়ে সকলে তুরি থাক অবশেষ। কার্য্যকারণের পর গত সভামর। ভোমা বিনে কারো নাথ কিছু সিদ্ধ নয়। ভকভ ও নের মিলে সর্বত্র কল্যাণ। না ভঙিলে কভো তার নহে পরিবাল । এখনে কহিব ধ্যান গুরু-উপদেশ। शান অবলম্ব করি ভক্তিব বিশেষ। স্থলবৃদ্ধি-জ্ঞানে করে উদরে চিস্তান। মুনি যোগপথে যার স্থির নহে মন। পূক্ষতি জনে ব্রহা ধেয়ায়ে শরীরে। ৰাভীভেদে চিন্তে ব্ৰহ্ম হৃদয়-ক্মলে। ষ্টুচক্র ভেদিয়া ভোলে শিরের উপরে। নিরমল জ্যোতি যথা সহস্র কমলে। ষার স্যাগ্যে পুন না হয় সংসার। যে ব্ৰহ্ম চিক্তিয়া যোগী হয় ভবে পার। বদি সর্বদেহে আমি বসি নিরম্বর। আমার জীবের সহে কি হয়ে অন্তর। হেন যদি বল দেব কছে প্রতিগণে। আর কিছু শত। নাপ নঙে তোমা বিনে।। সর্ব্বভূত-সাক্ষী তুমি বৈদ গু:রূপে। নির্দেপ নিও তি তুমি বৈদ স্করেপে। ছোট বড় ভূন জঞ্চ বিবিধ রচনা। ব্দাপনে করিষা তুমি ব্রহ্মাণ্ড ঘটনা। আপনে স্তিয়া ভাগে কর পরবেশ। প্রেছ-অন্থরূপে তুমি ধর নিজবেশ 🛭 শক্তি প্রকাশ কর দেহ-অন্থুসারে। কাঠ অনুত্রপ বেন চতাশন জলে। ভথাপি অসভ্য সৰ তৃষি মাত্ৰ সভ্য। এক রসময় ধাম তুমি সভে তথ্য ৷ নিরমন মতি যার বিপত সংসার। ভারা সব এইক্লপ চি**ভারে** ভোমার 🛭 কিন্তু পুন জোমার নাথ প্রাঞ্চি প্রসন্ধ। विधारत कोरवत किছू नाहि छववद्ध । ক্তকভি করিয়া জীব ভোষার চরণে। এ যোর সংসার ভবে কছে শ্রন্ডিগণে 🛭 নিজ কণ্ বিনিশিত প্ৰতি কলেবর। কৰ্জা হৈয়া জীব ভাগে পাকে নিবন্ধর ১ ভথাপি ভোষার অংশ জীব বন্ধ নর। স্কৃণভিণয় ভূমি স্বার আত্রয় ।

কাৰ্য্য কারণের ভীব না হয় অধীন 🛭 (पट माक चाटक कोन (पह मट किम ! এইরূপ জীবগতি বুঝিয়া প্রিভ । সককণ্ম ভোমাতে করিয়া নিয়োজিত। ভোষার ১রণযুগ ভব-নিবারণ। বুঝিয়া পরিভেন্ধনে করে আবাধন। थकेन रामन (गरा भारत के खन। ভক্তি সাধিয়া এব জুরে বুধজন 🛭 ভোষারে জ্ঞানিভে নাহি কাহার শক্তি।(১) তে কারণে ধর ছাম বিবিধ মুর্জি 🛭 জীৰ-পরিজ্ঞাণ ছে: নানা মুঠি ধর। নানা অবভাবে ভূমি নানা লীলা কর। সেই শীপা-চরিত-অমৃত সিদ্ধু কলে। করিয়া মৃষ্ণন পান পারশ্রম হরে 🛚 অপ্রথ-পদে তার নাহি অভিসাম। ভজিরস-ছথে বিসরিল গৃহবাস 🛭 ভোমার চর্ণ-স্রোঞ্চ-মধুকর। ভার সম্প্রথরসে পাসরে সকল। नद-करण्यद भाष ७ भ ध्यात। सद्दाप्तरु श^{र्}व रूप्य मन्माद्दव शाव। ছেন দেহ আপনার প্রিয় করি মানে। তুমি আহা পিয় স্থা এ স্ব না জানে ঃ অসুণ্য সেবিয়া সে যে নহে শুদ্ধাত ! ভাষার পদার্রবলে নতে জার রভি । আৰুবাৰ্ভা অসভ্য ধেয়ায় গুৱা^লয়। ना 'अरब लगाद्रीयम । चूर्ट गरमंद्र । অস্ত্য ধেয়ানে নতে শুদ্ধ কলেবর। মচাভয় সংসারে লথমে নিরস্তর চ जकन हे स्थित जन किया (दोरन) দুচুযোগে করি মন প্রন সংখ্য । बन्निश्व हिट्य याद्य अम्म-क्यटन । বৈৱভাবে দৈত্যগণ সভত শংৱে ৷ **ट्यांगे** ट्यांन चुक्त छ छम्स (रहास । कामकार व ल्यां भी जन दरहें क्ष्म नाव ! আমি সৰ শ্ৰুতিগণে সেই অছুসারে। हरून-लक्ष्य वृद्धि अपन्न कमरण । त्यानि त्याजनात्य यात्य विखास त्यवात्म । বৈশ্বভাবে চেন প্রান্থ পার দৈত্যগণে।

⁽১) পাঠান্তৰ,---"চোৰাৱ জানিতে পাৰে কালাৰু শ্ৰুতি ৷"

कामलार विश्विष्या त्रमगीशन भाषा। **ভে-কারণে শ্রুতিগণ চরণ ধেয়ায় 🛭** ভক্তি বিনে তত্ত্বান না হয় উদয়। ভক্তি বিনে কভো যোগে পরিত্রাণ নয় 🛭 এই সে কারণে ভক্তি কহে শ্রুতিগণে। কে তোমা জানিব নাথ ভক্তিযোগ বিনে। यथरन ना हिन किছू बन्ना गरह अते। তখনে আছিলে মাত্র আপনে কেবল। এখনে জিমাঞা ভোমা কে জানিতে পারে। ব্রহ্মা উপজিল যার এ নাজি-কমলে॥ ৰীছা হনে দেবগণ সৃষ্টি-উপাদান। হেন পরিপূণ তুমি প্রভূ ভগৰান্। **প্রেলয়ে যথনে স্**ষ্টি করিয়া সংহার। অন্ত শহুনে কর কেবল বিহার। **স্থুল তুম্ব ভ**ৰ্থনে না থাকে কালগতি ॥ ন বেদ বেদান্ত শাস্ত্র তর্ক দণ্ডনীতি। অসত্যের উৎপতি ৰোলয়ে যে জনে। সভ্যের মরণ যেবা সভ্য করি মানে॥ আত্মহতে ভেদ যেবা করে নিরূপণ। ব্যবহার সভা করি বোলরে যে জন। **अहे** नव छेशाम (य (य खन करह । ব্যারোপিত মাত্র সব কিছু সত্য নহে। **ঈশ্**র ত্রি**গু**ণময় এহ সত্য নয়। অক্তান কল্লিভ মাত্র বুধ জনে কয়। জ্ঞানখন রুসময় ব্রহ্ম মাত্র সার। ভানে নাহি জানি ব্রহ্মজ্ঞানে হয়ে পার। ত্রিপ্রণ-জনিত যত মনের বিলাস। সভা অধিষ্ঠানে করে অসভা প্রকাশ । ব্দ্ধান-কল্পিত যত দেখি নানাত্ৰপ। এক এন্দ সভ্যমাত্র ধরে সর্বারূপ। অসভ্য মানমে সভ্য সভ্য অধিষ্ঠানে। ভে-কারণে সভ্য বলে তত্ত্বজানী জনে। क्मक किनत्त्र यपि एय-वार्थिता । ক্ষক কিনিতে কিনে হার অলহার ৷ হার অল্বার তেজি কনক না কিনে। **এই**ক্লপ সভ্য স্ব বৃদ্যি ভক্তানে। ব্ৰহ্ম মাত্ৰ সভ্য সৰে জানিব নিশ্চর। প্ৰদা বিনে ভৰ্জান কড় সভ্য নয় 🛭 ৰে ভোমার পরিচর্য্যা করে নিরবধি। স্বাভীৰে বৈস তুমি স্বাধিশনিধি ! मुक्ता भिटत श्रम श्रद्ध श्रमना ना करता। এ বোর সংগারভাপ দীলা মাত্র ভরে।

সর্বাশান্ত্রে বিদগধ ভক্তিহীন জন। পশুৰত বেদপাশে কারয়া বন্ধন 🛭 কর্মপথে ভ্রমায় না পায় প্রতিকার। ভক্তি-বিমুখ তার না হয় নিস্তার 🛭 যে পুন পদারবিন্দে ভক্তিরস ধরে। দৃষ্টিমাত্তে সর্ববেশাকে পরিত্তাণ করে। জীব-পরিত্রাণ কভো নাহি ভক্তি বিনে। কারণ বৃঝিয়া ভক্তি কহে শ্রুতিগণে 🛭 সর্ব্বতীবে বসি আমি যদি সভ্য হয়। তবে কর্ত্তা ভোক্তা আমি এহো মিছা নয় 🛭 জীবের আমার তবে কি হয় অস্তর। শ্রুতিগণে দিশ তার বৃঝিয়া উম্বর। নাহি কত্ন পদ মুখ শ্রবণ নয়ন। इक्षिय-वर्ष्कित जुमि अनामि निधन। সর্বাদীব-শক্তি তুমি পরকাশ কর। স্ক্রিয় প্রভু তুমি স্ক্রভিন্ধর। **এই সে কারণে ইক্স আদি দেবগণে।** বলি সমর্পণে করে অভয় চরণে॥ অজ ভব মায়াদেবী স্ঠতিতে ভব্দে। চক্রবন্তা রাজা বেন রাজাগণে পুঞে। ষে যে দেব নিয়োজিত যে যে অধিকারে। ভয়ে চমকিত হৈয়া সেই কর্ম করে। আক্রা পরিপালন তোমার আরাধন। সৰ্বাদেৰপতি তুমি সভার জীবন 🛭 যথনে প্রস্তুতি সঙ্গে বিহর আপনে। স্থাবর অজম যত জনমে তথনে # তোমার ঈব্দণ মাত্রে কারণ উদয়। কারণসংযোগে সৃষ্টি নানাত্রপ হয় 🛭 পরম উত্তম তুমি করুণা সাগর। সর্বজীবে সম তুমি নাহি নিজ পর। স্ক্রে নির্লেপ তুমি আকাশ স্থান। মন বচনের পর না দেখি প্রমাণ । নিরাশ্য নিরাধার প্রাঞ্চির পর। সর্বজীব-গভি-পতি নহানছেশ্বর। যদি সৰ্ব্বপত জীৰ নিজ্য নিৱাধার। অসংখ্য অনন্ত জীব অজ নিৰ্কিকাৰ 🛭 ঈশ্বর কিশ্বর তবে না হয়ে নির্ণয়। কে দণ্ড ধরিৰ ভবে কে করিব ভয়। বন্ধগতে সৰ্বাঞ্জীব নাহি কিছু ভিন। কিছ কেহো কার তবে না হয়ে অধীন # শ্রতিগণে ভাগে এই করে নিরুপণ। क्रोक्टिंग गक्टब खुन चांक्टनब क्या ह

এইরপে পূর্ণ তুমি মহা জ্যোতির্ঘর। ভোষা হনে সর্বজীবের উৎপতি হয়। ভূমি সে পালন কর তুমি কর নাশ। ভোমা হনে সর্ব্বজীবের শক্তি-পরকাশ 🛭 ব্রহ্ম করি সর্বজীব বুলি তে-কারণে। ভিন্ন ভিন্ন স্কল্পীৰ নহে ভোমা হনে। **পিতা হনে কিছু পুত্রের অ**গুর**া ভে-কারণে** একা বুলি সব চঞাচর। স্ক্ৰীৰগতি পতি প্রঞ্চির পর। তুমি আদি অন্ত মধ্য মহামহেশব ঃ ৰৈ ৰোলে বিবাদ কৱি লঞা ভৰ্ক বল। ঈশবের সহে নাহি জীবের অন্তর। সে কিছু না জানে ওক্ব বোলে ভক ধরি। ঈশ্বর কিম্বর ছুই বোলে এক করি। যে বোলে আমি সে জানি সে কিছু না জানে। তার মত শুদ্ধ নহে বোলে অভিযানে। বে বোলে না জানি মুক্তি সেই সে পণ্ডিত। অভয় পদারবিন্দে সকল বিদিত। **প্রকৃতির উৎপত্তি না হয়** ঘটনা। भूक्रद्वत क्रम्य मा क्रि निक्रभग। প্রক্রব-আক্রতি পর অঞ্চ সনাতন। কোনমতে নাহি ঘটে দোহার জনম # কাহারে বুলিব জীব জনম কাহার। কাহার মুক্তিপদ কাহার সংসার। শ্রতিগণ তাতে এই করে নিব্নপণ। প্রকৃতি পুরুব যোগে জীবের জনম। ष्टलत तुम्तृत (यन नट्ट क्ल विटन : প্ৰনে স্কার ষেন চলয়ে প্ৰনে ৷ বিনি অল প্ৰনে না হয় বৃদ্বুদ। আঁকতি পুৰুষ বিলে নহে সৰ্বাস্থৃত। ভোষা হৈতে প্ৰঞ্জি পুৰুষ উপাদন। শ্ৰন্থতি পুৰুষ হৈতে অগত নিৰ্মাণ। আলমে সকলে ভূমি থাক অবশেব। প্ৰকৃতি পৰ্যন্ত করে তোমাতে প্ৰবেশ। নদ নদী প্রবেশিশা সাগরের জলে। আপনার নাম গুণ আপনে পাসুরে ৷ ৰাৰা পূজারস বেন মধুরতে মেলি। ৰধুৰৰ হয় বেন আপনা পাস্ত্রি। এইক্ল সকল তোমাতে পরবেশ। তোৰা বিলে কিছুই না থাকে অবদেৰ। ভোষা হতে হয় সৰ জীৰ উভপন্ন। ৰ্মালৰে সকল হবে ভোষাতে নিধন ৷

কল্পে কল্পে ভ্ৰমে জীব এ ধোৰ সংসাৰে। ভক্তিবোগ বিনে কেহো সংসার না ভরে 🛭 ব্ৰিয়া জীবের পতি মহাব্ধজনে। ভক্তি করিয়া গুই অভয় চরণে। ত্ৰিভূৰনে ভক্তিযোগ কবিয়া নিশ্বার। লীলামাত্রে হয়ে খোর সংসারের পার। ए प्रम नमावित्स नदिह्या करत। ভার কি সংসার ভয় হয় কোন কালে। কালচক্র ভোমার কেবল ভূকত্র। ভক্তিবিমুখ অনে বাঢ়ায় তথক। ভক্তঅনের কভো নাহি কাল্ডয়। ভক্তৰৎসূল তুমি হেন কুপান্ধ 🛊 **अक्टि**रपान नटह कर डा **बक्क**ना विस्त । তে-কারণে গুরুসের। কহে শ্রুতিগণে 🛭 সকল ইন্দ্রিয়গণ করিঞারোধন। যতন করিয়া করি প্রন সংয্ম। চঞ্চল ভূকার খোর মন ভুরত্বম। विविध উপায় योग क्रब्राय प्रमन । **७क**ःत्रभात्रवित्म मृद्य भविष्ट्य । বিবিধ যতনে মন নিবারিতে নারে। विनि 🖝 উপদেশে श्विय नरह यन। গুষ্ণ কুপা বিলে কারো না ঘুচে ৰদ্ধন 🛚 কাণ্ডারী ভেলিবঃ যেন চলে বাণিলার गांगरव मध्यवा मदत करांचा नरू लाव ह স্থত বিজ্ঞ পশু দার বন্ধু পরিজন। जब विभएनएए दकान श्राद्यांकन ॥ ্তুমি নাথ থাকিছে সাব্দাত রস্সিত্র। ज्ञांकीय शिव्र चाया रहे धन यह । ত্যি স্ক্রেস স্থমর ভাগাম। গভ্য করি যে না জানে হয়্যা অগেয়ান। প্ৰীঘৱে স্থৰ সৰে সত্য করি মানে। তার স্থধ কোন কালে নাচি নিচ্ছবনে 🛭 व्यापय-विश्वप्रभागकाय नवार । হেল গুহস্থপে ভাৰ স্থান নিরন্তর । তোমাকে ভাততে নাথ কি কি মুখ নয়। **পর্ম-পর্মানম-সুখ-র্গ্মর** 🛭 अहे (म काइटन श्रम-छेलदम्म स्ति। মহামুনিগণে তল্প নিরূপণ করি 🏾 তোমার চরণ ধরি হুদর-ক্মলে। মদ মান অংকার তেজিয়া সকলে ৷ মহাপুণ্য তাৰ্থ সম গুৰু সন্মিধানে। দেহ মন নিৰোজিয়া ভোষার চরণে ঃ

তুমি আত্মা নিত্য সুখ জানিঞা বিশেবে। **भूनत्रिम हिछ चात्र नट्ट गृह्वाटम ।** 🕶মা শাস্তি-ধৈৰ্য্যছর বিবেক বিনাশী। (मिश्रियों के जब (मिय नर्ट गृहवीजी ॥ জ্বগত পবিত্র করে নিজ পদ**র্জনে**। তোমাতে ধরিয়া মন আনন্দে বিহরে॥ পুণ্যতীর্ণ পৃণাক্ষেত্র করিয়া আশ্রয়। সাধু সঙ্গে এ ঘোর সংসার পার হয়। সভ্য হৈতে উতপন্ন সৰ চরাচর। যদি হেন কেছো বোলে মানয়ে সকল। কনককুওলে খেন নাছি ভিন্ন ভেদ। ভর্কবলে সেহে। পক্ষ করায়ে বিচেছদ। অস্ত্য না হয়ে স্ত্য স্ত্য নহে মিছা ॥ **≆ওল নাহয় সত্য হে**ম মাএ সাঁচা **#** কোন ঠাক্রি ঘটে সেহো কোন ঠাক্রি টুটে। পিতা পত্তে এক করি বুলিতে না ঘটে॥ কোন ঠাঞি বিচারিতে সেহো নহে সভ্য। সর্প-রজ্জু শ্রমে যেন রজ্জু নছে তথ্য॥ সভ্য অসভ্য দোঁহে মিলিয়া সংসার। সেহোত না ঘটে কিছু করিতে বিচার॥ ষে হয়ে সেই সে হয়ে যে নহে না হয়ে। স্ক্রবাদী মত এই সভার নির্ণয়ে। লোক ব্যবহার-হেতু সকল ভরম। সভ্য কিছু নছে যদি বুঝিয়ে মরম 🖠 আন্ধলে আন্ধলে যেন একতা মিলিয়া। বিপদে বাঢ়ায় পাও পথ না দেখিয়া। বেষমরী ভোমার শ্রীমূখ-সরস্বতী। বুধজন ভ্রমাঞা করয়ে নানা ভাঁতি। বেদকড় কৰ্মকড় যে হয়ে পণ্ডিত। কর্মপথে ভ্রমাঞা করমে বিমোহিত। ধ্বগত না হয়ে সত্য কেবল নির্ণয়। এই নিরূপণ করি শ্রুভিগণে কয়। পুরবে না ছিল কিছু এ লোকরচনা। প্ৰালয় অন্তৱে হৈব এমন ঘটনা। অসভ্য সংসার সব মনের বিশাস। গম্প্রতি ভোষাতে যাত্র করে পরং শি। নিতা গভা মাত্র তুমি এক রসময়। স্ভ্যবোগে অসভ। সংসার সভ্য হয়। নাম জাতি নানা ভেদ নানা পরকার। ষ্মের বিলাস সৰ অক্ষমতে সার। ৰাটির নিৰ্বিত পাত্র বিবিধ ঘটনা। ষাটিমাত্র সার আর এসৰ বর্ম। ।

অসত্য সংসার সত্য মানে কুপন্তিত। তোমার মায়ায় নাথ সে হয় বঞ্চিত। যদি বা না হয়ে সত্য অনাদি সংসার। ষদি সত্য সহে নাহি সংযোগ তাহার॥ তবে কেনে জীবের সংসার-ছঃখ হয়। কোন পুণ্য করিয়া ঈশ্বর স্থ্রখন্ম॥ কে বা কর্ম করে কে বা ভূঞে কর্মঞ্চা। শ্রুতিগণ দিল তাথে উচিত উত্তর॥ যথনে জীবের সহে মামার সংযোগ। যায়াবশ হেয়া জীব করে কর্মভোগ 🛊 দেহের সংযোগে জীব হৈয়া দেহময়। অপার সংসার-ত্রুণ ভূঞে ত্রাশম 🛚 ভূমি পুন নিজ মায়া দূবে পরিহর। অনস্ত ঐশব্য স্থাবে আনন্দে বিহর। অব্দের কঞ্চ যেন তেজি ফণধর। **নিজ স্থ**ে রহে নিরমল কলেবর॥ **এইরূপে নিজ মামা দুরে পরিহরি।** অনস্তমহিমা তুমি আছ ক্রী চা করি। ষে ভঙ্গে পদার্হবিন্দ তরে ভবভয়। না ভব্দে তাহার কভো পরিত্রাণ নয় 🛭 যদি যতিগণ শ্বভোগ পরিহরে। চিত্ৰগত কামজ্বটা উদ্ধারিতে নারে 🛊 যম্মপি তাহার আছ হৃদম-কমলে। তথাপি তোমারে তারা লভিতে না পারে 🛭 কেহো যেন কণ্ঠগত মণি পাস্বিয়া। চাহিতে বেড়াম যেন আকুল হইয়া। বোগছলে করে মাত্র ইব্রিম তৃপতি। ইহলোক পরলোকে নাহি ভার গভি 🛭 ইহসোকে হঃখ ভার কুটুখ-ভরণে। পরলোকে না ভঙিয়া তোমার চরণে 🛭 বে তোমাকে জ্বানে প্রভূ সর্মকলদাতা। স্কলোক গতি পতি স্কলোকপিতাঃ পুণ্য পাপ ভার কিছু নাহি ত্রিভূবনে। ন্তভান্তত কৰ্মফল সে কিছু না জ্বাদে । বিধি নিবেধের পার নাহি কর্মলেশ। সুখ-চঃখ ভেদ কিছু না গানে বিশেষ 🖡 वृत्भ वृत्भ अक्षमृत्थ উপদেশ शाद । প্ৰৰণ কীৰ্ত্তন কথা সুধাপান করি। ভোষার পদারবিন্দ ভব্নে নিরবধি। তুৰি প্ৰিৰবদ্ধ তাৰ অপৰৰ্গ গভি।

ব্যান বোগে নাহি ধরে কর্ম অধিকার। (১) প্রবর্ণকীর্ত্তনপর বে অন ভোমার। विवि निर्वासद नरह रा क्रम किन्द्र । চরণারবিশ মাত্র ভব্দে নিরস্তর। ভক্তি দেখাব্যা লোকে করবে বঞ্চনা। সুৰভোগ-হেতৃ যার অস্তবে বাসনা। ইহলোকে পরলোকে নাহি তার গতি। এই ভন্ত নিরূপিয়া কচে সর্বাঞ্চতি। ব্ৰত্তৰ আদি যত সুৱপতিগণে। এ সৰ ভোমার অন্ত না পায় ধেয়ানে। বাপনে না জান তুমি অন্ত বাপনার। অৰ বদি থাকে তবে পার গণিবার॥ অনৰ একাওকোটি যাগার অন্তরে। রেণ্ডরত নিরম্বর গতাগতি করে। এই সে কারণে নাথ সৰ শ্রুতিগণে। ভদ্ধ নিত্মপূপ করি কহিতে না জানে। স্তুণের গুণ অন্ত গণিতে না যার। নির্ভাগের কার্য্য অক্টে সন্ধান না পার। नाहि नाहि कतिया निरंव यञ्ज मूद्र । ভবাতে রহিঞা আর খণ্ডিতে না পারে। সেছি সে ঈশ্বর করি করে নিরূপণ। এহিব্ৰূপে সফল তোমাতে শভিগণ। ভোমা হনে উভপতি ভোনতে নিধন I তোমাতে দক্ষ বেদ বুলি তে-কার-। এইব্লপে ভাত কৈল যত শ্ৰুতিগণে। কৃছিল নারদমূনি তোমা বিভ্যানে। স্নকাদি মুনিগণ ব্রহ্মার তনম। স্মুক্ত মুখে শুলি টবর নির্ণয়। ববিরা জীবের গতি অর্নন্দিত মন। সনন্দ্ৰ পু'ৰেয়া চলিলা ম্নিগণ । এই সে অশেষ বেদ পুরাপের সার। बहाबूनिशाल देकन शूक्त के बाद ।

প্ৰদ্ধা ভিক্তি কৃষি এই বাণী ধর। भूर्वकाय रेहका भूषी भर्याहेन कर । নর নারায়ণ মুখে পনি এত বাণী। क्षरव श्रीतक्षा श्रीकना महायूनि । नत्यां नत्याः नातायः कृषः ७१वन्। অমল কমল বি যণ-ওপধাম ৷ নমো নমো তক্তবৎসল ওণনিধি। ভোমার চরণে রভি ১৪ নিরবধি। ত্তৰে নরনারায়ণ চরত বন্দিয়া। শিধা-মুনিগণ পায় প্ৰশম করিয়া ! हिल्ला नार्यप्रति अभार नमन । ব্যালের আশ্রমে গিয়া হৈলা উপসন। माइएम (मध्या जिला प्रिमा नद्रस्य I পাত অৰ্থা দিয়া মু'ন পু'ঞ্জা বিধানে। আস্নে ব্যিষা মূলি রকার লক্ষণ। **ক্ষিলা** ব্যাদের ভারে সৰ বিৰরণ ∎ तिहे (यमवानी वाटन कविन व्यामादत । প্রকাশিল আমি রাজা জোমার পোচরে। জগতের উক্তাত লালন নিধনে। যে হবি সাক্ষাতে দেখি দালায় আপনে 🛭 আৰুতি পুৰুষণর আবের ঈশ্বর। (च क्रि माधार्थ न्यटक नव हवाहब ॿ স্থানিয়া প্রধেশ করে রখাক ভিতর। সেই সে সভার পড় সভ র ইবর ঃ ভাপনে পাধন কবে আপনে সংহার । অনৱ লালাবে করে অনৱ বিহার ঃ भवन भीभवा यात हत -क्यरण व (क्यम मीनाध कोव माबारक **छ**त्त्र । व्यविद्यानिवान-८२:ठु ७व-निवातन । चनाव-गरगाव-(गड्ड क्र(क्य हवन ह निवर्गाय क्रम हत्व शान क्रम । ন্মৰে পার হয় লোক ভৰৰত্ব ভরি। অনত চারত সমূদিত লেভিপীতা। সাৰ্ধানে শুন লোক কুম্মঞ্চ কথা ঃ ভক্তিরল ধল শ্রীগণাধর ধান। चानवठ-चाठारवाद मधुवन नाम ह

ইতি **জ্রীতাগৰতে বহাপুরাণে পারবহংতাং** সংক্রিতারাং বৈরাসিক্যাং ধশব**রতে স্থানীতিত**বোহধ্যার: ॥ ৮৭ ॥

⁽১) পাঠান্তর,— ভাবে বোগে না হ তার কর্মে অধিকার

जरेग्योज्जिस जभाग ।

ঞ্জীরাগ !

রাজা বোলে আর কথা পুছিব তোমারে। দেব অস্তব নর গন্ধর্ব কিছবে। সভেঞি শঙ্কর ভজে অমঞ্জধাম। স্থুখী ভোগী হয়ে লোক মহাধনবান ॥ শন্ধীপতি-গুণনিধি-চরণ ভঞ্জিয়া। ছ:খ ভোগ করে মাত্র আকিঞ্চন হৈয়া। ত্র বড় সংশয় গুঞ্জ পুছি তে-কারণে। বিপরীত ফল দেখি দোহার ভজনে। শুক্ষনি বোলে রাজা জিজ্ঞাসিলে ভাল। কহিব ভোমারে সব করিয়া বিস্তার 🛭 শঙ্কর ত্রিগুণযুক্ত ধরে অহঙ্কার। শক্তিযুত হৈয়া সঞ্জে ত্রিগুণ বিকার। শঙ্কর বিকারময় বলি তে কারণে। সকল সম্পদ মিলে বিবের ভঞ্জনে॥ হরি সে ত্রিগুণহীন প্রকৃতির পর। **সর্ব্ধসাকী প**রিপুণ আনন্দসাগর ॥ নির্ম্মণ ভবিলে হয় ত্রিগুণ-বজ্জিত। তে-কারণে আকিঞ্চন বিকাররহিত ! পিতামহ তোমার আছিল যুধিষ্টির। ধর্মযুক্ত ভণযুক্ত নির্ম্মলশরীর (>) অখ্যমেধ যজ্ঞ সমাপিয়া নৱেশ্বর। विक्रमूर्य धर्मकथा छटन निवस्त्र ॥ এই কথা বিজ্ঞাসিল ক্ষেত্র চংগে। তৃষ্ট হৈয়া আপনে কহিলা নারায়ণে 🕽 **ৰচুবংশে যে** হরি করিয়া অবতার। নরজীলা ধরি করি বিবিধ বিহার । বাবে অহুগ্রহ করি হরি তার ধন। ত্তৰে ভাগে তেজি যায় বন্ধু পরি ३ न 🛭 দেৰিয়া হ:থিত তাবে বন্ধুগণ ছাড়ে। উত্তোগ করিয়া কিছু করিতে না পারে। ভবে ধন করি আর না করে উত্তোগ। ভঙ্গতের সহে রহে করিয়া সংযোগ॥ তবে অপ্লগ্ৰহ আমি করিবে তাহারে। বৈরাগ্য করিয়া আর উচ্ছোগ না করে।

নিতা সতা ব্ৰহ্মমাত্ৰ সতা করি জানে। সংসারসাগরে পার হয়ে সেইকণে ॥ এত হঃখে আমারে করিয়া আরাধন। তুঃথভোগ করে মাত্র হয়্যা অকিঞ্স। আমাকে তেজিয়া লোক এই সে কারণে। শঙ্কর ভব্দিতে সেবা করে দঢ় মনে। রাজ্যপদ সম্পদ লভিয়া মহাধন। বর পাঞা আমাকে পাসরে মুর্থজন ॥ সর্বফলদাতা আমি সর্বাভূতে বসি। সর্ব্বময় প্রভু আমি সর্বভণরাশি॥ ধনমদে মন্ত হৈয়া আমাকে পাসৱে। শঙ্করকিঙ্কর হৈয়া অবজ্ঞান করে 🛭 শাপ বরদাতা প্রভূ তিন স্বরেশর। ব্রহ্মা নারায়ণ আর আপনে শঙ্কর ॥ দণ্ড অমুগ্রহ শিরে করে সেইক্সণে। जुडे क्टे रुख निव **चन्न** मात्र छत्। নতু ব্ৰহ্মা প্ৰকাপতি দেব শ্ৰীনিবাস। ইহাতে কহিব এক পুর্ব্ব ইতিহাস 🛭 বুকান্থরে বর দিয়া প্রভু মহেশ্বর। স**ৰ**টে পড়িবা শিব ভ্ৰমিলা বিশ্বর 🛭 আছিল শকুনি নামে এক মহাস্তুর। বুকনামে ভার পুত্র ছুরক্ত নিষ্কুর। नातरम रमिश्रा भर्थ श्रृष्टिमा विनरम। অৱগুণে শীত্ৰ তুষ্ট কোন দেব হয়ে। নারদ কহিল তুমি সর্বাসন্ধি বাব। শিব সম্ভোষিয়া তুমি শঙ্কর আরাধ 🛭 व्यव अत्व व्यव त्मार्य किन्द व्यवकारण। **जुष्टे क्टे एरब निव विठात ना करत ।** দশগ্ৰীৰ ৰাণৱাজা ভজিল কপটে। অতুল ঐথব্য দিয়া পড়িল সন্ধটে। এ বোল শুনিঞা বুক হর্মিত মনে। পরিতে চলিল দৈতা শিব-পারাধনে। কাটিয়া অন্দের মাংস মাথিয়া স্বাধিরে। নির্বধি পোড়ে দৈতা অলম্ভ অনলে।(>)

⁽১) পাঠান্তৰ,— "সর্বান্তবনুত ওঁহে। পরম প্রধীর^ত।

^{(&}gt;) পাঠান্তৰ,— "সভত হবিল দৈওা বগস্থ আনলে" ।

সাভদিনে না পাঞে শহর-দর্শন। খড়ো শির কাটিতে তুলিল ততক্ষণ । ৰহাকাক্ষণিক শিব উঠিয়া সম্ভূমে। ছাপে হাপ ধরিষা রাখিল সেইমনে। শিব-পরশনে হৈল সর্বাঞ্চ স্থলর। বর মাল বুলিয়া বুলিলা মতেশব॥ ভুষ্ট হইলাভ আমি কেনে বুণা হঃখ কর। সেই সেই ৰৱ দিব যত নিতে পার। ভবে বর মাঙ্গে বুক পাপী ছুরাচারে। ষার মাথে হাত দেও সেই থেন মরে। এ বোল শুনিঞা শিব হু:খিত অন্তরে। বর দিঞা বুক সক্তোষিল মহেশবে॥ উঠিয়া কি বোলে দৈত্য তন ভূতনাথ। বুঝিব ভোমার মাপে দিয়া নিজ হাপ॥ পরীক্ষা করিঞা ভবে চলিব হেপা হলে। এ বোল শুনিক্রা শিব ভয় প।ইল মনে। ভরাসে পালায় শিব কম্পিতশ্রীর। শঙ্করে খেদিঞা লঞা যায় মহাবীর। যতেক পৃথিবীতল আকাশমওল। দশ দিগ নদ নদী পর্বত সাগর। সুৰলোক নাগলোক গপত পাতাল। পলায় শঙ্কর দেব না পায় নিস্তার 🖡 তত্ত্ব না জানিয়া লোক বহে নিশবদে। পলায় শহর দেব পড়িয়া প্রমাদে। শঙ্করে বিহবল দেখি প্রভু দয়ালীল। দ্বিজবটু-বেশ ধরে স্থন্দরশরীর। দণ্ড কমভূপ ধরে অজিন মেখলা। व्यवस्थ चानम (यन भट्टर चक्रमाना । আগুবাড়ি কৈল পিয়া অনুর-সম্ভাবা। বিনয় বচনে কৈল কুণল জিজাসা ঃ কহ কহু বুকান্দ্র খেদ পরিহর। কি কাজ তোমার কেন বিপ্রাম না কর। কি কাম কোণাতে বাহ কহন্ত অন্তর। ছুৰ্গ বিদক্ষিয়া কেন আইলে এতনুর।

ক্ৰফের অমৃতময় শুনিয়া বাচন। কহিল সকল কথা শকুনি-নন্দন ঃ छर्द क्रेक (वाटन दुक ना क्!दरन **जान।** শিবের বচনে আছে প্রভাত কাহার 🛭 ্য শিব দক্ষের লালে প্রেডবেল ধরে। ভুত পোত সঙ্গে করি ত্মতানে বিহরে 🛊 যদি তার বাক্যে গাকে পণ্যত ভোমার শিরে হাথ দিয়া দেহি :্র বাপলার 🛭 অগত্য বচন যদি #ছেরের হয়। তবে হাম মাধিচ শতর ছবালয় ॥ পুনরপি বার যেন অসত্য না বো**লে ।** ঐশ্বর-,শ্বক যেন ব্যাস্ত লা ভাগড়ে 🛊 कृष्क्रित्र च्यमुक-दानी यपुद अविदः । **खद्राय दिहाद कोद ना**्रीताल यदन 🛭 আপনার মাথে তুলি দিল নিও হাব ৷ ভবা হৈ**ল বুক** যেন হৈল ৰয়পাতি : नह्या नह्या छग्न छन्न नदम अअहन। সাধু সাধু শব্দ কেল প্রশা বরিষণে॥ নেৰ আঘি পি'হুগণ গঞ্জা কিল্লন্ন। বাজন নাচন কেলাববিধ মঞ্চল 🖡 পুরুষ পুরাণ হরি জংশর নিধান। পুনরপি অংসিয়া শিবের সঞ্চিধান 🛭 अन यन महाराज (प्रतिभानम्।रन । আপনার পাপে পাপা মঞ্জিল আপনে। মহাজনে পাপ করি কে ভরিতে পারে। বিশেষে জগৎ এক স্থাম মতেখনে। অমোধ-বিহার হরি অনন্ত পকজি। অশেষ কঞ্চানিধি শুরগা পাতি 🛊 লিবের স্ফট হবি কৈল পরিঞাণ। যেৰা কচে যেবা শুনে এ পুণ্য আখ্যান ১ স্কালাপ হবে ভার ভব-বিযোচন। विभूक्त मिखक्त (११६% शमन । আন গুলু-গদাধর ধীর্রান্বরোয়ণি। ভাগৰত আচায্যের প্রেমতর্নদ্রী।

ইতি প্রতাপনতে বহাপুরাণে পারমহংস্তাং সংহিতারাং বৈরাসিক্যাং দশবস্করে অটাশীতিতবোহধ্যারঃ । ৮৮ ।

खेतनर्वाज्जम व्यथापा ।

মলার রাগ।

তক্ষুনি বোলে রাজা কর অবধান। অপভূত কথা কহি তোমা বিভয়ান। **সরস্বতী** নদীতীরে পুণ্য তপোবন। মহা বজ করে তথা মহা মুনিপণ # বিতর্ক উঠিল তথা মূলির স্মাজে। কে বড় ঈশ্বর তিন ঈশ্বরের মাঝে। **ত্বিকা**দা করিতে ভৃগ্ণ ব্রগার কুমার। পাঠাঞা দিলেন্ত তাঁরা তন্ত্র ফানিবার। শতাশোকে গেলা ভ্ৰ ব্ৰহার সদনে। শাপ্তাঞা রহিল গিয়া এখা-বিভয়ানে। প্ৰশাম স্তবন ভূগ না কৈল কপটে। পরী**কা** করিতে গিয়া <হিলা নিকটে 🛭 क्ष देश उमा (यन क्षत्र वानल। পাছে কোৰ সম্বিল মনের ভিতর I श्व प्रि देक बना 63 म्याबान। ভবে ভ্ৰ মুনি গেলা শিব বিভ্ৰমান 🛭 কৈলাস পর্বতে গিয়া দেখিল শহর। 😎 দেখি শিবদেব উঠিল। সম্বর 🛭 ভুজ্মুগে ধরি হর দিল আলিকন। ব্ৰিয়া উত্তর দিল ভূগ তপো ন ৷ উনমন্তবেশ শিব জটা ভত্ম ধরে। ভার সহ কোলাকুলি কি করিতে পারে। ক্ৰোধ কৈল শিবদেব ঘূৰ্তি লোচন। স্থালি তিশুল যেন দীও হতাশন। क्वरण श्रीतका दमनी वाश्रिम भार्काणी। বৈৰুঠে চলিয়া ভূগ গেলা শীত্ৰগতি। मची गरह क्षण वंशा प्रव क्रमार्कन । ৰণি-সিংহাসনে আছে কবিয়া শয়ন # ভবা গিয়া উভারিলা ভৃত মহারতি। শারিল গুড়ের বৃকে দৃঢ় এক লাখি। সম্বৰে উঠিয়া তবে লক্ষ্মী নাৱাৰণ। निद्य श्रीय भौटिक देकन हरून बन्दन ॥ খাগত কৰে হয়ি বসায়্য খাসনে !

চরণে ধরিয়া বোলে বিলয় বচলে ! ना जानिश दिक्न लाव (क्य अक्वांत्र। পদকল দিয়া কর এ লোক উদ্ধার। পুণ্যতীর্ব তীথ করে বিপ্রপদ-জল। ছেন জল ধরি আজি শিরের উপর। তোমার চরণ-চিহ্ন-বক্ষঃস্বলে ধরি। व्यक्ति त्र देवकुर्व भएन देवन व्यक्तिकादी । একাৰ সম্পদ পাণ হৈল 'ত্ৰেভৰনে I गर्काकशृका वका देवन वाकि इतन। প্রভুর বচন শুনি ভ্রু বোলেখর। নিঃশব্দে গেলা কিছু না দিলা উম্বর । পুনরপি গেলা ভ্ৰু যথা মুনিগণ। আদি হলে কহিল সকল বিবরণ ॥ ভূতর বচন শুনি ভাবিল বিশ্বর। তুষ্ট হৈল মুনিগণ খণ্ডিল সংশয়। হরি সে সভার প্রভ সভার প্রধান। भोक्ति विका धर्म यात्य निजयण कान है চতুবিবধ বৈরাগ্য ঐশব্য অষ্ট্রনিধি। गर्कमिकि देवरम यथः यन निवदिष् । প্ৰথমত শাস্ত দাৰ মান আকিকন। সম্ভিত্ত স্ক্রভিত বল সাধক্ষ। এসতের গতি পতি সভার আশ্রয়। बेडेटएन निटा नाउ एक ज्यूमन । অকিঞ্চন প্রিরধন দেবের ভেবতা। অশেব সম্পদ্ধদ বিধিত বিধাতা ৷ **এতেক** ৰচন বুলি মহামুনিপ্ৰ। ভক্তি করিঞ কৈল ক্লম আরাবন ॥ क्रमणेन चात्राधिश (इल क्रम्बर ! ক্ষিল তোমারে রাজা করব নির্বয় ঃ ব্যাসন্থভ-মুখ স্থে ক্লচ-বিপলিভ ৷ रविक्या-ग्रमु'मञ-वहन वकुछ । निवयि भाग करव अन्त-विवस्त । গভাগদ্বাৰ ভাৰ এবৰ ব হৰে।

এক-বেসভর্মিণী

আর এক কথা শুন রাজা পরীকিত। ধারকানাপের ধক্ত অন্তত চরিত। এক দিন ধারকাতে আন্ধণের ঘরে। জনমিঞা মাত্র পুত্র মৈল সেইকালে 🛭 মরা পুত্র লঞা গেল বাজার ত্যারে। বিলাপ করিয়া বিপ্রা কান্দে উচ্চ: শ্বরে। ত্রন্ধবাতী শঠমতি লোভী গুরাচার। হেন পাপী বারকামগুলে মহীপাল। ভার কম্মদোধে মোর প্রমার যায়। তুষ্ট বাজা ভজিয়া প্রজায় ছু:খ পার 🛚 हिः गक छः भीन बाब देशन जना त्मरम । ক্রনিক্রা পত্ত মোর মৈল তার দোবে। এটক্রপে করি বিপ্র করণ রোদন। পুনরপি ঘরে গিয়া রহিল আগ্রণ 🛭 ছুই ভিন চার পাঁ> জন্মিল কুমার। অন্যিক্তা মাত্র পুত্র মরে বারে বার । नम् পुज देशन यनि जहे नदकाद्य । পুত্র লঞা পেল বিপ্র রাজার ভয়ারে ॥ **উচ্চ पदा कार्ल विश्व विभाग क**दिया । অৰ্জনে আদিয়া বোলে বিপ্ৰ সম্ভাবিয়া॥ কেনে বিশ্ব কান্দিছ রাজার অধিকারে। কেহো কি ভোমার পুত্রে রাখিতে না পারে 🛊 কেছো কি ইহাতে বার নাহি নহন্দর। এ সৰ ক্ষত্ৰিয় নছে খ্ৰিজ-কলেবর। बीक्षरण कंत्रदेव (बांक (य दोखांत (परन) সে সব নাটুয়া মাত্র জীয়ে ক্লত্রিবেশে **।** আমি পত্র আনি দিব ব্রাহ্মণ ডোমার। প্রতিক্সা করিয়া আমি কেল অঞ্চীকার ॥ যদি প্র আনিতে না পারি বিভয়ানে। ভবে আমি প্ৰবেশিৰ দীপ্ত হতাশনে ঃ অর্জনের এত বাণী শুনিয়া ভারণে। প্রভীত না গেল বিপ্র এ সব বচনে । আপনে সাক্ষাতে যাথে ৡফ বলরাম। শ্ৰেছাৰ গান্ধাতে অনুক্ৰ বলবান্। এ সবে যে কর্ম না পারিল সাধিবার। সে কর্ম করিতে আছে শকতি কাহার । কহিল আৰ্ন ভূমি সৰ আগোৱানে। প্ৰতীত না বাই আমি এ সৰ বচৰে। বিশ্রের বচন শুনি বোলে ধনঞ্চ। আমার বচনে বিপ্র না কর সংগ্রা **প্রভার না হই আনি নহি কুফ রাব।** অনিক্ত নহি আবি অৰ্জুন বসবান ঃ

গাণ্ডীৰ আমার ধন্ন ধরি মহাবল। সমর করিয়া আমি ত্রিল শঙ্কর ঃ যম জিনি আনি দিব তোমার ভনম। ঘৰে চল বিপ্ৰাভূমি নাকর বিশ্বয় 🛭 प्रकार का नामक | कार का कार का প্রভার মালিখন চিপ্রে নিক বিজ্ঞান ম কথোদিন বহি জবে বিলের এক্টা। অপভা পলৰ হৈব হেন কাল ফানি 🛚 व्यक्तनंत्र शिक्ष निया जल करायात । রুক্ত রুক্ত মহাবার চল শুদ্র করি ॥ मिनिका हिल्म नौद भाष्ट्र नमन। কর পদ পাথালিয়া কৈল আ ক্রন 🛭 निवटम्ब हदर्ग कदिश सम्भात । আকর্ণ পরিয়া দিল ধন্তকে উঙ্গার 🛊 স্থিত্যরে কৈল বীর লর-বার্যণ। CBोसिटक क्रीकल धद कुत्रोद नसन ॥ ক্ষিল স্থাতিকাখর শরের পঞ্জরে। আঋণী প্রস্থ তৈল তেন অবসরে। ভাষতে পড়িয়া মাৰ ব্ৰাঞ্চাকুমার। সশরীরে অন্তর্গক হইল তৎকাল। ৰিপ বোলে দেখ মোর মতি বিশরীত। নপুংস্ক আজ্বনের বচনে প্রভাত ঃ वालरन बीर्धात यारण প ह रलदाम । অনিকল্প প্রান্তায় বাহাতে বিভয়ান 🛊 যে কর্ম করিছে নতে এ হব ভারান। কে হয় অঞ্জন ভাগে কুপ্তার নন্দন চ शिक रिक रेख्न Cota रिक् रिक् रेखा। নপুংসক হৈয়া জোর গর্মা এত বড় ঃ আবে বে অক্ষ্য ড্ৰাঞ্জ হেন যে একডি দৈৰ নিমোজিত কাজে কবিদ শক্তি 🛚 এইকলে গালি দিজে আগ বহিল। মলে ছঃখ পাঞা ডবে খণ্ড চলিল। কামপতি মহাবিদ্ধা অবলম্ব করি। প্রত্তি চলিল বার সংখ্যনী পুরা। ষমপতা সংখ্যনী কবিয়া প্ৰেৰ। চাছিতে চাহিতে বীর না পায় উদ্দেশ 🛊 তৰে ইম্পুৱী গেলা ভবে শ্বিপুৱী। ভবে মৃত্যুপুথা গিৰা চাহিল বিচারি 👂 ৰক্লপের পুরী চাতি প্রদের পুরী। ভবে বিচারিল গিয়া ক্রের্নপরী। বিষপুরী বিচারিয়া প্রিল পাডালে। সপ্র পাড়াল চাহি উটিলা সমূহে ।

এবভাগৰত

छत्य वर्ग विठादिन गरिन गर्न। লা পায়্যা ত্রাহ্মণ স্থত হঃখিত অন্তর। বারকা ভূবনে বীর আইল বাহড়িয়া। 🕶 করি আগুনি আলিল কার্চ দিয়া। প্ৰবেশ করিব গিয়া দীপ্ত হুতাশনে। निर्वे क्रिया कृष्ण वाश्विन चाल्टन . না কর অর্জ্জন তুমি আগুনি-প্রবেশ। বিবাদ না কর মনে না ভাবিহ ক্লেখ ॥ আনিঞা দেখাৰ আমি ব্ৰাহ্মণকুমার। ভূবন ভরিষা যশ রাখিব ভোমার॥ क्टिक वठन वृश्वि ∴ मधुरुपन । অর্জুনে তুলিয়া রথে কৈলা আরোহণ 🛭 চলিলা পশ্চিম দিগে অ কাশমগুলে। শুষ্ঠ পথে যায় হরি রে র উপরে। সম্বৰীপ তরি গেলা সপত সাগর। সপ্তৰীপ সোকালোক তরিয়া সকল। **মহাত**মে প্রবেশিল ঘোর অন্ধকার। না চলে রথের খোড়া না হয়ে সঞ্চার॥ নিজ পালে মহাচক্ত দেখি ভগবান। আৰু দিল চক্ৰ তুমি হও আগুয়ান। স্থাকোটি সম চক্র আগু চাল যায়। নিজ তেজে ঘোর তম কাটিয়া প্লায়। বেন মন-পবন সঞ্চার তৎকাল। সেইরপ চলে চক্র কাটি অন্ধকার। ছই পাশে তম কাটি ছই ভাগ করে। त्ने शिष करण तथ क क चकुनादत ॥ ভবে মহা জ্যোতিশম প্রকাশ শক্রণ। স্বাকোট বহিকোটি নিৰূপম রূপ। विशा वर्षान छत्व मृतिल नमन। **রখেতে** পড়িয়া বাঁর হৈল অচেতন ॥ ভিলেকে ভরিষা ভেজ গেলা হ্রবাকেন। **অপার সাগরকলে** কৈল পরবেশ। **ভরত্ব করোল কোলা**হল অভিনয়। **ভার বাবে এক পুরী মহামাণমর ।** স্থাকোটি জিনি মণি-মন্দির উচ্ছল। ভার বাঝে মণি-সিংহাসন মনোহর। ব্দৰ ধরণীধর সহস্র-বদন। ্ট ক্ৰীমণি বিয়াজিত বিলোললোচন। স্থাল-ধ্বল গৌর কলেবর শোভা। চক্ৰকোটিসুশতল হ্ব্যকোটি আভা दिन वहा चकुणाव चन्छ नश्रतन । শরন করিবা হরি আছেন আপনে।

ন্ব্ৰন জলধর খ্রাম-কলেবর। গঙ্গুগ-বিলসিত মকরকুণ্ডল 🛭 প্ৰাকৃত্ব কমলদল নয়ন বিশাল। কুঞ্চিত কুম্বল জাল বিলোলিতমাল 🛭 ব্দচির মধ্র হাস মূদিত বদন। মণিময় বিলসিত বিবিধ ভূষণ 🛭 আজাহু পর্যান্ত অষ্ট ভূজ বিরাজিত। ব্ৰীৰৎস কৌন্তভ বনমালা বিলসিভ। नम प्रनम चापि भारित्रप्रशत्। চক্ৰ আদি ৰত অন্ত হেয়া মুৰ্তিমানে 🛭 অষ্ট্রশক্তি মৃত্তিমতী হৈর। অষ্ট্রাসন্ধি। चर्छियं पृष्ठि यदि त्यत्व चर्छानिय ॥ এইরপে দেবদেব দেখি ভগবান। আপনার ভরে কৈল আপনে প্রণাম 🛭 দাণ্ডাঝ্যা সমূখে রহে শিরে কর ধরি । অর্জুন সম্রমে রহে দণ্ডবত করি। তবে দেবদেব স্থরপতি-শিরোমণি। কিঞ্চিত হাসিয়া প্রভূ বোলে কোন বাণী 🛭 এই দশ বিজয়ত লইয়া চল ঝাটে। আপনে আনিয়া আমি রাখিল নিকটে । এত কর্ম কৈল ভোমা-সভা দেখিবারে। তুমি সৰ জনমিলে অংশ অবভাৱে। অন্তর বধিষা ভার পুথিবীর হরি। আমার নিকটে গিয়া রহ শান্ত করি। ৰঙপি সাব্দাৎ তুমি পূৰ্ণ ভগৰান। তথাপি ধরিছ নরনারায়ণ নাম 🎚 আৰম্ভ পথান্ত তপ বদরিকাশ্রমে। লোক-পৰিত্ৰাণ-হেতু কর ঘুই জনে। এতেক ৰচন ত্ৰি শ্ৰীংৱি অৰ্জুনে। व्यनाम कतिया (प्रवापत्वत्र हत्रान । আজা শিরে ধরি দশ পুত্র তুলি রথে। পুনরপি দারকা চলিলা সেই পথে 🛭 দশ পুত্র লঞা দিল আন্দণ-গোচরে। অর্কুনে পাঠায়্যা প্রভু গেলা নিজ খরে 🏾 আশ্চৰ্য্য দেখিৱা মনে পাইল বড় ভর। বিশ্বর ভাবিয়া কি<u>ছ</u> না দিল উন্ভর s বুৰিল অৰ্জুন মনে এই সে নিশ্চয়। 🗫 অন্বগ্ৰহ বিনে কিছুই না হয়। बरेक्टल नाना नीना करदा श्रीहति। নানা ক্ষ নানা দান নিভি নিভি করি। জীবমাত্রে দেই প্রভু দিবা আগান। बाक्त कार्य करत प्रियं नाना शान ॥

ংধাৰিৰি বৰাকালে স্বাক্তম আচাৰ।
লাক বুৰাইতে করে এত পরকার।
নামতোগ করে হরি জীববত হইঞা।
বার সকল লোকে আপনে করিবা।
বা সংস্থাপন-হেতৃ করে এত কর্ম।
নামতাম মহিবা ভার কে বুঝিবে মর্ম।

ভাগৰত-মাচাৰ্ব্যের ধধুরস বানী। নরনারায়ণ-সীলা প্রেরজরন্দিনী । (>)

(১) পাঠান্তব,— "পণ্ডিত-মুক্টুমণি প্ৰাথবজ্ঞান । ভাগৰত-জাচাংব্যির সমুবস-পান ।

ইতি জীভাগৰতে মহাপুৱাণে পারমহংস্থাং সংহিতারাং বৈয়াসিক্যাং দশমক্তরে উন্নৰ্ভিত্যোহ্যায়ঃ । ৮১ ।

नर्वाछ्छन्न व्यथाय ।

(क्लाब द्रांश।

असेबाल देवरण हति चात्रकाम**अरल**। শ্ৰণেৰ সম্পদ্ধাম মন্দ্ৰিরে মন্দিরে। ব্ৰফিগণ বছগণ সৰ্বত্ৰ বেষ্টিত। नरीन-रवोयन-मात्रीशन विदािक्छ। যৱের উপরে বর শত শত তালা। खबा खबा तकि हिना मात्रीशन (बना । वस्यक्ष शक्तमण चन शतकान । রাজপথ পুরপথ নাছি অবকাশ। প্ৰসম্ভ ভটগণ প্ৰন-স্কার। **চক্তি চক্তদ গতি খোডা পাটোরার।** ক্ষকনিৰ্মিত রখ তভিতের (>) খাতা। ৰম উপৰন দীবি সৰোবর শোভা ঃ নিমাদিত খগা ভূজ শ্বদ বধুর। অভূবিভ অধুপিত প্রতি পুরে পুর। ৰোজ্প সহল্ল দেবী এক ভগৰান। বোড়শ সহজ রূপে রুহে ছানে ছান। रमक निर्विष्ठ नवमधी ग्रातावत । क्स छेरनन क्य कुत्रुप क्यन । ভর্মিত বিম্মিত স্থবাসিত জন। অসিকুল শবদ বিহুপ কোলাহল ৷ বলকেলি করে হরি রুখণী-রুখণ। ত্তন-বিনিঞ্চিত-মুগমন বিলেপন। नक्दर्स विश्वदन भाग नाट विद्यानती। एक ৰাগৰগণ সেৰে ছতি করি।

দেৰীগণে চৰ্ষের যোটনী (>) ভবি ভবি ! জন ছিটাছিটি করি করে জনকেলি। क्षणरक्षि करब ३वि द्ववध-जवाद्य । বন্দরাক্ত খেলে খেন যক্ষিকার (২) বাজে 🛚 অনবিনিচিত ভতু ৰসন বিলাস 🛭 কিঞ্চিত বিষিত কুচভট প্রকাশ। গলিত কৰৱী ভাৱ বিনিষ্টিভমাল 🛭 যোটিত যোঠরী কর বটন সঞ্চার । সমূদিত কাষ্ণর জর জর জ্ব । বিকসিত মূখ সরোক্ত্যর ভল । এইরপে অলকেলি করে বছরায়। রমণীনওলে হরি আনন্দে বেলায়। নৰ্ভক নৰ্ভকীপণ ৰসন ভূষণে। গুণিগণ পূজে মহাধন অন্নপানে 🛭 আপনে ব্ৰথীগণ বৃদিয়া হবায়। নিজ পদগত-চিত্ত পীরিতি বাচার # রুমণী-রুমণে লাহি ভিজেক বিজেপ। निक्षां ध्वनादव कदव वस्विव (अम । নানাভাবে দেবীগণ রক্ষ আরাধিয়া। ক্ৰফে প্ৰবেশিল ভাৱা স্বশ্ননী হৈয়া। শঙ্কৰ বিবিঞ্চি আদি মহাবোপেশ্বর। देश्य का कीखन करदर मित्रका ।

⁽ ১) বোটরী,—বেচক । ব্যবসাধ ব্যা পিচকারী কো ।

⁽२) गांजिय-"विश्वीत"।.

কেবল প্রবণে হরে রমণীর মন। হেন প্রত্ন দেবীগণে দেখে অমুক্ষণ । পতি ভাবে পরিচর্য্যা করে প্রেম ধরি। ভা-সভার পুণা ভপ কে করিভে পারি। সর্বলোকে গতি-পতি ত্রিবগত-ওক। প্রণতবৎসল নিজ জন-কর্মতক । হেন প্ৰভূ সাক্ষাতে ভজিল দেবীগণ। কে ভার বর্ণিব তপ আছে হেন জন। এইরপে গৃহকর্ম করে যতুরার। আপনে করিয়া কর্ম এ লোক বুঝায়। ধর্ম অর্থ কাম তিন সাধিবারে পারি। भृद्धम् कदिव भृद्द चिक्षित्रो । এই সে কারণে হরি করে গৃহধর্ম। বেদ-বিপ্রমুখ মুখরিত নানা কর্ম। ৰোড়শ সহস্ৰ একশত দিব্য নারী। রমণী-রতন এঃক্মিণী আদি করি ৷ দ্বশ দ্বশ পুত্র প্রেসবিল একজনে । যার সম বলবীর্যা নাহি ত্রিভূবনে। মহাবল পরাক্রম বিক্রমে বিশাল। অষ্টাদশ পুত্র হৈল প্রধান তাহার। প্রহায় প্রহায়পুত্র অনিরুদ্ধ নাম। नाच जाद्य बृहम्जाद्य मधू मीथिमान् ॥ ভাছবুন্দ ধুক আর অরুণ পুদর। বেদবার শ্রুতদেব মহাধহর্দর। गनम्बन हिवारिह वीरतत्र व्यथान। ৰত্নথ ছয়োধ আর কৰি বলবান। সভার প্রধান তার ক্রন্মিণী তনর। ৰাতৃল ক্ষিত্ৰ কন্তা কৈলা পরিণৰ। অভ্ৰক্ষ পুত্ৰ হৈল ভাহার উদরে। ষ্চামত অযুক্ত মাতক্ৰল ধরে॥ স্থাপুত্ৰ-কন্তা বিভা কৈল অনুক**ে**। इन्ह्यी-वय देशन वादय वनताम यूटक । चक्कक्ष्मभूख बद्ध महोवन शरद । ৰঞ্জ অৰশেব বৈল মুবল সমরে। ভার পুত্র উপজিল প্রতিবাহ নাম। অবাৰ ভাহার প্ৰ মহাবলবান্ .. উপাসন ভার পুত্র হৈল মহাবল। ভদ্রসেন তার পুত্র বহাধছ্কর। अवश्रम कनय्य नाहि प्रतिख निर्कत । অৱপুত্র অৱবল অৱপরাক্রম। चन्न भवनाव् यात्र नटर धर्चनीन । শ্রাদ্দণকিত্বর নতে নতে মহাবীর

যতুবংশে জন্ম না দক্তিল হেন জনা। শঙ্কর বিরিঞ্চি বার না জালে মহিবা। শতেক বৎসর ধরি কেহ বদি গণে। গণিতে না পারে ভড় মহাবৃধজনে 🛭 অষ্ট অশীতি শত অধিক তিন কোটি। যতুকুলে আচাৰ্য্য আছিল মহামলি ৷ এতেক পঞ্জিত যাথে ছাওৱাল পঢ়ার। হেন বহুকুল অন্ত কে গণিতে পায়। অযুত অযুত লক্ষ্য সেনাপতি লৈয়া। আহক আছিল বাবে ক্ষিতি পতি হৈয়া। দেবাস্থর যুদ্ধে যত সৈত্ত-বধ হৈল। তারা সব বুপরূপ ধরিষা অন্মিল। ভা-সভার সংহার করিতে বছরার। ষ্চুকুলে দেবগণে জনম লভার। একশত এক বংশ হৈল বহুকুলে। ্কত দেব জনমিল কত পরকারে। যতুবংশে যত দেব হৈল উতপন্ন। জানিতে প্রমাণ সভে এক নারারণ 🛭 অনস্ত-কিঙ্কর হরি অনন্তমুক্তি। তাঁর তত্ত্ব জানে হেন কাহার শক্তি 🏽 আছুক আনের কাব্দ এই যহগণে। কিঞ্চিত প্রভূব তত্ত্ব কিছুই না জানে (১)। শয়ন ভোড়ন পান একতা গমন (২)। ভমু তার তত্ত্ব না জানিল বহুগণ॥ যার শুণ-কীর্দ্তন সকল ভীর্থসার। যতুকুলে হৈল হেন তীর্থ অবতার। বৈরীভাবে রিপুগণ করিয়া চিন্তন। कुछम्ब देश्य कुछ क्रिया प्यत्र ॥ **मन्दोरम्**वी याद्य वाश कद्य नित्रस्य । ৰীর কুপা বাহা করে অক্ষা মহেশ্বর । ৰার নাম শ্রবণে ছবিত বন্ধ হরে। कुनभर्च व्यक्तिन (व व्यक्त नःनाद्य । এ কোন্ বিচিত্ৰ তাঁর হবে ক্ষিতিভার। কালচক্রে করে বার অক্ষাও সংসার 🛭 জয় জয় প্রাণনাথ জগত-নিবাস। क्षत्र क्षत्र (मनकी क्षत्रेत्र शतकान । জন্ব যতুৰর পারিবদ-প্রাণপতি। জয় জয় নিজভূজ-নিবারিত-বর্মবাতী।

^() পাঠান্তৰ,—"কভো নাহি জানে"।

⁽२) नाजाकर- वानान नवनः।

ধার ধার চরাচর ছবিত হরণ।
ধার ধার একপুরী রমণীরমণ ।
ধার ধার প্রাকৃতি-মুখ-মধুহাস।
চার একপুরবধু কাম-পরকাশ।
পরাপর গতি (>) হরি পুরুবপুরাণ।
বুগে বৃগে নিজভক্ত করে পরিত্রোগ। (২)
কাকটিত লীলাতম্ব দিবারূপ ধরে।
কর্মলাল-মহম বিচিত্র কর্ম করে। (৩)

(১) পাঠান্তৰ,—"পৰাৎপৰ পৰ",
অপৰক "পৰাপৰ-পৰ।"
(২) পাঠান্তৰ,—
"বৃগে বৃগে নিজ্বৰ্ছ কৰে পৰিআণ।"
(৬) পাঠান্তৰ,—
"একট পৰমানক দিব্যৱপ ধৰ!
নৰ্জ্পৰৰ হেল বিচিত্ৰ কলেবৰ।"

বে ছবি-পদারবিক্স করিব জন্ম।
বে জন কেবল করে শ্রবণ কীর্তান।
মুকুল শ্রীযুত কথা শ্রবণ করিব।
শর্কা ভিন্তান করি চরণ ভন্তিব।
ছফর-ছক্সত-জরা-মরণ হরণ।
কক্ষনর হৈয়া তার বৈকুঠে গ্রমন।
রাজ্য পদ পরিহরি ম্মিভিপভিগণে।
বন পরবেশ করে বাহার কারণে।
হেল ভব ভরিবে প্রভিবে ছংখ শোক।
শ্রিযুত শ্রীগ্রাধ্য চরণ-ভর্মা।
ভাগবত আচাবে।র মধুরস ভাষা। (১)

(১) পাঠান্তর,— "ভাগবত আচার্ব্যের ভার নাহি আশা।"

ইতি প্ৰতাগৰতে মহাপুৱাণে পাৱমহংসাং সংহিতারাং বৈরাসিকাং দশমক্তে নব্তিতমোহধারঃ । > । সুমাপ্তকারং প্রীদশম: করঃ ।

একাদশ জন্ম ৷

---::::

ছুব্ৰ সংসাৱসমূদ্ৰসেতৃং সংৰদ্ধেৰাৰনিভাৰপথা। জনত সন্তো বিগমাৰ্থমেকাদৰং প্ৰাৰক্ষে ধনু সম্বতীতঃ ।

अथम जवारा ।

নট-রাগ।

ারীকিত মহারতি তকত-প্রধান রাজা
তবে হরি-চরিত রসাল।
কাদৰ ভাগৰত তক্তি-জান-সমূদিত
কহে ওক ব্যাসের কুমার।
কে পারিবদ্পদ করিএ সংহার।

অভোত্তে কন্দল করি বিশ্বোধ বাচার হরি
পূথিনীর হরিতে অক্টার ।
হুপাশা থেদন করি কেলাকর্থণ আদি বৃদ্ধি
বিবাদ বাচার রিপুগণে।
ক্রোধিত করাই হরি পাঞুস্তে লক্ট্য করি
ভিতিভার হবে নারারণে।

কণাচিত যতু সৰ **আনে** হৈতে পরাভব নহিব আমার প্রিরগণে। আমার আশ্রয় পদে অশেব সম্পদপদে বছজান নাহি ত্রিভূবনে। कन्मन बाहाबा। इति মনে অনুমান করি विनाभिया हरन निख शारम। वांटन वांटन चदिवटन অগ্নি যেন জলে বনে ' পুন অগ্নি নিভান্ন সেই বনে। হরিব পুণ়্ীর ভার সভাবাদী ভগবান্ **এই মনে করিয়া নিশ্চয়**। কুল বিনাশিয়া ছবি এমশাপ লক্ষ্য করি তবে কৈল বৈৰুঠ বিজয়। व्यदिन नार्यग्रधाय নিজমৃতি প্রকটিয়া হরি লৈল ত্রিলোক লোচনে । শঙরিতে শঙরিতে চিত হরিয়া সভার বৃত্ত रुति रेणल मधुत नहरन । হরিয়া লোকের কর্ম দেখায়া চরণচিক্ নিল হরি চরপক্মলে। এ লোক ভরিব বলি শ্ৰৰণ কীৰ্ম্বন করি ষশ বিস্তারিলা ক্ষিতিভলে। অখিল জগতগুরু এ লোক বুঝাএ ছলে দেখে লোক অনিত্য সংগার। ৰোগ ৰোগেশ্বর হরি हिला देवकुर्शश्री নিজকুল করিয়া সংহার ঃ তবে রাজা জিজাগিল এ বড় বিশাস হৈল कह अब गर विवत्रण। ₩য়-ছিজ-সেবারত শানষ্ত ৫কগত চিঞ্চ বিজ সৰ বহুগণ। ভেদবৃদ্ধি উপজিল কেনে ব্ৰহ্মণাপ হৈল ৰহাজাগৰত যতুকুলে। करह एक यहां मुनि বাজার বচন ভান ত্তন রাজা কহিব তোমারে॥ নর কলেবর ধরি সকল স্থব্দর হরি কৈল নানা বিচিত্র বিহার। করি কুল-সংহারণ निक्र भन-चाट्यार्ग করি মনে এই মৃত্তি গা:.। र्राग्य युग्यम কলি-কলুৰহয় কর্ম করি জগতে প্রচার। প্ৰভাগে দিল পাঠায়া युनिशन निरम्नाकिया কালক্ষণে করিতে সংসার। চুৰ্বাসা অভিৱা ভৃগু বিখানিত্র বামদেব विश्व मात्रम मुनिशरण ।

क्षेत्र-चारम्भ शति পিণ্ডারক তীর্বে রচি তপ যোগ সাধে সমাধানে। ক্ৰীড়া করে বনে বনে क्रास्थ्र क्रुमात्रशाल তথা গিয়া হৈদ্য উপসঙ্গে। **নাৰ জাৰবভী**ন্নত **छितिरवर्ग वि**ङ्विता करह किছू विनम्न वहता। আসন্তাসবা বধ্ চিরদিন গর্ভ ধরে সাক্ষাতে পুছিতে ৰাসে লাজ। किना भूख क्झा टेहर আমি স্ব ভে-কারণে পুছি এই মুনির সমাঝ। এতেক বচন শুনি ক্রোধ করি সব মূনি বোলে আরে মন্দমতিগণ। ভাগ বিজ্ঞাসিলে ভোরা লোহার মুবল গর্ভে खनविव कुलविनाभन । শুনিঞা কুমারগণে ভৱে চমকিছ মনে বিচারিয়া চাছিল উদরে। লোহার মুবল দেখি ভারা সে বুদিল শাঁথি ना जानि कि श्रेमां करण । মন্দমতি আমি সৰ एक मन्त कर्य देवन না জানি কি বলে কোন্ জনে। हिना ब्रम मका এতেক ৰচন ৰচি দিল নিয়া সভা বিভাষানে মলিনবদন হই সৰ বিৰয়ণ কহি अक नाटन तरह निस्त्रात । কুলের সংসার হৈব अभाग गर्व देनव চিভিত লাগিল পুরন্ধনে। তবে রাজা উগ্রসেনে বাজা দিল ভ্ভাগণে मुचन पविश्रा कत कत । ফেলাহ সাপরজলে ষবি শিলার উপরে किছु यन भिव नाहि वत्र । আজা পাঞা ভৃত্যগণে সন্ধরে মূৰল আনে ঘবিয়া ফেলিল সিছুজলে। किहू चर्लाय देवन কেলিল সাগরজলে এক মৎত গিলিল সংরে। শমুদ্রের তীরে তীরে ভরদকল্লোল অলে क्रमिन अवकात रतन । बारन मर्ज क्यो कति কাটি খণ্ড খণ্ড করি বিকি নৈল বংশুদাভিগণে। এক ব্যাধ লোহাধানি, মংস্কের উদরে পাইল, ভাহা দিয়া নির্মিল শর। কালক্রপ ধরে হরি वार्वित गुरुम छन् **उपू कि**ष्ट्र ना देवन नेपन्न !

বৃদ্ধি প্রস্থাকরে গীলার খণ্ডিত পারে

ক্রমণাপ না করিলা দূর ।

কুল-বিনাশন করি পৃথিবীর তার হরি

আপনে চলিলা নিজপুর।

ধীরশিরোমণি শ্রীল প্রধান্তর-পদ **আর্থি** ভাগবত-আচার্ধ্যের এ বাবী। ক্রকাঞ্চণ-সম্বিত একাদশ ভাগবব শুন ক্রকাশ্রেষতর্মানী।

ইতি শ্ৰীভাগৰতে একাদশন্ধরে ক্লুক্রেম ভর্মিনী প্রথমেহধ্যার: । >।

भिनेय जाभाग ।

সিদ্ধু রাগ।

বুনি বলে শুন রাজা অবভূত বাণী। কহিৰ ৰাৱকাপুরী-অপূর্ব্ধ কাহিনী। इक-बराज्यम्थ गम्छ গোপিত।। প্ৰভুৱ ৰাৱকাপুরী ভুবন বন্দিতা। নিরবধি ভাহাতে নারদ মনি বৈসে। ক্রকাগন-উপাসনা করে ভক্তিরসে। কে হেন ৰন্দিত আছে নর কলেবরে। ৰুকুন্দ-পদারবিন্দে ভক্তি পরিহরে। সৰ ঠাঞি আছে মৃত্যু কোণাং না ঘুচে। ৰে ছেন জানহে সে কি গোবিদ্দ না ভজে। শ্বর বিবিঞ্জি হার করে উপস্না। হেন প্রভুর চরণ না ডলে কোন্ জনা ঃ এক দিন গেলা মুনি বস্থদেৰ ঘরে। নারদে প্রেথিয়া ভিঁছো উঠিলা সম্বরে। नमा वर्षा मिश्रा देवन हरूव-वसन। খাসনে ৰসাঞা ভবে করে নিবেদন। ভাগ্যে যোর ঘরে তুমি কেলে আগমন। লোক-পরিত্রাণ হেতু কর পর্যাটন। পিতা-মাতা-আগমনে প্রের কল্যাণ। ভক্ত আগমনে ধেন লোক পরিআগ। স্থ্য হেডু ছঃগ হেডু দেবের চরিত। স্থ বিনে সাধুওনে নহে বিপরীত। তুৰি-সৰ এন মহাভক্ত প্ৰধান। তুমি সৰ জীৰমা একর পরিজ্ঞাণ (बक्र (१) (व (१व क्र क्र क्र एवं क्र १) সে দেব ভাছারে ভলে দেব। (২) অনুসারে।

চায়াংড দেবলণ কর্মের কিম্বর। যার যত কথ ভারে দেই ভড় কল 🛊 ভক্ত জনের কড় নাহি নিজ পর। বিশেষে সকল জন এ দীনবৎসল। বভাপি সকল সিছি কৈল আসমৰে। তথালি বৈক্ষৰ ধৰ্ম পুছিৰ চরণে ৷ ভাগৰত ধৰ্ম তুমি কছ ভণোধন। याहात अवत्न ग्रव दृःश्वित्याहम ॥ পুকুৰে পুজিল আমি পুকুৰ পুৱাণ। मुक्ति ना माजिल पामि देश्या शुक्रकांव ! সম্প্রতি থেকপে যোৱ ঘটে ভৰভম। এ খোর সংসারছাথ আর খেল নম্ব 🛭 ছেন উপদেশ মোরে দেহ খোগেছর। ভবে দেবৰ্থি তাবে দিলেন উত্তর। ভাল বহুদেৰ তুমি করিলে জিজাসা। ভাগৰত-ধর্ম ত্রাম করিলে প্রভ্যাশা (১) 🛭 ভাগবভ-ধৰ্ম বেৰা শুনমে প্ৰবণে ৷ चाषद्र भाषन किया कड्टब विचटन । ্বৰ-বিপ্ৰয়োহী কিবা চঙাল পতিত। সেইক্ষণে হয়ে ভার অশেষ ছবিত। ধ্য ৰশ্বদেৰ ভূমি পরম কল্যাণ। चत्रण क्यांकेटण चाक्ति (पन 'ठलनान ह 📆 🚁 শ্বরণ আভি করাইলে মোরে। শ্রুণ কীর্মন বার সর্ম্মণাপ হয়ে & কৰিৰ ভোমাৱে ইভিহান প্ৰাভ্ন। मरवर्षि-निविद्राका गरबाय सवन ।

⁽ ১) পাঠাডৰ—"ৰে পুন" ৷

^(2) MISTER-"(2)" 1

⁽⁾ भागास्त्र -- "अन्हर्मा"।

GHEINTS

স্বান্ধ্র মন্ত্র-পুত্র প্রিয়তম নামে। আরীব্র কুষার ভার বিদিত ভূবনে । ভার পুত্র নাভি তার ঋষত কুমার । ধর্ম বুঝাইতে বিষ্ণু অংশে **অব**তার। একশন্ত পুতা ভার বেদবিদাধর। ভর্ভ স্বার জ্যেষ্ঠ ধর্ম কলেবর । ছব্নিপরায়ণ ভিঁহো বিদিত ভূবনে। ভারতবরিষ নাম হৈল বার নামে। রাজ্যতোগ করি তিঁহো রাজ্য পরিহরি। ৰনে গিয়া তপ করি আরাধিল হরি। ভিন জ্বে হৈল ভার বিষ্ণুপ্তে গভি। সৰ পুত্ৰ হৈল তার নৰ্বীপপতি। একাশী ভনৰ ভার কর্মপরায়ণ। কর্মপথে হৈল তারা বেদজ আহ্মণ। শৰ পুত্ৰ হৈল ভাৱা নহাবোগেশ্বর। আত্মবিভাবিশারদ মূনি দিগহর। কৰি হবি অন্তরীক এ তিন তনয়। প্ৰবৃদ্ধ পিপ্ললায়ন ছই মহাশয়। অপাৰিৰ্হোত্ত ক্ৰৰিল চৰস তিন জন। ক্ৰিষ্ঠ তনৰ তাপে এ ক্ৰডাজন । এই নৰ বোগেশ্বৰ মূনির প্রধান। স্বাদীৰে বৈলে হার স্বাক্ত স্মান । **बा**म्हरू अरे गांख (कर्प निवस्त्र । অব্যাহত ইটগতি নৰ সহোদর। পুর সিদ্ধ গৰাক কিয়র বন্দ নাগ। স্বলৈতে ক্ৰমে নৰ ৰবি মহাভাগ। শিবলোকে-ত্রন্ধলোক গোলোকে স্থার । চৌৰভুৰন ভ্ৰমে এ নৰ কুমার। নিমিরাজা বক্ত করে বিদেহ নগরে। মৰ ঝৰি গেলা তথা হেল অবসৱে॥ ৰ্জ্মখন্তে ৰজ করে মহাধাবিগণ। মৰ ৰাবি পিয়া ভৰা হৈলা উপসয়। পুৰ্যসময় পরকাশ দীগু কলেবর। ভা-সভা দেখিয়া রাজা উঠিলা সম্বর 🛭 সুতে হৈতে আওনি উঠিল বিজ্ঞাণ। পান্ত অৰ্ব্য দিয়া হাঞা পূজিলা চরণ । প্রাণাম করিয়া রাজা বসাইল আসমে। ক্ষরজোড়ে পুছে তবে বিনম্ব বচনে। ভূবি-সৰ সাক্ষাৎ স্কুফের অন্তুচর। লোক-পরিত্রাণ-হেতু ত্রম নিরন্তর। **একেড ছুল'ভ বলি মান্ত্ৰ** শরীর। ক্ষেপ্তে ভত্ন বেন ভড়িত অছিব।

ভাহাতে ছুল'ভ কুফপ্রিয়-দর্মনা একান্ত কুশল-পথ পৃছি তে-কারণ 🛭 ভিলেক সৎসত্ব হয় কোনহ প্রকারে। সেই মহানিধি-লাভ জানিল সংসারে 🛭 মুঞি যদি শুনিবারে হঙ যোগ্য পাত্র। ভবে সভে ভাগবত-ধর্ম কহ মাত্র। কেহ ৰদি কৃষ্ণ তজে স্বংশ আচরি। আপনাকে দিএ ভার বশ হয় হরি। নিমির বচন শুনি মহামুনিগণে। প্রশংসিয়া বোলে মাজা শুন সাবধানে। কৰি ৰোগে আমি মাত্ৰ এই সবে বুঝি। বেন-তেনে-মতে ক্লমপদযুগ ভঞ্জি। সবে ওই পাদপত্ম অভয়-কল্যাণ। মহাভন্ন-বিনাশন ছ:খ-পরিত্রাণ ॥ দেহ গেহ স্থত দার অগতা ধেয়ানে। চিত্তগত উদবেগ বাঢ়ে দিনে দিনে 🛭 এক চিন্ত হয় কত নানা পরকারে। অভয়চরণ সভে ছ:খ প্রতিকারে। ৰত ৰত উপায় কহিলা নায়ায়ণে। মূর্থজন-পরিত্রাণ হয় বাহা হলে। সেই ভাগৰত-ধৰ্ম জানিছ নিশ্চয়। ৰাহা হৈতে কৃষ্ণ পাই কহিল নিৰ্ণয় 🛭 বে ধর্ম আশ্রম কৈলে নছে পরমাদ। ৰে ধৰ্মে থাকিলে কিছু নহে বিশ্বপাত। এ ধর্ম আশ্রয় করি মুদিত নয়নে। খ্ৰপথ তেজিয়া করে কুপথে গমনে। শ্রতি স্বৃতি ছুই শাস্ত্র বিব্রের লোচন। এক না থাকিলে বুলি কাণা এ ভ্রাহ্মণ। ছুই না থাকিলে অন্ধ বুলিএ তাহারে। হেন বিপ্ৰ হয় যদি তথাপি না পড়ে। ছেন ভাপৰত-ধৰ্ম ঈশবের বাণী। ইহান্তে সংশয় বৃদ্ধি করে কেহে। জানি। (व व कर्ष करत्र ववा कात्र-मन-हिस्स । গৃহত্ব সভাবে কিবা করে বৃদ্ধিগতে जकन देखियभग-वाका-चहकाद्य । লৌকিক বৈদিক কর্ম বেবা যভ করে। সকল করিব জীব ক্রফে সমর্পণ। ঈশবে কহিল এই ভাগৰত-ধৰ্ম। ঈশ্বর ভজিলে কিবা আছে প্রয়োজন। कान देशल इव गर विभए-४७न। হেন যদি ৰল রাজা কহিব তোষারে। কুষ্ণ ভাজিলে কেহো সংসার লা ভারে ।

वेचनविष्यं व्यान इत व्यवनाता। তুঞি মৃঞি ভেদবৃদ্ধি করে দেহ পাঞা। ভাবে শব্দ মিত্র হয় এ সব কলনা। ভবে শোক ছু:খ ভয় অশেষ ভাৰনা ! মুক্তি দেহ ছেন হয় বৃদ্ধিবিপৰ্যার। তে-কারণে হয় তার নানা চুঃখ ভয় । ৰাহার মাধার হর এত বিভখন। এ ৰোপ বৃবিয়া কৃষ্ণ ভব্তে বৃধ্বন। শ্বহ্ন সে ঈশ্বর আত্মা করএ ভাবনা। কৃষ্ণ গুৰু এক করি করে উপাসনা। ছই হেন ৰম্ব নাহি বিচার করিতে। যেন স্বপ্নে মনোরথ মিলএ ভাবিতে। अ नव नक्ल एवथ गरनद विकास । মন নিরোধিলে সব ভয় যায় নাশ। এ সৰ ছুৰ্গম পথ ভজন শক্তি। তে-কারণে কহি রাজা সুপম ভক্তি। ক্রফের মকল কর্ম জনম চরিত। শুনিব শ্রাবণ ভরি যে হয় পণ্ডিত। উচ্চস্বরে নাম গুণ করিব কীর্ত্তন। লাজ ভয় পরিহরি করে পর্যাটন। মনের আগক্তি ছাড়ি রহে যথা তথা। रम क्रम देवक्षव दाका कानह मुक्तवा। শ্ৰুৰণ কীৰ্ত্তন ব্ৰন্ত সংকল্প যাহার I শ্ৰৰণ কীৰ্মনে চিন্ত দ্ৰব্যৱে ভাহার। উচ্চস্বরে হাসে ক্ষেপে করমে রোদন। উচ্চৰরে গার **কে**ণে ঘন গরজন । উন্মত্ত্বত নাচে লোকবাহু হৈয়া। লোক বেদ লা : ভয় সং তেরাগিয়া। আকাশ পৰন ৰহি মহী জ্যোতি জন। নম্পদী তক্ষ্পণ পর্বত সাগর ৷ শকল ক্লফের ততু জানিব গেয়ানে। প্ৰণাম করিব সৰ বিনম্ব বচনে । (১) यि वन वह क्या छल्दान कवि। এমত তুল ভ জ্ঞান লভিতে না পারি। **क्विम कीर्जन मात्वा (इन पिया कान।** এক জন্ম হয় এত না হয় প্রমাণ ঃ एन विष (वाम दावा कहिव मदाम। ভজিতে থাকুক মাত্র প্রবণ কীর্তনে। ভজিৰোগ অভুগত ভক্তান ভুৱে। বিবয়-বৈরাপ্য তিন বাঢ়ে এককালে।

ভোজন করিভে বেন পরালে পরালে। कृष्टि शृष्टि इव त्वन क्यां विनात्न । এইব্ৰপে কৃষ্ণদ ভজিতে ভবিছে। ভক্তি বৈৱাগ্য হয় ভক্তি সাধিতে। व्यक्ष्य उद्यक्षांन क्राट्स छेल्हा তবে শান্তিবস পাঞ শান্ত হৈয়া বৰ চ নিৰি রাজা বলে ওন ৰহাবোগিপণ। কিবল ভজের চিহ্ন কি জার লক্ষণ # কি বোলে কি করে তারা কি ধর্ম আচার। ষরি বোলে শুন রাজা কৃত্তিএ ভোষারে। সৰ্বামূত আত্মতাৰ এক নারায়ণ। त्रव अगरात्व देश्या स्वयद (व क्या । (১) ভাগৰভোৱৰ এই জানিছ নিশ্চর। ভকত মধাৰ তবে করিব নির্বয়। ঈশবে করমে প্রেম ভকতে মৈত্রতা। দীন হীন জনে এপা বিপক্ষে ভ্যাগিডা। **এই ा जानिह दाजा ७क्छ मधाय।** প্রাকৃত ডাক্টের শুন কহিবে লক্ষ্ণ। অভিযাতে পূথে ক্বঞ্চ গ্ৰদ্ধা ভঞ্জি কৰি। **७ क्षण**न ना भूष्य श्रेषद युक्ति श्रदि । আঞ্চ ভক্ত তাৰে ঞানিব বিদিছে। ত্ৰিবিধ ভক্ত রাজা কহিল সান্দাতে। দেহমাত্র কেবল বিষয় ভোগ করে। हिरगा (पर षरकांद्र चांकाक्का ना शद्य ॥ দেৰিৰ ঈৰৱে মায়া এ ভিন ভূবন। এই গে উত্তম ভাগবভের শব্দ। भूगा कृषा कृष्य क्षत्र क्षत्र महन । এ সৰ সংসাৱ-ধর্ম জেছের কারণ ঃ এ সতে যোহিত যেবা নহে অভিশয়। र्शादद अदर्ग हव जानक छेन्छ। শেই সে জানিৰে নিষি ভক্ত-প্ৰধান। তবে আর কহি রাজা কর অবধান। ৰার চিতে বাম কর্ম (২) না উঠে বাদনা। ঈশ্বর আশ্রহ যাত্র করণর যে জনা। ভক্তউত্তম তারে জানিহ লক্ষণে। ব্দম্পর্যে চিত্তে ধার নাছি অভিনানে ।

⁽১) পাঠান্তর,— "সর্বাক্ততে সত্য বৈসে এক নারারণ। সর্বা নারারলে বৈসে দেখে বেই অন ।" (২) পাঠান্তর,—"কার জোব।"

⁽⁾ পাঠাক্ত-"বিধানে":

CHE NOW

আছিকুলে বর্ধবর্ণে নাছি অহ্ছার।
ভক্ত উত্তব এই লক্ষণ ভাছার ॥
নিজ-পর-বৃদ্ধি বার নহে বেছ গেছে।
স্থতবিত পোরে বার ভেদবৃদ্ধি নহে।
সর্বজীবে সমবৃদ্ধি শাস্তরস ধরে।
ভক্ত উত্তম ভাগে জানিবে সংসারে॥
এ ভিন ভ্রন রাজ্যপদ অধিকার।
ভত্ত কৃষ্ণস্থতিতক না হর বাহার।
বোগীক্র মুনীক্রগণ চিভিতে না পার।
শঙ্ক বিরিক্ষি আদি ধ্যানেতে ধিরার।
হেন চরণারবিক্ষ ভিলেক না ছাড়ে।
লব নিমিধের আধ বে জন না চলে॥
এই সে লক্ষণ এই কহিল সাক্ষাতে।
বৈক্ষৰ লক্ষণ এই কহিল সাক্ষাতে॥

ক্ষচৰগারবিদ্দ প্রথমবিলাস।
নথমপি-বিরাজিত চন্দ্রিকা প্রকাশ ।
ন্তুলিগত ভাপ সব হর বিবোচন।
পুনরপি নহে ভার ভাপ উতপর ।
ক্ষ্মিতাপ হরমে উদ্বিত শশধরে।
ভজ্যে না রহে ভাপ হৃদরক্ষলে।
তথাপি গোবিন্দ ভার হৃদর না তেলে ।
হৃদরে চিন্তিলে খোর এ সংসার ভরে।
হেন প্রকে প্রেমপাশে বে বান্ধিতে পারে ।
বেই মহাভাগবত ভক্ত স্তুর ।
কহিল ত্রিবিধ নিমি বৈশ্ববল্পণ ।
ভজ্যিরস-প্রধাসিদ্ধ গদারর জান।
ভাগবত-ভাচার্ব্যের মধুরস্ গান ।

ইতি এভাগৰতে বহাগুৱাণে একাদশন্ধকে বিতীয়েহিধ্যারঃ ॥ ২ ॥

क्छीय व्यथाय ।

थाननी त्रांग।

নিমি বলে বিষ্ণুমারা অগতবোহিনী। কিন্ত্ৰপ বৈক্ৰীমানা কোন মতে জানি ! विक्यां कर बाद्य यहां मूनिशंदन। ছতি নাহি হয় হরি কথানুত পানে। এ বোর সংগারভাপে মুক্তি সে ভাগিত। দান দেহ হরিকণা বচন-অনুত। অভরীক বলে রাজা ওন সাবধানে। বিষ্ণুবারা কহিব কিঞ্ছিৎ সমাধানে 🛭 আদিপুরুষ হরি কারণ স্বরূপে। চরাচর শরীর **পজিলা নামার**ণে : শক্তি পরকাশ করি হুজুরে কারণ। কাৰণে কররে হরি অগৎ ক্ষন। জীবের বিষয়ভোগ মুক্তি কারণে। **एडि क्रा**य नाबायन विविध विधारन । बाबाब कविबा हिंद क्रश्र निर्माण। প্রবেশ করমে তাত্তে এক ভগবান। অভবাষিরণে হরি ভূগরে ভূগার। क्षा नरह रक्षाका नरह क्यरब क्याब ।

ইন্সিম বিষয় কৃষ্ণে ঈশ্বরবোজিত। আপনাতে অহমার করে কুপঞ্চিত ৷ **এই সে কারণে জীব শরীর বন্ধনে।** মুক্তি কর্তা ভোক্তা করি আপনাতে বানে । দেহবোগে শুভাশুভ নান। কর্ম করে। ত্ব হঃৰ ফল ভূৱে নানা কলেবরে। বাৰত পৰ্যন্ত হয় উত্তপতি-প্ৰভাৱ। তাৰত জনম-মৃত্যু সুধ দুৰ্ধ হয়। এইরপে ত্রমে লোক এ বোর সংসারে। चर्थ-छ्र, थ-कर्षकन जुटक निरस्टर । वेदत निर्धं व निर्दाशत निर्दाणय । সুধ্যম রসসিন্দু নিত্য স্থধানক 🛚 প্ৰলয় সময় খাসি মিলৱে বধনে। অনাদি নিধান কালে সংকরে তথনে ! অনাবৃষ্টি হয় তবে শতেক বংগয়। তিন লোক দহিব প্রচও বিবাকর। সদত্তের মুখে হৈছে আঙনি উঠিব। ণাভাল পৰাত্ত লোক সকল দহিব।

ভবে মেদগণ হৈব সম্বৰ্জক নাবে। **শতেক বৎসর করে ধারা বরিষণে ।** গঞ্জপ্ত হয় বেন ধারা বহিবণ। ৰিৱাট পুৰুষ ভবে ভেজি ত্ৰিভূবন। ब्राच्य भव्रत्यम करत निवारे स्थात । কারণে কারণ গিয়া মিলয়ে সকল ! সকল ত্রিগুণ অহম্বারে পরবেশে। অহঙ্গারের প্রালয় হয় অবশেষে । **সকল প্রবেশ** করে প্রবৃতি ভিতরে। প্রকৃতি প্রবেশ গিয়া করে মছেশরে। এই বিষ্ণুমায়া রাজা জগত মোহিনী। কহিল তোমারে সৃষ্টি সংহার-কাহিনী 🛭 আর কি জিজান এবে কহ ক্ষিতিপতি। ভবে নিমি রাজা বলে করিয়া বিনতি॥ কিব্ৰপে ঈশ্বর মারা মলমতি জনে। তরিৰ উপায় ভার কহিবে এখনে॥ রাজার বচন গুনি প্রবন্ধ স্থধীর। কহিতে চাগিলা মনে যক্তি করি স্থিম। স্থবের উৎপঞ্জে হয় ছঃখ-বিনাশনে। কর্ম করে গুহী লোক এই সে কারণে। ভিত্রি সঙ্গে গুহ্বাসীর হুঃখ্যাত্র সার। ছঃখ বিনে পরিণামে কিছু নাহি আর । মুত্য-হেত ধনমাত্র হল ভ ঘটনে। फः थ्यम शत्न किছ नाहि धारतावान । পশু ভৃত্য গৃহ দার বিজুরি চঞ্চ । ৰতনে সাধিলে তাৰে আছে (খৰা ফল। ইহলোক পরলোক সকল বিনালী। ছঃৰমাত্ৰ সার যদি হয় গৃহবাসী। মদ মান হিংগা মাত্র হয় গৃহবালে। পুন নিপাতন হয় কর্মফল-নাশে 🛚 এ বোল বঝিয়া গুরু করিয়া আশ্রম। ভঞ্জিৰ উভাৰ শুক্ত করিয়া নির্ণয় I শব্দবন্ধ পরবন্ধ হুইে ওপঞ্চিত । শাস্তি দান্ত ভজিংবাগয়ত পরহিত । ছেন গুৰু ভঞ্জিৰ কপট পরিহরি। निश्चित देवक्रव धर्म छक्तराना कति । প্ৰথমে শিখিৰ পরিবার-প্রেম-তম । মনে কভ মা করিব কার সনে সম 🛭 সাধুসক সাধুসেবা দলা সঞ্চলে। ৰণাবোগ্য প্ৰেম মৈত্ৰী শিখিৰ যন্তনে। ত্যাগ তপ শৌচ মৌন বেদ-অত্যাসন। শ্ৰম খন এখনগা কপট বৰ্জন ৷

नर्का के बंद मृष्टि यदन छेमानीम। সৰ্কত্ৰে থাকিব কারে। নৈৰ মৰ্থ ভিম । প্ৰহারত্ব পরিভ্যাসী থাকিব বিরলে। বেন তেন মতে তুষ্ট থাকিব কুশলে ৷ শ্ৰীভাগৰত শাস্ত্ৰ কবিৰ অভ্যাস। অন্ত শান্ত-নিন্দা না করিব পরকাশ 🛭 বাকা-মন-দমন শিখিব কর্মদণ্ড। সভা বাণী শিক্ষা লৈব বঞ্জিত পাৰও। क्रम नाम श्वन कप अरन केविन। স্ক্রেম্ম কেখবে করিব সম্পূণ # যজ্ঞ দান তপ যোগ স্বধর্ম আচার। প্রিয় ছেন বঞ্চ যদি মানে আপনার 🛊 মত দাব গৃহে গাণ ক্লফে সমৰ্পিৰ। गव निरुप्तन कति छेलांगीन देहव ॥ ऋकनाथकान कौन गाविन भादिकि (>)। সাধ্যান-পরিচ্য্যা বিখিব ওক্তি 🛊 অক্টোক্তে করিব কুফ্-চরিত্র-কর্ম। তৃত্তি রতি শিখিৰ বৈক্ষৰ-সম্ভাবণ 🛭 শভবিব শ্বভরাইৰ কুফের চরিতা। কুঞ্চ নাম প্ৰৱাইৰ অগত পৰিয়ে ৷ ওকতি সাধিতে ভক্তি হয় উভপতি। পুলকিত তম্ম ধরে যেন উনম্ভি। क्करण कारम क्रकक्षण कविरव विक्रम । কেণে হাবে কেণে নাচে কেণে গর**জ**ন। কেণে গাম কেণে বোলে অসৌকিক বা**ৰী**। ক্ষণে নিশবদে রছে ক্রফঞ্চণ শুনি । এট নানা ভাগৰত-ধর্ম শিক্ষা করি। অঞ আরাবিয়া ক্রফে চিম্ববুলি ধরি ঃ তৰে জীৰ হয় নাৱায়ণপৱায়ণ। তবে হয় বিকুমারা অবিস্তা পঞ্চন । क्षांका वरण भिरवषम कविरम हदरन। নারারণ-ভন্ত বোরে কহ মুনিগণে 🛊 পুরুষ পুরাণ এখ এক নারায়ণ। ৰূপা করি তীর তত্ত্ব করাহ প্রবণ ៖ (২) ন্তনিঞা পিল পলায়ন বোলে নরেশ্ব। নারায়ণ তক্ত শুন আমার গোচর ঃ

⁽১) পাঠান্তৰ,— "কুক্তিক জন সনে কৰিব শীবিভি"।

[্]ৰিবারণতভ্ত মোরে কর বোপিপ্প^ত। °

বাহা হৈতে উৎপতি প্রলম্ব পালন। ৰাচা চৈতে কোটি কোটি ব্ৰহ্মাণ্ড ঘটন 🛭 তিৰ কাৰে সভ্য যার নাহি শক্তি-ভক। সর্ব্বজীবে বৈসে নাহি কারো সহে সঙ্গ। বৃদ্ধি মন প্রাণ ধার শক্তিবলে চলে। সেই নারায়ণ রাজা কহিল ভোমারে। মন বচনের নাহি যাহাতে প্রবেশ। ना प्राप्त रेखियगर्ग नाहि अन्यानम । মন বৃদ্ধি প্ৰাণ যাহা হৈতে উপাদান। সেই মন বুদ্ধি ভার নহে সল্লিধান। আগুনের শিখা যেন উঠয়ে আনলে। পুন বেন পরবেশ করিতে না পারে॥ কভ যায় কত হয় নারায়ণ হৈতে। কেহ পুন মা জানম নারায়ণতত্ত্ব ॥ (>) শব্দবন্ধ বেদ গেছ বৃদ্ধি অনুসারে। নিষেধ করিতে গিয়া রছে যত দুরে। সেই ব্রহ্ম সভে এই করে নিরূপণ। নহে তত্ত্ব অবধারি কহিতে ভাজন। এক বন্ধ গভে মাত্র আছিল প্রথমে। ত্রিপ্তণ প্রকৃতি জনমিল যাহা হলে ঃ তবে হত্ত জনমিল মহৎ উদয়। ভবে জীব জন্মিল জ্ঞান-কর্মময়॥ এক ত্রন্ধ নানা শক্তি করে পরকাশ) ৰ্ভব্ৰপে করে ব্ৰহ্ম আনন্দ বিলাস 🛊 যদি বল এক হৈয়া ৰছক্ষপ ধরে। ভবে অন্ধ বন্ধ কেন না হয় সংসারে॥ হেন ৰদি বল রাজা শুন সমাধান। না হয় না মরে অন্ধ নিত্য ভগবান্। ना हैटि ना वाद्य बन्न द्वां वेष नम् । এক এন্দ্ৰ উপাধিবৰ্জিত প্ৰথময়। এক ব্ৰহ্ম আছে মাত্ৰ সভে এই দৰি। মনের কল্পিড গ্ৰ যত নানা দেখি । (২) কীট পতত্ব তক তণ আদি করি। সৰ ঠাঞি বৈদে আত্মা সৰ ৰূপ ধরি।

(>) পাঠান্তব,—

* কত হয় কত বাব নারায়ণ হনে।
নারায়ণ তম্ব পুন কেহ নাজি ভালে।

(২) পাঠান্তব,—

* মনের কল্পনা বত নানা তেক দেখি ।

উদ্ধৰ পুছিল তবে তম্ব জানিবারে । এক ভত্ত্ব কিবা ক্লফ বন্ত পরকারে। নানা পরকার ভস্ত বলে মূনিগণে। কেছ ছম্ব সাত চারি একাদশ মানে॥ পঁচিল ছাবিলে কেহ বলে সপ্তৰণ। **ट्रिक् वरण नव अकामण करवामण ।** কেই বলে ভ**ন্তাল** বোড়ৰ প্ৰকার। নৰ একাদশ ভিন সম্মত আমার। ভিন পাঁচ নৰ একাদশ ভন্ধ বিলে। আন নাছি ভনি নাথ তোমার বদনে। নানা পরকার ভন্ত মুনিগণে কছে। সৰ সভা কিবা নাথ নানা ভেদ নহে 🛭 ভূত্যের ৰচন শুনি দেব চূড়ামণি। কহিতে লাগিলা চিত্তগত ত্ৰম জানি 🛭 সৰ ঠাঞি শক্তি মুল কৰে মুনিগণে। বচনে হুৰ্ঘট কিছু লাছি ত্ৰিভূবলে । বিৰোহিত খুনিগণ যাৱাৰে আমার।

তর্কবলে বেলে তন্ত্ব নানা পরকার ।
কুতর্ক-বিবাদ-বলে নানা শক্তি ধরে।
নানা ভেদ তন্ত্ব করে নানা পরকার।
মূনিগণে তন্ত্ব করে নানা পরকার।
আমি বে কহিল তন্ত্ব সেই মাত্র সার ।
বিবাদ-বচনে তর্ক বাচে অভিশর।
তে কারণে মূনিগণে নানা ভেদ কর ।
সভার বচনে আছে যুগতি ঘটনা।
তে-কারণে কার বাক্য না করি থপ্তনা।
আমার মান্তার মূনি নানা শক্তি (১) বলে।
সভার বচন আমি হাপি মুক্তিম্লে ।
বিকল্প করনা ব্যর্ধ জানহীন করে।
তথাপি সভার আমি হাপিএ বচন।
মতভেদে যুক্তি করে স্ব মুনিগণ ।

⁽⁾ भागांबर-दिन।

শক্তিতেতে তত্ত্ব বটে যত পরকার। কৃছিল সকল সার করিয়া বিচার ॥ (১) বৃক্তিমূল স্থায়বাণী শুনিতে শোভন। পঞ্জিত অনের নাহি হুর্ঘট বচন। ঈশ্বরের বচন শুনিঞা শুণময়। (২) উদ্ধৰ জিল্পানে তবে ভাবিয়া বিশ্বয়। ঈশ্ববের ভিন্ন যদি পুরুষ প্রাকৃতি। অক্টোন্তে আশ্রম হূহে একত্র বস্তি। পুৰুবে প্ৰকৃতি থাকে প্ৰকৃতি গুৎবে। ত্রহার বিচেহদ নাহি হুহে হুহা বুসে । চিত্তের সংশব মোর ছেদগ শ্রীহরি। গোবিল পুগুরীকাক পুরুষকেশরী। ভোমার মায়ায় সর্ব্ব জীব বিমোহিত। ভোষার কুপায় জ্ঞান হৃদয়ে উদিত। স্ক্ৰীৰ আত্মা তুমি জান মাধাগতি। আনগম্য 😻 হু তুমি সর্বাঞ্চীব-পতি ॥ এতেক ৰচন শুনি দৈবকীনন্দন। পুৰুষ প্ৰাকৃতি গত কহিলা কাৰণ 🛭 প্রত্নত-পুরুষগত সংযোগ বিচ্ছেদ। বিন্তারিয়া কহিল সকল ঋণভেদ ঃ পুরুষ প্রাকৃতি ভেদ করিয়া নির্ণয়। নিজ ভূত্য উদ্ধৰে বুঝাইল কুপামৰ ॥ ন্তবে আর পুছিল উক্তৰ মতিমান। যোর নিবেদন নাথ কর অবধান। ভোমার বিমুখন্দন নানা দেহ ধরে। কৰ্মপৰে গভাগত হঃৰ ভোগ করে। কিন্ধপে শরীর ধরে তেঞে কোন্ দ্বপে। গভাগত হুঃখ ভোগ করে কর্মপাকে 🛭 ক্বপা যদি কর নাথ ভকতবংশল। কছ দেব গোৰিন্দ মাধ**ব দামোদ**র । উদ্বৰের ৰদন শুনিঞা জগরাব। জীবগতি কহে প্রভু ভৃড্যের শাব্দাত। मत्न नाना कर्प शरख मन कर्पमह। (स (मरह नक्टा यन का उन हम । পাছে পাছে চলে আত্মা যথা চলে মন। অহ্ছারে ৰদ্ধ আত্মা অদৃষ্ট কারণ 🛭 বিষয় থ্যেটন মল লালা গণোর**থে**। ইব্ৰপদ সুৰুপদ চিৰে শ্ৰুতিপৰে ৷

রাজপদ অুখডোগ দেখিয়া ধেয়ায়। চিন্তিতে চিন্তিতে বন সংবাদ্র বেড়ায় ॥ চিৰিতে যুপ্যে গিলা স্থির হয় মন। সেইক্ষণে গুরুদেহ হয় বিশ্বরণ 🛊 একজি প্রবেশ (গয়) প্রবেশ্য করে। অভিশয় ৰিশ্মহণ পুরুষ কলেবরে। श्र्वितिक लागोद्धाः लदरनद-गण। এই মৃত্যু তীবের পুরুষ বৃতি - 🖛 🛭 পুর্ববেষ্ট পরিজ্যাগ পরদেহ হরি। সর্বভাবে রহে মন আত্মধার করি। कौरवत सन्य अहे नदौद-कौकात। প্ৰ পাসবিধা পর শ্রীরে সঞ্চার । श्रप्त-मह्नादरः, भीत (य (य क्रथ सहय । সেই সেই রূপ ধার প্রঞ্ব পাসরে 🛭 দ্ৰম মুৱণ ছুই এক নহে সাঁচা। আগিলে অপন যেন সৰ হয় মিছা ঃ खना चामि गर्न भवास को बर्म। कहिल जकल होत्र (३) विहारिशः सप् 🛭 ভঞ্ গিরি কাঁপে যেন জ্বলের কম্পনে। जुलियो ज्यहम (यन **अ**'चित्र समस्य । चल्टा चनर्ष (यन (करण जरम) এইকুপ স্ব মিদ্যা জন্ম মরণ ৷ (২) ব্যিয়া উদ্ধ চুমি চিন্ত খিন কৰ। विश्वम् व्यालप्र-लप्त पृत्य प्रविषय ह কিছু সভা নহে দৰ বিকল্প-কলিত। ন্ত্রম পরিষর তুমি স্বির কর চিত 🛚 (০) অধিক্ষেপ ক্ষেত্র যান করে অপনান। ওংগ্ৰন ভাষ্ট্ৰন কেচ করে প্ৰক্ৰান 🖁 অতি পূকা করে কেছে। করে দুপথান। (कटहा चाटक (कट माट्ड (कटहा सननाम ॥ খোলার খাপরে কেছে৷ পুলা ফেলি মারে ! মৃতিরা ভরার অঙ্গ কেতে। বাউ ছাম্মে । ভবাপি না চদে ধীর গঙার আৰম। अपृष्ठे भीनिका रिस्ट (इस हबा) दश । উদ্ধৰ পুডিল তেৰে মনে পাঞা ভার। কে হেন প্ৰথম আগে এত ছবে সায় ৷

⁽ ১) পাঠান্তব,—"কহিল সকল হবি কবিৰা বিস্থাৰ !" অস্তচ,—"ভোষা কবিৰা বিচাৰ ।"

⁽२) शाक्रीखन,- "केंद्रस्यत बुकारेन अन् क्रमह ।"

^(:) भारताकृतः विष

⁽২) প্ৰায়ে ত'তিহ'প জান সং—" অস্ত্ৰত "তেহ'প ওই মিগা!—"

^(*) প্রাণয়4.

[&]quot;শ্ৰম পৰিছৰ চুমি শ্বিৰ কৰ চিত্ৰ। পুত্ৰ কলত্ৰ কৰি না কৰ প্ৰালী**ত**।"

কে এত সহিব তৃংধ বচন-প্রহার। এহি বড় নাথ মোর চিত্তে চমৎকার। তাগবত-আচার্ব্যের মধুর্স-বাণী। কৃষ্ণগুণ সমূদিত প্রেমতর্দিশী।

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে একাদশম্বন্ধে দাবিংশ অধ্যায়॥ ২২॥

जाराविश्य व्यथाय ।

উद्दर्व वहन छनिया माट्याम्ब । ভূত্য প্রশংসিয়া কৃষ্ণ কি দিলা উত্তর ॥ ভাল তুমি কহিলে উদ্ধব ম'তিমান I বে তুমি কহিলে সত্য কভু নহে আন। **চিন্ত** সমাধিতে পারে ঘূ**র্জ্জ**ন-ৰচনে । **এমন পু**রুব নাহি এ তিন ভূবনে॥ तिश्र वार्ष चक यमि इत्र क्रत क्रत ॥ ভভূত না হয় হু:খ চিভের ভিভর॥ বেরপ হুর্জ্জ ন কুবচন-ভীক্ষরাণে। **অন্তর** ভেদিয়া বিদ্ধে মর্ম্ম স্থানে স্থানে ॥ কিছ এক মহাপুণ্য আছে ইতিহাস। ভোমার সাক্ষাতে আমি করিব প্রকাশ। অবস্থিনগরে এক আছিল ব্রাহ্মণ। দম্ভাচার কামী লোভী ক্রোধপরায়ণ। কুৰুতি করিয়া ধন উপাৰ্চ্জন করে। বাশিকা বন্ধক কৃষি ধার উপধারে। জ্ঞাতি বন্ধ অতিথি না সেবে কলাচিত। বাক্য মাত্রে ত্রান্দণ না করে পরহিত ॥ ছু:শীল কদ্যা বিশ্ৰ ছুষ্ট ছুৱাচার। দাস দাসী ভরণ না করে পত্র দার। কাবেল না দেৱ বিপ্ৰ আপনে না বায়। যক্ষৰত ধন বাধে আকুল সদায়। এইব্লপে ৰঞ্চিতে বহিল কথোকাল। কুদ্ধ হৈল জাতি বদ্ধ ভৃত্য স্থত দার। কুৰোধন হবি নিল পুত্ৰ পৰিবাৰে। मात्र मात्री करवायन निम मन्त्रा cbica # আগতনে পুড়িল কথে। তলে নষ্ট হৈল। নানাপাকে আত্মণের সব ধন গেল। পত্ৰ হাবে ভেজিল তেঞিল বছগণে। লাস লাসী তেজি গেল নিজ পরিজনে 🛭

চিক্তিতে লাগিল বিপ্র মনে পাঞা খেব। ধননাশ হইল বন্ধ বান্ধব বিচেছদ। িস্তিতে চিস্তিতে বিপ্ৰ পড়িল সংশয়। অন্তরে বৈরাগ্য হৈল হেনঞি সময়। (১) शिक शिक खन्म (मात्र खनम रिकल। আপনার দোষে হৈল আপনে বিকল। বাৰ্থ নিজ কলেবর পোড়াইলু তাপে। সৰ্বত্ৰ ৰঞ্চিত হৈলুঁ নিজ কণ্মপাকে। পুত্র মিত্র কলত্র বান্ধৰ পরিবার। वुषा इःथ निया धन गकिन् चलाव । ধর্ম কাম তেজিলু সকল স্থভোগ। প্রায় ধন হৈল মোর বিনাশের যোগ। ইহলোকে সর্মনাশ কৈল আপনার। পরলোকে কেবল নরক মাত্র সার # আজ্জতে সাধিতে ধন করিতে সঞ্চয় ! খাইতে বাঢ়াইতে ধন ব্যন্ন অপচয়। প্রম চিক্তা শ্রম ভয় এই মাত্র সার। ধনে হৈতে সর্কনাশ হয় আপনার। চুরি হিংসা মিখ্যা দম্ভ কাম ক্রোধ গর্বা। মদভেদ বৈর অবিখাস ধনদর্শ ঃ এ সৰ অনৰ্থ হয় ধনের কারণে। এ বোল বৃষিয়া ধন তেকে বুধকনে। ধনে হৈতে ভ্রাত্তেদ পিতা-প্রতেদ। পুত্র দার পরিবার করাম বিচ্ছেদ।

⁽১) পরিবং কর্জ্ক পুস্তকের পাঠ,—
"ডেদ বৈর অবিখান ধন জন বর্ণ।
সকলি বিনাশ হৈল মন হৈল ধর্ম।
এ সব অনর্থ চিন্তিতে বিপ্তা পড়িল সংশর।
অস্তবের বৈরাপ্য হৈল মনে পাঞা ভব।"

আর কারণে হরে সকল মহিমা। অৱ হেতুতে হয় মৰ্য্যাদা লক্ষ্না। অল্ল কারণে বৈর বাতে নিরস্তর। অল্ল কারণে বাঢ়ে বিরোধ কনল। **এতেক মান্থ্ৰ জ**ন্ম তাহে বিজালে। অমর নপরবাসী যার বাস্থা করে। ছেন জন্ম পাঞা তাপে কৈল অনাদর। ধনের কারণে মুক্তি তেঞ্জিল সকল। স্বৰ্গ অপৰৰ্গ হেতু মান্থৰ জনম। তাহা উপেকিসু মৃক্রি ধনের কারণ। দেৰ ঋষি পিতৃগণ না পুজিলু ধনে। স্কল তেজিলুঁ মুঞি ধনের কারণে। দেৰধণ্ম তেজিলু তৈজিলু বন্ধুগণ। আপনা ৰঞ্চিলু মুক্তি হয়্যা যক্ষাধ্য । বএস টুটিল মোর বার্ব গেল কাল। ধননাশ হৈল এবে কি করিব আর। ঈশ্বরমায়ায়ে লোক সব বিমোহিত। ধন-হেতু ব্যর্প হঃখ পায় কুপণ্ডিত ৷ ধনে বা ধনিকে আর কোন প্রয়োজন। কাল-মৃত্যু-মূখে মুক্তি পড়িলু এখন। निक्ष जानिन् जूहे देशन नातायन। বৈরাগ্য জ্বন্মিল মোর নিস্তার কারণ। পুর্ব্ব পুণ্যে মিলে মোর হেন পুণ্যনশা। তেজিলু সকল মৃক্রি ধন-জন-আশ।। সাধিৰ সকল সি**দ্ধি হৈ**ৰ উপাদান। ৰান্তিৰ তুৰ্গতি মোর হব পরিজ্ঞাণ। আছিল খটাত্ব নামে এক মহাপাল। ভিলেক সাধিয়া সিদ্ধি হৈলা ভবে পার। মুক্তি আজু মনে দঢ়াইলু সে যুগতি। সাধিব সকল সিদ্ধি ভরিব হুগতি। এ বোল বলিয়া বিপ্র চলিল সহরে। भाख बाख हवा। भृषी भर्य। हेन करत ॥ ভলক্ষিতে প্ৰমে বিজ অবধৃতবেশে। ভিকা-হেতু পুরগ্রাম নগর প্রবেশে ॥ ভিক্ষুক ব্রাহ্মণ বৃদ্ধ কুপট মলিন। অবধোত বেশ ধরে জাতি বর্ণহীন ৷ তুৰ্গত দেখিয়া কেহ করে অবজ্ঞান। ছ্টপ্রণে বেঢ়ি করে নানা অপমান। কেহ দও কম এলু কাঢ়ি লৈবা বার। ৰজন্ত ছিভি কেছে। সম্বরে পেলার। কেহো ভাষা বস্ত্ৰধানি কাঁথা কাঢ়ি লয় ¹ হাসিরা খেলার কেহো ভর্গে অভিশর ঃ

মাগিয়া যে কিছু বিপ্ৰ আনে অৱজ্ঞ। মৃতিয়া ৬রায় কেছো ভাহার উপর 🛭 অধোৰায়্ভাতে কেং সমূৰে আসিয়া। মারিয়া বোলায় কেহ বোল না দেছিয়া 🕯 তিজ্ঞান কেছে। ভাসেন ও ছিম। -ব মার সরে ৮কেন বর্ণ 🛊 गुक्तमान देशन (कोस एकान रक्षकरका) কপটে সমাস বেশ ব.ব জে-ভারতে 🛭 চুরি জ্ঞানি করে বিশ্ব করে খবে বৈলে। नादिश्वा (क्षपाट त्यन ख १८७८ न! प्यादेरिण 🛭 বক্বভ চাতে বিপানৌন আচারিয়া। করি ঘরে চুবি জ্যান করে। প্রবেশিয়া 🛭 এই বাল _১জেনে দেখায় দরাস। ८क्ट भारत (क्ट नार्का एकर्टी भारकाम 🛭 ধৈৰী আলখিৱা বিশ্ব মনে গ্ৰহণী নছে। च्यमुद्धे भी नया दिशा त्रव ६० व १० ४ । য়থনে যে হয় বিপালা করে বিচার। অদ্স-অনীন হঃধ নিলে বার বার । देशया व्यामायमा किम कट कि कपा। কার কড়ু কেচ নতে স্থপন্থংগদান। । স্থুৰ হুঃখ-ছেতু নতে এ পোক প্ৰামার I ন দেবে ন ১৪গ- লচে কে কোলা 🛭 পুথ ছঃৰ কারণ কেবল মাথ মন। সূত্র ছঃর ছ্ট মিপা: মলোময় এম ॥ মনে দে।এক। প্রেম মনে লালা ক্ষ। 지(리 절벽 일:박 장(책 지(리 에너) 착박 8 মুন নিৰ্বোধিলে হয় সৰ নিৰ্বোধন 🖡 મન તન ડેટલ્બ વન રસ આફ્રિયન ક স্মাধি ধারণা দ্যান করি এত দান। ক্ত প্রকারে কার মন স্মাধান चळ्च विद्या निष्य ० द मर्टनद कक्षनी । মূন সে স্থাঞ্জতে পারে গুর্বট ঘটনা 🛭 Bक्क केंक्स जन च के जड़ावका। মন নিরোধিলে সব নিরোধিজে পারি । हरे व हर्म करा ना विनिक्त मन। मिया। भक्ष मिला कृति मद्द कृष्णन । অহতঃ মাতুৰ-তত্ব পাঞা মনোময়। মূক্তি মোর করিয়া বক্তি ছুরাশ্র ঃ অশ্বমতি হয়। ফিরে ছবন্ত শংশারে। শক্ত মিত্র নিজ পর অকারণে করে। পুৰ-চঃৰদাতা কেনো নাহি ত্ৰিছুৰনে। বিছা কাজে শত্ৰু বিত্তা কৰে অকারণে ঃ

আপনার ভিহন। কাটে আপন দশনে। করিব কাছাকে ক্রোধ বৃদ্ধি অভ্নয়নে। এক দেহে আর দেহ করে অপকার। কি দোষ জীবের ভাগে জীব নির্বিকার। **এক অন্ধ** আপনার আর অঙ্গে হানে। বুঝ দেখি কারে ক্রোধ করিব তখনে॥ यपि यम श्रह्मादि स्थ इःथ मिटन । শেহ মিছা এক গ্রহ আর গ্রহ পীড়ে। কর্ম অধ্বহঃধ হেতু সেহ সভ্য নয়। আত্মা নিরমল ব্রহ্ম নিত্য সুখ্যয়। यिन यन प्रथ इ:थ इत्य कारन कारन। আত্মার কি দায় ভাথে কালে সুৰ হরে। শ্বথ হঃখ নাহি ভাবে দেখ অভ্যন্ত। পরমপুরুষ আত্মা হংস নিরাশ্রয়॥ কার ত্বৰ কার ছঃখ কেবা নিজ পর। বিচারে বুঝিল এই অনিত্য সকল।

অহঙ্কারে বন্দী জীব এ ঘোর সংসারে। শক্র যিত্র সূপ তঃখ মানে অহস্বারে 🛭 এতেক বলিয়া বিপ্র মনে কৈল সার। গ্রীহরি-চরণ বিনে না চিম্বিল আর । নষ্টধন হৈয়া বিপ্ৰা নিৱমল চিতে। পথীপৰ্যাটন বিপ্ৰা করে হরবিতে॥ মৃকুল-পদারবিল করিয়া চিস্তন। বিষ্ণুপদে প্রবেশিল ছুটিল বন্ধন। এ বোল বুঝিয়া বাপু সব পরিহর। আমাতে অপিয়া মন স্থির করি ধর। ভিক্ষুণীতা পুণাময়ী যে করায়ে শ্রবণ। শ্রহা-করি ধরে শুনে যে করে পঠন # কাম ক্রোধ খণ্ডে তার স্থথ ছঃথ নাশ। নিজ স্থাখে পরিপূর্ণ বিষ্ণুপদে বাস। ভাগৰত আচাৰ্য্যের মধুরস্-ভাষা। গদাধর-পদর্জ পর্ম ভর্সা।

ইতি শ্রীতাগৰতে মহাপুরাণে একাদশন্বদ্ধে ত্রনোবিংশোহধ্যায়ঃ ॥ ২৩॥

क्ट्रिक स्थ ज्यशाश ।

সাখ্যযোগ কহি বৎস কর অবধান। তুমি ভূত্য প্ৰিন্ন স্থা ডক্ত-প্ৰধান 🛭 বিকল্প-বজ্জিত জান আছিল প্রথমে। বিবেকপ্রধান লোক আছিল তথনে। জানময় এন্ধ আদিবৃগ সভ্যযুগে। সেই বন্ধ হুই রূপ হৈল হুই ভাগে। এক ভাগে হৈল মারা-প্রঞ্**তি-স্বরুপা।** কৃষ্টি-স্থিতি প্রেলরকারিণী জড়রপা। আর ভাগে হৈল মহাপুরুষ ঈশ্বর। कृष्टे बन्ध नित्रमण बन्धा । मध्य । প্রাকৃতির তিন ঋণ সম্বারজ তম। তিন ঋণ হৈতে হৈল পুত্ৰ উতপন্ন 🕫 স্মারপ হৈয়া তবে মহত অন্মিল। ভাহা হৈতে ঋণমর অহভার হৈল। তিন ভাগে অহমার হৈল তিন খণে। পঞ্ম বিবন্ধ হৈল তমোময় হলে ৷ একাৰণ ইজিৰ রাজস অহডাবে। বৈক্লতে ক্ষেৰতাগণ জন্মিল সংসাৱে 🛭

এ সৰ জিমিঞা কেহ একতা না হয়। তবে আমি প্রবেশিল সভার হৃদয়। সকলে মিলিয়া তবে স্থাবিল ব্ৰহ্মাপ্ত। ছেমময় আমার বিহার ক্রীড়াভাও। ভলের উপরে ভাসে ব্রহ্মাগুম**ওল**। আপনে রহিন আমি ভাহার ভিতর। পদ্ম জনমিল নাভি-বিবরে আমার। তাথে জনমিল ব্রহ্মা আদি অবতার। রভোগুণে জনমিঞা ত্রন্ধা সুরেশর। দিব্য ভপ কৈল দিব্য শতেক বৎসর ৷ অন্ধ্ৰহ আমার গভিয়া সেই কালে। স্টি করে প্রজাপতি বিবিধ প্রকারে। চৌশ ভূবন ত্রহা ত্রহা ও ভিতরে। স্থান্তল সকল দেব দিব্য তপোৰলৈ । স্বৰ্লোক ক্ষমিলা ব্ৰহ্মা দেবেৰ বসভি। ভূৰ্ণোক স্বজিদা ভাষে মৰ্জ্য লোক হিভি 🛭 **ভূৰগে**ক কৰে বাতে ভূত-গ্ৰেভগতি। ভাষার উপরে সৃষ্টি করে প্রজাপতি 🛭

সিদ্ধপণ যোগিগণ বাহাতে সঞ্জে সৃষ্টি করে ব্রহ্মা ভিন লোকের উপরে। পুৰিবীর তলে ব্ৰহ্মা স্বজ্ঞিল পাতাল। **অসুর পরগ** নাগ তাহাতে সঞ্চার। **এই তিন লোক মা**ঝে ভ্রমে কর্ম্মিগণ। **বোগী সন্ন্যাসীর হয় উপরে** গমন। ম**হলোক অন ত**প সত্যলোকে স্থিতি। **ভক্তিযোগে আ**মার বৈকৃৡলোকে গতি॥ ব্ৰ**ন্ধাক্ৰপে স্বন্ধি আ**মি এ লোক আধার। **কালক্সপে ক**রি আমি জ্বগতসংহার। অনিতা সংসার গুণযুত কর্মময়। ইহাতে মঞ্জিয়া হঃথ ভূঞে অভিশয়। স্থল হল তণ বেণু স্থাবর জলম। মায়া-বিনির্শ্বিত সব এ চৌদ ভূবন। সভাতে ঈশ্বর বৈসে সর্ব্ব এ স্থান। **অনিভ্য সংসার মাত্র সভ্য** ভগবান। ব্যবহার-হেতু মাত্র যতেক বিকার। আদি অন্ত মধ্য সভ্য এই মাত্র সার। প্রকৃতি জনমভূমি পুরুব আধার। বিশ্ব-প্রকাশের হেতু নিরাশ্রম কাল।

बरेक्टल रुष्टे हम अभाक पहेन। ষাবত কটাকে আমি করি নিরীক্ষণ 🛭 ভূরকেপে আমি যদি করি আন্তলাব। তিলেকে অন্ধান্ত ২ট সৰ যায় নাম 🛙 যাছ। হৈতে যার যার উত্পাত হয়। তার তার হয় গৈয়া পাহাতে পাল্য 🛭 সকল আবেশ করে পায়ান (ভভরে। কালক্রণে দেবমায়, প্রকৃতি স্করে 🛊 কালের প্রতিষ্ঠ হয় জীব মহেশ্বরে। আমাজে প্ৰেশে জাৰ নিশ্ব - কেবলৈ 🛊 ভবে আমি কেবল আপনে মাত্র ধাকি। আমি বিনে আব কিছু বিচারে না লখি 🛊 আপনার আপনে আশ্রয় নিরাধার। আমি বিনে অবলেয়ে কিছু নাহি আর 🛭 खहे मान्या (यात्र दरम मरमञ्जू (अपना চিন্তগন্ত ভ্ৰমহন্ত কৈবল্য কারণ 🛭 নিবস্তব এহি যদি করিএ সন্ধান। व्यक्तान विरुट्यण हम पूर्व मिनामान ह बीवनिद्यामणि ज्ञानमाधव लान। **ভাগৰভ-আচার্যোর মধুরস পান ।**

ইতি শ্রীতাগৰতে মহাপুরাণে একাদশম্বন্ধে চতুর্বিংশোহধ্যারঃ । ২৪ ।

नाका विश्व व्यवस्था ।

वबाड़ी बाग।

প্রেড় বলে শুন বংস ভক্ত উপ্তয়।
সন্থ রক্ত তমোপ্তণ কহিব লক্ষণ।
শব দম তপ ত্যাগ সত্য দরা ক্ষতি।
তৃষ্টি দরা প্রশ্বানি এ সব লক্ষণে।
রক্ষোপ্তণের লক্ষণ কহিব এখনে।
কাম চেষ্টা ভৃষ্ণা মদ গর্ম্ম অভিলাব।
তেদমতি প্রথবাধা বল পরকাল।
কাস বীর্ষ্য বল পরক্রেম অহম্বার।
এ সব আনিব রক্ষোপ্তণের বিকার।
কোব লোভ হিংসা ক্য অসত্য ভাবন।
বিবাদ কক্ষল লোক আল্ড শবন।

এ সৰ লক্ষণ তথা গগে অনুমানি।
তৰে জন উদ্ধৰ আমার হিতবাৰী ।
ধৰ্ম অৰ্থ কামে যার গৃহে দৃহ চিণ্ড।
সে ধানে তানিৰ বংশ মিগুণে অফ্নিত ।
সন্ধ্যক্ত সে তনে বুজিব অনুমানে ।
সন্ধ্যক্ত সে তনে বুজিব অনুমানে ।
বহু মাংস্থা কোন তথা মান হুৱাচার ।
সে তনে তানিৰ ত্যোমান হুৱাচার ।
সে তন আমাকে ততে প্রদ্ধা ত্তি ধরি ।
সেই ঠাক্রি নিরপেক সর্কা পরিছরি ।
ব্যাক্ত আন্তাব্যাক্ত আনিব ।
ব্যাক্ত ত্যোক্ত বিভাৱে বুকিব ।
ব্যাক্ত ত্যোক্ত ব্যাক্ত ব্যাক্ত ভ্যাক্ত

রজোগুণ তমোগুণ জিনিব সম্বগুণে। সম্বর্জ হৈলে সর্বাসিদ্ধি উপাদানে॥ সম্বভণে বাস হয় সভার উপরে। তমোগুণে অধোগতি নরক সঞ্চরে। রজোগুণে এহি লোক করে গভাগত। স্থ্ৰপ্ৰোগ তুঃখভোগ সম্পদ আপদ 🛚 শন্ধরণে মরণে উত্তম গতি হয়। নরলোকে ভ্রমে রঞ্জেভিণে পরলয়॥ ভযোগ্তণে মরণে নরক ভোগ করে। নিশুণ পুরুষ আসি আমাতে সঞ্চরে। আমাতে অপিত কিবা ফল-বিবঞ্জিত। এ শৰ সান্ত্ৰিক কৰ্ম্ম জগতে বিদিত ॥ সংগ্রিত যত কর্ম রাজ্ঞস লক্ষণ। দত্ত মাৎস্থ্য হিংসা ভাষস সাধন। সঙ্গতি শৃক্ষণ (১) জ্ঞানে সম্ভূত্তণে জানি। বিকল্প কল্পিত রজোগুণে অনুমানি। প্রাক্ত তামস জ্ঞান সংগার কারণ। আমাতে অপিত জ্ঞান নি গুণ সক্ষণ॥ ৰনে বাস আনিব সাত্তিক মহাফল। গ্রামে বাস জানিব ব্রাক্তস ধর্মপর 🛭 ষ্যাতকেলি প্রণ-পাশা তামসিক স্থান। আমার মন্দির পুর নির্গুণ 🤊 ধান ॥ শান্ত্রিক কণ্ঠার কর্মফল পরিত্যাগী। **রাজ**সিক জন কাম ভোগ অ**ন্**রা**সী।** অচেত্ৰ মৃঢ় জন ভ্যোগ্ৰণ ধরে। আমার আশ্রিত জন নিও'ণ সংসারে।

আনিব সান্ত্রিক শ্রদ্ধা তত্ত্ত্তান রসে। यमि कर्षकरण खद्दा त्ररकाश्वरण देवरण , অধর্মে তামসী শ্রদ্ধা বাঢ়ে নিরম্বর। আমার সেবায় শ্রদ্ধা নির্ভাগ কেবল ॥ সাস্থিক আহার পথ পবিত্র ভোজন। ইন্দ্রিয়ের ছপ্তি হেতু রাজ্য লক্ষণ। ত্ৰংখময় আহার সকল গুণ্হীন। আর্ত্তিদ অন্তচি সেই তামদের চিন॥ দ্রব্য দেশ কাল কর্ম জ্ঞান অধিকারী। শকল ত্রিগুণময় বৃঝিৰ বিচারি॥ দেখি শুনি যত কিছু ত্রিগুণ-জনিত। প্রকৃতি পুরুষ যোগে সকল নির্দ্মিত। তিন গুণ জিনিব যে জন মহামতি। সে যদি কেবল সাধে আমাতে ভক্তি 🛊 আমার আশ্রয় ধরি ভাক্ষেবোগ সাধে। সেই সে আমারে পায় সংসার না বাধে॥ এ বোল বুঝিয়া জীব নরদেহ ধরি। ভজুক আমাকে মাত্র সব পরিছবি॥ সর্বকাম ভেজিয়া ভজুক মতিমান। সর্বঠাঞি নিরপেক হয়। সাবধান ॥ তবে সে জিনিব তিন ১৭ দেহকর্ম। জীবগতি জিনিব (১) সকল গু:-কৰ্ম ॥ আমাকে লভিয়া পূর্ণ হয় শুক্তিরসে। ভবভন্ন নাহি তার যথাতথা বৈসে॥ ভাগৰত আচার্য্যের প্রেমতর দিণী। ভনিলে ছুৰ্গতি হয়ে হরিগুল বাণী।

(১) পাঠান্তর,—"হ্মতি-লক্ষণ I"

(১) भाशिका,—"कहिल।"

ইতি শ্রীভাগৰতে মহাপুরাণে একাদশন্ধরে পঞ্চবিংশোহধ্যারঃ॥ ২৫॥

यक् विश्य व्यथाय ।

মালব গৌড় রাগ। (*)

তৰে আর কথা কছে ত্রিভূবন রার। নানা উপদেশ দিরা উদ্ধবে বৃঝার। নরকলেবর ধরি বে হর পণ্ডিত। আমার পদারবিকে নিরোজরে চিতঃ। লভিরা পরমানন্দ রস স্থান্দ। কেবল আমাকে পাইরা পূর্ব হর্যা রর । শুশমর কলেবর নহে ভার সন্ধ। অবিভা জনিত দোবে নহে স্থতিভল্ ।

অশান্ত ভূরন্ত শিশ্মোদরপরায়ণ। ভার সদে সদ জানি করে বুংজন । পুরুরবা নরপতি আছিল সুধীর। **উৰ্বাদী-বিচ্ছেদে তেঁ**হো তেকিল শরীর। লাকট উন্মন্ত হয়া প্রমিলা সংসার। উৰ্বেশী না পায়া। বীর কালিল অপার । দেখ দেখ এতকাল উক্সীব স্কে। কত রাতি দিন গেল না জানিল রছে। দেৰ এত বড় মুক্তি কামে।বমোহিত। ব্যর্থ পরমায় গেল ভৈগেল বঞ্চ **দিন রাজি না জানি** উদিত দিনকর। প্রী-স**লে গেল মোর জ**ন্ম বিফল। চক্রমন্ত্রী রাজ। আমি রূপ । শরোমণি। **স্ত্রীজিত হইলু মুক্তি আ**পনা বিকলি। **তুপৰত কৈলু** মুক্তি হেন কলেবর। **छर्कभौ-विरक्त** मूक्ति (शब्दू ग्रम । কোথাতে রহিল মোর এ ধন সম্পদ। একেশবে ভাষি মৃক্রি হয়া উনমত। উনমন্তবত মুক্তি চলি য'ঙ পাছে। লাকট হট্যা কালো এলাইয়া কচে (১)। তবৃত উপনী মোরে ফিরিয়া না চার। চি**ন্ত** নিবাবিতে নারে। কি হবে উপায় । **ধর্বত করে মোরে চ**রণ ভাড়না। হেম সে নিৰ্দাজ তাহে না করো গণনাঃ কি বিশ্বা কি ভপ ভার ভ্যাগ বেদপাঠে। স্ত্রীসন্তেতে মন বার হবিল কুপথে ! ধিক ধিক রন্ত মোর জনম বিফল। নারীসক হয়া যোর মজিল সকল। (২) উর্বাদীর সভে মোর গেল চিরকাল। ভভু না টুটিল যোর কাম গুরাচার। বেঞ্চানারী সঙ্গে চিন্ত হরিল বাহার। বিনে ক্লফ উদ্বাহিতে কে পারিব **আর**। আত্মারামনিকর ঈশ্বর ভগবান। ছব্নি বিলে কে আর করিব পরিত্রাণ। तक भारत विशेष्टत भूदिक चरत । শ্বন্ধি চর্ম বিনির্মিত নর-কলেবর । অবেধ্য মন্দির নরকলেবর ধরি। रेशएक दमरब मन निर्माति कति।

ক্ৰমি কীট সহে ভার কি হয় অস্তর। ৰদি সভা হেন মানে নৰ কলেবয় ঃ এ বোল ব্ৰিয়া ছেত্তি শ্বীসন্ধীর সন্ধ। বুংজনে কভু না করিব মাওভছ 🛊 विषय हो उपय पूरे अवज विभारत । मत्मत्र विरम्भ राष्ट्र ग्रम्क त्यवादम् । ना प्रिचि ना छान योष नः ऐरि छद्रवा এ ৰোল বুকিয়া না কারৰ গুট্ডলঃ পত্তিজ্ঞানের সঞ্চাধ্যে মন ধরে। এ বোল ব্ৰিয়া জানি তেই স্থ কৰেঃ এতেক বচন বলি সুলাভ প্রধান। তে बिया ऐक्सी नाना मिन गयादान । ক্রম্ম ক্মলে ধরি আমার চর্ণ ভক্তিযোগে নির্বাধ ্র । আরাধন । চিন্তগত মোহকাল গ্ৰ-গেল দ্ব। আমার সুর্ভি ধা: গেল বিষ্ণুপুর 🛭 এ বোল বৃধিয়া হার কুণ্ম ভেক্সিব। সাধুসভে নিরব'ধ বান্তের হাত্র ঃ শারুদ্ধনে ভিত্তে সৰ মনের বাসনা। মধুম ভাষণে করে কুন্'জ এগুনা। माख्यम निरम्भक स्थमद्रमन इ আৰাতে অপিত চিব শাল্পবাৰণ। নিম্বাম নিম্পবিগ্র নির্ময় নিধ্ন, अके ग्रामा स न गरः कर गण । শাস্ত সঙ্গে আমার অমূত-কথা ওলে। অশেষ ভূৱিত ভূঃর হরে সেংক্ষণে 🛊 माख क्षत माधार ना १४ शान क्था (১) । चरकारस कामान मान करण क्यानावा ह **७८न वा छनाध क**ेट श्रापत (बापन) অশেষ ছবিত গুংগ হাবে (সংক্ষণ 🛊 শ্ৰহায়ত আমাতে প্ৰতি চন্ত যার। আমার চরণে ভাজেবেগ্র হর কার 🛭 ভক্তি লভিল য'দ আমার চরণে। किना धनाभग थात थाए । वा हनान । আমি এ% অধুতব আলপ্রকরণ। নিত্ৰ অন্যয়ণ নির্পম্রণ। আমাতে ভক্তি বাব তৈল অভিক্লা। ভবে কি ভাষাল ১৯ কলোকৰাস্লা ঃ

⁽ **১) পাঠান্তর,—"আউ**ণ্ড কেলে"।

⁽ २) "बीमन रहेश मृक्षि क्विन् मनन"

^{্ (}১) পাঠাতব,---"লাভজন হঠাব না করে অভ কথা।"

অন্তির আশ্ররে যেন দূর হয় আড়।
সেইরপে সাধুসেবা খণ্ডরে সংসার।
নহাবোর ভয়ন্তর এ ভব-সাগর।
নজিয়া নজিয়া জীব উঠে নিরস্তর।
শাবজন সভে মাত্র পরস্থ আশ্রয়।
নৌকা বিনে (>) জলে যেন পরিত্রাণ নয়।
জয় মাত্র প্রাণ বেন জীবের জীবন।
ভার্তিজনের আমি কেবল শরণ।

(১) পाठास्वत,—"विना नारव ।"

বর্ষবাত্ত ধন বেন ধর্মনীলগণে।
শাস্তজন-শরণ এ ভবভীতজনে ॥
শাস্তজন বিনে কেবা উদ্ধারিতে পাবে।
জ্ঞান-জাঁখি দিয়া ক্রদিগত ওম হরে॥
স্থ্য অন্ধনার হরে কেবল বাহিরে।
নির্দান করিতে নারে অন্ধর শরীরে॥
এ বোল ব্ঝিয়া স্কাগল পরিহরি।
সাধুসেবা করি লোক যায় ভব তরি॥
ভক্তিরস-গুরু শ্রীগলাধর জান।
ভাগবত-আচার্যের মধুরস্-গান॥

ইতি প্রতাগৰতে বহাপুরাণে একাদশ স্বন্ধে বড়,বিংশোহধ্যারঃ ॥ ২৬ ॥

मश्चित्य ज्यस्मा म

(मनाश त्राश।

উদ্ধৰ পুছিল তবে প্ৰভুৱ চরণে। কর্মবোপ কহ নাথ ভক্তি বিধানে ॥ ভকতে বেরূপে পূচ্ছে ভোমার চরণ। সেই সে পরম ধর্ম বলে মুনিগণ । বেদব্যাস নারদ অঙ্গিরা আদি করি। কর্মবোগ ভারা সব কছে অবধারি। ভোমার বদন-সরোক্ত-বিগলিত। কৰ্মবোগ বিনে কভু স্থির নহে চিত। আপনে কহিলে তুমি মুনিগণ স্থানে। कहिल भद्धत एव एवरी-विश्वभारत । कभरनान नर्सन्दर्भ धरत व्यक्तितात । প্রী শুদ্র আদি ষত জীবের উদ্ধার। অমল কমল পত্ৰ বিশাল লোচন। কৰ্মবোগ কহু মোরে বন্ধ বিমোচন। উদ্বৰের ৰচন ওনিঞা ভগৰান। কর্মধোগ কছে প্রভ ভত্য-বিশ্বমান 🛊 খনত কৰ্ম্মের গতি কেবা খন্ত পায়। কভক্ষপে কভ কর্ম গণনা না বায় # সংক্ষেপে কৃছিব কিছু ক্ৰেব্ৰ বিধান। যাহা হৈতে সৰ্বজীৰ পায় পরিৱাণ ঃ ৰেদ আগৰ শান্ত পুৱাৰে বুঝার। ত্ৰিবিৰ আৰাৰ বজ পুঞ্জিতে উপাৰ ঃ

বার বেন ইৎসা তেনদ্ধপে আমা পূজে। কর্মযুক্ত করিয়া কেবল আমা ভৱে। विवकुरन धनमिका वक्तकु व श्री । গাৰতী পঢ়িব গুৰু উপাসনা করি। শ্রহাভক্তি করি তবে পূজিব আমারে। প্ৰাৰিধি কহি ৰংগ তোমার গোচরে 🛭 প্ৰতিমাতে পুলি কিবা স্বন্ধিলে আনলে। সুৰ্যা জলে পুজি কিবা হাদয়কমলে। ভক্তি যুক্ত হয়। দ্ৰব্য করিব সঞ্চর। আমাকে পুজিব নিজ গুরু-জতিশর। দক্ত মূৰ পাৰালিয়া গুৰিব পরীরে। প্রভাতে করিব স্থান পুণান্দেত্র-নীরে ৷ (১) বেছ আগম-মথ্রে করি পুন স্নান। সভ্যা আদি নিত্যকণ্ম করি স্থাধান ৷ পুজিৰ আমাকে নিত্য কণ্ম না তেজিৰ। কেবল ঈশ্বর মাত্র সহয়ে ভাবিব ৷ শিলা-দারুমরী হেমমরী বিলোপিতা। চিত্রে শেখিত মুর্তি সিক্তানির্মিতা।

^() शांधावन भूगा कोर्यनोत्तः ।" व्यक्तः, "भूगानकोताः।"

মনোমরী মণিমরী প্রতিমা-বিধান। 🛥 পরকারে করি প্রতিয়া নির্মাণ । চলাচল ছই মৃতি প্রভুব মন্দির। মৃতি নির্মিঞা ৫ফ পুঙিৰ সুধীর। অচলে না করি আবাহন বিস্প্রতন। চলম্রপে বিকল্প করমে বধজন। চিত্র-নির্মিভরূপে না করাই স্থান। অভ-মারজন কিবা দর্পণ বিধান। প্রসি**ছ উত্তম দ্র**ব্য আনিব বতনে। মানা পরিহরি পূজা করিব বিধানে। ভকতে যে কিছু লভে গেই (১) দিয়া পুঞ্চে। ক্রদরে ধরিয়া ভক্তি সর্বভাবে তবে। **প্রতিমাতে পুরু য**দি দিবা উপহারে। মনোহর অৱপান বস্ত্র অলকারে ! ছভিলে পুজিৰ যদি তত্ত্তাস ধরি। আগুনে পঞ্জিয়ে যদি ঘতে হোম করি। সূৰ্যোতে পুিৰ অৰ্থ্য কল্পিত উদ্দেশে। জনমন্ত দ্ৰব্যে জলে পুজিব বিশেবে। ভক্তে যে কিছু মোরে করে সমর্পণ। জ্বসাত্র দেই কিবা পত্র আরোপণ । ভাহাতে পীবিতি যত কহিতে না পারি। ভকতে অলপ দিলে মানি বহু করি। (सङ्ग जुना (हम (पहे चडक्छ घरन) অপ্রভার করে নানা দ্রব্য সমর্পণে 🛭 প্র পুষ্প ধুপ দীপ নানা উপহার। ভাচাতে নাহিক কিছু পীরিভি আযার। ভাৰে ভাৰ উত্তৰ কৃতিৰ প্ৰভাবিধি। বেরপে পঞ্জিল জীব লভে সর্বাসিছি। স্থান আচমন করি হই শুদ্ধবেশ। পুঞা দ্রব্য পর্যা ঘরে করিব প্রবেশ। স্ক্রিপ্রা করি কুশে কল্লিব আসন। (২) পূৰ্ববুধ হৈয়া তাৰে বসিব ত্ৰাহ্মণ 🛚 অভয়াস করি অল করিব শোধন। আমার মুর্ভি করি করিব মার্জ্মন ! পুৰান্ত্ৰৰ্য পুৰাভূমি।নৰ কলেবর। **त्या**क्न कविता त्नावि पत्रा पिना कन । ভিন পাত্ৰ সন্থৰে স্থাপিৰ গুছ করি। পাও অৰ্থা আচমন হেতু দ্ৰব্য ভৱি।

নমোমত্ত্ৰে পাছপাত্ৰ কবিব লোধম। ৰাহামত্তে অৰ্থা পাত্ৰ কবিৰ প্ৰোক্ষণ 🛊 শিধামত্রে আচমন পাত্র শুদ্ধি করি। সৰ্ব্ব দ্ৰব্য শোধৰ গায়ত্ৰী মধ পঢ়ি ৷ ষ্ঠাৰ-ক্মলে ভবে কবিব ধ্যান। দিব্য মৃত্তি আমার চিত্তিব মৃতিমান 🛊 मुख्यि है का लाइ लाबन मक्टल। আবাহন করি স্থাপ মৃক্তি-কলেবরে। স্থাসমন্ত্র পঢ়ি ভবে করি মুখিঞাস। দিব্য উপহারে পূজা কারব প্রকাশ 🛭 পাছ অহা দিব দিবা জলে আচমন। ভবে নানা উপহার করি নিবেদন। ৰশ আদি ভটমুব্তি কল্লিব পাদনে। নৰমুক্তি স্থাপি ভবে যথাযোগ্য স্থানে 🛭 च्छेरल सम्ब आर्थ ब्रोठव উष्णम । কাৰ্কা কেলব্যত পচি মনোহর ৷ দেবমত্তে ভত্তমধ্যে একিব বিধানে । मध्य ठळ जमाणच लाख नदागान ह भाषम मुरम चन्न भूका निक करत । **औरदग कोक्ष ५ नमाना रक्ष:यहा ॥** গৰুড প্ৰিয়া পুৰি নম গুননা। बन महाबन जीव हुछ शहरा। কুমুদ কুমুদেক্ষণে গণেশ পাৰ্বাণী I খ্যাস বিষক্ষেন গুলি শুরু পুরপতি 🛭 সৰ পারিষদ পুঞ্জি নিজ নিজ স্থানে। शब हमारन भवा कदिव विशासन ह অগন্ধি শীতল অলে করাই মঞ্জন ! মিৰা উপচাৱে নিভা কৰিব অৰ্চন I त्वस्यद्य भूषि किवा भूतांग वहरन। বন্ধ আঙরণ মাল্য প্রগান্ধ চন্দ্রনে চ পাত অহা আচমন শুসন্ধি কুম্বনে । यून तील छेलटात पिन महमात्रस्य । लिष्टेक (मामक प्रत्यक **अक्या**क । বিবিধ ব্যঞ্জন বতাবধ স্থাব শাক । ল্পি তথ্য আলি মূত বিবিধ সম্ভাৱ। ধরিৰ প্রভার আগে বিভাৰ বিশ্বার। (১) প্ৰেম অন্তৰ্ভ কবি সৰ নিৰেম্বিৰ। চিত্ৰ বিচিত্ৰ কবি অল নিৰ্মাণৰ।

⁽ १) "कम्प्रक (व हेश्मा करत फाहे"।

^{(&#}x27;২') প্ৰিক্ত কৰ্ত্ত্বক প্ৰকাশিত পুক্তকের পাঠ, পু**ৰ্বাসী** কৰি কুল ক্ষিত্ৰ আসন।"

⁽১) পাঠান্তৰ,— "লম্মি লুগ্ধ ঘটিত বিবিধ স্ভাব । ব্যৱহাৰ প্ৰাভূত আগো বিবিধ বিভাব ।

প্রথমে ৰক্ষন মহা অভিবেক করি। ৰিখি অন্থগারে ভবে মহাপূজা করি॥ ভব্দা ভোজা বৃত্য গ্নীত বাস্ত সুমন্বলে। প্ৰতিদিন পুজিৰ বৈভব-অনুকৃলে। ভবে হোমকর্ম করি কুগু নির্মাণ। (১) কুওপত বহিমুখে করি ঘুত দান। চিন্তিৰ আমার ক্লপ আগুনি ভিতরে। তপত কাঞ্চন তুল্য অব মনোহরে॥ শহা চক্র পদা পদা শোভে চারিভুকে। ক্মল-কেশর তুল্য পীতবাস সাজে ॥ মুকুট কুপল কটিছত বিরাজিত। ক্ষণ কেছুর করে প্রীবৎস লক্ষিত। বনমালা বিভূষিত কৌন্তভ ভূবণ। ৰহ্মিধ্যে দিব্যক্ষপ করিব চিস্তন। মুলমত্ত্রে বহিনুখে করি ঘুতদান। এইরপে হোমকর্ম করি সমাধান ৷ পারিবদ-হোম করি নিজ নিজ নামে। चर्फन रमन कदि हदन व्यनार्य । পারিবদগণে করি বলি সমর্পণ। मुनमा किन बद्धा कतिया प्रति ॥ বুঝিয়া ভোজনশেষ দিৰ আচমন। বিষক্সেনে করি নৈবেত্ত সমর্পণ মুখবাস দিব তবে স্থগন্ধি তাখুল। আঞ্চলি ভরিয়া দিব কুশ্রম প্রচর। আমার পবিত্র যশ-গুণ-নাম গান। উচ্চস্বরে গার নাচে ষ্ট্রিয়া বাথান। ভনিৰ আমার কথা ভনাইৰ জনে। ক্রফ পূজা করিব সম্বরিয়া মনে ॥ ছভি পাঠ পড়িয়া করিয়া পরসন্ন। বিবিধ গুৰন করি পুরাণ পঠন ৷ প্ৰসীৰ কমলাকান্ত ক্ৰফ ভগৰান। প্রদক্ষিণ করি করে মণ্ড পরণাম। আহি আহি কর প্রভু ভবসিদ্ধু পার। তোমার পদার্থিক আশ্রবের সার॥ এইরপে করে পুনঃপুন পরণাম।

শেৰ শিরে ধরি করে পূজা সমাধান। বিশৰ্জন করিব পুজিয়া মতিয়ান। আনিৰ সাক্ষাতে মুৰ্ত্তিময় ভগবান্ 🛭 মৃষ্টি প্ৰকাশিৰ ধার বাহাতে পীরিভি: সেই মৃষ্টি স্থাপিয়া পূজিব নিতি নিতি # এইরূপে বে আমারে পূজে নিরস্তর। সর্বাসিদ্ধি হয় তার সর্বত্তে মঙ্গল । আমার মধ্র মৃতি করিয়া প্রকাশ। বিচিত্র মন্দির পুর নির্মিব আবাস। প্ৰশাৰন ক্ৰীড়াৰন করিব নিৰ্মাণ। वाकाकारण वहविश छेदगव-विशान ॥ পৰ্কে পৰ্কে মহাযাত্ৰা করি অন্থবন্ধ। বছবিধ বলি পূজা উৎসব আনন্দ। ক্রবিকর্ম করিব বাণিজ্য ব্যবহার। প্রগ্রাম সমর্পিব চরণে আমার॥ त्या-नय व्यवश्य छात्र देवकुर्श्व शयन । ক্**হিল আমার পূকা-বিধান লক্ষণ** ॥ ত্রিভূবনে এক পতি হয় গৃহ-দানে। সাৰ্বভৌম-পদ লভে প্ৰতিষ্ঠা বিধানে ত্রন্ধলোক পার নর পুঞ্জিরা আমারে। শারূপ। মুকুভি হয় এ তিন প্রকারে 🛭 নিরপেক ভক্তিবোগে যে কেবল ভক্তে আমার কারণে সর্ব্ব লোকধর্ম্ম তেজে 🛭 সে কেবল আমাকে লভিয়া পূৰ্ব হয়। ৰিবিধ সম্ভাপ হঃখ কভু তার নয়। **এইরপে বে আ**মারে পুরু নিরবরি। ভক্তিবোগ হয় তার লভে সর্বাসিদ্ধি 👢 বদত বা পরদত হৈয়া অচেতন। एन आक्राप्त दुखि एव करत इत्र**ा** विक्रोक्रिय देश्या त्य त्य भट्ट निवस्त्र । বিঠাভোজী হয় দশঅবৃত বংসর ॥ क्ष्मटनवा करत (यवा (व इब नहांब। হেতু হৈয়া এক্ষেত্ৰেবা যে জন করার 👂 দেৰিয়া বে জন হয় মূদিভবদন। সমভাপী সমকল হয় চারিজন। ভাগৰত আচাৰ্য্যের মধুরস ভাষা। ক্ৰকপৰ ভব্ব ভাই ক্ৰফে বন্ধ আশা 🛊

ইতি জীতাগৰতে মহাপুৱাণে একাদশ ক্ষমে সপ্তবিংশ অধ্যায় ৪২৭ ৪

⁽১) পাঠা**ভন-**"ভবে হোম নিমিত্তক কুণ্ড-নিরমাণে।"

अर्थाविश्य अथा। य

কেদার রাগ।

⇒ছিতে লাগিলা তবে প্রভূ ভগবান। ত্ৰ হে উদ্ব কহি কর অবধান ! সর্বলোক কর্ম করে স্বভাব-বিহিত। ৰা নিলে না প্ৰশংশে যে সেই সে পঞ্জিত ॥ অগত দেখিব এক নাহি নিজ পর। প্রকৃতি-পুকুষ যোগে নির্দ্মিত সকল। দেখিয়া পরের কর্ম সভাব আচার। ৰদি নিন্দা করে কিবা প্রশংসা ভাষার। আন এট (>) হর ভার অগত্য ধেয়ানে। নিদ্রাগত জীব যেন হয় অচেতনে। দেখি শুনি ৰত কিছু সব নহে তত্ত্ব। ভাল মন্দ বলি তবে ধদি হএ সভ্য । ৰচনে যে বলি কিছু দেখিএ নয়নে। মনে খ্যান করি যত করি অনুমানে। এ সৰ জানিৰে তুমি অগত্য কেবল। ব্যবহার হেতু মারা রচিত স্কল 🛭 অসভ্য ধেরানে মাত্র জন্ম মৃত্যু লভে। এ ৰোল বুঝিয়া শ্ৰম ছাড় সৰ্বভাবে। যদি ৰল সব সভ্য কহে শ্রুতিগণে। আত্মা বিনে সভ্য করি কিছুই না মানে। আতা কর্তা আতা হতা ত্রাতা মহেবর। অহি ক্ষে অহি পালে সংহরে সকল। আত্মা বিনে কিছু সত্য নহে চরাচর। ত্ৰিবিধ বিধান ময় নিৰ্মাণ কেবল । (२) ত্ৰিভণ-জনিত সৰ মায়া বিলসিত। বুৰিয়া ছাড়িৰ ভ্ৰম যে হয় পণ্ডিত : ছতি নিশা না করিব কড় নিম্পর। लाक मर्था देवरम (यन प्रिंथ मिनक्र)। সাক্ষাতে দেখিএ আর করি অমুয়ানে। আগনে বৃঞ্জার আর আপন গেয়ানে। আদি অন্ত অসত্য জানিব ত্রিভূবন। वृक्षित्रा कुनक हाफ़ि ब्राह वृक्षक ।

উদ্বৰ ভিজ্ঞানে জৰে ভাবিয়া বিশ্বৰ। অস্তা সংসার বলি আনিব নিশ্য 🛭 षोटवत्र मरमात्र नहिं निर्खन-विकास। পঞ্চ ভ বির্যাচিত শ্রীর অগাব। व्यनम महल कांद्र (क स्ट्राप्ट महमाद्री। কছ নাথ ফুপা কর স্মূদ্র কার 🛭 আ্যা নির্জন গুণ্চীন এখন্য। স্বাস্থ্য বৈদে আত্মা সমান উন্ধ 🛊 কাষ্টভেমে অগ্নি যেন ভোট বছ দোৰ। अरेक्ट्रल भूर्वेडक चाचा नक्तनाको । কাছার সংসার নাপ জনম মুরুণ। আৰা পৰিপুৰ এম দেহ অচেত্ৰ। উদ্বেধৰ ৰচন শুনিক্সা ভগবান। হাসিয়া উত্তর তবে দিলা সমাধান 🛭 यांवर हे शिक्ष मन (पर-अरुकात । ভাবদ জানিহ তুমি জীবের সংসার । জীবের সংসার ছেড় না দেখি ঘটনে। তথাপি সংসারে জীব নমে অকারণে 🛊 আগিতে পুৰুষ খেন বিষয় দেধায়। ৰিষ্ণি অনুষ্ঠ যেন স্থপনে দেখায়। শন্ত্রে অপুন যেন সভ্য কেন আনে ৷ व्यानित्म ग्रम (১) (यन मिला कवि माटम ह কাম জোধ লোভ মোচ ছবিষ বিশাদ। व्यक्षाद्य इस त्यन विविध त्यांनाम ह এইস্কলে জানবোগ করিয়া বিভার। দুর কৈল চিত্তপত যত প্রচন্ধার ৪ (২) कान डेलरपरन देवल प्रकान वर्तन । किस्त्रास्त देवल ग्रव (भाष्ट किवादण ! অঞ্জান-কল্পিড সৰ বুঝা ঞা সংসাধ। নানা পরকারে নিবারিল নোহজাল 🛭 **উদ্বে** दक्षाका श्रीव कान-डेनसम्बर्ग । निक छक्तियात्र किह विद्यादिका स्थान । शोद निद्याम्ब अभवाश्य कान । कांत्रवरू-वाठार्यात मधुदग्-तान ।

देखि श्रीकानवरक वहानुतारम अकावनवरक महोनिस्टमावः। २४।

⁽১) পাঠান্তব,—"ব্বংস" ; বস্তচ,—"ভঙ্গ**া**

⁽२) शांशिकर-

^{*}ত্ৰিবিধ কাষ্ট্ৰ সাহা নিৰ্শ্বিক কেবল^{*}।

⁽³⁾ भाग्रासन,--"वनन"।

⁽ ২) পাঠাজব,—"সৰ অভয়াৰ[®] :

खैनिविश्य खशाश्च ।

ভাটিয়ালী রাগ।

উদ্ধৰ শুনিঞা তবে যোগতত্ত্ব গভি। ৰনে ভয় পাঞা ভিজ্ঞাসিল মহামতি। ৰোগধৰ্ম তুমি নাথ কছিলে বিস্তারি। কাহার শক্তি যোগ সাধিবারে পারি । ৰত অন্ম ধরি সাধে মহাযোগিগণে। শ্ৰমাধি ধারণা ধ্যান চিন্ত স্মাধানে। ভড় কারো যোগসিদ্ধি হয় বা না হয়। ছেন যোগ-উপদেশ কচ মহাশয়। হেন উপদেশ কছ জগত-নিবাস। স্থাৰ্থে যেন তারে লোক ছিত্তে ভব-পাশ। **অরবিন্দ লোচন (হরি) বছবর-ধীর।** ভোমার পদারবিন্দ আনন্দ-মন্দির। আশ্রয় করিয়া নাথ চরণ পদকে। শারাৎশার বিচারি চতুরগণ ভজে। স্থুপে মায়া তবে নাথ ভক্তি সাধিয়া। ৰোগপথে যোগিগণ ন। যায় ভরিয়া। এ কোন বিচিত্র নাথ বুঝিব ভোমার। ৰূপা করি কর নাথ একত উদ্ধার (১)। তোমা বিনে নাহি আর যাহার শরণ। ভার বশ হয়া তুমি থাক অমুকণ। এ কোন অভূত নাথ চরিত্র তোমার। **ৰনপণ্ড** ৰান্ত্ৰের সঙ্গে অবভার । ৰমুৰপে-ভিলক বিধৃত রাম-ভন্ম। च्यदब्स मुक्रुहे-विघिष्ठ-शमद्वर् । হেন প্রভু করে পশু বানর সহায়। ভোমার চরিত্র নাথ বুঝন না যায়। তুমি নাথ প্রাণধন সভার জীবন। অধিগ-ভূবনপতি পরম কারণ। ভূজ্য-কৃত্য বুঝ তুমি সর্কাফল দাতা। ব্দগতের গতি পতি সর্বলোক-পিতা। কে কেন ৰঞ্চিত আছে তোমা পরিহরি। ৰোগপথে যাইব নাথ ভৰসিত্ব ছবি। ভোষাকে ভেজিয়া নাথ অন্তবেৰ পূজে। ত্তপ ত্ৰপ সাধে কিবা মোক্ষর্য্ম তত্তে &

> (১) পাঠান্তর,— "এ কোন বিচিত্র নাথ বুখন না বার। সুপা কৰি উদ্বাহহ প্রেম্ম গুৰামর ॥"

সে কেবল অচেতন নহে কোন সিদ্ধি। মামা-বিমোহিত তার বাম হয় বিধি # ষেন-তেন মতে মাত্ৰ ভজুক ভোষাতে। তার বশ হও তুমি সেই পরকারে (১)। আনন্দ সাগরে ভাগে ব্রহ্মখযিগণ। ভোমার ৰহিমাঞ্চণ করিতে স্মরণ। স্থাধিতে না পারে ধার ত্রন্ধার বএসে। কেবল মজিয়া বছে প্রেম- এধারসে ! জীৰ-পরিত্রাণ হেতু তোমার বিহার। গুরুরপ ধরি কর জীবের উদ্ধার ॥ অন্তর্য্যামিকপে কর ছবিত খণ্ডন। কে নাথ বৃঝিৰে তুমি সভার শরণ। উদ্বৰের ৰচন শুনিঞা শ্রীনিবাস। কহিতে লাগিলা তত্ত্ব মন্দ-মধুহাৰ 🛭 কহিৰ আমার ধর্ম পরম মঙ্গল । শুনিশে তুরস্ত মৃত্যু হরে ভরঞ্র (২) 🛚 করিৰ সকল কর্ম আমার কারণে। বৃদ্ধি মন নিয়োজিৰ আমার চরণে। সাধিৰ আমার কর্ম করিব পীরিভি। পুণ্যভূমি পুণ্যদেশে করিব বসভি। ভকত আশ্রিত দেশে করিব আশ্রয়। সে দেশ জানিব ধরা সর্বাতীর্থময়। আমার ভক্ত জন যে ধর্ম আচরে। সেই সেই ধর্ম করি পুঞ্জিব আমারে (৩)। পৰ্ব্ব বাত্ৰা মহোৎসৰ করিব আনন্দ। সূত্য গাঁত কীৰ্ত্বন মদল-অনুষদ্ধ। মহারাজ বৈতৰ কবিব মহোৎসৰে। সর্বভাগে করিয়া ভজিব সর্বভাবে। সর্বাস্তৃতে বসি আমি দেখিব ধেয়ানে। অৰুৱে ৰাহিয়ে কিছু নাহি আমা বিমে। সর্বভৃতে বসি নিরালম্ব নিরাধার। স্কত্তে আকাশ যেন দেখি নিরাকার।

⁽১) পাঠাছৰ'—
"তার বল হৈঞা তুমি কর উপকাবে।"
(২) পাঠাছৰ,—
"ভনিলে ছবিত হবে কুছু। ভরত্তব।"
(৩) পাঠাছৰ,—
"সেই সেই বৰ্ম জীব করিব আমাবে।"

সর্বঠাঞি বসি আমি করিব ধেরানে। সর্বাদীবে প্রেম ধরি করিব সম্মানে। **ত্রান্থণ পুৰুদ হীন প**তিত পায়র। আগুনির কণা কিবা শ্লী দিনকর। ক্রুর অক্রুর কিবা দেখিব স্থান। সেই সে পণ্ডিত ভাবে বলি বৃদ্ধিমান। **সর্বজীৰে আ**মাকে চিন্তিব নিরন্তর। সদ মান অহমার তেজিব গকল। কুকুর চণ্ডাল ধর পর্যান্ত দেখিয়া। 🕶 পরণাম হব ভূমেতে পড়িয়া। লক্ষা মান ছাড়িয়া করিব পরণাম। ত্তণ দোৰ পরিহরি দেখিব সমান। যাবত ঈশ্বরভাব সর্বভৃতে হয়। ভাৰত সাধিব ভীৰ না করিব ভয়। আমার সম্বন্ধ এহি সর্বাধর্মগার। এছি সে উত্তৰ গতি ধৰ্ম লাছি আর। সঙ্গে অন্তৰ্ম নাহি তিল মাত্ৰ ধ্বংস। এ ধর্ম আশ্রয় করি তরে হীনবংশ। ফল উপেঞ্চিয়া ধর্ম করিব কেবল। এই সে আমার ধর্ম জগত মঙ্গল। আছুক আমার ধর্ম করিব আচার। বার্থ শ্রম করে বত লোক-ব্যবহার। সেহ যদি আমাতে অর্পণ করি করে। তথাপি হেলার লোক ভব সিন্ধু ভরে। এই বুদ্ধিমান খন বৃদ্ধির চাতুরী। এই বধজন বিচারিৰ অবধারি 🛭 অসত্য সাধিব সভ্য মন্ত্র্য কলেবরে। কেবল আনন্দ ধাম লভিব আমারে। कृष्टिण উद्धव अवि गर्वादमगात । স্থুৱমুনিগণ বার নাহি পার পার ॥ এহি সে পরম জ্ঞান কহিল ভোষারে। এ ধর্ম জানিলে মাত্র ভবসিদ্ধ ভবে। (>) এ ধর্ম ঙানিব তার আছুক মহিষা। প্ৰৰণ সন্ধান মাত্ৰ করছে যে জনা। সেছ পরিত্রাণ পার কি কহিব আর। এ ধৰ্ম সাধিয়া কেবা নছে ভব পার। কছিল পরম ধর্ম ব্রন্ধ-নিক্সপণ। পরৰ গোপিত নিত্যন্তম সনাতন ৷

আছুক জানাতে যাত্র করিব সন্ধান। ব্ৰহ্মৰ হৈয়া তার ব্ৰহ্মপদে স্থান। আমার ওকভঞ্চন হে করে পদান। **উপদেশ (महे १३) ७ भू-१ श्राम ॥** আপনে আপনা আমি ।দএ দোর দারে।° ব্রহ্মপদে অধিকার ব্রহ্মণান করে। भ्रम-भरिख भाषहर पेना गान। খেৰা পাচে যেকা ক্ষতে য কৰে কালান 🛊 আমাতে ভকাক সাভা চিত্তে কম পাশ। প্রম গোপিত হথ কৈন প্রেল 🛊 শুনিলে উদ্ধব ভূমি কৈলে অবধান। ব্বিলেকি সকল ছত্তিল মদ মান ৷ (১) কাম কোধ হাড়িলে খণ্ডিল শোক্তর। मृद्य (जान स्माध्यान के जन गरनव ह দান্তিক নাণ্ডিক 🗝ঠ প্ৰস্কাহীন জনে । ভক্তি শুক্ত-বিনয়বিচীন মহিতীলে। (নাছি দিব কদাচিৎ পর্যাত্ম 🐠। । क्रिण উদ্ধ अहे (ब्राप्य विश्वास ।) লোকজিম সা বাচ ধর অচরিভ। ব্ৰহ্মণা ভক্তিবৃত গোষ-বিৰ্ণাচ্ছ । কৃছিব এ শ্ৰ ফলে এ ধর্ম পাচায়। ভক্তিপথে থ্ৰী শুদ্র ধরে অধিকার ঃ ভক্তিযুত শ্বী শুদ্ৰে দিৰ উপদেশ। क मर्च काजिएन कि नाहि व्यवस्थित ह भान देक**ल** चमुन कि चान राम कर्य। ७ धर्म क्यानित्न कि क्यानिन व्यक्ति धर्म ह জ্ঞান কৰা ভক্তিবোগ কহিল সকল। शर्च वर्ष काम (भाक ठाउँ किंद कन । ज्ञक्षभः। एक व्याप्त । जिल्ला यवरन । त्रव निरंबिषय कोन व्यामाग्र हत्रदण ह ভগনে নির্বাণপদ আনিব ভাষার। আমাকে জড়িল সেই ছুটিল সংসার 🛭 এতেক बहुन योग थीनना जिल्ही है। ন্তনিক্রা উদ্ধব রঙে করবোড় করি । क्षांच कर्त्र कविल ना स्टब करलब्द I পুলকে পুরিল অহু না সরে উন্তর ঃ काल किस निराधिया देवन स्वर्धान । করভোত্তে কচে শিরে করিয়া প্রশাৰ ৪

⁽১) পাঠান্তৰ,— "এ ধৰ্ম শুনিলে মাত্ৰ ভবৰম ছিঁড়ে"। অন্তচ্চ, "এ ধৰ্ম জানিলে মাত্ৰ ভবন্ধর তবে।"

⁽১) পাঠান্তৰ,— "বুৰিলে সকল প্ৰশুটল মদ মান"। অক্তক, "বুকিলে সকল পত্তে সচে মদ ৰান।"

पूर्व र्णन गर योश्यम व्यक्तकात । অভয় পদারবিন্দ নিকটে ভোমার। শীতভয় রহে কি অগ্নির সন্নিধানে। কভূ কি অজ্ঞান রছে তোমা বিশ্বমানে। ভূতা দৈখি অমুগ্রহ কৈলে এত বড়। कानदीপ প্রকাশিলে পরম উজোর। ভূমি হেন প্ৰভূ নাথ জানিব যে জনে। সে কেন ভঞ্জিব অন্ত প্রভূ তোমা বিনে। পুরে পেল দৃঢ় মোর মায়াময় জাল। নিজ পরিজন গত মোহ-অন্ধকার॥ নযো নযো মহাবোগী প্রসন্ধ-তারণ। বোগেন্দ্র-মূলীন্দ্র বৃন্দ-বন্দিত চরণ । হেন উপদেশ দিয়া বুঝাইবে যোৱে। নিরস্তর মতি যেন রহে পদতলে। প্ৰাভূ ৰলে উদ্ধৰ আমার বাণী ধর। বদরিকাশ্রমে তুমি শীন্ত করি চল। ভণা গিয়া আমার চরণ-ভীর্থ-কলে॥ স্থান পান করিয়া শুধহ কলেবরে ॥ व्यटनेय क्याय-नाम शक्:-पद्रमटन । করিয়া ওধিএ চিত্ত স্মরণ মক্ষনে ॥ ৰম্ভ ফল মূল মাত্র কল্পিবে আহার। স্থুখতোগ তেজিয়া পরিহ বুক্ষছাল॥ শীতৰাত জনিত সকল হু:থ সহিয়া। স্থানীৰ সংযত শান্ত সমাহিত হৈয়া। আমার শিক্তিত ধর্ম সতত তাবিয়া। আন-বিজ্ঞান যুত সমচিত হইয়া। যুদ্ধি-মন আমাতে করিছ নিয়োঞ্চিত। সাধিছ আমার ধর্ম হয়া সমুদিত। তেজিয়া ত্রিগুণ গতি লভিবে আমারে। ৰদন্ধিকাশ্ৰমে চল তীৰ্ণ মনোহরে। আজা শিরে ধরিয়া উদ্ধব মতিমান্। প্রেদক্ষিণ করি কৈল খণ্ড পরণাম 🛭 কান্দিতে লাগিলা শিরে ধরিয়া চরণে। পড়িল উদ্ধৰ ভূমে নাহি ৰাফ্জানে। বিরহ-কাতর হৈরা কান্দে উচ্চৈ:ববে।

বলিতে না পারে কিছু ৰচন না কুরে। পুনঃপুনঃ चाका দেন প্রভূ ভগবান। উদ্বের নাহি কিছু বাহ্য অংধান। বিরহ-কাতর হৈয়া কান্দে উচ্চশ্বরে। পুনঃপুনঃ প্রদক্ষিণ দণ্ডবত করে ॥ উদ্ধব হু:খিত দেখি বিবৃহ-কাত্র। কৃপা করি দিলা প্রভু পাত্ক যুগল। পুনরপি আজা যদি দিলেন শীংরি । পুন:পুন: প্রদক্ষিণ দশুবৎ করি । পাছকা করিয়া মাথে আকুল হদয়। शीरत शीरत हिनना छेड्न महानव । ক্রদম-কমলে হরি করি আরোপণ। চলিলা উন্তর দিগে করিখা রোদন। মহাভাগৰত ধীর বিরহ-কা • র। **ठिन्ना छेख्त निर्म मत्य रिट्नान ।** বদরিকাশ্রমে গিয়া হৈলা উপসন্ধ। अष्य উপদেশে কৈলা ४४ चादासन ॥ তপ যোগ সাধিয়া লভিল কুঞ্গতি। জগতে বিন্তার করি স্থাপিলা ভক্তি। লোক বুঝাইতে কণ উভবে করার। প্ৰভূৱ ইদিভ কেবা বিচাঃরলে পায় 🛭 নিজ ভূতা হেতু নিজ-গাঁও জানামৃত। य खन चनस्य शक्षमूथ-मूर्ं दछ । আনন্দ সমুদ্র ভক্তিরস-সংগানধি। ভক্তি শ্রদ্ধা করি যেবা र নে নিরবৰি॥ এ ভৰ সাগর পার হয় অনায়াসে। জগন্ত নিন্তার তার সহে সদবাসে 🛭 নিজ জন-ভব্ভয় করিতে । নবার। ভূদৰত প্ৰভু উদ্ধারিলা বেদগার। জান বিজ্ঞান-সার ভত্তি-সুধাসিত্র। ভক্তগণে পিয়াইল নিচভত্ত্য-বন্ধ পুরুষ-রভন আদি অনাদি নিধান। সে নন্দনন্দনে যোর রছ পরপার 🛚 ভক্তিরস-ভ্রধাসিত্র গদাধর জান। ভাপৰত-আচায্যের মধুরেস গান ।

্তি প্রভাগবতে মহাপুরাণে একাদশভদ্ধে একোনফ্রিংশোহধ্যায়: । ২>।

विश्य जशाय।

পঠমশ্বরী রাগ—দীর্ঘ ছন্দ।

	উদ্ধৰ চলিলা ৰদি		প্রভাবে চ লিলা শক্তে এ শুমান থানে।
ভবে হরি বারকামগুলে।			
কোন্ কর্ম হৈকলা আর কালব্রপী ভগবান্ বিভারিয়া কহিবে আমারে।		রুক্ষ উপরেশ ধরি	AD WYSIA THE
		সূৰ্ব্য ধূৰ্য কৈছ	II statut I
ৰিজ-শাপ-ছলে বহ		भवतः(याकिकार्यक्र	विष्ठिष्ठ वहुवद्भ
ভৰে নিজ ষত্-কলেবর। অশেষ মহল ধাম কিছপে ভেকিল হরি		মেলিয়া মদিরা কৈল পান। ক্ষমায়া বিমোহিত মহাবন্ধ বন্ধ্বপদে ।	
সকল লোচন-মনোহর॥		গালাগালি যাজিল কম্বল।	
चरमा नम्म (काम		भवा चंका मुकारत	তোমর বছকশবে
নিবারিয়া আনিতে না পারে ।		সিদ্ধৃতীরে তৃষ্ণ সমর । রবে রবিগণ ধুঝে পো মহিব ধর মহে ।	
গাধুৰন শ্ৰুতিগণ	বদি বিনিহিত হয়	ब्रुट्य व्यविश्व युट्य	(भा महित चंत्र महत्त .
পুন আর বিষয় না করে।		्वर पृत्य क्षत्रवास्त् ।	
দার আভা কৰিগণ	বচন আনম্বর	युवन युग्तात्र मदत	योदमदन हामा हानि ं
সময়-শমিত	भूत्रशर्व ।	বাঞিল তুৰুল	। यहां ब्रेटन ।
সময়-শমিত রণগত দর্শনে	ভার সম্রূপ ধরে	শাম প্রাচ্যমে রণ	क्टार्थ पन श्रमणन
ছেন অন্ন ভেডি	লে কেম্নে।	ভোল অকুৰে ৰ	दि क्रिकाि ।
হেন অল তেতি গ্নি ৰলে বছবিধ	উত্পাত উপগত	অনিক্ষ সাভ্যবি	মুজ্ঞ সংগ্ৰাৰ্থিৎ
एश्रि हित्र देशवरीनस्थन ।		অনিক্ষ সাত্যকি স্থান্ত সংগ্ৰাৰ্থিৎ ; থুদাৰুণ ৰাণ ছুটাছুটিঃ	
হুংশ্বা সভাতে বসি	ক্চিতে পাগিল প্ৰভ	অন্তোম বাজিণ র	जारन जान वर्ग जन
७ न ७न यहरी त्रश्र ।		. यहम् व्यक्षः मञ्जीद्रनर्गः।	
ধ্যকেতু সম মহা	উত্তপাত অম্মিল	মাধুর সে শুরসেন	वधु (शव गाउक
দেখ বছপণ	arestra :	বৃদ্ধিগণ বুঝে	व्याप्त ।
এথাতে রহিতে আর	प्रस्ता । जिल्लाक विक्रिक सक	পিতা প্ৰৱে মিত্ৰে বিং	च्छर व च्छर व वन
		ভাই ভাই পি	ত্ৰ। ৰাতুপে ।
চলি ষাই প্ৰভা প্ৰাচী সরস্বতী ৰধা	्य ग्रह्म । व्यक्तिकाम स्थान क्रिक	বদ্ধ বদ্ধ জাতি জাতি	হানাহানি কটাকাটি
व्यामा गन्नवा व्या	च्याच्याच्या । च्याच्याच्याच्याच्याच्याच्याच्याच्याच्या	्रक काटब शांत्रिक मा यदे ।	
তথা গিয়া করি উপথাস। বৃদ্ধ ৰাল খ্রীগণ সন্ধরে চনুক আগে		कार त्याम संदर्भम	টুটিগ ভাহিশ শ্বশ্ন
	थ हत श्रृष्ट देशन वर्ष वर्ष ।		
ছাড় ছাড় খাব		. बरमा कि जिसा चानि	मूटरे भूटर अवस्था
নানা ৰলি উপহাৱে		व्यवस्थानाच्याः सा	র পরচণ্ড ।
विषक्त कति	नाना गान ।	গ্ৰা মুদ্পৰ ভূঞা	रह्मम् नदश्दन
রুক্ত কাঞ্চন গান	शक इस महासन	गरा पुरायम हुरा अख्रिम ग्रहा	
পো ভূমি মৰিং	র স্থরবান ৷	fortfare (##1	विकिल (बहिना कारन
গো ভূমি মৰিদ এই গে উত্ত ম বিধি	স্কল মঞ্চাম্য	मृद्ध । नवा। इंटल स्ट १४%	পে ২(১৬৭)
পিতৃ-দেৰ-গো-এন্দেণ-পূঞা ৷		ACM ACA CAN	त्रिका विकिन पारका
चित्रहे चंडन अहि	विधि (वष-विनिधिष्ट	ষ্ত্ৰপণে বল আ নি এ পর ন	ifs water i
श्च रू छे पांदकांत्र ध्यका ।		্ত স	अवना मृ डिव पाएड
এতেক কচন গ নি	বুদ্ধ ৰছগণ ৰেলি	পাড়ৰ সকল বাস	m satura s
रक्त रक्त रहि	ৰা ৰাথানে ৷	कट्न वन देव	(न नेमानान इ

বন্দাপ উপহত তোমার মায়াতে নাধ ক্লুনারা-বিনোহিত পড়িল সকল ৰীৱগণ। বাঁশের আগুনি যেন बारिय बहन छनि ब्लार्थ क्लक्त्र देवल পোড়ৰে সকল মহাবন ৷ কাল্রপী ভগবান আমার ইঞ্চিত এই कुनम्य देशन यपि মানিলা পৃথীর গেল ভার। निव र्याग व्यवहर ইৎসা-কলেবর হরি ক্তৰে ৰলভদ্ৰ রাম তেজিলা মামুষ-অবভার। দেখিয়া দৈবকীস্থত **श्रुनःश्रुनः श्रीमन्दि**न ু নিজ থামে গেল রাম ৰসিলা অথথ তক্তমূলে। চারি ভূক বিরাজিত e বা স্বৰ্গবাসে গেল প্রকটিত নিজরপ ত্ব্য-কোট জিনি কলেবরে। দশদিগ প্রকাশিত নিত্ৰ পতি হাতিমন্ত নিজ আভা বিয়াজিত শ্ৰীবৎসলক্ষণ ঘনশ্ৰাম। প্রেমডাবে জর জর পীত বসনযুগ ভণ্ড হাটক-জ্যোতি সকল মলল গুণধাম। হা কৃষ্ণ হা নাথ বলি वक्त -कथन नीन পুৰুৱ স্থান্মিতযুত নুকৃঞ্চিত কুম্বলবিলাস। वाकि वागि वक देशनूं শ্ৰীনয়ন যুগল বিক্সিত কল্প নঞ্জু মকরকুগুল পরকাশ । কোপা যাব কি করিব কিরীট কৰণ হার কটিস্ত ব্ৰহ্মস্ত নূপুর রতন অঙ্গুরী। এইরপে কাকু করি কৌশ্বভ বিরাজিত ৰ্গমালা বিলসিভ অন্ত্রগণ রহে মৃত্তি ধরি। ৰাম পদ তক্ষমূলে ভূষণ বাহন যুভ ভূলিয়া দক্ষিণ উরে ৰসিলা আপনে বনমালী। তার পাছে অন্ত্রগণ জন্না নাৰে ব্যাধ আইল মুষলের অবশেষ লোহার নির্শ্বিত শর ধরি। চল স্ত বহুপুরে মৃগ শক্ষা করি মুগ আকার চরণ দেখি চরণে বিদ্ধিল সেই শরে। ৰলভন্ত্ৰ-গতিকপা ভয়েভে ব্যাকুল ব্যাধ চতুৰ্ত কপ দেখি পড়িল প্রভুর পদতলে। আমি পরিহরি যদি কৈলুঁ ছেন অপরাধ না জানিঞা মুক্তি পাপী **क्य क्य मुक्कि छ्वा**ठांत । পুর পরিজন সঞা অজ্ঞান ভিনির ধাংস যার নাম শভরণে সংসার-সাগর হর পার। তুমি জাননিষ্ঠ হয়া সকল তোমার মারা মুক্তি ছার কি ৰলিব ব্যাধজাতি পতিত বঞ্চিত। জানিহ আমার মায়া এবার পাতক হর শ্বকরে বধিয়া নোরে ষেন হেন না করো হৃত্ত । প্ৰভূৱ এতেক বাণী ना वृत्वं वित्रिक्षि इत নার যোগ দীদাগতি ভূততো পড়িল প্রণিপাতে। द्वष्विभात्रम मुनिश्ररम।

বিষোহিত সর্বলোক মুক্তি পাপী জানিব কেমনে। चाका पिना नातावन উঠ জরা পরিহর ভয়। যে কর্ম করিলে ভূমি चर्ल हण रुग्रा भूगम्य । वाका मिना क्षेत्रा कत्रि শিরে ধরি উঠিলা সম্বরে। দণ্ড পরণাম করি 🖟 দিব্যরথে গেল সশরীরে। দাক্ত সার্থি আইল দিবা গন্ধ-বাত অহুসারে। নিখিল জগতকাৰ দেখিল অখণতক্তলে। বিপলিত কলেবর পড়ে ছুই চরণ ধরিয়া। ভূমিতে লোটাঞা কান্দে কেন নাপ কর হেন মায়া॥ অন্ধতমে প্ৰবেশিসূ ममिश ना (मिश्र नश्रत । কিরূপে বা আমি জীব তুমি প্রভু প্রাণনাণ বিনে। দাক্ষক সার্যথি কান্দে রথরাজ উড়িল আকাশে। গৰুড় লাম্থনা রপ **इट्र**कां हि ग्रम श्रवकार म কৈল থামে আন্নোহণ তবে আজা দিল জনাৰ্দন। পুরজনে কহ কথা জ্ঞাতিগণ-নিধন-কারণ। কহিয়া আমার দশা কেছ জানি রছে বছপুরে। निवनरम व्यविम् যত্পুরী মজিব সাগরে॥ ইন্দ্ৰপ্ৰন্থে বহ পিয়া व्यक्ति दाथिन निक गाए। সৰ্বধৰ্ম উপেৰিয়া থাকিছ আমার ধর্মপথে। রচিত এ সব লোক भास देश्या हम निभवत्त । বাঞ্ক সার্থি খনি

নীকৃষ-বোষভয়ালী

পুদঃপুনঃ প্রশ্বন্ধি দণ্ড পরণাম করি
পদ্যুগ ধরি নিজ শিরে।
ছঃধশোকাদি ঝাঞ্জে চলিলা বারকাপুরে
কালিতে কান্দিতে উচ্চম্বরে।

বীর শিরোমণি স্বী সন্থার পদপুর্ব বিনা মোর আর নাছি আশা। একাদশ ভাগবতে মূবল সময় কথা। ভাগবত-আচার্য্যের ভাবা।

ইতি শ্রীভাগৰতে মহাপুরাণে একাদশন্তমে ত্রিংশোহধ্যায়ঃ 🛭 ৩০ 🛭

वर्काजश्य जनाम्।

তবে ব্ৰহ্মা আইলা তথা শিবানী শঙ্কর দেব रेख चापि एपर পिতृश्य। সিদ্ধ গন্ধৰ্ব কিন্নর যক রক বিভাধর অহিপতি গুঞ্ক চারণ॥ দেখিব উৎস্বলীলা ক্রফের গমন-থেলা (नवगन हिन्ना इतिरय। রুপের উপরে রথ যুড়িয়া আকাশপথ ক্ষিতিতলে কুম্বন বরিবে॥ কেহ স্বতি কীৰ্ম্বন পৰিত্ৰ চরিত্ৰ গুণ क्ट बुछा भूम्भ वित्रवर्ग। ভক্তিবৃত স্থারগণ পদ্মপত্র-বিলোচন मिथिया विश्विम यदन यदन ॥ ষার ষার নিজপুরে আমাকে নিবার তরে সব দেবগণ আগ্মন। বামি হেন কর্ম করি লখিতে না পারে কেহ দেখাইৰ সমাধি লক্ষণ। এতেক বচন বলি সমাধি ধারণ করি রহে প্রভু মুদিত নয়নে। আপনাতে আপনে যোগ করি যোগাসনে **(मथाय बन्धामि (मयग्राम)** ধারণা-আঞ্চনি আলি দেখাইল মাত্র হরি निषक्राल लागा निष शंग। লোকের আশ্রয় গভি ধ্যান ধারণা স্থিতি অশেষ মঞ্জ অভিরাম। षश्चि गक्न (मरह তে-কারণে তহু সহে অচ্যুত অচ্যুত পুরে গেলা। হুৰুভি বাজনা বাজে স্থ্রবধুগণ নাচে भूष्म वित्रवन मिनामाना ॥ এই পথে যাইৰ হরি সৰ স্থান্তপূপে ৰলে वायि त्रव शुक्षिव ठद्रश ।

বিবিধ উৎসৰ করি **हिन्मा क्रिक्स शास्त्र** আনন্দে পুরিষা দেবগণ। কোন পথে গেলা হরি কেহ না বুঝিলা গভি ষেন মেখে বিজুরি সঞ্চার। নিজ নিজ পুরে গেলা ব্ৰহ্মা ভব আদি দেব সভাকে লাগিল চমৎকার ৷ ভীবের জনম মৃত্যু আছুক প্রভুর কণা সেহ মাগা বল্পপত নছে। আপনে স্বজিয়া হরি আপনে প্রবেশ করি আপন মহিমাৰলে রহে। বে আনিল ওঞ্জয়ত ৰেৰ বাজা পরীক্ষিত য্মলোক-গত চিরকাল। গর্ভে রাখে চক্রপাণি ব্ৰহ্ম অন্তে দথ্য তুমি সে কি হয় নর-অবভার। অস্তকের অস্তকারী থালবের সংহারী হেন হরি জিনিল সমরে। সকল কেমিঞা বেৰা জরা ব্যাধ-অপরাধ লে দেহ চালায় শ্বরপুরে। হেন প্রভু নিজমূর্ত্তি বাথিতে নহিল শক্তি হেন কি কুমতি মনে লয়। ইচ্ছামাত্র বার বেলা পৃষ্টি পরলম্ব-লীলা তাথে কুপণ্ডিত বিপথ্যয়। অশেব শক্তিশন ষদ্যপি প্রকৃতিপর সৃষ্টি স্থিতি প্রদার কারণ। সংহারিয়া বিচারিল তথাপি যাদৰ হুল আর বিছু নাহি প্রবোধন। তেজি নিজ কলেবর তে-কারণে মর্চ্চালোক निक भूरत देवन भन्नदिन। স্থনগণে স্থনপতি দেখাইতে দিবাগতি नां छाणीना देवना स्वीद्यम ।

GING NO.

্ৰীট্ৰা প্ৰভাতকালে শ্ৰবণ কীৰ্ত্তন করে ক্লম্ভ পেলা পরিহরি সমুদ্রে বারকাপুরী ভক্তিভাবে করে শ্বঙরণ। मिन प्रथे गर्सलाटन। **ক্লে**র **অভূত** গতি গে হয় নি^{ধ্}ল মতি ৰুষ্ণের শ্রীবর ছাঞ্চি ৰজিল হারকাপুরী विक्शाद करत चारताहन ॥ যাথে হরি নিত্য সরিধান। দাকক সার্যথি তবে দারকামণ্ডলে গিয়া স্মরণে হুরিভ্ছর পুণ্যকর ধরতর বস্থুদেব উগ্রসেন আগে। गर्कछण मक्न विशान। পড়িল চরণে ধরি কান্দে আর্ত্তনাদ করি বজ্রমাথে ছত্ত্র ধরি রাজ-অভিবেক করি কহিলা সকল মহাভাগে। नाम बुद्ध श्रीभः महेशा। সব পুরজন খোকে ত্তিকা দাক্তমুখে ইন্দ্রপ্রান্থে নিজ দেশে অৰ্জুন চলিলা তৰে मृत्रहिछ देश चार्टिछन। ত্ব:থ শোকে হতমতি হৈয়া। শ্বরিতে চলিলা কৃষ্ণ বিরহে বিহ্বল লোক ভোমার সকল পিতা মহগণে গুনি তবে यथा यष्ट्रक्न-विनामन ॥ व्यर्कुत्नत्र मृत्थं विवत्रण । ৰাখি মুখ শির হানি कांत्म ग्रन नवनावी তুমি বংশধর রাজা রাজ্যে অভিষেক করি ভূমিতলে লোটাঞা লোটাঞা। তবে কৈলা স্বৰ্গ আরোহণ। ৰত্নৰেৰ বোহিণী দৈৰকী নিজ প্ৰাণ তেজি এ সৰ ক্ষেয় লীলা বিচিত্ৰ বিহাৰ মৰ্ম (शन त्रांग-कृष्क ना (मिश्रेमा ॥ প্ৰবণ কীৰ্ত্তন যেবা করে। পদ্মীগণ পতি সম চিক্কিয়া উপরে ধরি (১) ত্রন্ধাদি দেবের মান্ত विज्ञान (गर शक जुद्धभारमं नित्रां चानिकत्। क्रथमञ्ज देश्त्रा तारे हता । নিজ নিজ তমু ছাড়ি **চলিল বৈকুঠপু**হী यमि वा एनस्य गांख হেলাম প্রসদ সদে প্রবেশিল দীপ্ত হতাশনে। कृरकृत महिमा खन नाम । ক্ল-পত্নী অষ্ট প্ৰবেশিল হতাশন পাপাচার রত কিবা অশেষ ছুরিত রত বিদর্ভ ছহিতা আদি করি। সেহ পাপী পার পরিত্রাণ। वर्ष्त्र हिस्तिया गटन কৃষ্ণ-গীতা সঙরণে জন্ম কর্ম্ম নিরম্ভর ষেবা শুনে ধক্তবর भाख देशों इस्भ यन शति। कृरक नए दिश्रा कृक्मश्रा হত বত বন্ধুগণ পিও অল-অগ্নিদান यथा छथा त्यवा नत्त्र শ্ৰবণ কীৰ্ত্তন করে वर्षन क्यांत्र अटक अटक । তার নারায়ণে ভক্তি হয়॥ একাদশ ভাগবভ কৃষ্ণৰণ সমূদিত कहिन जकन क्या व्यक्त। वृक्षि यन निरम्भिक ভাগৰত-আচাৰ্য্যের (३) भाशिखन,-

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে একাদশম্বন্ধে একব্রিংশোহধ্যারঃ ॥ ৩১ ॥

"চিতার উপরে অঙ্গ।"

श्रमाधक-ठत्रगात्रवित्म ।

ত্বাদশ ক্ষম।

-:0:--

প্রথম অধ্যায়।

মল্লার রাগ।

মূনি বলে ওন রাজা কহিএ বাদশ। ভবিব্য কহিব যাথে ক্লফ্ গুণ যশ। পুরঞ্জ নামে রাজা হৈব ক্ষিতিতলে। পুত্ৰ হৈয়া জনমিৰ বৃহদ্ৰথ-ঘরে। ভার পাত্র শুনক মারিয়া তাথে বনে ব্বাপন পুত্রকে রাজা করিব আপনে॥ **প্রভোত তা**হার নাম বসিব আসনে। ভার পুত্র জন্মিব বিশাংযুপ নামে। রাজক ভাহার পুত্র হৈব ক্ষিতীখর। নন্দিবৰ্দ্ধন তার পুত্র মহা ধহুৰ্দ্ধর। এই পঞ্চ প্রভোতন হৈব ক্ষিতিতলে। একশন্ত আইত্রিশ বর্ষ অভ্যব্ধরে। তৰে আর রাজা হৈব শিশুনাগ নাম। ভার পুত্র কাকবর্ণ হৈব বলবান্। ক্ষেত্রধর্ম্মা তার পুত্র ক্ষুদ্রধর্মা হৈব। ক্ষেত্রজ্ঞ ভাহার পুত্র পুথিবী শাসিব। বিধিসার ভার পুত্র জাতুকর্ণ নাম। তার পুত্র জন্মিৰ দর্ভক বলবান্। তার পুত্র অজয় তার নন্দিবর্দ্ধন । আত্তেম-কুমার তবে সভিল জনম। মহানন্দি তার পুত্র এই দশ জন। শিশুনাগ বংশে রাজা হৈব উতপর। তিন শত ষাট বৎসর পরিমাণ। পুথিবী ভূঞিৰ ভারা মহা বলবান্। মহানন্দি-পুত্র হৈব বুবলী-উদরে। মহাপ্রপৃতি নাম ধরিব সংসারে। নন্দ নামে হৈব আর লোক-বিনাশন। নেই হৈতে শুদ্ৰ রাজা হৈৰ উতপন্ন। মহাপদ্ম রাজা হৈব দিতীয় ভাৰর। এক ছত্তে পুথিবী শাসিল মহাবল। সুমাল্য প্রধান তার অষ্ট কুমার। শতেক বৎসর হৈব রাজ্য অধিকার। ন্য নন্দ রাজা হৈব বিজপরায়ণ। এক বিপ্ৰে উদ্বায়িয়া করিব পালন।

তা-সভা অভাবে রাজ্য পাইব মৌর্বাগণে। চন্দ্র গুপ্ত রাজা সেই করিব আন্ধণে। ভার প্রত্র বারিসার হৈব ক্ষিভিপাল। অশোকবর্দ্ধন তার ভানিব কুমার। স্ম্বার তার সম্বত তনম। শালিশুক ভার পুত্র হৈব মহাশয় ॥ সোমশৰ্মা ভার স্থত শতগৰা নাম। তার পুত্র বৃহত্তপ হৈব বলবান্॥ पण (भोर्य) देश्य द्रांखा (मिनिनेश**्टल**। একশত সাক্রিজিশ বংসর ভিতরে॥ অশ্বিমিত্র ভার শ্রত হ্রভ্যেষ্ঠ তনয়। বস্থমিত্র ভদ্রক পুলিন্দ মহাশয়। তার পুত ঘোষ তার বছ্রমিতা স্বত। তায় খুত ভাগৰত মহাৰল যুত। व्यष्टे एक जाका टेहर यहां रजरान्। দুশোত্তর একশত বৎসর প্রমাণ । ভবে কথবংশ ৰাজা হৈব ঋণহীন ! কলিয়ুগে পুথিবী ভূঞিব কথোদিন। শুদ্ধংশে কামী রাজা দেবভূতি নামে। কথামাত্য মহাৰলী বধিৰ সংগ্ৰামে। আপনে করিব রাজ্য বস্থদেব নাম। তার পুত্র ভূমিত্র জন্মিব বলবান্। তার পুত্র নারায়ণ হেব নরেবর। ভিন শত পঞাধিক চল্লিশ বৎসর 🛭 क्षबर्दम भूषियो भागिय क्रिकाटन । ভার ভূত্য বুষণ জন্মৰ ব্দিভিতপে। স্থাৰ্থা বধিয়া রাজা হৈব অন্ধ জাতি। কথোকাল রাজ্যভোগ করিব ছ্মতি। কৃষ্ণ নাম তার ভাই ৰসিব আসনে। ভার গুত্র জনমিৰ শাস্ত্রকর্ণ নামে। ভার পুত্র পৌর্বমাস হৈব ক্ষিতার্বর। ভার পুত্র রাজা হৈব নামে প্রেদর 🛭 ভার পুত্র চিবিলিক হৈব নরপতি। ভার পুত্র রাজা ছেব নামে মেবস্বাভি।

क्षित्र श्रेम श्राका देश नाटम मुझ्मान्। িভার পত্র জনমিব অনিষ্টকর্মা নাম। ্ব হালের তনর তল তনর তাহার। জনবিৰ ভার পুত্র পুরীৰ কুমার। ভার পুত্র রাজা হৈব নামে স্থনন্দন। '**চকোর ভনম** ভার বটক নন্দন॥' শিৰখাতি পুত্র তার অরিন্দম নাম। ভাহার গোমতী পুত্র তার পুরীমান্॥ মেদশিরা পুত্র তার শিরম্বন্ধ হৈব। বৰুত্ৰী তাহার স্বত বিজয় জন্মিব। ব্দ্ধ বংশে শুদ্রজাতি কুড়ি ক্ষিতিধর। ছম্বপঞ্চাশৎ চারি শতেক বৎসর॥ পৃথিৰী ভূঞিৰ ভাৱা নিজ ভূজবলে। সাত আতীর হৈব তাহার অন্তরে। 'ব্দব্মিৰ গৰ্মভক্সলে দশ নৱপতি। ভবে আর বোড়শ জন্মিব কমজাতি। ভবে অষ্ট যবন জন্মিৰ ক্ষিতিতলে। চতুদ্দশ শুর হৈৰ তাহাব অস্তরে। ভবে দশ শুরগু পুথিবীবতি হৈব। তবে একাদশ মৌল পৃথিবী ভূঞিব। নয় অধিক নকাই ৰৎসর দশ শত। এ সৰে পুথিবী ভোগ করিব তাবত। একাম্বশ মৌল তবে হৈব আরবার। ভিনশত ৰৎসর করিব অধিকার। ভবে কিলকিলা নামে আছে একপুরী। ভাতে তুতনন্দ নামে হৈব অধিকারী। 'ভবে রাজা বন্ধিরি স্থনন্দি ভার পাছে। ভবে যশোনন্দি প্রবীর তার শেবে। ছত্নাধিক একশত বৎসর প্রমাণ। এ সৰে কৰির রাজ্য মহাবলবান্। : তা-সভার ত্রমোদশ অগ্নিব কুমার। ভৰে হৈৰ ৰাহ্লিকের রাজ্য অধিকার॥ ভবে পুশ্ৰমিত্ৰ হৈব ক্তিয়-কুমায়। ছুর্শ্বিত্র পাইব ভবে রাজ্য-অধিকার। ্ৰৈক কালে এই সব সুপতি হইব। াসপ্ত অন্ধ্য কোশল জনমিৰ ১ জুমিৰ বৈছৱপতি তাহার অস্তরে। ভবে কত রাজা হৈব নিবধের কুলে।

यभवरतन बोक्षा (>) देश्य विश्वकृत्कि मात्र । তৰে পুরঞ্জ রাজা হৈব বলবান। আন বৰ্ণ করিয়া স্থাপিব আন জাতি। ষহ ৰজ্ৰ পুলিন্দ করিব মন্দমভি 🛚 নিজ রাজ্য তেজিয়া রহিব আন স্থানে। পদ্মাবতী নামে পুরী করিয়া নির্মাণে ॥ প্রবাগ অবধি ভাগীর্থী সন্নিধান। তথাই বহিৰ পূথ্বী ভূঞি বলবান ৷ সৌরাষ্ট্র আরণ্য (२) রাজা হৈব তার শেবে। অৰ্ক্ট্ৰ মালৰ রাজা হৈৰ ভার পাছে॥ তবে শুদ্ধ (৩) আভীর মুপতিগণ হৈব। শুদ্রবৃত্তি হৈয়া বিপ্র কেবল বর্তিব ॥ শুদ্ৰপ্ৰান্ব রাজা হৈব সিন্ধুতীরে বাস। (৪) চক্রভাগা কুম্ভীদেশ কাশ্মীর-নিবাস॥ শুদ্রজাতি রাজা হৈব পতিত ব্রাহ্মণ। কোন রাজ্যে শ্লেছ কোন রাজ্যে হীনজন। প্ৰান্ব মেচ্ছ বাজা হৈব হুষ্ট কলিকালে। অসত্য অধৰ্ম ৰাজ জানিৰ সংসাৱে 🛭 অন্নদাতা ভীব্ৰকোধ হৈব সুপগণ। পরদার পর্ধন **সঞ্চন হরণ** ॥ ন্ত্ৰী বালক গো আহ্মণ ৰধিব পরাণে। অল্লধন অল্লসভ্য হৈব সর্বাজনে ॥ অল্ল পরমান্তু হবে নিন্দিত আচার। কুলকর্ম-হীন দেহ-গেহ-অহঙ্কার॥ রজেণ্ডেণে তমোগুণে সৰ বেয়াপতি। ক্ষেত্রিবেশে শ্লেচ্ছ রাজা করিবে নিন্দিত। প্রকাকর করিব ভক্তিব সর্বজন। অক্তোন্তে সকল লোক করিব লক্ষন ! कुष्टे ताका त्रि थिका देश इताहात । সেই ধর্ম লৈব সেই শীল ব্যবহার॥ এইরপে কলিযুগে হৈব প্রকাক্ষ। ভাগৰত-আচাৰ্ব্যের ভাষা রসময় 🛊

ইভি ঞ্ৰভাগৰতে মহাপুরাণে বাদশন্তকে প্রথমোহধ্যার: ॥>॥

^{(&}gt;) नाठाखव,—"मग्रंप वःत्नव !"

⁽২) "অবস্থা।"

^{(0) 411}

⁽ a) পাঠান্তর,— "শুত্র প্রায় হইবা সিদ্ধৃতীরে ^{হৈ}হব বাস ।"

क्विय ज्याय ।

ভৰে বৃদ্ধি সভ্য শৌচ ক্ষমা দয়া ধৰ্ম। मित्न मित्न चूँ**টिव সকল वल कर्य ॥ (**১) বিভয়াত্র স্বধর্ম-আচার ওপ ধরে। বিক্তমাত্র-সর্ববেলাক পুঞ্জিব সংসারে॥ স্তান্ত্র-ব্যবস্থান্ন বল কেবল কারণ। ধর্ম-ব্যবহার মাত্র মায়া-প্রভারণ 🛚 ন্ত্ৰী পুৰুষে হবে মাত্ৰ বতি প্ৰয়োজন। বৰুত্ত সভে মাত্ৰ বান্ধণলকণ॥ দম্ভমাত্র সাধুধর্ম বিহা অদীকার : ষ্মানমাত্র কেবল দেছের পরিষ্কার। দূরে জলাশয় দেখি হৈব জীর্বভাণ। উদর ভরণে মাত্র পুরুষের মান। কুটুম্ব-ভর্ন মাত্র কেবল দক্ষতা। ষশ-হেতৃ ধর্মদেবা কেবল মুখ্যতা। এইরূপে তুষ্টপ্রজা পুরিব সংসারে। ৰলে বড় সেই বাহা হৈব ক্ষিভিতলে। লোভী রাজা দহাপ্রায় কপটা নির্দর। ধন দার ছবিব কবিব প্রকাক্ষ । ৰন গিরি-গহররে করিব পরবেশ। শাক মূল ফল পত্র আহার বিশেব ৷ কর-প্রাড়া অনাবৃষ্টি ছর্ভিক-প্রাড়িত। শীত ৰাত আদি নানা সম্ভাপে তাপিত। ক্ষুধা ভূঞা নানা ব্যাধি গু:খ শোক ভয়। সৰ ঠাঞি বেয়াকৃল চিস্তা অভিশয়। পরমায় হৈব সৰে ভিরিশ বৎসর । (২) নানা উত্তপাতে লোক সতত বিকল। কলিতে হ**ই**ৰ ধৰ্ম পাব**ও**প্ৰচুর। দ্ম্যুঞায় রাজা হৈব নির্দ্ধর নিষ্ঠুর॥ কলিলোবে বেদপথ সৰ যাইৰ নাশ। চুরি মিধ্যা ব্যর্থ হিংসা কুসক্ষ-বিলাস শুদ্রপ্রায় বিপ্র ছাগপ্রায় ধেমুগণ। তৃণপ্রায় বৃক্ষ পূত্পায় বনাশ্রম । বিদ্যুত-প্রমাণ (৩) মেঘ শুম্বপ্রার-ঘর। গৰ্মভ স্মান লোক শৃক্ত কলেবর।

() भाशिखव,—"कूलकर्भ"।

এহিরপে হৈল বদি কলিযুগ লেব। অবতার করিব আপনে হুবীকেশ 🛭 ধর্ম-পরিজ্ঞাণ-হেতু ছুষ্ট বিনাশিতে। আপনে আসিয়া হরি জন্মিব সাক্ষাতে 🛭 জন্মিৰ সম্ভল গ্ৰামে বিষ্ণুয়শা-খৱে। षिष्ठপুত্র হৈব হরি কল্কি অবভারে॥ অশ্ব-আরোহণ করি বাউবেগ-গতি। খড়া ধরি চকিতে চলিৰ স্মরপতি। এক অখে করিব পুথিবী পর্যাটন। কোটি কেটে শ্লেচ্ছ কাটি করিব নিধন॥ দস্মাগণ পলাইব ধরি সুপবেশে। কাটিয়া সকল সংহারিব হ্রবীকেশে 🛚 দ্যা বিনাশিল যদি কৰি স্থৱপতি ! তবে গৰ্কলোক হৈব নিরম্ব-মভি। কন্ধি অঙ্গ পুণ্যগন্ধ বাত পরশনে। পুণ্যধৃত শুদ্ধচিত্ত হৈব সর্বাঞ্চনে 🛭 ধর্মপতি প্রভু ধর্ম করিতে পালন। ক্ষিত্রপে অবতার ক্রিৰ যখন 🕽 সত্যযুগ সেই ক্ষণে হৈৰ স্ভ্যমন্ত্ৰ। সভ্যযুভ সর্বলোক হৈব শুদ্ধাশর। পূথিৰী তেজিয়া কৃষ্ণ চলিলা বৰনে। ছুষ্ট কলি পরবেশ হৈল সেইব্দণে। यावर भगाविक्य धवनी भविष् আপনে আছিলা রমাপতি গুণরাশি॥ ভাবৎ না ছিল ছুষ্ট কলি-পরাক্রম। উদ্দেশে কহিল কিছু ভবিব্য-লক্ষণ॥ হৈল হৈৰ যত রাজা আছে বিষ্ণমান। তা-সভান কৈল গুণ চরিত্র ৰাথান 🛭 **ठळ्कारण ज्**र्यायरम यक प्रथमत्र । তা-সভার গুণ কর্ম কহিল সকল 🛚 কথা মাত্ৰ অৰ্থেষ রহিল সংসারে। কীৰ্ত্তি মাত্ৰ কেবল থাকিল ব্লিভিতলে। ত্র্যাবংশে মক নাম সন্ততি কারণে। **ठळ**दश्टम पाकिंद (पर्वाण ट्रिन नाट्य । যোগৰলে রহিৰ তুহার কলেবর। থাকিৰ কলাপ গ্ৰামে ছই বংশধর ৷ কলিযুগ অস্তে নারারণ-আব্দা পাঞা। ধর্ম প্রচারিব হুঠে পূর্ববিৎ হয়া 🛭 এইরূপে সভ্য ত্রেভা দ্বাপর কলি ৷ এইক্লে পুনঃপুদ হয়ে বুগ চারিনা

⁽২) পাঠান্তর,—"পরমারু বিশ কিংবা জিল বংসর"।
মৃদ্যে, "জিলবিংশতিবর্বাণি পরমায়ুং কলৌ নুণান্"
পাঠ আছে।

^(•) পাঠাতৰ,—"বিহ্যত সমান"।



কৃষ্টিল ভোমারে রাজা ওন মুপপণ।
অত্নুল সম্পদ মহাবল পরাক্রম ।
স্থানিতে মমন্ত করি তেজি কলেবরে।
কিলার নিধন হৈব এই মহীতলে।
কিলারণে গর্মা করে মতিহীন নর ।
কৈলারণে গর্মা করে মতিহীন নর ।
কৈলোর কারণে পরপ্রাণবধ করে।
সাজে প্রয়োজন মাত্র নরকে সকরে।
আমার পূরুষ কত পূরুষ শাসিল।
এই ভূমি কারণে সকল গোজী মৈল।
আহিল আমার পিতা পিতামহুস্ণ।
ভারা সব মৈল এই ভূমির কারণ।
স্প্রতি সকল ভূমি এখনে আমার।

পূর্ব হনে আমার বংশের অধিকার ।
পূত্র পৌত্র আমারি ভূঞিব বস্ত্মতী।
এই বৃলি কড কড মৈল ক্ষিতিপতি ।
মাটির নির্মিত ভাগু মিছা কলেবর ।
ইহার লাগিয়া কত কড দুগুর ।
মোর মোর বুলিতে সকল তেজি পোল ।
কালে সব সংহারিল কথা মাত্র বৈল ।
ভাগবত আচার্বে।র এই কাকু ভাষা।
সব পরিহরি ভাই কুফে ধর আশা। (>)

(১) পাঠান্তব,— "ভাগবত-স্থারস অপূর্ক কাহিনী। পদবতে কহি কুক্তেন্তব্যক্তর্ভিনী।

ইতি **ঐভাগৰতে** মহাপুরাণে বাদশব্দদ্ধ বিভীমেহধানঃ । ২ ।

क्लोग्र व्यथाय ।

মুনি বলে শুন বাজা বিচিত্র কণন। পুথিৰী হাসিমা ৰোজে দেখ ৰূপগণ ৷ দেখ-দেখ কভ রাজা আমার কারণে। আন্তোপ্তে যুঝিয়া ব্যর্থ মৈল অকারণে । ৰবন্দী ছাসিয়া বোলে অহো দেৰমায়া। ুকাল-বলক্রীডাভাও নরদেহ পায়া। আছক আনের কাল পরম পণ্ডিত। ব্লাজ-অভিমানে সেহ কামে বিমোহিত 🛭 পদ্মকেন সম দেহ তড়িত-চঞ্চ। ভাছাভে বিশ্বাস করে মৃঞি নরেশ্বর। প্রথমে জিনিব আমি রাজ-মন্ত্রিগণ। ভবে পাত্র সামস্ত জিনিব প্রজন । ভবে মহামাতক কিনিব মহা সেনা। ভবে রাজা জিনি রাজপুরে দিব হানা। ধুরুণী শাসিব তবে সাগর পর্যন্ত। এই আশাবদ্ধে করে রাজ্য-অ<u>ত্</u>বৰ । ্রনিকটে না দেখে ব্য কাষে অচেতন। পুৰিবী হাসিগা বোলে অহো বিভূষন ! আমাকে জিনিঞা করে সাগরে প্রবেশ। এছ লোকে পরিশ্রম পরলোকে রেশ ।

আমাকে তেজিয়া মহু মহুপুত্রগণ। কতকত রাজা গেল তেজিয়া জীবন। বাপে পুত্তে হানাহানি আমার কারণে। অন্তোক্তে যুঝিয়া মরে ভাই বন্ধুগণে। আমি রাজা আমার সকল ভূমিৰও। সাগর পর্যান্ত ফিরে পরচণ্ডদণ্ড। এই বুলি সুপগণ মরে অভিমানে। আমার কারণে মৈল বুঝিয়া সংগ্রামে। পুপু গৰ পুক্রবা নহুষ ভরত। মাদ্ধাতা সগর তৃণবিন্দু ভঙ্গীরথ । খটাত অৰ্জ্জন দুগ গাধি নরপতি। নৈৰধ শাস্তম ব্ৰঘু বৰাতি শৰ্যাতি। হিরণ্যকশিপু বুত্র নমুচি শহর। নরক রাবণ বাণ তারক ইবল । আর যত দৈত্যগণ নুপতিমণ্ডল। गर्काष्ट्रद गर्कविद भूत बरहचंत्र । আমাতে মমভা কার মর্ভ্য কুলেবরে। কথাৰাত্ৰ অবশেষ সংহারিল কালে। মহাজনগণ-কথা কহিল তোমারে। য়শ বিস্তারিয়া ভারা প্রেল বিভিত্তে 👢 বৈরাপ্য বিজ্ঞান-হেতৃ তা-সভার কথা। কহিল ভোমারে নতু পরমার্থ গাঁচা॥ বে ক্লফপদারবিন্দে ভক্তি বাঞ্চা করে। সে অন পোৰিক্ষণ্ডণ শুনে নিরম্বরে। ব্ৰহ্মা ভব সনকাদি নিরবধি গায়। হেন কৃষ্ণ-গুণগাথা শুনিব সদায়॥ ভবে বিষ্ণুরাত রাজা মূনির চরণে। এই সৰ জিজাসিলা বিনয়বিধানে ! কলিদোৰ বিনাশিতে কেমন উপায়। নানা পরকারে কলিদোব দুর যায়। লোকহিত-হেতৃ ধরু কহ উপদেশ। চারিবার ধৃপধর্ম কহিবে বিশেষ। কালগতি কল্প পর্লয় প্র্মাণ I মুনি বলে কহি রাজা কর অবধান। **সভায়গে ধর্ম চা**রি চরণে আছি**ল**। সভা দান দয়া তপ চারিপদ হৈল। তই হুট শাস্ত দাস্ত ক্ষা দয়াপর। সমদৃষ্টি শ্ৰমযুত আছিল সকল ॥ (>) न्जायूर्ण रञ्जात धर्म द्रका देका। ক্রেভাষগে ধর্ম এক পদ হীন হৈল। দান-ত্রত তপ-যোগ-কর্মপরায়ণ। সৰ্ব্ব ৰৰ্ণ পুণায়ত আছিল তখন। ছাই পদ ধর্ম হাইব ছাপর যুগে। দয়া দান তপ সভ্য হৈব আধ ভাগে। মহাৰণ শীল যশ ধর্মপরায়ণ। হাই প্ৰষ্ট ধন্যত হৈব স্পজন । এক পদ ধর্ম মাত্র হৈব কলিকালে। অসভ্য ৰূপট লোভে পূরিব সংসারে। निर्मम निष्ठेत द्वाठात गर्मकन। ছর্ভাগ্য দারিত্র দম্ভ-ক্রোধ পরামণ। সম্বন্ধ তমোগুণে জনিত বিকার। কাল্যশ্ৰ-বিচলিত মতি গুৱাচার। বৃদ্ধি মনে সম্ভগতে বাচিব ব্ৰনে। ৰধনে জন্মিৰ মতি তপোযোগ জানে। ভৰনে এানিৰ সভাযুগ উতপন। কাৰ্য কৰ্মে ব্ৰত যদি বাজস সকণ। তথনে জানিৰে ত্ৰেভাযুগের উদর। समह बानत्रमुग जक्क निर्णत ।

মদ মান বস্তু হিংসা লোভ অসক্তোব। যথন জীবের এই দেখি নানা দোষ। তথনে জানিব রক্ত ত্যোগুণ বাপর। কলিয়গ-লক্ষণ কছিব নরেখর। নিদ্রা ভক্রা হিংসা মারা অসভ্য বিষাধ। শোক মোচ যথনে এ সূব পর্মাদ । তখনে জানিব কলি তামন প্রধান। গুণভেদে কহি চারি বুগ পরমাণ। ক্ষুদ্রবৃষ্টি কুদ্রভাগ্য বিস্তর আহার। ধনহীন মহাকামী নিন্দিত আচার ৷ সতী কুলবতী নারী হৈব দোচারিণী। পাষ্ত হু:শ্বল বেদপথ বেদবাণী ৷ প্রজাতক রাজা ধন-দার অপহারী। ব্ৰহ্মচৰ্যাত্ৰতহীন হৈব ব্ৰহ্মচারী। विकाग देश्य निर्मापत्र-श्राप्त्र । লোলুপ সন্নাসী হব কুট্ম-সন্ম। বানপ্রস্থ হৈব গ্রামবাসী মন্দাচার। হ্ৰকায় হৈৰ সৰ লোক মহাহার ৷ কুলৰতী কপটিনী কুবাক্য-ভাবিণী। নানা মামা উচ্চহাস বিবাদকারিশী ! কপটা কিরাট লোক হৈব কুটকারী I কবিৰ নিশিত কৰ্ম কুলধৰ্মে ছাড়ি। নিৰ্দ্ধন দেখিয়া পতি তেজিৰ কিছরে। ছুৰ্গত দেখিয়া ভত্য ছাড়িৰ ঈশ্বরে। পিতামাতা ভাই বন্ধ কাতি পরিশ্বন। সকল তেজিব নারী স্থরতি-কারণ। शीन हीन जो-क्रिक इनेन क्लिकाटन। শুদ্রে প্রতিগ্রহ লৈব তপন্দীর ছলে। সভাতে কৰিব ধৰ্ম অধাৰ্শ্বিক জনে। ৰসিৰ অধিক হেয়া উত্তম আসনে। পরপীড়া হুর্ভিক-পীড়িত অভিশব। बनावृष्टि इःथ लाटक व्यक्त अन्त्र । অন্ত্ৰ-পান-বসন-শন্ধন-বিবৰ্জিত। পিশাচ সমান হীন দেখিতে কুচ্ছিত। কিঞ্চিত কারণে লোক তেজিব জীবন। অল্লখন কারণে বধিব বন্ধুগণ । ৰাপে পুত্ৰ তেজিৰ তেজিৰ পুত্ৰে পিছা। পতি কুলৰতা ভাষ্যা পুত্ৰে বুদ্ধ মাছা। क्लियुर्भ भीन शैन देश्य गर्सनत्। তেজিৰ সকল ধর্ম লিপ্রোদর পর । কলিযুগে কেহ না তালিব প্রীহরি। পাৰত খণ্ডিত-ৰতি তেববৃদ্ধি ধরি।

⁽১) সাহিত্য-পরিকং কর্ত্ত্ব প্রকাশিত পুডকের পাঠ,— "সভ্ত পাড দাড কমা দরাপর। সমষ্টি আসারাম শ্রমণ সকল।"

ত্রিভূবননাথগণ-বন্দিত চরণ। ত্রিজগত-গতি শুক্ল অধিল কারণ। হেন শ্ৰন্থ কলিয়ুগে কেহ না ভজিব। পাবুও কুসৰ সৰে অগত মঞ্জিব 🛦 ৰার নাম বারেক শ্মোঙরি অন্তকালে। খলিত পতিত কিবা আকুল অন্তরে। দু**ঢ় কর্ম-নিগ**ড় ছিণ্ডিয়া ভতক্ষণে । ক্রফনম হৈয়া ভার বৈকুঠ গমনে। ছেন হরি কলিয়গে না ভঞ্জিব নর। না করিয়া সাধুসক মঞ্জিব স্কল 🛚 ভক্তিভাবে হৃদয়ে ধরিলে নারায়ণ। চিত্তগত কলিমল করে বিমোচন। শ্ৰৰণে কৰুক কিবা কৰুক কীৰ্ছন। ধেয়ান পূজন কিবা আদর যোদন। স্কুদরে থাকিয়া তার প্রভু দরামর। অযুত জনম পাপ সব করে ক্ষম। ছেমগত ৰহিং যেন বৰ্ণদোৰ হরে। এইরূপ চিন্তগত বদি হরি করে। অণ্ড হরিয়া হরি করে শুভাশয়। পুনরপি তার আর ভবভর নর। বিছা ত্রভ তপ অপ তীর্থ পর্যাটন।

বঞ্চ দান ভীর্থ-দান প্রস-রোধন। এ সব **অন্ত**র শুদ্ধি তত বড় নহে। হ্বদিগত রুফ বেন পাপরাশি দছে। এ ৰোল বুঝিয়া রাজা স্থির কর মন। মরণ-সময় আসি দিল দরশন 🛭 হ্রম্বিগত করি হরি পরম যতনে। হাদৰে চিক্তিলে হয় গতি নারায়ণে # মরণ দেখিতে হরি চিন্তিব হৃদয়। সর্বময় সর্বগতি সভার আশ্রয়॥ হ্রময়ে চিস্তিলে হরি আত্মভাব করে। অশেষ পাতক বন্ধ ভূত্য পাপ হরে ॥ কলিকাল দোব্যম গভীর সাগর। এক মহাৰণ মাএ শুন নুপ্ৰর ! ক্লফ সন্বীৰ্ত্তন মাত্ৰ ভৰবন্ধ নাশ। कुक्षमम इम्रा हिल कुक्ष्मित बाग ॥ সভাৰূপে খ্যানে বত পুণ্য উপজয়। জেভাঘুগে যজদানে যত পুণ্য হয়॥ বাপরেতে পরিচর্যাগত যত ফল। কলিয়ুগে লভে ছরি-কীর্ত্তনে সকল। ভাগৰত-আচাৰ্ব্যের মধুরস-ভাষা। ग्राधद्र-भाष्युत्र वित्न नाहि चा**=**ा

ইভি **প্ৰিভাগৰতে মহাপু**রাণে বাদশস্করে ভতীবোহধ্যার: ॥ ৩ ॥

हर्ष अधारा ।

শুক্দি বোলে রাজা কর অবধান।
কহিল ভোমারে কালগতি পরমাণ।
চারিবুগ বৃগমান কহিল সকল।
এখন প্রেলয়-কর শুন নরেখর।
চারি সহস্র চারি বুগে এক কার্ম।
এতেকে ব্রহ্মার এক দিন করি ধরি।
চতুদিশ মছু হয় করের ভিতরে।
এক এক মছু রহে এক মবন্তরে।
রন্ধনী জানিব ভত যুগ-পরিমাণে।
সেই সে প্রেলয় বাতে ব্রন্ধার শরনে।
এই পরলরে হয় ভিনলোক নাশ।
অবন্ধ শরনে বাতেনপোরে ক্রীনিবাসন।

তিনলোক উদরে করিবা নারায়ণ।
প্রেলরসাগরে করে অনস্ক শরন।
এই দৈননি-ন বলি খণ্ড পরলয়।
এইব্লপে কড কড কোটি কর হয়।
শতেক বংসর বদি ব্রহ্মার প্রমাণে।
পূরিব ব্রহ্মার পাত জানিব তখনে। (>)
প্রকৃতি পুক্রব কাল যাবে বার নাশ।
এই মহাপরলয় কুষ্ণের বিলাস।

⁽১) পাঠান্তব,— "গ্রাসিব বন্ধান্তবহুত জানিব জ্বলে ॥"

অনাবৃষ্টি হৈব এক শভেক বংসর 🕽 অভোৱে ভক্ষিয়া প্রজা মরিব সকল। বাছশ সম্বর্দ্ধ সহ সূর্য্য পরচণ্ড । রসপান করিয়া শুষিব পূথ্যীখণ্ড॥ স্থ্ৰদৰ্শন নামে বহিং সন্ধৰ্যণ-মূখে। উঠিৰ পাতাল দহি এই মৰ্ত্তালোকে। ছেটে ৰহ্ছি উপরে দহিব রবি-জালে। প্ৰভিয়া ব্ৰহ্মাণ্ডখণ্ড জ্বিৰ অনলে। দেখিৰ বন্ধাও যেন পোড়া ঘদিখান। তবে সম্বৰ্ত্তক বহ্নি হৈব উপাদান। ভবে পরচণ্ড বাভ শতেক বৎসর। রহিৰ ধূলায় পূরি আকাশমওল। ভবে মহামেদগণ ধারা বরিষণে । শতেক ৰৎসর বৃষ্টি করিব তখনে। নিষ্ঠুর গর্জন খোর মহাতর্কর। অসময় হৈব স্ব ব্ৰহ্মাণ্ডমণ্ডল ॥ পঞ্চুত তত্ত্বগণ স্ব ষাইৰ নাশ I ত্রথি পরবেশ বার বাথে পরকাশ । সৰ **প্ৰবেশি**ৰ **শায়্যা প্ৰ**ঞ্চি ভিতরে। প্রকৃতি প্রবেশ যায়্যা করিব ঈশবে। আদি অন্ত নাহি যার না দেখি বেকতে। না ৰাঢ়ে না টুটে কিন্তু থাকয়ে গাব্দাতে॥ यन बहरनद्र यात्थ नाहि अदर्व । সত্ত রজ তমোগুণ বিকারবিশেষ। वृद्धि यन गकन रेक्सिय (प्रवर्गात । উদ্দেশ না জানে যার নহে সরিধানে॥ নহে জল নহে ভূমি প্ৰন আকাশ। নহে জ্যোতি নহে চন্দ্ৰ দিনেশ হতাশ। অতকামহিম শৃস্তবত নিরাল্য। সেই সে সভার মৃশ প্রকট আনন্দ। কহিল ভোষারে রাজা মহাপরলয়। ব্ৰহ্মা পৰ্যন্ত ব্ৰহ্মে পরবেশ হয়। 🖚 নিময় রসময় পুখ্যর যাতে। আনন্দ পর্যবন্ধ বিপ্রামের পাতা। ভাহাতে প্ৰলয় উতপতি তাহা হনে। किकिত সাদৃশ সত্য নহে তাহা বিনে। নানাত্মণ ৰত দেখি সৰ তার মায়া। বিচারিতে সব বুঝ যেন ঘন-ছামা।

এক সোণা বচু ভেদ যেন দেখি নানা। এইব্ৰূপে লোকে বেদে বিবিধ কল্পনা । ব্ৰহ্ম হনে উতপত্তি জীব ব্ৰহ্মময়। অহম্বারে অনাদি সংসারে বন্দী হয় 👫 তে কারণে অহতারে দেখি নানা ভেদ। থক ভিজাসিলে হয় অজ্ঞান-বিচ্ছেদ। মায়াময় অহতার জীবের বন্ধন। গুৰু জিজাসিলে বন্ধ চয় বিমোচন ! উপাধিবৰ্জ্জিত জীব হয়ে অন্ধ্যম। এই রাজা কহি আদি অষ্ট পরলয়। (১) নিতা পরলম আর কহে ভানিগণ। ব্ৰহ্মা আদি সৰ্ব্ব জীবে হয় অতুক্ষণ। কালবেগে জন্ম প্রালয় ক্লণে কণে | প্রতি দেহে নিরন্তর বুঝি অনুযানে । চতৰ্বিধ প্ৰালয় কহিল সমাধানে। বিন্তারিয়া কহিতে ত্রনাহ নাহি আনে। কালব্নপী 'ভগৰান গুগত-বিধাতা। উতপতি পরলঃ তাঁর লীলা-কণা। তুরস্ত সংসার-ধোর সাগর ভরিতে । ভারাবলে যদি বাঞ্ছা হয় কার চিতে। আন নৌকা নাহি কৃষ্ণ কথা-রস বিনে। ৰছবিধ ছঃখ দুর দহন ভারণে ॥ এই মহাভাগৰত পুৱাণ সংহিতা। প্রকাশিল ভগবান সর্বলোকপিতা॥ স্থাপিলা অন্ধার মূখে দেব দ্ববীকেশ। ব্রহ্মা নারদেরে তবে দিলা উপদেশ । नावम वाराजव मूर्य देवन जमर्नान। रचम्यान विजातिका व्याभात वम्रत्न । এই ভাগৰত মহাপুরাণ সংহি**তা।** সর্বাঞ্চতি সার বেদ-বেদান্ত সম্মতা। কহিলেন হত শৌনকাদি মুনিগণে। দীর্য সত্তো সমূদিত নৈমিব অরপো। ভাগৰত আচাথে।র মধুরস্বাণী। পরুমার্থ-কথা কুফপ্রেমতর্গি 🛚

ইতি **জ্ঞীনভাগৰতে** মহাপুরাণে ঘাদশব্দে চতুর্বোহণ্যার: ৪ ৪

⁽১) পাঠান্তৰ,— "এই বালা কহিল আত্যন্তিক পৰলয় ."

भक्ष ज्यामाम् ।

পদে পদে ইহাতে বর্ণিএ নিরম্বর। পর্ম পুরুষ হরি অখিল মুকল । ব্রদা পৃষ্টি করে যার প্রসাদভঞ্জন। ক্রোবে ক্রম্ভ জনমিল সংহারকারণ **। তুমি রাজা কু**মতি ছাড়িয়া হরি ভজ। মবিৰ আপনে হেন পশুবুদ্ধি তেজ। না ছিলে পুৰুবে তৃষি হুনিলে এখন। দেহৰত নাহি রাজা তোমার মরণ। আছিল নহিব আমি হৈব আরবার। পুত্র-পৌত্ররূপে জন্ম হইব আ্মার। এ সকল মিধ্যা বত মনে অভুমান। (১) দেহ ভিন্ন তুমি ভিন্ন বিচারিয়া জান। কাৰ্চ হৰে ভিন্ন যেন বেকত আনল। এইব্লুপে ভিন্ন তুমি ভিন্ন কলেবর। মাথা কাটা গেল হেন দেখএ স্থপনে। স্বপনে আপনে মৈল ছেন লয়ে মনে। লেহো রাজা কেবল দেহের মাত্র দেখি। व्यवद्र व्यवद्र कीर गर्वकीर-गांकी। (२) छाक्रिल मार्टित घट राम मूत यात्र। ় ঘটের আকাশ যেন আকাশে মিলায়। बरेक्टल बच्च कीव (मरहत्र मद्रात । ব্ৰহ্মৰ হয়ে নিতাময় সনাতনে। ছে কর্মগুণ মনে করার স্থান। দেবমায়া প্ৰতে মন ব্যানকারণ। এ जब मश्राम इत्र भीरवत्र मश्मात । नट गडा नट निडा चक निराकार ।

তৈল শলিতায় আর দীপের আধার। অগ্নির সংযোগে বেন দীপের আকার । যাবৎ এসৰ থাকে দীপের দীপর। **बहेक्टन** (महर्यारन कीटनत (महत्व। তিন গুণে দেহের জনম মৃত্যু ভয় (>)। কার্য্য কারণের পর আত্মা নিতাময়। আকাশ-স্কুপ ঞৰ অনন্ত স্কুপ। निवाकात निवासात निकलम-क्रल ॥ **এইक्र**लि चाषा जूबि चक्र्यात दुव । বিমরিশ করি চাহ পশুবৃদ্ধি তেজ। শুক্ল-উপদেশে চিত্ত পরবোধ কর। कुक्काद्रवाद्रवित्म वृद्धि मन स्त्र। কে তুমি আপনে রাজা বুঝছ বিচারে। ভক্ষকে তোমার না দংশিব কোন কালে। (य প্রভু যমের বম কাল-বিচালন। সর্বভাবে কর তার চরণ-সেবন। আমি সেই ব্ৰহ্মতে ব্ৰহ্ম সেই আমি (২)। অপনাকে ভাব তুমি ব্ৰহ্ম হেন জানি। তক্ষকে সংশিব ততু তুমি না জানিবে। আপনার ভিন্ন দেহ কাকে না দেখিবে। व ज्ञि शृष्टिल श्रांका गकन कहिन। कृरकृत विविध नौना अवगमनन । কি ভার শুনিতে রাজা ইৎসা কর মনে। জিজাসিলে কহিব তোষার বিভ্যানে॥ ভাগৰত-আচাৰ্য্যের মধুরস-ৰাণী। পরীক্ষিত-জানদান প্রেমতর্দিণী।

(১) পাষ্ঠান্তব,—

ত্ৰ সৰ সৰল মিছা মনে হেন মান।

(२) नाठाखन,- "बङ गर्समाकी।"

- (১) भाक्षांखव,—"श्व"।
- (২) পাঠান্তব,— "আমি সেই ত্রন্ম, বেই ত্রন্ম সেই আমি ৷"

ইতি প্ৰীতাগৰতে মহাপুৱাণে বাদংৰদ্ধে

नक्तिश्वातः। ।।

यर्षं व्यथाय ।

প্ত বোলে গুনি রাজা মুনির বচন। পড়িলা ধরণীতলে ধরিয়া চরণ । দও পরণাম করি যুড়ি চুই কর। কহে বিষ্ণুরাত দ্বালা ওকের গোচর ॥ অমুগ্রহ কৈলে মোরে হৈল সর্বাসিদ্ধি। ভবকুপে উদ্ধারিলে তুমি দয়ানিধি॥ শ্রবণ-পোচর মোর কৈলে ভগবান। সাক্ষাতে দেখায়া। ক্বফ কৈলে পরিত্রাণ n মহান্ত অচ্যুত-চিন্ত বে পুঞ্চ হয়। তার এহ অদত্ত নহে অতিশয় ৷ অমুগ্রহ কররে যে দীন জন পাঞা। জ্ঞানহীন ভব-দাৰ-ভাপিত দেখিয়া। শুনিল সকল মুঞি পুরাণ সংহিতা। यात्व भरम भरम करह क्रक्षका-गांवा ॥ তক্ষক করিয়া আর নাহি ভয়-লেশ। निर्वाण भव्रम भटन देवन भव्रद्रम् ॥ তুমি দেখাইলে মোরে অভয়-শরণ। আজা দেহ গুরু মোর ছুটিল বন্ধন ॥ ৰাক্য মন প্ৰবেশিয়া দেব নারায়ণে। তেজিমু শরীর আজা মাজিল চরণে। অজ্ঞান খণ্ডিল মোর নম গেল দুর। তস্তুজ্ঞান জনমিল মনোরপ পুর। তমি দেখাইলে হরিপদ স্থমকল। অচ্যত পরমানক অতর কুপল। ब्राकात रहन छनि छक महामूनि। श्रु माध्वाम कवि वाकारव वाबानि । চলিলা আপন স্থৰে ব্যাদের নন্দন। প্ৰজিমা পাঠাইল রাজা সকে মৃনিগণ # ভবে পরীক্ষিত রাজা বসিলা ধেয়ানে। चालन क्रमा देवन चाजानवाबादन । পূর্ব অগ্রে কুশ পাতি ভাহার উপরে। ৰসিলা উত্তরমূপে ভাষীরশী-কূলে। পৰন ক্ষিয়া বছে বেন ভক্ষর। बहारयांश्व रवांशवरल बहिल निक्तल । ছেনকালে বিজয়ত-আজা শিরে ধরি। চলিল ভক্ক নাগ মনে ভর করি। পথে কপ্তপের সহে হৈল দরশন।

কশ্বপ পুছিল ভারে করি সম্ভাবণ। তক্ষকে কহিল তবে সৰ বিৰয়ণ। বিজযুত-শাপে পরীক্ষত-বিনাশন ! षिषयूछ-বাক্য চাহি কারতে পালন। দংশিশা রাজারে ভগ্ন করিব এখন 🛭 এ বোল ভনিঞা দিল কখ্যপে উত্তর। আমি জীয়াইব রাজা তোমার গোচর 🛭 ভবে ভাৰে বহুধন দিয়া ফণ্ধয়। বাহুডিয়া ক্ষাপে পাঠাইল নিঞ্চার । কামক্রপী ভক্ষক ধরিয়া বিভাবেশ। खन गारव देकन दा यिनादा शारवन । স্ক্রমপ ধরি রাজার দংশিল চরণে। ভত্ম হৈল রাজ কলেবর সেইক্ষণে। গরল আনলে ভশা হৈল কলেবর। হাহাকার শব্দ উঠিল কোলাহল। সৰ লোকে দেখিয়া লাগিল চমৎকার ৷ স্বৰ্গ মন্ত্ৰ্য পাতালে উঠিল হাহাকার। चार्त च्युत्रवषु नाटा शुम्भ-वित्रवन । গন্ধৰ্ব কিন্তবে গায় চুন্দুভি বাজন। সাধু সাধু করিমা বাগানে স্থরগণে। **চ**िन्न देवकूर्छ ताका ছूটिन वस्त्रत्। শুনিয়া জনমেজয় সৰ বিবরণ। তক্ষকে ভক্ষিল পিতা যাহার কারণ 🏽 ক্রোবে রাজা জলে বেন প্রলয়-আনল। বাজিক ত্রাহ্মণগণ আনিল সম্বর । সর্পদত্ত আরম্ভিল সর্প-বিনাশন। কুত্তে আসি পড়ে সর্প মন্ত্রের কারণ **।** পুঞ্জিল সকল সূৰ্প সৃষ্টি নাশ হয় ৷ ভক্ক পালাঞা বুলে আকুলয়ণয় ৷ ইল্রের শরণ গিয়া পশিল তরালে। नुकाशा बहात छल तरह अश्वरवरण । त्काविक कनत्यका (वाटन दर्गन वार्षे । পড়ুক সকল সূৰ্প কিছু রাথ আনি। (लांडा तान गर गर्न रक चर्नाता ! ভবে কেৰে বিলগণ ভক্ক না আইগে ৷ ব্যক্ষার বচন শুনি বোলে বিজ্ঞাণ। ভক্তে লইল গিৱা ইল্লের শরণ।

দেখিরা শরণাগত ইন্ত রক্ষা করে। ভক্ক পোড়াৰ বাজা কোন পরকারে॥(১) **ত্তনি বলে জন্মেজ**য় বিপ্রের বচন। **ইস্ল সত্তে** ভক্ষক না পোতে কি কারণ ॥ রাজার বচন শুনি যাজিক ত্রাহ্মণে। " ইস্ল সতে তব্দক হুনিল হুতাশনে। পড় পড় স্বাহা মন্ত্রে বেদবাণী ধর। ইক্সতে পড় সর্প বিলম্ব না কর। চলিল আসন ইন্দ্ৰ রহিল বিমানে। সগণে ভক্ষক সহ রহিল গগনে ৷ সগণে পড়িব ইন্দ্র দেখি বুহম্পতি। শাবিদ রাজারে তবে করি নানা স্থতি। (১) শা কর না কর রাজা যতন বিফল। পুঞ্জিব না মরিব তব্দক অমর। অমৃত মধনে নাগ কৈল সাধুপান। **শারিতে** নারিবে সর্প দেহ স্মাধান । ব্দন্য মরণ দেখ নিজ কর্মফলে। **ৰার বে**ন অদুষ্ট ভাহারে তেন মি**লে।** উত্তম-অধমগতি অদৃষ্টে করার। ৰার বেন ওভাতত সেই গতি পার। ভার তেন ফল ধরে বে করে বিধাতা। বার বেন কর্ম তাহা না হয়ে অগ্রপা। गर्भ होत्र क्रुश न्याशि चनुरहे घठात्र। বার হাবে যার মৃত্যু সংযোগ করার 🛭 নিজ নিজ কথা জন্ধ ভূঞে আপনার। ভার ভেন ঘটে খেন অদৃষ্ঠ যাহার। चদুষ্টে যে ঘটে তার অদৃষ্ট প্রধান। এ ৰোল ব্বিয়া যক্ত কর স্যাধান । ৰিনা দোবে সৰ্প পুড়ি মারিলা বিভন্ন। अष्ठ पूरत नमाधिका तर नरत्वत । প্রবোধ-বচন শুনি সুপতি প্রধান। সুনির বচনে দিল যত সমাধান। ব্রহম্পতি পুজিয়া পাঠাইল হুরপুরে। এই বিষ্ণু নহামারা কহিল তোনারে। এই বিষ্ণু-মায়া-বিষোহিত চরাচর। বিষ্ণুনায়া-খিনিশ্বিত আত্ৰদ্ম স্থাবর ৷

(১) পৃথিবং কর্ত্ত প্রকাশিত পুস্তকের পাঠ, "সভ্তর ডক্ষম না আদে এখাকারে"। (২) পাঠান্তর,—"শামিস রাজার করে"। যারা-আজাকারী বার মারা রহে ধূরে। বার আজা সাবধানে বহে তুরাত্ররে। বিৰিধ বিবাদ যাথে নাহি ছল ভৰ্ক। সম্বল্প বিকল্প নাছি কপট সম্পর্ক 🛊 সঞ্জা নহে স্ৰষ্টা নছে নহে জীব কাল। বাধ্য বাধক নাহি নিষেধ যাহার। সেই সে পরমপদ কচে মুনিগণ। অশেষ-নিষেধ-শেষ ব্ৰহ্ম সনাতন । একান্ত সৌরদভাবে সমাহিত-চিচ্ছে। ত্রশতি ছাড়িয়া যদি চিত্তে হৃদি গতে। সেই সে পর্মব্রহ্ম বিষ্ণুপদ পায়। মুক্তি মোর হেন যার ভেদ দুরে যায়। দেহ গেছ মুঞি যোর ছাড়িব গেয়ানে। অভিৰাদ না করিব কারো অপমানে॥ ৰৈর না করিব কভু নরদেহ পায়া। শত্ৰু মিত্ৰ কেহ নছে সৰ বিষ্ণুমায়া 🛭 मस्या नात्राद्यन कृष्य विष्कु जनवान । নমো নমো হ্রবীকেশ পুরুষ পুরাণ 🛭 যার পাদপত্ত মকরন্দ থানে বশে। পুরাণ সংহিতা এই পঢ়িলুঁ বিশেষে ॥ শুনিঞা শৌনক মুনি হরবিত মনে। আর এই জিজাসিল হত সরিধানে। বেদ-বিশারদ বেদব্যাস শিবাকুলে। এক বেদ বিভজিল কত পরকারে ৷ কছ স্থুত মহাভাগ বেদের বিস্তার। ভবে স্থত মূনি দিল উম্ভৱ ভাহার॥ क्षम्ब-चाकाटम यनि निम नवमटम । ভবে নাদ জনমিল ক্রনার আননে। যে নাদ চিন্তিয়া যোগী হৈলা ভবে পার। সেই নাদে তিন বৰ্ণ জন্মিল ওছার॥ ওছারে অস্মিল বেদ হঞা চারি ভেদ। वह भाषा देश यात्र नाहि शतिराह्म ॥ সেই চারি বেদ বেদব্যাস শিব্যগণে। বছ শাখা করি পঢ়াইল জনে জনে 🛭 ভারা ভারা নিজ শাখা বহু শাখা করি। বিভারিল বেদশাখা গণিতে না পারি 🛭 কিছ বিভারিলা হুত মুনিগণ-ফানে। আৰি কিছু কহিল অলপ স্বাধানে। ভাগৰত-আচাৰ্ষ্যের মধুরস-বাণী । পরীকিত হেহতাগের প্রেমতর্থিণী 🛚

[ं] वेकि जैकानस्य बहानुबार्य बावनस्य वर्काश्यावः ॥ ७ इ

ASH MAIIA

বেলাচার্য্য মূনিগণ বহুশাথা করি।
পঢ়াইল বহু শিষ্য বেদ-অধিকারী ॥
কহিল সকল ভোমা-সব বিজ্ঞমানে।
পুরাণ-লক্ষণ কহি শুন সাবধানে॥
সর্গা বিসর্গ বৃদ্ধি রক্ষা মবন্তর।
বংশাবলী রাজবংশ-চহিত্রে ফুন্দর॥
প্রেল্ম বাসনা আর জীবের আশ্রম।
কেই দশ লক্ষণ পুরাণ-পরিচয়॥
কেই পঞ্চবিধ কহে পুরাণ-লন্দণ।
অল্ল বড় বাবস্থানে করি নিরূপণ॥
অন্তাদশ পুরাণ বাধানে মূনিগণে।

ক্রম্ন পুরাণ পদ্ম বিষ্ণু শিষ নামে

জিল পুরাণ আর গরুড় পুরাণ।

নারদীর পুরাণ মহাভাগবত নাম।

অর্ন্ধি পুরাণ স্কন্দ ভবিব্য পুরাণ।

ক্রম্নিবর্স্থ আর মাকত্তের নাম।

বামন বরাহ মৎক্য ক্র্মা নাম ধরি।

ক্রমাণ্ড পুরাণ এই অষ্টাদশ ব্লি॥

বিভারিখা বেদশাধা কহিল সকল।

তবে আর কি কহিব কহ মুনিবর॥

গদাধ্য-পদস্য এই রস জ্ঞান।

ভাগবত-আচার্য্যের মধুরস-গান॥

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে বাদশব্ধে সপ্তমোহধ্যায়: । ৭ ।

অষ্ট্ৰ অধ্যায়।

শুনিঞা শৌনিক মূনি হুতের বচন। সাধু সাধু ৰাখানিঞা কি ৰোলে ৰচন। (>) জীয় জীয় স্থত তুমি জীয় চিরকাল। তুমি দেখাইলে ঘোর সংসারের পার। एन छनि हित्रकी वी मार्क एक मूनि। কল্পন্তে নেল বার মৃত্যু হেন ধ্বনি। আমার পুরুষ বংশে ভাহার উৎপতি। প্রালয়ে আছিল ভিঁছো এ কোন্ যুক্তি। নাহি হয় পরলয় ইহার ভিতরে। কিরপে ভাসিল ভেঁহো প্রলম্ব-সাগরে॥ অভুত ৰালক মূনি দেখিল নিকটে। শ্বনে আছিল শিশু বটপত্ৰপুটে। এ বড় সংশয় স্ত অতি কুতৃহন। কহিবে ভোষার নাহি কিছু অগোচর। পুত বলে ধন্ত ধন্ত মুনির প্রধান। ভাল প্রশ্ন কৈলে তুমি লোক পরিত্রাণ।

(১) পঠিস্তিব,— "সাধু সাধু ৰাথানিতাগ বলেন কথন" অক্তচ,—"আহলাদে পৰিপূৰ্ণ হব সৰ্ববন্ধন"! नाबाबन-कथा यथा कनिमनहता। স্কতীৰ্থ বৈদে তথা শ্ৰুতি-মনোহরা । गार्करञ्ज महामुनि मृक्ष्य-कूमात्र। ৰাপে যদি কৈল তাবে আম্বণ-সংস্থার চ পঢ়িল সকল বেদ ঋণকুলে বসি। ব্রহ্মচর্য্য-ব্রতধ্র পর্ম তপত্নী । দণ্ড কমধাসু করে শিরে অটাভার। বজহুত্ত ঃফাজিন পরে বৃক্তাল। গুৰু বিজ বৃহি সুৰ্যা পুজে তিন কালে। ত্রিকাল পুজমে হবি হুদম-কমম্বল। ভিষ্ণা মাগি আনি করে গুরু-সমর্পণ। গুৰু ধৰি আজা করে করৰে ভোজন ৷ গুৰু আজা নহে যদি করে উপবাস। এইরপে করে বিজ গুরুকুপে বাস ঃ তপ আরম্ভিল তবে মূনির প্রধান। অধূত অধৃত কত বংগর প্রমাণ। ৰুষ্ণ আরাধিয়া মৃত্যু জিনিল ত্রাশ্বণে ব্ৰহ্মা ভৰ আদি বভ স্থুর মূনিগণে। দেৰ ৰবি পিতৃগণ শুনিরা বিশ্বিত। হেন মহাত্রতথর মুনি শুচ্বিত।

জন্ম-পড়জে হব্নি করিয়া ধেরান। ৰোগৰলে কৈলা যোগী চিন্ত সমাধান। সমাধি করিয়া যোগী রহিলা ধেয়ানে। ছর ম্বস্তুর বহি গেল এইমনে । সাত মহন্তর বেলে দেব পুরন্দর। গুনিয়া মুনির তপ চিত্তিল অন্তর॥ ভপোভদ করিতে চিম্মিল পরকার। **গৰ্কা অঞ্চ**রাগণে পাঠার তৎকাল । ৰসম্ভ ৰলম বাত কাম পঞ্চলর I ৰম্ভ লোভ মদ মান পাঠায় সম্বর। ভারা সৰ শীব্র গেল মুনির আশ্রমে। হিষালয়পঞ্চ-উত্তর তপোবনে। পুষ্ণ হল্লা নদী বাঁচা বিচিত্ৰ পাবাণ। পুণ্যাশ্রম (১) লতাবলী ললিত উদ্ধান ৷ পুণ্য বিজকুলাকুল পুণ্য জলাশয়। মত ওক পিকবর অমর সঞ্চর। মত বিহুগকুল খবদ বাহার। বভ বছর নট নটন বিহার। ৰূপ ৰাক্ত বহে হিমকণজাল। ক্ষরৰ বরিবে গন্ধ মদনবিকার। **উদিত বজ**নী-ाथ दक्षनीयम्न । **প্ৰবাস-তব**কজাল ক্ৰম-আলিকন # মুর্বিবান হৈল আসি সাক্ষাত বসন্ত। গৰ্ম কিমবে পায় খুগীত শুমন । ব্রতিপতি দরশন দিল কুলশরে। প্রব-বিভাধনী বৃত্য করে মনোহরে। আসিয়া দেখিল মুনি মুদিত লোচম। বহাতেজোময় বেন দীপ্ত হুতালন । ইক্সের নাচনী নাচে মুনির গোচরে। ৰীণা বেণু মুদদ বাজন মনোহরে 🛭 পঞ্চশর সদন যুদ্ধিল শরাসনে 🛭 সাক্ষাতে বসন্ত কৈল পুষ্প বিষয়ে। সমূৰে পুঞ্জি কম্বলা গেঁডুৱা খেলার। স্থানতর ললিত মন্তর গতি বার 🛭 ৰিগলিত কেশবন্ধ বিলোলিত মালা। বিষ্টিভ ভতুৰাস কটিতে মেথলা। প্ৰৰ-6 লিভ বাস মদন-বিলাস। ভুক্তৰ বিকসিত বন্দ মধুহাস 🛭 **शक्ष्मत्र शक्ष वाटन विद्याण वाहत ।** চৌদিপে বেচিল মুনি ইজের কিছর।

কেবা কত দীলা কৈল কত প্রকার। কেছো না পারিল তপোডক করিবার ৷ মুনির শরীর-ভেজে দহে কলেবর 🛚 বাহুডিয়া গেল যত ইচ্ছের কিষর। কহিল সকল কথা ইন্দ্রের গোচর। বিসায় পড়িল ইন্স চিস্তিল বিস্তর ৷ এইরূপে তপোযোগ সমাধি ধেয়ানে। নিরস্তর চিস্তে হরি চিস্ত সমাধানে। অমুগ্রহ করিতে আপনে ভগবান। দরশন দিলা নর-নারায়ণ নাম 🛭 শুক্ল ক্লফ ছ'হার বরণ মনোহর। নবকঞ্জ বিলোচন ভূবন স্থলর ৷ চারু চতুতু জ মহাপুরুষ লক্ষণ। বাঘছাল বুক্ছাল তুহার বসম। দণ্ড কমঙলু ধরে পবিত্র মেখলা। ব্রহ্মসূত্র কটিস্তর ধরে অক্নালা 🛭 দীর্ঘ মহাভুক্ত ক্রচি ভড়িত প্রকাশ। নর-নারায়ণ ঋষি জগতনিবাস ॥ দেখিয়া সম্ভ্রমে মূনি উঠিলা সম্বরে। দণ্ড পরণাম করি পড়ে ভূমিতলে। অস্ত্ররে বাহিরে হৈল আনন্দ তর্ম। নয়নে আনন্দ-জল পুল্কিত অভ। করবোডে করে ছতি প্রণতকরে। निया निया नार्वाष्ट्रण शकान चखर । রভন আসনে মুনি বসায়্যা আদরে। পুণ্যজ্ঞ দিয়া তাঁর চরণ পাখালে। थुल शीरल शुरक मृति खुशक्कि हन्सरन। পুনঃপুন প্রাণময়ে বিনয় বিধানে ! শ্বতি করে মূনিরাজ শিরে ধরি কর। কি বর্ণিব প্রভু তুমি প্রকৃতির পর। ভোমা হনে সৰ্ব্ব জীব হয়ে উতপন্ন। সকল ইঞ্জিয়গণ বৃদ্ধি বাণী মন। ভোমা হলে উভপতি সঞ্চার সংহার। তুমি সর্বগতি পতি ভূবন-আধার । তথাপি ভকত বদ্ধ প্রিয় হিতকারী। ভোমার মহিমা নাথ কি কহিতে পারি। লোক-পরিত্রাণ-হেতু কর অবভার। আপনে কৃত্তিয়া পাল করহ সংহার 🛭 শ্রুতিমুখে যেক্সপে ধিরার মূনিগণ। থ্যবন প্রণান করে অচ্চন বন্দন। সেই নারামণ তুমি অভু ভগবান। দর্শন বিলে বোরে কৈলে পরিয়াণ s

⁽১) পাঠান্তব,—"পুণ্য ক্লম"।

তোমার পদারবিন্দ নির্বাণ নিধান।
না ভজিলে কভু নহে এ লোক কল্যাণ।
কালরূপে কর তুমি জগত সংহার।
ভূকতদে হয় ব্রহ্মপদ অধিকার।
তোমার মায়ায়ে তিন গুণ উপাদান।
সন্ধ রজ তম এই ধরে তিন নাম।
সেই তিন গুণে স্টে স্থিতি প্রলয়।
এ সব তোমার লীলা কত কত হয়।
নমো নমো নারারণ খবি পুরাতন।
নমো বিশ্বগুরু বিশ্বময় নরোজম।
সমো নমো নারারণ ভবভয়ধবংগ।

নমো নমো নিগম ঈশ্বর পরহংস।
কেবল ইন্সির পথে প্রমন্তি জনে।
ফারে থাকিতে কেহ তত্ত্ব নাহি জানে।
সভার অন্তরে বৈস অন্তর্থামী রূপে।
তথাপি ভোমারে কেহ না জানে অরুপে।
শহর বিরিক্ষি ভোমার মারায়ে মোহিত।
না বুঝে ভোমার তত্ত্ব নিগম-গোপিত।
বন্দো মহাপুর-ব ভোমার পাদপন্ধ।
নিগুচ পরমানন্দ ভক্তিভিত-সন্ধ।
অইরপে প্রতি কৈন মুনি যোগেশর।
ভাগনত-আচাথ্যের প্রথম স্থন্দর।

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে বাদশ ঋদ্ধে অষ্টমেহিধ্যায়ঃ । ৮ ।

तवस्र व्यक्ताम् ।

এইব্ৰূপে শুতি কৈল মাৰ্কণ্ডেম মূলি। নর-নারায়ণ দেব বোলে কোন বাণী। শুন শুন যোগেশ্বর হৈল সর্বাসিদ্ধি। সমাধি ধারণা ধ্যান কৈন্সে নিরবধি। ভক্তিভাবে তপ তুমি কৈলে নিরস্তর। बत मांग टेल्डे टेर्ण मिन मिना नत । ৰুর মাগ যোগেখর যে হয় বাঞ্চিত। স্বল্পন বিফল নহিব কণাচিত॥ করবোডে কহে মুনি দেব দেবেশ্বর। অচ্যুত পর্মানন্দ তকত-বৎসল ! এই ববে আর মম নাহি প্রয়োজন I <u>চর্মচন্দে সাক্ষাতে তোমার দর্শন ।</u> ব্দক্ত ভব করে যার চরণ ধেয়ান। হেন প্রস্থৃ গাক্ষাতে দেখিল বিস্থমান । শভপত্রনেত্র পুণ্যপ্লোক শিথামণি। ষদি বর দিবে নাথ দেব চক্রপাণি। দেখাও তোমার মান্না দেব দেবেশ্বর। কিঞ্চিত হাসিয়া প্রভু দিল সেই বর। ৰর দিয়া গেলা হরি বদরিকাশ্রমে। চিভিতে চিভিতে মুনি রহিল। ধেষানে। সৰ্বঠাই বহে হরি চিবিতে বিহবল। থেমভারে কেলে কেলে পাসরে সকল। পুষ্পতন্ত্র। নদীতীরে পুণ্য তপোবনে। এইরূপে আছে যুনি গোবিক ধেরানে।

হেনকালে হৈল মহা পরচণ্ড ৰাত। মহাভয়হর মেধ শব্দ উতপাত। চলিত তড়িত জাল বিশাল গৰ্জন। পরচার মহামেব ধারা বরিবণ ॥ চারি দিগে দেখা দিল এ চারিশাগর। গভীর সমীর ঘোর তরত হিল্লোল। মহার্ণব ভয়ত্বর মকর কুন্তীর। জগত মজিল জলে শবদ গভীর ॥ ধরণী মজিল বদি প্রালয়-সাগরে। তরাসে মুদিল আঁথি মূলি যোগেখরে ॥ ঘূর্নিত প্রেলয় জল-তরক করোল । নির্ঘাত নিষ্কুর ধারাপাত উত্যোগ। प्रभावित व्यक्तीय नक्ख्याया । স্বৰ্গ মন্তা ত্ৰিভূবন শশী দিনকর। ম্**জিল প্রেলয়-জলে** স্ব চরচের। সবে মাত্র ভাগে মুনি জ্ঞানের উপর 🛚 ক্ষধায় তৃষায় বিপ্তা শ্রমিয়ে বেড়ায়। এদিগে ওদিগে খোর তরকে চালার 🛭 ষৎক্ত মকরে বেঢ়ি ধাইবারে আইসে। আকুল হৃদয়ে মূনি সিদ্ধুজলে তালে ! কেলে কেলে মহাগঠ এলে ইয় ভল। ভূবে ভূবে উঠে ক্ষেণে দেখিয়া কাঁকর। ভরদে তুলিরা কেণে আছাড়ে নির্বাসে। কেণে কেণে বহাৰৎত ধরিবা পরালে।

ক্ষেণে শোক ক্ষেণে মোহ ক্ষেণে ত্বংখ ভব্ন। কেণে ডুবে কেণে উঠে আকুলহাদয় ৷ এইয়পে হ্রমে বিপ্র প্রভন্ন-সাগরে। অবভ অয়ত শত সহস্র বৎসর। बरेक्स्प खरम विद्य चाक्षकामा। কোণা হনে কোণা বায় না দেখে আগ্রয়। এইব্রপে কড কোটি রহিল বৎসর। व्यक्त अपरम विश्व खरम नित्रस्त । এক দিন দেখে বিপ্র একথানি স্থল। এক বটবুক্ক দেখে ভাহার উপর॥ ফল ফুলে লখিত পল্লব বিরাজিত। লালিত কোমল নবদল স্থবঞ্জিত। পূর্ব উত্তর ভাগে আছে এক শাখা। ভাষার উপরে এক শিশু দিল দেখা। ৰট পাত্তে আছে শিশু করিয়া শয়ন। মহা মরকত খ্রাম রাজীব জোচন ॥ নিজ তেজে নিবারিল মহা অন্ধকার। কম্বগ্রীৰ সুবলিত বন্ধ সুবিশাল **।** পুষ্পর সে ভুরু ভক মন্দ মধু হাস। শশিত শহরী বাত-বিলোলিত বাস। বিক্রম-অধর-ভাসা বয়ান মওল। ৰিলোল অলকাৰলী কপোল সুন্দর॥ মনোহর শ্রুতিযুগ মকর কুওল। ত্তিবলী বলিত নাভি গভীর উৎর । हरून-१एक श्रि व्यान-१४८क । অসুলি-পল্লৰ চুবে ধরি হুই ভূজে। দেখিয়া বিশ্বিত মূনি কুল বিলোচন। শিশু দর্শনে গেল সৰ পরিশ্রম।

ভাবে পুলকিত অন্ধ গদ ভাবে। পুছিৰার ভরে মুনি গেলা শিশু পাশে। মুখের শোরাসে মুনি গর্ভে প্রবেশিল। মশা এক খটা যেন ভ্রমিতে লাগিল। গর্ভের ভিভরে মূনি দেখে ত্রিভবন। পূৰ্ব্বৰত বিশ্বয়ে পড়িল ভভক্ষণ॥ দশদিগ অন্তরীক আকাশমগুল। नम नमी जिति मती कन्मत्र जानद ॥ ৰন উপৰন পুর নগর আশ্রম। পঞ্চত-বির্চিত স্থাবর জন্ম ৷ স্থবাস্থর গন্ধর্ব কিন্নর বিভাগর। শশী সূৰ্য্য গ্ৰহগণ নক্ষত্ৰমণ্ডল। পুষ্পভদ্রা নদী সেই গিরি হিমালয়। দেখিয়া আকুল মূলি পড়িল বিশায় 🛚 ত্রিভুবনে থেখে মুনি উদর ভিতরে। মুখের নিখাসে পুন পড়িল বাহিরে ! পুনরপি ভাসে সেই প্রভায় সাগবে। সেই বটবুকে শিশু দেখে আর বারে ৷ সেই বটপত্রপুটে করিয়া শয়ন) করে ধরি চবে শিশু আপন চরণ 🛊 বালক দেখিয়া মনি পরিল হরিবে। আঙ্গিকন দিতে ধ্যায়্যা গেল শিশুপাৰে ॥ হেন কালে অন্তর্জান কৈল শিশুবর। নাছি বট নাহি জল প্রলয়-সাগর। পূর্ববত রহে মূনি আপন আশ্রমে। সেই পুষ্পভদ্রা নদী সেই তপোবনে। ভাগবত আচার্য্যের মধুরগ-বাণী। মাৰ্কজ্যে উপাধ্যান প্ৰেমতব্ৰজিনী।

্ইতি শ্ৰীভাগৰতে মহাপুরাণে বাদশ ক্ষে নৰমোহধ্যায়ঃ ॥ »॥

দশম অধ্যায়।

পুত বোলে গুন মূলি অপূর্ব্ব কাহিনী।
বিশ্বরে পড়িয়া রহে মার্কণ্ডের মূলি।
কীশ্বর-নির্শিত মারা-প্রতাব দেখিরা।
নিশ্চলে রহিলা মূলি বিশ্বর তাবিরা।
প্রভূবি কৈল গুতি প্রাণতি বন্দনে।
হেনকালে ভববেব তবানী সহিতে।
মুব-ভারোহণ করি বার শৃত্তপণ্ডে।

সিছগণ সচ্চে শিব করে পর্যটন।
দেখিরা পার্কতী বিপ্রে কি বোলে বচন ।
দেখ দেখ শিবদেব শহর মহেশ।
তপ সাথে মহামুনি করি নানা ক্লেশ।
সকল ইন্সিরগণ ক্ষরিয়া শরীরে ।
পবন ক্লবিয়া যোগী রহে যোগবলে।
তপ সিদ্ধি কত তুমি দেহ বর্লান।
সিদ্ধিদাতা তুমি গ্রন্থ হর তগবান্।

अटिक बहन छनि हत गहबत्। পার্বভীর ভরে দিল প্রবোধ উদ্ভৱ। এ ধন সম্পদ বিপ্ৰ না মাগে মুক্তি। পোৰিন্দ চরণে মাগে একান্ত ভক্তি ৷ হরি ভক্তি হৈল দর গেল ভবতাপ। তথাপি ৰিপ্ৰের সহে করিব আঙ্গাপ। **এই সে পর্ম লাভ বৈঞ্চব-সম্ভাবা।** ভক্তগণ সহে করি ভকতি জিজাসা। এতেক বচন বলি ভবানী সহিতে। সগণে নাম্বিলা শিব বিপ্রা সম্ভাবিতে ॥ সর্ব্ব বিস্তাবিশারদ শাস্তম্ভন গড়ি। বিপ্র-সন্তাধিতে গেলা ত্রিভূবন পতি॥ সাক্ষাতে রহিলা গিয়া পার্বতী শহর। না জানে ব্রাহ্মণ কিছু কেবা নিজপর। নিশ্চলে আছিল মূনি সমাধি ধারণে। শক্ষাতে শহর দেবী সে কিছ না জানে। তবে শিৰ কৈল তার হৃদয়ে প্রবেশ। অষ্টভুক্ত তভিত পিক্ল কটা কেশ। বাঘ ছাল পরিধান এ তিন লোচন। ভশ্ববিভূষিত কোটি স্বৰ্য্য বিলোচন। খড়া চর্ম ধমুর্বাণ ডমক কপাল। অষ্টভুব্দে বিরাজিত ত্রিশূল কুঠার॥ হৃদয়ে দেখিয়া শিব ব্ৰাহ্মণ বিশ্মিত। একি একি বুলি বিপ্র হৈল চমকিত। সমাধি ভাজিয়া বিপ্র মেজিল নয়ান। সগণে দেখিল শিব নিজ সন্নিধান । সম্রমে উঠিয়া বিপ্রা কর বোড করি। মণ্ড পরণাম কৈল ভূমিতলে পঞ্জি। কুশল জিজাসা কৈল স্বাগত বচনে। পাছ অৰ্থ্য দিয়া শিব পুজিল সগণে ৷ শ্বপ দীপ গন্ধ পূষ্প নানা উপহারে। ভক্তিভাবে পুজে শিব ব্ৰাহ্মণকুমারে ৷ মযো নযো হর মহাদেব মহেশব। মমো ভবভয়হর গিরীশ শব্দর। এত শ্বতি করি বোলে তুই কর বৃদ্ধি। পূর্ণকাম প্রাভু তুমি সর্ব্ব অধিকারী। স্থুঞি কি কহিব নাথ চরণে গোচর। আমি দীন হীন ভূমি মহা মহেশর। এত হাতি কৈল যদি আহ্বণতনয়। ক্**তিতে লাগিলা ভবে শিব দয়াম**র । ৰৱ মাগ ৰিপ্ৰা তুমি যত ইচ্ছা মনে। সেই বর দিব আমি ভোমার কারণে ।

আমার সাক্ষাত কভু না হয় বিফল। ৰর মাজ বরদাতা আমি মছেশ্র ॥ শাব্দ ভৃতহিতরত নির্মাল শরীর। ভক্তিয়ত সদ-িবৰ্জিত দহাৰীল। শমদৃষ্টি হৈয়া যুক্ত নিকোর ব্রাহ্মণ। সর্বাদের করে তার অর্চন বন্দন। ইদ্র আদি দেব তার করে উপাসনা। जिज्रान करा जात देवक्रव-महिमा। আমি ভব ব্ৰহ্মা দেব আপনে 🕮 🕄 । অর্চন বন্দন সেবা আমি সবে করি। আমি ভব ব্ৰহ্মা বিষ্ণু এ তিন ঈশ্বরে 1 তিলেকে না দেখে ভেদ ভক্ত সাধুবৰে ! তে-কারণে বিপ্র আমি তোমাকে সম্ভাষি। পরম বৈষ্ণৰ তুমি সর্ববঞ্চলরালি : অলময় ভীৰ্থ দেব শিলা-বাতুময়। এ সবে পবিত্র কায় চিরকালে হয় । তুমি দব দৃষ্টি মাত্রে কর পরিত্রাণ। তে-কারণে আইলাঙ আমি তোমা বিভয়ান 🛭 নিভি নিভি করি বিপ্রকলে নমস্বার 1 ব্ৰাহ্মণ প্ৰাসাদে সৰ সম্পদ আমার # ৰেদময় বিপ্ৰা সৰ্ব্ব দেবলপ ধৰে। সর্বাদের সর্বাবেদ বিপ্রা কলেবরে। হরিভক্তি যত বিপ্র উদার চরিত্র। প্ৰৰণ কীৰ্দ্ধনে করে অগত পৰিত্ৰ। পতিত পামর মহাপত্কী চণ্ডাল। দবশন মাত্রে শুদ্ধ চবে অনাচার ৷ এতেক ৰচন যদি বলিল শবর। অমুতের ধারা যেন শ্রুতি-মনোহর ! প্ৰদৰ্শগৱে বিপ্ৰ শ্ৰমিঞ' ছ:খিত । ভাথে চিব্লকাল বিষ্ণুমায়াবিমোহিত I নিবের অমৃত বাণী শুনিঞা শ্রবণে। থিকিল সকল ক্লেপ কছে সাৰ্থালে। बेचवहरित नाथ वयन ना यात्र। কে বয়ে ঈশ্বর-লীলা কেবা অন্ত পার । ঈশবে প্রণাম করে অধীন কিছরে। ধর্ম প্রভাইতে ভতাবনে শ্বতি করে। केषद्र व्याप्त धर्म केषद्र मध्याय । লববে করিয়া কর্ম জগতে করার। এতেক ঈশ্বর তেজ না টটে না বাচে। কুছকের যারা খেন কুছকে না ধরে ৷ নযো নযো ভগবান কেবল ঈশ্বর। ত্রিজগত শুক্ত আন্দর বহেশর ৷

কি বর মাগিব নাথ তোমার চরণে।
সর্বকাম সিদ্ধি হৈল তোমা হরশনে।
তথাপি মাগিব এক বর বরেশর।
শীহরি চরণে ভক্তি রছ নিরন্ধর।
হরিভক্তজনে ভক্তি তোমার চরণে।
মা মাগিব আন বর এই বর বিনে।
এত স্কৃতি কৈল বিপ্র বচন অমৃতে।
তৃত্ত হৈলা ভবদেব ভবানী সহিতে।
এই বর দিলা ভক্তি রহু নারায়ণে।
আকর রহুক বশ এ তিন ভুবনে।
ব্যাবর তার হও হোক দিব্যজান।
বিষয়-বৈরগ্য হোক রচিহ প্ররাণ।

এত বর দিয়া শিব শিবাণীর তরে।
বিপ্রের পুরুব কথা কহিলা সকলে।
অবর্ত্তান কৈল শিব মূনির গোচর।
মার্কণ্ডের মূনি হৈলা অব্তর অমর ।
তত্তে বোলে তান শৌনকাদি পরধান।
কহিল তোমাকে মার্কণ্ডের উপাধ্যান।
এ পুণ্য চরিত কৃষ্ণগুণ-সমূদিত।
বেবা তনে তনার তনিঞা আনন্দিত।
হরিতক্তি হয় তার ছিত্তে তবপাশ।
বিষ্ণুমৃষ্টি হৈয়া অক্তে বিষ্ণুপদে বাস।
ভক্তিরস-তরুক শ্রীগদাধর জান।
ভাগবত-আচার্যোর মধরস গান।

্ ইতি**্রি**ভাগবতে মহাপুরাণে বানশ স্বব্ধে দশযোগ্যায়ঃ । ১০॥

वकाष्य जधारा ।

ওনিঞা শৌনিক মুনি পুণ্য উপাথ্যান । স্ত মুখমুখরিত অমৃতনিধান । এই ভিজাসিদ আর পত সরিহিত। কহ হুত তুমি সর্বশান্ত্রে স্থপগুত। ভাগৰত গান করে ক্লফ উপাসনা। অদ উপাদ অন্ত করিরা কল্পনা। কি কিরূপে করে তারা ক্রম্ভ আরাধন। ৰাহা হৈতে ভারে নর গুরুত্ব বন্ধন 🛭 কৃছিৰে সে সৰ স্থত কবিয়া নিৰ্ণয়। **ষ্টাতে লাগিলা তবে তত মহাশম 🛚 শাক্রবণা**রবিন্দে করিয়া প্রাণাম । শ্বীশ্বর-বিভৃতি কহি ওন মতিমান । ক্রন্থা আদি যোগিগণে করিয়া কয়না। ৰিরাট বিগ্রহে করে ঈশ্বরভাবনা। এই সে পুৰুৰ রূপ আদি নারায়ণ। আকাশমওল নাভি পৃথিবী চরণ। স্বৰ্গ শিব স্থা আঁখি নাসিকা পৰন। बन्धा निक क्यमिन व पूरे अवन । লোকপাল চারি বাত মন শশধর। ত্তক বন লক্ষা লোভ অধ্যয়গল। জ্যোতির্গণ দম্ভ যার তক্র লোমাবলী। ৰেখগণ কেশ যার বিশ্ব-অধিকারী।

জীবের হৈতম্ভ-গতি (>) কৌস্তুভ ভূষণ। কৌন্তভ মণির প্রভা গ্রীবংস লক্ষণ। নিজমারা বনমালা নানা ঋণময়ী। ছন্দোগণ বহে অঙ্গে পীত বস্ত্র হই। ব্রহ্মস্ত হয়া গেল রহিল ওকার। মকর-কুওলযুগ সাংখ্য যোগ যার॥ প্রকৃতি অনস্তরপে প্রভার শারন। সম্বন্ধণ পদ্মরূপে বসিতে আসন ॥ প্রাণতত্ব গদারূপ ধরি রহে করে। **জনতন্ত শত্মরূপে** উপাসনা করে। খড়ারপ ধরিয়া আকাশতন্ত রয়। চ**র্মত্রপ** ধরে তমোগুণ তমোমর ॥ **স্থদর্শন চক্রক্রপে সেবে তেলো**গণ। ধহুত্রপ ধরি কাল পেবে অফুক্ণ 🛚 সকল ই জিৱগণ তত্তে শররূপে। ধরিয়া চামরক্লপ ধর্ম যশ সেবে 🛭 ছত্তक्रे श्रविष्ठा देवक्र निक्रशम । গৰুড় স্বৰূপে চারি বেদ মুর্ভিমান । নিজ শক্তি সেবা করে লক্ষ্মীরূপ ধরি। व्यनिवापि व्यक्टेश्वन कृताती व्यक्ती।

⁽১) পাঠান্তব,—"চৈতক ৰেদাভি"।

সর্ব্বরূপে সর্ব্বজন করে উপাসনা।
কৈ কহিতে পারে হরি-মহিমা বর্ণনা।
সেই নারায়ণ পরিপূর্ণ তগবান।
শুতিমন্ত শুতিগণ উৎপত্তির স্থান।
শুত্রমন্ত বিরিক্তি হরি ধরে তিন নাম!
পালন সংহার সেই করে উপাদান।
তথাপি কিঞ্চিত নাহি লাভ অপচর।
অবৈত পরমানল শুদ্ধ জানমন।
তথাপি তকত জন পালন সন্ধান।
তথাপি তকত জন পালন সন্ধান।
কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণস্বধা বৃষ্ণিবংশ-পূদ্ধ।

-!

কিতিকত রাজধাংস ধর নৰ ছল।
গোবিন্দ মাধৰ গোপ-বনিতা-বিহার।
নিতাভূত্য সনকাদি কৃত পরিবার।
তার্থন্নৰ শ্রবণমক্ষল গুণধাম।
রাধ রাখ নিক্ষ ভূতা কর পরিবাণ।
গুডাতে উঠিয়া মহাপুরুষ লক্ষণ।
গুক্তিকে নিরুষধি যে করে শ্রবণ।
ফাদিত কর্মা সেই জানে গুহাশস্ম।
অক্তে ক্রেমাপদে বাস খণ্ডে তবত্তয়।
ভাগবত-আচায্যের মধুরস বাণী।
হরি-পরিচর্য্যা-বিধি প্রেমতর্মাণী।

ইতি শ্রীভাগৰতে মহাপুরাণে বাদশব্বদ্ধ একাদশোহব্যায়:। >>।

দ্বাদশ অধ্যায়।

व्यनाम कतिमा धर्म देवकाव हत्रत्न । क्रकाशम बिस्त्रा विस्तव विखनात ॥ কছিৰ সকল ধৰ্ম শুন মুনিগণ। ভাগৰত ধর্ম কহি পুরাণ-লক্ষণ 🛭 ইহাতে সাক্ষাতে রুফ কহি নারায়ণ। সর্ববাপহর হরি খ্রীমধ্রদন । ইহাতে পরম ব্রহ্ম কহি জ্ঞানময়। ইহাতে বৰ্ণিয়ে সৃষ্টি স্থিতি পরলয়। ভাগৰতে কহি তব্জান যুক্ত জান। ভক্তিযুক্ত কহি পরীক্ষিত-উপাখ্যান। ৰিষয়-বৈরাগ্য কহি নারদ-সংবাদ। বিপ্র শালে কহি পরীক্ষিত-দেহত্যাগ। শুকদেব-পরীক্ষিত-সম্বাদ-কর্পন। সমাধি ধার[ু] যোগ যোগেস্ত্র-গমন । विविक्ति नांत्राम कहि शुक्रव गरवाम । নানা অবভার ওণ কর্ম অমুবাদ । विष्ठत्र উष्डव ष्ट्रॅंट्ट गश्वान कथन। মৈত্রের মূলির পারে বিছর মিলন। পুরাণসংহিতা প্রের পুরুষ সংস্থান। প্রকৃতি পুরুষ তিন গুণ উপাদান ! প্রথাম কারণ সৃষ্টি ব্রহ্মাণ্ড নির্মাণ I বিরাট বিগ্রহ তবে পুরুষ পুরাণ। লোক পদ্ম উৎপতি ভূবন আধার। প্রেলয়ে পাতালতলে ধরণী উদ্ধার 🛭 हित्रगामयर कथा वत्राहहतिछ। চরাচর জীবসৃষ্টি মারা-বিনির্শিত। আৰ্ছ-নৱনাৱীত্ৰণ ধৰে প্ৰজাপতি। সারজুব বহু শতরপা উৎপতি।

একাদশ ক্ষম জন্ম কৰ্দ্ম সম্ভতি। দেৰহুতি গৰ্ভে নৰ কক্ষা উৎপত্তি 🛭 কপিল মুর্বতি নারায়ণ অবভার। ভক্তিযোগ-উপদেশ জননী-উদ্ধার 🕽 নৰ ঋষি উতপতি দক্ষযজ্ঞ-ধ্বংস। ঞৰ মহাচবিত পাৰন মন্তবংশ 🛭 व्याठीनवर्धित गत्न नात्रम-गरवाम । পুথুরাজ-চরিত পাবন ওপবাদ। নদী-গিরি সপ্তবীপ-সমুদ্র বর্ণন। নৰ খণ্ড অম্বৰীপ বহিষ কথন ॥ নাভিরাত্তরিত্র শ্বভদেব কথা। ভরত-চরিত্র তিন জনা গুণ-গাপা ৷ ভোভিষমগুল-স্থিত পাতাল-বপন। প্রাচতস দক্ষরণা নরক-বর্ণন । দশ প্রেচেভস-জন্ম চরিতা বাধান। वक्रमुष्टि ह्याह्य कीय-छेलाबान । বুত্ৰবধ হিৱণ্যকশিপু বধকপা। व्यव्लाम । दिख महा युगा खन्नाया । মবকর চরিত্র গভেজ বিমোচন। মন্ত্রকাবভার চরিতা বর্ণন।। মৎশ্র কর্মা নরসিংচ বামন-বিহার। কীরোদ-মধন হয়গ্রীব-অবভার। দেবান্ত্র সংগ্রাম ইক্ষাকু-উপাদান । স্থায়-চরিত্র পুরুরবা-উপাধ্যান। ज्ञ्बादश्य-कथा ममानानि**श्वन**शाम । মূগ-উপাধ্যান আর শর্বান্তি-বাধান। ब्रोक-ठित्रख कथा गाभव वर्गन ! বাছাভা-সৌভরি মূনি-স্থাদ কথন।

বাৰ অবভার লীলা-চরিত্র-বর্ণনা। নিমি দেহ পরিভ্যাগ জনম খণ্ডনা। ভূঞ্বপতি রাম অবতার-গুণ কণা। চক্রবংশচরিত্র ব্যাতি-পুণ্য গাথা। **মুগন্ত-ভ**রত-পুণ্যচরিত্র আখ্যান। শাবহু-চরিত্র বছবংশ-গুণগ্রাম । বে বংশে সাক্ষাত ক্রঞ্চ পূর্ণ অবভার । বস্ত্রদেব-গুছে অন্ম গোকুল-বিছার I ভার পুণ্য যশ কহি এই ভাগৰতে। অতুল-বিক্রম-লীলা বর্ণিল সাক্ষাতে। পুতনা রাশ্দী বধ বিব অন-পানে) **भक्टे-७**श्वन भवच्यू नि-रेठेक्टन । তুশাবর্ত্ত-বধ বক-বৎস-বিনাশন। ধেত্ৰক-প্ৰাত্মৰ-বধ গোকুল-বক্ষণ। কালিনাগ দমিঞা কালিন্দীজল-পান। শাবারি করিয়া পান গোপ পরিত্রাণ । সহানাগ বৃধি নন্দগোপের উদ্ধার। গোপকজা-ব্রভ্চর্যা বস্ত্র-অপহার ॥ **বজ্ঞপত্নী-অন্নতিক্ষা বিপ্ৰা অমুতাপ ।** পোৰ্দ্ধন-ধারণ ইক্সের স্থতিবাদ। শক্তে সহে গোলোক শুর্ভি আগমন। ক্রম অভিবেক কৈল সর্বাদেবগণ। স্থপীয়ওলে রাসক্রীড়া অবভার। **শঅচুড়-ব**ধ কথা অবিষ্ঠ-সংহার। কেশি-বধ গোকুলে অকুর আগমন। অক্রের সহে রাম রুফ সভাবণ । স্থুৱা-প্রবেশ এজগুৰতী বিবাদ। রুক্ষার-মালাকার-প্রচুর-প্রসাদ। मुक्कुमि-भग्नर्वन शब-विमानन । চানুর-মৃষ্টিক বধ কংস-নিপাতন। ব্যপুরে শ্বরুপুত্র আনিঞা প্রদান। ৰ্যুপুৰু, মুদ্ৰংশ-স্থাপন-বিধান। **শ্মীগুল-গৈঞ্চ**ৰধ বহু বাবেবার। মুচুকুলৈ কুপা কাল্যবন সংহার 🛭 পারকা-নির্মাণ দারাবতী গুরী-বাস। পারিজাত হরণ নরককুল-নাশ 🛭 দেৰগণ-অপমান সুধর্মা-হরণ। ক্লাপ্টি-ছরণ বিপুকুল-বিনাশন 🛭 ষাণ-মুদ্ধ রণভঙ্গ হর-পরাজর। ৰোল সহল কল্পা করি পরিণর 🛭 হম্মৰক্ত জয়াসক শাব শিশুপাল ৷ चिविष-अधद वर्श विशक गरहांत ।

কুক্-পাভূবিবাদ ভারতযুদ্ধ কথা। ক্ষিভিভার হ**ং**শ গোবিন্দ-**গুণগাণা** ॥ বিপ্রশাপচ্চলে যতকুলের বিনাশ। উছৰ-সংবাদ ভক্তিযোগ-পরকাশ। মর্ত্তলোক-পরিত্যাগ বৈকুঠ গমন। কালগতি চারিবুগ প্রমাণ-লক্ষণ । চতুৰ্বিধ প্ৰভন্ন বিবিধ উভপভিঞ্চ পরীক্ষিত দেহত্যাগ বিষ্ণুপদে গভি 🛭 চারিবেদ বহুশাখা-বিস্তার কথন। যাৰ্কণ্ডেম মুনির প্রালম্ব-দর্শন। তুমি সব যত জিজাসিলে মুনিগণ। আদি হনে কহিল সকল বিঁবরণ॥ লীলা-অবভার কথা বিচিত্র বিহার। কৃতিল ক্রফের যশ-মহিমা-বিস্তার । স্থালিত পতিত আৰ্ত্ত কাস শ্বাস বশে l উচ্চ করি হরি হরি শবদ প্রকাশে। সর্বাপাপ-বিমোচন হয়ে সেইক্সণে। কি কহিব নিরবধি প্রবণ কীর্ত্তনে । অনন্ত পর্মানন্দ প্রাতৃ ভগবান। যে জন কীর্ত্তন ভার করে গুণগান। চিন্তে প্রবেশিয়া ভার প্রভূ নারায়ণ। ধুনিয়া পেলায় তৃঃথ ত্রিত-বন্ধন। স্থ্য তম হরে যেন বায়ু ঘনাবলী। এইরূপে ভবভন্ন হরমে ঐহরি। অসত্য প্ৰলাপ কথা যথা তথা কহি। মিছা বাণী জানিব কেবল পাপমনী। যে কথায়ে না থাকে ক্লফের গুণনাম। সাধুজন নহে কভো তার সন্নিধান । সেহ সভ্য স্থমজল সেহ পুণামর। বাবে কুষ্ণ গুণ নাম-মহিমা-উদর । সেই রম্য ধঞ্চ যেন নব মহোৎসব। সেই শোক-সমুদ্ৰ শোষণ মলোভৰ ॥ ষাৰে কৃষ্ণ-শ্ৰণনাম চরিত্র-বর্ণনা। बार्च भरत भरत रुहि लाबिन्स-बहिय। বিচিত্ত অক্ষয়-পদ শ্রুতি-মনোহর। क्रकवर्ग यम बाट्य क्रगल-मक्न । (व बहम गर्बाबन-व्यविधानम । যাৰে প্ৰতিপদে হরিনাম সংকীৰ্ডন। অপশ্ৰস্ত ৰ্দি সে বচন হয়। ख्वानि वन् गात्व गर्मनान क्य । বে নাম এবং গান সাধুদ্দনে করে। উচ্চারণ কীর্ত্তন যোগন নিরন্তরে।

নির্মণ জান যদি ভক্তি-বিবর্জিত। *সে*হো অভিশব্ন শোভা না করে বিদিত 🛭 সে বচনে কাক সম নরগণে রমে। হংস সম সাধুপণ না ভবে এবণে 🛭 কি পুন ৰাজৰ কৰ্ম যদি অনৰ্পিত। আছক আনৈর কাজ কাম-বিবর্জ্জিত। **বর্ণ ধর্ম্ম তপ বোগ আশ্র**ম আচার। সম্পদ-কারণ মাত্র পরিশ্রম সার ॥ श्चरण कीर्खन श्वन चाहित्र वस्ता। **अ**थत-भागतितम् नत्र विद्यातत्। ক্রমপদ-অবিশ্বত অভ্যন-তারণ। সমুখ্য ছি ভক্তি জ্ঞান-বৈরাগ্য-কারণ। তুমি সৰ বিজ্ঞেষ্ঠ ধন্ত মহাভাগ। নারামণ চিত্তে করি ধর অন্থরাগ। দেব দেবেশ্বর হরি সর্কদেবময়। ভক্তিভাবে তুমি-সব ভক্ত অতিশয়॥ তুমি-সব মোরে করাইলে শ্বঙরণ। ঐভাগৰত-কথা কহি তে-কারণ। পরীক্ষিত মহাব্রাজা মুনি-সভাসদে। গন্ধার ভিতরে ছিলা উপবাস ব্রতে। শুকদেব কহিল পুরাণ পুণ্য কণা। ভক্তি-জানযুক্ত মহাভাগৰত-গাণা। মনির রূপামে আমি শুনিল তথনে। তে-কারণে কহি তোমা-সভা-বিভ্যমানে। নারায়ণ-চরিত্র পবিত্র পাপহরে। অব্রিত-বিক্রম যশ শ্রণ-মন্বলে। ষে পুন শুনায়ে এই পুণ্য উপাখ্যান। প্ৰতিকণ সাৰহিতে শুনে সাৰ্ধান ৷ নিজকুল উদ্বারএ ভূবনপাবন। একান্ত ভকতি লভে বৈৰুণ্ঠ গমন। যেবা শুনে একাদশী খাদশীর দিলে। উপৰাসত্ৰত করি পরম-ৰতনে।

অশ্বে পাতক ভার হয় বিযোচন। ভক্তিভাবে করে যদি শ্রবণ কীর্ত্তন 🛚 পুৰুর মধুরা ছারাবভীপুরে বসি ৷ শ্ৰদাযুত হৈয়া যদি পঢ়ে উপৰাসী 🛭 বিষ্ণুপদে গভি ভার ঋপ্তে ভবভয়। শৰ্ককাৰ সিদ্ধি যাবে ত্রিতস্ক্ষ 🛭 সর্ববেদ-সর্ববজ্ঞ-সম ফল লভে। শ্ৰদ্ধায়ক্ত হৈয়া হিজ পঢ়ে ভক্তিভাবে 🛭 ব্ৰাহ্মণ পঢ়িলে মাত্ৰ হয়ে দিব্যজ্ঞান। ক্ষত্ৰিয় পুৰিবীপতি হয়ে বীৰ্য্যবাৰ 🛭 भूट्य यपि পঢ়ে সর্ব্বপাপ বিমোচন। শুনিলে বৈঞ্বশাস্ত্র তরে সর্বজন 🛭 কলিমলহর শুভ সর্বাঞ্চণনিধি। পদে পদে ভাগবত কহে নির্বধি ॥ সে দেব চরণে যোর রহুক প্রাণাম। সৃষ্টি স্থিতি উতপতি প্রলয়-নিদান 🛭 অনম্ভ শক্তি হরি অঞ্জ নিরঞ্জন। बन्धा खब शूद्रनग्द्र ना दूरवे बद्रम् ॥ সর্কাশক্তি ধরে প্রভু সভার আগ্রয়। আপনাতে আপনে স্বৰিল জীবচয় 🛭 চরাচরনিকর নিবাস ভগবান। জানপম্য স্থ্যবস্থ পুরুষ পুরাণ ॥ নমো নমো অনাদি নিধন সনাতন। নমো নমো নিরবধি রহক বন্দন ॥ নিজ অথে পরিপূর্ণ নির্ভ সংসার। অনস্ত রুচির দীলা গত সর্বসার 🛭 ক্রপামে রচিল মুনি পর্য পুরাণ। জানদীপ প্ৰকাশিল ভাগৰত নাম। যোর শুরু সেই শুক ব্যাসের নন্দন নলো নমে। নিরৰ্ধি রন্ত্ক বন্দন । মহাভাগৰত গীত গদাধর জান। ভাগৰত-আচাথ্যের মধুরস গান ৷

हेलि खी जागबराज महाश्रवारण बामण सरक बामरणांश्यावः ॥ >२ ॥

जाशाष्ट्र विशास

ভবে দ্ত শুক্ষেৰ করিয়া বন্দনা।
শুভিক্সপে কছে কিছু খনন্ত মহিমা।
কুবের বক্ষণ ষম ক্রনা সুরপতি।
মূলীক্রমোগেক্স ক্রন্ত করে দিব্য শুতি।
বেদে শুণ গায় বার দিব্য গাম বরে।
ব্যান গভ চিন্ত বাকে চিন্তে বোগেবরে।

অন্ত নাছি জানে যার স্থরাস্থরগণে।
সতত প্রণাম রহ সে দেব চরণে।
জীবারে মন্দর পাবাণ ঘরিষণে।
নিজা বারে কৃষ্মরূপ পৃঞ্চ চুলকানে।
কমঠ বিত্রহ-ছরি নিখাস-প্রন।
তোষা-সভা নিরবধি কর্মক রক্ষণ ৪

এইকপে কোটি কোটি প্রবাম খনন। ক্ষরি আন্ধ্র কচে প্ত পুরাণ-লক্ষণ 🛊 🖰 ৰানকল পঠিকল পুৱাণ মহিমা। একে একে কহে ছত করিয়া গণনা। পাঁচ পঞ্চাশ দশ সহস্ৰ প্ৰমাণ। 'অবপুরাপের সংখ্যা এই সমিধান। তেইশ সহজ বিষ্ণু পুৱাণ লক্ষণ। ত্ৰিবৰ সহজ্ৰ ৰৈব পুৱাণ লিখন। বিভাগৰত অষ্টাদশ পর্মাণ। পৃষ্ণবিচপতি লিখি নারদ পরাণ ৷ ছাক্তিৰ পুৱাণ নৰ সহস্ৰ সিখনে। **পর্ট্যশ্ব চারিণত** অগ্নিপুরাণে। আইশিশ্রমাশিংখ। ভবিষ্যের লিখি। ভাষাতে অধিক আর পাচশত দেখি। अपरिवर्क चहायम श्रीत्रमान । শৈকীদশ্র সংখ্যা করি লিক পুরাণ ॥ একশতান্ত্রিক একাশীতি সংখ্যা করি। **ৰ্ব্ধ প্রবাণের এই** লেখা অবধারি। ে ব্যাস সহল সিখি বরাহপুরাণ। সামল পুরাণ দশ সহস্র বিধান ॥ কুৰ সপ্তদশ সহত্ৰ সংখ্যা করি। **মৎক্ত পুরাণ চতুদ্দিশ সংখ্যা ধরি ॥** উনবিলৈ সহজ লেখি গৰুড় পুৱাণ। ৰাদৰ সহল হয় বদাও পুরাণ ॥ ্ডারি দাঁক অভাবন পুরাণের সংখ্যা । িছাছে অষ্টাদশ প্ৰীভাগৰত লেখা। - পূর্ব্ব এই ভাগবত দেব নারায়ণে। **নাভিগহজ**বাসী ব্রহ্মার কারণে । ৰক্ষণাসাগৰ হবি সৰ্বভীৰ-গভি। প্রকাশিল ভাগবন্ত দেখি প্রজাপতি॥ ^ই**আছি ম**ধ্য অবসানে এফ-**ওণ**-কর্ম । ্ৰ বিশ্বান-বৈরাগ্য সংযুত নানা ধর্ম। ছবিকথা বিনে ভাগৰতে নাহি আন। ছবিক্ৰা-জীল। বার অমৃত-নিদান । द्यमण द्रेममणांगड देवछ विविद्या । িবেদ বেদান্তের সারত্রম সুগকিত। লান করে বেব। ভাত্র শৌর্ণমাসী দিনে। হিন সিংহ্বত ভাগৰত মহাদানে।

ता नाव नाव नाव विद्यासन् । ভাগৰত-সম দাই লাহি জিড়বলৈ (ভাগৰত বাবৎ সাঞ্চতি নাছি দেখে। অন্ত শান্ত ভাৰত ভক্তগণ বাথে। শ্রীভাগবন্ত বেদ বেদাক্তের সার। মহাভাগৰত সম শান্ত নাহি আর ! • ভাগৰত-রসসিদ্ধ-মধুবিন্দু-পানে। অস্ত শাম্বে শ্রহা নাহি করে বুধকনে। শদী মধ্যে গদা বেন দেবমধ্যে হরি। देवकरवत्र मरशा त्वन भक्ष्य विभूताति ॥ পুরাপের মধ্যে তেন ভাগবত শাস্ত। হরিক্থামৃত পান বিনির্মিত পাল্ল 🛭 ভাগৰত পুৱাৰ বৈফ্ৰবের জীবন। পরম বৈরাগ্য-প্রেম-আনন্দ-বিধান ৷ পঢ়িলে শুনিলে কিবা করিলে বিচার। ভব্তিমক্ত হৈয়া নর হয়ে ভবপার 🛚 জানদীপ ভাগৰত ব্ৰহ্মার আননে। উপদেশ দিয়া প্রকাশিলা নারায়ণে। তবে ব্রহ্মা কৈলা নার্দেছে উপদেশ। বেদবাদে সমর্পিলা ধরি মুনিবেশ 🛭 ব্যাসক্লপে শুক্ষুখে কৈলা সম্পূৰ্ণ। শুক্রপে পরীক্ষিত মুখে নিয়োজন। ছেস সভ্য পর শুদ্ধ নিভ্য ভগবান। সে দেবচরণে রক্ত অনম্ভ প্রাণাম 🛚 নমো নমো বাস্থদেব দেব গুণধান। কপানে ব্রহ্মার মূথে অর্পিল পুরাণ ॥ শুকদেৰ যোগেখনে বন্দো নিরম্বর। ষুনীন্ত্ৰবন্ধিত পদ জীলা-কলেবর। বৰ্ণিল সকল ভাগৰত উপাখ্যান। যাহার কুপাবে বিষ্ণুৱাত পরিত্রাণ 🛭 রঘুনাথ পণ্ডিতে রচিল গীতবন্ধ। শুনিলে সকল লোকে বাডিব আমল। মূখে ভাগৰত লোক বুঝিবার তরে। রখুনাথ পণ্ডিত রচিল কথাচ্ছলে ! বুধজনে সৰে মেরে এই পরিহার। দোব ক্ষা করি ওপ করিছ বিচার। শ্রীযুত শ্রীগদাধর পদযুগ জান। ভাগৰত-আচাৰ্য্যের মধুর্য গান 🛭

্ৰীতি প্ৰতাগৰতে মহাপুৰালে পাৱনহংজাং সংহিতারাং বৈরাসিক্যাং বাদশক্ষে অবোদশোহয়ার। ॥ ৩০। সমাপ্তকারং প্রতাগরতভাষা-প্রেমতর্থিশী-বাদশক্ষঃ ॥ ১২ ॥